Contents (সূচীপত্র)

ভূমিকা 5

কুরআন ও সহীহ হাদীস অনুসারে শয়তানের কি কোনো প্রয়োজন আছে ? 12

তাকদীর 13

তাকদীরে লেখা দেখে আমরা করতে বাধ্য নাকি আমরা যা করব সেটা আল্লাহ ভবিষ্যত জানেন দেখে তাকদীরে লিখে রেখেছেন 16

আল্লাহ কোনো বান্দাকে জাহান্নামের জন্য সৃষ্টি করেন, তখন তার দ্বারা জাহান্নামীদের কাজই করিয়ে নেন 20

যখন কোন বান্দাকে দোযখের জন্য সৃষ্টি করেন তখন তার দ্বারা দোযখীদের কাজ করাইয়া থাকেন। অতঃপর মৃত্যুর সময়েও তাহাকে খারাপ কাজ করাইয়াই মৃত্যুবরণ করান 21

জীবন্ত পুঁতে ফেলা শিশুকন্যা জাহান্নামী 22

তাকদীরে জাহান্নামী লেখা আছে দেখে নিরপরাধ এক শিশুকে জবাই করার ঘটনা 23

কুরআন যে মানবরচিত, সেটা প্রমাণ করার জন্য এর স্ববিরোধী বাক্যগুলোই যথেষ্ট 28

Grammatical Error & Mistakes in Your Quran 32

অমুসলিমদের প্রতি ইসলাম 36

অমুসলিমরা সমগ্র সৃষ্টিজগতের মধ্যে সবচেয়ে নিকৃষ্ট প্রাণী 38

হিন্দুদের সাথে বসবাস করা, তাদের সহচর্যে থাকা, তাদের বন্ধু বানানো হারাম, এবং তোমার খাদ্য আল্লাহভীরু লোক ছাড়া যেন অন্য কেউ না খায় 39

জানমাল কেড়ে নেয়ার ভয় দেখিয়ে জোরপূর্বক ইসলাম গ্রহণে বাধ্য করত নবী 41

রাতের আধারে অতর্কিত আক্রমণ করত নবী ও সাহাবীরা, যাতে অন্য ধর্মের নারী ও তাদের নিষ্পাপ শিশু নিহত হত। নবী এটাকে কোনো খারাপ কাজ মনে করতেন না বরং পরিষ্কারভাবে অনুমোদন দিয়েছেন 42

যে সকল অমুসলিমের কাছে ইসলামের দাওয়াত পৌঁছেছে, পূর্ব ঘোষণা ব্যতীত তাদের বিরুদ্ধে অতর্কিত আক্রমণ করতেন নবী 43

অমুসলিমদের এলাকায় অগ্নিসংযোগ ও বাড়িঘর ধ্বংস সাধন 44

অমুসলিমদের প্রতি বদদোয়া, অভিশাপ ও দুর্ভিক্ষ হওয়ার দোয়া করত নবী 45

অন্যান্য ধর্মালম্বীদের তাদের নিজ ভূমি থেকে উচ্ছেদ করতেন নবী, হুমকি দিয়ে জোরপূর্বক ধর্ম গ্রহণে বাধ্য করতেন নবী 46

কাফিরদের গাছপালা কাটা ও জ্বালিয়ে দেয়া বৈধ 46

গোপনে ঘরে ঢুকে নবীর সমালোচকদেরকে ঘুমন্ত অবস্থায় খুন করা 51

যুদ্ধে মিথ্যা ও ধোকার আশ্রয় নেওয়ার অনুমতি আছে 52

লাশের সাথেও বর্বরতা ! 53

ইসলামের স্বার্থে প্রয়োজনে অমুসলিম নারীকে, মুসলিম পুরুষদের দ্বারা উলঙ্গ করে তল্লাশি চালানো 54

অসহায় দরিদ্র অমুসলিমদের জাকাত দেওয়া হারাম 54

কোন বিধর্মীয় উৎসব উপলক্ষে অমুসলিমদের শুভেচ্ছা জানানো হারাম 55

বনু কুরাইযার গণহত্যা (Genocide) 56

নবী যাদের নাভীর নিচে লোম উঠেছিল তাদের সবাইকে হত্যা করলেন 57

সুরা তওবা, তরবারীর আয়াত, এবং এর তাফসীর (সাহাবী, তাবেঈন, তাবে তাবেঈনের বর্ণনা) 64

ধর্ম পরিবর্তন 74

যে ইসলাম ধর্ম থেকে অন্য ধর্মে ধর্মান্তরিত হয়, তাকে হত্যা করে ফেলতে হবে 76

জিযিয়া (প্রাণভিক্ষা ও অপদস্থতার কর) 80

(দাস-দাসী) গনীমত, অসহায় নিরপরাধ যুদ্ধবন্দী নারী 90

বন্দী স্ত্রীলোকের সাথে সহবাস 93

ইবন আমর (রা) বলেন আমার নিকট কয়েকটি বন্দি নারী এমন রহিয়াছে যে, আমার স্ত্রীগণ উহাদের তুলনায় আমার নিকট বেশি পছন্দনীয় নহে 97

বন্দী অমুসলিম নারী(দাসী)দেরকে বিক্রি 99

নবী অমুসলিম গোত্রের উপর অতর্কিত আক্রমণ করলেন, যাদের পেলেন হত্যা করলেন এবং নারী ও শিশুদের বন্দী করলেন....100
বন্দী অমুসলিম পুরুষদের দাস বানানো, দাসী- বিনিময়, ব্যবহার ও অন্য মুসলিম কতৃক গর্ভবতী নিজ দাসী সম্ভোগ....101
জন্মসূত্রে দাসদাসীঃ....102
আব্দুল্লাহ ইবনে উমর (রা) দাসীদের স্তনগুলির মাঝে হাত রাখতেন, ঝাঁকাতেন, তাদের পেটের দিকে তাকাতেন, তার পা দেখতেন....109
ইসলামে ধর্ম নিয়ে বাড়াবাড়ি না করতে- বলা হয়েছে? লাকুম দীনিকুম অলিয়াদীন/ যার যার ধর্ম তার তার/ ইসলামে কোন জোর জবরদস্তি নেই ?... 115
নারীদের প্রতি ইসলাম....126
পুরুষ কতৃক স্ত্রী,কন্যাকে প্রহার ও নিষ্ঠুর মনোভাব....126
স্ত্রী কি স্বামীর দাসী সেক্স বিষয়ে আপত্তি করতে পারে?....128
উমর(রা) এর মুখে স্ত্রীকে প্রহারের ঘটনা শুনে নবী হেসে উঠেছিলেন....133
আয়িশা (রা) বলেন, নবী সা আমার বুকে একটা থাপ্পড় মারলেন যাতে আমি ব্যথা পেলাম।....135
নবী বলেন কুমারীদের যোনীপথ অধিক উষ্ণ....138
দেনমোহর হল স্ত্রীর লজ্জাস্থান ভোগের মূল্য প্রদান....139
বন্ধ্যা নারীকে বিবাহ করা অনুচিত....142
নিজের ইচ্ছার বিরুদ্ধে গিয়ে হলেও স্বামীর যৌনচাহিদা মেটাতে হবেঃ....143
এই উম্মাতের সর্বশ্রেষ্ঠ ব্যক্তির অধিক সংখ্যক স্ত্রী ছিল....146
সুলায়মান (আ) বলেছিলেন, আজ রাতে আমি নিরানব্বই জন স্ত্রীর সঙ্গে সঙ্গম করব....147
নবীর হাদিস তার মৃত্যুর পর, তার নিজের মেয়েরাই পালন করতো না....150
নবি মৃত্যুর পর মুসলমান কর্তৃক মুসলমান হত্যা:....151
স্বামীর অনুমতি ব্যতীত ঘর থেকে কোনো জিনিস ব্যয় করা নিষিদ্ধ....154
ইসলাম ধর্ম কি নারীদের জন্য? 158
তৃতীয় লিঙ্গের মানুষের প্রতি ইসলাম....161
ইসলাম এবং বিজ্ঞান....162
বিষাক্ত প্রাণীর দংশনের ইসলামি চিকিৎসা- ঝাড়ফুঁক....168
নবী মুহাম্মদের নযর, বদনযর এর কুসংস্কার....168
বদনজর কাটানোর জন্য গোপনাঙ্গ ধোয়া পানি দিয়ে ইসলামি চিকিৎসা....169
The urine of camels as medicine....170
ইয়াজুজ-মাজুজ....178
নিরীহ প্রাণীর প্রতি ইসলাম....196
রসূলুল্লাহ সা কুকুর হত্যার নির্দেশ দিতেন। অতঃপর মদীনার ভেতরে ও তার চারপাশের কুকুর ধাওয়া করা হত। আর কোন কুকুরই আমরা না মেরে ছেড়ে দিতাম না।...196
ইসলামের অমানবিক ও জঘন্য বিচারব্যবস্থা....198
ইসলামে ধর্ষণের বিচার....204
এক বর্বর নির্মমতা....212
নিজ বংশপ্রীতি, যোগ্যতা ছাড়াই শুধুমাত্র জন্মগত পরিচয়ে কোটা সিস্টেমে অধিক সুবিধা ভোগের নীতি....215
অমানবিক দাসপ্রথার ব্যাপারে ইসলাম....217
যে কৃতদাস তার মনিবের কাছ থেকে পালিয়ে গেল, সে কুফরী করল....219
দাস-দাসীর পরিত্যক্ত সম্পদের মালিক হবে, যে তাকে মুক্ত করবে....221
দাস ক্রয় বিক্রয় করেছেন নবী, কৃতদাসকে মারতে দেখে নবীর হাসি....222
যদি স্বাধীন ব্যক্তি কোন দাসকে স্বেচ্ছায় হত্যা করে তবে স্বাধীন ব্যক্তিকে হত্যা করা হবে না।....223
কুরুচিবোধ, অস্বাস্থ্যকর এবং ইসলামের পবিত্রতা....228

নবীর খাটের নিচে একটি কাঠের গামলা ছিল। নবী রাতে এতে পেশাব করতেন..... 228

পরপুরুষের সামনে পর্দা ছাড়া আসার জন্য তাকে স্তনের দুধপান করানোর নিয়ম..... 232

আদম হাওযার ছেলেমেয়েরা নিজেদের ভাইবোনের সাথে সেক্স করেছিল, আপন ভাইবোন বিয়ে করেছিল আল্লাহর প্ল্যান অনুসারে..... 233

ইসলামের নবীর জীবন.....234

নবীর লাম্পট্যের ব্যাপারে আয়িশার স্পষ্ট স্বীকারোক্তি..... 235

আনলিমিটেড নারীদেহ ভোগের জন্য ডজন ডজন বিয়ে করত নবী মুহাম্মদ। বিবাহবিহীন দাসী-যুদ্ধবন্দী নারীসেক্স,উপহার পাওয়া নারীদের ভোগ তো আছেই... 235

নারীর প্রতি নবীর লোভের ব্যাপারে আয়িশার ভবিষ্যতবাণী মিলে যেত.....240

নবী মুহাম্মদের নারীভোগের কামাতুর লোলুপ দৃষ্টি নিজের পালকপুত্রের স্ত্রী কেও রেহাই দেয়নি, যাকে এতদিন শ্বশুর বাবা ডাকতো তার সাথেই শুতে হয়েছে, তার কাছেই নিজের দেহ বিলিয়ে দিতে হয়েছে !..... 241

নবী তার স্ত্রীদের সাময়িক সন্তুষ্ট করতে আর বিয়ে করবেনা বলে আয়াত নাযিল করেও পরবর্তীতে আল্লাহর ওরফে নিজের আয়াত অমান্য করে ইচ্ছামত বিয়ে করা শুরু করে দেয়..... 242

এক গোসলে টানা এগারোজন স্ত্রীর সাথে ম্যারাথন সেক্স করতেন নবী..... 243

স্ত্রীদের পিরিয়ডের সময়ও কামুক নবী লিঙ্গ ঘষাঘষি করত, রোযা রেখে চুমাচুমি করত..... 243

ইসলামে নাবালিকা মেয়েকে তার অমতে যেকোন বয়সী পুরুষের(এমনকি বৃদ্ধের) সাথে বিয়ে এবং তার সাথে সঙ্গম করা সম্পূর্ণ বৈধ, যে মুসলমান এই বিধানকে অপছন্দ করবে সে সাথে সাথে কাফের হয়ে যাবে..... 246

পিতা অপ্রাপ্তবয়স্ক কুমারী কন্যার বিবাহ দিতে পারে..... 260

৫৩ বছরের সুগারড্যাডি বুড়ো নবী যখন নাতির বয়সী বাচ্চামেয়ে আয়িশার সাথে সেক্স করেন, তখন আয়িশার বয়স ছিল ৮ বছর ৮ মাস.....261

বাল্যবিবাহের এ সুন্নত সকল মুসলিমের জন্য অনুকরণীয় আদর্শ। যেসব মডারেট ইসলামিক বক্তা বর্তমানে এটাকে নিয়ে নতুন ফতোয়া দেয় তারা সবাই পথভ্রষ্ট, - নবীর কথা অনুসারে..... 263

হামাগুড়ি দেয়া শিশু দেখেও নবী মুহাম্মদ সা এর বিবাহ করার ইচ্ছা হয়েছিল..... 266

আরও কিশোরীদের দেহভোগে মরিয়া ছিল নবীর লোলুপ লাম্পট্য..... 267

অন্যান্য বিবাহবহির্ভুত বিভিন্ন নারীর সাথে নবীর ইটিশ-পিটিশ..... 272

নবী মানুষকে অভিশাপ দিতেন, কথায় কথায় মানুষের অকল্যাণ কামনা করতেন নবী মুহাম্মদ [see also p247]..... 274

বিষের প্রতিক্রিয়ায় ভন্ড নবী ওরফে আল্লাহর মৃত্যু..... 275

শয়তান ও নবী..... 278

নবীর জীবিকার প্রধান উৎস ছিল যুদ্ধে অমুসলিমদের সম্পত্তি যা লুটপাট করে আনত সাহাবীরা..... 280

মোজেজা দেখাতে বারবার ব্যর্থতা, তিনটি প্রশ্নের উত্তর দিতে ১৫ দিন..... 283

Surah like Quran..... 284

মোজেজা/প্রমাণ/নিদর্শন দেখানোতে ফেল্টু নবী, যার স্পষ্ট প্রমাণ কুরআন থেকে দেখুন, যা সে অজুহাত হিসেবে মুখ লুকোতে ব্যবহার করতঃ..... 287

কুরআন, হাদীস নবী কখন,কীভাবে নাযিল করত ?.....293

যতখুশি নারীদেহভোগের জন্য নিজের জন্য স্পেশাল আয়াত নাযিল..... 293

নিজের স্ত্রীর রুমে দাসীকে ঢুকিয়ে সেক্স করার সময় হাতেনাতে স্ত্রীর হাতে ধরা খায় নবী মুহাম্মদ.....299

নিজের স্ত্রীদের মুখ বন্ধ রাখতে নবীর আয়াত নাযিল..... 303

বহুবিবাহে ইসলামিক ডিফেন্সকারীরা ইসলাম জানেনা..... 304

পৃথিবীতে পুরুষের তুলনায় নারীর সংখ্যা বেশি ???..... 306

নবীর যাচ্ছেতাই আয়াত-হাদিস বলা ও ধরা খাওয়া..... 307

নবি নিজের স্বার্থে আল্লাহর নামে যখন আয়াত নাযিল করে..... 308

মদ খাওয়া যেই ঘটনা দেখে হারাম করল মুহাম্মদ..... 309

আয়িশার অপবাদ সত্য কিনা বের করতে একমাস, তারপর আয়াত নাযিল..... 310

মুহাম্মদের কুরআনের আয়াত বানানোর ভন্ডামি ধরে ফেলেছিলো যারা 312

কাউকে অন্য ধর্মগ্রন্থ পড়তে দেখলে রেগে যেত নবী 314

ইসলামের পৌত্তলিক ভিত্তি 315

আরো কিছু কপি থিওরী 322

কুরআনের সূরাসমূহের নাজিলের সময়ানুক্রম 325

মুশরিকদের দলে ভিড়াতে তাদের দেবীদের নামে প্রশংসামূলক আয়াত ও পরবর্তীতে শয়তানের উপর দায় চাপিয়ে অস্বীকার! 328

কুরআন সংকলন, বিকৃতি ও পরিমার্জনের ইতিহাস 341

মানুষদের ইসলামে আকৃষ্ট করার জন্য যুদ্ধবন্দী নারী ও সম্পদ প্রদান, এবং পরকালের অসীম প্রাপ্তির প্রলোভন 397

শহীদদের জন্য মৃত্যুর পর এক্সট্রা ডজন ডজন হুর দেওয়ার লোভ , সুডৌল স্তনের কামউদ্দীপক হুরের প্রলোভন 401

ভন্ড নবী মুহাম্মদের ভবিষ্যতবাণী- মিথ্যা প্রমাণিত হয়েছে বারবার 409

তোষামোদপ্রিয় নবী ও আল্লাহর কিছু বৈশিষ্ট্য 411

আল্লাহর হাত-পা-গোড়ালি-চোখ, ও অন্যান্য মানবীয় বৈশিষ্ট্য.. 411

মুসলিম হতে হলে হাদিস মানা বাধ্যতামূলক 416

সেই নিকৃষ্ট মানুষটির সমালোচনা করায় ইতিহাসের নিকৃষ্টতম honor killing 422

হুদাইবিয়ার চুক্তির অজানা সত্য 436

তওবার আয়াতকে মানবিক ও যৌক্তিক প্রমাণ করতে বর্তমান যুগের ইসলামিস্টদের নির্লজ্জ মিথ্যাচারঃ 439

উত্তরাধিকার সম্পত্তি বন্টনের ক্ষেত্রে কুরআনে ভূল এবং মুমিন কতৃক মুহাম্মদের লুঙ্গি বাঁচানোর হাস্যকর চেষ্টা 442

কুরআনের ভুল এবং অসংগতিসমূহের একটি সামান্য তালিকা 445

কুরআন যে নবী নাযিল করত সেটা এক মিনিটের মধ্যে বুঝতে চান ? 456

সবজান্তা [আলিমুল গায়িব] আল্লাহ (ওরফে নবী মুহাম্মদ) যখন নিজেই ভবিষ্যৎ জানেনা ! 457

কুরআন এক অপূর্ণাঙ্গ জীবনবিধান 458

যারা আরো জানতে ও পড়তে চান তাদের জন্য (Library) 461

আপনি কি যেকোনো সাধারণ বাক্যকে বিজ্ঞানময়/মিরাকল হিসাবে ব্যাখ্যা করতে চান ?! তাহলে এখনই যেকোন বিজ্ঞানমনস্ক ধার্মিকের কাছ থেকে ত্যানাবাজির দক্ষতা অর্জনে লেগে পড়ুন 474

রোজা ও অটোফেজির মধ্যে পার্থক্য, মুমিনদের মিথ্যাচার ও অপপ্রচার। ইসলামের রোজা নিয়ে ইসলামিস্টদের প্রচার করা বিভিন্ন প্রোপাগাণ্ডার জবাব 486

নবী মুহাম্মদের সুন্নাত ডানকাত হয়ে ঘুমানোর- অপকারীতা 491

দাঁড়িয়ে পানি পান করতে নবী আসলেই নিষেধ করে গেছে ? 492

কুরআনের ফেরাউনের কিচ্ছা কাহিনী এবং মুমিনদের মিথ্যাচার 493

Answer to a fraud self claim of Muslims : 496

ত্যানাপ্যাচানো মডারেট মুমিন ও ডিপ্লোম্যাটিক-সুগারকোটেড-ভন্ড ইসলামিক এপোলোজিস্টদের মুখোশ উন্মোচন 498

বিঃদ্রঃ এখানে সুচীপত্রে শুধু অল্প কয়েকটি টপিকের নাম দেয়া হয়েছে শুধুমাত্র পাঠকদের ধারণা দেয়ার জন্য। এছাড়া ইসলামের আরো অগণিত জঘন্য সব টপিকের রেফারেন্স রয়েছে পুরো এই পিডিএফটি জুড়ে। তাই সব জানতে মনোযোগের সাথে পুরো পিডিএফটি পড়ুন।

(আপনার যদি কম্পিউটার থাকে তবে Microsoft Edge দিয়ে পিডিএফটি ওপেন করুন, আর যদি মোবাইল ফোন থেকে পড়তে চান তবে playstore এ যেয়ে Xodo Pdf reader app(https://play.google.com/store/apps/details?id=com.xodo.pdf.reader) ইন্সটল করে সেটি দিয়ে পিডিএফটি ওপেন করুন। এতে করে আপনি সূচীপত্রের যেকোনো অধ্যায়ের নামের উপর ক্লিক করলে সাথে সাথে সরাসরি ওখানে চলে যাবে, আবার যেকোনো পেজ থেকে সুচীপত্রে আসতে চাইলে যেকোনো পেইজের একদম নিচের দিকে ↑ চিহ্নে ক্লিক করবেন। যার ফলে পাঠকের পেইজ স্ক্রল করে খুঁজে বের করার ঝামেলা থাকবেনা। ধন্যবাদ)

ভূমিকা

“অতি সংবেদনশীল, গন্ডিবদ্ধ_ চিন্তাচেতনা, ভাবাদর্শ; গোঁড়ামিপূর্ণ, অসহনশীল, উগ্র মানসিকতা”কে- ভিতরে লালন করা মানুষেরা জীবনে অনেক কিছু জানতে পারা ও শেখার সুযোগ থেকে বঞ্চিত হয়।

যেমন আপনি প্রতারিত হচ্ছেন দেখে, বা আপনি গাড়ি চালাচ্ছেন কিন্তু সে গাড়ির টায়ারে সমস্যা এটা বাইরে থেকে দেখে, অথবা আপনার ছেলে পিছন থেকে আপনাকে খুন করতে আসছে দেখে, - যদি কেউ আপনাকে সাবধান করতে আসে, আর আপনি তাদের কথাকে বিন্দুমাত্র ভাবতে না চেয়ে নিজের একগুঁয়েমি অন্ধবিশ্বাসী হয়ে থাকেন,, তবে দিনশেষে ক্ষতি আপনারই হবে, আপনিই পস্তাবেন।

প্রিয় পাঠক। আপনি কি মানবেন আর কি মানবেন না, কিসে বিশ্বাস করবেন– তা একান্তই আপনার ব্যক্তিগত ব্যাপার। তবে কোনকিছু জানার সাথে এর সম্পর্ক নেই। আপনার ব্যক্তিগত বিশ্বাসের সাথে কোনকিছু না মিললে যে সে বিষয়টি পড়া বা জানা যাবেনা এমন কিন্তু নয়।

কারণ নতুন কিছু জানার মাধ্যমে মানুষ শুধু নিজেকে জ্ঞানে সমৃদ্ধ করে তুলতে পারে। এর বেশি কিছু নয়। একজন মুসলিম- হিন্দুদের বেদ, গীতা, রামায়ণ পড়ে হিন্দু হয়ে যায়না। ঠিক তেমনি হিন্দুসহ সকল ধর্মালম্বী ও ভাবাদর্শের মানুষের ক্ষেত্রেও বিষয়টি একই। তাই নতুন কিছু যে কেউই জানতে পারেন এতে জ্ঞানে ও চিন্তাধারায় শুধু তিনিই সমৃদ্ধ হবেন অন্য কেউ নয়।

আমার তরফ থেকে আপনাকে আন্তরিক অভিনন্দন। আমি একজন প্রাক্তন মুসলিম। কারো প্ররোচনায় নয় বরং সুস্থ মস্তিষ্কে ইসলাম সমন্ধে প্রচুর ঘাঁটাঘাঁটি করে, জেনে, বুঝে, যাচাই করেই – ইসলাম যে মানবসৃষ্ট ধর্ম নয় – এ কথার উপর আমার পক্ষে আর বিশ্বাস রাখা সম্ভব হয়নি। কারণ আমার মন- কোন কিছুকে fraud ধরতে পেরেও শুধুমাত্র কোন কল্পিত psycho type শাস্তির ভয় দেখানোতে ভীত হয়ে সেই fraud এর প্রতি বিশ্বাস রাখতে মোটেও রাজি নয়।।

এখানেই আমার সাথে অন্যান্য মুসলিমদের পার্থক্য। কারণ ইসলাম সম্পর্কে অনেক hypocracy, অসংগতির প্রমাণ পেয়েও অনেক মুসলিমের ইসলামে বিশ্বাসটা টিকে আছে শুধুমাত্র অজানা, কাল্পনিক পরকালের সাইকো & হরর টাইপ নির্যাতনের আতঙ্কে ভীত হওয়ার কারণে। আর তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন নবি মুহাম্মদ– মানুষের এই মনস্তাত্ত্বিক দূর্বলতাকে খুব ভালোভাবে বুঝতে পেরেছিলেন।

কেননা, ভয় দেখিয়ে ,অজানা বিষয়ে আতঙ্ক সৃষ্টি করে, ব্ল্যাকমেইল করে– মানুষের কাছ থেকে সব কিছু আদায় করিয়ে নেয়া যায়। সেখানে বিশ্বাস আদায় করা তো খুব সামান্য একটা বিষয় (আপনারা যারা লালসালু উপন্যাস পড়েছেন তারা কিছুটা হলেও বুঝতে পারবেন বিষয়টা কতটা বাস্তব)। আর তিনি মানুষের এ দুর্বলতার সুযোগ নিয়ে_ এটাকে তার প্রধান হাতিয়ার বানিয়ে অর্থাৎ মানুষের এ দুর্বলতা ও মানুষের সরল বিশ্বাস ও অজ্ঞতাকে ভিত্তি করে স্বপ্রবর্তন করলেন এক বর্বর ধর্মের। ইসলামের মত অধিকাংশ ধর্মই মানুষের এসব দুর্বলতাকে ভিত্তি করে সৃষ্টি হয়েছিল এবং আজ অবধি অত্যন্ত দাপটের সাথে টিকে আছে।

**প্রিয় পাঠক, আপনাকে ছোট একটা বিষয় জিজ্ঞেস করি।

শাস্তি/ নির্যাতন/অত্যাচার এর ভয়ে কেউ কাউকে/কোন কিছুতে বিশ্বাস করলে সেটা আমাদের কাছে গ্রহণযোগ্য বলে বিবেচিত হয় ??

আপনার উত্তর- “অবশ্যই না”। তাইতো ?

কিন্তু সেটা আল্লাহর কাছে গ্রহণযোগ্য বলে বিবেচিত হয় !!!! !! কেননা কুরআন ও সহীহ হাদীসে অনেক স্থানে স্পষ্ট করে বার বার উল্লেখ আছে – যেকোন কারণেই হোক যে মুসলমানের অন্তরে অণু পরিমাণ ঈমান থাকবে, সে একদিন না একদিন জান্নাতে অবশ্যই প্রবেশ করবে !

অর্থাৎ বিভিন্ন বিষয় ঘাঁটাঘাঁটি করে দেখার পর, আপনার মনে যদি ইসলামের সত্যতার ব্যাপারে ঘোরতর সন্দেহ হয় কিন্তু পরক্ষনেই কাল্পনিক সেই অনন্তকাল বীভৎস শাস্তির ভয় যা কুরআন ও হাদীসের অসংখ্য স্থানে দেখানো হয়েছে_ তা যদি আপনার মনে চেপে বসে- তখন যদি আপনি সেই ভবিষ্যত শাস্তির আতঙ্কে- আপনার মনের সব সন্দেহ, সংশয় ঝেড়ে ফেলে ইসলামীয় ঈশ্বর(আল্লাহর) কাছে তওবা করে নেন এবং সেই ভবিষ্য শাস্তির ভয়াবহতার কথা চিন্তা করে অন্তরের দিক দিয়ে ভয়ে চুপসে যেয়ে পরবর্তীতে ইসলামকে যাচাই করার সাহস না দেখান– তবে আল্লাহর কাছে আপনার ঈমানটা কিছুটা দুর্বল তবে অবশ্যই গ্রহণযোগ্য হবে এবং আপনি একদিন না একদিন জান্নাতে যাবেন ই যাবেন।

তাহলে কি এক্ষেত্রে আল্লাহর মানসিকতা আমাদের (মানুষের) চেয়েও নিচে নেমে গেল না ?

আপনি যদি মুসলিম হয়ে থাকেন তবে আপনাকে এই প্রশ্ন করা হলে, এই প্রশ্নের উত্তরে আপনি বলবেন:- "আমি বলতে পারব না"। তখন আপনাকে যদি প্রশ্ন করি কেন বলতে পারবেন না !?? তখন আপনি উত্তর দিবেন: "অনন্তকাল ভয়ঙ্কর শাস্তি পাওয়ার ভয়ে কারণ এর সঠিক উত্তর যেটা আমার বিবেক আমাকে বলছে – সেই উত্তর দিলে আমার ঈমান চলে যাবে, যার পরিণাম জাহান্নাম নামক ভয়াবহ শাস্তি"।

আর এভাবেই, ভয়ঙ্কর ভবিষ্যৎ নির্যাতনের আতঙ্কে/ ভয়ে – অসংখ্য মুসলমান আজ তার বিশ্বাস ইসলামের উপর কোনমতে টিকিয়ে রেখেছে। অন্যথায় এতসব ভূল, অসঙ্গতি, বেইনসাফি, জুলুম, বৈষম্য উপলব্ধি করার পর [যা আপনিও উপলব্ধি করতে পারবেন নিচের দেয়া ইসলামের অসংখ্য অথেনটিক রেফারেন্স- হাতে সময় নিয়ে মনোযোগের সাথে, একদম নিরপেক্ষভাবে চিন্তা করে, বিবেক-বুদ্ধি কাজে লাগিয়ে পড়ার ও বোঝার মাধ্যমে] বেশিরভাগ মুসলমান ইসলাম সম্পর্কে বিশ্বাস হারাতো।

এসব জানার পরেও তার পরেও নাকি,- শুধুমাত্র সেই মৃত্যুর পর শাস্তির ভয়ে আল্লাহকে বিশ্বাস করা মানুষদের বিশ্বাস- আল্লাহর কাছে গ্রহণযোগ্য !!! চিন্তা করা যায় এটা কতটা নিম্নস্তরের মানসিকতা !! এই মানসিকতা যে– কেবলমাত্র নিচু মন মানসিকতার *মানুষের* পক্ষেই হওয়া সম্ভব তা আর উল্লেখ করে বলে দিতে হয় না। এ থেকেও আপনারা কিছুটা হলেও বুঝতে পারছেন – এ ধর্মের প্রবর্তক যিনি কিনা এর সকল মূলনীতি, বিষয়বস্তু ও নিয়মকানুন তৈরি করেছেন তিনি কী আসলে মানুষ নাকি মহান কোনো সত্ত্বা।

তো যা বলছিলাম, আপনি যদি পুরো পৃথিবীর অনেক বড় খ্যাতিমান,প্রভাবশালী লোক হন – তাতে করে আপনার খারাপ অভ্যাস বা চরিত্রগুলো – আমার কাছে খারাপ হিসেবেই বিবেচিত হবে।

সমগ্র পৃথিবীর মানুষও যদি আপনাকে follow করে – তাতে আপনার কৃতকর্ম ন্যায় হয়ে যায়না, প্রচুর টাকা/সুযোগ সুবিধার লোভ বা আপনার ক্ষমতার ভয়ংকর শাস্তির ভয় দেখালেই, আমি- আপনার সম্বন্ধে নিজের ভিতরে ভালো ধারণা পোষণ করবো– এতটা সস্তা, ডিজঅনেস্ট আমার মন নয়। আমার মন নিরপেক্ষভাবে বিচার বিশ্লেষণ করে- সাদাকে সাদা ও সবুজকে সবুজ হিসেবে রায় দেয়, কোন ধরণের ভবিষ্যৎ শাস্তির ভয় ভীতি, হুমকি ধামকি, কতজন সেই বিষয়কে সঠিক বলে, ব্যাক্তিগত ভালোলাগা, আবেগ..... ইত্যাদি কোন কিছুই আমার নিরপেক্ষ যাচাইয়ে প্রভাব বিস্তার করতে পারেনা। তাই judgement এর ক্ষেত্রে পক্ষপাতিত্ব হয়না।

কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে- মুসলিমদের ৯৫%ই এই পক্ষপাতিত্বমূলক চিন্তাভাবনা ছাড়া তাদের ধর্মের সত্যতাকে যাচাই করতে পারেনা। তারা চিন্তাভাবনা বা যাচাই শুরুর আগেই ধরে নেয় কুরআন সৃষ্টিকর্তার পক্ষ থেকে নাযিলকৃত। তাই এবার তারা এই নিজেদের না যাচাই করা একটি বিশ্বাসকে কেন্দ্র করে অন্যান্য কিছু যাচাই করে, যাকে বলা হয় CONFIRMATION BIAS. আর তাই এই পক্ষপাতিত্বমূলক চিন্তাভাবনা- মুসলিমদেরকে ইসলাম সম্পর্কে লুকোনো সত্য বিষয়গুলো না বুঝতে পারার ব্যাপারে সবচেয়ে বড় বাঁধা হয়ে দাঁড়ায়।।

প্রিয় পাঠকদের কাছ থেকে ধৈর্য্য ও মনযোগ এবং আন্তরিকতা প্রত্যাশা করছি। আপনার আজীবনের মিথ্যা বিশ্বাসের মুখোশ উন্মোচন করতে চাইলে এতটুকু কষ্ট আপনাকে করতেই হবে।

এ পর্যন্ত আমাদের এই পৃথিবীতে আসা ৪২০০+ ধর্মের প্রতি আমার একটাই মন্তব্য- তা হল এগুলোর সবগুলোই মানবসৃষ্ট। আর এ মন্তব্য করতে যেয়ে আমাকে দিনরাত এক করে দীর্ঘ চার বছর অনবরত অসংখ্য ধর্মীয় জ্ঞান, ধর্মীয় গঠনমূলক ও প্রমাণভিত্তিক সমালোচনামূলক লেখা ও ডকুমেন্টারি পড়তে হয়েছে, নিরপেক্ষভাবে চিন্তা ও যাচাই করতে হয়েছে। তারপর আমার সামনে থেকে **ধর্মের কৃত্তিম মিষ্টি আবরণ(Sugar Coating)** সরে যেয়ে প্রকৃতরূপ উন্মোচিত হয়েছে।।

♦আমাদের মুসলিম ভাইবোনদের প্রতি আমার সামান্য কথা : আমরা মুসলিম বলেই কিনা ইসলামের কোন বিষয় সম্বন্ধে গঠনমূলক সমালোচনাকারীদের- তাদের নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যাসহ মন্তব্য, পোস্ট ও যৌক্তিক প্রমাণসহ রেফারেন্সসমৃদ্ধ লেখনীসমূহকে – **"নিতান্তই শিশু সুলভ চিন্তাভাবনা, এদের চেয়ে একটা পাগলও/নাবালক শিশুও ভালো বোঝে, এরা কুরআন-হাদীসের মনগড়া ব্যাখ্যা করেছে, এদের হৃদয় সংকীর্ণ , মস্তিষ্কের বিকৃতি, চিন্তাচেতনার বিকৃতি, অন্তরে রোগ আছে, আল্লাহ ওদের হেদায়েত দিক, ইহুদি নাসারাদের ষড়যন্ত্র, ইহুদি, ইসরাইল,খ্রিস্টান মিশনারিদের টাকা খেয়ে ইসলাম বিদ্বেষ ছড়ানোর চেষ্টা, ওদের দালাল, অল্প বিদ্যা ভয়ংকর, যার মনে আছে যা ফাল দিয়ে উঠে তা, এসব মূর্খদের অখাদ্য বকবকানি, শুভঙ্করের ফাঁকি, ওদের জানার সীমাবদ্ধতা আছে আরেকটু বেশি জানলে এরকম মন্তব্য করতো না , আল্লাহ যাকে ইচ্ছা হেদায়েত দেয়, এসব শয়তানের ওয়াসওয়াসা, ওদের বাবা মার পরিচয় ঠিক নাই,....."** ইত্যাদি অজস্র বাক্য- আমাদের মুখে, চিন্তায় এবং কমেন্টের কিবোর্ডে চোখের পলকেই চলে আসে।

অথচ তাদের চেয়েও কম পড়াশোনা করা একজন মুসলিম যখন –"ইসলাম বিরোধীদের দাঁতভাঙ্গা জবাব" এই শিরোনামে কোন পোস্ট/লেখা লেখেন- তখনই আমাদের মুসলিমদের মনে হয়- অসাধারন, দূর্দান্ত, এটাই প্রকৃত যুক্তিপূর্ণ আলোচনা, এটাই তো হবার ছিল, আমি জানতাম ওরা(ইসলামের সমালোচনাকারীরা) যেসব যুক্তি দিয়েছে তা ধোপে টিকবে না, ওদের পতন তো সব সময়ই, 'ভাই' আপনার মত ইসলামিক স্কলারদেরই তো প্রয়োজন, আশা করি ভবিষ্যতেও আরো সুন্দর সুন্দর লেখা উপহার দিয়ে মুরতাদ নাস্তিকদের দাঁত ভেঙে দিবেন, এত সুন্দর জ্ঞানগর্ভ আলোচনার জন্য আপনাকে ধন্যবাদ, ইত্যাদি ইত্যাদি।।

অর্থাৎ "ইসলামের সমালোচনাকারীদের জবাব" লেখাগুলো নিঃসন্দেহে অকাট্য, প্রকৃত যুক্তিযুক্ত। এক্ষেত্রে আমরা বলিনা/বলতে চাইনা যে – 'আপনার জ্ঞানের স্বল্পতা আছে, ভাই আরো জানেন তারপর কথা বলেন'।

Public demand অনুযায়ী এক বিষয়কে হেয় প্রতিপন্ন করা, অপবাদ দেওয়া; আর অন্য বিষয়কে তেল মারার যোগ্যতা থাকলেই- যুক্তিযুক্ত, জ্ঞানগর্ভ, গ্রহণযোগ্য লেখা হয়ে যায় না।

যারে দেখতে নারি তার চলন বাঁকা, যারে ভালোবাসি তার রাঁধা- নুনে পোড়া খাবারও লাগে অমৃত। (অর্থাৎ কাউকে ব্যক্তিগতভাবে অপছন্দ করি বলে – সে সঠিক কথা বললেও মনে হয় তার কথাগুলো ভুল, কিন্তু অতি আবেগী ধর্মান্ধ মুসলিম ভাইবোনেরা,- আপনারা শুধুমাত্র নিজ ধর্মের ব্যাপারে প্রশ্ন এলেই এই কথাটা কেন ভুলে যান যে — **ব্যক্তিগত পছন্দ/বিশ্বাস কখনই কোন কিছু যাচাইয়ের মাপকাঠি হতে পারেনা)**

আর তাই, কোন কিছুকে বিচার করতে- এই ব্যক্তিগত পছন্দ-অপছন্দ,বিশ্বাসকে টেনে নিয়ে আসা কখনই নিরপেক্ষ বিচার হতে পারে না। এই অভ্যাস বা মনোভাব আমাদের মুসলিমদের যতদিন থাকবে ততদিন আমাদের ছোটকাল থেকে পালন করে আসা ধর্মটি- কতটুকু সত্য বা এটিও কি মানবসৃষ্ট ধর্ম কিনা – তা প্রকৃত নিরপেক্ষভাবে যাচাই করা – আমাদের জীবন শেষ হওয়ার আগে সম্ভব হবে না ।।

মনে রাখবেন – যে বিষয়টি প্রকৃত সত্য, তার সত্যতা যাচাই করার জন্য যতই প্রশ্ন, সমালোচনা করা হোকনা কেন তাতে তার সত্যতা তো বিন্দুমাত্র কমেইনা উপরন্তু বেড়েই চলে। তাই ধর্মের সত্যতা যাচাইয়ের জন্য প্রশ্ন করতে ভয় পাওয়া যাবেনা, কারণ এটা আমাকে তথা নিজেকেই যাচাই করতে হবে যে, আমি কি কোনো অন্ধবিশ্বাসের বলি হয়ে- প্রতিনিয়ত প্রতারিত হচ্ছি কিনা, ধর্মের অন্ধকার দিকসমূহ যা মানুষ প্রকাশ করে না সেগুলো খুঁজে খুঁজে জানার চেষ্টা করতে হবে।

কারণ যে fraud সেই চায় না যে – তাঁর সত্যতা যেন কেউ যাচাই না করে। সে তার নিজের hypocracy ধামাচাঁপা দেয়ার জন্য- অত্যন্ত ধূর্ত চিন্তা ও কৌশলের মাধ্যমে– সাধারণ মানুষের- বিশ্বাস,ভয়, সরলতাকে ব্যবহার করে।

তাই নিজ ধর্মের সমালোচনা মোটেই নিন্দনীয় কোন বিষয় নয়, কারণ এর মাধ্যমে আমরা আমাদের ধর্মকে নিরপেক্ষ চিন্তা, বুদ্ধি, বিবেচনা দ্বারা যাচাই করতে পারি। আমাদের নিজস্ব ধর্ম যদি প্রকৃতই প্রতারণা হয়ে থাকে তবে এসব লেখার মাধ্যমে আমরা সেই প্রতারণাকে বুঝতে পারব এবং নিজেকে সহ আরো অনেক সরলবিশ্বাসীকে - এই ভন্ডামির বেড়াজাল থেকে মুক্তি দিতে পারব।
কিন্তু প্রতিটি ধর্মকে প্রতিনিয়ত তেল মারতে থাকা নিজ ধর্মের পন্ডিতদের বক্তব্য ও লেখালেখি থেকে সারাজীবনেও সেটি বোঝা সম্ভব নয়।।

কারণ তাদের অনেকেই ধর্ম ব্যবসায়ী, আর বাকি সকলেই confirmation biased. চিন্তায়- নিজের বিশ্বাস বিন্দুমাত্র প্রভাব বিস্তার করলেই– তা আর নিরপেক্ষভাবে চিন্তা করা হয়না, আর যেখানে নিরপেক্ষ চিন্তাই হয়না সেখানে নিরপেক্ষ যাচাই করা সম্ভব নয় ।।।।।।।। ♦

আপনি কি কখনো চিন্তা করেছেন, সামান্য একটা হাজার টাকার জিনিস যা হয়তো বড়জোর বছরখানেক ইউজ করবেন, সেটা কেনার আগে আপনি কত কিছু যাচাই বাছাই করে কিনেন, পণ্যটির রিভিউ নেট ঘেটে বের করেন, খারাপ দিক, ল্যাকিংস, সেই সাথে সেটি ফেইক কিনা বুঝার জন্য, ফ্রডের হাত থেকে বেচে অরিজিনাল পণ্যটি পাচ্ছেন কিনা সেটা নিশ্চিত হবার জন্য কত কনসার্ন থাকেন, বাসার কেউ বা অন্য কেউ ভালো বললেই অন্ধবিশ্বাসের সাথে সেটা কিনতে যাননা বরং নিজে বুঝেশুনে সময় নিয়ে জেনে, যাচাই করেই তবে কিনেন।
অথচ সেই একই মানুষ আপনিই সারাজীবন জন্মের পর থেকে আজীবন যে ধর্মটা আপনার পরিবারের সবাই পালন করছে দেখে আপনিও অন্ধবিশ্বাসের সাথে পালন করে যাচ্ছেন, এত এত সময়, পরিশ্রম, টাকা তার পিছনে ব্যয় করছেন, সেই ধর্মের থিওরি অনুসারে নিজের পুরো জীবন চোখ বন্ধ করে নাকে দড়ি বাধা উটের মতো ফলো করে যাচ্ছেন, শুধুমাত্র সেই পরিবারে জন্মগ্রহণ করেছেন বলে, অন্য কোনো ধর্মের অনুসারি কোনো পরিবারে জন্মগ্রহণ করলেও, আপনি ঠিক একইভাবে মাথায় ছোট থাকতেই মা-বাবার গেঁথে দেওয়া কথা অনুসারেই অন্ধবিশ্বাসের সাথে চোখ বন্ধ করে সেই ধর্মকে সত্য হিসেবে বিশ্বাস করতেন, এবং পুরো জীবন

এভাবেই চলতেন ___ কখনো কি ভেবে দেখেছেন, আপনি এই ধর্মকে ভালোভাবে জেনে, ভালোখারাপ যাচাই করে গ্রহণ করেননি। এবং যাচাই করার প্রয়োজনও মনে করেননি। অথচ সামান্য হাজারটাকার জিনিস কেনার তুলনায়, এবিষয় যেটাকে কেন্দ্র করে পুরো জীবনটা আপনি লিড করছেন_ সে বিষয়ে ভালভাবে যাচাই করাটা সবচেয়ে বেশি জরুরি !

কোনো বিষয়ে জন্মগত,পরিবেশগত অন্ধবিশ্বাস- এমন একটা বিবেকবুদ্ধি লোপ করার ভাইরাস, যা একটা বুদ্ধিমান মানুষকেও সেবিষয়ে অজ্ঞ অন্ধভক্ত রেখে জীবন কাটিয়ে দিতে পারে।

অতি গুরুত্বপূর্ণ ও লক্ষ্যণীয় সতর্কতা : আমাদের আশেপাশের কাছের মানুষের অধিকাংশের মধ্যে লক্ষ্য করা যায় – তারা ধর্মের সমালোচনার ব্যাপারে মারাত্মক স্পর্শকাতর ও কট্টরপন্থী। তারা নিজেরা তাদের ধর্মের সম্বন্ধে কিছু জানুক বা না জানুক – কেউ তাদের ধর্মকে যাচাই করবে গঠনমূলক সমালোচনার মাধ্যমে_ এটা তারা কোনভাবেই মেনে নিতে পারেনা। ফলশ্রুতিতে আপনার এই নিজের ধর্মের সত্যতা ও প্রকৃত রূপ যাচাই করার জন্য সমালোচনামূলক পড়াশোনা ও ঘাঁটাঘাটি– একবার তাদের কারো নজরে পড়েছেই কি আপনার সর্বনাশ হয়েছে! আপনি তখন কতটা ভয়াবহ বিপদের সম্মুখীন হবেন তা আপনি আগে কল্পনাও করতে পারবেন না। আপনার ব্যক্তিগত জীবন- তখন তাদের রোষানলে পড়ে পুরোপুরি বিপর্যস্ত হয়ে যাবে। পারিবারিকভাবে ভয়ংকর হেনস্তার শিকার হবেন।

তারা আপনার মৌলিক অধিকারটকুও দেবেনা। এমনকি বিষয়টি সমাজে কোনভাবে জানাজানি হলে আপনার মৃত্যুমুখে পতিত হবারও ঘোর আশঙ্কা দেখা দিবে। আপনি পারিবারিক ও সামাজিকভাবে নিগৃহীত হবেন যা আপনাকে মানসিকভাবে পুরোপুরি শেষ করে দিবে। **আপনি কিন্তু কোন অপরাধ করেননি।** আপনি প্রতিনিয়ত যে ধর্মের দাসত্ব করছেন, আপনার সকল কাজকর্ম ও চিন্তাচেতনায় যে ধর্ম প্রভাব বিস্তার করছে, যে ধর্মের আদেশ নিষেধ ও মূলনীতি আপনি ইচ্ছায় বা অনিচ্ছায় মেনে চলছেন – **সে ধর্মটা কতটুকু সত্য/ এটি কি আসলেই সৃষ্টিকর্তা প্রেরিত ধর্ম কীনা, নাকি এটিও একটি মানবসৃষ্ট ধর্ম_ যার প্রবর্তক মানুষের বিশ্বাসের সরলতার সুযোগ নিয়ে নিজ স্বার্থ হাসিলের উদ্দেশ্যে অত্যন্ত ধূর্তভাবে সেটিকে সৃষ্টিকর্তার প্রেরিত ধর্ম বলে চালিয়ে দিয়েছে, যেটির দ্বারা এখন পর্যন্ত প্রতিনিয়ত আমরা প্রতারিত হচ্ছি, – এসব যাচাই করার অধিকার আমাদের প্রত্যেকের আছে এবং এটা প্রত্যেকটা সচেতন মানুষের দায়িত্বও বটে।**


কিন্তু এশীয় সমাজের বাদবাকি – ধর্মের বেড়াজালে পড়ে, অবিকশিত মস্তিষ্ক ও চিন্তাধারার মানুষেরা- আমাদের এ অধিকার বিন্দুমাত্র দিতে রাজি নয়। উপরন্তু, ধর্মকে যাচাইয়ের/ ধর্মের মুখোশ উন্মোচনের/ ধর্মের ভন্ডামি প্রকাশ করার কারণে- আমাদের উপর ভয়াবহ টর্চার করতে থাকে।

তাই সুপ্রিয় পাঠকগণ, আপনারা অবশ্যই নিজ ধর্মের সত্যতা যাচাইয়ের জন্য পড়া ও অনুসন্ধান চালিয়ে যান। কিন্তু সেই সাথে নিজের ব্যক্তিগত জীবনের সুরক্ষার ব্যাপারে অবশ্যই সর্বদা সচেতন থাকতে হবে।


নিচের লেখাগুলোতে অসংখ্য কুরআনের আয়াত ও সহিহ হাদীসের রেফারেন্স দেওয়া হয়েছে। সেই মূললেখায় প্রবেশের আগে, এখন একটু বিরতি নিয়ে আসুন অতি গুরুত্বপূর্ণ একটি বিষয় জেনে নেই — ♦ **যুক্তির নামে কুযুক্তি / লজিক্যাল ফ্যালাসি কী ?** এ সম্পর্কে ভালোভাবে জানার মাধ্যমে আপনি যাচাই করতে পারবেন আপনার আশেপাশের মানুষ আপনাকে আপনার ধর্মের নানা বিষয়কে সমর্থনের জন্য প্রতিনিয়ত যেসব যুক্তি দিচ্ছে তা কি আসলে যুক্তি নাকি যুক্তির নামে কুযুক্তি=


- https://drive.google.com/file/d/1-9skzQKnRR_ow3JHutJ7PmBcYF9iM1Px/view?usp=drivesdk
- An overview of some common logical fallacies https:logicalfallacies/search
- বহুল প্রচলিত কিছু কুযুক্তি বা ফ্যালাসি বা কুতর্ক বা হেত্বাভাস

আসুন এবারে একনজরে উদাহরণগুলোর উপরে চোখ বুলিয়ে নিই,









আর একটা বিষয় সম্পর্কে শুরুতেই জানিয়ে রাখি,

কুরআনের যেকোন ধরনের কোন ভূল/অসংগতি দেখালেই আমাদের মুমিন ভাইদের নিম্নলিখিত অসংখ্য মন্তব্য ও ত্যানাবাজী লক্ষ্য করতে পারবেন (যার প্রত্যেকটাই লজিক্যাল ফ্যালাসি যা আপনারা মাত্রই ক্লিয়ারলি বুঝেছেন) –

↥

“কুরআন বোঝা এত সহজ নয়”, “অত্যন্ত হাই লেভেলের ভাষা ও জ্ঞান আল্লাহ প্রয়োগ করেছেন, এটা মানুষের জ্ঞানের ও চিন্তার পরিসীমার বাইরে । তাই এটা কুরআনের ভূল নয় বরং মোজেজা”!

⇨ তাহলে, চলুন দেখে নিই তার এই ধূর্ত দাবীর ব্যাপারে ইসলাম কি বলে (পড়তে লেখার উপর ক্লিক করুন)।

“অনুবাদ সঠিক নয়”

⇨ তাহলে বিশ্বের আন্তর্জাতিক ভাষায় অনুবাদ এবং অনুবাদ শেষে মুদ্রণের পূর্বে কী আপনার থেকে আরবী ভাষা, কুরআন ও হাদীস সম্পর্কে কম জানা আলেমগণ কতৃক যাচাই করা হয়?

তখন সে বলবে- “তাফসির দেখতে হবে”।

⇨ অথচ জীবনে সে কখনো কোনো তাফসির খুলেও দেখে নাই, এবং যখন বিশুদ্ধ তাফসির থেকেও বৈজ্ঞানিক ভূল দেখাবেন__ তখন আশ্চর্য হয়ে লক্ষ্য করবেন তাদের এই মন্তব্য_

“কুরআনে এটা রূপক(মেটাফোর) অর্থে ব্যবহত হয়েছে/ এই শব্দ দিয়ে এটা বুঝায় নাই”, এই বলে সে হুট করে মনগড়া একটা অর্থ এবং গোজামিল দিয়ে ইচ্ছামত একটা ব্যাখ্যা দাড় করায় দিবে যেমন- “এখানে কোপাকুপি বলতে দুই পক্ষের তরবারির কোলাকুলি বুঝানো হয়েছে”!

⇨ কিন্তু মুমিন ভাই আপনার হয়তো জানা নেই যে–কুরআনের যেসব অর্থের ব্যাখ্যা নবী মুহাম্মদ ও তার সাহাবীরা রূপক হিসেবে করে যাননি সেটাকে পরবর্তীতে রূপক হিসেবে নিজস্ব ব্যাখ্যা দেয়ার অধিকার সমগ্র বিশ্বের সর্বশ্রেষ্ঠ আলেমেরও নেই, সেখানে আপনি কুরআন ও হাদীস সম্পর্কে যৎসামান্য জ্ঞান অর্জন করে সেই অধিকার কোত্থেকে পেলেন ?? তাহলে কী, ঐশব্দের অর্থ দিয়ে কি আসলে আল্লাহ কি বুঝিয়েছেন সেটা নবীকে না জানিয়ে- আল্লাহ আপনাকে স্বপ্নে এসে জানিয়ে দিয়ে গেছে ! মাছের মতো, গায়ে তেল মাখা চোরের মতো পিছলা কাটা মুমিন ভাই, আপনার হয়তো এটাও জানা নেই যে– **কুরআনের প্রত্যেকটা শব্দ, আয়াতের মানে সাহাবী এবং তাবে-তাবেঈনরা যা বুঝেছেন, যা বলেছেন, যা ব্যাখ্যা করেছেন___ এর বাইরে পরবর্তীতে আসা কোনো মানুষের নিজস্ব কোনো ব্যাখ্যা ইসলামের নিকট কোনোভাবেই গ্রহণযোগ্য না।** তাই আপনার নিজের ত্যানা প্যাঁচানো গোজামিল দিয়ে বানানো সান্ত্বনার ব্যাখ্যা দিয়ে চানাচুর মাখায়ে খান, ইসলামের কাছে সেটার একফোটাও স্বীকৃতি নেই, উপরন্তু আপনি কুরআন মনগড়া ব্যাখ্যা করার স্পর্ধা দেখানোর কারণে ভয়ংকর কবীরা গুনাহে লিপ্ত হিসেবে বিবেচিত হবেন ইসলামের দৃষ্টিতে।

এখন মুখ বাচাতে সে বলে উঠবে- “এর উত্তর আল্লাহই ভালো জানেন”

⇨ কিন্তু আল্লাহ জানলে আমাদের লাভ কি, আমাদের মুসলমানদের কাজ কুরানের সত্যতা যাচাই করা। আল্লাহ জেনে বসে থাকলে আমাদের এ কাজে কি কোন সাহায্য হবে?

[যেসব মুসলিম কোনো উত্তর দিতে না পেরে কথায় কথায় শুধু আল্লাহই ভালো জানেন বলে কোনো ইসলামের কোনো অসংগতিকে জাস্টিফাই করতে চান, তাদের উদ্দেশ্যে- সহীহ বুখারী, তাওহিদ পাব্লি. ৪৫৩৮। একদা উমার (রা) নবী সা-এর সাহাবীদের জিজ্ঞেস করলেন যে, أَيَوَدُّ أَحَدُكُمْ أَنْ تَكُوْنَ لَه جَنَّةٌ এ আয়াতটি যে উপলক্ষে অবতীর্ণ হয়েছে, সে ব্যাপারে আপনাদের মতামত কী? তখন **তারা বললেন, আল্লাহই জানেন। উমার (রাঃ) এতে রেগে গিয়ে বললেন, বল- আমরা জানি অথবা আমরা জানি না।**]

সেই সাথে এই ধরনের হাস্যকর কথা পৃথিবীর যেকোনো গাঁজাখুরি কথার সাথে লাগানো যায়, তাতে কি সেটা সঠিক হয়ে যায় ? কোনো খুনের পলাতক(অনুপস্থিত) আসামীর উকিল যদি বলে এই খুনের কারণ আসামীই ভালো জানে_ তাহলে কি সে নির্দোষ হয়ে যায় বা এই কথার কারণে কি তার অপরাধ একটুও কমে ? বরং এরকম হাস্যকর কথা মাথায় ঘিলু থাকলে বলা সম্ভব না।

এভাবে প্রত্যেক কথায় ধরা খেয়ে হঠাত করে সে বলে উঠবে “কুরআন আগুনে পুড়েনা”, অতএব কুরআন সত্য !



⇨ আপনাকে কে বলেছে- কুরআন আগুনে পুড়েনা? যদি সেটা কাগজের পৃষ্ঠায় ছাপানো থাকে এবং সেই কাগজে যদি তাপ নিবারক কোন ক্যামিকেল ইউজ না করা হয়ে থাকে তবে অবশ্যই পুড়বে।

সর্বশেষ অস্ত্র এবং দাঁতভাঙ্গা জবাব:- "আসলে অবিশ্বাসীদের প্রতি আল্লাহ রহমত উঠিয়ে নিয়েছেন এবং তাদের কৃতকর্মের কারণে তাদের অন্তরে আল্লাহ মোহর মেরে দিয়েছেন এজন্যই আপনি কুরআনের অর্থ সঠিকভাবে বুঝেন নি, তবে একদিন অবশ্যই বুঝবেন আর সেটা হলো মৃত্যুর পরে ।" [এই রিলেটেড আরো কিছু ধূর্ত ছলচাতুরিমূলক কথা বলে হিপোক্রেট মুমিনরা পালিয়ে যায়, উদাহরণস্বরূপ ভিডিওটি দেখুন]

⇨ এটা তো যেকোনো ধর্মের অন্ধ অনুসারীরাই বলতে পারে, এসব ফালতু দাবী যে কেউ করলে তাদের সত্যতা যে সামান্যও বাড়েনা তা ইতোমধ্যেই আপনারা জানেন। আমি যদি বলি "আমার বাপ বলে গেছে আপনি মরার পর ইদুর হয়ে পুনর্জন্ম নিবেন, এই সত্য আপনি একদিন বুঝবেন মৃত্যুর পরে"! এতে করে আমার এই দাবি ১% ও সত্য হয় কি ?।

– কী মুমিন ভাইয়েরা ! আমি কি ঠিক বললাম !

অবশ্য আমিও ইসলাম সম্পর্কে বিশ্বাস হারানোর আগ পর্যন্ত_ কেউ কুরআন, হাদীসের যেকোন অসংগতি/ভূল দেখালে তাদের প্রতি এইসকল মন্তব্যের বেশ কয়েকটি ব্যবহার করতাম।

এখন সেগুলো ভেবে খুব বুঝতে পারি – কনফার্মেশন বায়াস(Confirmation Bias) মানুষের নিরপেক্ষ বিবেচনাবোধ, চিন্তাশক্তির ক্ষমতাকে কতটা হ্রাস করে দিতে পারে। এই রোগের আরো একটি ভয়াবহ উপসর্গ হল- সে মনে করে যে সে নিরপেক্ষই আছে। সে ই সঠিকভাবে এবং যৌক্তিকভাবে চিন্তা করে যাচাই করেছে।

প্রত্যেকটি ধর্মই মানবরচিত, এবং সে কারণেই অসংগতি ও ভুলে পরিপূর্ণ। আর তাই ধর্মের আসলরূপ সবার সামনে প্রকাশ হওয়া ঠেকাতে, ধর্মকে পুজি করে চলা প্রত্যেক ধর্মের আলেমরা বিভিন্ন গোঁজামিল দিয়ে, সান্ত্বনমুলক ডিফেন্সিভ ব্যাখ্যা দিয়ে থাকে। **যেমন আমি বললাম ফেরেশতারা কান্না করে এজন্য বৃষ্টি হয়**, এখন আমি যদি একটা ধর্ম প্রচার করতাম তাহলে আমার ধর্মের অন্ধবিশ্বাসী অনুসারী এপলোজিস্টরা সবার সামনে আমার কথাকে ভুল প্রমাণ হওয়া থেকে বাঁচাতে এ ত্যানা পেঁচিয়ে ডিফেন্সিভ ব্যাখ্যা দিত যে,- "যেহেতু আমরা ফেরেশতাদের চোখে দেখতে পাইনা, তাই বৃষ্টির পেছনে তাদের কান্নার ভুমিকা নেই, একথা আমরা নিশ্চিতভাবে বলতে পারিনা। তাই আমাদের ধর্মের কথাটিকে ভুল বলা সম্ভব না"।

ঠিক তেমনিভাবে প্রত্যেক ধর্মের অনুসারী এপলোজিস্টদের এদের ডিফেন্সিভ/সেলফ প্রোটেকটিভ ব্যাখ্যা শুনে তাদের ধর্মের সরল বিশ্বাসের অনুসারীরা একথা ভুলে যায়- আদালতে প্রকৃত আসামির পক্ষেও অনেক বাকপটু,ধূর্ত বুদ্ধিসম্পন্ন উকিল নিয়োগ করা যায় যারা সেই প্রকৃত আসামিকে নির্দোষ প্রমাণ করার জন্য- নানাভাবে তার অপরাধের পক্ষে স্পষ্ট প্রমাণসমূহকে ধামাচাপা দিয়ে ঢাকবার জন্য ধূর্তবুদ্ধি প্রয়োগ করে নানাভাবে কথার মারপ্যাঁচ ও গোঁজামিল দিয়ে বিভিন্ন যুক্তি উপস্থাপন করে রেসপন্স ও ডিফেন্স করে। এসব বক্তব্য শুনে আসামির সাপোর্টাররা যারা তার অপরাধ সচক্ষে দেখেনি তারা যারপরনাই খুশি হয়ে ওঠে।

কিন্তু একজন প্রকৃত বিচক্ষণ বিচারক কখনোই প্রকৃত আসামির পক্ষের উকিলের এসব ছলচাতুরিতে বিভ্রান্ত হননা বরং অত্যন্ত সূক্ষ্মদৃষ্টিতে এসব যুক্তি ও ব্যাখ্যাকে যাচাই করেন। ফলশ্রুতিতে তার কাছে প্রকৃত আসামি পক্ষের উকিলের অপরাধীর দোষ ধামাচাপা দেয়ার জন্য উপস্থাপিত যুক্তির অসারতা ও গোঁজামিল অত্যন্ত স্পষ্ট হয়ে ওঠে। আর তাই একজন প্রকৃত বিচক্ষণ ও সূক্ষ্ম বিবেচনার গুনসম্পন্ন বিচারক প্রকৃত আসামিকে শনাক্ত করতে পারেন। ধর্মীয় এ্যাপোলজিস্ট ও ডিফেন্স স্কলাররাও ঠিক একইভাবে তাদের ধর্মের বিভিন্ন ভূল ও অসংগতিসম্পন্ন বিষয়কে সেই ধর্মের অনুসারীদের ও বাকি সকলের নিকট গ্রহণযোগ্য ও নির্ভুল প্রমাণ করতে- তাদের ত্যানাপ্যাঁচানোর সর্বোচ্চ ক্ষমতাকে ব্যবহার করে অসংখ্য গোঁজামিলীয় যুক্তি ও ব্যাখ্যা প্রদানে সর্বদা সচেষ্ট ছিল, আছে এবং থাকবে।

শাক দিয়ে মাছ ঢাকার এ বৃথা চেষ্টার যে- কোনো মানে নেই একজন নিরপেক্ষভাবে যাচাই করতে চাওয়া মানুষের কাছে, সে কথা বলে দেয়ার প্রয়োজন নেই।

তো চলুন শুরু করা যাক আল্লাহ(ওরফে নবী মুহাম্মদের) ধর্মের আসল রূপের মুখোশ উন্মোচন-

কুরআন ও সহীহ হাদীস অনুসারে শয়তানের কি কোনো প্রয়োজন আছে ?

শয়তান

অবশ্যই শয়তান তোমাদের বহু দলকে পথভ্রষ্ট করেছে।
কুরআন ৩৬/৬২

তবে আল্লাহর অনুমতি ছাড়া শয়তান তাদের সামান্যতম ক্ষতি সাধনেও সক্ষম নয়।
কুরআন ৫৮/১০

ইবলীস শয়তান বললঃ আপনি(আল্লাহ) যে আমাকে পথভ্রষ্ট করলেন.....
কুরআন ৭/১৬

আল্লাহ

1. আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তারপর তার জন্য কোন অভিভাবক নেই। কুরআন ৪২/৪৪ [৪২ নং সূরার ৪৪ নং আয়াত]

2. আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তার কোন পথ নেই। কুরআন ৪২/৪৬

3. আল্লাহ যাকে পথভ্রষ্ট করেছেন কে তাকে সৎপথে পরিচালিত করবে? কুরআন ৩০:২৯

4. **আল্লাহ যাকে পথভ্রষ্ট করেছেন তোমরা কি তাকে হিদায়াত করতে চাও**?! আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তুমি কখনো তার জন্য কোন পথ পাবে না। কুরআন ৪/৮৮ যাকে ইচ্ছা আল্লা বিপথগামী/পথভ্রষ্ট করেন। কুরআন ৬:৩৯

5. এরাই যাদেরকে আল্লাহ অভিশাপ দিয়েছেন, ফলে তাদেরকে বধির ও তাদের দৃষ্টিসমূহকে অন্ধ করে দিয়েছেন। কুরআন ৪৭:২৩

6. **আর অবশ্যই আমি বহু মানুষকে জাহান্নামের জন্য সৃষ্টি করেছি**। কুরআন ৭:১৭৯

7. **আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তার জন্য কোন হিদায়াতকারী নেই**। আর আল্লাহ যাকে হিদায়াত করেন, তার জন্য কোন পথভ্রষ্টকারী নেই। কুরআন ৩৯/ ২৩,৩৬-৩৭ **আল্লাহ যাদের পথভ্রষ্ট করেন তাদের জন্য কোন পথপ্রদর্শক নাই**। কুরআন ৪০:৩৩

8. যদিও তুমি তাদের হিদায়াতের ব্যাপারে আকাঙ্ক্ষা কর, তবু নিশ্চয় আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তাকে হিদায়াত দেন না এবং তাদের জন্য কোন সাহায্যকারী নেই। কুরআন ১৬/৩৭

9. যদি আল্লাহ চাইতেন, তোমাদের সকলকে এক জাতিতে পরিণত করতেন, কিন্তু আল্লাহ যাকে ইচ্ছা পথভ্রষ্ট করেন, আর যাকে ইচ্ছা হিদায়াত দেন। কুরআন ১৬/৯৩

10. আল্লাহ যাকে পথভ্রষ্ট করতে চান তার বুক সঙ্কুচিত করে দেন, যেন সে আসমানে আরোহণ করছে। কুরআন ৬:১২৫

11. যারা কুফরী করেছে তারা যেন মনে না করে যে, আমি তাদের জন্য যে অবকাশ দেই, তা তাদের নিজদের জন্য উত্তম। **আমি তো তাদেরকে অবকাশ দেই- যাতে তারা পাপ বৃদ্ধি করে**। কুরআন ৩/১৭৮

12. আর আল্লাহ ইচ্ছা না করলে তোমরা ইচ্ছা করবে না। কুরআন ৭৬/৩০
তোমরা ইচ্ছা করতে পার না, যদি না আল্লাহ ইচ্ছা করেন। কুরআন ৮১/২৯

13. **আল্লাহর ইচ্ছা ছাড়া কেউ উপদেশ গ্রহণ করতে পারে না**। কুরআন ৭৪:৫৬

14. যদি আল্লাহ চাইতেন, তারা শির্ক করত না। কুরআন ৬/১০৭

15. যদি আমি সবকিছু সরাসরি কাফিরদের সামনে সমবেত করতাম, তাহলেও তারা ঈমান আনত না, যদি না আল্লাহ চাইতেন। কুরআন ৬/১১১

16. নিশ্চয় যাদের উপর তোমার রবের বাণী সত্য হয়েছে, তারা ঈমান আনবে না। যদিও তাদের নিকট সকল নিদর্শন এসে উপস্থিত হয়। কুরআন ১০/৯৬-৯৭

17. আমি যখন কোন জনবসতিকে ধ্বংস করার ইচ্ছা করি, তখন তার সম্পদশালীদেরকে আদেশ করি। অতঃপর তারা তাতে সীমালঙ্ঘন করে। তখন তাদের উপর নির্দেশটি সাব্যস্ত হয়ে যায় এবং আমি তা সম্পূর্ণরূপে বিধ্বস্ত করি। কুরআন ১৭:১৬

18. আর **আমি বনী ইসরাঈলকে কিতাবে সিদ্ধান্ত জানিয়েছিলাম যে, তোমরা যমীনে দু'বার অবশ্যই ফাসাদ করবে এবং ঔদ্ধত্য দেখাবে মারাত্মকভাবে**। কুরআন ১৭/৪

19. আর যদি আল্লাহ ইচ্ছা করতেন তাদের পরবর্তীরা লড়াই করত না, তাদের নিকট সুস্পষ্ট প্রমাণসমূহ আসার পর। আল্লাহ যদি চাইতেন, তাহলে তারা লড়াই করত না। কিন্তু আল্লাহ যা চান, তা করেন। কুরআন ২/২৫৩

20. **আমি**(আল্লাহ) জ্বীন শয়তানদের ও মানুষের মধ্য হতে **শত্রু বানিয়ে দিয়েছি**, তারা প্রতারণার উদ্দেশ্যে একে অপরকে চাকচিক্যপূর্ণ কথার কুমন্ত্রণা দেয়। **তোমার রব যদি চাইতেন, তবে তারা তা করত না**। কুরআন ৬/১১২

21. আমি তাদের মধ্যে কিয়ামতের দিন পর্যন্ত শত্রুতা ও ঘৃণা উসকে দিয়েছি। কুরআন ৫/১৪

↥

22. যাকে তার **মন্দ কর্ম- শোভনীয় করে দেখানো হয়**, অতঃপর সে সেটাকে উত্তম মনে করে (সে কি তার সমান, যে সৎ পথে পরিচালিত?) **আল্লাহ যাকে ইচ্ছে বিপথগামী করেন**, আর যাকে ইচ্ছা হিদায়াত দেন। কুরআন ৩৫/৮

23. নিশ্চয় যারা কুফরী করেছে, **তুমি তাদেরকে সতর্ক কর কিংবা না কর- উভয়ই তাদের জন্য বরাবর, তারা ঈমান আনবে না**। কুরআন ২/৬

24. আর **কারও পক্ষে সম্ভব নয় যে, আল্লাহর অনুমতি ছাড়া ঈমান আনবে**। কুরআন ১০/১০০

25. আর আল্লাহ যাকে বিভ্রান্ত করেন তার জন্য কোন হিদায়াতকারী নেই। কুরআন ৪০/৩৩

26. আল্লাহ্ তাদের হৃদয়সমূহ ও তাদের শ্রবণশক্তির উপর মোহর লাগিয়ে দিয়েছেন, এবং তাদের দৃষ্টির উপর রয়েছে আবরণ। আর তাদের জন্য রয়েছে ভয়ানকশাস্তি। কুরআন ২/৭ **আমি তাদের অন্তরসমূহের উপর পর্দা দিয়ে দিয়েছি, যাতে তারা** তা (কুরআন) **বুঝতে না পারে**। আর তাদের কর্ণসমূহে রয়েছে বধিরতা এবং তুমি তাদেরকে হিদায়াতের প্রতি আহবান করলেও তারা কখনো হিদায়াতপ্রাপ্ত হবে না। কুরআন ১৮/৫৭

27. আমি তোমাদেরকে উপদেশ দিতে চাইলেও আমার উপদেশ তোমাদের কোন উপকারে আসবে না, যদি আল্লাহ তোমাদের বিভ্রান্ত করতে চান। কুরআন ১১:৩৪

28. তাদের অন্তরসমূহে রয়েছে ব্যাধি। সুতরাং **আল্লাহ তাদের ব্যাধি বাড়িয়ে দিয়েছেন**। কুরআন ২/১০

29. আল্লাহ যাকে সৎপথে চালান, সেই সৎপথ প্রাপ্ত এবং তিনি যাকে পথভ্রষ্ট করেন, আপনি কখনও তার জন্যে পথপ্রদর্শনকারী ও সাহায্যকারী পাবেন না। কুরআন ১৮:১৭

30. যাকে আল্লাহ হিদায়াত করেন সে-ই হিদায়াতপ্রাপ্ত আর যাদেরকে তিনি পথভ্রষ্ট করেন তারাই ক্ষতিগ্রস্ত। **অবশ্যই আমি সৃষ্টি করেছি জাহান্নামের জন্য বহু জিন ও মানুষকে**। কুরআন ৭:১৭৯

31. আর যদি আমি ইচ্ছা করতাম, তাহলে প্রত্যেক ব্যক্তিকে তার হিদায়াত দান করতাম। কিন্তু আমার কথাই সত্যে পরিণত হবে যে, 'নিশ্চয় আমি জিন ও মানুষ উভয় দ্বারা জাহান্নাম পূর্ণ করব'। কুরআন ৩২/১৩

32. **আমার পক্ষ থেকে যাদের জন্য পূর্বেই কল্যাণ নির্ধারিত রয়েছে তাদেরকে জাহান্নাম থেকে দূরে রাখা হবে**। কুরআন ২১/১০১

33. অবশ্যই তাদের অধিকাংশের উপর (আল্লাহর) বাণী অবধারিত হয়েছে, ফলে তারা ঈমান আনবে না। কুরআন ৩৬/৭

- **আমি প্রত্যেক বস্তুকে তাকদীর অনুযায়ী সৃষ্টি করেছি।** কোরআনঃ সূরা ক্বামার, আয়াত: ৪৯
- **পৃথিবীতে ও তোমাদের জানের উপর যে বিপদই আসুক না কেন আমরা তা সৃষ্টি করার আগেই কিতাবে লিপিবদ্ধ আছে।** কোরআনঃ সূরা হাদীদ, আয়াত: ২২

Al-Kahf 18:74

অতঃপর তারা চলতে লাগল। অবশেষে যখন তারা এক বালকের সাক্ষাৎ পেল, তখন সে তাকে হত্যা করল। সে বলল, 'আপনি নিষ্পাপ ব্যক্তিকে হত্যা করলেন, যে কাউকে হত্যা করেনি? আপনি তো খুবই মন্দ কাজ করলেন'।

Pure Takdir / if allah knows all , why the playback movie

Al-Kahf 18:80

'আর বালকটির বিষয় হল, তার পিতা-মাতা ছিল মুমিন। অতঃপর আমি আশংকা* করলাম যে, সে সীমালংঘন ও কুফরী দ্বারা তাদেরকে অতিষ্ঠ করে তুলবে'।

* তাঁর আশংকা নিছক ধারণা ভিত্তিক ছিল না, বরং আল্লাহর পক্ষ থেকে তিনি নিশ্চিত জানতে পেরেছিলেন।

Al-Kahf 18:81

'তাই আমি চাইলাম, তাদের রব তাদেরকে তার পরিবর্তে এমন সন্তান দান করবেন, যে হবে তার চেয়ে পবিত্রতায় উত্তম এবং দয়ামায়ায় অধিক ঘনিষ্ঠ।

- আল্লাহ যা ইচ্ছা মনোনীত করেন। কোরআনঃ সূরা কাসাস, আয়াত: ৬৮
- নিশ্চয় আল্লাহর জন্যই আসমানসমূহ ও যমীনের রাজত্ব, তিনি যাকে ইচ্ছা আযাব দেন এবং যাকে ইচ্ছা ক্ষমা করেন। কোরআনঃ ৫/৪০
- আল্লাহ যা ইচ্ছা সেটাই করেন। কোরআনঃ সূরা ইব্রাহিম, আয়াত: ২৭
- আর **অবশ্যই আমি সৃষ্টি করেছি জাহান্নামের জন্য বহু জিন ও মানুষকে**। তাদের রয়েছে অন্তর, তা দ্বারা তারা বুঝে না; তাদের রয়েছে চোখ, তা দ্বারা তারা দেখে না এবং তাদের রয়েছে কান, তা দ্বারা তারা শুনে না। তারা চতুষ্পদ জন্তুর মত; বরং তারা অধিক পথভ্রষ্ট। কোরআনঃ সূরা আরাফ, আয়াত: ১৭৯
- **তিনি যা করেন সে ব্যাপারে তাকে প্রশ্ন করা যাবে না; বরং তাদেরকেই প্রশ্ন করা হবে।** কোরআনঃ সূরা আম্বিয়া: ২৩
- গোপন পরামর্শ তো হল মুমিনরা যাতে দুঃখ পায় সে উদ্দেশ্যে কৃত **শয়তানের কুমন্ত্রণা** মাত্র। **আর আল্লাহর অনুমতি ছাড়া সে তাদের কিছুই ক্ষতি করতে পারে না**। কোরআনঃ সূরা মুজাদিলা, আয়াত ১০।

৩৭২ তাফসীরে ইব্‌ন কাছীর

30. আর আল্লাহ ইচ্ছা না করলে তোমরা ইচ্ছা করবে না; নিশ্চয় আল্লাহ মহাজ্ঞানী, প্রাজ্ঞ।

وَمَا تَشَاءُوْنَ اِلَّآ اَنْ يَّشَاءَ اللّٰهُ অর্থাৎ আল্লাহ্‌র ইচ্ছা না হওয়া পর্যন্ত কাহারো ইচ্ছা পূরণ হইবার নহে। আল্লাহ্‌র মঞ্জুরি ব্যতীত কেহ নিজেকে হিদায়াত করিতে, ঈমান আনয়ন করিতে এবং নিজের কোন উপকার করিতে সক্ষম নহে।

৪৩২ তাফসীরে ইব্‌ন কাছীর

وَمَا تَشَاءُوْنَ اِلَّآ اَنْ يَّشَاءَ اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ অর্থাৎ মানুষ যাহা চাহে তাহাই বাস্তবায়িত হয় না। বরং মানুষের ইচ্ছার বাস্তবায়ন আল্লাহ্‌র মঞ্জুরির উপর নির্ভরশীল। সুতরাং কেহ চাহিলেই হিদায়াত লাভ করিতে পারে না আবার ইচ্ছা করিলেই পথভ্রষ্ট হইতে পারে না– বরং আল্লাহ্ যাহাকে হিদায়াত দান করেন সেই হিদায়াত পায় আর যাহাকে বিভ্রান্ত করেন সেই বিভ্রান্ত হয়।

সুফিয়ান ছাওরী (র)..... সুলায়মান ইব্‌ন মূসা (র) হইতে বর্ণনা করেন। তিনি বলেন, لِمَنْ شَاءَ الخ এই আয়াতটি নাযিল হওয়ার পর আবূ জাহ্‌ল বলিল, ক্ষমতা তো সবই আমাগিদের হাতে। আমরা ইচ্ছা করিলে সঠিক পথে চলিতে পারি আর ইচ্ছা করিলে বিপথেও চলিতে পারি। তখন আল্লাহ্ তা'আলা وَمَا تَشَاءُوْنَ الخ আয়াতটি নাযিল করেন।

তাফসীরে মাযহারী/৩৭৫

'তোমরা ইচ্ছা করবে না, যদি জগতসমূহের প্রতিপালক আল্লাহ্ ইচ্ছা না করেন'। একথার অর্থ— হে সত্যপ্রত্যাখ্যানকারীর দল! তোমরা ভেবেছো কী? ইচ্ছা করলেও তো তোমরা সরল পথের পথিক হতে পারবে না, যতোক্ষণ না তোমরা লাভ করবে আল্লাহ্‌র ইচ্ছার আনুকুল্য, অনুমোদন অথবা সমর্থন। কেননা তিনিই সর্বাধিপতি। এই সুবিশাল সৃষ্টির প্রতিটি অস্তিত্বকে তিনিই দান করেছেন গতি-প্রকৃতি-প্রবৃদ্ধি ও পরিণতি, সে অস্তিত্ব মৌল হোক, অথবা হোক যৌগ। তিনিই সকলের ও সকল কিছুর একক সৃজয়িতা, পালয়িতা ও নিয়ন্ত্রয়িতা। এমন কি তোমাদের অভিপ্রায় সৃজয়িতাও তিনিই। সুতরাং কাউকে যদি সরল পথাভিমুখী হতে দেখা যায়, তবে বুঝতে হবে তার ইচ্ছার প্রতি রয়েছে আল্লাহ্‌পাকের দয়ার্দ্র অভিপ্রায়ের অনুমোদন।

↥

ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন,

আল্লাহ তা'আলা বলেন, لَا يُسْأَلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْأَلُونَ "তিনি যা করেন সে বিষয়ে তাকে প্রশ্ন করা হবে না; বরং তারা তাদের কৃতকর্ম সম্পর্কে জিজ্ঞাসিত হবে। *(সূরা আম্বিয়া: ২৩)* অতএব, যে ব্যক্তি একথা জিজ্ঞাসা করবে তিনি কেন এ কাজ করলেন? সে আল্লাহর কিতাবের হুকুম অমান্য করল। আর যে ব্যক্তি কিতাবের হুকুম অমান্য করল, সে কাফেরদের অন্তর্ভুক্ত হলো।

অধ্যায়-৩ : তাক্বদীরের প্রতি ঈমান

ক্বাদর বা তাক্বদীর তাই যা আল্লাহ ফায়সালা করেছেন এবং কোন বিষয়ে নির্দেশ জারী করেছেন।

তাক্বদীরের প্রতি ঈমান আনার অর্থ : এ বিশ্বাস রাখা যে, পৃথিবীতে যা কিছু ঘটে তা ভাল হোক আর মন্দ হোক, ক্ষতিকর হোক বা উপকারী হোক তা' নির্ধারিত। এমনকি বান্দার কর্মকাণ্ড যার মধ্যে ঈমান আনা, কুফরী করা, আনুগত্য করা, অবাধ্য হওয়া, পথ ভ্রষ্ট হওয়া ও সৎ পথে চলা সব কিছুই আল্লাহর ফায়সালা। এসব তাঁরই নির্ধারণ, ইচ্ছা, সৃষ্টি ও প্রভাবের ফল। তবে তিনি ঈমান আনয়নে ও তাঁর আনুগত্যে সন্তুষ্ট হন এবং এজন্য তিনি প্রতিদানের অঙ্গীকারও করেছেন। পক্ষান্তরে কুফরী ও অবাধ্যতায় সন্তুষ্ট হন না বরং এজন্য তিনি শাস্তির ভয় প্রদর্শন করেছেন। আল্লাহ তা'আলা সবকিছু নির্ধারণ করেছেন। অর্থাৎ তিনি কোন কিছু অস্তি তিনি শাস্তির ভয় প্রদর্শন করেছেন। আল্লাহ তা'আলা সবকিছু নির্ধারণ করেছেন।

٨٠- وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ: «كُلُّ شَيْءٍ بِقَدَرٍ حَتَّى الْعَجْزُ وَالْكَيْسُ». رَوَاهُ مُسْلِمٌ

৮০। ইবনু 'উমার রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ ﷺ বলেছেন : প্রত্যেকটি জিনিসই আল্লাহর ক্বাদ্‌র (তাক্বদীর) অনুযায়ী রয়েছে, এমনকি নির্বুদ্ধিতা ও বিচক্ষণতাও।[৮৮]

ব্যাখ্যা : حَتَّى الْعَجْزِ وَالْكَيْسِ অর্থাৎ বুদ্ধিমত্তা ও অপারগতা– এ দু'টিও আল্লাহর তাক্বদীর অনুযায়ী হয়ে থাকে। অর্থাৎ বান্দার উপার্জন ও কাজকর্মের বিষয়ে তা' শুরুর ব্যাপারে ইচ্ছা বা অবগতি থাকলেও তা আল্লাহর ইচ্ছা ব্যতীত তাদের দ্বারা সম্পাদন হয় না। সবকিছুই স্রষ্টার নির্ধারণ বা তাক্বদীর অনুযায়ীই হয়। এমনকি বুদ্ধিমত্তা যার মাধ্যমে কোন ব্যক্তি তার অভিষ্ঠ লক্ষে পৌছে অথবা অপারগতা যার কারণে তার অভিষ্ঠ লক্ষ্যে পৌছতে বিলম্ব ঘটে বা পৌছতে পারে না এটিও আল্লাহ কর্তৃক নির্ধারিত।

সহীহ হাদিসসমূহ

মিশকাতুল মাসাবীহ হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৯৪, সহীহ মুসলিম (ইফা) ৬৫০৭, সূনান তিরমিজী (ইফা) ২১৫৮।

পরিচ্ছদঃ তাকদীরের প্রতি ঈমান


রসূলুল্লাহ সা বলেছেনঃ **আল্লাহ সর্বপ্রথম যে বস্তুটি সৃষ্টি করেছিলেন তা হচ্ছে কলম। অতঃপর তিনি কলমকে বললেন, লিখ। কলম বলল, কী লিখব? আল্লাহ বললেন, তাক্বদীর সম্পর্কে লিখ। সুতরাং কলম- যা ছিল ও ভবিষ্যতে যা হবে, সবকিছুই লিখে ফেলল।**

ব্যাখ্যা: আল্লাহ তাআলা আরশ, পানি ও বায়ু সৃষ্টির পরে সর্বপ্রথম কলম সৃষ্টি করেছেন। কেননা সহীহ মুসলিমে বর্ণিত আছে যে, রসূলুল্লাহ সা বলেছেনঃ "**আকাশ ও জমিন সৃষ্টির পঞ্চাশ হাজার বৎসর পূর্বে আল্লাহ তা'আলা সমস্ত জীবের তাকদীর নির্ধারণ করেছেন।**" তখন আল্লাহর আরশ(আসন) ছিল পানির উপরে। ফাতহুল বারীর ১৩ খণ্ডের ১৮৬ পৃষ্ঠায় মারফূ সূত্রে উল্লেখ আছে, **"আরশ সৃষ্টির পূর্বে পানি সৃষ্টি করা হয়েছে"**। হাদীসটি ইমাম আহমাদ ও তিরমিযী বর্ণনা করেছেন। ইবনু আব্বাস (রাঃ) কে জিজ্ঞেস করা হলো, **আল্লাহর আরশ পানির উপরে ছিল। তাহলে পানি কিসের উপর ছিল? তিনি বললেনঃ পানি বায়ুর পিঠে ছিল।**

↥

সহীহ বুখারী তাওহীদ পাব্লি., হাদিস নম্বরঃ ৫০৭৬

আবূ হুরাইরাহ (রা) বলেন, আমি নবী সা-এর কাছে বললাম, হে আল্লাহর রাসূল! আমি একজন যুবক। আমার ভয় হয় যে, আমার দ্বারা না জানি কোন গুনাহর কাজ সংঘটিত হয়ে যায়; অথচ আমার কাছে নারীদেরকে বিয়ে করার মতো কিছু নেই। আমি কি খাসি হয়ে যাব? এ কথা শুনে নবী সা চুপ থাকলেন। এরপর উত্তর দিলেন, হে আবূ হুরাইরাহ! **তোমার ভাগ্যলিপি লেখা হয়ে গেছে আর কলমের কালি শুকিয়ে গেছে। তুমি খাসি হও বা না হও, তাতে কিছু আসে যায় না।**



৭০ হাদীস সম্ভার (প্রথম খণ্ড) ৬৫

তকদীরের প্রতি ঈমান

(১১৪) ইবনে আব্বাস (রাঃ) বলেন, আমি একদা (সওয়ারীর উপর) রাসূলুল্লাহ (ﷺ) এর পিছনে (বসে) ছিলাম। তিনি বললেন, "ওহে কিশোর! এ কথা জেনে রাখ যে, যদি সমস্ত উম্মত তোমার উপকার করার জন্য একত্রিত হয়ে যায়, তবে ততটুকুই উপকার করতে পারবে, যতটুকু আল্লাহ তোমার (ভাগ্যে) লিখে রেখেছেন। আর তারা যদি তোমার ক্ষতি করার জন্য একত্রিত হয়ে যায়, তবে ততটুকুই ক্ষতি করতে পারবে যতটুকু আল্লাহ তোমার (ভাগ্যে) লিখে রেখেছেন। কলমসমূহ উঠিয়ে নেওয়া হয়েছে এবং খাতাসমূহ (ভাগ্যলিপি) শুকিয়ে গেছে।" *(তিরমিযী ২৫১৬)*

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ৪৫৬০।

রাসুলুল্লাহ সা বলেনঃ **যদি কোন জিনিস তাকদীরের অগ্রগামী হতে পারত**, তবে বদনযরই তার অগ্রগামী হত।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬৬৭

রাসুলুল্লাহ সা বলেন- **এমন বলো না যে, যদি আমি এমন এমন করতাম তবে এমন হত না। বরং এ কথা বলে যে,আল্লাহ তা'আলা যা নির্দিষ্ট করেছেন এবং যা চেয়েছেন তাই করেছেন।**

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ১১৩।

রসূলুল্লাহ সা বলেছেনঃ আল্লাহ তাআলা পাঁচটি বিষয়ে তাঁর সৃষ্টজীবের জন্য চূড়ান্তভাবে তাক্বদীরে লিখে দিয়ে নির্ধারিত করে রেখেছেনঃ ১) তার আয়ু (বয়স/জীবনকাল), ২) **তার 'আমল (কর্ম)**, ৩) তার মৃত্যুস্থান, ৪) **তার চলাফেরা (গতিবিধি)** এবং ৫) এবং তার রিযিক (জীবিকা)।

সহীহ বুখারী তাওহীদ পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬০১

রাসূলুল্লাহ্ সা বলেছেনঃ **কোন নারী নিজে বিয়ে করার উদ্দেশ্যে যেন অন্য নারীর তালাক না চায়। কেননা, তার জন্য (তাকদীরে) যা নির্ধারিত আছে তাই সে পাবে।**

সুনানে ইবনে মাজাহ(তাহকীককৃত) হাদিস নম্বরঃ ৯১

সুরাকাহ(রাঃ) বলেন, আমি বললাম, হে আল্লাহ্র রাসূল! আমাদের কার্যকলাপ কী তাই- যা পূর্বেই লিপিবদ্ধ করা হয়েছে এবং তদনুযায়ী তাকদীর নির্ধারিত হয়েছে, নাকি ভবিষ্যতে যা করা হবে তা? রাসূলুল্লাহ সা বলেনঃ" বরং তাই যা পূর্বে লিপিবদ্ধ হয়ে গেছে এবং তদনুযায়ী তাকদীর নির্দিষ্ট হয়েছে। যাকে যে জন্য সৃষ্টি করা হয়েছে তার জন্য তা সহজসাধ্য করা হয়েছে"।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬২৮

সুরাকাহ্ ইবনু মালিক (রা) রসূলুল্লাহ সা এর নিকট আসলেন, অতঃপর বললেন, **হে আল্লাহর রসূল! আমাদের সামনে আমাদের দীন সুস্পষ্টভাবে বর্ণনা করুন, যেন আমরা এই মাত্র সৃষ্ট হয়েছি।** আজকের আমল কি ঐ বিষয়ের উপর যার সম্পর্কে কলম লিখে শুকিয়ে গেছে এবং তাকদীর তার উপর চলছে? নাকি আমরা ভবিষ্যতে তার সামনাসামনি হব? রাসুলুল্লাহ সা বললেন- না, বরং কলম যা কিছু লিখার লিখে শুকিয়ে গেছে ও সে অনুযায়ী তাকদীর জারী হয়ে গেছে।

↥

সুনান আর তিরমিজি (তাহকীককৃত) হাদিস নম্বরঃ ২১৩৫

উমর (রাঃ) প্রশ্ন করেন, হে আল্লাহর রাসূল সা. আমলের ক্ষেত্রে আপনার অভিমত কি? **আমরা যেসব কাজ করি তা কি নতুনভাবে ঘটল না আগে থেকেই নির্ধারিত হয়ে আছে?** রাসূলুল্লাহ সা বললেনঃ হে খাত্তাবের পুত্র! **তা আগে থেকেই নির্ধারিত হয়ে আছে**। আর সকলের করণীয় বিষয় সহজ করে রাখা হয়েছে। যারা সৌভাগ্যবানদের অন্তর্ভুক্ত তারা অবশ্যই সাওয়াবের কাজ সম্পাদন করে আর যারা দুর্ভাগ্যবানদের অন্তর্ভুক্ত তারা দুর্ভাগ্যজনক কাজই সম্পাদন করে থাকে।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি.,হাদিস নম্বরঃ ৬৬৩০

বলা হলো, হে আল্লাহর রসূল! জাহান্নামীদের হতে জান্নাতীদের সুনির্দিষ্ট করা হয়েছে কি? রাসুলুল্লাহ সা বললেন, "হ্যাঁ হয়েছে। **প্রত্যেক লোকের জন্যে সে কর্মটি সহজ করে দেয়া হবে, যার জন্যে তাকে বানানো হয়েছে**"।

সহীহ বুখারী(তাওহীদ) **৬২১৭**

আলী (রা) হতে বর্ণিত যে, আমরা এক জানাযায় নবী সা এর সঙ্গে ছিলাম। তিনি একটা লাকড়ি দিয়ে যমীনে মৃদু আঘাত দিয়ে বললেনঃ তোমাদের কোন লোক এমন নয় যার বাসস্থান জান্নাতে অথবা জাহান্নামে নির্ধারিত হয়ে যায়নি। লোকেরা জিজ্ঞেস করলঃ তা হলে কি আমরা তার উপর নির্ভর করব না। তিনি বললেনঃ আমল করে যাও। কারণ যাকে যে জন্য সৃষ্টি করা হয়েছে, তার জন্য তা সহজ করে দেয়া হবে।

সহীহ বুখারী(তাওহীদ)**৬৫৯৬**

নবী সা কে এক ব্যক্তি (তাকদীরের ব্যাপারে) জিজ্ঞেস করল যে- তাহলে আমলকারীরা আমল করবে কেন? নবী সা বললেনঃ **প্রতিটি লোক ঐ আমলই করে যার জন্য তাকে সৃষ্টি করা হয়েছে;** অথবা যা তার জন্য সহজ করা হয়েছে।

সহীহ বুখারী তাওহীদ পাবলিকেশন পাব্লি., হাদিস নম্বরঃ ৬৫৯৬

আল্লাহর বাণীঃ "আল্লাহ জেনে শুনেই তাকে গুমরাহ করেছেন"- (সূরাহ জাসিয়াহ ৪৫/২৩) আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, নবী সা আমাকে বলেছেনঃ যার সম্মুখীন তুমি হবে (তোমার যা ঘটবে) **তা লেখার পর** কলম শুকিয়ে গেছে। **প্রতিটি লোক ঐ আমলই করে যার জন্য তাকে সৃষ্টি করা হয়েছে।**

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি.,হাদিস নম্বরঃ ৬৬২৪

রসূলুল্লাহ সা বলেন, তোমাদের মাঝে এমন কোন লোক নেই, যার পরিণাম আল্লাহ তা'আলা জান্নাতে বা জাহান্নামে নির্ধারণ করেননি এবং সে দুর্ভাগ্যবান হবে বা সৌভাগ্যবান হবে, তা লিপিবদ্ধ করেননি। যে লোক সৌভাগ্যবান সে সৌভাগ্যবানদের আমলের দিকে ধাবিত হবে। যে হতভাগাদের অন্তর্ভুক্ত সে হতভাগার আমালের প্রতি ধাবিত হবে।

আবু দাউদ (তাহকীককৃত) হাদিস নম্বরঃ ৪৭০২

রাসূলুল্লাহ সা বলেছেনঃ মূসা (আ) বললেন, হে রব! যে আদম (আ) আমাদেরকে ও তাঁর নিজেকে জান্নাত থেকে বিতাড়িত করেছেন, তাঁকে আমি দেখতে চাই। অতঃপর মহান আল্লাহ তাঁকে আদম (আ)-কে দেখালেন। তিনি বললেন, আপনিই আমাদের পিতা আদম? আদম (আ) বললেন, হ্যাঁ। অতঃপর তিনি বললেন, আমাদেরকে ও আপনার নিজেকে জান্নাত থেকে বহিষ্কার করার জন্য আপনাকে কোন বস্তু উদ্বুদ্ধ করেছিল?

এবার তাঁকে আদম (আ) বললেন, তুমি কে? তিনি বললেন, আমি মূসা (আ)। তিনি বললেন, তুমি কি আল্লাহর কিতাবে দেখতে পাওনি যে, সেটি নির্ধারিত ছিলো আমাকে সৃষ্টি করার পূর্বেই? তিনি বললেন, হ্যাঁ। আদম (আ) বললেন, **যে বিষয়ে মহান আল্লাহর সিদ্ধান্ত আমার পূর্ব থেকেই লিপিবদ্ধ সে ব্যাপারে আমাকে কেন অভিযুক্ত করছো?** রাসূলুল্লাহ সা বলেনঃ সুতরাং এ বিতর্কে আদম (আ) মূসা (আঃ)-এর উপর জয়ী হলেন।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি.,হাদিস নম্বরঃ ৬৬৩৮

রাসূলুল্লাহ সা বলেছেনঃ আদম (আ) ও মূসা (আ) বাদানুবাদ করেন। তখন মূসা (আ) তাকে বললেন, আপনি তো সে আদাম (আ) যাকে তার ভুলে জান্নাত হতে বের করে দেয়া হয়েছে। এরপর আদম (আ) তাকে বললেন, **তুমি আমাকে তিরস্কার করছ, এমন একটি ব্যাপারে, যা আমার জন্মের আগে আমার উপর ভাগ্যলিপিতে নির্ধারিত হয়েছিল**। অতঃপর আদম (আ)- মূসা (আ) এর উপর জয়ী হলেন।

সহীহ মুসলিম (ইফা) ৬৫০১,৬৫০৩।

রাসূলুল্লাহ সা বলেছেনঃ ..... মূসা (আ) বললেন, **হে আদম! আপনি আমাদের বঞ্চিত করেছেন এবং জান্নাত থেকে আমাদের বের করে দিয়েছেন ! তখন আদম (আ) তাঁকে বললেন, আপনি কি এমন বিষয়ে আমাকে তিরস্কার করছেন যা আমার সৃষ্টির চল্লিশ বছর পূর্বে আল্লাহ তাআলা আমার জন্য নির্ধারণ করে রেখেছেন।** অতঃপর আদম (আ)- মূসা (আ) এর উপর তর্কে জয়ী হলেন।

৬৫০২। ..... আদম (আ) বললেন, **আপনি আমাকে এমন একটি ব্যাপারে ভৎসনা করেছেন, যা আমার সৃষ্টির পূর্বেই আমার উপর নির্ধারণ করা হয়েছে।**

৩৩৪০ হাশরের ময়দানে আদম (আ) তার ভুলের জন্য শাফায়াত করতে পারবেনা না।

৩৪০৯ রাসূল সা বলেছেনঃ আদম আ. ও মূসা আ. তর্ক-বিতর্ক করছিলেন। তখন মূসা (আ.) তাঁকে বলছিলেন, আপনি সেই আদম যে আপনার ভুল আপনাকে বেহেশত হতে বের করে দিয়েছিল।
আদম (আ.) তাঁকে বললেন, **আপনি আমাকে এমন বিষয়ে দোষী করছেন, যা আমার সৃষ্টির আগেই আমার জন্য নির্ধারিত হয়ে গিয়েছিল**।
রাসূল সা দুবার বলেছেন, এ বিতর্কে আদম আ., মূসা (আ.)-এর ওপর বিজয়ী হন।
৪৭৩৬ রাসূলুল্লাহ্ সা বলেনঃ মূসা আ. আদম আ.-কে বললেন, আপনি তো সে ব্যক্তি, মানব জাতিকে কষ্টের মধ্যে ফেলেছেন এবং তাদের জান্নাত থেকে বের করিয়েছেন? আদম আ. তাঁকে বললেন, আপনাকে আল্লাহ্ তাঁর রিসালাতের জন্য নির্বাচিত করেছেন, এবং আপনার ওপর তাওরাত অবতীর্ণ করেছেন? মূসা আ. বললেন, হ্যাঁ। আদম আ. বললেন, আপনি তাতে অবশ্যই পেয়েছেন যে, **আমার সৃষ্টির আগেই আল্লাহ্ তাআলা তা আমার জন্য লিখে রেখেছেন**। মূসা আ. বললেন, হ্যাঁ। রাসূলুল্লাহ্ সা বললেন, এভাবে আদম আ. মূসা (আ)-এর উপর জয়ী হলেন।

সুনান আবূ দাউদ ইসলামিক ফাউন্ডেশন পাব্লি., হাদিস নম্বরঃ ৪৫৩৭
আবদুল্লাহ ইবন জাররাহ (র)বলেনঃ আমি হাসান বসরী (র)-কে জিজ্ঞাসা করিঃ আদম (আ)-কে কি আসমানের জন্য সৃষ্টি করা হয়েছিল, না যমীনের জন্য? তিনি বলেনঃ 'তাকে যমীনের জন্য সৃষ্টি করা হয়েছিল।' আমি বললাম: যদি তিনি গুনাহ থেকে বেঁচে থাকতেন এবং নিষিদ্ধ বৃক্ষের ফল ভক্ষণ না করতেন? তিনি বলেনঃ -"**এ ছাড়া তার গত্যন্তর ছিল না, (কেননা, তাঁর তাকদীরে এরূপ লেখা ছিল)**"।
আমি বললাম: আপনি আমাকে এ আয়াত সম্পর্কে বলুনঃ-" শয়তান তোমাদের কাউকে গুমরাহ করতে পারে না, তবে তাকে, যে জাহান্নামের যাবে"। তিনি বললেনঃ **অবশ্যই শয়তান তার গুমরাহীতে কাউকে আবদ্ধ করতে পারে না, তবে তাকে, যার জন্য আল্লাহ জাহান্নাম অবধারিত করেছেন**।

সূনান আবু দাউদ (ইফা) ৪৫৩৯।
খালিদ (র) বলেনঃ আমি হাসান (র)-কে জিজ্ঞাসা করি, এ আয়াতের অর্থ কি? যেখানে বলা হয়েছেঃ শয়তান তোমাদের কাউকে গুমরাহ করতে পারে না, তবে যে জাহান্নামে যাবে তার কথা স্বতন্ত্র। তিনি বলেনঃ **অবশ্যই শয়তান তার গুমরাহীর ফাঁদে তাকেই আবদ্ধ করবে, যার জন্য আল্লাহ্ জাহান্নাম ওয়াজিব করেছেন**।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত) হাদিস নম্বরঃ ২১৫২, সহীহ মুসলিম ইসলামিক ফাউন্ডেশন পাব্লি., হাদিস নম্বরঃ ৬৫১৩, ৬৬৪৬
পরিচ্ছেদঃ বনী আদমের যিনা ইত্যাদির অংশ পূর্ব নির্ধারিত
নবী সা বলেছেনঃ আল্লাহ তাআলা প্রতিটি আদম সন্তানের মধ্যে যিনার একটি অংশ নির্ধারণ করে রেখেছেন, **যা সে অবশ্যই করবে**।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ৮৬।
পরিচ্ছেদঃ তাকদীরের প্রতি ঈমান
রসূলুল্লাহ সা বলেছেনঃ **আল্লাহ তা'আলা আদম সন্তানের জন্য তার ব্যভিচারের অংশ লিখে রেখেছেন, সে তা নিশ্চয়ই করবে**। চোখের ব্যভিচার হলো দেখা, জিহবার ব্যভিচার কথা বলা (যৌন উদ্দীপ্ত কথা বলা)। আর মন চায় ও আকাঙ্ক্ষা করে এবং গুপ্তাঙ্গ তাকে সত্য বা মিথ্যায় প্রতিপন্ন করে।
সহীহ মুসলিমের আরেক বর্ণনায় আছে, **আদম সন্তানের জন্য তাক্বদীরে যিনার অংশ যতটুকু নির্ধারণ করা হয়েছে, সে ততটুকু অবশ্যই পাবে**। দুই চোখের যিনা তাকানো, কানের যিনা যৌন উদ্দীপ্ত কথা শোনা, মুখের যিনা আবেগ উদ্দীপ্ত কথা বলা, হাতের যিনা (বেগানা নারীকে খারাপ উদ্দেশে) স্পর্শ করা আর পায়ের যিনা ব্যভিচারের উদ্দেশে অগ্রসর হওয়া এবং মনের যিনা হলো চাওয়া ও প্রত্যাশা করা। আর গুপ্তাঙ্গ তা সত্য বা মিথ্যায় প্রতিপন্ন করে।

সূনান তিরমিজী (ইফাঃ) ২১৫৮।

অধ্যায়ঃ তাকদীর

উম্মূল কিতাব কি তা জান? আমি বললামঃ আল্লাহ এবং তাঁর রাসূলই ভাল জানেন। তিনি বললেনঃ **এ হল একটি মহাগ্রন্থ, আকাশ সৃষ্টিরও পূর্বে এবং যমীন সৃষ্টিরও পূর্বে আল্লাহ তাআলা তা লিপিবদ্ধ করে রেখেছেন**। **এতে আছে ফির'আওন জাহান্নামীদের অন্তর্ভুক্ত, এতে আছে তাব্বাত ইয়াদা আবী লাহাবীও ওয়া তাব্বা(تَبَّتْ يَدَا أَبِي لَهَبٍ وَتَبَّ) আবূ লাহাবের দুটি হাত ধ্বংস হয়েছে আর ধ্বংস হয়েছে সে নিজেও**।

সহীহ বুখারী, তাওহীদ পাব্লি., হাদিস নম্বরঃ ৭৪৫৪, ৩২০৮, সহীহ বুখারী (ইফা) ৬৯৪৬

পরিচ্ছদঃ আল্লাহর বাণীঃ **আমার প্রেরিত বান্দাদের সম্পর্কে আমার এ কথা আগেই স্থির হয়ে গেছে**। (সূরাহ আস্ সাফফাত ৩৭/১৭১) রসূল সা বলেনঃ তোমাদের প্রত্যেকের সৃষ্টি হল এরূপ বীর্য থেকে যাকে মায়ের পেটে চল্লিশ দিনরাত একত্রিত রাখা হয়। তারপর অনুরূপ সময়ে আলাক হয়, তারপর অনুরূপ সময়ে গোশতপিন্ডে পরিণত হয়। তারপর আল্লাহ তা'আলা তার কাছে ফেরেশতা প্রেরণ করেন।। এই ফেরেশতাকে চারটি বিষয় সম্পর্কে লেখার করার জন্য হুকুম দেয়া হয়। যার ফলে ফেরেশেতা তার রিযক, **আমল**, আয়ু এবং **দুর্ভাগা কিংবা ভাগ্যবান হওয়া সম্পর্কে লিখে দেয়**। **তারপর তার মধ্যে প্রাণ সঞ্চার করা হয়**।

এজন্যই তোমাদের কেউ জান্নাতীদের আমল করে এতটুকু এগিয়ে যায় যে, **তার ও জান্নাতের মাঝে কেবল এক গজের দূরত্ব থাকতেই তার ওপর লিখিত তাকদীর প্রবল হয়ে যায়। তখন সে জাহান্নামীদের আমল করে। পরিশেষে সে জাহান্নামেই প্রবেশ করে**। আবার তোমাদের কেউ জাহান্নামীদের মত আমাল করে এমন পর্যায়ে পৌঁছে যে, তার ও জাহান্নামের মাঝে মাত্র এক গজের দূরত্ব থাকতে তার উপর তাকদীরের লেখা প্রবল হয়, ফলে সে জান্নাতীদের মত আমল করে, শেষে জান্নাতেই প্রবেশ করে।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬১৬

রাসূলুল্লাহ সা বর্ণনা করেন- নিশ্চয়ই তোমাদের মাঝ হতে কেউ জান্নাতীদের আমলের ন্যায় আমাল করতে থাকে। অবশেষে **তার ও জান্নাতের মধ্যে মাত্র একহাত দূরত্ব থাকে। অতঃপর ভাগ্যের লিখন তার উপর জয়ী হয়ে যায়। ফলে সে জাহান্নামীদের কর্ম শুরু করে**। এরপর সে জাহান্নামে নিক্ষিপ্ত হয়।

৩৪৭০ নবী সা বলেছেনঃ বনী ইসরাঈলের মাঝে এমন এক ব্যক্তি ছিল **যে, নিরানব্বইটি মানুষ হত্যা করেছিল**। অতঃপর বের হয়ে একজন পাদরীকে জিজ্ঞেস করল, আমার তওবা কবুল হবার আশা আছে কি? পাদরী বলল, না। **তখন সে পাদরীকেও হত্যা করল**।

অতঃপর পুনরায় সে জিজ্ঞাসাবাদ করতে লাগল। তখন এক ব্যক্তি তাকে বলল, তুমি অমুক স্থানে চলে যাও। সে রওয়ানা হল এবং পথিমধ্যে তার মৃত্যু এসে গেল। সে তার বক্ষদেশ দ্বারা সে স্থানটির দিকে ঘুরে গেল।

মৃত্যুর পর রহমত ও আযাবের ফেরেশতামন্ডলী তার রূহকে নিয়ে বাদানুবাদে লিপ্ত হলেন। আল্লাহ্ সামনের ভূমিকে আদেশ করলেন, তুমি মৃত ব্যক্তির নিকটবর্তী হয়ে যাও। এবং পশ্চাতে ফেলে আসা স্থানকে (যেখানে হত্যাকান্ড ঘটেছিল) আদেশ দিলেন, তুমি দূরে সরে যাও।

অতঃপর ফেরেশতাদের উভয় দলকে নির্দেশ দিলেন— তোমরা এখান থেকে উভয় দিকের দূরত্ব পরিমাপ কর। পরিমাপ করা হল, দেখা গেল যে, মৃত লোকটি সামনের দিকে এক বিঘত বেশি এগিয়ে আছে। কাজেই তাকে ক্ষমা করা হল।

রিয়াযুস স্বা-লিহীন

পরিচ্ছেদঃ তওবার বিবরণ

৮/২১। রাসুলুল্লাহ সা বলেছেনঃ বনী ইসরাঈলের যুগে একটি লোক ছিল যে, **নিরানব্বইটি মানুষ হত্যা করেছিল**। অতঃপর সে একটি খ্রিষ্টান সন্নাসীর কাছে এসে বলল, সে ৯৯ জন মানুষকে হত্যা করেছে। এখন কি তার তওবার কোন সুযোগ আছে? উনি বলল, 'না'। **সে ক্রোধান্বিত হয়ে তাকেও হত্যা করে একশত পূরণ করে দিল**। সে লোকদেরকে পৃথিবীর সবচেয়ে বড় আলেম সম্পর্কে জিজ্ঞাসা করল। তাকে এক আলেমের খোঁজ দেওয়া হল। সে তার নিকট এসে বলল যে, সে একশত মানুষ খুন করেছে। সুতরাং তার কি তওবার কোন সুযোগ আছে? উনি বলল, 'হ্যাঁ আছে! তার ও তওবার মধ্যে কে বাধা সৃষ্টি করবে? তুমি অমুক দেশে চলে যাও। সেখানে কিছু এমন লোক আছে যারা আল্লাহর ইবাদত করে। তুমিও তাদের সাথে আল্লাহর ইবাদত কর।

সুতরাং সে ব্যক্তি ঐ দেশ অভিমুখে যাত্রা করল। যখন সে মধ্য রাস্তায় পৌঁছল, তখন তার মৃত্যু এসে গেল। তার আত্মা নেয়ার জন্য রহমত ও আযাবের উভয় প্রকার ফিরিশ্তা উপস্থিত হলেন। **ফিরিশ্তাদের মধ্যে তর্ক-বিতর্ক আরম্ভ হল**। রহমতের ফিরিশ্তাগণ বললেন, 'এই ব্যক্তি তওবা করে এসেছিল এবং পূর্ণ আন্তরিকতার সাথে আল্লাহর দিকে তার আগমন ঘটেছে।' আর **আযাবের ফিরিশ্তারা বললেন, 'এ এখনো ভাল কাজ করেনি এই জন্য সে শাস্তির উপযুক্ত**।' এরপর ফায়সালা হল, 'তোমরা দূরত্ব মেপে দেখ। সে যে এলাকা থেকে এসেছে সেখান থেকে এই স্থানের দূরত্ব এবং যে দেশে যাচ্ছিল তার দূরত্ব, এই দুয়ের মধ্যে সে যার দিকে বেশী নিকটবর্তী হবে, সে তারই অন্তর্ভুক্ত হবে।' অতএব তাঁরা

দূরত্ব মাপলেন এবং **যে দেশে সে যাওয়ার ইচ্ছা করেছিল, সেই ভালো দেশকে বেশী নিকটবর্তী পেলেন। সুতরাং রহমতের ফিরিশতাগণ তার জান কবয করলেন।**

মূলত আল্লাহ তাআলা যেখান থেকে সে আসছিল সে দেশকে আদেশ করলেন যে, তুমি দূরে সরে যাও এবং এই সৎশীলদের দেশকে আদেশ করলেন যে, তুমি নিকটবর্তী হয়ে যাও। অতঃপর বললেন, 'তোমরা এ দু'য়ের দূরত্ব মাপ।' সুতরাং তাকে সৎশীলদের দেশের দিকে এক বিঘত বেশী নিকটবর্তী পেলেন। যার ফলে তাকে ক্ষমা করে দেওয়া হল।

সহীহ মুসলিম (ইফা)

৬৭৫২। ..... যখন তার মৃত্যু এল, তখন সে বুকের উপর ভর দিয়ে (কিছু এগিয়ে) গেল।


কুরআন, সূরা আন'আম, আয়াত ১২৫।

আল্লাহ যাকে পথ প্রদর্শন করতে চান, তার বক্ষকে ইসলামের জন্যে উম্মুক্ত করে দেন এবং যাকে বিপথগামী করতে চান, তার বক্ষকে অত্যধিক সংকীর্ণ করে দেন।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত) হাদিস নম্বরঃ ৪৭০৩, মিশকাতুল মাসাবীহ(মিশকাত) হাদিস একাডেমি পাব্লি., হাদিস নম্বরঃ ৯৫, মুয়াত্ত্বা মালিক ১৩৯৫, তিরমিযী ৩০০১; আবূ দাউদ(ইফা)৪৬৩০,

রাসূলুল্লাহ সা বলেনঃ-"মহান আল্লাহ আদম (আঃ)-কে সৃষ্টি করার পর স্বীয় ডান হাতে তাঁর পিঠ বুলিয়ে তা থেকে তাঁর একদল সন্তান বের করে বললেন, **আমি এদেরকে জান্নাতের জন্য সৃষ্টি করেছি এবং এরা জান্নাতবাসীর উপযোগী কাজই করবে।** অতঃপর আবার তাঁর পিঠে হাত বুলিয়ে একদল সন্তান বেরিয়ে এনে বললেন, এদেরকে **আমি জাহান্নামের জন্য সৃষ্টি করেছি এবং জাহান্নামীদের উপযোগী কাজই করবে।**" একথা শুনে এক ব্যক্তি বললো, হে আল্লাহর রাসূল! তাহলে আমলের কি মূল্য রইলো?

রাসূলুল্লাহ সা বললেন,- "মহান **আল্লাহ যখন কোনো বান্দাকে জান্নাতের জন্য সৃষ্টি করেন তখন তার দ্বারা জান্নাতবাসীদের কাজই করিয়ে নেন। শেষে সে জান্নাতীদের কাজ করেই মারা যায়। আর আল্লাহ এর বিনিময়ে তাকে জান্নাতে প্রবেশ করান।** আর যখন আল্লাহ কোনো বান্দাকে জাহান্নামের জন্য সৃষ্টি করেন, তখন তার দ্বারা জাহান্নামীদের কাজই করিয়ে নেন। **অবশেষে সে জাহান্নামীদের কাজ করে মারা যায়। অতঃপর এজন্য তিনি তাকে জাহান্নামে প্রবেশ করান**"।



৮০ তাহক্বীক্ব মিশকা-তুল মাসা-বীহ

৯৫। মুসলিম ইবনু ইয়াসার (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, 'উমার ইবনুল খাত্ত্বাব (রাযিয়াল্লাহু আনহু)-কে কুরআনের এ আয়াত সম্পর্কে জিজ্ঞেস করা হল : "(হে মুহাম্মাদ!) আপনার রব যখন আদাম সন্তানদের পিঠ থেকে তাদের সব সন্তানদেরকে বের করলেন" (সূরাহ্ আল আ'রাফ৭ : ১৭২) (...আয়াতের শেষ পর্যন্ত)। 'উমার (রাযিয়াল্লাহু আনহু) বললেন, আমি শুনেছি রসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-কে এ ব্যাপারে জিজ্ঞেস করা হয় এবং তিনি জবাবে বলেন, আল্লাহ তা'আলা আদাম (আলায়হিস সালাম)-কে সৃষ্টি করলেন। অতঃপর আপন ডান হাত তাঁর পিঠ বুলালেন। আর সেখান থেকে তাঁর (ভবিষ্যতের) একদল সন্তান বের করলেন। অতঃপর বললেন, এসবকে আমি জান্নাতের জন্য সৃষ্টি করেছি, তারা জান্নাতীদের কাজই করবে। আবার আদামের পিঠে হাত বুলালেন এবং সেখান থেকে (অপর) একদল সন্তান বের করলেন এবং বললেন, এদেরকে আমি জাহান্নামের জন্য সৃষ্টি করেছি এবং তারা জাহান্নামীদেরই 'আমাল করবে। একজন সহাবী জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! তাহলে 'আমালের আর আবশ্যকতা কি? উত্তরে রসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, যখন আল্লাহ কোন বান্দাকে জান্নাতের জন্য সৃষ্টি করেন, তার দ্বারা জান্নাতীদের কাজই করিয়ে নেন। শেষ পর্যন্ত সে জান্নাতীদের কাজ করেই মৃত্যুবরণ করে এবং আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করান। এভাবে আল্লাহ তাঁর কোন বান্দাকে জাহান্নামের জন্য সৃষ্টি করেন, তার দ্বারা জাহান্নামীদের কাজই করিয়ে নেন। পরিশেষে সে জাহান্নামীদের কাজ করেই মৃত্যুবরণ করে, আর এ কারণে আল্লাহ তাকে জাহান্নামে দাখিল করেন।[১১৪]

ব্যাখ্যা : উল্লিখিত হাদীসখানা আবূ দাউদ এবং তিরমিযী থেকে সংকলিত, যেখানে সুস্পষ্ট যে, শুধু 'আমালের দ্বারা জান্নাত বা জাহান্নামে কেউ যাবে না বরং আল্লাহ তা'আলার নির্ধারিত বিষয় 'তাক্বদীর' এখানে বিশেষভাবে কার্যকর। অতএব, যার তাক্বদীরে যা লিখা আছে সে তারই হকদার হবে।

মুয়াত্তা মালিক (ইসলামিক ফাউন্ডেশন), রেওয়ায়েত ২।

উমর (রা)-এর নিকট (وَإِذْ أَخَذَ رَبُّكَ) (সূরা আ'রাফঃ ১৭২) আয়াত সম্বন্ধে প্রশ্ন করা হইল। তিনি বলিলেন, আমি শুনিয়াছি, রাসূলুল্লাহ সা এর নিকট এই বিষয়ে প্রশ্ন করা হইয়াছিল। তিনি বলিয়াছিলেন, আল্লাহ তাআলা আদম (আ)-কে সৃষ্টি করিলেন এবং তাহার পৃষ্ঠে স্বীয় দক্ষিণ হস্ত দ্বারা মাসেহ করিলেন, অতঃপর **আদমের পৃষ্ঠদেশ হইতে তাহার সন্তানদেরকে বাহির করিলেন এবং বলিলেন, আমি ইহাদেরকে বেহেশতের জন্য সৃষ্টি করিয়াছি। ইহারা বেহেশতের কাজ করবে**। অতঃপর **পুনরায় তাহার পৃষ্ঠদেশে স্বীয় দক্ষিণ হস্ত বুলাইলেন এবং তাহার আর কিছু সংখ্যক সন্তান বাহির করিলেন এবং বলিলেন, আমি ইহাদেরকে দোযখের জন্য সৃষ্টি করিয়াছি। ইহারা দোযখের কাজ করবে**। এক ব্যক্তি বলিয়া উঠিল, ইয়া রাসূলাল্লাহ! তাহা হইলে আমল করায় লাভ কি? রাসূলুল্লাহ সা বললেন, আল্লাহু পাক যখন কোন বান্দাকে বেহেশতের জন্য সৃষ্টি করেন, তখন তাহার দ্বারা বেহেশতীদের কাজ করান অথবা মৃত্যুর সময়েও সে নেক কাজ করিয়া মৃত্যুবরণ করে, তখন আল্লাহ তা'আলা তাহাকে বেহেশতে প্রবেশ করাইয়া থাকেন। **আর যখন কোন বান্দাকে দোযখের জন্য সৃষ্টি করেন তখন তাহার দ্বারা দোযখীদের কাজ করাইয়া থাকেন। অতঃপর মৃত্যুর সময়েও তাহাকে খারাপ কাজ করিয়েই মৃত্যুবরণ করান**। আর আল্লাহ তখন তাহাকে দোযখে প্রবেশ করাইয়া থাকেন।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)

২১৪০। রাসূলুল্লাহ সা বললেনঃ **আল্লাহ তা'আলার আঙ্গুলসমূহের মধ্যকার দুটি আঙ্গুলের মাঝে সমস্ত অন্তরই অবস্থিত। তিনি যেভাবে ইচ্ছা তা পরিবর্তন করেন।**

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ৮২।

পরিচ্ছদঃ তাক্বদীরের প্রতি ঈমান

রাসূলুল্লাহ সা বলেছেনঃ তোমাদের প্রত্যেকেরই জন্ম হয় এভাবে যে, তার মায়ের পেটে শুক্ররূপে চল্লিশ দিন পর্যন্ত থাকে। অতঃপর তা চল্লিশ দিন পর্যন্ত **লাল জমাট রক্তপিন্ডরূপ** ধারণ করে। তারপর পরবর্তী চল্লিশ দিনে মাংসপিন্ডর রূপ ধারণ করে। অতঃপর আল্লাহ তা'আলা একজন ফেরেশতাকে চারটি বিষয় লিখে দেয়ার জন্য পাঠান। ফেরেশতা লিখে তার- (১) 'আমাল (সে কি কি 'আমাল করবে), (২) তার মৃত্যু, (৩) তার রিযিক ও (৪) তার নেককার বা দুর্ভাগা হওয়ার বিষয়, আল্লাহর হুকুমে তার তাক্বদীরে লিখে দেন, **তারপর তন্মধ্যে রূহ্ প্রবেশ করান**। অতঃপর সে সত্তার কসম, যিনি ব্যতীত প্রকৃত আর কোন ইলাহ নেই! তোমাদের মধ্যে কেউ জান্নাতবাসীদের 'আমাল করতে থাকে, এমনকি তার ও জান্নাতের মধ্যে মাত্র এক হাত দূরত্ব থাকে, এমন সময় **তার প্রতি তাক্বদীরের লিখা তার সামনে আসে। আর তখন সে জাহান্নামীদের কাজ করতে থাকে** এবং জাহান্নামে প্রবেশ করে। তোমাদের কোন ব্যক্তি জাহান্নামীদের মতো আমাল করতে শুরু করে, এমনকি তার ও জাহান্নামের মধ্যে এক হাত দূরত্ব অবশিষ্ট থাকে। এমন সময় তার প্রতি সে লেখা (তাক্বদীর) সামনে আসে, তখন সে জান্নাতীদের কাজ করতে শুরু করে, ফলে সে জান্নাতে প্রবেশ করে।

৬৬০৭ নবী সা বলেনঃ নিশ্চয় **কোন বান্দা জাহান্নামীদের আমল করে, কিন্তু আসলে সে জান্নাতী। আর কোন বান্দা জান্নাতের অধিবাসীর আমল করে কিন্তু আসলে সে জাহান্নামী।**

19. সুনানে ইবনে মাজাহ হাদিস নাম্বার:৭/৮২। কুতুবুত সিত্তাহ: মুসলিম ২৬৬২/১-২, নাসায়ী ১৯৪৭, আবূ দাউদ ৪৭১৩, আহমাদ ২৩৬১২, ২৫২১৪

রাসূলুল্লাহ্ সা বলেনঃ নিশ্চয় আল্লাহ তাআলা একদল লোককে জান্নাতের জন্য সৃষ্টি করেছেন। তারা তাদের পিতাদের মেরুদন্ডে অবচেতন থাকতেই তিনি তাদেরকে জান্নাতের জন্য সৃষ্টি করেছেন। তিনি জাহান্নামের জন্যও একদল সৃষ্টি করেছেন। **তারা তাদের পিতাদের মেরুদন্ডে অবচেতন থাকতেই তিনি তাদের জাহান্নামের জন্য সৃষ্টি করেছেন।**

সুনান আবূ দাউদ (তাহকিককৃত) ৪৭১৩।

আয়িশা (রা) বলেন, একদা নবী সা এর নিকট জানাযার সালাতের জন্য এক আনসারী বালকের লাশ আনা হলো। আয়িশা (রা) বলেন, তখন আমি বললাম, হে আল্লাহর রাসূল! এর কি সৌভাগ্য সে কোনো গুনাহ করেনি এবং তার বয়সও পায়নি। তিনি বললেন, হে আয়িশাহ! এর বিপরীত কি করে হতে পারে! মহান আল্লাহ জান্নাত ও তার অধিবাসীদেরকে সৃষ্টি করেছেন এবং **তা যখন তাদের জন্য সৃষ্টি করেছেন, তখন তারা তাদের পিতাদের মেরুদন্ডে(অবচেতন) ছিলো। আবার তিনি জাহান্নাম ও তার জন্য একদল ভুক্তভোগী সৃষ্টি করেছেন** এবং **তা তাদের জন্য যখন তিনি সৃষ্টি করেছেন তখন তারা তাদের পিতাদের মেরুদন্ডে(অবচেতন) ছিলো**।

ইমাম মালিক ইব্‌নে আনাস (র) বর্ণনা করেন যে, মুসলিম ইব্‌নে য়াসার (র) বলেন, উমর ইব্‌নে খাত্তাব (রা)-কে وَإِذْ أَخَذَ رَبُّكَ الخ এ আয়াত সম্পর্কে জিজ্ঞাসা করা হলো, তিনি বললেন, এ আয়াত সম্পর্কিত এক প্রশ্নের জবাবে আমি রাসূলুল্লাহ (সা)-কে বলতে শুনেছি যে, তিনি বলেন ঃ আল্লাহ তা'আলা আদম (আ)-কে সৃষ্টি করে তাঁর পিঠে নিজের ডান হাত বুলিয়ে তাঁর সন্তানদের একদল বের করে এনে বললেন, এদেরকে আমি জান্নাতের জন্য সৃষ্টি করলাম। এরা জান্নাতীদের আমলই করবে। তারপর পুনরায় হাত বুলিয়ে আরেক দল সন্তানকে বের করে এনে বললেন, এদের আমি জাহান্নামের জন্য সৃষ্টি করেছি। এরা জাহান্নামীদেরই আমল করবে। এ কথা শুনে এক ব্যক্তি জিজ্ঞাসা করলেন, হে আল্লাহর রাসূল! তাহলে আমল করার প্রয়োজন কি? জবাবে রাসূলুল্লাহ (সা) বললেন, "আল্লাহ যাকে জান্নাতের জন্য সৃষ্টি করেন, তার থেকে তিনি জান্নাতীদেরই আমল করান। আমৃত্যু জান্নাতীদের আমল করতে করতেই শেষ পর্যন্ত সে জান্নাতে চলে যাবে। পক্ষান্তরে যাকে তিনি জাহান্নামের জন্য সৃষ্টি করেন; তার দ্বারা তিনি জাহান্নামীদের আমলই করান। আমৃত্যু জাহান্নামীদের আমল করতে করতেই শেষ পর্যন্ত সে জাহান্নামে পৌঁছে যাবে।"

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬১৮, ৬৬২১

নবী সা বলেন- জরায়ুতে ৪০-৪৫ দিন রেণু জমা থাকার পর সেখানে ফেরেশতা গমন করে। অতঃপর সে বলতে থাকে, হে আমার প্রভু! সে কি হতভাগ্য না সৌভাগ্যবান? তখন তা লিপিবদ্ধ করা হয় এবং আল্লাহ তাআলা তাকে হতভাগ্যবান অথবা সৌভাগ্যবান বানিয়ে দেন।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬১৯

ইবনু মাসউদ (রাযিঃ) বলেন, দুর্ভাগা সে লোক, যে তার মায়ের গর্ভ হতে দুর্ভাগা। একথা শুনে এক ব্যক্তি রাসূল সা এর সাহাবী হুযাইফাহ (রাযিঃ) এর কাছে আসলেন। তখন তিনি তার নিকট আবদুল্লাহ ইবনু মাসউদ (রাযিঃ) এর কথা বর্ণনা করলেন এবং বললেন,- **আমলহীন কোন লোক কিভাবে দুর্ভাগ্যবান হতে পারে**? অতঃপর হুযাইফাহ্ (রাযিঃ)তাকে বললেন,"তুমি কি এতে আশ্চর্য হচ্ছো"? আমি রাসূলুল্লাহ সা কে একথা বলতে শুনেছি।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ১১১।

আয়িশা (রা) বলেন, আমি রসূলুল্লাহ সা কে জিজ্ঞেস করলাম, মুমিনদের নাবালেগ বাচ্চাদের জান্নাত-জাহান্নাম সংক্রান্ত ব্যাপারে কী হুকুম? তিনি উত্তরে বললেন, তারা বাপ-দাদার অনুসারী হবে। আমি বললাম, কোন নেক আমল ছাড়াই? তিনি বললেন, আল্লাহ অনেক ভালো জানেন, তারা জীবিত থাকলে কী আমল করতো। আমি আবার জিজ্ঞেস করলাম, **আচ্ছা মুশরিকদের নাবালেগ বাচ্চাদের কী হুকুম? তিনি বললেন, তারাও তাদের বাপ-দাদার অনুসারী হবে**। অবাক দৃষ্টিতে আমি জিজ্ঞেস করলাম, কোন বদ আমল ছাড়াই? উত্তরে তিনি বললেন, সে বাচ্চাগুলো বেঁচে থাকলে কী আমল করত, আল্লাহই ভালো জানেন।

সূনান আবু দাউদ ইফা, হাদিস নম্বরঃ ৪৬৪২

পরিচ্ছেদঃ ১৮. **মুশরিকদের সন্তান-সন্ততি সম্পর্কে**।

রাসূলুল্লাহ সা বলেছেনঃ **জীবন্ত পুঁতে ফেলা শিশুকন্যা এবং তার মা- উভয়ই জাহান্নামী**।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ১১৯

১১৯-[৪১] আবুদ্ দারদা (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ সৃষ্টির প্রাক্কালে আল্লাহ তা'আলা যখন আদম (আঃ)-কে সৃষ্টি করলেন তখন তাঁর ডান কাঁধের উপর তাঁর হাত মারলেন। এতে ক্ষুদ্র পিঁপড়ার দলের ন্যায় সুন্দর ঝকঝকে একদল আদম সন্তান বেরিয়ে আসলো। তিনি আবার তাঁর বাম কাঁধের উপর হাত মারলেন এবং কয়লার ন্যায় কালো অপর একদল আদম সন্তান বেরিয়ে আসলো। তারপর আল্লাহ তা'আলা আদম (আঃ)-এর ডান দিকের সন্তানদের ইঙ্গিত করে বললেন, এ দল জান্নাতী। এতে আমি কারো পরোয়া করি না। অতঃপর আবার তিনি বাম দিকের আদম সন্তানদের দিকে ইঙ্গিত করে বললেন, এ দল জাহান্নামী। এ সম্পর্কেও আমি কারো কোন পরোয়া করি না। (আহমাদ)[1]

↥

আব্দুল্লাহ্ ইব্‌ন আহমদ (র) ..... আলী (রা) হইতে বর্ণনা করেন। আলী (রা) বলেন ঃ হযরত খাদীজা (রা) একদিন জাহেলিয়াতের যুগে মৃত্যুপ্রাপ্ত তাহার দুই ছেলের পরিণাম সম্পর্কে রাসূলুল্লাহ্ (সা)-কে জিজ্ঞাসা করিলে উত্তরে আল্লাহ্‌র রাসূল (সা) বলিলেন ঃ "তাহারা জাহান্নামী।" এই উত্তর শুনার পর হযরত খাদীজা (রা)-এর মুখ মলিন হইয়া যায়। হুযূর (সা) উহা অনুভব করিয়া বলিলেন, "খাদীজা! তুমি যদি তাহাদের অবস্থান দেখিতে পাইতে তাহা হইলে অবশ্যই তুমি তাহাদিগকে ঘৃণা করিতে।" অতঃপর হযরত খাদীজা (রা) জিজ্ঞাসা করিলেন, আচ্ছা আপনার ঔরসে আমার যে সন্তানদি হইয়াছেন তাহাদের পরিণাম কি হইবে? উত্তরে আল্লাহ্‌র রাসূল (সা) বলিলেন, তাহারা জান্নাতে প্রবেশ করিবে। বর্ণনাকারী বলেন, অতঃপর রাসূল (সা) বলিলেন ঃ ঈমানদার মাতা-পিতা এবং তাঁহাদের সন্তান-সন্ততি জান্নাতে প্রবেশ করিবে আর মুশরিক মাতা-পিতা ও তাহাদের সন্তান-সন্ততি জাহান্নামে প্রবেশ করিবে।" অতঃপর রাসূলুল্লাহ্ (সা) ..... وَالَّذِيْنَ اٰمَنُوْا এই আয়াতটি তিলাওয়াত করেন।

ইবনে কাছীর ১০ম খণ্ড—৬২

সহীহ মুসলিম, হাদীস ৭৯০

রাসূল (সা) বলেছেনঃ কারোর জন্য এমন বলা খুবই নিকৃষ্ট যে, আমি অমুক অমুক সূরা এবং অমুক অমুক আয়াত ভুলে গিয়েছি ; বরং সে বলবেঃ আমাকে ভুলিয়ে দেয়া হয়েছে।

আবু দাউদ (তাহকীককৃত) হাদিস নম্বরঃ ৪৭০৬, ৪৭০৭

রাসূলুল্লাহ সা বলেনঃ খিযির (আ) এক কিশোরকে বালকদের সঙ্গে খেলাধূলারত দেখতে পেলেন। অতঃপর তিনি তার মাথা ধরে তাকে হত্যা করলেন। তখন মূসা (আ) বললেনঃ 'আপনি এক নিষ্পাপ জীবন হত্যা করলেন...'' (সূরা কাহফঃ ৭৪)। উবাই ইবনু কাব (রাঃ) বলেন, আমি রাসুলুল্লাহ সা কে আল্লাহর এ বাণী সম্পর্কে বলতে শুনেছিঃ **যেদিন মোহর মারা হয়েছিল সেদিন তাকে কাফির হিসেবেই সীলমোহর মারা হয়েছিল**।

সহীহ মুসলিম হাদিস একাডেমী পাব্লি., হাদিস নম্বরঃ ৬৬৫৯

রসূলুল্লাহ সা বলেনঃ নিশ্চয়ই যে ছেলেটিকে খিযির (আ) আল্লাহর আদেশে হত্যা করেছিলেন তাকে কাফিরের স্বভাব দিয়েই সৃষ্টি করা হয়েছিল। **যদি সে জীবিত থাকত তাহলে সে অবাধ্যতা ও কুফরী করত**।

তাকদীরে জাহান্নামী লেখা আছে দেখে নিরপরাধ এক শিশুকে জবাই করার ঘটনা

৪৭২৬ রাসূলুল্লাহ্ সা বলেন, খাযির (আ) **বালকদের খেলাধূলা করতে দেখতে পেলেন। তিনি একটি বুদ্ধিমান কাফের বালককে ধরলেন এবং তাকে পার্শ্বে শুইয়ে জবাই করে ফেললেন**। মূসা (আ.) বললেন, ''আপনি কি এক নিষ্পাপ জীবন নাশ করলেন জীবনের বদলা অপরাধ ব্যতীতই? সে তো কোন গুনাহর কাজ করেনি!''। খিযির (আ) বলেন- বালকটি ছিল কাফের। আমি শংকা করলাম যে, সে অবাধ্য আচরণ ও কুফরী করে তাদের জ্বালাতন করবে। অর্থাৎ তারা তার প্রতি মহব্বতের কারণে বালকটির ধর্মের অনুসারী হয়ে যাবে।

সূরা কাহফঃ৮০- আর বালকটির বিষয় হল, তার পিতা-মাতা ছিল মুমিন। অতঃপর আমি আশংকা* করলাম যে, সে সীমালংঘন ও কুফরী দ্বারা তাদেরকে অতিষ্ঠ করে তুলবে'। * তাঁর আশংকা নিছক ধারণা ভিত্তিক ছিল না, বরং আল্লাহর পক্ষ থেকে তিনি নিশ্চিত জানতে পেরেছিলেন।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী), ৬৬৫৯।

পরিচ্ছেদঃ তাকদীরের প্রতি ঈমান

রসূলুল্লাহ সা বলেছেনঃ নিশ্চয়ই যে ছেলেটিকে খাযির (আ) আল্লাহর আদেশে হত্যা করেছিলেন **তাকে কাফিরের স্বভাব দিয়েই সৃষ্টি করা হয়েছিল**।

সহীহ মুসলিম (ইফা) ৫৯৪৯।

রাসূলুল্লাহ সা বলেন- **বালকটি সৃষ্টিতেই ছিল জন্মগত কাফির**।

↥

৭২৩৬ রাসূলুল্লাহ সা বলেন- হে আল্লাহ্! **আপনি যদি না করতেন তাহলে আমরা হিদায়াত পেতাম না এবং আমরা দান-সাদাকা করতাম না, আর আমরা সালাতও পড়তাম না**।

১১৪৯ বিলাল (রা) রাসূল সা কে বললেন, আমি সালাত আদায় করেছি, যে পরিমাণ সালাত আদায় করা আমার তাকদীরে লেখা ছিল।

সহীহ মুসলিম (ইফা) ৬৭৫৫।
পরিচ্ছেদঃ **হত্যাকারীর তাওবা আল্লাহর দরবারে গ্রহণযোগ্য; যদিও সে বহু হত্যা করে থাকে**
আবূ বকর ইবনু আবূ শায়বা (রহঃ) ... আবূ মূসা (রাঃ) থেকে বর্ণিত। রাসুলুল্লাহ সা বলেছেনঃ কিয়ামত দিবসে আল্লাহ তাআলা প্রত্যেক মুসলমানকে এক এক জন খ্রীষ্টান বা ইয়াহুদী দিয়ে বলবেন, এ হচ্ছে তোমার জন্য জাহান্নামের আগুন হতে মুক্তিপণ।

৪৮৯০ উমার (রা) বললেন, হে আল্লাহর রাসূল! আমাকে অনুমতি দিন এক্ষুণি আমি তাঁর গর্দান উড়িয়ে দেই। নবী সা বললেন, সে বদর যুদ্ধে অংশগ্রহণ করেছে। তুমি কি জান না, আল্লাহ্ অবশ্যই বদরে অংশগ্রহণকারীদের প্রতি লক্ষ্য করে বলেছেনঃ ”তোমরা যা চাও কর, আমি তোমাদেরকে ক্ষমা করে দিয়েছি।”

৬২৫৯ উমার (রা) বললেন, আমাকে ছেড়ে দিন আমি তাঁর গর্দান উড়িয়ে দেই। নবী সা বললেনঃ হে উমার! তোমার কি জানা নেই যে, নিশ্চয়ই আল্লাহ তাআলা বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের সম্পর্কে জ্ঞাত আছেন এবং ঘোষণা করেছেন যে, **তোমরা যা ইচ্ছে- করতে পারো। নিশ্চয়ই তোমাদের জন্য জান্নাত নির্ধারিত হয়ে আছে**।

৬২৪৩ নবী সা বলেছেনঃ **নিশ্চয়ই আল্লাহ তাআলা বানী আদমের জন্য যিনার একটা অংশ নির্ধারিত রেখেছেন। সে তাতে অবশ্যই জড়িত হবে। যেমন চোখের যিনা, জিহবার যিনা, ইত্যাদি**।

৬১৭৩ উমার (রা) একদল সাহাবীসহ রাসূলুল্লাহ সা এর সঙ্গে- ইবনু সাইয়্যাদের নিকট গমন করেন। তাঁরা সেখানে গিয়ে তাকে বালকদের খেলায় মগ্ন পেলেন। তখন সে বালেগ হবার নিকটবর্তী বয়সে পৌঁছেছে। **সে নবী সা এর আগমন টের পেলনা যতক্ষণ না নবী সা তাঁর হাত দিয়ে তার পিঠে মারলেন।** তারপর তিনি বললেনঃ তুমি কি সাক্ষ্য দাও যে, আমিই আল্লাহর রাসূল! তখন সে নবী সা এর দিকে তাকিয়ে বললোঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি উম্মী সম্প্রদায়ের রাসূল। এরপর সে(ইবনু সাইয়্যাদকে), নবী সা কে বললঃ আপনি কি সাক্ষ্য দিচ্ছেন যে, আমিই আল্লাহর রাসূল? **রাসূলুল্লাহ সা তাকে ধাক্কা মেরে বললেনঃ** আমি আল্লাহ ও তাঁর রাসূলদের উপর ঈমান রাখি।
তারপর সে বললঃ আমার নিকট সত্যবাদী ও মিথ্যাচারী উভয়ই আসে। রাসূলুল্লাহ সা বললেনঃ বিষয়টি তোমার উপর এলোমেলো করে দেয়া হয়েছে। আমি তোমার জন্য কিছু গোপন রাখছি। সে বললঃ তা ‘দু:খ’। তখন নবী সা বললেনঃ **‘দূর হও’। তুমি কখনো তোমার ভাগ্যকে অতিক্রম করতে পারবে না**।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ২৩২৮। পরিচ্ছেদঃ ক্ষমা ও তাওবা
রসূলুল্লাহ সা বলেছেনঃ আল্লাহর কসম! **যদি তোমরা গুনাহ না করতে, তাহলে আল্লাহ তা‘আলা তোমাদেরকে সরিয়ে এমন জাতিকে সৃষ্টি করতেন যারা গুনাহ করতো ও আল্লাহ তা‘আলার কাছে ক্ষমা চাইত**।

মুসনাদে আহমদ
রাসূলুল্লাহ সা বলেছেন, **তুমি যদি কোনো কষ্টের সম্মুখীন হও তবে এইরূপ বলিও না যে আমি যদি এ কাজ করতাম তাহলে এই হত; বরং বল যে, ‘এটা আল্লাহর নির্ধারণ, আর তিনি যা চেয়েছেন তাই করেছেন’**।

সুনান আত তিরমিজী (ইফা), আরো ডিটেইলস পড়ুনঃ https://www.hadithbd.com/hadith/link/?id=41843
৩৩৮৮। উছমান (রা) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সা বলেছেনঃ **প্রতিদিন সকালে ও সন্ধায় যে বান্দা তিনবার এ দু’আ পাঠ করবে কিছুই তার অনিষ্ট করতে পারবে নাঃ** بِسْمِ اللهِ الَّذِي لاَ يَضُرُّ مَعَ اسْمِهِ شَيْءٌ فِي الأَرْضِ وَلاَ فِي السَّمَاءِ وَهُوَ السَّمِيعُ الْعَلِيمُ (অর্থঃ আল্লাহর নাম নিচ্ছি। যমিন ও আসমানের কোন কিছুই যাঁর নামের বরকতের ক্ষতি সাধন করতে পারে না।)

এ হাদীসের বর্ণনাকারী অর্ধাঙ্গে আক্রান্ত হয়েছিলেন। হাদীসশ্রোতা ব্যক্তি তার দিকে তাকাচ্ছিল। তিনি তাকে বললেনঃ কি দেখছ? তোমাকে যেমন বর্ণনা করছি, হাদীসটি তদ্রুপই। তবে **তাকদীরের ফয়সালা যাতে আমার উপর জারী হয় সেজন্য দুআটি আমি একদিন পাঠ করিনি**।

মুসনাদে আহমদ
রাসূলুল্লাহ সা বলেছেন, **যে বিপদ তোমাকে আক্রমণ করেছে তা তোমাকে ভুল করে অতিক্রম করে চলে যাবার নয়। আর যে বিপদ তোমাকে আক্রমণ করেনি তা তোমাকে স্পর্শ করার ছিল না**।

তিরমিযী ২৫১৬

রসূলুল্লাহ সা বলেছেনঃ যদি সমগ্র উম্মত তোমার উপকার করার জন্য একত্রিত হয়ে যায়, তবে ততটুকুই উপকার করতে পারবে, যতটুকু আল্লাহ তোমার তাকদীরে লিখে রেখেছেন। আর তারা যদি তোমার ক্ষতি করার জন্য একত্রিত হয়ে যায়, তবে ততটুকুই ক্ষতি করতে পারবে যতটুকু আল্লাহ তোমার তাকদীরে লিখে রেখেছেন। কলমসমূহ উঠিয়ে নেওয়া হয়েছে এবং খাতাসমূহ (তাকদীরের লিপি) শুকিয়ে গেছে।"

আপনি চুরি করবেন এটা আল্লাহ আগে থেকে জানেন বলেই তাকদীরে লিখে রেখেছেন ? আপনি করবেন বলে লিখে রেখেছেন নাকি লিখে রেখেছেন সেজন্য করবেন ? https://www.facebook.com/share/v/U1iLUAz1i1PGFBt9/?mibextid=jmPrMh

https://www.hadithbd.com/books/detail/?book=63&section=861

কুরআন ও তাফসীর | হাদিসসমূহ | ইসলামী গ্রন্থাবলী | ভিডিও | নাম অভিধান ও বিবিধ | ডাউনলোড

আল্লাহ তা'আলা বলেন, لَا يُسْأَلُ عَمَّا يَفْعَلُ وَهُمْ يُسْأَلُونَ "তিনি যা করেন সে বিষয়ে তাকে প্রশ্ন করা হবে না; বরং তারা তাদের কৃতকর্ম সম্পর্কে জিজ্ঞাসিত হবে। (সূরা আম্বিয়া: ২৩) অতএব, যে ব্যক্তি একথা জিজ্ঞাসা করবে তিনি কেন এ কাজ করলেন? সে আল্লাহর কিতাবের হুকুম অমান্য করল। আর যে ব্যক্তি কিতাবের হুকুম অমান্য করল, সে কাফেরদের অন্তর্ভুক্ত হলো।

ব্যাখ্যা: তাকদীর সম্পর্কে আসল কথা হলো, এটি সৃষ্টিকুলের ব্যাপারে আল্লাহর একটি বিষয়। অর্থাৎ তিনিই সৃষ্টি করেন, তিনিই ধ্বংস করেন, তিনিই কাউকে ফকীর বানান, তিনিই ধনী বানান, তিনিই মৃত্যু দান করেন, তিনিই জীবন দান করেন, তিনিই গোমরাহ করেন এবং তিনিই হেদায়াত দান করেন। আলী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, তাকদীর আহলে সুন্নাত ওয়াল জামা'আতের মতে সবকিছুই আল্লাহর ফায়ছালা ও নির্ধারণ অনুপাতেই হয়ে থাকে। আল্লাহ তা'আলাই বান্দার কর্মের স্রষ্টা।

আল্লাহ তা'আলা বলেন, اللَّهُ خَالِقُ كُلِّ شَيْءٍ "প্রত্যেক জিনিসের স্রষ্টা একমাত্র আল্লাহ"। (সূরা কামার: ৪৯)

আল্লাহ তা'আলা বলেন, وَخَلَقَ كُلَّ شَيْءٍ فَقَدَّرَهُ تَقْدِيرًا "এবং তিনি প্রত্যেক জিনিস সৃষ্টি করেছেন। অতঃপর তার একটি তাকদীর বা পরিমাণ নির্ধারণ করে দিয়েছেন"। (সূরা ফুরকান: ২)

কাদারীয়া ও মুতাযেলা সম্প্রদায়ের লোকেরা আহলে সুন্নাত ওয়াল জামা'আতের বিরোধিতা করেছে।[1] তারা ধারণা করে যে, আল্লাহ তা'আলা কাফেরদের থেকে ঈমান সংঘটিত হওয়ার ইচ্ছা করেন। কিন্তু কাফের কুফুরীর ইচ্ছা করে। তারা এমন ধারণা থেকে বাঁচার জন্য এ কথা বলেছে যে, আল্লাহ তা'আলা কুফুরী সৃষ্টির ইচ্ছা করেছেন এবং কুফুরী করার কারণেই শাস্তি দিয়ে থাকেন। আসলে তাদের অবস্থা হলো ঐ লোকের মতো যে উত্তপ্ত বালুর উপর দাড়িয়ে থাকার কষ্ট থেকে বাঁচার জন্য আগুনে ঝাপ দিয়েছে। কেননা তারা অপেক্ষাকৃত কম ক্ষতিকর জিনিস থেকে পালিয়ে এসে তার চেয়ে বেশী ক্ষতিকর জিনিসের মধ্যে প্রবেশ করেছে। অর্থাৎ যদি বলা হয়, আল্লাহ তা'আলা বান্দার কর্মের স্রষ্টা, আর বান্দার কর্মের মধ্যে যেহেতু ভালো-মন্দ উভয়ই রয়েছে, তাহলে আল্লাহ তা'আলার দিকে মন্দের সম্বন্ধ হয়ে যায়। এ সমস্যা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য তারা বলেছে বান্দার কর্ম বান্দা নিজেই সৃষ্টি করে। এখন যেই সমস্যাটি হলো, তাদের পূর্বেরটির চেয়ে আরো বেশী ভয়াবহ। এতে করে আল্লাহর ইচ্ছার উপর কাফেরের ইচ্ছা জয়লাভ করা আবশ্যক হয়।

অর্থাৎ আল্লাহ তা'আলা ইচ্ছা করেছেন যে, কাফের ঈমান আনয়ন করুক। এ ক্ষেত্রে কাফের যদি ঈমান না আনে, তাহলে স্বাভাবিকভাবেই বুঝা যায় যে, আল্লাহ তা'আলার ইচ্ছার উপর কাফেরের ইচ্ছা জয়লাভ করেছে। নাউযুবিল্লাহ। কেননা তাদের মতেও আল্লাহ তা'আলা কাফের থেকে ঈমান সংঘটিত হওয়ার ইচ্ছা করেছেন। আর কাফের কুফুরী করার ইচ্ছা করেছে। এ ক্ষেত্রে আল্লাহ তা'আলার ইচ্ছা বাস্তবায়ন না হয়ে কাফেরের ইচ্ছাই বাস্তবায়ন হয়েছে!! সে সঙ্গে এরূপ বিশ্বাস থেকে একাধিক স্রষ্টাও সাব্যস্ত হয়ে যায়!! এ আক্বীদাহ হচ্ছে সর্বাধিক নিকৃষ্ট আক্বীদাহ। এ কথার উপর কোনো দলীল নেই। বরং এটি কুরআন ও হাদীছের দলীলের সুস্পষ্ট বিপরীত।

তাকদীরে বিশ্বাস করা তাওহীদের প্রতি বিশ্বাসকে সুশৃঙ্খল করে। সুতরাং যে ব্যক্তি আল্লাহ তা'আলার একত্বে বিশ্বাস করবে, কিন্তু তাকদীরে অবিশ্বাস করবে তার এ মিথ্যারোপ তাওহীদকে ত্রুটিযুক্ত করে।[3] আমর বিন হায়ছাম বলেন, আমরা একদা নৌকায় আরোহন করলাম। নৌকাতে আমাদের সাথে একজন অগ্নিপূজক এবং একজন তাকদীরে অবিশ্বাসী মুসলিম ছিল। তাকদীরে অবিশ্বাসী লোকটি অগ্নিপূজককে বলল, ইসলাম কবুল করো। অগ্নিপূজক বলল, আল্লাহ তা'আলা চাইলে ইসলাম গ্রহণ করবো। তাকদীরে অবিশ্বাসী মুসলিম বলল, আল্লাহ তা'আলা তো চায় যে তুমি মুসলিম হয়ে যাও। কিন্তু শয়তান তা চায় না। অগ্নিপূজক বলল, তোমার কথা থেকে বুঝা যাচ্ছে, আল্লাহ চান আমি মুসলিম হয়ে যাই, কিন্তু শয়তান তা চায় না। তাহলে তো শয়তানের ইচ্ছাই জয়লাভ করেছে। তাহলে তো দেখা যাচ্ছে শয়তানই আল্লাহর চেয়ে বেশী শক্তিশালী! আমি অধিক শক্তিশালীর সাথেই থাকবো। নাউযুবিল্লাহ

আসল কথা হলো কাদারীয়া বা মুতাযেলারা বান্দার কর্মে বান্দাকে সম্পূর্ণ স্বাধীন মনে করে। ভালো-মন্দ সবকিছু যে আল্লাহর ইচ্ছাতে হয়, তাতে তারা বিশ্বাস করে না। তারা মনে করে মন্দ কাজগুলো আল্লাহ তা'আলার সৃষ্টি নয়। এগুলো বান্দা নিজেই সৃষ্টি ও সম্পাদন করে। তাই তাদের মতে বান্দার কুফুরীতে আল্লাহর কোনো ইচ্ছা থাকে না। আল্লাহ তা'আলা কাফের থেকে ঈমানের ইচ্ছা করলেও কাফের না চাইলে কাফেরের ইচ্ছাই জয়লাভ করে।

জনৈক ব্যক্তি আবু ইসাম কুশ্তুল্লানিকে বলল, আল্লাহ তা'আলা যদি আমাকে হেদায়াত থেকে বঞ্চিত করে গোমরাহিতে নিক্ষেপ করেন, অতঃপর শাস্তি দেন, তাহলে আপনার অভিমত কী? এরপরও কি আল্লাহ তা'আলা ইনসাফকারী হবেন? আবু ইসাম এতে বললেন, হেদায়াতের মালিক যেহেতু আল্লাহ তা'আলা, তাই তিনি যাকে ইচ্ছা তা দান করবেন। যাকে ইচ্ছা তা থেকে বঞ্চিত করবেন।

আর কুরআন ও সুন্নাহর একাধিক দলীল প্রমাণ করে যে, আল্লাহ তা'আলা সবকিছুর তাকদীর নির্ধারণ করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

وَلَوْ شِئْنَا لَآتَيْنَا كُلَّ نَفْسٍ هُدَاهَا وَلَٰكِنْ حَقَّ الْقَوْلُ مِنِّي لَأَمْلَأَنَّ جَهَنَّمَ مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ أَجْمَعِينَ

"আমি যদি চাইতাম তাহলে পূর্বাহ্নেই প্রত্যেক ব্যক্তিকে তার হেদায়াত দিয়ে দিতাম। কিন্তু আমার সে কথা পূর্ণ হয়ে গেছে, যা আমি বলেছি যে, আমি জাহান্নাম জিন ও মানুষ দিয়ে ভরে দেবো"। (সূরা সাজদা: ১৩) আল্লাহ তা'আলা আরো বলেন,

وَلَوْ شَاءَ رَبُّكَ لَآمَنَ مَن فِي الْأَرْضِ كُلُّهُمْ جَمِيعًا أَفَأَنتَ تُكْرِهُ النَّاسَ حَتَّىٰ يَكُونُوا مُؤْمِنِينَ

"যদি তোমার রবের ইচ্ছা হতো তাহলে সারা দুনিয়াবাসী ঈমান আনতো। তবে কি তুমি মুমিন হবার জন্য লোকদের উপর জবরদস্তি করবে?"। (সূরা ইউনুস: ৯৯)

«لولم تذنبوا لذهب الله بكم ولجاء بقوم يذنبون ويستغفرون فيغفر لهم»

"তোমরা যদি অপরাধ না করতে, তাহলে আল্লাহ তা'আলা তোমাদেরকে ধ্বংস করে তোমাদের স্থলে এমন লোক সৃষ্টি করতেন, যারা অপরাধ করার পর তার কাছে ক্ষমা প্রার্থনা করতো। অতঃপর আল্লাহ তা'আলা তাদেরকে ক্ষমা করে দিতেন"।[5]

আল্লাহ তা'আলা সূরা তাকবীরের ২৯ নং আয়াতে বলেন,

وَمَا تَشَاءُونَ إِلَّا أَنْ يَشَاءَ اللَّهُ رَبُّ الْعَالَمِينَ

"তোমরা আল্লাহ তা'আলার ইচ্ছার বাইরে কিছুই ইচ্ছা করতে পারো না"। আল্লাহ তা'আলা সূরা দাহারের ৩০ নং আয়াতে বলেন,

وَمَا تَشَاءُونَ إِلَّا أَن يَشَاءَ اللَّهُ إِنَّ اللَّهَ كَانَ عَلِيمًا حَكِيمًا

"তোমাদের চাওয়ায় কিছুই হয় না যদি আল্লাহ না চান। আল্লাহ সর্বজ্ঞ ও প্রজ্ঞাবান"। আল্লাহ তা'আলা সূরা আনআমের ৩৯ নং আয়াতে বলেন,

مَن يَشَإِ اللَّهُ يُضْلِلْهُ وَمَن يَشَأْ يَجْعَلْهُ عَلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ

"আল্লাহ যাকে চান বিপথগামী করেন আবার যাকে চান সত্য সরল পথে পরিচালিত করেন"।

আল্লাহ তা'আলা সূরা আনআমের ১২৫ নং আয়াতে বলেন,

فَمَن يُرِدِ اللَّهُ أَن يَهْدِيَهُ يَشْرَحْ صَدْرَهُ لِلْإِسْلَامِ وَمَن يُرِدْ أَن يُضِلَّهُ يَجْعَلْ صَدْرَهُ ضَيِّقًا حَرَجًا كَأَنَّمَا يَصَّعَّدُ فِي السَّمَاءِ كَذَٰلِكَ يَجْعَلُ اللَّهُ الرِّجْسَ عَلَى الَّذِينَ لَا يُؤْمِنُونَ

"আল্লাহ যাকে সত্যপথ দেখাবার ইচ্ছা করেন তার বক্ষদেশ ইসলামের জন্য উন্মুক্ত করে দেন। আর যাকে তিনি গোমরাহীতে নিক্ষেপ করার ইচ্ছা করেন, তার বক্ষদেশ খুব সংকীর্ণ করে দেন। যাতে মনে হয় সে কষ্ট করে আকাশের দিকে উঠার চেষ্টা করছে"।

অর্থাৎ জোর খাটিয়ে যেমন আকাশের দিকে উঠা সম্ভব নয়, ঠিক তেমনি আল্লাহ যার বক্ষকে সংকীর্ণ করে দেন তার মধ্যে ঈমান ও তাওহীদের আলো ঢুকানো সম্ভব হয়না। আল্লাহ তা'আলা তার বক্ষকে ইসলামের জন্য খুলে না দেয়া পর্যন্ত তাতে ঈমান ও তাওহীদ প্রবেশ করে না। এমনিভাবে আল্লাহ তা'আলা অবিশ্বাসীদের উপর অপবিত্রতা চাপিয়ে দেন"।

নাবী ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দু'আতে বলেছেন,

হে আল্লাহ! তুমি ছাড়া অন্য কোনো সত্য মাবুদ নেই। আমি যা থেকে তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি, তা তোমার ইচ্ছাতেই হয়ে থাকে এবং তোমার যেই সন্তুষ্টি ও ক্ষমার উসীলায় তোমার অসন্তুষ্টি ও শাস্তি থেকে আশ্রয় প্রার্থনা করছি, তাও তোমার ইচ্ছাতেই হয়ে থাকে। তুমি যদি ইচ্ছা করো, তাহলে তোমার বান্দার উপর সন্তুষ্ট হবে এবং তাকে ক্ষমা করে দিবে। আর ইচ্ছা করলে তুমি তার উপর ক্রোধান্বিত হবে এবং তাকে শাস্তি দিবে।

সুতরাং আমি যা অপছন্দ করি, তা থেকে আমার আশ্রয় প্রার্থনা এবং উহা আমার উপর আপতিত হওয়াতে বাধা প্রদান করাও তোমার ইচ্ছাতেই হয়ে থাকে। প্রিয়-অপ্রিয় সবই তোমার ফায়ছালা ও ইচ্ছাতেই হয়ে থাকে। তোমার শাস্তি থেকে তোমার কাছেই আমার আশ্রয় প্রার্থনা করছি, তোমার শক্তি, ক্ষমতা ও রহমতের উসীলায় ঐ বিপদাপদ, অকল্যাণ ও ক্ষতি থেকে আশ্রয় প্রার্থনা করছি, যা তোমার শক্তি, ইনসাফ ও হিকমতের কারণে হয়ে থাকে।তুমি ব্যতীত অন্য কারো ক্ষতি থেকে অন্যের কাছে আশ্রয় প্রার্থনা করি না এবং তোমার কাছে এমন কোনো ক্ষতি থেকে আশ্রয় প্রার্থনা করছি না, যা তোমার অনিচ্ছায় প্রকাশিত হয়। বরং তা তোমার নিকট থেকেই আগমন করে। উপরোক্ত

↥

Musnad al-Bazzar 4143

4143. Narrated Abu al-Darda:

The Prophet ﷺ said: "Allah, may He be blessed and exalted, created Adam when He created him (i.e., at a time unspecified). He struck his right shoulder and brought forth offspring white like milk. He struck his left shoulder and brought forth offspring black like charcoal. He said to those on the right: 'For Paradise, and I shall not mind.' He said to those on the left: 'For the Fire, and I shall not mind.'"

Classed *sahih*

ইসলামের মুখ বাঁচাতে ভন্ড জাকির নায়েকের মনগড়া ব্যাখ্যার ভিডিও দেখে অনেকেরই ইসলামের তাকদির সম্পর্কে ভূল ধারণা বা ভূল আকিদা আছে। সেগুলোর কোনো অংশ যদি এখনও থেকে থাকে, তবে নিচের ভিডিও দুটি দেখে সব ধরনের ডাউট বা কনফিউশন ক্লিয়ার করে নিন,

Video 1 , Video 2

↥

নিজের দাবীতে নিজেই ধেয়েছে নবী মুহাম্মদ। কুরআনে কোনো বৈপরীত্য নেই এই দাবী করে নিজের বাণীকে অলৌকিক হিসেবে মানুষকে বিশ্বাস করানোর চেষ্টা করে সে।

কুরআন ৪:৮২→ "তারা কি কুরআন নিয়ে গবেষণা করে না? আর যদি তা আল্লাহ ছাড়া অন্য কারো পক্ষ থেকে হত, তবে অবশ্যই তারা এতে অনেক বৈপরীত্য দেখতে পেত"।

অথচ পৃথিবীতে এরকম লাখো বই আছে এরকম বৈপরীত্য(self-contradiction) বিহীন। তাই বলে কি সেগুলো অলৌকিক কারো প্রেরিত বলে প্রমাণ হয় !

উপরন্তু ভন্ড নবী মুহাম্মদের এই দাবী চেক করতে যেয়ে একগাদা বৈপরীত্য খুজে পাওয়া যায় কুরআনে, যার সামান্য কয়েকটা নিচে তুলে ধরছি,

কুরআন যে মানবরচিত, সেটা প্রমাণ করার জন্য এর স্ববিরোধী বাক্যগুলোই যথেষ্ট

[কোনো পাঠকের ক্রসচেকের প্রয়োজন হলে রেফারেন্সের উপর ক্লিক করুন]

	হ্যাঁ	না
1. ইসলাম ছাড়া অন্য ধর্ম কি গৃহীত হবে ?	নিশ্চয় যারা মুসলমান, যারা ইহুদী, খ্রীষ্টান, তাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে আল্লাহর প্রতি, কিয়ামতের প্রতি এবং সৎকর্ম সম্পাদন করে, তাদের কোন ভয় নেই এবং তারা দুঃখিত হবে না। কুরআন ৫/৬৯, ২/৬২	যে লোক ইসলাম ছাড়া অন্য কোন ধর্ম তালাশ করে, কস্মিণকালেও তা গ্রহণ করা হবে না এবং আখেরাতে সে ক্ষতিগ্রস্ত। কুরআন ৩/৮৫
2. মানুষ কি অন্যের পাপের বোঝা বহন করবে?	তারা কিয়ামতের দিনে নিজদের পাপের বোঝা পুরোটাই বহন করবে এবং তাদের পাপের বোঝাও যাদেরকে তারা অজ্ঞতা হেতু পথভ্রষ্ট করে। কুরআন ১৬:২৫	যে হিদায়াত গ্রহণ করে, সে তো নিজের জন্যই হিদায়াত গ্রহণ করে এবং যে পথভ্রষ্ট হয় সে নিজের স্বার্থের বিরুদ্ধেই পথভ্রষ্ট হয়। আর কোন বহনকারী অপরের পাপের বোঝা বহন করবে না। কুরআন ১৭:১৫
3. যারা কুফরী করেছে তারা কি ঈমান আনবে ?	**নিশ্চয় যারা কুফরী করেছে**, তুমি তাদেরকে সতর্ক কর কিংবা না কর, উভয়ই তাদের জন্য বরাবর, **তারা ঈমান আনবে না**। কুরআন ২/৬	আল্লাহ **তাদের কুফরীর কারণে** অন্তরের উপর মোহর এঁটে দিয়েছিলেন। সুতরাং **স্বল্পসংখ্যক ছাড়া তারা ঈমান আনবে না**। কুরআন ৪/১৫৫
4. আল্লাহ যাদেরকে লা'নত করেছেন। তারা কি ঈমান আনে ?	**নিশ্চয় আল্লাহ কাফিরদেরকে লা'নত করেছেন।** কুরআন ৩৩:৬৪ **আল্লাহ যাকে লা'নত করেন তুমি কখনো তার কোনো সাহায্যকারী পাবে না।** কুরআন ৪:৫২ **যাদেরকে আল্লাহ লানত করেছেন, ফলে তাদেরকে বধির ও তাদের দৃষ্টিসমূহকে অন্ধ করে দিয়েছেন।** কুরআন ৪৭/২৩ আমি মোহর মেরে দেই তাদের হৃদয়ে। অতঃপর তারা শোনে না। কুরআন ৭:১০০ আমি তাদেরকে ঢেকে দিয়েছি, ফলে তারা দেখতে পায় না। **তুমি তাদেরকে সতর্ক কর অথবা না কর, তারা ঈমান আনবে না।** কুরআন ৩৬:১০ আল্লাহ কাফির জাতিকে হিদায়াত দেন না। কুরআন ২:২৬৪	তাদের কুফরীর কারণে **আল্লাহ তাদেরকে লা'নত করেছেন। অতঃপর তারা খুব কমই ঈমান আনে।** কুরআন ২/৮৮

5. কোন মুসলিম ইচ্ছাকৃতভাবে কোন মুমিনকে হত্যা করলে সে কি জান্নাতে যাবে ?	**না** আর যে ইচ্ছাকৃত কোন মুমিনকে হত্যা করবে, তার প্রতিদান হচ্ছে জাহান্নাম, সেখানে সে স্থায়ী হবে। কুরআন ৪:৯৩	**হ্যাঁ** নিশ্চয় যারা বলে, 'আমাদের রব আল্লাহ' অতঃপর অবিচল থাকে, তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না। তারাই জান্নাতের অধিবাসী, তাতে তারা স্থায়ীভাবে থাকবে। কুরআন ৪৬:১৩-১৪
আল্লাহর সন্তান আছে বললেই যেখানে ক্ষেপে যায়, সেখানে মেয়েসন্তান নিয়েছেন বললে সেটা না বলে বলছে বৈষম্য বন্টন! এভাবে ফেসে যেয়ে আবার সেটার কি হাস্যকর অজুহাত দিচ্ছে যে তার যেহেতু স্ত্রী নেই তাই সন্তান কীভাবে হবে ! যেখানে সে যা ইচ্ছা সৃষ্টি করতে অন্য কারো সাহায্য লাগেনা, শুধু হও বললেই হয়ে যায়, সেখানে সে স্ত্রীর সাহায্য ছাড়া সন্তান সৃষ্টি করতে পারবেনা! পরবর্তীতে অন্য আয়াত নাযিল করে এই কথা সংশোধন করে।	তারা বলে, 'আল্লাহ সন্তান গ্রহণ করেছেন"। তোমরা তো এক ভয়ানক বিষয়ের অবতারণা করেছ। সন্তান গ্রহণ করা পরম করুণাময়ের জন্য শোভনীয় নয়। কুরআন ১৯:৮৮-৯২	তাহলে কি পুত্র-সন্তান তোমাদের জন্য এবং কন্যা-সন্তান আল্লাহর জন্য? এটাতো তাহলে এক অসঙ্গত বণ্টন! কুরআন ৫২:৩৯, ৫৩;২১-২২ কীভাবে আল্লাহর সন্তান হতে পারে যেহেতু তাঁর কোন সঙ্গীণীই নেই ! কুরআন ৬:১০১ আল্লাহ যদি সন্তান গ্রহণ করতে চাইতেন, তাহলে তিনি যা সৃষ্টি করেছেন তা থেকে যাকে ইচ্ছা বেছে নিতেন; কিন্তু তিনি পবিত্র মহান। কুরআন ৩৯:৪
6. সবকিছু কখন নির্ধারিত হয় ?	**ক্বদরের রাতে** এ রাতে প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় স্থিরীকৃত হয়। আমার পক্ষ থেকে আদেশক্রমে, আমিই প্রেরণকারী। কুরআন ৪৪/৪-৫	**সৃষ্টির পূর্বেই** আসমান ও যমীনে এমন কোন গোপন বিষয় নেই যা সুস্পষ্ট কিতাবে লিপিবদ্ধ নেই। কুরআন ২৭/৭৫
7. সবচেয়ে বড় যালিম কে ?	**তার চেয়ে অধিক যালেম আর কে, যে আল্লাহর মাসজিদসমূহে তাঁর নাম স্মরণ করা থেকে বাধা প্রদান করে।** কুরআন ২:১১৪	তার চেয়ে অধিক যালিম আর কে, যে আল্লাহর পক্ষ থেকে তার কাছে যে সাক্ষ্য রয়েছে তা গোপন করে। কুরআন ২:১৪০ **আর তার চেয়ে অধিক যালিম আর কে, যাকে তার রবের আয়াতসমূহ স্মরণ করিয়ে দেয়া হয়েছে, অতঃপর সে তা থেকে বিমুখ হয়েছে।** কুরআন ১৮:৫৭
8. আল্লাহ কি যালিমদের ক্ষমা করেন?	**যারা যালিম হয়তো তিনি তাদেরকে ক্ষমা করবেন অথবা তিনি তাদেরকে আযাব দেবেন।** কুরআন ৩:১২৮	**সাবধান! যালিমরাই থাকবে স্থায়ী আযাবে।** কুরআন ৪২:৪৫
9. যালিমদেরকে সতর্ক করে কোন লাভ আছে ?	**হ্যাঁ** **এটি কিতাব, আরবী ভাষায়; যাতে এটা যালিমদেরকে সতর্ক করতে পারে।** কুরআন ৪৬:১২	**না** **নিশ্চয় আল্লাহ যালিমদেরকে হিদায়াত দেন না।** কুরআন ৫:৫১
10. কুরআন সর্বকালের সমগ্র বিশ্বের মানুষের জন্য নাযিল হয়েছে? [সেইসাথে জেনে নিই, নবীর সাথে কথা বলার জন্য আল্লাহ কি নির্লজ্জের মতো সাহাবীদের কাছ থেকে টাকা চেয়েছিল। মুহাম্মদ ওরফে কুরআনের আল্লাহ যদি কোন কিছু আগেথেকেই জানতে সক্ষম হতেন, তাহলে এভাবে টাকা চাওয়ার আয়াত নাযিল করে লজ্জা পেতেন না]	**হ্যাঁ**	**না** নিশ্চয় আমি তো একে আরবী কুরআন বানিয়েছি, যাতে তোমরা বুঝতে পার। কুরআন ৪৩:৩ আর আমি তোমার ওপর আরবী ভাষায় কুরআন নাযিল করেছি যাতে তুমি মূল জনপদ ও তার আশপাশের বাসিন্দাদেরকে সতর্ক করতে পার। কুরআন ৪২:৭, **৬:৯২** হে মুমিনগণ, তোমরা যখন রাসূলের সাথে একান্তে কথা বলতে চাও, তখন তোমাদের এরূপ কথার পূর্বে কিছু সদাকা পেশ কর। কিন্তু যদি তোমরা সক্ষম না হও তবে আল্লাহ পরম ক্ষমাশীল, অতিশয় দয়ালু। তোমরা কি ভয় পেয়ে গেলে যে, তোমাদেরকে নবীর সঙ্গে একান্তে কথাবার্তা বলার আগে সদাক্বাহ দিতে হবে? যখন তোমরা সাদাকাহ দিতে পারলেনা, আর আল্লাহও তোমাদেরকে ক্ষমা করে দিলেন। কুরআন ৫৮:১২-১৩

11. আল্লাহকে কি ধোঁকা দেয়া সম্ভব ?	**না**	**হ্যাঁ** **নিশ্চয় মুনাফিকরা আল্লাহকে ধোঁকা দেয়।** কুরআন ৪:১৪২
12. আল্লাহর বিধানের কি পরিবর্তন হয় ?	**না** **তুমি আল্লাহর বিধানের কখনই কোন পরিবর্তন পাবে না এবং তুমি আল্লাহর বিধানের কখনই কোন ব্যতিক্রমও দেখতে পাবে না।** কুরআন ৩৫:৪৩, কুরআন ৩৩:৬২ আল্লাহর বাণীসমূহের কোন পরিবর্তন নেই। কুরআন ১০:৬৪	**হ্যাঁ** ▪ যখন আমি একটি আয়াতের স্থানে পরিবর্তন করে আরেকটি আয়াত দেই- আল্লাহ ভাল জানেন সে সম্পর্কে। কুরআন ১৬:১০১ ▪ আমি যে আয়াত রহিত করি কিংবা ভুলিয়ে দেই, তার চেয়ে উত্তম কিংবা তার মত আনয়ন করি। কুরআন ২:১০৬ ▪ “যখন আমি এক আয়াতের স্থলে অন্য আয়াত উপস্থিত করি এবং আল্লাহ যা অবতীর্ণ করেন তিনিই সে সম্পর্কে ভাল জানেন; তখন তারা বলে আপনি তো মনগড়া উক্তি করেন; বরং তাদের অধিকাংশ লোকই জানে না”। কুরআন ১৬:১০১ ▪ তারা তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, এ দু’টোয় রয়েছে বড় পাপ ও মানুষের জন্য উপকার। কুরআন ২:২১৯ ▪ তোমরা খেজুর গাছের ফল ও আঙ্গুর থেকে মাদক ও উত্তম রিযক গ্রহণ কর। কুরআন ১৬:৬৭ ▪ হে মুমিনগণ, নেশাগ্রস্ত অবস্থায় তোমরা সালাতের নিকটবর্তী হয়ো না, যতক্ষণ না তোমরা বুঝতে পার যা বল। কুরআন ৪:৪৩ ▪ ইয়াহূদীদের যুলমের কারণে আমি তাদের উপর উত্তম খাবারগুলো হারাম করেছিলাম, যা তাদের জন্য হালাল করা হয়েছিল। কুরআন ৪:১৬০
13. আল্লাহ কি সব জানেন ?	**হ্যাঁ** নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ। কুরআন ২:১১৫	**না** **যাতে আল্লাহ জেনে নিতে পারেন,** কে না দেখেও তাঁকে ও তাঁর রাসূলদেরকে সাহায্য করে। কুরআন ৫৭:২৫ তারপর আমি(আল্লাহ) তাদেরকে জাগালাম, **যাতে আমি জানতে পারি,** যতটুকু সময় তারা অবস্থান করেছিল, দু’দলের মধ্যে* কে তা অধিক নির্ণয়কারী। কুরআন ১৮:১২ তোমাদের উপর যে বিপদ এসেছিল দুই দল মুখোমুখি হওয়ার দিন তা আল্লাহর অনুমতিক্রমে এবং **যাতে তিনি** মুমিনদেরকে **জেনে নেন**। কুরআন ৩:১৬৬ নবী যদি তোমাদের সবাইকে তালাক দিয়ে দেয় **তবে সম্ভবত** তার প্রতিপালক তোমাদের পরিবর্তে তাকে দিবেন তোমাদের চেয়ে উত্তম স্ত্রী। কুরআন ৬৬:৫ তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে? অথচ **আল্লাহ এখনো জানেননি** কারা ধৈর্যশীল। কুরআন ৩:১৪২

14. মানুষের যে কল্যাণ, অকল্যাণ হয় – সব কি আল্লাহর পক্ষ থেকে ?	**হ্যাঁ** যদি তাদের কাছে কোন কল্যাণ পৌঁছে তবে বলে, ‘এটি আল্লাহর পক্ষ থেকে’। আর যদি কোন অকল্যাণ পৌঁছে, তখন বলে, ‘এটি তোমার পক্ষ থেকে’। **আপনি বলুন– “সব কিছু আল্লাহর পক্ষ থেকে”**। কুরআন ৪:৭৮	**না** তোমার কাছে যে কল্যাণ পৌঁছে তা আল্লাহর পক্ষ থেকে, আর যে অকল্যাণ তোমার কাছে পৌঁছে তা তোমার নিজের পক্ষ থেকে। কুরআন ৪:৭৯
15. আল্লাহ যদি চাইতেন তাহলে মুশরিকরা শিরক করত না-এটি কি সত্য ?	**হ্যাঁ** আর যদি আল্লাহ চাইতেন, তারা শিরক করত না। কুরআন ৬:১০৭	**না** অচিরেই মুশরিকরা বলবে, ‘আল্লাহ যদি চাইতেন, আমরা শিরক করতাম না’। এভাবেই তাদের পূর্ববর্তীরা মিথ্যারোপ করেছে, যে পর্যন্ত না তারা আমার আযাব আস্বাদন করেছে। কুরআন ৬:১৪৮
16. জাহান্নামীদের একমাত্র খাদ্য কোনটা	**তাদের জন্য কাঁটাবিশিষ্ট গুল্ম ছাড়া কোন খাদ্য থাকবে না।** কুরআন ৮৮:৬	**তাদের জন্য ক্ষত নিঃসৃত পূঁজ ছাড়া কোন খাদ্য থাকবে না।** কুরআন ৬৯:৩৬
17. প্রথম মুসলিম কে?	**মুহাম্মাদ** বল- ‘আমাকে আরো নির্দেশ দেয়া হয়েছে যেন আমি প্রথম মুসলিম হই।’ কুরআন ৩৯:১২	**ইবরাহীম** ইবরাহীম ছিল একনিষ্ঠ মুসলিম। কুরআন ৩:৬৭
18.	আমরা তাঁর নবীরাসূলগণের কারও মধ্যে তারতম্য করি না। কুরআন ২:২৮৫	আর আমি তো কতক নবীরাসূলগণকে কতকের উপর শ্রেষ্ঠত্ব দিয়েছি এবং দাউদকে দিয়েছি যাবূর। কুরআন ১৭:৫৫
And so on.....	And so on.....	And so on.....

Grammatical Error & Mistakes in Your Quran

Do you Know ?

1	إِنَّ ٱلَّذِينَ ءَامَنُواْ وَٱلَّذِينَ هَادُواْ وَٱلصَّٰبِـُٔونَ وَٱلنَّصَٰرَىٰ 22:17 إِنَّ ٱلَّذِينَ ءَامَنُواْ وَٱلَّذِينَ هَادُواْ وَٱلصَّٰبِـُٔونَ وَٱلنَّصَٰرَىٰ مَنْ ءَامَنَ بِٱللَّهِ 5:69 In 2nd sentence the word **Saabi'uuna** has been declined wrongly, In the word the *'uu, waw* which is the sign of "raf'a" (as in cases of nominative or indicative). But In 1st sentence the word was declined correctly- because the word *inna* in the beginning of the sentence causes a form of declension called "nasb" (as in cases of accusative or subjunctive) and the "yeh" is the "sign of nasb".
2	رَبِّ لَوْلَآ أَخَّرْتَنِىٓ إِلَىٰٓ أَجَلٍ قَرِيبٍ فَأَصَّدَّقَ وَأَكُن مِّنَ ٱلصَّٰلِحِينَ 63:10 The verb *'akun* was incorrectly conjugated. It must be ***'akuuna***, i.e. the last consonant must have the vowel "a", instead of being vowelless, because the verb *'akun*, is in the subjunctive. Indeed the previous verb (*'assaddaqa*) has been correctly conjugated and is in the subjunctive. The reason is that in Arabic the present tense is placed in the subjunctive mood if it is preeceeded by certain words (huruf nasebah). One of such words is the "causative fa".
3	هَٰذَانِ خَصْمَانِ ٱخْتَصَمُواْ فِى رَبِّهِمْ 22:19 In Arabic, words are declined or conjugated with respect to number & the verbs and nouns are treated according to the singular / the dual / the plural. The verb in that verse was conjugated as if the subject is more than two. But the verse speaks only of two. So the word *'ikhtasamuu* must be ***'ikhtasamaa.***
4	وَإِن طَآئِفَتَانِ مِنَ ٱلْمُؤْمِنِينَ ٱقْتَتَلُواْ فَأَصْلِحُواْ بَيْنَهُمَا 49:9 error is like the previous one. The number again is dual but the verb was conjugated as if the subject is plural. So the verb *'eq-tatalu* must be ***'eqtatalata.***
5	وَإِنَّ لَكُمْ فِى ٱلْأَنْعَٰمِ لَعِبْرَةً ۖ نُّسْقِيكُم مِّمَّا فِى بُطُونِهِۦ 16:66 The Quran repeats the same pattern of the above errors in the verse. The word '**butunihi**' is an obvious mistake and should be butuniha. But in verse 23:21 with the same sequence of words and the same grammatical position, but this time is written correctly butuniha. وَإِنَّ لَكُمْ فِى ٱلْأَنْعَٰمِ لَعِبْرَةً ۖ نُّسْقِيكُم مِّمَّا فِى **بُطُونِهَا**

6	إِنَّ رَحْمَتَ ٱللَّهِ **قَرِيبٌ** مِّنَ ٱلْمُحْسِنِين 7:56 The above verse is a nominal clause. In such a clause the predicate must match the subject (*rahmata*) of the nominal clause in gender. The word *qaribun* (meaning "near") is the predicate of *rahmata Allahi* ("mercy of Allah"), they have to match each other in gender. But this is not the case in the Arabic text. *Rahmata* is feminine in Arabic and so the word ***qaribun*** (which is masculine) must instead be *qaribah* (its feminine form). This rule was correctly observed in other Qur'anic verses. For example, in 9:40 we read: "كَلِمَةُ ٱللَّهِ هِىَ ٱلْعُلْيَا" Here both *Kalemat* and *heya* are feminine. To say instead: "Kalemat ul-llah howa al-a'la" would never be correct. That would be just as wrong as saying: "... inna rahmata Allahi qaribun min ..."
7	وَقَطَّعْنَـٰهُمُ ٱثْنَتَىْ عَشْرَةَ **أَسْبَاطًا** 7:160 Instead of *asbatan* it must be ***sebtan***. In the Arabic it literally says "twelve tribes". That is correct in English but not correct in Arabic. In Arabic it has to say twelve tribe because the noun that is counted by a number above ten to be singular. This rule is observed correctly for example in 7:142, 2:60, 5:12, 9:36, 12:4.
8	خَلَقَهُۥ مِن تُرَابٍ ثُمَّ قَالَ لَهُۥ كُن فَ **يَكُونُ** 3:59 The word "*yakuun*(is)" must be "***kana***(was)" to be consistent with the past tense of the previous verb "qala(said)".
9	لَاهِيَةً قُلُوبُهُمْ وَ**أَسَرُّوا** ٱلنَّجْوَى ٱلَّذِينَ ظَلَمُو 21:3 In Arabic, for such a verbal sentence where the verb comes before the (masculine) subject, the rule is that- the verb must be in the third (masculine) singular form, if the active subject of the verbal sentence is stated in the sentence. (The same rule holds for substituting the two mentionings of "masculine" by "feminine"). But the verb in the above verse is in plural form. But the rule is correctly declined in the following verses: 3:52, 10:2, 16:27, 16:35, 3:42, 49:14
10	فَقَالَ لَهَا وَلِلْأَرْضِ ٱئْتِيَا طَوْعًا أَوْ كَرْهًا قَالَتَآ أَتَيْنَا **طَآئِعِينَ** 41:11 Heaven and earth in Arabic are feminine nouns, the verb said in "they said" is accordingly **feminine and dual (*qalata*)**, but the adjective "willing" at the end of the verse is **masculine and plural (*ta'e'een*)**, being at variance with the rule that the adjectives must have to match their nouns in number in gender, thus *ta'e'een* which is used for plural, must be ***ta'e'atain*** which is used for feminine dual.

11	وَالسَّمَآءِ وَمَا بَنَٰىهَا 91:5 The word *bana* in *banaha* is not a noun but a verb in the past tense. The word *ma* must have been ***man*** (meaning "who") After that The word '***ma***(that which)' in the Arabic language is used for the impersonal. But the subject of the above verse is God. So the word which must be used is the arabic word '***man***(him who)'. But English translators corrected the impersonal word 'ma 'and translated the verse as follows: "By the heaven and Him Who built it."
12	لَّيْسَ ٱلْبِرَّ أَن **تُوَلُّوا** وُجُوهَكُمْ قِبَلَ ٱلْمَشْرِقِ وَٱلْمَغْرِبِ وَلَـٰكِنَّ ٱلْبِرَّ مَنْ ءَامَنَ بِٱللَّهِ وَٱلْيَوْمِ ٱلْـَٔاخِرِ وَٱلْمَلَـٰٓئِكَةِ وَٱلْكِتَـٰبِ وَٱلنَّبِيِّـۧنَ وَءَاتَى ٱلْمَالَ عَلَىٰ حُبِّهِۦ ذَوِى ٱلْقُرْبَىٰ وَٱلْيَتَـٰمَىٰ وَٱلْمَسَـٰكِينَ وَٱبْنَ ٱلسَّبِيلِ وَٱلسَّآئِلِينَ وَفِى ٱلرِّقَابِ وَأَقَامَ ٱلصَّلَوٰةَ وَءَاتَى ٱلزَّكَوٰةَ وَٱلْ**مُوفُونَ** بِعَهْدِهِمْ إِذَا عَـٰهَدُوا۟ ۖ وَٱلْ**صَّـٰبِرِينَ** فِى ٱلْبَأْسَآءِ وَٱلضَّرَّآءِ 2:177 In the above verse there are five gramatical errors. In four of them the wrong tense was used, as the sentence begins in the present tense with the verb *tuwalluu*, while the other four verbs were written in the past tense: *'aaman* would be *tu'minuu*; *'aata* would be *tu'tuu*; *'aqaama* would be *tuqimuu*; But the English translators have observed the tense, and corrected those verbs and translates as- "It is not righteousness that you **turn** your faces to the East and the West; but righteousness is he who **believed** in Allah and the Last day and the angels and the Book and the Prophets; and **gave** his wealth, ... and **performed** prayer and **paid** the alms." The fifth error is the wrong declension of the word '*saabiriina'*. It must be declined ***saabiruuna*** like the preceeding word '*muufuuna'*.
13,	14,15, 16,17..... beyond description

- Abdullah narrated from Al-Fadhal bin Hamad al-Khayri narrated from Ibn Khalid from Zaid Ibn Hubab narrated from Ashath from Saeed Ibn Jubayr: "**There are mistakes in Quran**:
'WAALSSABI-OON' [5:69], 'FAASSADDAQA WAAKUN MINA ALSSALIHEEN' [63:10], 'WAALMUQEEMEEN' [4:162] " (**Imam Abi Daud, *Kitab Al-Musahif*, p. 42**)

- These same sources state that both Aisha and Uthman b. Affan admitted that there were grammatical mistakes within the Muslim scripture:
Abu Bakr bin Abdoos and Abu Abdullah bin Hamid narrated from Abu al-Abbas al-Asim from Muhammad bin al-Jahm al-Samri from al-Fara from Abu Mu'awiyah from Hisham bin Arwa from his father that

Ayesha was asked about Allah's statements in Surah Nisa (verse 162) 'LAKINI ALRRASIKHOONA' and 'WAALMUQEEMEENA' and the Almighty's statement in Sura Maidah (verse 69) 'INNA ALLATHEENA AMANOO WAALLATHEENA HADOO WAALSSABI-OON'. Ayesha replied: '**O my nephew, this is due to mistakes committed by the scribe**'. (*Tafsir al-Thalabi*, Volume 6, p. 250; bold emphasis ours)

"There is disagreement over 'ALMUQEEMEENA ALSSALAT'. **Aisha and Aban bin Uthman said that was written in the Quran due to a mistake on the part of the transcriber**. Its correction is essential and it should be written as 'ALMUQEEMOONA ALSSALAT'. Similarly in Surah Maidah 'AALSSABI-OONA' and in Surah Taha 'IN HATHANI LASAHIRANI' have also been written due to the mistake of scribes. **Uthman stated that he had seen some mistakes in the Quran** and Arabs would correct them through their language and they had asked him to change them but he said that these mistakes did not change Haram to Halal and vice versa." (*Tafsir al-Baghawi–Ma'alim at-Tanzil*), Q. 4:161, Volume 3, p. 361; bold emphasis ours)

সালাত কায়েম করা বা নামাজ প্রতিষ্ঠার কথা আয়াতে বলা হয়েছে এভাবে— আল মুক্বিমিনাস্ সলাহ্ (যারা সালাত কায়েম করে)। বাগবীর বর্ণনায় রয়েছে, হজরত আয়েশা এবং হজরত আবান বিন ওসমান বলেছেন, কথাটি লিখতে হতো এভাবে—আল মুক্বিমুনাস্ সলাহ (যারা সালাত প্রতিষ্ঠাকারী)। সুরা মায়িদার মধ্যেও এ রকম ভুল রয়েছে। যেমন একস্থানে 'সাবেয়ুন' লেখা হয়েছে। অথচ শব্দটি লেখা উচিৎ ছিলো 'সাবেইন।' আরেকস্থানে লেখা হয়েছে 'হাজানি'— যার শুদ্ধ লিখিতরূপ 'হাজাইনি।' হজরত ওসমান বলেছেন, কোরআনে এ রকম কিছু কিছু ভুল উচ্চারণের শব্দ লিপিবদ্ধ রয়েছে যেগুলোকে আরববাসীরা পাঠ করার সময় সঠিকভাবে উচ্চারণ করে। তাঁকে প্রশ্ন করা হয়েছিলো, আপনি শব্দগুলোকে শুদ্ধরূপে লেখার ব্যবস্থা করেননি কেনো? উত্তরে হজরত ওসমান বলেছিলেন, এভাবেই থাকতে দাও। এর মাধ্যমে হালালকে হারাম এবং হারামকে হালাল করা হয়নি।

তাফসীরে মাযহারী/৩৪৮

Uthman admits Quran script's error

❖ Abu Muawiyah narrated from Hisham Ibn Urwah from his father that Aisha(R) was asked about the following mistakes in the Quran 'WAALMUQEEMEENA assalata walmutuuzzakata' and 'innallazina amanu wallazina haduu WAALSSABI-OON'. She replied: "O son of my nephew, this is due to the act of the scribes of the Quran who committed a mistake whilst transcribing them. The chain of this tradition is Sahih according to the conditions of the Shaikhain. **(Jalaludin al-Suyuti, *Al-Itqan fi Uloom al Quran*, Volume 1, p. 210)**"There is no strength with the replies that are advanced against the above cited reply of A.isha, namely that it contains a weak chain. **The chain is *Sahih*.**" (Jalaludin al-Suyuti, *Al-Itqan fi Uloom al Quran*, Volume 1, p. 212)

---------- So, Quran Can't never be the words of Creator (Proven) ----------

সত্য অনুসন্ধানীদের বিশ্লেষণে বিধ্বস্ত হয়ে- ভুলের মহাসমুদ্রে ডুবে গেছে কোরআন (পড়তে লেখার উপর ক্লিক করুন)

কুরআন এবং সহিহ হাদিস পড়ুন - ইসলামকে জানুন

[বি.দ্র.: নিচে প্রদত্ত ৫২১৫ এরকম আইকনে যেসব হাদীস দেয়া হয়েছে তার প্রত্যেকটার রেফারেন্স হচ্ছে- সহিহ বুখারী তাওহীদ পাব্লিকেশন। পাঠকের সুবিধার্থে এভাবে সংক্ষেপে আইকনে দেয়া হয়েছে।]

অমুসলিমদের প্রতি ইসলাম

কুরআনের আয়াতসমূহ

1. নবী এবং তাঁর সহচরগণ কাফেরদের প্রতি কঠোর, নিজেদের মধ্যে পরস্পর সহানুভূতিশীল। কুরআন ৪৮:২৯

2. তুমি কখনো কাফির(ইসলামে অবিশ্বাসী)দের জন্য সাহায্যকারী হয়ো না। কুরআন ২৮:৮৬

3. হে মুমিণগণ! তোমরা ইহুদী ও খ্রীষ্টানদেরকে বন্ধু হিসাবে গ্রহণ করো না। তারা একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে তাদের সাথে বন্ধুত্ব করবে, সে তাদেরই অন্তর্ভুক্ত। কুরআন ৫:৫১

4. **মুমিনরা যেন মুমিনদের ছাড়া কাফিরদেরকে ইচ্ছকৃতভাবে বন্ধু না বানায়। আর যে কেউ এরূপ করবে, আল্লাহর সাথে তার কোন সম্পর্ক নেই**। কুরআন ৩:২৮

5. হে মুমিনগণ, তোমরা মুমিনগণ ছাড়া কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তোমরা কি আল্লাহর জন্য তোমাদের বিপক্ষে কোন স্পষ্ট দলীল সাব্যস্ত করতে চাও? কুরআন ৪:১৪৪

6. হে ঈমানদারগণ, তোমরা নিজদের পিতা ও ভাইদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না, যদি তারা ইসলামে বিশ্বাস না করে(ঈমান অপেক্ষা কুফরীকে প্রিয় মনে করে)। তোমাদের মধ্য থেকে যারা তাদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তারাই যালিম। কুরআন ৯:২৩

7. কাফেরদের মধ্যে কাউকে বন্ধুরূপে গ্রহণ কোরো না, যে পর্যন্ত না তারা আল্লাহর পথে চলে আসে। অত:পর যদি তারা বিমুখ হয়, তবে তাদেরকে পাকড়াও কর এবং যেখানে পাও হত্যা কর। কুরআন ৪:৮৯

8. তোমরা আল্লাহর রাস্তায় তাদের বিরুদ্ধে লড়াই কর, যারা তোমাদের বিরুদ্ধে লড়াই করে। আর তাদেরকে হত্যা কর যেখানে তাদেরকে পাও। আর ফিতনা হত্যার চেয়ে কঠিনতর। এটাই কাফিরদের প্রতিদান। কুরআন ২:১৯১

9. **তোমাদের উপর যুদ্ধ ফরয করা হয়েছে(কুতিবা আ'লাইকুমুল ক্বিতালু), অথচ তা তোমাদের কাছে অপছন্দনীয়**। কুরআন ২:২১৬

10. যদি তোমাদের পিতা, সন্তান, স্ত্রী, তোমাদের গোত্র, সে বাসস্থান, যা তোমরা পছন্দ করছ, যদি তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করার চেয়ে, তবে তোমরা অপেক্ষা কর যতক্ষণ না আল্লাহ তাঁর চূড়ান্ত ফয়সালা তোমাদের কাছে নিয়ে আসেন। আর আল্লাহ অবাধ্য আচরণকারীদেরকে সঠিক পথ প্রদর্শন করেন না। কুরআন ৯:২৪

11. হে নবী, কাফেরদের সাথে যুদ্ধ করুন। কুরআন ৯:৭৩

12. **তোমরা যুদ্ধ কর (قَاتِلُو- 'কতল বা হত্যার উদ্দেশ্যে যুদ্ধ') ইহুদী-খ্রিষ্টানদের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখে না**, আল্লাহ ও তাঁর রাসূল যা হারাম করেছেন তা হারাম মনে করে না আর ইসলাম গ্রহণ করে না। যতক্ষণ না তারা স্বহস্তে **নত হয়ে** জিযিয়া প্রদান করে। কুরআন ৯:২৯

13. হে ঈমানদারগণ, তোমাদের নিকটবর্তী কাফেরদের সাথে যুদ্ধ চালিয়ে যাও এবং তারা তোমাদের মধ্যে কঠোরতা অনুভব করুক। কুরআন ৯:১২৩

14. **আমি কাফিরদের হৃদয়ে ভীতি সঞ্চার করব। অতএব তোমরা তাদের ঘাড়ের উপরে আঘাত হান, আর আঘাত হান তাদের আঙ্গুলের প্রতিটি জোড়ায়।** কুরআন ৮:১২ (এটা খুব স্পষ্ট যে কোনো প্রকৃত ঈশ্বর এই ধরনের বিবৃতি দেবেন না, এমনকি মানুষের মধ্যেও, ভদ্রলোকেরা এই জাতীয় ভাষা ব্যবহার করবেন না। একমাত্র অসভ্য মানুষই এমন ভাষা ব্যবহার করবে। মুহাম্মদ আরবদের মধ্যে ভয় ঢুকানোর জন্য এই ধরনের শব্দ ব্যবহার করেছিল)

15. তিনিই কাফেরদেরকে প্রথমবার একত্রিত করে তাদের বাড়ী-ঘর থেকে বহিস্কার করেছেন। কুরআন ৫৯:২

16. তাদের বিরুদ্ধে যুদ্ধ (قَاتِلُوْ- 'কতল বা হত্যার উদ্দেশ্যে যুদ্ধ') চালিয়ে যাও যে পর্যন্ত না ফিতনা (কুফর ও শিরক) খতম হয়ে যায় আর ধর্ম পুরোপুরিভাবে আল্লাহর জন্য হয়ে যায়। কুরআন ৮:৩৯

17. **আর তোমরা তাদের সাথে যুদ্ধ কর** কর, **যে পর্যন্ত না** ফিতনার (কুফর ও শিরক) অবসান হয় এবং **ইসলাম ধর্ম প্রতিষ্ঠিত হয়**। কুরআন ২:১৯৩

18. **তোমরা তাদের সাথে যুদ্ধ করবে, যতক্ষণ না তারা মুসলমান হয়ে যায়**। কুরআন ৪৮:১৬

19. নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিক (মূর্তিপূজারী)দের হত্যা কর যেখানে তাদের পাও, তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক। তবে যদি তারা তওবা করে, ইসলাম কবুল করে, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ পরম দয়ালু। কুরআন ৯:৫

20. অতঃপর তাকে **নিক্ষেপ করা হবে জাহান্নামে**। সেখানে কোন খাদ্য নাই, **ক্ষত-নিঃসৃত পুঁজ** ব্যতীত। সুরা হাক্ক, আয়াত ৩৬

21. যারা জাহান্নামে অনন্তকাল থাকবে এবং যাদেরকে **পান করতে দেয়া হবে ফুটন্ত পানি** **অতঃপর তা তাদের নাড়িভুঁড়ি ছিন্ন বিচ্ছিন্ন করে দেবে**। সুরা মুহাম্মদ, আয়াত ১৫।

- নবী ও মুমিনদের জন্য উচিত নয় যে, তারা মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করবে। যদিও তারা আত্মীয় হয়। তাদের নিকট এটা স্পষ্ট হয়ে যাওয়ার পর যে, নিশ্চয় তারা **প্রজ্বলিত আগুনের অধিবাসী**। কুরআন ৯:১১৩।

- যখন জাহান্নামীদের **দেহের চামড়া আগুনে পুড়ে পুড়ে গলে যাবে, তখন সেখানে অন্য চামড়া সৃষ্টি করে দেবো; যেনো তারা আজাবের স্বাদ পুরোপুরি গ্রহণ করতে পারে**। সূরা নিসা ৪, আয়াত ৫৬।

- আর যারা ইসলামে অবিশ্বাসী হয়েছে, **তাদের জন্যে রয়েছে জাহান্নামের আগুন। তাদেরকে মৃত্যুর আদেশও দেয়া হবে না যে, তারা মরে যাবে এবং তাদের থেকে তার শাস্তিও লাঘব করা হবে না**। কুরআন ৩৫:৩৬।

- তাদের জন্যে উত্তপ্ত পানি এবং যন্ত্রণাদায়ক শাস্তি রয়েছে- (ইসলামে) অবিশ্বাসের কারণে। কুরআন ৬:৭।

আরো অসংখ্য psycho টর্চার করার হুমকির আয়াত রয়েছে.....। বর্বর মরু ডাকাতের তৈরী আল্লাহ নাকি সন্তানের প্রতি পিতামাতার চেয়েও দয়ালু!! ইসলামের মিথ্যা হওয়ার পিছনে হাজার প্রমাণ আছে যা নিচে পড়তে যেয়ে পাবেন, সেটা বাদ দিয়েই না হয় চিন্তা করেন যে, পৃথিবীর কোনো পিতামাতাকে যদি তার কোনো প্রাপ্তবয়স্ক সন্তান পিতামাতা হিসেবে স্বীকার না করে বা বিশ্বাস না করে, ডিএনএ টেস্ট করে প্রমান পাবার পরও , তাহলে কি সেই পিতামাতা উপরের আয়াতের মত বর্বর শাস্তিগুলো তার সেই সন্তানকে দেয়া তো বহু দূরের কথা, এসব শাস্তি দেয়ার কথা কল্পনা করতে পারবে কখনো ?! তাহলেই বুঝতে পারছেন মরু ডাকাতের ওসব দয়ালু আল্লাহর আসল নমুনা !

উপরে দেয়া আয়াতগুলো ভাল করে দেখেন। আল্লাহ পাকের রুচিবোধ কী চমৎকার! তাকে যারা বিশ্বাস করবে না, মান্য করবে না তাদেরকে শাস্তি দেয়া হবে ক্ষত-নিঃসৃত পুঁজ খেতে দিয়ে। একটু ভেবে দেখেন তো প্রচণ্ড উত্তপ্ত আগুনে জ্বালিয়ে একজন মানুষকে শাস্তি দেয়া হবে অনন্তকাল, পান করতে দেয়া হবে ফুটন্ত পানি যা তাদের নাড়িভূঁড়ি ছিন্ন বিচ্ছিন্ন করে দেবে, পাপীকে বেঁধে রাখা হবে সত্তর গজ দীর্ঘ এক শিকলে। দেহের চামড়া একবার পুড়ে গেলে পুনরায় নতুন ভাবে সৃষ্টি করে দেয়া হবে আজাব ভোগের জন্য।

আমরা দেড় হাজার বছর আগের অসভ্যতাকে পেছনে ফেলে অনেক অনেক এগিয়ে এসেছি। আমরা আমাদের চরম শত্রুকেও পুঁজ খাওয়ানোর কথা ভাবি না, এক ঘন্টার জন্যও আগুনে পুড়িয়ে শাস্তি দেয়ার কথা ভাবি না। যুদ্ধাহত শত্রুর সেবা করার কথাও ভাবি কখনো কখনো। কেউ শত্রু হলেও যদি পানি চায় আমরা এগিয়ে দেই। আমরা অনীপ্সিত, হিংস্র, বর্বরতার প্রতিচ্ছবি কাল্পনিক আল্লাহ পাকের চেয়ে অনেক অনেক বেশি সভ্য, তাই না?

আল্লাহ পাক আদেশ করেছেন তার গুণে গুণান্বিত হতে। যারাই আল্লাহ পাককে অনুসরণ করতে যাবে তারাই আইএসআইএস, আল কায়দা এর মত বর্বর হবে, এতে আশ্চর্যের কী আছে?

কোরান নি:সন্দেহে এক মরু-বর্বর রচিত।

26. নিশ্চয় যারা ইসলামে অবিশ্বাসী অবস্থায়ই মৃত্যুবরণ করে, সে সমস্ত লোকের প্রতি আল্লাহর ফেরেশতাগণের এবং সমগ্র মানুষের অভিশাপ। কুরআন ২:১৬১।

27. **তাদের যাবতীয় কর্ম নিস্ফল হয়ে গেছে। কিয়ামতের দিন আমি তাদের (ভালো কাজের) জন্য কোন ওজন কায়িম করব না (অর্থাৎ তাদের যাবতীয় পুণ্য কাজ ওজনযোগ্য হিসেবে গণ্য করা হবে না, কোনো পুরষ্কার পাবেনা)**। কুরআন ১৮:১০৫।

কাফের মুশরিকরা চিরকালের জন্য জাহান্নামী। অনন্তকাল তাদের আল্লাহ আগুনে পুড়িয়ে শাস্তি দেবেন যা কোনদিন শেষ হবে না। তারা পুরো জীবন ভাল কাজ করলেও এর বিনিময়ে কিছুই পাবেনা, তারা চিরস্থায়ী জাহান্নামী।

28. **মুশরিকরা হল নাপাক/অপবিত্র(unclean)**, কাজেই এ বছরের পর তারা যেন মাসজিদে হারামের নিকট না আসে। কুরআন ৯:২৮।

তাফসির ইবনে কাসির

সূরা তাওবা ৫৬৩

انَّمَا الْمُشْرِكُوْنَ نَجَسٌ فَلاَ يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هذَا .

মুশরিকগণ হইতেছে অপবিত্র ; অতএব এই বৎসর পর তাহারা যেন মসজিদুল হারামের নিকটে না আসে।

ইমাম আবূ আমর আওযাঈ (র) বলেন : উমর ইব্ন আবদুল আযীয (র) প্রাদেশিক শাসনকর্তাদিগকে লিখিতভাবে নিষেধ করিয়াছিলেন—তোমরা ইয়াহূদী ও নাসারা জাতিদ্বয়ের লোকদিগকে মুসলমানদের মসজিদসমূহে প্রবেশ করিতে দিও না। তিনি উক্ত নিষেধ-সম্বলিত বাক্যের পর কুরআন মজীদের নিম্নোক্ত আয়াত উদ্ধৃত করিয়াছিলেন : انَّمَا الْمُشْرِكُوْنَ نَجَسٌ

আতা (র) বলেন : সমগ্র হারাম শরীফই হইতেছে মসজিদ; কারণ আল্লাহ্ তা'আলা বলেন : فَلاَ يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ অর্থাৎ তাহারা যেন মসজিদুল হারামের নিকটে না আসে।

আলোচ্য আয়াত দ্বারা প্রমাণিত হয় যে, মুশরিক ব্যক্তি অপবিত্র। সহীহ্ হাদীসে বর্ণিত মুশরিক ব্যক্তির দেহও অপবিত্র। হাসান বসরী হইতে আশআস বর্ণনা করিয়াছেন, তিনি বলেন : মুশরিক ব্যক্তির সহিত কেহ করমর্দন করিলে সে যেন অযূ করে। ইমাম ইব্ন জারীর

29. যারা ইসলামে অবিশ্বাসী, তারা জাহান্নামের আগুনে স্থায়ীভাবে থাকবে। **তারাই সমগ্র সৃষ্টির মধ্যে সবচেয়ে নিকৃষ্ট প্রাণী (তারাই হল নিকৃষ্ট সৃষ্টি/ সৃষ্টির অধম)** । কুরআন ৯৮:৬, ৮:৫৫

30. **ওরা তো পশুরই মত; বরং ওরা তার চেয়েও অধম।** They are not except like livestock. Rather, they are even more astray in way. কুরআন ২৫:৪৪।

31. তারা যেন ভীতচকিত **(বন্য) গাধা**। কুরআন ৭৪:৫০।

- **তার দৃষ্টান্ত হল কুকুরের দৃষ্টান্তের মত**। যদি তুমি তার উপর বোঝা চাপাও তাহলে জিভ বের করে হাঁপাতে থাকে এবং তাকে ছেড়ে দিলেও জিভ বের করে হাঁপাতে থাকে। এটাই হল ঐ সম্প্রদায়ের উদাহরণ যারা আমার আয়াতসমূহকে মিথ্যে মনে করে অমান্য করে। কুরআন ৭:১৭৬।

তাফসির ইবনে কাসির

সূরা আনফাল ৪৮১

৫৫. যাহারা কুফরী করে এবং আল্লাহর প্রতি ঈমান আনে না, আল্লাহর নিকট তাহারাই অতিশয় নিকৃষ্ট জীব।

তাফসীর : উল্লেখিত আয়াতসমূহে আল্লাহ পাক কাফিরদের প্রতি তাঁহার ঘৃণা এবং তাহাদের অপকর্মের বর্ণনা দিয়া বলিতেছেন যে, ভূপৃষ্ঠে জীবকুলের মধ্যে বেঈমান কাফিরগণই হইল আল্লাহর নিকট অতি নিকৃষ্ট জীব।

↥

تَثْقَفَنَّهُمْ فِي الْحَرْبِ আয়াতাংশের মর্ম হইল : তুমি যদি উহাদের যুদ্ধে পরাস্ত করিয়া বিজয় লাভ করিতে পার, তবে কঠোরভাবে বন্দী করিয়া জ্বালা-যন্ত্রণা দিবে। এই ব্যাখ্যা প্রদান করেন ইবন আব্বাস (রা)।

হাসান বসরী, যাহ্হাক, সুদ্দী, আতা খুরাসানী ও ইব্ন উআয়না (র) ইহার ব্যাখ্যায় বলেন : যুদ্ধে উহাদিগকে পরাস্ত করিতে পারিলে অতি কঠোরভাবে শাস্তি দিবে এবং নির্দয়ভাবে উহাদিগকে হত্যা করিবে যেন ইহাদের ছাড়া আরবের অন্যান্য শত্রুগণ এই শাস্তির কথা শুনিয়া ভীত হয়

এখানে কুফর অর্থ হবেহু মুহাম্মদ ﷺ-কে আল্লাহর শেষ নবী হিসেবে মেনে নিতে অস্বীকার করা। আল্লাহর সৃষ্টিতে তাদের অপেক্ষা নিকৃষ্ট আর কোনো সৃষ্টি নেই। এমনকি জন্তু-জানোয়ার অপেক্ষাও তারা নিকৃষ্ট।

সুরা আন্‌ফাল ঃ আয়াত ৩৯, ৪০

وَقَاتِلُوهُمْ حَتَّىٰ لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ ۖ فَإِنِ
انتَهَوْا فَإِنَّ اللَّهَ بِمَا يَعْمَلُونَ بَصِيرٌ ۝ وَإِن تَوَلَّوْا فَاعْلَمُوا أَنَّ اللَّهَ
مَوْلَاكُمْ ۚ نِعْمَ الْمَوْلَىٰ وَنِعْمَ النَّصِيرُ ۝

❑ এবং তোমরা তাহাদিগের বিরুদ্ধে সংগ্রাম করিতে থাকিবে যতক্ষণ না ফিত্‌না দূরীভূত হয় এবং আল্লাহের দ্বীন সামগ্রীকভাবে প্রতিষ্ঠিত হয় এবং যদি তাহারা বিরত হয় তবে তাহারা যাহা করে আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।

ফেত্‌না অর্থ বিশৃংখলা। আর পৃথিবীতে সবচেয়ে বড় বিশৃংখলা হচ্ছে শিরিক

তাফসীরে মাযহারী/১১৭

হাদিসসমূহ

সূনান আত তিরমিজী (তাহকীককৃত) ১৬০৫। সুনান আবূ দাউদ (তাহকিককৃত) হাদিস নং ৪৮৩২, ২৭৮৭।

পরিচ্ছদঃ মুশরিকদের সাথে বসবাস করা নিষেধ।

রাসূলুল্লাহ সা বলেছেনঃ মুশরিকদের সাথে তোমরা একত্রে বসবাস কর না, তাদের সংসর্গেও যেও না। যে মানুষ তাদের সাথে বসবাস করবে অথবা তাদের সংসর্গে থাকবে সে তাদের অনুরূপ বলে বিবেচিত হবে।"

সুনান আবূ দাউদ (তাহকিককৃত), পরিচ্ছদঃ **মুশরিকদের এলাকায় অবস্থান সম্পর্কে**

২৭৮৭। রাসূলুল্লাহ সা বলেনঃ **কেউ কোনো মুশরিকের সহচর্যে থাকলে এবং তাদের সাথে বসবাস করলে সে তাদেরই মতো।**

তিরমিজী (তাহকীককৃত) ১৬০৫। নবী সা বলেনঃ **মুশরিকদের সাথে তোমরা একত্রে বসবাস করো না, তাদের সংসর্গেও যেও না।**

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

৫০১৮। নবী সা বলেছেন, মুমিন ব্যতীত অন্য কাউকে বন্ধু বানাবে না এবং তোমার খাদ্য আল্লাহভীরু লোক ছাড়া যেন অন্য কেউ না খায়। আবূ দাউদ (তাহকিককৃত) ৪৮৩২

তাফসীর ইবনে কাসির

২৮। মুমিনগণ যেন মুমিনদেরকে ছেড়ে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ না করে; এবং তাদের আশংকা হতে আত্মরক্ষা ব্যতীত যে এরূপ করে সে

٢٨- لَا يَتَّخِذِ الْمُؤْمِنُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ ۖ وَمَن يَفْعَلْ ذَٰلِكَ

এখানে আল্লাহ তা'আলা মুমিনদেরকে নির্দেশ দিচ্ছেন যে, তারা যেন কাফিরদের সাথে বন্ধুত্ব ও ভালবাসা স্থাপন না করে এবং তাদের পরস্পরের

↥

যাদের অন্তরে ব্যাধি রয়েছে তারা গোপনীয়ভাবে ইয়াহূদী ও খ্রীষ্টানদের সাথে যোগাযোগ ও ভালবাসা স্থাপন করে থাকে এবং অজুহাত পেশ করে বলে–এরা যদি মুসলমানদের উপর জয়যুক্ত হয়ে যায় তবে না জানি আমরা বিপদে পড়ে যাই। এ জন্যই তাদের সাথে মিল রাখছি। কারও মন চটিয়ে আমাদের লাভ কি? আল্লাহ পাক বলেন–খুব সম্ভব, আল্লাহ মুসলমানদেরকে স্পষ্ট বিজয় দান করবেন। মক্কাও তাদের হাতে বিজিত হবে এবং শাসনকর্তা তারাই হবে। আল্লাহ তাদেরই পায়ের নীচে হুকুমত নিক্ষেপ করবেন অথবা ইয়াহূদী নাসারাদেরকে পরাজিত করে তাদেরকে লাঞ্ছিত করতঃ তাদের নিকট থেকে জিযিয়া কর আদায় করার নির্দেশ তিনি মুসলমানদেরকে প্রদান করবেন। সুতরাং আজ যেসব মুনাফিক গোপনীয়ভাবে ইয়াহূদী ও খ্রীষ্টানদের সাথে সংযোগ স্থাপন করছে এবং নেচে কুদে বেড়াচ্ছে, সেদিন এ চালাকির জন্যে তাদেরকে রক্তাশ্রু বহাতে হবে। তাদের পর্দা উহুদ যুদ্ধের পর একটি লোক বলে– "আমি এ ইয়াহূদীর সাথে বন্ধুত্ব স্থাপন করেছি, যাতে সুযোগ আসলে আমি এর দ্বারা উপকৃত হতে পারি।" অপর একটি লোক বললোঃ "আমি অমুক খ্রীষ্টানের নিকট গমনাগমন করে থাকি এবং তার সাথে বন্ধুত্ব স্থাপন করে আমি তাকে সাহায্য করবো।" তখন এ আয়াতগুলো অবতীর্ণ হয়।

ইকরামা (রঃ) বলেন যে, লুবাবাহ ইবনে মুনযিরের ব্যাপারে এ আয়াতগুলো অবতীর্ণ হয়। যখন নবী (সঃ) তাঁকে বানূ কুরাইযার নিকট প্রেরণ করেন তখন তারা তাঁকে জিজ্ঞেস করে, রাসূলুল্লাহ (সঃ) আমাদের সাথে কিরূপ ব্যবহার করবেন? তখন তিনি স্বীয় গলদেশের প্রতি ইঙ্গিত করেন অর্থাৎ তিনি ইঙ্গিতে বলেনঃ "তিনি তোমাদের সকলকে হত্যা করবেন।"

হযরত উবাদাহ্ ইবনে সামিত (রাঃ) রাসূলুল্লাহ (সঃ)-কে বলেনঃ বহু ইয়াহূদীর সাথে আমার বন্ধুত্ব আছে, কিন্তু তাদের সবারই বন্ধুত্ব ভেঙ্গে দিলাম।

অতঃপর আল্লাহ পাক ঐ লোকদেরকে অনুমতি দেন যারা কোন শহরে কোন সময় অবিশ্বাসীদের অনিষ্ট হতে রক্ষা পাওয়ার উদ্দেশ্যে সাময়িকভাবে মৌখিক তাদের সঙ্গে বন্ধুত্ব বজায় রাখে কিন্তু তাদের প্রতি আন্তরিক ভালবাসা রাখে না। যেমন সহীহ বুখারী শরীফে হযরত আবূ দ্দারদা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেনঃ 'কোন কোন গোত্রের সাথে আমরা প্রশস্ত বদনে মিলিত হই, কিন্তু আমাদের অন্তর তাদের প্রতি অভিশাপ দেয়।' হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেনঃ 'শুধু মুখে বন্ধুত্ব প্রকাশ করতে হবে কিন্তু কাজে-কর্মে এরূপ অবস্থাতেও কখনও তাদের সহযোগিতা করতে হবে না'। এ উক্তিটিই অন্যান্য ব্যাখ্যাকারী হতেও বর্ণিত আছে। আল্লাহ তা'আলার নিম্নের ঘোষণাটিতেও এ উক্তিরই

'তোমরা মুশরিকদের গ্রামের পার্শ্বে থেকো না, তাদের প্রতিবেশী হয়ো না এবং তাদের শহর হতে হিজরত কর।' যেমন সুনান-ই-আবূ দাউদে রয়েছে, রাসূলুল্লাহ (সঃ) বলেছেনঃ 'মুসলমান ও মুশরিকদের মধ্যকার যুদ্ধ কি তোমরা দেখ না?' অন্য হাদীসে রয়েছে, রাসূলুল্লাহ (সঃ) বলেছেনঃ 'যারা মুশরিকদের সাথে মেলামেশা করে, তাদের সাথে বসবাস করে, তারা তাদের মতই।'

এখানে আল্লাহ তা'আলা কাফিরদের সাথে বন্ধুত্ব স্থাপন করতে মুমিনদেরকে নিষেধ করছেন, যদিও তারা তাদের মাতা, পিতা, ভাই, বোন প্রভৃতি হোক না কেন, যদি তারা ইসলামের উপর কুফরীকে পছন্দ করে নেয়। অন্য আয়াতে রয়েছে– لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ..... وَيُدْخِلْهُمْ جَنّٰتٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ অর্থাৎ "(হে নবী!) যারা আল্লাহর উপর ও পরকালের উপর বিশ্বাস স্থাপন করে তাদেরকে তুমি পাবে না যে, তারা বন্ধুত্ব রাখবে এমন লোকদের সাথে যারা আল্লাহ ও তাঁর রাসূল (সঃ)-এর সাথে শত্রুতা রাখে, যদিও তারা তাদের পিতা হয় বা ছেলে হয় অথবা ভাই হয় কিংবা স্বগোত্রীয় হয়। এরা

ইমাম বায়হাকী (রঃ) স্বীয় হাদীস গ্রন্থে বর্ণনা করেছেন যে, বদরের যুদ্ধের দিন আবূ উবাইদাহ্ ইবনে জাররাহ (রাঃ)-এর পিতা তাঁর সামনে এসে মূর্তির প্রশংসা করতে শুরু করে দেয়। তিনি তাকে বারবার বিরত রাখার চেষ্টা করেন। কিন্তু সে বেড়েই চলে। তখন পিতা-পুত্রে যুদ্ধ শুরু হয়ে যায়। শেষ পর্যন্ত আবূ উবাইদাহ্ (রাঃ) স্বীয় পিতাকে হত্যা করে দেন। তখন আল্লাহ তা'আলা لَا تَجِدُ قَوْمًا يُؤْمِنُونَ بِاللّٰهِ -এ আয়াতটি অবতীর্ণ করেন। অতঃপর আল্লাহ তা'আলা স্বীয়

সাঈদ ইবনে জুবাইর (রঃ) বলেন যে, কিয়ামতের দিন ইবরাহীম (আঃ) যখন পিতার সাথে মিলিত হবেন তখন দেখবেন যে, সে অত্যন্ত ব্যাকুল ও উদ্বিগ্ন হয়ে ফিরছে। তিনি তার থেকে সম্পূর্ণরূপে বিমুখ হয়ে যাবেন। ঐ সময় তাঁর পিতা তাঁকে বলবেঃ "হে ইবরাহীম (আঃ)! (দুনিয়ায়) আমি তোমার কথা মানিনি। কিন্তু আজ আমি তোমার কোন কথাই অমান্য করবো না।" তখন ইবরাহীম (আঃ) বলবেনঃ "হে আমার প্রতিপালক! আপনি কি আমার সাথে ওয়াদা করেননি যে, কিয়ামতের দিন আমাকে অপমানিত করবেন না? তাহলে আজকের দিন এর চেয়ে বড় অপমান আর কি হতে পারে (যে, আমার পিতা অত্যন্ত লাঞ্ছিতভাবে জাহান্নামে নিক্ষিপ্ত হবে)?" তখন তাঁকে বলা হবেঃ "তোমার পিছন দিকে তাকাও।" তিনি তখন দেখতে পাবেন যে, একটি অর্ধমৃত জানোয়ার পড়ে রয়েছে এবং একটি বেজীর আকারে রূপান্তরিত হয়েছে। ওর পা ধরে টেনে জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হচ্ছে।

জানমাল কেড়ে নেয়ার ভয় দেখিয়ে জোরপূর্বক ইসলাম গ্রহণে বাধ্য করত নবী

[আক্রমণের হুমকি দেয়া চিঠি]

২৫ রাসূলুল্লাহ্ সা বলেনঃ আমি লোকদের সাথে যুদ্ধ চালিয়ে যাবার জন্য নির্দেশিত হয়েছি, যতক্ষণ না তারা সাক্ষ্য দেয় যে, আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই ও মুহাম্মাদ সা আল্লাহর রাসূল, আর সালাত প্রতিষ্ঠা করে ও যাকাত দেয়। **তারা যদি এগুলো করে, তবে আমার হতে নিরাপত্তা লাভ করলো।**

১৩৯৯ রাসূল সা বলেছেনঃ কালেমা বলার পূর্ব পর্যন্ত মানুষের বিরুদ্ধে যুদ্ধ করার নির্দেশ আমাকে দেয়া হয়েছে, যে কেউ তা বললো, সে তার সম্পদ ও জীবন আমার পক্ষ থেকে নিরাপদ করে নিলো।

২৯৪৬ রাসূল সা বলেছেন, আমাকে ততক্ষণ পর্যন্ত লোকদের সঙ্গে যুদ্ধ করার আদেশ দেয়া হয়েছে, যতক্ষণ না তারা লা ইলাহা ইল্লাল্লাহু বলে আর যে 'লা ইলাহা ইল্লাল্লাহু' বলবে সে তার জান ও মাল আমার হাত থেকে বাঁচিয়ে নিল।

সুনানে ইবনে মাজাহ

৩৯২৯। আওস (রাঃ) বলেন, আমরা নবী সা এর নিকট বসে ছিলাম। তিনি আমাদেরকে অতীতের ঘটনাবলী উল্লেখপূর্বক উপদেশ দিচ্ছিলেন। এসময় এক ব্যক্তি তাঁর নিকট এসে তাঁর সাথে একান্তে কিছু বললো। **নবী সা বললেনঃ তোমরা তাকে নিয়ে গিয়ে হত্যা করো। লোকটি ফিরে গেলে রাসূলুল্লাহ সা তাকে ডেকে জিজ্ঞেস করলেনঃ তুমি কি সাক্ষ্য দাও যে, "আল্লাহ ব্যতীত কোন ইলাহ নাই"? সে বললো, হাঁ। তিনি বলেনঃ যাও, তোমরা তাকে তার পথে ছেড়ে দাও। কারণ লোকেরা "লা ইলাহা ইল্লাল্লাহ" না বলা পর্যন্ত আমাকে তাদের বিরুদ্ধে যুদ্ধ করার নির্দেশ দেয়া হয়েছে। তারা তাই করলে তাদের জান-মালে হস্তক্ষেপ আমার জন্য হারাম হয়ে গেলো।**

↥

সূনান আত তিরমিজী (তাহকীককৃত),

পরিচ্ছেদঃ যতক্ষণ পর্যন্ত মানুষ "লা-ইলাহা ইল্লাল্লাহ' না বলবে ততক্ষণ পর্যন্ত তাদের বিরুদ্ধে কিতাল করতে আমি আদেশপ্রাপ্ত হয়েছি। **হাদিস নং ২৬০৭**। রাসূলুল্লাহ সা বলেছেনঃ **মানুষ যে পর্যন্ত না "আল্লাহ তাআলা ব্যতীত আর কোন প্রভু নেই" এই কথার স্বীকৃতি দিবে** সেই পর্যন্ত আমি তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে আদিষ্ট হয়েছি। **আর যে ব্যক্তি বললো,** "আল্লাহ ব্যতীত আর কোন প্রভু নেই" **সে আমার থেকে তার মাল ও রক্ত(জীবন) নিরাপদ করে নিল**।

রাতের আধারে অতর্কিত আক্রমণ করত নবী ও সাহাবীরা, যাতে অন্য ধর্মের নারী ও তাদের নিষ্পাপ শিশু নিহত হত। নবী এটাকে কোনো খারাপ কাজ মনে করতেন না বরং পরিষ্কারভাবে অনুমোদন দিয়েছেন

৩০১২ নবী সা কে জিজ্ঞেস করা হল, যে সকল মুশরিকদের সঙ্গে যুদ্ধ হচ্ছে, যদি রাত্রিকালীন আক্রমণে তাদের মহিলা ও শিশুরা অনিচ্ছাবসত নিহত হয়, তবে কী হবে? রাসূল সা বলেন- **তারাও মুশরিকদেরই অন্তর্ভুক্ত**।

তিনি আরো বলেন, **সংরক্ষিত চারণভূমি আল্লাহ ও তাঁর রাসূল ছাড়া অন্য কারো জন্য হতে পারে না**।

সহীহ মুসলিম (হাদিস একাডেমী)

পরিচ্ছদঃ রাতের আকস্মিক হামলায় অনিচ্ছাকৃতভাবে নারী ও শিশু হত্যায় দোষ নেই

৪৪৪২। সা'ব ইবনু জাসসামা (রাযি) বলেন, আমি রসূলুল্লাহ সা কে জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! **আমরা রাতের অন্ধকারে আকস্মিক হামলায় মুশরিকদের শিশুদের উপরও আঘাত করে ফেলি। রসূলুল্লাহ সা বললেন,** তারাও মুশরিক যোদ্ধাদের মধ্যে গণ্য।

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছদঃ রাতের অতর্কিত আক্রমণে অনিচ্ছাকৃতভাবে নারী ও শিশু হত্যায় দোষ নেই

৪৩৯৯। রাসুলুল্লাহ সা কে মুশরিকদের নারী ও শিশু সন্তান সম্পর্কে জিজ্ঞাসা করা হলো, যখন রাতের আধারে অতর্কিত আক্রমণ করা হয়, তখন মুশরিকদের নারী ও শিশুরাও আক্রান্ত হয়। **তখন রাসুলুল্লাহ সা বললেনঃ** তারাও মুশরিকদের অন্তর্ভুক্ত।

ব্যাখ্যা বিশ্লেষণ

معهم قال نعم (আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে মুশরিকদের শিশু সন্তানদের সম্পর্কে জিজ্ঞাসা করিলাম যে, আমরা কি তাহাদের সহিত তাহাদেরকে হত্যা করিতে পারিব? তিনি (জবাবে) ইরশাদ করিলেন, হ্যাঁ।) ইহা দ্বারা বুঝা যায় যে, জিজ্ঞাসাকারী স্বয়ং রাবী সা'ব (রাযি.)। -(তাকমিলা ৩:৩৯)

عَنِ الذَّرَارِيِّ (শিশুসন্তানদের সম্পর্কে)। الذَّرَارِيِّ শব্দটির ى বর্ণে তাশদীদসহ পঠনে الذريّة (সন্তান-সন্ততি)-এর বহুবচন। ইহা نسل الانسان (মানুষের বংশধর) অর্থে ব্যবহৃত, নর হউক বা নারী। -(মাজমাউল বিহার)-(তাকমিলা ৩:৩৯)

يُبَيَّتُوْنَ শব্দটির দ্বিতীয় ى বর্ণে তাশদীদসহ التبييت হইতে مجهول এর সীগা। ইহা হইল রাত্রিতে আক্রমণ করা। ইহা দ্বারা মর্ম হইতেছে যে, রাত্রিতে আক্রমণের সময় পুরুষদের হইতে নারী ও শিশুদের পার্থক্য করা জটিল। এমতাবস্থায় যদি অনিচ্ছাকৃত নারী ও শিশু হত্যা হইয়া যায় তবে ইহা জায়িয কি না? -(ঐ)

هُمْ مِنْهُمْ (তাহারাও তাহাদের অন্তর্ভুক্ত)। অর্থাৎ তখন নারী ও শিশু হত্যা হওয়াতে কোন দোষ নাই। তবে ইহা দ্বারা এই মর্ম নহে যে, মুশরিক যোদ্ধাদের সহিত তাহাদের নিরস্ত্র নারী ও শিশুদের সেচ্ছায় হত্যা করা মুবাহ; বরং ইহার মর্ম হইতেছে যে, শিশুদের হত্যা না করিয়া যদি তাহাদের পিতার কাছে পৌছা সম্ভব না হয় এবং তাহাদের সহিত তাহাদের সংমিশ্রণ থাকে তবে তাহাদেরকেও হত্যা করা জায়িয। -(ফতহুল বারী)

অতঃপর জমহুরে উলামার মতে নারী ও শিশুদের হত্যা করা হারাম হওয়া শর্তের সহিত শর্তায়িত। অর্থাৎ তাহারা যদি যুদ্ধে অংশগ্রহণ করে। আর যুদ্ধে অংশগ্রহণ করিলে তাহাদের হত্যা করাতে কোন দোষ নাই। -(তাকমিলা ৩:৩৯-৪০)

(৪৪২৫) حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ أَخْبَرَنَا عَبْدُ الرَّزَّاقِ أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ الصَّعْبِ بْنِ جَثَّامَةَ قَالَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنَّا نُصِيبُ فِي الْبَيَاتِ مِنْ ذَرَارِيِّ الْمُشْرِكِينَ قَالَ "هُمْ مِنْهُمْ".

(৪৪২৫) হাদীছ (ইমাম মুসলিম (রহ.) বলেন) আমাদের নিকট হাদীছ বর্ণনা করেন আবদ বিন হুমায়দ (রহ.) তিনি ... সা'ব বিন জাছছামা (রাযি.) হইতে, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞাসা করিলাম, ইয়া রাসূলাল্লাহ! আমরা রাত্রির অন্ধকারে হামলায় মুশরিকদের শিশুসন্তানদের উপরও আঘাত করি। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিলেন, তাহারাও তাহাদের অন্তর্ভুক্ত।

↥

٤٧٨٥- حَدَّثَنَا ابْنُ مَرْزُوْقٍ قَالَ ثَنَا بِشْرُ بْنُ عُمَرَ قَالَ ثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَمْرِو بْنِ دِيْنَارٍ عَنِ ابْنِ عَبَّاسٍ رضـ عَنِ الصَّعْبِ بْنِ جَثَّامَةَ قَالَ قِيْلَ يَا رَسُوْلَ اللّٰهِ اَوْطَاَتْ خَيْلُنَا اَوْلَادًا مِّنَ الْمُشْرِكِيْنَ فَقَالَ رَسُوْلُ اللّٰهِ ﷺ هُمْ مِنْ اٰبَائِهِمْ -

৪৭৮৫. ইব্ন মারযূক (র) ..... সা'ব ইব্ন জাছ্ছামা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ্ ﷺ-কে বলা হল, ইয়া রাসূলাল্লাহ্! আমাদের অশ্বারোহী বাহিনী মুশরিকদের শিশুদের পদদলিত করে বসেছে। রাসূলুল্লাহ্ ﷺ বললেন, তারা তাদের পিতা-পিতামহদেরই শামিল।

٤٧٨٦- حَدَّثَنَا اَبُوْ اُمَيَّةَ قَالَ ثَنَا سُرَيْجُ بْنُ النُّعْمَانِ قَالَ ثَنَا ابْنُ اَبِي الزِّنَادِ عَنْ عَبْدِ الرَّحْمٰنِ بْنِ الْحَارِثِ عَنْ عَبْدِ اللّٰهِ بْنِ عَيَّاشِ بْنِ اَبِي رَبِيْعَةَ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللّٰهِ بْنِ عَبْدِ اللّٰهِ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنِ الصَّعْبِ بْنِ جَثَّامَةَ قَالَ قُلْنَا يَا رَسُوْلَ اللّٰهِ اَلدَّارُ مِنْ دُوْرِ الْمُشْرِكِيْنَ نَفْتَحُهَا فِي الْغَارَةِ فَنُصِيْبُ الْوِلْدَانَ تَحْتَ بُطُوْنِ الْخَيْلِ وَلَا نَشْعُرُ فَقَالَ اِنَّهُمْ مِنْهُمْ -

৪৭৮৬. আবূ উমাইয়া (র) ..... ইব্ন আব্বাস (রা) সূত্রে সা'ব ইব্ন জাছ্ছামা (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম, ইয়া রাসূলাল্লাহ্! আমরা অতর্কিত আক্রমণ করে মুশ্‌রিকদের কোন গৃহের উপর বিজয় লাভ করি এবং তাদের শিশুরা আমাদের ঘোড়ার পায়ের নিচে পদদলিত হয়, অথচ আমাদের (এ ব্যাপারে) খবরই থাকে না। তিনি বললেন, তারা তাদের মধ্যে শামিল।

আবূ জা'ফর তাহাবী (র) বলেন ঃ রাসূলুল্লাহ্ ﷺ যখন তাদেরকে অতর্কিত আক্রমণ থেকে নিষেধ করেন নাই এবং তাতে তাদের শিশু ও নারীদের পর্যন্তও পৌঁছাত

২৫৪১ রাসূলুল্লাহ (সা) **বনী মুস্তালিক গোত্রের উপর অতর্কিতভাবে অভিযান পরিচালনা করেন**। তাদের গবাদি পশুকে তখন পানি পান করানো হচ্ছিল। **রাসুলুল্লাহ সা তাদের মধ্যে যারা যুদ্ধ করতে সক্ষম তাদের হত্যা করেন এবং নাবালক ও নারীদের বন্দী করেন**। (see also pg 97, 117)

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছদঃ যে সকল **বিধর্মীর** কাছে **ইসলামের দাওয়াত পৌঁছেছে, পূর্ব ঘোষণা ব্যতীত** তাদের বিরুদ্ধে **আক্রমণ পরিচালনা বৈধ**।

৪৩৭০। ইয়াহইয়া (র) বলেন, আমি নাফি (র) কে এই কথা জানতে চেয়ে পত্র লিখলাম যে, **যুদ্ধের পূর্বে বিধর্মীদের প্রতি দ্বীনের দাওয়াত দেওয়া প্রয়োজন কি না?** তখন তিনি আমাকে লিখলেন যে, **এ নিয়ম ইসলামের প্রথম যুগে ছিল**। রাসুলুল্লাহ (স) বনূ মুসতালিক **গোত্রের উপর আক্রমণ করলেন এমন অবস্থায় যে, তারা অপ্রস্তুত ছিল (তারা জানতে পারেনি)**। তাদের পশুদের পানি পান করানো হচ্ছিল। তখন **তিনি তাদের প্রাপ্তবয়স্ক পুরুষদের হত্যা করলেন** এবং অবশিষ্টদের (নারী ও শিশুদের) বন্দী করলেন। **আর তারা সেই দিনেই তাঁর হস্তগত হয়েছিল**।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

২৬৩৩। যুদ্ধের আগে মুশরিকদের ইসলাম গ্রহণের দাওয়াত দেয়ার নিয়ম ছিলো ইসলামের প্রাথমিক যুগে। **নবী(স) বনী মুসতালিকের উপর অতর্কিত আক্রমণ চালিয়েছেন। অথচ তারা মুসলিমদের এরূপ আক্রমণ সম্পর্কেই কিছুই জানতো না।** তাদের পশুগুলো তখন পানি পান করছিলো। এমতাবস্থায় অতর্কিত আক্রমণ করে তিনি তাদের যুদ্ধে সক্ষম ব্যক্তিদের হত্যা করলেন এবং অবশিষ্টদের বন্দী করলেন। **আর সেদিনই জুয়াইরিয়া (অমুসলিম গোত্রটির অত্যন্ত সুন্দরী এক নারী) নবী (স) এর হাতে বন্দী হন।**

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছদঃ **অমুসলিম দেশের** কোন গোত্রে আযানের ধ্বনি শোনা গেলে সেই গোত্রের উপর হামলা করা থেকে বিরত থাকা।

৭৩৩। আনাস (রা) থেকে বর্ণিত যে, তিনি বলেন, **রাসুলুল্লাহ সা ভোরে শত্রুর বিরুদ্ধে আক্রমণ পরিচালনা করতেন**। আযান শোনার অপেক্ষা করতেন। আযান শুনতে পেলে আক্রমণ করা থেকে বিরত থাকতেন। আযান শুনতে না পেলে আক্রমণ করতেন।


৪২৬৯ উসামাহ ইবনু যায়িদ (রা) বলেন, রাসূলুল্লাহ সা আমাদেরকে হুরকা **গোত্রের বিরুদ্ধে পাঠিয়েছিলেন**। **আমরা খুব ভোরে গোত্রটির উপর আক্রমণ করি**।

৪৩৬১ জাবির ইবনু আবদুল্লাহ (রা) বলেন, **রাসূলুল্লাহ সা আমাদের তিনশ সাওয়ারীর একটি সৈন্যবাহিনীকে কুরাইশদের একটি কাফেলার উপর সুযোগ মতো আক্রমণ চালানোর জন্য পাঠিয়েছিলেন**।

↥

১৮৪৬ মক্কা বিজয়ের বছর আল্লাহর রাসূল সা লৌহ শিরস্ত্রাণ পরিহিত অবস্থায় মক্কা প্রবেশ করেছিলেন। এক ব্যক্তি এসে তাঁকে বললেন, ইবনু খাতাল কাবার গিলাফ ধরে আছে। রাসূল বললেনঃ তাকে তোমরা হত্যা কর।

সীরাতুন নবী (সা.) ২য় খন্ড- ইবনে হিশাম (র.), পৃষ্ঠা ৩২৭



বদর যুদ্ধ ৩২৭

নাযর ও উক্‌বার হত্যা

ইব্‌ন ইসহাক বলেন : রাসূলুল্লাহ্‌ (সা) যখন সাফরা নামক স্থানে ছিলেন, তখন নাযর ইব্‌ন হারিস নিহত হয়। আলী ইব্‌ন আবূ তালিব (রা) তাকে হত্যা করেন। এরপর তিনি (সা) সেখান থেকে বের হয়ে যখন আরকু যাবিয়াতে পৌছেন, তখন উক্‌বা ইব্‌ন আবূ মুয়াইত নিহত হয়। তাকে বনূ আজলানের আবদুল্লাহ্‌ ইব্‌ন সালামা (রা) বন্দী করেছিলেন। হত্যার নির্দেশ দেয়ার পর উকবা রাসূলুল্লাহ্‌ (সা)-কে জিজ্ঞেস করল : হে মুহাম্মদ! আমার ছেলেমেয়েদের দেখাশুনার জন্য কে রইল? তখন রাসূলুল্লাহ্‌ (সা) বললেন : আগুন। এরপর বনূ আমর ইব্‌ন আওফের আসিম ইব্‌ন সাবিত ইব্‌ন আবূ আফলাহ আনসারী (রা) উকবাকে হত্যা করলেন। এ

তিরমিজী (তাহকিককৃত)

পরিচ্ছদঃ অমুসলিমদের এলাকায় **অগ্নিসংযোগ ও বাড়িঘর ধ্বংস সাধন।**

১৫৫২। ইবনু উমার (রা) হতে বর্ণিত আছে, **কাফের বনু নাযীর গোত্রের খেজুর বাগানে** রাসূলুল্লাহ সা **অগ্নিসংযোগ করেন এবং গাছগুলো কেটে ফেলেন**। তখন আল্লাহ এই বিষয়ে আয়াত অবতীর্ণ করেন- "তোমরা যেসব খেজুরের গাছ কেটেছ বা এদের কাণ্ডের উপর যেগুলোকে স্বঅবস্থায় দাড়িয়ে থাকতে দিয়েছ, তা সবই আল্লাহর অনুমতিক্রমেই করেছ, যাতে তিনি ফাসিকদের লাঞ্ছিত করতে পারেন"(সূরাঃ হাশর–আয়াত ৫)।


সহীহ বুখারী (তাওহীদ)৬৯১৫, ইবনে মাজাহ

পরিচ্ছদঃ কাফের ব্যক্তিকে হত্যার দায়ে মুসলিম ব্যক্তিকে হত্যা করা যাবে না, কাফেরের বদলে মুসলিমকে হত্যা করা যাবে না।

২৬৫৮। রাসূলুল্লাহ সা বলেনঃ কোন অমুসলিমকে হত্যার অপরাধে কোন মুসলমানকে হত্যা করা যাবে না।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত), রক্তমূল্য(দিয়াত), পরিচ্ছেদঃ কাফির হত্যার দায়ে মুসলিমকে হত্যা করা হবে কি না?

৪৫৩০। রাসূলুল্লাহ সা বলেনঃ **সাবধান! কোনো মুমিনকে কোনো কাফির হত্যার অপরাধে- হত্যা করা যাবে না।**



ফিক্‌হে ওসমান রাদিয়াল্লাহু আনহু ১৫৫

[খ.১] মুসলিম কর্তৃক কোনো অমুসলিমের ক্ষতি সাধন ঃ কোনো মুসলমানের হাতে যদি কোনো অমুসলিম (সে যিম্মি হোক কিংবা না হোক) নিহত হয়, সে জন্য মুসলিম থেকে কিসাস গ্রহণ করা যাবে না। এ ক্ষেত্রে দিয়াত গ্রহণ করতে হবে। এজন্য হযরত ওসমান (রা) কোনো মুশরিককে হত্যা করার কারণে কোনো মুসলমান থেকে কিসাস গ্রহণ করতেন না। তার সময়ে একজন মুসলমান এক যিম্মীকে ইচ্ছে করে হত্যা করেন। সে জন্য তিনি কিসাস গ্রহণ করেননি বরং দিয়াতু মুগাল্লাযা (অর্থাৎ পুরো দিয়াত) প্রদানের নির্দেশ দেন।[৯] যদি কোনো মুসলমান

অমুসলিমের জীবনের মূল্য ইসলামি শরিয়তের দৃষ্টিতে কম। অমুসলিমদের হত্যার জন্য কোন মুসলিমকে মৃত্যুদণ্ড দেয়া যাবে না। তাহলে অমুসলিম হত্যার জন্য কী শাস্তি দেয়া হবে? ইসলামের বিধান অনুসারে, অমুসলিম হত্যার জন্য রক্তপণ বা দিয়াত দিতে হবে এবং তবে তা হবে- মুসলিমের অর্ধেক দাম।

সুনানে ইবনে মাজাহ, রক্তপণ, পরিচ্ছেদঃ কাফের-এর দিয়াত

২৬৪৪। রাসূলুল্লাহ সা ফয়সালা দেন যে, **ইয়াহূদী ও খৃষ্টানদের দিয়াত হবে মুসলমানদের দিয়াতের অর্ধেক**।

আবু দাউদ (ইফা), রক্তপণ/রক্তমূল্য, পরিচ্ছেদঃ যিম্মীর দিয়াত সম্পর্কে।

৪৫১৪। নবী সা বলেছেনঃ **যিম্মীর দিয়াত হলো স্বাধীন ব্যক্তির দিয়াতের অর্ধেক**।

৩৯১১ নবী সা ইয়াহূদী সম্প্রদায়কে ডেকে পাঠালেন। তারা এসে তার কাছে উপস্থিত হল। তিনি বললেন, হে ইয়াহূদী সম্প্রদায়, তোমরা নিশ্চয়ই জান যে আমি সত্য রাসূল, সত্য নিয়েই তোমাদের নিকট এসেছি। সুতরাং তোমার ইসলাম গ্রহণ কর।
তারা উত্তর দিল, আমরা এসব জানিনা। তারা তিনবার একথা বলল।
৩৯৪১ নবী সা বলেন- তিনি বলেন, যদি আমার উপর দশজন ইয়াহূদী ঈমান আনত তবে গোটা ইয়াহূদী সম্প্রদায়ই ঈমান আনত।

তিরমিজী (তাহকীককৃত)
১৬০২,১৬০৮। রাসূলুল্লাহ সা বলেনঃ **তোমরা রাস্তায় চলাচলের সময় ইয়াহুদী-খ্রিষ্টানদের কারো সাথে দেখা হলে তাকে রাস্তার কিনারায় ঠেলে দিও**।
হাদীসটির তাৎপর্য হলো, মুসলিমদের প্রতি নির্দেশ হল এদের(ইয়াহূদী খৃষ্টানদের)কে লাঞ্ছিত করার। এমনিভাবে পথে এদের কারো পাওয়া গেলে তার জন্য পথ ছাড়া হবে না কেননা, এতে তাদের প্রতি সম্মান প্রদর্শন করা হয়।

২৯২৫ রাসূল সা বলেছেন, তোমরা ইয়াহূদীদের বিরুদ্ধে যুদ্ধ করবে। এমনকি তাদের কেউ যদি পাথরের আড়ালে লুকিয়ে থাকে তাহলে **পাথরও বলবে**, 'হে আল্লাহর বান্দা, **আমার পেছনে ইয়াহূদী আছে, তাকে হত্যা কর**।'

রিয়াযুস স্বা-লিহীন (তাওহীদ)
১৮২৯। রাসূলুল্লাহ সা বলেছেন, **"কিয়ামত সংঘটিত হবে না, যে পর্যন্ত মুসলিমরা ইহুদীদের বিরুদ্ধে যুদ্ধ না করবে। এমনকি ইহুদী পাথর ও গাছের আড়ালে আত্মগোপন করলে পাথর ও গাছ বলবে 'হে মুসলিম! আমার পিছনে ইহুদী রয়েছে। এসো, ওকে হত্যা কর।' কিন্তু গারক্বাদ গাছ এরূপ বলবে না। কেননা এটা ইহুদীদের গাছ**।"

৪৩৭ রাসূল সাঃ বলেনঃ আল্লাহ ইয়াহূদীদের ধ্বংস করুন। কেননা তারা তাদের নবীদের কবরকে মাসজিদ বানিয়ে নিয়েছে।
৩৮৭৩ নবী সা বলেন, খ্রিষ্টানদের কোন নেক্কার লোক মারা গেলে তারা তার কবরের উপর মাসজিদ তৈরি করত এবং এসব ছবি অঙ্কিত করে রাখত, **এরাই** কিয়ামতের দিনে **আল্লাহর সর্ব নিকৃষ্ট সৃষ্টি হিসেবে গণ্য হবে**।

অমুসলিমদের প্রতি বদদোয়া, অভিশাপ ও দুর্ভিক্ষ হওয়ার দোয়া করত নবী

৪০৭০ রাসূলুল্লাহ সা সাফওয়ান ইবনু উমাইয়াহ, সুহায়ল ইবনু আমর এবং হারিস ইবনু হিশামের জন্য বদ দুআ করতেন।

২৮০১ আল্লাহ্ ও রাসূলের প্রতি বিরুদ্ধাচরণ করার কারণে আল্লাহর রাসূল সা ক্রমাগত চল্লিশ দিন যাকওয়ান, বানূ উসাইয়্যা গোত্রের বিরুদ্ধে দুআ করেন।

৮০৪ রাসূল সা বললেনঃ হে আল্লাহ্! মুদার গোত্রের উপর আপনার পাকড়াও কঠোর করুন, ইউসুফ (আ.)-এর যুগে যেমন খাদ্য সংকট ছিল তাদের জন্যও তেমন খাদ্য সংকট সৃষ্টি করে দিন। আবূ হুরাইরা (রা) বলেন পূর্বাঞ্চলের অধিবাসী মুদার গোত্রের লোকেরা নবী সা এর বিরোধী ছিল।
৬২০০, ১০০৬ নবী সা সালাতের রুকু থেকে মাথা তুলে দুআ করলেনঃ হে আল্লাহ্! মুযার গোত্রের উপর তোমার শাস্তি কঠোর করে দাও। **ইউসুফ আ. এর সময়ের দুর্ভিক্ষের বছরগুলোর মত এদের উপরেও কয়েক বছর দুর্ভিক্ষ দাও**।

৪৬৯৩ আবদুল্লাহ্ (রা) বলেন- **যখন কুরাইশগণ রাসূলুল্লাহ্ সা-এর ইসলামের দাওয়াত অস্বীকার করল, তখন তিনি আল্লাহর নিকটে আরয করলেন, হে আল্লাহ্! যেমনিভাবে আপনি ইউসুফ (আ.)-এর সময় সাত বছর ধরে দুর্ভিক্ষ দিয়েছিলেন, তেমনিভাবে ওদের ওপর দুর্ভিক্ষ দিন**।

৪৫৬০ আবূ হুরাইরাহ (রা) বলেন- রাসূলুল্লাহ সা কয়েকটি গোত্রের ব্যাপারে ফজরের নামাযে বলতেন, **হে আল্লাহ! অমুক এবং অমুককে অভিশাপ দিন।**

[read also pg-272] [নবী ও তার মহান সাহাবী আবু বকরও মানুষকে অশ্লীল গালাগালি করতো, পড়ুন ২২৬-২২৭ পৃষ্ঠা]

↥

অন্যান্য ধর্মালম্বীদের তাদের নিজ ভূমি থেকে উচ্ছেদ করতেন নবী, হুমকি দিয়ে জোরপূর্বক ধর্ম গ্রহণে বাধ্য করতেন নবী

সূনান আত তিরমিজী (তাহকীককৃত) ১৬০৭। সহীহ মুসলিম (হাদিস একাডেমি)

4486। রাসূলুল্লাহ সা বলেনঃ **নিশ্চয়ই আমি ইয়াহুদী ও খ্রীষ্টান সম্প্রদায়কে আরব উপ-দ্বীপ থেকে অবশ্যই বহিষ্কার করব (বিতাড়িত করব)**। পরিশেষে মুসলমান ব্যতীত অন্য কাউকে এখানে বসবাস করতে দেবো না।

৬৯৪৪ আবূ হুরাইরাহ (রা) বলেন, একবার আমরা মসজিদে ছিলাম। হঠাৎ **রাসূলুল্লাহ্ সা বেরিয়ে এসে আমাদের বললেনঃ তোমরা ইয়াহূদীদের কাছে চল। আমি তাঁর সঙ্গে বের হয়ে গেলাম এবং তাদের শিক্ষাকেন্দ্রে গিয়ে পৌঁছলাম। তখন নবী সা দাঁড়িয়ে তাদেরকে উদ্দেশ্য করে বললেনঃ হে ইয়াহূদী সম্প্রদায়! তোমরা মুসলিম হয়ে যাও, নিরাপদ থাকবে। এটাই আমি চাই। তোমরা জেনে রেখো, যমীন কেবল আল্লাহ্ ও তাঁর রাসূলের। আমি তোমাদেরকে দেশান্তর করতে মনস্থ করেছি। তাই তোমাদের যার অস্থাবর সম্পত্তি রয়েছে, তা যেন সে বিক্রি করে ফেলে। তা না হলে জেনে রেখো, যমীন কেবল আল্লাহ্ ও তাঁর রাসূলের।**

৩১৬৭ রাসূল সা একদা মসজিদ থেকে বের হলেন এবং বললেন, তোমরা ইয়াহূদীদের কাছে চল। আমরা চললাম এবং তাদের পাঠকেন্দ্রে পৌঁছলাম। রাসূল সা তাদের উদ্দেশে বললেন, তোমরা ইসলাম গ্রহণ কর, তাহলে নিরাপত্তা পাবে। **আর তা না হলে জেনে রাখ, পৃথিবী আল্লাহ তাআলা ও তাঁর রাসূলের। আমি ইচ্ছা করেছি, আমি তোমাদের এ দেশ হতে নির্বাসিত করব।**

সহীহ বুখারী (ইফা)২৮৩৮। **রাসূলুল্লাহ সা এর মৃত্যুর সময় ওসীয়ত করেন**- মুশরিকদেরকে আরব উপদ্বীপ থেকে বিতাড়িত কর।

২৩৩৮ উমার (রা)- **ইয়াহূদী ও খ্রিষ্টানদের হিজায হতে নির্বাসিত করেন।** রাসূল সা যখন খায়বার জয় করেন, তখন ইয়াহূদীদের সেখান হতে বের করে দিতে চেয়েছিলেন। কেননা যখন তিনি কোন স্থান জয় করেন, তখন তা আল্লাহ, তাঁর রাসূল ও মুসলিমদের জন্য হয়ে যায়। কাজেই ইয়াহূদীদের সেখান হতে বহিষ্কার করে দিতে চাইলেন। তখন ইয়াহূদীরা রাসূল সা এর কাছে অনুরোধ করল, যেন তাদের সে স্থানে বহাল রাখা হয় এ শর্তে যে, তারা সেখানে চাষাবাদ করবে আর ফসলের অর্ধেক তাদের থাকবে। রাসূল সা তাদের বললেন, আমরা এ শর্তে তোমাদের এখানে বহাল থাকতে দিব আমাদের যতদিন ইচ্ছা। কাজেই তারা সেখানে বহাল রইল। অবশেষে উমার (রা) তাদেরকে নির্বাসিত করে দেন।

সহীহ বুখারী (ইফা)

পরিচ্ছেদঃ খেজুর গাছ ও অন্যান্য গাছ কেটে ফেলা।

২১৭৫। **নবী সা বনূ নাযির গোত্রের** বুওয়াইরা নামক স্থানে অবস্থিত বাগানটির **খেজুর গাছ জ্বালিয়ে দিয়েছেন এবং বৃক্ষ কেটে ফেলেছেন।** এ সম্পর্কে হাসান (রা) (তাঁর রচিত কবিতায়) বলেছেন, বুওয়াইরা নামক স্থানে অবস্থিত বাগানটিতে দাউ দাউ করে আগুন জ্বলছে।

৪০৩১ রাসূলুল্লাহ্ সা বনু নাযীর গোত্রের যে খেজুর গাছ ছিল তার কিছু জ্বালিয়ে দিয়েছিলেন এবং কিছু কেটে ফেলেছিলেন। এ সম্পর্কে অবতীর্ণ হয়ঃ "তোমরা যে খেজুর গাছগুলি কেটে ফেলেছ অথবা যেগুলো কান্ডের উপর ঠিক রেখে দিয়েছ, তা তো আল্লাহরই অনুমতিক্রমে"(৫৯/৫)।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

জিহাদ ও সফর

পরিচ্ছেদঃ **কাফিরদের গাছপালা কাটা ও জ্বালিয়ে দেয়া বৈধ**

৪৪৪৪। আবদুল্লাহ (রা) হতে বর্ণিত, **রসূলুল্লাহ সা নাযীর গোত্রের খেজুর বাগান জ্বালিয়ে দিলেন এবং কেটে দিলেন।**

৪১১০ খন্দকের যুদ্ধের দিন কাফিরদের সম্মিলিত বাহিনী মদিনা ছেড়ে যেতে বাধ্য হলে নবী সা বলেন, এখন থেকে আমরাই তাদেরকে আক্রমণ করব। তারা আমাদেরকে আক্রমণ করতে পারবে না। আর আমরা তাদের এলাকায় গিয়ে আক্রমণ চালাব।







Thousands of Bangladeshi Muslims Burn over 10 Buddhist Temples in Ramu (Aljazeera; September 30, 2012)

৩০২০ জারীর (রা) বলেন- আমাকে আল্লাহর রাসূল সা বললেন, তুমি আমাকে যুলখালাসার ব্যাপারে শান্তি দাও। যুলখালাসায় **খাশআম গোত্রের একটি মূর্তিঘর ছিল। তখন আমি দেড়শ অশ্বারোহীকে সঙ্গে নিয়ে রওয়ানা করলাম। অতঃপর জারীর (রাঃ) সেখানে যান এবং যুলখালাসা মন্দির ভেঙ্গে ফেলেন ও জ্বালিয়ে দেন**। অতঃপর রাসূল সাসে সংবাদ শুনে সে অশ্বারোহীদের জন্য পাঁচবার বরকতের দুআ করেন।

সহীহ বুখারী- ইফা ৩৫৪৯, তাওহীদ ৪৩৫৫ জারীর (রা) বলেন, জাহিলিয়্যাতের যুগে (খাসআম গোত্রের একটি প্রতীমা রক্ষিত মন্দির) যুল-খালাসা নামে একটি ঘর ছিল। যাকে কাবায়ে ইয়ামানী ও কাবায়ে শামী বলা হত।। নবী সা আমাকে লক্ষ্য করে বললেন, তুমি কি যুল-খালাসা থেকে আমাকে শান্তি দিতে পার? এ কথা শুনে আমি আহমাস গোত্রের ১৫০ জন অশ্বারোহী নিয়ে ছুটে চললাম। **আমরা (প্রতীমা ঘরটি) বিধ্বস্ত করে দিলাম** এবং **সেখানে যাদেরকে পেলাম তাদের হত্যা করে ফেললাম**। তারপর নবী সা এর কাছে ফিরে এসে তাঁকে এ সংবাদ **জানালাম। রাসুলুল্লাহ (সা) অত্যন্ত খুশী হয়ে আমাদের জন্য এবং আহমাস গোত্রের জন্য দু'আ করলেন**।

সহীহ বুখারী (ইফা)

৪০১৮। জারীর (রাঃ) বলেন, আমাকে রাসূলুল্লাহ সা বললেন, তুমি কি আমাকে যুল-খালাসার পেরেশানী থেকে স্বস্তি দেবেনা? আমি বললাম: অবশ্যই। এরপর আমি আমাদের আহমাস গোত্র থেকে একশত পঞ্চাশ জন অশ্বারোহী সৈনিক নিয়ে চললাম। তাদের সবাই ছিলো অশ্ব পরিচালনায় অভিজ্ঞ। **যুল-খালাসা ছিলো ইয়ামানের অন্তর্গত খাসআম ও বাজীলা গোত্রের একটি তীর্থ ঘর। সেখানে কতগুলো মূর্তি স্থাপিত ছিলো। লোকেরা এগুলোর পূজা করত এবং এ ঘরটিকে বলা হতো কা'বা**। রাবী(বর্ণনাকারী) বলেন, এরপর তিনি সেখানে গেলেন এবং ঘরটি আগুন দিয়ে জ্বালিয়ে দিলেন আর এর ভিটামাটিও চুরমার করে দিলেন। রাবী আরো বলেন, আর যখন জারীর (রাঃ) ইয়ামানে গিয়ে উঠলেন তখন সেখানে এক লোক থাকত, সে তীরের সাহায্যে ভাগ্য নির্নয় করত, একদা সে ভাগ্য নির্নয়ের কাজে লিপ্ত ছিল, সেই মূহুর্তে জারীর (রাঃ) সেখানে পৌঁছে গেলেন। তিনি বললেন, **তীরগুলো ভেঙ্গে ফেল এবং আল্লাহ্ ছাড়া অন্য কোন উপাস্য নেই- এ কথার সাক্ষ্য দাও, অন্যথায় তোমার গর্দান উড়িয়ে দেব**। লোকটি তখন তীরগুলো ভেঙ্গে ফেলল এবং আল্লাহ্ ছাড়া কোন ইলাহ নেই, এ কথার সাক্ষ্য দিল। এরপর জারীর (রা), এক ব্যক্তির মাধ্যমে খবর পাঠালেন-**"ইয়া রাসূলাল্লাহ! ঘরটিকে ঠিক খুজলি-পাঁচড়া আক্রান্ত উটের মতো কালো করে রেখে আমি এসেছি**। এ কথা শুনে রাসূলুল্লাহ সা আহমাস গোত্রের অশ্বারোহী এবং পদাতিক সৈনিকদের সার্বিক কল্যাণ ও বরকতের জন্য পাঁচবার দোয়া করলেন।

খাছআম গোত্রের ইবাদতখানা ভাংগার ঘটনা বর্ণনা করেছেন। তারা এটাকে ইয়ামানী কা'বা বলতো এবং মক্কার কা'বা গৃহের শাখা মনে করতো। তারা মক্কার কা'বাকে আল-কা'বাতুল শামিয়া (সিরিয়ার কা'বা) এবং তাদের ওটাকে আল-কা'বাতুল ইয়ামানিয়া (ইয়ামানী কা'বা) বলতো। ইমাম বুখারী বলেন ঃ ইউসুফ ইব্ন মূসা - - - - জারীর (রা) সূত্রে বর্ণিত যে, তিনি বলেছেন, রাসূলুল্লাহ্ (সা) আমাকে বললেন, "তুমি কি আমাকে যুল-খালাসার দুশ্চিন্তা থেকে মুক্ত করবে না"? আমি বললাম "জ্বী, হ্যাঁ"। তখন আমি আহমাস গোত্রের একশ' পঞ্চাশজন অশ্বারোহী বাহিনী নিয়ে ছুটে চললাম। এরা সবাই ছিল ঘোড়-সাওয়ারে পারদর্শী। কিন্তু আমি ঘোড়ার পিঠে স্থির থাকতে পারতাম না। রাসূলুল্লাহ্ (সা)-এর নিকট আমার এ বিষয়টি ব্যক্ত করলে তিনি তাঁর মুবারক হাত দ্বারা আমার বুকে একটি মৃদু আঘাত করলেন। আমি আমার বুকে তার হাতের স্পর্শের প্রভাব অনুভব করলাম। আঘাতের সাথে তিনি দু'আ করলেন ঃ "হে আল্লাহ্ ! তাকে স্থির হয়ে থাকতে দিন এবং তাকে হিদায়াত লাভকারী ও হিদায়াত দানকারী হিসেবে কবূল করুন"। জারীর (রা) বলেন, এরপর আর কখনও আমি ঘোড়ার উপর থেকে পড়ে যাইনি। তিনি বলেন, যুল-খালাসা ছিল ইয়ামানের অন্তর্গত খাছআম ও বুজায়লা গোত্রের ইবাদত গৃহ। সেখানে কিছু মূর্তি স্থাপিত ছিল। লোকেরা এর পূজা করতো। এ ঘরটিকে বলা হতো ইয়ামানী কা'বা। বর্ণনাকারী বলেন, তিনি সেখানে এসে ঘরটিকে ভেংগে দিলেন এবং আগুন দিয়ে জ্বালিয়ে দিলেন। বর্ণনাকারী আরও বলেন, জারীর (রা) যখন ইয়ামানে পৌছেন তখন সেখানে এক ব্যক্তি থাকতো এবং সে তীরের সাহায্যে ভাগ্য গণনা করতো। তাকে বলা হলো, রাসূলুল্লাহ্ (সা)-এর দূত এখানে আছেন, তোমাকে ধরতে পারলে গর্দান উড়িয়ে দিবেন। একদিন সে তীর দিয়ে ভাগ্য গণনা কাজে রত ছিল। এমন সময় জারীর (রা) সেখানে উপস্থিত হন। তিনি তাকে বললেন, "তীরগুলো ভেংগে ফেলো ও আল্লাহ্ ছাড়া আর কোন ইলাহ্ নেই এ কথার সাক্ষ্য দাও ; অন্যথায় তোমার গর্দান উড়িয়ে দিব"। লোকটি তখন তীরগুলো ভেংগে ফেললো এবং এক আল্লাহ্র সাক্ষ্য দিল। এরপর জারীর (রা) আহমাস গোত্রের আরতাত নামক এক ব্যক্তিকে এ সংবাদ জানাবার জন্যে রাসূলুল্লাহ্ (সা)-এর নিকট পাঠিয়ে দেন। লোকটি নবী করীম (সা)-এর নিকট উপস্থিত হয়ে

বিভিন্ন অভিযান ও প্রতিনিধি প্রেরণ (السرايا والبعوث) : (১) মক্কা বিজয়ের সঙ্গে সংশ্লিষ্ট যাবতীয় কাজকর্ম সুসম্পন্ন করার পর যখন তিনি কিছুটা অবকাশ লাভ করলেন তখন ৮ম হিজরীর ২৫ রমযান উয্যা নামক দেব মূর্তি বিনষ্ট করার উদ্দেশ্যে খালিদ বিন ওয়ালিদ (রা)-এর নেতৃত্বে একটি ছোট সৈন্যদল প্রেরণ করলেন। উয্যা মূর্তির মন্দিরটি ছিল নাখলা নামক স্থানে। এটি ভেঙ্গে ফেলে খালিদ (রা) প্রত্যাবর্তন করলে রাসূলুল্লাহ (সা) তাঁকে জিজ্ঞেস করলেন, (هل رأيت شيئا؟) 'তুমি কি কিছু দেখেছিলে?' খালিদ (রা) বললেন, 'না' রাসূলুল্লাহ (সা) ইরশাদ করলেন, (فإنك لم تهدمها فارجع إليها فاهدمها) 'তাহলে প্রকৃতপক্ষে তুমি তা ভাঙ্গ নি। পুনরায় যাও এবং তা ভেঙ্গে দাও।' উত্তেজিত খালিদ (রা) কোষমুক্ত তরবারি হস্তে পনুরায় সেখানে গমন করলেন। এবারে বিক্ষিপ্ত ও বিস্রস্ত চুলবিশিষ্ট এক মহিলা তাঁদের দিকে বের হয়ে এল। মন্দির প্রহরী তাকে চিৎকার করে ডাকতে লাগল। কিন্তু এমন সময় খালিদ (রা) তরবারি দ্বারা তাকে এতই জোরে আঘাত করলেন যে, তার দেহ দ্বিখণ্ডিত হয়ে গেল। এরপর রাসূলুল্লাহ (সা)-কে তিনি এ সংবাদ অবগত করালে তিনি বললেন, (نعم، تلك العزى، وقد أيست أن تعبد في بلادكم أبدا) 'হ্যাঁ', সেটাই ছিল ওয্যা। এখন তোমাদের দেশে তার পূজা অর্চনার ব্যাপারে সে নিরাশ হয়ে পড়েছে (অর্থাৎ কোন দিন তার আর পূজা অর্চনা হবে না)।

২. এরপর নাবী করীম (সা) সে মাসেই আমর ইবনুল 'আস (রা)-কে 'সোয়া' নামক বেদমূর্তি ভাঙ্গার জন্য প্রেরণ করেন। এ মূর্তিটি ছিল মক্কা হতে তিন মাইল দূরত্বে 'রেহতা' নমাক স্থানে বনু হোযাইল তখন প্রহরী একটি

দেবমূর্তি। আমর যখন সেখানে গিয়ে পৌছেন তখন প্রহরী জিজ্ঞেস করল, 'তোমরা কি চাও?' তিনি বললেন, 'আল্লাহর নাবী ﷺ এ মূর্তি ভেঙ্গে ফেলার জন্য আমাদের নির্দেশ প্রদান করেছেন।'

অতঃপর মূর্তিটির নিকট গিয়ে তিনি তা ভেঙ্গে ফেললেন এবং সঙ্গীসাথীদের নির্দেশ প্রদান করলেন ধন ভাণ্ডার গৃহটি ভেঙ্গে ফেলতে। কিন্তু ধন-ভাণ্ডার থেকে কিছুই পাওয়া গেল না। অতঃপর তিনি প্রহরীকে বললেন, 'বল,

৩. এ মাসেই সা'দ বিন যায়েদ আশহলী (রা)-এর নেতৃত্বে বিশ জন ঘোড়সওয়ারী সৈন্য প্রেরণ করেন মানাত দেবমূর্তি ধ্বংসের উদ্দেশ্যে। কোদাইদের নিকট মোশাল্লাল নামক স্থানে আওস, খাযরাজ, গাসসান এবং অন্যান্য গোত্রের উপাস্য ছিল এ 'মানত' মূর্তি। সা'দ (রা)-এর বাহিনী যখন সেখানে গিয়ে পৌছেন তখন মন্দিরের প্রহরী বলল, 'তোমরা কি চাও?'


তাঁরা বললেন, 'মানাত বেদমূর্তি ভেঙ্গে ফেলার উদ্দেশ্যে আমরা এখানে এসেছি।'

সে বলল, 'তোমরা জান এবং তোমাদের কার্য জানে।'

সা'দ মানাত মূর্তির দিকে অগ্রসর হতে গিয়ে একজন উলঙ্গ কালো ও বিক্ষিপ্ত চুল বিশিষ্ট মহিলাকে বেরিয়ে আসতে দেখতে পেলেন। সে আপন বক্ষদেশ চাপড়াতে চাপড়াতে হায়! রব উচ্চারণ করছিল।

প্রহরী তাকে লক্ষ্য করে বলল, 'মানত! তুমি এ অবাধ্যদের ধ্বংস কর।'

কিন্তু এমন সময় সা'দ তরবারির আঘাতে তাকে হত্যা করলেন। অতঃপর মূর্তিটি ভেঙ্গে টুকরো টুকরো করে দিলেন। ধন-ভাণ্ডারে ধন-দৌলত কিছুই পাওয়া যায় নি।




বনু আল-নাদিরের সঞ্চিত ধনরত্নের হেফাজত ছিল কিনানা ইবনে আল-রাবির ওপর। তাকে রাসুলের (সা.) কাছে আনা হলে সে তা অস্বীকার করল, ওগুলো কোথায় আছে সে জানে না। একজন ইহুদি রাসুলের (সা.) কাছে এসে জানাল [তাবারির ভাষ্য: তাকে আনা হয়েছিল], সে কিনানাকে ধ্বংসাবশেষের একটি নির্দিষ্ট স্থানে রোজ সকালে যেতে দেখেছে। রাসুল (সা.) কিনানাকে বললেন, 'আমরা যদি প্রমাণ পাই তোমার কাছে সব ধনসম্পদ আছে, তাহলে তোমাকে হত্যা করা হবে, সেটা তুমি জানো?'

সে বলল, সে তা জানে।

রাসুল (সা.) হুকুম দিলেন, ধ্বংসাবশেষ খোদাই করে ধনরত্ন পেতে হবে। কিছু সম্পদ পাওয়া গেল। বাকি ধনরত্ন কোথায় রাসুল (সা.) তাকে জিজ্ঞেস করলে সে তা বলতে অস্বীকার করল। রাসুল (সা.) আল-জুবায়ের ইবনে আল-আওয়ামকে হুকুম দিলেন, 'ওর কাছে যা আছে বের করে না দেওয়া পর্যন্ত তাকে শাস্তি দাও।'

জুবায়ের তার বুকের ওপর চকমকি পাথর আর ইস্পাত রেখে তার ওপর অগ্নিসংযোগ করলেন। এই অবস্থায় তার শেষ দশা উপস্থিত হলো। তারপর রাসুল (সা.) তাকে মুহাম্মদ ইবনে মাসলামার হাতে তুলে দিলেন। মুহাম্মদ ইবনে মাসলামা তার শিরশ্ছেদ করে ভ্রাতহত্যার প্রতিশোধ নিল।



বিষয়ে মধ্যস্থতা ... ইবনে মাসুদ। এই সব শর্তে খাইবারের লোকজন আত্মসমর্পণ করে রাসুলের (সা.) কাছে অনুরোধ জানাল, তাদের জমিতে কাজ করতে দিলে অর্ধেক ফসল তারা গ্রহণ করবে, বাকি অর্ধেক রাসুলকে (সা.) দেবে। তারা বলল, 'জমির ব্যাপারে আমরা আপনাদের চেয়ে বেশি জানি, আর কৃষক হিসেবে আমরা ভালো।' রাসুল (সা.) এই শর্তে রাজি হলেন, 'যখন তোমাদের বহিষ্কার করতে চাইব, তখনই তোমাদের বহিষ্কার করে দেব।' ফাদাকের লোকজনের সঙ্গেও একই ব্যবস্থা গ্রহণ করা হলো। সুতরাং খাইবার মুসলমানদের যুদ্ধার্জিত সম্পত্তিতে পরিণত হলো। আর ফাদাক হয়ে গেল রাসুলের (সা.) ব্যক্তিগত সম্পত্তি। কারণ, তার বিরুদ্ধে কোনো ঘোড়া বা উটের সেখানে যেতে হয়নি।

সূনান তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

১০৪৯। আলী (রা) বলেছেন, নবী সা আমাকে যে দায়িত্ব দিয়ে প্রেরণ করেছিলেন, তা হলো, **কোন প্রতিকৃতি বিধ্বংস করা ব্যতীত ছাড়বে না**।

↥

Islamweb, Islamqa থেকে বাংলা অনুবাদ-

প্রশ্নঃ কুরআনে আল্লাহ বলেছেন যে, ইব্রাহিম মুর্তি ভেঙে মানুষকে এটাই বোঝাতে চেয়েছিলেন যে মুর্তির কোন শক্তি নেই। কুরআনের আরেক জায়গায় ইব্রাহিম প্রবর্তিত ধর্মকে অনুসরণ করতে বলা হয়েছে। এখন, হিন্দু দেশে বসবাসকারী মুসলিমদের কি মুর্তি ভাঙা বাধ্যতামূলক? এতে কি ধর্মীয় ঘৃণা ছড়ানো এবং সাম্প্রদায়িক সন্ত্রাস হয়ে যাবে না? ইসলামিক দেশে হিন্দু মন্দির স্থাপন করা কি জায়েজ? ইসলামে প্রতিকৃতি ভাঙ্গা কি আবশ্যক; এমনকি সেটা যদি মানব ঐতিহ্য ও সভ্যতার ঐতিহ্য হয় তবুও?


উত্তরঃ ইসলামে মুর্তি ভাঙার নির্দেশনা বিষয়ে আমরা পাই,

আলী ইবনে আবু তালিব বললেন, নবী আমাকে যে কাজে পাঠিয়েছিলেন,তোমাকেও সে কাজে পাঠাতে পারি কি-কোন মুর্তি আস্ত রাখবে না, যতক্ষন পর্যন্ত সেগুলো ধংসস্তুপ হয়। যতক্ষণ পর্যন্ত না সেই উচু ধ্বংসস্তুপ সমতল ভূমিতে পরিণত হয়।(মুসলিম)

আর ইব্রাহিম নবী যা করেছেন, তিনি সক্ষমতা অর্জনের পরেই কাজটা করেছিলেন। **মুর্তি ধ্বংসের কাজটা তখনই করতে হবে, যখন সেটার সামর্থ্য আপনার হবে।**

খারাপকে বদলাবার ব্যাপারে ইব্রাহিম নবীর দৃঢ় মনোভাব ছিল কারণ নিজ হাতে মুর্তি ভাঙার উদয়োগ তার দৃঢ় ইচ্ছার বিষয়টি নিশ্চিত করে। কিন্তু মুর্তি পূজারীদের উপস্থিতিতে তিনি সেটা করতে পারতেন না। কারণ, এর ফলে সেই প্রচেষ্টা ব্যার্থ হতে পারে। খারাপকে বদলাবার মানে হল, যতটা সম্ভব কমিয়ে আনা ও নিজ হাতে ধ্বংস করা। সেটা তখনই সম্ভব, যখন আপনার সামর্থ্য হবে। সবশেষে, মুসলিম দেশে কোন অমুসলিম মন্দির স্থাপন কিংবা কোন মুসলিম দেশকে করতে দেয়া, মুসলমানের পক্ষে মেনে নেয়া সম্ভব না। হযরত উমরের ইসলামিক শাসনের অধীনে অমুসলিমদের জিজিয়ার বিনিময়ে নিরাপত্তা দিয়ে শর্ত দিয়েছিলেন, আমরা আমাদের নগরে কোন ধর্মালয় তৈরী করতে দেব না।"

আর মূর্তিগুলো না ভাঙ্গার পক্ষে এ কথা বলে কারণ দর্শানো যে, এ মূর্তিগুলো মানব ঐতিহ্য- এমন কথার প্রতি দৃষ্টিপাতের সুযোগ নাই। এগুলো ঐতিহ্য ঠিকই; কিন্তু হারাম ঐতিহ্য যা ধ্বংস করা ওয়াজিব। যখন আল্লাহ্ ও তাঁর রাসূলের নির্দেশ এসে যায় তখন একজন মুমিন দেরী না করে সে নির্দেশ পালন করে। এ সমস্ত দুর্বল যুক্তি দিয়ে আল্লাহ্ ও তাঁর রাসূলের আদেশকে প্রত্যাখ্যান করে না।



৫৯৪ তাফসীরে জালালাইন : আরবি-বাংলা, সপ্তম খণ্ড [৩০তম পারা]

سُورَةُ الْكٰفِرُوْنَ : সূরা আল-কাফিরূন

কাজেই একে বিভিন্ন ধর্মের মাঝে সমঝোতা সৃষ্টির ফর্মূলা পেশকারী সূরা মনে করার কোনো প্রশ্নই হবে না। আর কুফর যেখানে যেরূপ অবস্থায়ই থাকুক না কেন মুসলমানদেরকে তা হতে নিজেদের কথা ও কাজের মাধ্যমে সম্পূর্ণ সম্পর্কহীনতা ও বর্জনের ঘোষণা করতে হবে।

দীনের ব্যাপারে মুসলমানরা যে কাফেরদের সাথে কোনো প্রকার সন্ধি-সমঝোতার আচরণ গ্রহণ করতে পারে না। তা কোনো রূপ খাতির-উদারতা ও সংকোচ-কুণ্ঠা ব্যতিরেকেই স্পষ্ট ভাষায় জানিয়ে দিতে হবে। আর আগুন ও পানির ন্যায় ইসলাম ও কুফরি দু'টি বিপরীতমুখি আদর্শ। কেননা ইসলাম হলো আল্লাহ প্রদত্ত একত্ববাদের ধর্ম, আর কুফরি মানব রচিত মানব মন গড়ানীতি, ইসলামের পরিপন্থি। মুসলমানদের উপাস্য একমাত্র আল্লাহ। আর কাফেরদের উপাস্য তারা ধার্য করেছিল ৩৬০টি মূর্তিকে অতএব, মুসলমান ও অমুসলমানদের নীতি সম্পূর্ণ স্বতন্ত্র। -[আশরাফী]

لَكُمْ دِيْنُكُمْ وَلِيَ دِيْنِ বলার কারণ : অর্থাৎ তোমাদের দীন তোমাদের, আমার দীন আমার। এ আয়াতটির অর্থ অবলোকন করে অনেক লোক বিভ্রান্ত হয়। তারা বলে- তা দ্বারা ইসলাম অন্যান্য ধর্মাবলম্বীদের ধর্মের স্বীকৃতি দিয়েছে।

এ আয়াত ইসলামের প্রথম যুগে মক্কায় অবতীর্ণ হয়, তখন জিহাদের বিধান অবতীর্ণ হয়নি। তাই কতিপয় তাফসীরকার বলেন- এ আয়াতের বিধান দ্বারা কাফেরদেরকে ইসলামের প্রথম যুগে ধর্ম পালনের যেটুকু অবকাশের কথা ভাবা যায়, তা জিহাদের বিধান দ্বারা রহিত করা হয়েছে। মক্কা বিজয়সহ অন্যান্য লড়াইগুলোই এর জ্বলন্ত প্রমাণ। বস্তুত দীনকে ধর্ম অর্থ গ্রহণ করলে আমরা এ কথাও বলতে পারি, এটা ঠিক অনুরূপ কথার ন্যায়, যেমন আমরা ধিক্কার ও ভর্ৎসনাভাবে বলে থাকি- তোমার পথে তুমি, আমার পথে আমি। এ কথা দ্বারা আমরা যেমন তার পথের স্বীকৃতি দেই না এবং সহাবস্থানেরও অবকাশ বুঝাই না; বরং তা দ্বারা পথের ভয়াবহ পরিণতির দিকেই ইঙ্গিত করা হয়। আয়াতেও অনুরূপভাবে 'তোমার দীন তোমার আমার দীন আমার' বলে তাদের জীবনাদর্শ ও শিরকি কর্মপন্থার ভয়াবহ পরিণতির দিকেই ইঙ্গিত করা হয়েছে। তাদের শিরকি জীবনাদর্শ ও মতবাদের স্বীকৃতি বা পাশাপাশি অবস্থানের কথা বলা হয়নি।

↥

৬৮৭২ উসামাহ ইবনু যায়দ (রা) বলেন, রাসূলুল্লাহ্ সা আমাদেরকে জুহাইনা কওমের বিরুদ্ধে পাঠালেন। আমরা ভোরে এ কওমের কাছে এলাম এবং তাদেরকে পরাস্ত করে ফেললাম। আমরা তাদের একজনকে ধাওয়া করে তার কাছে পৌঁছে গেলাম। আমরা যখন আক্রমণ করতে উদ্যত হলাম তখন সে বলে উঠল, লা-ইলাহা ইল্লাল্লাহ্। তিনি বলেন, আনসারী ব্যক্তি তার থেকে বিরত হয়ে গেল। কিন্তু আমি তাকে আমার বর্শা দিয়ে হত্যা করলাম।

আমরা যখন মদিনায় আসলাম, তখন নবী সা এর কাছে এ সংবাদ পৌঁছল। তিনি বলেন, আমাকে তিনি বললেনঃ হে উসামাহ! তুমি কি তাকে লা-ইলাহা ইল্লাল্লাহ্ বলার পরও হত্যা করলে? আমি বললাম, হে আল্লাহর রাসূল! সে আসলে হত্যা থেকে বাঁচতে চেয়েছিল। তিনি বললেনঃ আহা! তুমি কি তাকে 'লা- ইলা-হা ইল্লাল্লাহ্' বলার পরও হত্যা করলে ?

৪৩৩৯ নবী সা এক অভিযানে খালিদ ইবনু ওয়ালীদ (রা)-কে বানী জাযিমার বিরুদ্ধে পাঠিয়েছিলেন। **সেখানে পৌঁছে খালিদ (রা) তাদেরকে ইসলামের দাওয়াত দিলেন।** কিন্তু 'আমরা ইসলাম কবুল করলাম', এ কথাটি তারা ভালভাবে বুঝিয়ে বলতে পারছিল না। তাই তারা বলতে লাগল, আমরা স্বধর্ম ত্যাগ করলাম, আমরা স্বধর্ম ত্যাগ করলাম। **খালিদ(রা) তাদেরকে হত্যা ও বন্দী করতে থাকলেন** এবং আমাদের প্রত্যেকের কাছে বন্দীদেরকে সোপর্দ করতে থাকলেন। **অবশেষে একদিন তিনি আদেশ দিলেন আমাদের সবাই যেন নিজ নিজ বন্দীকে হত্যা করে ফেলি।**

২৩০১ আবদুর রহমান (রা) বলেন, আমি উমাইয়া ইবনু খালফের সঙ্গে এ মর্মে একটা চুক্তিনামা করলাম যে, সে মক্কায় আমার মাল-সামান হিফাযত করবে আর আমি মাদ্বীনায় তার মাল-সামান হিফাযত করব।

বদর যুদ্ধের দিন যখন লোকজন ঘুমিয়ে পড়ল তখন আমি উমাইয়াকে রক্ষা করার জন্য একটি পাহাড়ের দিকে গেলাম। **বিলাল (রা) তাকে দেখে ফেললেন।** তিনি দৌড়ে গিয়ে আনসারদের এক মজলিসে বললেন- "এই যে উমাইয়া ইবনু খালফ। যদি উমাইয়া বেঁচে যায়, তবে আমার বেঁচে থাকায় লাভ নেই।" তখন আনসারদের **একদল তার সাথে আমাদের পিছে পিছে ছুটল।**

যখন আমার আশঙ্কা হল যে, তাঁরা আমাদের নিকট এসে পড়বেন, তখন আমি উমাইয়ার পুত্রকে তাঁদের জন্য পেছনে রেখে এলাম, যাতে তাঁদের দৃষ্টি তার উপর পড়ে। তাঁরা তাকে হত্যা করল। তারপরও তাঁরা ক্ষান্ত হল না, তাঁরা আমাদের পিছু ধাওয়া করল। উমাইয়া ছিল স্থূলদেহী। যখন আনসাররা আমাদের কাছে পৌঁছে গেল, আমি তাকে বাঁচানোর জন্য আমার দেহখানা দ্বারা তাকে আড়াল করে রাখলাম। কিন্তু **তাঁরা আমার নীচে দিয়ে তরবারি ঢুকিয়ে তাকে হত্যা করে ফেলল।**

৩০২৩ পরিচ্ছেদঃ নিদ্রিত মুশরিককে হত্যা করা।

রাসূল সা একটি দলকে আবূ রাফি নামক ইয়াহূদীকে হত্যা করার জন্য প্রেরণ করেন। তখন আবদুল্লাহ (রা) রাত্রিকালে তার ঘরে ঢুকে তাকে হত্যা করে যখন সে ঘুমিয়ে ছিল।

৪০৩৮ ইবনু আযিব (রা) বলেন, রাসূলুল্লাহ্ সা. দশ জনের কম একটি দলকে আবু রাফির উদ্দেশে পাঠালেন। তাদের একজন আবদুল্লাহ (রাঃ) রাতের বেলা আবু রাফির ঘরে ঢুকে **ঘুমন্ত অবস্থায় তাকে খুন করেন।**

৩০৩২ পরিচ্ছেদঃ গোপনে হত্যা করা।

নবী সা বলেন, কাব ইবনু আশরাফকে হত্যা করার দায়িত্ব কে নিবে?' তখন ইবনু মাসলামাহ (রাঃ) বললেন, আপনি কি পছন্দ করেন যে, আমি তাকে হত্যা করি?' রাসূল সা বললেন, হ্যাঁ।

৪০৩৭ একদা রাসূলুল্লাহ্ সা বললেন, **কা'ব ইবনু আশরাফের হত্যা করার জন্য কে প্রস্তুত আছ?** ইবনু মাসলামাহ (রা) দাঁড়ালেন, এবং বললেন, হে আল্লাহর রাসূল! **আপনি কি চান যে, আমি তাকে হত্যা করি? নবী সা বললেন, হ্যাঁ।** তখন ইবনু মাসলামাহ (রা) বললেন, **তাহলে আমাকে কিছু প্রতারণাময় কথা বলার অনুমতি দিন। রাসূলুল্লাহ্ সা বললেন- "হ্যা, বলো"।**.....।। মুহাম্মাদ ইবনু মাসলামাহ (রা) **কা'ব ইবনু আশরাফকে** বললেন, আমাকে আপনার মাথা শুঁকতে অনুমতি দেবেন কি? সে বলল, হ্যাঁ। এরপর তিনি তাকে কাবু করে ধরে সাথীদেরকে বললেন, তোমরা তাকে হত্যা কর। তাঁরা তাকে হত্যা করলেন। এরপর নবী সা এর নিকট এসে এ খবর দিলেন।

২৫১০ রাসূলুল্লাহ সা বললেন, কাব ইবনু আশরাফকে হত্যা করার দায়িত্ব কে নিতে পারবে? আল্লাহ ও তাঁর রাসূলকে সে তো (কবিতা লেখার মাধ্যমে) কষ্ট দিয়েছে।

ইবনু মাসলামাহ রাঃ তখন বললেন, আমি। পরে তিনি কাব ইবনু আশরাফের কাছে গিয়ে বললেন, আমরা তোমার কাছে বেশ কিছু খাদ্য ধার চাচ্ছি। এর জন্য আমরা তোমার কাছে আমাদের অস্ত্র বন্ধক রাখতে পারি। তারপর তিনি তাকে পরে আসার প্রতিশ্রুতি দিলেন এবং পরে এসে তাঁরা তাকে হত্যা করলেন।

২৫৩৭ পরিচ্ছেদ: কোন ব্যক্তির মুশরিক ভাই বা চাচা যুদ্ধে বন্দী হলেও তাদের পক্ষ হতে মুক্তিপণ গ্রহণ করা হবে।

মদ্বীনার কিছু লোক রাসূলুল্লাহ সা এর কাছে অনুমতি প্রার্থনা করে বলল, আপনি অনুমতি দিলে আমরা আমাদের বোনের ছেলে আব্বাসের মুক্তিপণ ছেড়ে দিব। কিন্তু নবী সা বললেন, তোমরা তার মুক্তিপণের একটি দিরহামও ছাড়তে পার না।

২৫৪৩ আয়িশাহ (রা)-এর হাতে এক বন্দিনী ছিল। তা দেখে নবী সা বললেন, একে মুক্ত করে দাও। কেননা, সে ইসমাঈলের বংশধর।

২৮৪৬ খন্দকের যুদ্ধের সময় আল্লাহর রাসূল সা বললেন, কে আমাকে শত্রু পক্ষের খবরাখবর এনে দিবে? যুবাইর (রা) বললেন, 'আমি আনব।'

৩০৫১ নবী সা এর এক সফরে মুশরিকদের জনৈক গুপ্তচর তাঁর নিকট এল এবং তাঁর সাহাবীগণের সঙ্গে বসে কথাবার্তা বলতে লাগল ও কিছুক্ষণ পরে চলে গেল। তখন নবী সা বললেন, 'তাকে খুঁজে আন এবং হত্যা কর। তারপর একজন তাকে হত্যা করল। নবী সা তার মালপত্র হত্যাকারীকে প্রদান করলেন।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)


পরিচ্ছেদঃ যুদ্ধে মিথ্যা ও ধোকার আশ্রয় নেওয়ার অনুমতি আছে

১৬৭৫। রাসূলুল্লাহ সা বলেছেনঃ যুদ্ধ হল ধোঁকা।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

পরিচ্ছেদঃ যুদ্ধের মধ্যে শত্রুকে ধোঁকা দেয়ার বৈধতা

৪৪৩১। রসূলুল্লাহ সা বলেছেনঃ যুদ্ধ - কৌশল ও ছলনারই নাম।



সহজ নসরুল বারী শরহে সহীহ বুখারী (৭) ❖ ২২৮

১৯০১. পরিচ্ছেদ : যুদ্ধে কথা ঘুরিয়ে বলা

বাবে আসছে যে, ناذن لى نقول অর্থাৎ আপনি আমাকে অনুমতি দিয়ে দিন যে,আমি যা চাইব তাই বলব (সত্য, মিথ্যা সবি বলব) তখন রাসূল ﷺ বললেন -قد فعلت আমি তোমাকে অনুমতি দিয়েছে।

তাছাড়া তিরমিযি শরীফে সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে।

হাদীসের পুনরাবৃত্তি ঃ হাদীসটি এখানে বুখারী শরীফ ঃ ৪২৫ পৃঃ।

উদ্দেশ্য ঃ কাফেরদের সাথে লড়াই ও যুদ্ধের ক্ষেত্রে ধোকা ও প্রতারণা জায়েয।

[[ইসলামি শঠতা, ধোকাবাজি প্রতারণা অনেক ধরনের-

- **তাকিয়া** (শিয়াদের) ও **মুদারাৎ** (সুন্নিদের) ইসলাম ধর্ম প্রচারের জন্য যে কোন মিথ্যা বা, প্রতারণা ন্যায্য ও হালাল।
- কিত্মা অর্থাৎ সত্যকে বাদ দিয়ে /গোপন করে ইসলাম ধর্মের কার্য্য/প্রচার সিদ্ধি করা।
- তাওরিয়া অর্থাৎ Deception by ambiguity ত্যাড়া ব্যাঁকা কথা দিয়ে, লুকোচুরি করে ধর্মের জিহাদ চালানো।
- মুরুনা অর্থাৎ সাময়িক ভাবে শরিয়া বহির্ভূত ব্যবহার করে (Play victimcard, Become refugee) দারউল হারবে প্রবেশ ও বিস্তার করা। (যেমন ইউরোপে মুসলমান রিফিউজিদের অবৈধ প্রবেশ ও রোহিঙ্গাদের অবৈধভাবে ভারতে ঢোকানো)।]]

১২৮৮ রাসূল সা বলেছেনঃ আল্লাহ্ তাআলা কাফিরদের আযাব বাড়িয়ে দেন তার পরিজনের কান্নার কারণে।

৩৯৭৬ বদরের যুদ্ধের পর নবী সা-এর নির্দেশে **চব্বিশজন কুরাইশ সর্দারের লাশ বদর প্রান্তরের একটি নোংরা আবর্জনাপূর্ণ কূপে নিক্ষেপ করা হল**।

তিন দিন পর নবী সা তিনি ঐ কূপের কিনারে গিয়ে দাঁড়ালেন এবং কূপে নিক্ষিপ্ত ঐ নিহত ব্যক্তিদের নাম ও তাদের পিতার নাম ধরে ডাকতে শুরু করলেন, হে অমুকের পুত্র অমুক, হে অমুকের পুত্র অমুক! তোমরা কি এখন অনুভব করতে পারছ? উমার (রা) বললেন, হে আল্লাহর রাসূল সা! আপনি আত্মাহীন দেহগুলোর সঙ্গে কী কথা বলছেন? নবী সা বললেন, আমি যা বলছি তা তাদের চেয়ে তোমরা অধিক শুনতে পাচ্ছ না।

(৭০৭৯) হাদীছ (ইমাম মুসলিম (রহ.) বলেন) আমাদের নিকট হাদীছ বর্ণনা করেন হাদ্দাব বিন খালিদ (রহ.) তিনি ... আনাস বিন মালিক (রাযি.) হইতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বদর যুদ্ধে নিহত লোকদেরকে তিন দিন পর্যন্ত এইভাবেই রাখিয়া দিয়াছিলেন। অতঃপর তিনি তাহাদের নিকট আসিয়া তাহাদের লাশের সম্মুখে দাঁড়াইলেন এবং তাহাদেরকে আওয়াজ দিয়া বলিলেন, হে হিশামের পুত্র আবূ জাহল, হে উমায়্যা বিন খালফ, হে উতবা বিন রাবী'আ, হে শায়বা বিন রাবী'আ! তোমাদের

.....

উমর (রাযি.) শ্রবণ করিয়া বলিলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাহারা তো মৃত। কিভাবে তাহারা শ্রবণ করিবে এবং কিভাবে তাহারা উত্তর দিবে? তিনি বলিলেন, আমি তাহাদেরকে যাহা বলিতেছি এই কথা তাহাদের হইতে তোমরা অধিক শ্রবণ করিতেছ না। তবে তাহারা জবাব দিতে সক্ষম নয়। অতঃপর তিনি তাহাদের সম্পর্কে নির্দেশ দিলে তাহাদেরকে হেঁচড়াইয়া নিয়া বদরের কূপে নিক্ষেপ করা হইল।

(৭০৮০) হাদীছ (ইমাম মুসলিম (রহ.) বলেন) আমার নিকট হাদীছ বর্ণনা করেন ইউসুফ বিন হাম্মাদ (রহ.) তিনি ... আবূ তালহা (রাযি.) হইতে বর্ণিত। তিনি বলেন, বদর যুদ্ধের দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কাফিরদের উপর জয়লাভ করিলেন, তখন তিনি বিশের অধিক কুরায়শ নেতৃবৃন্দ– রাওহ (রাযি.) বলেন, চব্বিশ জন কুরায়শ নেতৃবৃন্দ সম্পর্কে নির্দেশ দিলেন। অতঃপর তাহাদের লাশ বদর প্রান্তরে এক নোংরা

আবর্জনাপূর্ণ কূপে নিক্ষেপ করা হইল। অতঃপর তিনি আনাস (রাযি.) হইতে বর্ণিত সাবিতের হাদীছের অনুরূপ বর্ণনা করিয়াছেন।

বদর যুদ্ধে নিহতদের লাশ কূপে নিক্ষেপকরণ

হযরত আনাস ইবন মালিক (রা) হযরত আবূ তালহা (রা) থেকে বর্ণনা করেন, বদর যুদ্ধের দিন রাসূলুল্লাহ (সা) চব্বিশজন[১] কুরায়শ সর্দারের লাশ অপবিত্র,[২] নোংরা ও দুর্গন্ধযুক্ত কূপে নিক্ষেপের নির্দেশ দেন। যেসব লাশ কূপে নিক্ষেপ করা হয়, সেগুলো ছিল কুরায়শ সর্দারদের লাশ। এছাড়া অন্যান্য নিহতের লাশ অন্যত্র ফেলা হয়।

১. লাশ ছিল সত্তরটি, তন্মধ্যে চব্বিশটি ঐ কূপে নিক্ষেপ করা হয়। বাকীগুলো অন্য কোথাও নিক্ষেপ করা হয়েছিল। –ফাতহুল বারী, ৭খ. পৃ. ২৩২, আবূ জাহল হত্যা অধ্যায়।

২. ঈমান হলো পবিত্রতা আর কুফর হলো নাপাকী। যেমন আল্লাহ্ বলেছেন : انما المشركون نجس "নিশ্চয়ই মুশরিকগণ অপবিত্র।" শিরককারীদের জন্য এরূপ কূপই ছিল উপযুক্ত।

৩০৮১,৩৯৮৩ পরিচ্ছেদঃ আল্লাহ তাআলার নাফরমানি করলে **প্রয়োজনে তাদেরকে বিবস্ত্র করা অথবা জিম্মী করা।**

আলী (রা) বলেন,- 'রাসূলুল্লাহ সা আমাকে ও যুবাইর (রা)-কে প্রেরণ করেছেন এবং বলেছেন, তোমরা খাক বাগানের দিকে চলে যাও, সেখানে তোমরা একজন মহিলাকে পাবে, হাতিব তাকে একটি পত্র দিয়েছে।'

আমরা সে বাগানে পৌঁছলাম এবং মহিলাটিকে বললাম, পত্রখানি দাও, সে বলল, আমাকে কোন পত্র দেয়নি। তখন আমরা বললাম, **'হয় তুমি পত্র বের করে দাও, নচেৎ আমরা তোমাকে বিবস্ত্র করব**।' তখন সে মহিলা পত্রখানা বের করে দিল।

রাসূলুল্লাহ সা বললেন, অবশ্যই আল্লাহ তাআলা আহলে বদর যুদ্ধে অংশগ্রহণকারীদের সম্পর্কে বলেছেন, 'তোমরা যেমন ইচ্ছা কাজ কর।' একথাই আলী (রাঃ) কে দুঃসাহসী করেছে।

↥

সহীহ বুখারী (তাওহীদ)

৬২৫৯। আলী (রা) বলেন,..... ঐ স্ত্রী লোকটি তার এক উটের উপর সওয়ার ছিল। আমরা তাকে জিজ্ঞেস করলাম যে, তোমার কাছে যে পত্রখানি আছে তা কোথায়? সে বললঃ আমার সাথে কোন পত্র নেই। তখন আমরা তার উটসহ তার সাওয়ারীর আসবাবপত্রের তল্লাশি করলাম। কিন্তু আমরা কিছুই খুঁজে পেলাম না। আমার দুজন সাথী বললেনঃ পত্রখানা তো পাওয়া গেল না। তখন **আলী (রা) স্ত্রীলোকটিকে ধমক দিয়ে বললেনঃ তোমাকে অবশ্যই চিঠিটা বের করে দিতে হবে, নইলে আমি তোমাকে উলঙ্গ করে তল্লাশি চালাব**। এরপর সে যখন আমার দৃঢ়তা লক্ষ্য করল, তখন সে বাধ্য হয়ে তার কোমরে পেঁচানো চাদরে হাত দিয়ে ঐ পত্রখানা বের করে দিল।

৭১৯২ সাহল ইবনু হাসমা (রা) হতে বর্ণিত। একদা মুহাইয়াসা (রা) জানতে পারেন যে, আবদুল্লাহ(রা) নিহত হয়েছে । তখন তিনি ইয়াহূদীদের কাছে এসে বললেন, আল্লাহর শপথ! নিঃসন্দেহে তোমরাই তাকে মেরে ফেলেছ। তারা বলল, আল্লাহর কসম করে বলছি, আমরা তাকে হত্যা করিনি।


তারপর তিনি রাসূলুল্লাহ্ সা কে এ ঘটনা জানালেন। রাসূলুল্লাহ সা বললেনঃ হয় তারা তোমাদের মৃত সাথীর রক্তপণ আদায় করবে, না হয় তাদের সঙ্গে যুদ্ধের ঘোষণা দেয়া হবে। রাসূলুল্লাহ সা তাদের কাছে এ ব্যাপারে পত্র লিখলেন। জবাবে লেখা হল যে, আমরা তাকে হত্যা করিনি।

তখন রাসূলুল্লাহ সা সাহাবীদেরকে বললেন, তোমরা কি কসম করে বলতে পারবে(যে ইয়াহূদীরাই আবদুল্লাহ কে হত্যা করেছে)? তাহলে তোমরা তোমাদের সঙ্গীর রক্তপণের অধিকারী হবে। তারা বলল, না।

তিনি বললেন, **তাহলে ইয়াহূদীরা কি তোমাদের সামনে শপথ করে বলবে? সাহাবীরা বলল, এরা তো মুসলিম না।**

তখন রাসূলুল্লাহ্ সা একশ' উট রক্তপণ বাবদ আদায় করলেন। অবশেষে উটগুলোকে ঘরে ঢুকানো হল।


ফাতাওয়ায়ে আলমগীরী, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, পঞ্চম খণ্ড, পৃষ্ঠা ৫৭০



দশম পরিচ্ছেদ ঃ অমুসলিমদের সাক্ষ্য প্রসংগ

১. মাসআলা ঃ মুসলিমের বিরুদ্ধে কাফিরের সাক্ষ্য গ্রহণযোগ্য নয় (আল-মুহীত ঃ আস-সারাখসী)।


৬৭৬৪ নবী সা বলেছেনঃ কাফির মুসলিমের উত্তরাধিকারী হয় না।



তাফসীরে মাযহারী/৪৫১

বিধর্মীকে জাকাত প্রদান নাজায়েয। বিধানটি ঐকমত্যসম্মত।

https://www.islamweb.net/en/fatwa/87316/giving-zakah-to-non-muslims- Zakah should not be paid to a Kafir (non-Muslims) unless he/she is from "those inclined to become Muslims



আল ইরশাদ-ছুহীহ আক্বীদার দিশারী ৪৩৩

মুশরিকদেরকে ঘৃণা করবে এবং তাদের প্রতি শত্রুতা পোষণ করবে। এটি ইবরাহীম আলাইহিস সালাম ও তার সাথীদের দীনের অন্তর্ভুক্ত। আমাদেরকে তাদের অনুসরণ করার আদেশ দেয়া হয়েছে। আল্লাহ তা'আলা সূরা মুমতাহানার ৪নং আয়াতে বলেন,

তোমরা এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না করা পর্যন্ত তোমাদের মধ্যে ও আমাদের মধ্যে চির শত্রুতা ও বিদ্বেষ প্রকাশিত হয়েছে"।

মুহাম্মাদ ছল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের দীনের কথাও তাই।

সমস্ত কাফেরদেরকে বন্ধু বানানো হারাম ঘোষণা করে আল্লাহ তা'আলা বলেন

﴿يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا عَدُوِّي وَعَدُوَّكُمْ أَوْلِيَاءَ تُلْقُونَ إِلَيْهِمْ بِالْمَوَدَّةِ وَقَدْ كَفَرُوا بِمَا جَاءَكُمْ مِنَ الْحَقِّ﴾

আল্লাহ মুমিনদের উপর কাফেরদেরকে বন্ধু বানানো হারাম করেছেন। যদিও তারা তার বংশের সর্বাধিক নিকটবর্তী লোক হয়। আল্লাহ তা'আলা বলেন, আল্লাহ তা'আলা আরো বলেন,

"হে ঈমানদারগণ! তোমরা স্বীয় পিতা ও ভাইদেরকে অভিভাবকরূপে গ্রহণ করো না, যদি তারা কুফরকে ঈমানের উপর প্রাধান্য দেয়। তোমাদের মধ্য হতে যারা তাদেরকে অভিভাবকরূপে গ্রহণ করবে, তারাই হবে যালেম"। (সূরা তাওবা: ২৩)

এ বিরাট মূলনীতিটি সম্পর্কে অনেক মানুষ অজ্ঞ রয়েছে। আমি আরবী ভাষায় প্রচারিত একটি রেডিও অনুষ্ঠানে একজন আলেম ও দাঈকে খৃষ্টানদের সম্পর্কে বলতে শুনেছি, তিনি বলেছেন, খৃষ্টানরা আমাদের ভাই। এ রকম ভয়ঙ্কর কথা খুবই দুঃখজনক।

প্রখ্যাত সালাফি স্কলারদের দ্বারা পরিচালিত islamqa.info তে একটি উত্তর প্রাসঙ্গিক আলোচনা (বাংলা অনুবাদ)

প্রশ্ন: ইসলামে বিধর্মীদের উৎসব উপলক্ষে তাদেরকে শুভেচ্ছা জানানোর বিধান কি?

উত্তরঃ কোন বিধর্মীয় উৎসব উপলক্ষে কাফেরদের শুভেচ্ছা জানানো আলেমদের সর্বসম্মত মতানুযায়ী হারাম। ইবনুল কাইয়্যেম (র) তাঁর লিখিত "আহকামু আহলিয যিম্মাহ" গ্রন্থে এ বিধানটি উল্লেখ করেছেন। তিনি বলেন: "কোন কুফরী আচারানুষ্ঠান উপলক্ষে শুভেচ্ছা জানানো সর্বসম্মতিক্রমে হারাম। যেমন- তাদের উৎসব ও উপবাস পালন উপলক্ষে বলা যে, **'তোমাদের উৎসব শুভ হোক' কিংবা 'তোমার উৎসব উপভোগ্য হোক'** কিংবা এ জাতীয় অন্য কোন **কথা। যদি এ শুভেচ্ছাজ্ঞাপন করা কুফরীর পর্যায়ে নাও পৌঁছে; তবে এটি হারামের অন্তর্ভুক্ত। আল্লাহর কাছে এটি জঘন্য গুনাহ।** অনেকে এ গুনাতে লিপ্ত হয়ে পড়ে; অথচ তারা এ গুনাহের ভয়াবহতা উপলব্ধি করে না। এটি মদ্যপান, হত্যা ও যিনা ইত্যাদির মত অপরাধের জন্য কাউকে অভিনন্দন জানানোর চেয়ে মারাত্মক। যে ব্যক্তি কোন গুনার কাজ কিংবা কিংবা কুফরী কর্মের প্রেক্ষিতে কাউকে অভিনন্দন জানায় সে নিজেকে আল্লাহর ক্রোধ ও অসন্তুষ্টির সম্মুখীন করে। কাফেরদের উৎসব উপলক্ষে শুভেচ্ছা জানানো হারাম ও এত জঘন্য গুনাহ হওয়ার কারণ হলো- এ শুভেচ্ছা জানানোর মধ্যে কুফরী আচারানুষ্ঠানের প্রতি স্বীকৃতি ও অন্য ব্যক্তির পালনকৃত কুফরীর প্রতি সন্তুষ্টি প্রকাশ পায়। **যদিও ব্যক্তি নিজে এ কুফরী করতে রাজী না হয়। কোন মুসলিমের জন্য কুফরী আচারানুষ্ঠান উপলক্ষে অন্যকে শুভেচ্ছা জ্ঞাপন করা হারাম**। কেননা আল্লাহ তাআলা কুফরীর প্রতি সন্তুষ্ট নন। অতএব, **কুফরী উৎসব উপলক্ষে বিধর্মীদেরকে শুভেচ্ছা জানানো হারাম; তারা সহকর্মী হোক কিংবা অন্য কিছু হোক**।

আর বিধর্মীরা যদি আমাদেরকে তাদের উৎসব উপলক্ষে শুভেচ্ছা জানায় আমরা এর উত্তর দিব না। কারণ সেটা আমাদের উৎসব নয়। আর যেহেতু এসব উৎসবের প্রতি আল্লাহ সন্তুষ্ট নন। আর যেহেতু আল্লাহ তাআলা মুহাম্মদ সা কে সমস্ত মানবজাতির কাছে ইসলাম ধর্ম দিয়ে পাঠিয়েছেন।

কোনো মুসলমানের এমন উৎসবের দাওয়াত কবুল করা হারাম। কেননা এটি তাদেরকে শুভেচ্ছা জানানোর চেয়ে জঘন্য। কারণ এতে করে দাওয়াতকৃত কুফরী অনুষ্ঠানে তাদের সাথে অংশ গ্রহণ করা হয়। অনুরূপভাবে **এ উপলক্ষকে কেন্দ্র করে কাফেরদের মত অনুষ্ঠান করা, উপহার বিনিময় করা, মিষ্টান্ন বিতরণ করা, খাবার আদান-প্রদান করা, ছুটি ভোগ করা ইত্যাদি মুসলমানদের জন্য হারাম।** যেহেতু নবী সা বলেছেন: "যে ব্যক্তি যে সম্প্রদায়ের সাথে সাদৃশ্য গ্রহণ করে সে তাদের-ই দলভুক্ত"। যে ব্যক্তি বিধর্মীদের এমন কোন কিছুতে অংশগ্রহণ করবে সে গুনাহগার হবে। এ অংশগ্রহণের কারণ সৌজন্য, হৃদ্যতা বা লজ্জাবোধ ইত্যাদি যেটাই হোক না কেন। কেননা এটি আল্লাহর ধর্মের ক্ষেত্রে আপোষকামিতার শামিল। এবং এটি বিধর্মীদের মনোবল শক্ত করা ও তাদের নিজ ধর্ম নিয়ে গর্ববোধ তৈরী করার কারণের অন্তর্ভুক্ত।

বনু কুরাইযার গণহত্যা (Genocide)

৪০২৮ (সূরাহ হাশর ৫৯/২) আল্লাহর বাণীঃ- "তিনিই(নবী সা) ইয়াহুদী ও খ্রিষ্টানদের মধ্যে যারা ইসলাম অগ্রহণকারী, তাদেরকে প্রথম তাদের নিবাস থেকে বিতাড়িত করেছিলেন।"

ইবনু উমার (রা) বলেন, বনু নাযীর ও **বনু কুরাইযা** গোত্রের ইয়াহূদী সম্প্রদায় মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করলে রাসূলুল্লাহ সা বনু নাযীর গোত্রকে দেশত্যাগে বাধ্য করেন এবং বনু কুরাইযা গোত্রের প্রতি দয়া করে তাদেরকে থাকতে দেন। কিন্তু পরে বনূ কুরাইযা গোত্র মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ শুরু করলে **অমুসলিম সব পুরুষলোক(৪শর অধিক)কে শিরচ্ছেদ করা হয়** এবং **মহিলা সন্তান-সন্ততি ও মালামাল মুসলিমদের মধ্যে ভাগ করে দেয়া হয়। নবী সা মদিনার সব ইয়াহূদীকে দেশান্তর করলেন**। বনু কায়নুকা ও বনু হারিসাসহ অন্যান্য ইয়াহূদী গোষ্ঠীকেও তিনি দেশান্তর করেন।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

৩০০৫। ইবনু উমার (রা) থেকে বর্ণিত। নবী সা বনূ নাযীরকে উচ্ছেদ করলেন এবং **বনূ কুরাইযার পুরুষদেরকে হত্যা করলেন এবং তাদের স্ত্রী লোক, সন্তানাদি ও সম্পদ মুসলিমদের মাঝে বণ্টন করলেন**। কিন্তু তাদের কিছু লোক ইসলাম কবূল করে রাসূলুল্লাহ সা এর সাথে মিলিত হলে তিনি তাদেরকে নিরাপত্তা দিলেন। **রাসূলুল্লাহ সা মদীনায় বসবাসকারী সমস্ত ইয়াহুদী গোত্রকে উচ্ছেদ করলেন। যেমন মদীনায় বসবাসকারী অন্যান্য ইয়াহুদীদেরকে তিনি মদীনা থেকে বিতাড়িত করেন**।

সীরাতে ইবনে হিশাম ২২৭

অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনু কুরাইযার ধন-সম্পদ, স্ত্রী ও সন্তানদেরকে মুসলমানদের মধ্যে বণ্টন করেন। তারপর সা'দ ইবনে যায়িদ আনসারীকে বনু কুরাইযার কিছুসংখ্যক দাসদাসীকে দিয়ে নাজদ পাঠিয়ে দেন। তাদের বিনিময়ে তিনি সেখান থেকে মুসলমানদের জন্য অস্ত্রশস্ত্র ও ঘোড়া খরিদ করে আনেন।

৬২৬২, ৩৮০৪ কুরাইযা গোত্রের লোকেরা সাদ (রা) এর ফায়সালার উপর আত্মসমর্পণ করলো। নবী সা তাঁকে আনার জন্য লোক পাঠালেন। তারপর তিনি এলে নবী সা সাহাবীদের বললেনঃ তোমরা তোমাদের শ্রেষ্ঠ ব্যক্তির সম্মানার্থে উঠে দাঁড়াও। তারপর সা'দ (রাঃ) এসে নবী সা এর পাশে বসলেন। তখন নবী সা তাঁকে বললেনঃ **কুরাইযা গোত্রের লোকেরা তোমার ফায়সালার উপর আত্মসমর্পণ করেছে। তিনি বললেনঃ তা হলে আমি ফায়সালা দিচ্ছি যে, এদের মধ্যে যারা যুদ্ধ করার যোগ্য তাদের হত্যা করা হোক এবং শিশু ও মহিলাদেরকে বন্দী করে রাখা হোক।** তখন নবী সা বললেনঃ এদের ব্যাপারে তুমি আল্লাহ তা'আলার ফায়সালা অনুযায়ীই ফায়সালা দিয়েছ।

৩০৪৩ ..... সাদ (রা) বলেন, 'আমি এই রায় ঘোষণা করছি যে, **ইয়াহূদীদের মধ্য হতে যারা যুদ্ধ করতে পারে তাদেরকে হত্যা করা হবে এবং নারী ও শিশুদের বন্দী করা হবে**।' রাসূল সা বললেন, 'তুমি তাদের সম্পর্কে আল্লাহর ফয়সালার মত ফয়সালাই করেছ।

সহীহ বুখারী(তাওহীদ)

পরিচ্ছেদঃ আহযাব যুদ্ধ থেকে নাবী সা-এর প্রত্যাবর্তন এবং তাঁর বনূ কুরাইযা অভিযান ও তাদেরকে অবরোধ।

৪১২২। রাসূলুল্লাহ সা বনু কুরাইযার মহল্লায় এলেন। অবশেষে তারা রাসূলুল্লাহ সা এর এর নির্দেশে দূর্গ থেকে নিচে নেমে এল। কিন্তু তিনি ফয়সালার ভার সাদ (রা)-এর উপর ন্যস্ত করলেন। তখন সাদ (রা) বললেন, তাদের ব্যাপারে আমি এই ফায়সালা দিচ্ছি যে, **তাদের যোদ্ধাদেরকে হত্যা করা হবে, নারী ও সন্তানদেরকে বন্দী করা হবে** এবং **তাদের ধন-সম্পদ (মুসলিমদের মাঝে) বণ্টন করা।** সাদ (রা) আল্লাহর কাছে দু'আ করেছিলেন, হে আল্লাহ! আপনি তো জানেন, আপনার সন্তুষ্টির জন্য তাদের বিরুদ্ধে জিহাদ করার চেয়ে কোন কিছুই আমার কাছে অধিক প্রিয় নয়। সহীহ মুসলিম (হাদীস একাডেমী) ৪৪৮৯।

সহীহ বুখারী (ইফা), পরিচ্ছদঃ সাদ ইবন মুআয (রা) এর মর্যাদা

৩৫৩১। জাবির (রা) বলেন, আমি নবী সা কে বলতে শুনেছি সাদ ইবনু মুআয (রা) এর মৃত্যুতে আল্লাহ্ তাআলার আরশ কেঁপে উঠেছিল।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত) ৪৪০৪, সূনান তিরমিজী (ইফা)

১৫৯০। কুরাযী (রাঃ) বলেন, কুরাইজা যুদ্ধের সময় আমাদেরকে **রাসূলুল্লাহ সা এর সামনে পেশ করা হল**। তিনি **যাদের যৌন লোম উদগত হয়েছিল তিনি তাদের হত্যা করলেন** আর যাদের যৌন লোম উদগত হয়নি তাদের ছেড়ে দিলেন। আমি তাদের মধ্যে ছিলাম যাদের যৌন লোম উদগম হয়নি। সুতরাং আমার আমাকে ছেড়ে দেওয়া হল।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত), পরিচ্ছেদঃ নাবালকের অপরাধের শাস্তি

৪৪০৫। আতিয়্যাহ (রা) বলেন, মুসলিমরা আমার নাভীর নীচ অনাবৃত করে দেখলো যে, চুল উঠেনি। সুতরাং তারা আমাকে বন্দীদের অন্তর্ভুক্ত করলো।

সুনানে ইবনে মাজাহ

২৫৪১। আতিয়্যা (রা) বলেন, **বনূ কুরায়জাকে হত্যার দিন আমাদেরকে রাসূলুল্লাহ সা এর সামনে উপস্থিত করা হলো। যার লজ্জাস্থানের লোম গজিয়েছিল, তাকে হত্যা করা হলো**।

সূনান আবু দাউদ (ইফা)

৪৩৫২। কুরাযী (রা) তিনি বলেনঃ আমি কুরায়যা গোত্রের বন্দীদের অন্তর্ভুক্ত ছিলাম। সে সময় লোকেরা তদন্ত করে দেখছিল এবং **যাদের নাভীর নীচে চুল উঠেছিল, তাদের হত্যা করা হচ্ছিল**।

৩৬ সীরাতুন নবী (সা)

বনূ কুরায়যার ঘটনা

ইব্ন হিশাম বলেন : আমার কাছে আবূ উবায়দা (রা) আবূ আমর মাদানীর সূত্রে বর্ণনা করেছেন যে, যখন রাসূলুল্লাহ্ (সা) বনূ কুরায়যার উপর বিজয় লাভ করেন, তখন তিনি তাদের প্রায় চারশো ইয়াহূদী পুরুষকে গ্রেফতার করেন। এরা বনূ খাযরাজের বিপক্ষে বনূ আওসের মিত্র ছিল। রাসূলুল্লাহ্ (সা) যখন তাদের শিরশ্ছেদের নির্দেশ দেন, তখন বনূ খাযরাজ তাদের শিরশ্ছেদ করতে থাকে এবং এতে তারা বেশ আনন্দবোধ করছিল। রাসূলুল্লাহ্ (সা) লক্ষ্য করলেন, খাযরাজের লোকদের চেহারা আনন্দে উদ্ভাসিত, আর বনূ আওসের প্রতি লক্ষ্য করলেন যে, তাদের মাঝে এর কোন চিহ্ন নেই। তখন তিনি বুঝতে পারলেন, আওস ও বনূ কুরায়যার মাঝে বিদ্যমান মিত্রতাই এর কারণ। তখন বনূ কুরায়যার মাত্র বারো জন অবশিষ্ট ছিল, তিনি তাদেরকে আওসের হাতে সমর্পণ করলেন। তিনি দুই দুই ব্যক্তিকে বনূ কুরায়যার এক একজনকে দিয়ে বললেন :

لِيَضْرِبْ فُلَانٌ وَلْيُذَفِّفْ فُلَانٌ

"তার হত্যাকার্য অমুকে আরম্ভ করবে, আর অমুকে শেষ করবে।"

৫০৬ ● সিরাতে রাসূলুল্লাহ (সা.)

রাসূলের (সা.) হুকুম ছিল, ওদের প্রাপ্তবয়স্ক সবাইকে যেন হত্যা করা হয়।

↥

বনু আদি ইবনে আল-নাজ্জারের ভাই আইউব ইবনে আবদুর রহমান আমাকে বলেছেন, সালমার আশ্রিত রিফা ইবনে সামাওয়াল প্রাপ্তবয়স্ক ছিলেন। তিনি রাসুলের (সা.) কাছে তাঁর প্রাণ ভিক্ষা চান। তিনি বলেন, সেই লোক কসম খেয়েছে, সে নামাজ পড়বে, উটের মাংস খাবে। রাসুল (সা.) তাঁর প্রার্থনা মঞ্জুর করেন।

বনু কুরাইজার সম্পত্তি ও স্ত্রী-ছেলেমেয়েদের রাসুল (সা.) মুসলমানদের মধ্যে ভাগবন্টন করে দেন। উট ও মানুষের অংশ সেদিনই স্থির হয়। তিনি গ্রহণ করেন এক-পঞ্চমাংশ। একজন ঘোড়াওয়ালা তিন অংশ পেয়েছিল, ঘোড়ার জন্য দুই আর আরোহীর জন্য এক। বনু কুরাইজার দিকে মোট ঘোড়ার সংখ্যা ছিল ছত্রিশ। এই প্রথম যুদ্ধ-সম্পদের ওপর লটারি হয় এবং এক-পঞ্চমাংশ আলাদা রাখা হয়। এই নজির পরবর্তী সময়ের অন্যান্য যুদ্ধে অনুসরণ করা হয়।

রাসুল (সা.) নিজের জন্য নির্বাচিত করেছিলেন বনু আমর ইবনে কুরাইজার এক নারীকে। তার নাম রায়হানা বিনতে আমর ইবনে খুনাফা। তিনি আমৃত্যু তাঁর কর্তৃত্বের অধীন ছিলেন। রাসুল (সা.) তাঁকে বিয়ে করে পর্দানশিন করার প্রস্তাব দিয়েছিলেন। কিন্তু রায়হানা বলেছিলেন, 'তার চেয়ে বরং আপনি আমাকে আপনার কর্তৃত্বের আওতায় রাখুন। সেটা আপনার-আমার উভয়ের জন্য সহজ হবে।'

বন্দী হওয়ার সময় তিনি ইসলামের প্রতি অশ্রদ্ধা প্রকাশ করেন এবং ইহুদি ধর্ম আঁকড়ে থাকেন। এতে রাসুল (সা.) নারাজ হন এবং তাঁকে আলাদা করে রাখেন। একদিন সাহাবিদের সঙ্গে বসে ছিলেন তিনি,

Contents

এদের অন্যতম হচ্ছেন, রায়হানা বিনত যায়দ –বনূ নাযীর গোত্রীয়া এবং মতান্তরে কুরায়জা গোত্রীয়া। ওয়াকিদী (র) বলেন, রায়হানা বিনত যায়দ ছিলেন বনূ নাযীর গোত্রের। তবে কেউ কেউ বলেছেন বনূ কুরায়জার। ওয়াকিদী (র) আরো বলেন, রায়হানা বিনত যায়দ ছিলেন বনূ নাযীর গোত্রের এবং তিনি এ গোত্রেই বিবাহিতা ছিলেন। রাসূলুল্লাহ (সা) তাকে নিজের জন্য বাছাই করে নিয়েছিলেন। তিনি ছিলেন সুন্দরী মহিলা। রাসূলুল্লাহ (সা) তাকে ইসলাম গ্রহণের প্রস্তাব দিলে তিনি ইয়াহুদী ধর্ম পরিত্যাগে অস্বীকৃত হন। তখন রাসূলুল্লাহ (সা) তাকে পরিত্যাগ করে রাখলেন এবং মনে মনে তাঁর আচরণে ব্যথা পেলেন পরে ইব্ন শু'বা (ছা'লাব)-কে ডেকে পাঠিয়ে তার সংগে নবী করীম (সা) বিষয়টি আলোচনা করলেন। ইব্ন শু'বা বললেন, আমার পিতা-মাতা আপনার জন্য উৎসর্গিত! সে ইসলাম গ্রহণ করবেই। তিনি তখন বের হয়ে গিয়ে রায়হানার কাছে পৌছলেন এবং তাকে বলতে লাগলেন, তুমি তোমার স্বগোত্রের অনুগামী হয়ে থেক না। তুমি তো দেখছই, (সর্দার) হুয়ায় ইব্ন আখতাব তাদের কি পরিণতিই না ঘটিয়েছে। তাই, (আমার পরামর্শ হচ্ছে) তুমি মুসলমান হয়ে যাও। রাসূলুল্লাহ (সা) তোমাকে তাঁর 'একান্ত ব্যক্তিগত' করে নেবেন। রাসূলুল্লাহ (সা) তাঁর সাহাবীদের মাঝে ছিলেন। ইতোমধ্যে তিনি এক জোড়া চপ্পলের আওয়াজ শুনতে পেয়ে বললেন, ان هاتين لنعلا ابن شعبة يبشرنى باسلام ريحانة 'এ অবশ্যই ইব্ন শু'বার চপ্পলদ্বয়। সে আমাকে রায়হানার ইসলাম গ্রহণের সুসংবাদ দিতে আসছে।' তখনই ইব্ন শু'বা এসে বলতে লাগলেন, ইয়া রাসূলাল্লাহ! রায়হানা ইসলাম গ্রহণ করেছে। ফলে নবী করীম (সা) আনন্দিত হলেন। ইব্ন ইসহাক (র) বলেছেন, রাসূলুল্লাহ (সা) বনূ কুরায়জাকে পরাজিত করার পরে রায়হানা বিনত আমর ইব্ন খিনাফাকে নিজের জন্য একান্ত করে নিলেন। নবী করীম (সা)-এর ওফাত পর্যন্ত তিনি তার নিকটে তাঁরই মালিকানাধীন ছিলেন। তিনি তাঁকে ইসলাম গ্রহণ করার এবং পরে তাকে বিবাহ করার প্রস্তাব দিয়েছিলেন।

কিন্তু তিনি ইয়াহুদী ধর্ম ব্যতীত অন্য কিছু গ্রহণে অস্বীকৃতি জানালেন। এরপরে ইব্ন ইসহাক তাঁর ইসলাম গ্রহণ সম্পর্কিত পূর্বোক্ত বিবরণ উল্লেখ করেছেন। ওয়াকিদী (র) বলেন, পরে রাসূলুল্লাহ (সা) তাঁকে উম্মুল মুনযির সালমা বিনত কায়স (রা)-এর বাড়ীতে পাঠিয়ে দিলেন। সেখানে অবস্থান কালে তার ঋতুস্রাব দেখা দেয় এবং এক বারের স্রাবের পরে তিনি পবিত্রা হলে উম্মুল মুনযির (রা) এসে রাসূলুল্লাহ (সা)-কে তা অবহিত করলেন। নবী করীম (সা) উম্মুল মুনযিরের বাড়িতে তাঁর কাছে গিয়ে বললেন,

ان احببت ان اعتقك وانزوجك فعلت - وان احببت ان تكونى فى ملكى اطأك بالملك-

"তোমার যদি পসন্দ হয় তবে তোমাকে মুক্ত করে দিয়ে আমি তোমাকে বিয়ে করি। তবে আমি তাই করব। আর যদি আমার মালিকানায় থাকা তোমার কাছে ভাল লাগে তবে মালিকানা সূত্রে আমি তোমাকে ব্যবহার করব।" সে বলল, ইয়া রাসূলাল্লাহ! আমার দৃষ্টিতে আপনার জন্য

এবং আমারও জন্য আপনার মালিকানাধীন থাকা অধিক নির্ঝঞ্ঝাট ও সহজ। ফলে তিনি রাসূলুল্লাহ (সা)-এর মালিকানাধীন ছিলেন এবং তাঁর মৃত্যু পর্যন্ত এ অবস্থা অব্যাহত ছিল।

তিনি তার স্বামীর কাছে ছিলেন এবং স্বামী তাঁকে ভালবাসত এবং তাঁর যথাযোগ্য কদর করত। তাই তিনি বলেছিলেন, তার পরে কোন দিন আর কাউকে আমি তার স্থানে গ্রহণ করব না। তিনি ছিলেন সৌন্দর্যের অধিকারিণী। পরে বনূ কুরায়জার নারীদের বন্দী করা হলে বন্দিনীদের রাসূলুল্লাহ (সা)-এর সামনে উপস্থিত করা হল। রায়হানা বলেন, রাসূলুল্লাহ (সা)-এর সামনে যাদেরকে উপস্থিত করা হয় তাদের মধ্যে আমিও ছিলাম। তার আদেশে আমাকে পৃথক করে রাখা হল।

আর যে কোন গণীমতে তাঁর একান্ত কিছু অধিকার (صفى) থাকত, আমাকে পৃথক করে রাখা হলে তিনি আমার ব্যাপারে আল্লাহর নিকট 'ইসতিখারা' (কল্যাণবহ সিদ্ধান্ত কামনা) করলেন।

পরে কিছু দিনের জন্য আমাকে উম্মুল মুনযির বিনত কায়স (রা)-এর বাড়িতে পাঠিয়ে দিলেন। ইত্যবসরে তিনি পুরুষ বন্দীদের মৃত্যুদণ্ড দিলেন এবং নারী বন্দীদের বাটোয়ারা করে দিলেন। পরে রাসূলুল্লাহ (সা) আমার কাছে আগমন করলে আমি লজ্জায় পাশে সরে রইলাম। তিনি আমাকে ডেকে তাঁর সামনে বসালেন। এবং বললেন, ان اخترت الله ورسوله اختارك رسول الله لنفسه- "তুমি আল্লাহ এবয় রাসূলকে গ্রহণ করলে আল্লাহর রাসূল তাঁর নিজের জন্য তোমাকে গ্রহণ করবেন।" আমি ইসলাম গ্রহণ করলে রাসূলুল্লাহ (সা) আমাকে মুক্ত করে দিলেন এবং আমাকে স্ত্রীরূপে গ্রহণ করলেন। তিনি আমাকে বারো উকিয়ার' কিছু অধিক (সাড়ে বারো উকিয়া =৫০০ দিরহাম) মহর দিলেন। যেমন তাঁর অন্যান্য স্ত্রীদের দিতেন। তিনি উম্মুল মুনযির (রা)-এর বাড়িতে আমাকে নিয়ে বাসর উদযাপন করলেন। তিনি নিজের স্ত্রীদের জন্য রাত্রি যাপনের 'পালা' নির্ধারণ করতেন। আমার জন্য পর্দার বিধান সাব্যস্ত করলেন। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ (সা) তাঁর প্রতি বিমুগ্ধ ছিলেন এবং তিনি কোন কিছুর জন্য আবদার করলে নবী করীম (সা) তা তাঁকে দিয়ে দিতেন। তাই তাঁকে বলা হয়, তুমি রাসূলুল্লাহ (সা)-এর নিকট বনূ কুরায়জার ব্যাপারে আবদার করলে তিনি অবশ্যই তাদের মুক্ত করে দিতেন। এর জবাবে তিনি বলতেন, বন্দিনীদের বন্টন (এবং পুরুষ বন্দীদের হত্যা) করার পরই তিনি আমার সংগে নিভৃতে মিলিত হয়েছিলেন। নবী করীম (সা) তাঁর সংগে নিভৃত বাস করতেন এবং প্রায়শ তা করতেন।

'According to the biography of Prophet Muhammad by Ibn Ishaq, Prophet Muhammad himself sanctioned the massacre of the Qurayza, a vanquished Jewish tribe mercilessly. Thus some 600 to 900 men from the Qurayza were lead on Muhammad's order to the Market of Medina. Trenches were dug and the men were beheaded, and their decapitated corpses buried in the trenches while Muhammad watched in attendance. Women and children were sold into slavery, a number of them being distributed as gifts among Muhammad's companions, and Muhammad chose one of the Qurayza women (Rayhana) for himself.

Muhammad ordered people to be beheaded, the females were made into sex slaves, and the male children were made into slave workers. He also beheaded people with his own hands (Sirat A, Rasul page 464).

↥

তাফসীরে মাযহারী, নবম খণ্ড, পৃষ্ঠা ৪৬৪

সেদিন বনী কুরায়জার রমণীদের মধ্যে হত্যা করা হয়েছিলো কেবল বানানা নাম্নী এক রমণীকে। সে ছিলো বনী নাজির সম্প্রদায়ের মেয়ে। কিন্তু তার বিয়ে হয়েছিলো বনী কুরায়জার এক যুবকের সাথে। তাদের দাম্পত্যপ্রণয় ছিলো অত্যন্ত গভীর। তখন অবরোধের শেষ পর্যায়। তাদের সকলেই বুঝলো, এবার আর তাদের নিস্তার নেই। বানানা তার স্বামীকে বললো, তোমাকে তো এবার আমার কাছ থেকে পৃথক করে ফেলা হবে। তাই যদি হয় তবে আমার আর বেঁচে থেকে কাজ কী? যুবক বললো, মোহাম্মদ জয়ী হলে তোমাকে হত্যা করবে না। করবে চিরদাসী। কারণ তার ধর্মে নারী হত্যার বিধান নেই। কিন্তু তুমি কারো দাসী হয়ে থাকবে, সে কল্পনাও আমার জন্য অসহনীয়। তার চেয়ে তুমি এক কাজ করো। ওই আটা পেশার যাঁতার চাকতিটি এখান থেকে নিচে গড়িয়ে দাও। যদি ওই চাকতির আঘাতে কোনো মুসলমান সৈনিক নিহত হয়, তবে সেই অপরাধে তোমাকে দেওয়া হবে মৃত্যুদণ্ড। আমি চাই তোমাকে মৃত্যুদণ্ডই দেওয়া হোক। বানানা তার স্বামীর কথামতো যাঁতার চাকতিটি দুর্গের একটি ফোকর দিয়ে নিচে গড়িয়ে দিলো। বাইরে তখন মধ্যাহ্নের প্রখর উত্তাপ। ওই সময় মুসলিম সৈন্যদের অনেকে দুর্গের দেয়ালের ছায়ায় বসে বিশ্রাম নিচ্ছিলো। চাকতি সোজা গড়িয়ে পড়লো সেরকম বিশ্রামরত এক সৈনিকের মাথায়। ফলে অল্পক্ষণের মধ্যে শাহাদত বরণ করলেন তিনি।

ওরওয়ার বর্ণনায় এসেছে, জননী আয়েশা বলেছেন, যখন বনী কুরায়জার পুরুষদেরকে হত্যা করা হয়, তখন বানানা ছিলো আমার কাছে। প্রায় সারাক্ষণ হাস্য-কৌতুকে মেতে থাকা ছিলো তার স্বভাব। ওদিকে তাদের পুরুষদেরকে হত্যা করা হচ্ছিলো, আর সে মাঝে মাঝেই কৌতুক করে বলছিলো, কী মজা! আজ বনী কুরায়জার পুরুষদেরকে বধ করা হচ্ছে। কিছুক্ষণ পর বাইরে থেকে আওয়াজ এলো, বানানা কোথায়? সে সঙ্গে সঙ্গে জবাব দিলো, এই যে আমি এখানে । আমি বললাম, হতভাগিনী! লোকটি তোমার কে? সে বললো, আমাকে ডাকা হচ্ছে হত্যা করার জন্য। আমি বললাম, কী কারণে? সে বললো, নিশ্চয় কোনো অপরাধ করেছি। জননী আয়েশা আরো বলেছেন, যার উপরে মৃত্যুর পরওয়ানা ঝুলছে, তার এরকম আনন্দ-উচ্ছলতা করার কথা আমি জীবনে শুনিনি। তার কথা আমার আজও মনে পড়ে যায় ।

স্বজনশোকে পাগল এক নারী

মুহাম্মদ সা যখন বনু কুরাইযা গোত্রের শত শত মানুষকে লাইন ধরে দাড় করিয়ে জবাই করছিলেন, সেই সময়ে একজন নারী চোখের সামনে স্বজন জবাই হবার বেদনাতে পাগল হয়ে গিয়েছিলেন। তিনি অট্টহাসিতে ফেটে পড়ছিলেন আর নবীকে গালি দিচ্ছিল। সে জানতো, এই কারণে তাকেও হত্যা করা হবে, কিন্তু হাসতে হাসতেই তিনি মৃত্যুকে বেছে নিয়েছিলেন। যা দেখে আয়িশা রা নিতান্তই অবাক হয়ে যায়।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

২৬৭১। আয়িশাহ (রা) বলেন, বনী কুরাইযার কোনো মহিলাকে হত্যা করা হয়নি। তবে এক মহিলাকে হত্যা করা হয়। সে আমার পাশে বসে কথা বলছিল। **তখন রাসূলুল্লাহ সা বাজারে তাদের পুরুষদেরকে হত্যা করছিলেন।** সে নবী সা কে অশ্লীল ভাষায় গালি দিয়েছিলো। আয়িশা (রা) বলেন, তাকে নিয়ে গিয়ে হত্যা করা হলো। আমি ঘটনাটি আজও ভুলতে পারিনি। **আমি তার আচরণে অবাক হয়েছিলাম যে, তাকে হত্যা করা হবে একথা জেনেও সে অট্টহাসিতে ফেটে পড়ছিলো।** সূনান আবু দাউদ (ইফা)২৬৬২ ..... তার শিরচ্ছেদ করা হলো।

↥

সূনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)
৯/ জিহাদ
পরিচ্ছেদঃ ১৫. মহিলাদের হত্যা সম্পর্কে।
২৬৬২. 'আবদুল্লাহ্ ইবন মুহাম্মদ নুফায়লী (রহঃ) ..... আয়িশাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, বনূ কুরাইযার মহিলাদের থেকে কোন মহিলাকে হত্যা করা হয়নি, কিন্তু একজন মহিলাকে (হত্যা করা হয়), যে আমার পাশে বসে কথা বলছিল এবং অট্টহাসিতে ফেটে পড়ছিল। এ সময় রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের পুরুষদের এক বাজারে হত্যা করেছিলেন। তখন জনৈক আহবানকারী সে মহিলার নাম ধরে ডাকে যে, অমুক মহিলা কোথায়? তখন সে বলে, এই তো আমি। আমি (আয়িশা) তাকে জিজ্ঞাসা করিঃ তোমার ব্যাপার কি? তখন সে বলেঃ আমি একটা ঘটনা ঘটিয়েছি, (অর্থাৎ সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালি দেয়)। আয়িশাহ (রাঃ) বলেনঃ তখন সে (আহবানকারী) তাকে নিয়ে যায় এবং তার শিরচ্ছেদ করে। তিনি বলেনঃ আমি সেই ঘটনাটি এখনো ভুলতে পারিনি। কেননা তার আচরণে তাজ্জবের ব্যাপার এই ছিল যে, সে অট্টহাসিতে ফেটে পড়ছিল, অথচ সে জানত যে, তাকে হত্যা করা হবে।

৬২৪ খ্রিস্টাব্দে নবী মুহাম্মদ ইহুদি গোত্র বানী কাইনুকার উপরে ১৫ দিন ব্যাপী একটি অবরোধ চালিয়েছিলেন। উপায় না দেখে বনু কাইনুকা গোত্রটি নিঃশর্তভাবে মুহাম্মদের বাহিনীর কাছে আত্মসমর্পণ করেছিল। মুহাম্মদ সেই গোত্রের সমস্ত প্রাপ্তবয়স্ক পুরুষদের শিরশ্ছেদ করে তাদের নারী ও শিশুদের দাস বানাতে চেয়েছিলেন, যেন সমস্ত আরব উপদ্বীপে ত্রাস সৃষ্টি করা যায়। বনু কায়নূকার ঘটনার সময় মদিনার শক্তিশালী স্থানীয় নেতা ছিলেন খাজরাজ বংশের প্রধান আবদুল্লাহ বিন উবাই(রা)। তিনি ছিলেন অত্যন্ত উচ্চ মর্যাদার অধিকারী এবং মুহাম্মদের হিজরতের সময় মদিনার নেতা। বনু কায়নুকার অবরোধের সময় আবদুল্লাহ বিন উবাই মুহাম্মদের গণহত্যার ইচ্ছেটি বুঝতে পারেন, এবং নবীকে এই গণহত্যা থেকে নিবৃত করার সর্বোচ্চ চেষ্টা করেন। মুহাম্মদ সা রেগে লাল হয়ে যান, কিন্তু আবদুল্লাহ বিন উবাই জোর করে মুহাম্মদ সা কে বাধ্য করেন, যেন বনু কায়নুকাকে মুহাম্মদ নৃশংসভাবে জবাই করতে না পারে। এর থেকে বোঝা যায়, নবী সা এর ইচ্ছে ছিল, বনু কায়নুকার সমস্ত পুরুষকে হত্যা করা এবং মেয়ে ও শিশুদের গনিমতের মাল বানানো।

মদীনার ইহুদীদের মধ্যে বনু কাইনুকাই সর্বপ্রথম রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাদের মধ্যে সম্পাদিত চুক্তি ভঙ্গ করে। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে অবরোধ করে অনুকূল শর্তে আত্মসমর্পণে বাধ্য করেন। এভাবে আল্লাহর সাহায্যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে নতজানু করলে, আবদুল্লাহ ইবনে উবাই ইবনে সুলুল তাঁর কাছে এসে বললো, "হে মুহাম্মাদ, আমার মিত্রদের প্রতি সহৃদয় আচরণ করুন।" রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার এ কথার কোন উত্তর দিলেন না। সে আবার বললো, "হে মুহাম্মাদ, আমার মিত্রদের সাথে সদয় আচরণ করুন।" রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুখ ফিরিয়ে নিলেন। এবার সে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বর্মের পকেটে হাত ঢুকিয়ে দিলে তিনি বললেন, "আমাকে ছাড়।" এই সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এত ক্রুদ্ধ হন যে, তাঁর মুখমণ্ডল রক্তিম হয়ে যায়। অতঃপর তিনি তাকে বললেন, "আরে। আমাকে ছাড় তো!" সে বললো, "না, আমার মিত্রদের সাথে সদয় আচরণের নিশ্চয়তা আগে দিন, তারপর ছাড়বো। বিশ্বাস করুন, চারশো নাঙ্গামাথা যোদ্ধা এবং তিনশো বর্মধারী যোদ্ধা আমাকে সারা দুনিয়ার মানুষ থেকে নিরাপদ করে দিয়েছে। আর আপনি কিনা একদিনেই তাদেরকে নিশ্চিহ্ন করে দিতে চাচ্ছেন। আমি তাদের ছাড়া এক মুহূর্তও নিরাপদ নই"। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "আচ্ছা, বেশ। ওদেরকে তোমার মর্জির ওপর ছেড়ে দিলাম।"

সীরাতে ইবনে হিশাম ১৭৩

↥

মুহাম্মদ ইব্‌ন ইসহাক বলেন ঃ প্রথম ইয়াহূদীদের বনূ কাইনুকা গোত্র তাহাদের এবং রাসূলুল্লাহ (সা)-এর মধ্যে সম্পাদিত চুক্তি ভঙ্গ করে। বর্ণনাকারী বলেন, আমাকে আসিম ইব্‌ন উমর ইব্‌ন কাতাদা বলিয়াছেন যে, সেই গোত্রের বহু লোককে তাহাদের বিচারের ব্যাপারে নির্দেশ নাযিল না হওয়া পর্যন্ত রাসূলুল্লাহ (রা) বন্দী করিয়া রাখেন। যখন তাহাদের শাস্তি নির্ধারিত হয়, তখন আবদুল্লাহ ইব্‌ন উবাই ইব্‌ন সলূল তাহাদের পক্ষে সুপারিশ করিয়া রাসূলুল্লাহ (সা)-কে বলেন, হে মুহাম্মদ! আপনি আমার বন্ধুদের প্রতি অনুগ্রহ করুন। ইহারা খাযরাজদের সঙ্গে শান্তি চুক্তিতে আবদ্ধ। কিন্তু রাসূলুল্লাহ (সা) কোন উত্তর না দিয়া নীরবতা অবলম্বন করেন। সে আবারো বলিল, হে মুহাম্মদ! ইহাদের ব্যাপারে অনুগ্রহ করুন। কিন্তু রাসূলুল্লাহ (সা) কোন উত্তর না দিয়া নীরবতা অবলম্বন করেন। সে আবারো বলিল, হে মুহাম্মদ! ইহাদের ব্যাপারে অনুগ্রহ করুন। কিন্তু রাসূলুল্লাহ (সা) কোন উত্তর না দিয়া মুখ ফিরাইয়া নিলেন। তখন উপায়ান্তর না দেখিয়া সে রাসূলুল্লাহ (সা)-এর জামার এক প্রান্ত টানিয়া ধরে। রাসূলুল্লাহ (সা) বলেন, ছাড়িয়া দাও। এই ধরনের আচরণের ফলে রাসূলুল্লাহ (সা) অত্যন্ত রাগান্বিত হইয়া বলেন, তোমার অমঙ্গল হউক, আমাকে রেহাই দাও। সে বলিল, না, যতক্ষণ পর্যন্ত আমার বন্ধুদের ব্যাপারে অনুগ্রহ না করিবেন, ততক্ষণ পর্যন্ত ক্ষান্ত হইব না। তাহারা দলে বৃহৎ এবং এই পর্যন্ত তাহারা আমার পক্ষ অবলম্বন করিয়াছে। আজ একদিনে এই বৃহৎ দলটি ধ্বংস হইয়া যাইবে শুনিয়া আমি ভবিষ্যতের ব্যাপারে ভীষণভাবে শঙ্কিত। পরিশেষে হুযূর (সা) বলেন ঃ যাও, সব কিছু তোমার জন্যই হইল।

সুনান আবূ দাউদ (ইফা), পরিচ্ছেদঃ বনু নাযীর ও বনু কুরাইযার ঘটনা

২৯৯৪। কা'ব ইবন মালিক (রা) বলেন, ...**বনূ নযীরের ইয়াহুদীরা নবী সা কে এ মর্মে অবহিত করে যে, আপনি আপনার সাথীদের থেকে ত্রিশজন নিয়ে আমাদের কাছে আসুন এবং আমাদের ত্রিশজন আলিম আপনার সংগে এক আলাদা স্থানে দেখা করবে। তারা আপনার কথা শুনবে, যদি তারা আপনার উপর ঈমান আনে এবং বিশ্বাস স্থাপন করে, তবে আমরা আপনার উপর ঈমান আনব।**

পরদিন সকাল বেলা রাসূলুল্লাহ সা একদল সেনাবাহিনী নিয়ে তাদের উপর হামলা করেন এবং তাদের অবরোধ করে বলেনঃ আল্লাহ্‌র শপথ! তোমরা যতক্ষণ অঙ্গীকার না করবে, ততক্ষণ আমি তোমাদের ব্যাপারে নিশ্চিত নই। তখন ইয়াহুদীরা অঙ্গীকার করতে অস্বীকার করে। ফলে তিনি সেদিন তাদের সাথে দিনভর যুদ্ধে রত থাকেন। পরদিন তিনি বনূ নযীরকে বাদ দিয়ে বনূ কুরাইযার উপর আক্রমণ করেন এবং তাদের অঙ্গীকারবদ্ধ হতে বলেন। ফলে তারা তাঁর সংগে অঙ্গীকারবদ্ধ হয়। তখন তিনি তাদের নিকট হতে প্রত্যাবর্তন করে পুনরায় বনূ নযীরকে অবরোধ করেন এবং তাদের সাথে ততক্ষণ যুদ্ধ করেন, যতক্ষণ না তারা দেশত্যাগে বাধ্য হয়।

বনূ নযীরের লোকেরা তাদের উটের পিঠে ঘরের দরজা, চৌকাঠ ইত্যাদি যে পরিমাণ মালামাল নেওয়া সম্ভব ছিল, তা নিয়ে যায়। এবার বনূ নযীরের খেজুরের বাগান রাসূলুল্লাহ সা -এর অধিকারে আসে।

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

ইয়াহুদীরা বিদ্রোহ ঘোষণা করলো এবং তারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ মর্মে অবহিত করে যে, আপনি আপনার সাথীদের থেকে ত্রিশজন নিয়ে আমাদের কাছে আসুন এবং আমাদের ত্রিশজন আলিম আপনার সংগে এক আলাদা স্থানে দেখা করবে। তারা আপনার কথা শুনবে, যদি তারা আপনার উপর ঈমান আনে এবং বিশ্বাস স্থাপন করে, তবে আমরা আপনার উপর ঈমান আনব।

পরদিন সকাল বেলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদল সেনাবাহিনী নিয়ে তাদের উপর হামলা করেন এবং তাদের অবরোধ করে বলেনঃ আল্লাহ্‌র শপথ! তোমরা যতক্ষণ অঙ্গীকার না করবে, ততক্ষণ আমি তোমাদের ব্যাপারে নিশ্চিত নই। তখন তারা (ইয়াহুদীরা) অঙ্গীকার করতে অস্বীকার করে। ফলে তিনি সেদিন তাদের সাথে দিনভর যুদ্ধে রত থাকেন। পরদিন তিনি বনূ নযীরকে বাদ দিয়ে বনূ কুরাইযার উপর আক্রমণ করেন এবং তাদের অঙ্গীকারবদ্ধ হতে বলেন। ফলে তারা তাঁর সংগে অঙ্গীকারবদ্ধ হয়। তখন তিনি তাদের নিকট হতে প্রত্যাবর্তন করে পুনরায় বনূ নযীরকে অবরোধ করেন এবং তাদের সাথে ততক্ষণ যুদ্ধ করেন, যতক্ষণ না তারা দেশত্যাগে বাধ্য হয়।

বনূ নযীরের লোকেরা তাদের উটের পিঠে ঘরের দরজা, চৌকাঠ ইত্যাদি যে পরিমাণ মালামাল নেওয়া সম্ভব ছিল, তা নিয়ে যায়। এবার বনূ নযীরের খেজুরের বাগান রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অধিকারে আসে, যা আল্লাহ্ তা'আলা বিশেষভাবে প্রদান করেন। যেমন আল্লাহ্ বলেনঃ

وَمَا أَفَاءَ اللَّهُ عَلَى رَسُولِهِ مِنْهُمْ فَمَا أَوْجَفْتُمْ عَلَيْهِ مِنْ خَيْلٍ وَلاَ رِكَابٍ

অর্থাৎ আল্লাহ্ কাফিরদের মাল হতে যে সম্পদ তাঁর রাসূলকে প্রদান করেন, তা হাসিলের জন্য তোমরা তোমাদের ঘোড়া অথবা উট হাঁকাও নি, অর্থাৎ ঐ সম্পদ বিনা যুদ্ধে হাসিল হয়। অতঃপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঐ মালের অধিকাংশই মুহাজিরদের মাঝে বণ্টন করে দেন এবং অভাবগ্রস্ত দু'জন আনসারকে তা হতে অংশ প্রদান করেন। এ দু'জন ছাড়া অন্য আনসার সাহাবীদের মাঝে এ মাল বিতরণ করা হয়নি। অবশিষ্ট মাল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য সাদকা স্বরূপ ছিল, যা বনূ ফাতিমার নিয়ন্ত্রণে ছিল।

হাদিসের মানঃ সহিহ (Sahih)

↥

হাদিস থেকে জানা যায়, মুহাম্মদ সা কে বনূ নাযীর গোত্র নিমন্ত্রণ জানায়, তার নবুয়তের প্রমাণ দিয়ে যেতে। তারা মুহাম্মদ সা কে এ মর্মে অবহিত করে যে, আপনি আপনার সাথীদের থেকে ত্রিশজন নিয়ে আমাদের কাছে আসুন এবং আমাদের ত্রিশজন আলিম আপনার সংগে এক আলাদা স্থানে দেখা করবে। তারা আপনার কথা শুনবে, যদি তারা আপনার উপর ঈমান আনে এবং বিশ্বাস স্থাপন করে, তবে আমরা আপনার উপর ঈমান আনব। এরপরেই মুহাম্মদ সা বনূ নযীর বা বানু নাদির গোত্রকে আক্রমণ করেন। তাদের সাথে যখন মুহাম্মদ সা এর সৈন্যরা পারছিল না, সেই সময়ে তারা আচানক কোন কারণ ছাড়াই পরদিন বনু কুরাইজাকেও আক্রমণ করে বসে। বনু কুরাইজা গোত্র এই আক্রমণ থেকে নিজেদের রক্ষার জন্য অঙ্গীকার করে যে, মুহাম্মদের সৈন্যদের তারা আক্রমণ করবে না।

বনু কুরাইজা গোত্রের সাথে সাথে নবী সা এর কী করার পরিকল্পনা, সেটি নবী সা এর এক অনুসারী আবূ লূবাবা (রা) ফাঁস করে দিয়েছিলেন। বনু কুরাইজা গোত্রকে ২৫ দিন অবরোধ করে রাখার পরে আবূ লূবাবা (রা) কে তিনি পাঠিয়েছিলেন বনু কুরাইজার দূর্গে। সেখানে ঢোকার পরেই বুকফাটা কান্নায় ভেঙ্গে পড়ে। তারা আবূ লূবাবা (রা) এর কাছে নিজেদের অসহায়ত্বের কথা জানাতে থাকে। নবী সা এর অনুসারী হওয়ার পরেও নারী শিশুদের সেই কান্না দেখে মন গলে যায় আবূ লূবাবা (রা) এর। তিনি ইঙ্গিতে তাদের জানিয়ে দেন, আত্মসমর্পন করলে তাদের হত্যা করা হবে। নবী সা সেই পরিকল্পনা করেই এসেছেন।

বনূ কুরায়যা অভিযান ২৩৩

আবূ লুবাবার তাওবা প্রসংগে

এরপর তারা রাসূলুল্লাহ্ (সা)-এর কাছে অনুরোধ জানিয়ে পাঠাল যে, বনূ আমর ইব্ন আওফ গোত্রের আবূ লুবাবা ইব্ন আবদুল মুনযিরকে আমাদের কাছে পাঠিয়ে দিন। তার সাথে আমরা পরামর্শ করব। উল্লেখ্য বনূ আমর গোত্র ছিল আওস গোত্রের মিত্র।

রাসূলুল্লাহ্ (সা) আবূ লুবাবাকে তাদের কাছে পাঠালেন। তাকে দেখামাত্র পুরুষগণ তাকে অভিবাদন জানাতে ছুটে আসল, আর নারী ও শিশুরা তার সামনে গিয়ে কেঁদে কেঁদে ফরিয়াদ জানাল। তাদের সে বুকফাটা কান্না দেখে তাঁর অন্তর গলে গেল। তারা বলল : হে আবূ লুবাবা। আপনি কি বলেন, আমরা কি মুহাম্মদের নির্দেশমত দুর্গ হতে নেমে আসব ? তিনি বললেন : হ্যাঁ, সে সাথে গলদেশের দিকেও ইঙ্গিত করলেন, অর্থাৎ পরিণাম যবাই।

আবূ লুবাবা বলেন : আল্লাহ্র কসম! সেস্থান হতে আমি এক কদমও নড়িনি, এর মধ্যেই আমার উপলব্ধি হল—আমি আল্লাহ্ ও রাসূলের সাথে বিশ্বাসঘাতকতা করেছি।

আবূ লুবাবা সেই অবস্থাতেই সোজা মসজিদে নববীতে চলে গেলেন, আর রাসূলুল্লাহ্ (সা)-এর সংগে দেখা করলেন না। তিনি মসজিদের খুঁটির সাথে নিজেকে শক্ত করে বাঁধলেন।

সীরাতুন নবী (সা) (৩য় খণ্ড)—৩০

মুয়াত্তা মালিক, রেওয়ায়ত ১৬।

আবু লুবাবা (রা) মদীনার ইহুদী বসতি বনু কুরায়যায় বসবাস করিতেন। ইহাদের সহিত মুসলিমদের যুদ্ধ শুরু হইলে ইনি মুসলিমদের তরফ হইতে আলোচনা করিতে যান এবং **তাদের প্রতি সহানুভূতির জন্য ইশারায় তাদের সম্পর্কে রাসূলুল্লাহ সা -এর গোপন সিদ্ধান্ত জানাইয়া দেন**। পরে এই জন্য অত্যন্ত অনুতপ্ত হন এবং মসজিদে নববীর একটি স্তম্ভের সহিত নিজেকে বাঁধিয়া রাখেন ও বলেনঃ যতদিন আল্লাহ আমার এই গুনাহ্ মাফ না করিবেন ততদিন এই অবস্থায়ই আমি থাকিব। শুধু প্রশ্রাব-পায়খানার সময় তাহার স্ত্রী বাঁধন খুলিয়া দিতেন, পরে আবার বাঁধিয়া রাখিতেন। শেষে আল্লাহ তা'আলা তাহার ক্ষমার ঘোষণা করেন।

সূরা মায়িদা ৫৭৩

ইকরিমা (রা) বলেন ঃ 'এই আয়াতটি আবূ লুবাবা ইব্ন মুনযির সম্পর্কে নাযিল হইয়াছে। যখন রাসূলুল্লাহ (সা) তাহাকে পাঠাইয়া বনী কুরায়যাদেরকে ডাকিয়াছিলেন, তখন বনী কুরায়যারা তাহাকে জিজ্ঞাসা করিয়াছিল, রাসূলুল্লাহ (সা) তাহাদের সঙ্গে কিরূপ ব্যবহার করিবেন ? তিনি তখন স্বীয় হস্তদ্বারা গলদেশের প্রতি ইঙ্গিত করিয়া তাহাদেরকে বুঝাইয়া দিলেন যে, তোমাদিগকে তিনি হত্যা করিবেন। ইব্ন জারীর (র) ইহা উদ্ধৃত করিয়াছেন।

আরো পড়ুনঃ বনূ কুরায়যা অভিযান - ইবনে হিশাম

বনু কুরাইজা অভিযান বিষয়ক মডারেট মুমিনদের অপপ্রচারের মুখোশ উন্মোচন , সীরাতুন নবী, ৩য় খন্ড

সুরা তওবা, তরবারীর আয়াত, এবং এর তাফসীর (সাহাবী, তাবেঈন, তাবে তাবেঈনের বর্ণনা)

তাফসীরে জালালাইন দ্বিতীয় খণ্ড পৃষ্ঠা ৬১৯,

সূরা তওবা প্রসঙ্গে : আবূ আতীয়া হামদানী (রা.) বর্ণনা করেন, হযরত ওমর (রা.) একটি ফরমানে লিখেছিলেন, "তোমরা নিজেরা সূরা তওবা শিখ আর তোমাদের স্ত্রীলোকদেরকে সূরা নূর শিক্ষা দাও।" এর কারণ, সূরা তওবাতে জিহাদের জন্য উদ্বুদ্ধ করা হয়েছে, আর সূরা নূরে পর্দা প্রথা প্রচলনের তাগিদ করা হয়েছে। প্রথমে পুরুষদের, পরে স্ত্রীলোকদের কর্তব্য পালনের নির্দেশ রয়েছে।

- মাদানি সুরা তওবার প্রথম অংশ নাজিল হয় যখন নবি তাবুক যুদ্ধের অভিযান থেকে ফিরে আসছিলেন।
- ইমাম বুখারির মতে এটি নবির উপর নাজিলকৃত সর্বশেষ সুরা

তাফসীর ইবনে কাসীর, ৮,৯,১০,১১ তম খণ্ড, পৃষ্ঠা ৬৩৩

- কুরআনের একমাত্র সুরা যার শুরুতে বিসমিল্লাহ নেই। হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা) বলেন: বিসমিল্লাতে রয়েছে শান্তি ও নিরাপত্তা, আর এই সুরাতে কাফিরদের বিরুদ্ধে তরবারি ব্যাবহারের আদেশ রয়েছে এজন্য বিসমিল্লাহ লিপিবদ্ধ হয়নি যেন আল্লাহপাকের গজবের নিদর্শন প্রতিভাত হয়।
- সুরা তাওবার অন্য প্রচলিত নাম বারাআত বা সম্পর্কছেদ, মোকাশকাশা বা ঘৃণা সৃষ্টিকারী ইত্যাদি।

তাবুকের যুদ্ধ

অষ্টম হিজরিতে নবি সা মক্কা বিজয়ের পর অত্র ও আশেপাশের এলাকায় মুসলিম বাহিনীর আধিপত্য নিশ্চিত হয় ও হুনায়ুনের যুদ্ধ ও অন্যান্য ছোট ছোট যুদ্ধের মাধ্যমে পুরা অঞ্চল মুসলিম বাহিনীর করায়াত্ত হয়ে যায়। এর বেশ আগে থেকেই নবি মোহাম্মাদ (দঃ) বিভিন্ন দেশে দুত পাঠিয়ে উনার নবুয়ত ও আল্লাহর আনুগত্য মেনে নেওয়ার আহ্বান জানান, এই সব দেশের মধ্যে বাইজেনটাইন বা রোমান সম্রাট হেরাক্লিস, পারশ্য সম্রাট, মিসরের মুকাওকিস, হাবাসা সম্রাট, বাহারাইনের গভর্নর অন্যতম। বলা বাহুল্য **ইনারা কেও নবি মোহাম্মাদ সা এর এই দাবি মেনে নেন নি**। তবে নবি ও তার সাহাবীরা রোমান সম্রাজ্য থেকে হামলার ভয়ে ভীত থাকত। এর পূর্বে জর্ডানের নিকট মুতার যুদ্ধে মুসলিম বাহিনী রোমানদের কাছে শোচনীয় ভাবে পরাজিত হয়েছিল যেই যুদ্ধে মোহাম্মাদ সা এর পালক পুত্র ও নবিপত্নি জয়নাব বিনতে জাহাশের প্রাক্তন স্বামী- জায়েদ, নবির চাচাত ভাই জাফর ইবনে আবু তালিব সহ বহু সাহাবী নিহত হয়, পরিশেষে খালিদ বিন ওয়ালিদের নেতৃত্বে মুসলিম বাহিনী প্রাণ রক্ষা করে মদিনায় ফিরে যায় এবং ফিরে আসা সেনারা বিদ্রুপের মুখে পড়ে।

এক সময় মদিনায় গুজব ছড়িয়ে পড়ে যে রোমানরা মদিনা আক্রমন করতে পারে। এইসব মাথায় রেখে নবি সা সকল মুসলিমকে জান-মাল কোরবানি করে তাবুক যুদ্ধের প্রস্তুতি নিতে বলেন এবং নবি জীবনে সর্ববৃহৎ ৩০,০০০ সেনা নিয়ে তাবুক যাত্রা করেছিলেন। তবে বিবিধ অজুহাতে মুসলিমরা এই যুদ্ধে না যাওয়ার চেষ্টা করেছিল। সুরা তওবার বিভিন্ন আয়াতে তাই এই জিহাদে সামিল হওয়ার জন্য কাকুতি-মিনতি, লোভ,ভয়, হুমকি সবই ফুটে উঠেছে।

- "আর তাদের কেউ বলে, আমাকে অব্যাহতি দিন এবং পথভ্রষ্ট করবেন না। শোনে রাখ, তারা তো পূর্ব থেকেই পথভ্রষ্ট এবং নিঃসন্দেহে জাহান্নাম এই কাফেরদের পরিবেষ্টন করে রয়েছে।" (সুরা তাওবা ৯:৪৯)

নবি যখন তাবুকের যুদ্ধের জন্য সকলকে জান মাল কোরবান করার আহ্বান জানাচ্ছিলেন, এরই অংশ হিসাবে নবি জাদ ইবনে কাইসকে বলেন "ওহে আবু ওয়াহাব (জাদ ইবনে কাইস এর নাম) তুমি কি কিছু রোমান নারীকে যৌন দাসী ও পুরুষদের দাস হিসাবে লাভ করতে চাও?" উত্তরে জাদ ইবনে কাইস বলেন, **হে আল্লাহর রাসুল, আমার লোকজন নারিদের প্রতি আমার বিশেষ আসক্তির কথা জানে। আমি আশঙ্কা করছি যে শ্বেতাঙ্গ রোমান রমণীদের দেখে আমি আর নিজেকে সামলাতে পারব না। কাজেই আমাকে আর লোভ দেখাবেন না, বরং আমাকে যুদ্ধে যাওয়া থেকে অবহতি দিন, আমি আমার সম্পদ দিয়ে আপনার জিহাদে সাহায্য করব।**

- হে ঈমানদারগণ, তোমাদের কি হল, যখন আল্লাহর পথে বের হবার জন্যে তোমাদের বলা হয়, তখন মাটি জড়িয়ে ধর, তোমরা কি আখেরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে পরিতুষ্ট হয়ে গেলে? অথচ আখেরাতের তুলনায় দুনিয়ার জীবনের উপকরণ অতি অল্প।" (সুরা তাওবা ৯:৩৮)
- "যদি বের না হও, তবে আল্লাহ তোমাদের মর্মন্তুদ আযাব দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন। তোমরা তাঁর কোন ক্ষতি করতে পারবে না, আর আল্লাহ সর্ববিষয়ে শক্তিমান।" (সুরা তাওবা ৯:৩৯)

- পেছনে থেকে যাওয়া লোকেরা আল্লাহর রসূল থেকে বিচ্ছিন্ন হয়ে বসে থাকতে পেরে আনন্দ লাভ করেছে; আর জান ও মালের দ্বারা আল্লাহর রাহে জেহাদ করতে অপছন্দ করেছে এবং বলেছে, এই গরমের মধ্যে অভিযানে বের হয়ো না। বলে দাও, উত্তাপে জাহান্নামের আগুন প্রচন্ডতম। যদি তাদের বিবেচনা শক্তি থাকত।" (সুরা তাওবা ৯:৮১)

নবি সা তাবুকে পৌছিয়ে সেখানে কোন রোমান সৈন্য সমাবেশ দেখতে পাননি এবং বুঝতে পারেন যে রোমান আক্রমনের গুজবটি অতিরঞ্জিত। নবি তাবুকে ১০ দিনের কম অবস্থান করেন এবং উমরের সাথে পরামর্শ করে কোন যুদ্ধ না করেই মদিনা প্রত্যাবর্তন করেন, তবে পথে বেশ কিছু গোত্রকে জিজিয়া করের আওতায় নিয়ে আসেন।
[বর্তমান যুগে বানানো নবির জীবনী, এছাড়া বিভিন্ন ইসলামি বক্তা দাবী করেন যে রোমান বাহিনী নবির বাহিনী দেখে পালিয়ে গিয়েছিল, এটা পুরোটাই গাঁজাখুরি ধাপ্পাবাজি, এর কোনই ঐতিহাসিক ভিত্তি নেই। প্রদত্ত রেফারেন্স ছাড়াও ইবনে ইসহাক বা আল তাবারির লেখায় তাবুকে বাইজেনটাইনদের সাথে যুদ্ধের অথবা রোমান সেনাদল পালিয়ে যাওয়ার কোন বর্ণনা নাই, আধুনাকালের সিরাত লেখক আর অনেক ইসলামিক ওয়েবসাইট সমুহ সম্পূর্ণ মিথ্যার আশ্রয় নিয়ে তাবুক অভিযানকে ইসলামের গৌরবগাঁথা হিসাবে বর্ণনা করেন।]

নবির মদিনায় ফিরে আসার খবরে তাবুক যুদ্ধে না যাওয়া সাহাবীগণ নবি সা এর রোষানলে পড়ার ভয়ে ভীত হয়ে পড়েন এবং নবির কাছে নানা অজুহাত পেশ করতে থাকেন। ইসলামে ও নবির কাছে জিহাদ যে সর্বাধিক গুরুত্বপূর্ণ, এই অজুহাতকারিদের প্রতি নাজিলকৃত আয়াতগুলো লক্ষ্য করলে বুঝা যায়।

"তুমি যখন তাদের কাছে ফিরে আসবে, তখন তারা তোমাদের নিকট ছল-ছুতা নিয়ে উপস্থিত হবে; তুমি বলো, ছল কারো না, আমি কখনো তোমাদের কথা শুনব না; আমাকে আল্লাহ তা'আলা তোমাদের অবস্থা সম্পর্কে অবহিত করে দিয়েছেন। আর এখন তোমাদের কর্ম আল্লাহই দেখবেন এবং তাঁর রসূল। তারপর তোমরা প্রত্যাবর্তিত হবে সেই গোপন ও আগোপন বিষয়ে অবগত সত্তার নিকট। তিনিই তোমাদের বাতলে দেবেন যা তোমরা করছিলে। "(সুরা তাওবা ৯:৯৪)

"এখন তারা তোমার সামনে আল্লাহর কসম খাবে, যখন তুমি তাদের কাছে ফিরে যাবে, যেন তুমি তাদের ক্ষমা করে দাও। সুতরাং তুমি তাদের ক্ষমা কর-নিঃসন্দে হে এরা অপবিত্র এবং তাদের কৃতকর্মের বদলা হিসাবে তাদের ঠিকানা হলো দোযখ।" (সুরা তাওবা ৯:৯৫)

নবি অবশ্য তিন জন মুমিন সাহাবী কাব বিন মালিক, মোরারা বিন রাবি ও হেলাল বিন উমাইয়ার তাবুক যুদ্ধে না যাওয়ার তওবা গ্রহন করেন, তবে এর আগে তাদেরকে ৫০ দিনের জন্য নিজ বিবি, পরিবার-পরিজন ও সমাজ থেকে বয়কট মানসিক শাস্তি দেওয়া হয়। **সুরা তওবা নামকরনের এটাই শানে নাজুল**। কাজেই নবি জেহাদকে কতোটা গুরুত্ব দিয়েছিলেন এ থেকেই অনুধাবন করা যায়।

তরবারির আয়াত (The sword verse) বা সুরা তওবা আয়াত নং ৫ এর প্রেক্ষাপট ও তাফসীর বিশ্লেষণ

সুরা তওবার আয়াত ১ থেকে ৪:

১। সম্পর্কচ্ছেদ করা হল **আল্লাহ ও তাঁর রসূলের পক্ষ থেকে** সেই মুশরিকদের সাথে, যাদের সাথে তোমরা চুক্তিবদ্ধ হয়েছিলে।

২। অতঃপর তোমরা পরিভ্রমণ কর এ দেশে চার মাসকাল। নিশ্চয়ই আল্লাহ কাফেরদিগকে লাঞ্ছিত করে থাকেন।

৩। আর মহান হজ্বের দিনে আল্লাহ ও তাঁর রসূলের পক্ষ থেকে লোকদের প্রতি ঘোষণা করে দেয়া হচ্ছে যে, আল্লাহ মুশরেকদের থেকে দায়িত্ব মুক্ত এবং তাঁর রসূলও। আর কাফেরদেরকে মর্মান্তিক শাস্তির সুসংবাদ দাও।

৪। তবে যে মুশরিকদের সাথে তোমরা চুক্তি বদ্ধ, অতপরঃ যারা তোমাদের ব্যাপারে কোন ত্রুটি করেনি এবং তোমাদের বিরুদ্ধে কাউকে সাহায্যও করেনি, **তাদের সাথে কৃত চুক্তিকে তাদের দেয়া মেয়াদ পর্যন্ত পূরণ কর।** অবশ্যই আল্লাহ সাবধানীদের পছন্দ করেন।

সুরা তাওবার প্রথম ৫ টি আয়াতে বর্ণিত কিছু গুরুত্বপূর্ণ শব্দ ও বাক্যের বিশ্লেষণঃ

"সম্পর্কচ্ছেদ"

সুরা তওবা শুরু হয়েছে নবি তথা আল্লাহর তরফ থেকে মুশরিকদের সাথে সম্পর্কচ্ছেদের ঘোষণার মাধ্যমে এবং ৫ নং তরবারির আয়াতে কতল করার হুমকির পূর্বে ৪ মাসের আল্টিমেটাম দেওয়া হয়েছে। আল্লাহ ও নবির সাথে এই সম্পর্কচ্ছেদের আওতায় চুক্তিভুক্ত(হুদাইবিয়ার) বা অচুক্তিভুক্ত সকল বিধর্মীই অন্তর্ভুক্ত, যেমনটি বলা হয়েছে তাফসীরে।

তাফসীরে মাযহারী, পঞ্চম খণ্ড, পৃষ্ঠা ২২৪,

আমি বলি, বারাআতুম মিনাল্লাহি ওয়া রসুলিহি (এটা সম্পর্কচ্ছেদ আল্লাহ্ ও তাঁর রসুলের পক্ষ থেকে) এবং আন্নাল্লহা বারিউম মিনাল মুশরিকীনা ওয়া রসুলুহু (আল্লাহর সঙ্গে অংশীবাদীদের কোনো সম্পর্ক নেই এবং তাঁর রসুলের সঙ্গেও নয়) — এ আয়াত দু'টো কেবল যুদ্ধের চুক্তিভঙ্গকারী বিধর্মীদেরকে লক্ষ্য করে অবতীর্ণ হয়েছে, এ রকম বলা যায় না। বরং চুক্তিভূত এবং চুক্তিবহির্ভূত সকল বিধর্মীই ঘোষণা দু'টোর লক্ষ্যস্থল। তাদের সকলকে লক্ষ্য করেই চার মাস নির্বিঘ্নে চলাফেরা করার অনুমতি দেয়া হয়েছে। কারণ ওই চারমাস আল্লাহ্তায়ালা যুদ্ধ-বিগ্রহ ও হত্যাকাণ্ড নিষিদ্ধ করেছেন। তাই, একস্থানে এরশাদ করা হয়েছে— 'ফা ইজানসালাখাল আশহুরুল হুরুম (যখন সম্মানিত মাসগুলো অতীত হয়ে যায়) অন্য এক স্থানে এসেছে— মিনহা আরবাআতুন হুরুমুন (তন্মধ্যে চারটি সম্মানিত)।

এবার আসলো তরবারির আয়াত তথা সুরা তওবার ৫ নং আয়াত

"অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও, তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক। তবে যদি তারা তওবা করে, ইসলাম কবুল করে, তবে তাদের পথ ছেড়ে দাও"।

মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও – এই বাক্যের "যেখানে পাও" এই অর্থ নিয়ে অনেকের মনে প্রশ্ন আসতে পারে। কারন মক্কার হারাম শরিফের সীমানার ভিতরে রক্তপাত প্রাক-ইসলামি যুগ থেকেই নিষিদ্ধ, যে কারনেই এর নাম হারাম শরিফ কারন এর সীমানার ভিতর রক্তপাত হারাম। **তবে নবি সা বিশেষ ক্ষমতাবলে নিজেই এই হারাম শরিফে রক্তপাত ঘটিয়ে এই নিয়মের ব্যাতিক্রম করেছেন**। নীচে তাফসীরে এর বিবরণ দেওয়া আছে।

তাফসীরে মাযহারী, পঞ্চম খণ্ড, পৃষ্ঠা ২৩২

'হাইছু' অর্থ যেখানে। অধিকাংশ তাফসীরকার লিখেছেন, এ কথার অর্থ— মুশরিকদেরকে হেরেম শরীফের সীমানার ভিতরে অথবা সীমানার বাইরে যেখানেই পাবে, সেখানেই হত্যা করবে। কিন্তু তাঁদের তাফসীর বিশুদ্ধ হাদিসের বিপরীত। কেননা রসুল স. বলেছেন, জমিন ও আসমানের সৃষ্টিলগ্ন থেকে আল্লাহ্পাক এই শহর (মক্কা) কে হারাম ঘোষণা করেছেন। হারামের এই বিধান বলবৎ থাকবে কিয়ামত পর্যন্ত। আমার পূর্বে এখানে কারো জন্য যুদ্ধ বৈধ করা হয়নি। কেবল আমার জন্য বৈধ করা হয়েছিলো অল্প কিছুক্ষণের জন্য। রসুল স. এ কথা বলে-ছিলেন মক্কাবিজয়ের পর। বিজয়ের পরক্ষণে তিনি তখন ইসলামের কয়েকজন কুখ্যাত শত্রুকে হত্যার নির্দেশ দিয়েছিলেন। তাঁর এ কথার উপর ভিত্তি করে কেউ যদি বলে অন্যদের জন্যেও হেরেম শরীফের সীমানার মধ্যে মুশরিক বধ বৈধ, তবে তা হবে নিতান্ত ভুল। কারণ রসুল স. স্পষ্ট করে বলেছেন, কেবল আমার জন্য এখানে যুদ্ধের অনুমতি দেয়া হয়েছিলো মাত্র কিছুক্ষণের জন্য। এরপর ওই অনুমতি রহিত হয়ে যায়। সুতরাং অন্যদের জন্য এখানে যুদ্ধ করা বৈধ হতে পারে কীভাবে? বোখারী ও মুসলিমের বর্ণনায় এসেছে, 'ইলা ইয়াওমিল কিয়ামাতি' (কিয়ামত দিবস পর্যন্ত)। সুতরাং হেরেম শরীফের হুরমত (নিষিদ্ধতা) রহিত হতে পারে না। তাই এখানে 'হাইছু' শব্দের অর্থ হবে হেরেম শরীফের বাইরে মুশরিকদেরকে যেখানে পাবে, বধ করবে।

↥

মক্কা বিজয়ের পরের ঘটনা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কয়েকজন কাফেরকে হত্যার নির্দেশ দিয়ে ঘোষণা করলেন–

اقتلوهم ولو وجدتموهم معلقين بأستار الكعبة

"তাদের ক্বাবার চাদর জাপটে ধরা অবস্থায় পেলেও হত্যা করবে।"

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যাদের হত্যার নির্দেশ দিয়েছিলেন, তাদের মধ্যে ছিল আব্দুল্লাহ ইবনে আবিস সারহ ও আব্দুল্লাহ ইবনে খাতাল। সাহাবায়ে কেরাম আব্দুল্লাহ ইবনে খাতালকে ক্বাবার চাদর জাপটে ধরা অবস্থায় পেয়ে সেখানেই হত্যা করলেন। আর আব্দুল্লাহ ইবনে আবিস সারহ ছিলেন হযরত উসমান (রাঃ)-এর দুধভাই। তিনি তার হাত ধরে তাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট নিয়ে এলেন। বললেন, ইয়া রাসূলাল্লাহ! তার তওবা কবুল করুন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নীরব রইলেন। কোন কথা বললেন না। এভাবে তিনবার হযরত উসমান (রাঃ) বললেন, আর তিনবারই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নীরব রইলেন। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাত বাড়িয়ে তার তওবা কবুল করলেন। এরপর আব্দুল্লাহ ইবনে আবিস সারহ চলে গেলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, আমি অপেক্ষায় ছিলাম যে, তোমরা তার তরবারীটি নিয়ে তাকে হত্যা করবে। তাই আমি দেরি করছিলাম। সাহাবায়ে কেরাম বললেন, ইয়া রাসূলাল্লাহ! আপনি যদি একটিবার চোখের ইঙ্গিতে বলতেন, তাহলেই তাকে চিরতরে স্তব্ধ করে দিতাম।

মক্কা বিজয়ের পর নবি বেশ কিছু কাফের পুরুষ ও অন্তত একজন নবিকে বিদ্রুপ করে কাব্য ও সঙ্গীত করা রমণীকে হত্যা করান। এদের মধ্যে ইবনে খাতাল ভেবে ছিলেন কাবার চাদর ধরে থাকলে পবিত্র ভুমিতে উনি রক্ষা পাবেন।

হজ্জের মৌসুমের ৪ মাস হজ্জ পালনের জন্য ও সফররত হাজিদের নিরাপত্তার জন্য প্রাক-ইসলামি সময় থেকে রক্তপাত ও হত্যা নিষিদ্ধ ছিল, যা সকল গোত্রই সম্মান করত ও মেনে চলত। **তবে নবি সা এই নিয়মের তোয়াক্কা করেননি আর এই নিষিদ্ধ মাসেও যুদ্ধ ও হত্যা করে এই প্রথাটি ভঙ্গ করেন।** তাই তাফসিরকারকগন নবির বেঁধে দেওয়া ৪ মাস সময়কে প্রাক – ইসলামিক পবিত্র নিষিদ্ধ মাস থেকে ভিন্ন করে নিয়েছেন। এই বিষয়টিও আমরা তাফসীরে দেখতে পাই।

তাফসীরে মাযহারী, পঞ্চম খণ্ড, পৃষ্ঠা ২২৫,

এখানে চারমাস যুদ্ধ-বিগ্রহ হারাম ঘোষণা করা হলেও অন্য এক আয়াতে বলা হয়েছে— 'কাতিলুল মুশরিকীনা কাফ্ফাতান' (মুশরিকদের সঙ্গে যুদ্ধ করতে থাকো)। সুতরাং বুঝতে হবে এ হুকুমটির মাধ্যমে চারমাস যুদ্ধ-বিগ্রহ হারাম হওয়ার নির্দেশনাটি রহিত হয়েছে। এ রকম বলেছেন কাতাদা, আতা খোরাসানী, জুহুরী এবং সুফিয়ান সওরী। তারা তাদের অভিমতের দলিল পেশ করেছেন এভাবে— রসুল স. হুনায়েন যুদ্ধের সময় হাওয়াজেনদের বিরুদ্ধে এবং তায়েফে সাক্বিফদের বিরুদ্ধে যুদ্ধ ও অবরোধ করেছিলেন শাওয়াল মাসে এবং জিলক্বদের কিছু অংশে। অথচ জিলক্বদ ছিলো নিষিদ্ধ ঘোষিত চার মাসের অর্ন্তভূত।

বিশুদ্ধ মত এই যে, এখানে যে নিষিদ্ধ মাসের উল্লেখ করা হয়েছে, তা প্রচলিত পরিভাষার নিষিদ্ধ মাস নয়। এ মাসগুলো নিষিদ্ধ বলার কারণ শুধু এই যে, এই চার মাসে মোশরেকদের আরবের যেখানে ইচ্ছা নিরাপদে ভ্রমণ করার সুযোগ দেয়া হয়েছে।

'অতএব তোমরা দেশে চার মাস ভ্রমণ করে নাও' এই ঘোষণা নাযিল হবার দিন থেকেই তার শুরু।

এই চার মাস উত্তীর্ণ হয়ে যাওয়ার পর সকল মোশরেককে হত্যা করা, বন্দী করা ও নিরাপদ স্থানে লুকালে অবরোধ করার নির্দেশ দেয়া হয়েছে এবং ওৎ পেতে থেকে তাকে পাহারা দিয়ে কোথাও পালাতে বা চলে যেতে না দেয়ার নির্দেশ দেয়া হয়েছে, চাই তাকে যেখানেই পাওয়া যাক না কেন। তার সাথে আর কোনো পদক্ষেপ নেয়ার প্রয়োজন নেই। কেননা তাদেরকে পর্যাপ্ত সময় দিয়ে সতর্ক করা হয়েছে। এখন যদি তাদেরকে হত্যা করা হয়, তবে সেটা অতর্কিত হত্যা করা হবে না এবং প্রতারণা ও বিশ্বাসঘাতকতার মাধ্যমে হত্যা করা হবে না। তাদের চুক্তিগুলো বাতিল করা হয়েছে এবং তাদের জন্যে কী পরিণাম অপেক্ষা করছে, তা তারা আগে থেকেই জানে। তবে মেয়াদী চুক্তিধারীদের কথা ভিন্ন। তাদের সাথে তাদের চুক্তির মেয়াদ পূর্ণ করার আদেশ দেয়া হয়েছে।

↥

হজরত জায়েদ বিন তয়েস বর্ণনা করেছেন, আমি তখন হজরত আলীকে জিজ্ঞেস করেছিলাম আপনাকে কোন কথা প্রচারের জন্যে পাঠানো হয়েছিলো? তিনি বলেছিলেন,
যারা রসুল স. এর সঙ্গে চুক্তি করেছিলো তাদের চুক্তির মেয়াদ আর বাড়ানো হবে না। আর যাদের সঙ্গে চুক্তি নেই তাদেরকে সময় দেয়া হবে চারমাস মাত্র।

তাফসীর ইবনে কাসীর, ৮,৯,১০,১১ তম খণ্ড, পৃষ্ঠা ৬৩৫

না এবং ঐ বছর আবূ বকর (রাঃ) ও আলী (রাঃ)-কে প্রেরণ করেন। তাঁরা যিল মাজাযের বাজারসমূহে প্রত্যেক অলিতে-গলিতে, প্রত্যেক তাঁবুতে এবং মাঠে ময়দানে ঘোষণা করে দেন যে, চার মাস পর্যন্ত মুশরিকদেরকে অবকাশ দেয়া হলো, এর পরেই মুসলিমদের তরবারী তাদের উপর আঘাত হানবে। ঐ চার মাস হচ্ছে যিলহজ্ব মাসের বিশ দিন, মুহররম, সফর ও রবিউল আওয়াল এই তিন মাস পুরো এবং রবিউল আখির মাসের ১০ দিন। যুহরী (রঃ) বলেন যে,

তাফসীর ফী যীলালিল কোরাআন, নবম খণ্ডে, পৃষ্ঠা নং ৫৭।

সুরা তাওবার এই সম্পর্কচ্ছেদের ঘোষণার সাথে সাথে মুলত মুশরিকদের সাথে মুসলমানদের যে কোন চুক্তি করার ধারণাই বাতিল হয়ে গেছে।

Translation of Ishaq's Sirat Rasul Allah, Page 288,

মক্কা বিজয়ের আগেও নবি সা এর পাঠানো সাহাবীরা নাখালায় মক্কার বাণিজ্য কাফেলায় লুট করে হামলা চালিয়ে কুরাইশ আমর বিন আল হাদ্রামিকে নিষিদ্ধ মাসে হত্যা করে। মক্কার কুরাইশদের বোকা বানিয়ে হত্যা করার জন্য নবির সাহাবি মাথা কামিয়ে হজ্জ যাত্রীর বেশ ধরেন, যার ফলে মক্কার কাফেলা এই মুসলিম সাহাবিদের কাছ থেকে হামলা প্রত্যাশা করেন নি। নিষিদ্ধ মাসে হত্যা করে নবি সা শুধু মক্কার কুরাইশ নয় এমনকি মদিনার মুসলিমদেরও সমালোচনায় পড়েন আর মদিনার ইয়াহুদিরা এই হত্যাকে অশুভ ইঙ্গিত বলে আতঙ্কিত হয়ে পড়ে।

"তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক।" এই বাক্যের ব্যাখ্যা তাফসীরে ইবনে কাসিরে উল্লেখ রয়েছে।

তাফসীরে ইবনে কাসির চতুর্থ খণ্ড, পৃষ্ঠা ৫২৭

وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ অর্থাৎ 'তোমরা বিনা চেষ্টায় বা সামান্য চেষ্টায় তাহাদিগকে নিজেদের সামনে পাইবার ভরসায় নিশ্চেষ্ট বসিয়া থাকিও না; বরং তাহাদিগকে ধরিবার জন্যে তাহাদিগকে অবরোধ করিও এবং ওঁৎ পাতিবার স্থানসমূহে ওঁৎ পাতিয়া বসিয়া থাকিও। এইরূপ বিশাল পৃথিবীকে তাহাদের জন্যে সংকীর্ণ করিয়া দিও। ফলে তাহারা হয় নিহত হইবে, আর না হয় ইসলাম গ্রহণ করিবে।'

হুদাইবিয়ার সন্ধির মাধ্যমে মক্কার কাফের- মুশরিকরা নবি সা সহ তার দলের সকল মুসলিমের হজ্জ করার অধিকার বজায় রাখলেও, নবি, কাফের- মুশরিকদের যুগ যুগ ধরে পালন করা হজ্জ করার অধিকার থেকে বঞ্চিত করেন। এর কারণটি অবশ্য সুরা তওবার ২৮ নং আয়াতে বলা পরিস্কার ভাবে বলা হয়েছেঃ

- হে ঈমানদারগণ! মুশরিকরা তো অপবিত্র। সুতরাং এ বছরের পর তারা যেন মসজিদুল-হারামের নিকট না আসে। আর যদি তোমরা দারিদ্রের আশংকা কর, তবে আল্লাহ চাইলে নিজ অনুগ্রহে ভবিষ্যতে তোমাদের অভাবমুক্ত করে দেবেন। নিঃসন্দেহে আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়। সুরা তাওবা ৯:২৮

হজরত ইবনে আব্বাস বলেছেন, মুশরিকেরা কুকুরের মতো অপবিত্র। কুকুরের দেহ যেমন নাপাক, তেমনি মুশরিকদের শরীরও নাপাক। হজরত ইবনে আব্বাস

↥

তাফসীরে মাযহারী, পঞ্চম খণ্ড, পৃষ্ঠা ২৮৮

আল্লাহ তা'আলা যখন মুশরিকদেরকে বাইতুল হারামের হজ্জ করতে নিষেধ করে দিলেন, তখন মু'মিনের অন্তরে হয়তো এ ধারণা উঁকি দিতে পারে যে, তাহলে তো হজ্বে লোক সমাগম কম হবে, ব্যবসায় মন্দাভাব দেখা দিবে, ফলে তাদের মাঝে চরম অর্থ সংকট সৃষ্টি হবে। তাই আল্লাহ তা'আলা তাদের বললেন, তোমাদের অর্থ সংকট দূর করার আরেকটি পথ খুলে দেয়া হল। তা হল জিযিয়া। তোমরা যে পরিমাণ সম্পদ হ্রাসের ভয় পাচ্ছ, তার চেয়ে বেশি আসবে এই জিযিয়ার মাধ্যমে।

জিযিয়া হল মুসলমানদের আর্থিক স্বচ্ছলতা অর্জনের একটি নতুন পন্থা ও পদ্ধতি। কারণ, বাইতুল মাল অর্থাৎ ইসলামী খিলাফতের রাষ্ট্রীয় কোষাগারের প্রধান ও গুরুত্বপূর্ণ অর্থের উৎস হল জিযিয়া। জিযিয়ার মাঝে ফাইও অন্তর্ভুক্ত। কারণ, গণীমতের মালের এক পঞ্চমাংশও বাইতুল মালে নেয়া হবে।

আর গনীমতের মাল হল, যা যুদ্ধের মাধ্যমে কাফিরদের থেকে অর্জন করা হয়। আর ফাই হল, যা যুদ্ধ ছাড়া সন্ধিচুক্তির মাধ্যমে কাফিরদের থেকে গ্রহণ করা হয়।

তাই মুসলমানরা যদি কোন দুর্গ জয় করতে চায় আর দুর্গের অধিবাসীরা যদি অর্থের বিনিময়ে সন্ধি করে; যেমন, আমরা তাশাউনী দুর্গ অবরোধ করলাম; তখন দুর্গের প্রধান ব্যক্তি বেরিয়ে এসে বলল, আপনারা চলে যান আমরা আপনাদেরকে একশ' মিলিয়ন আফগানী মুদ্রা প্রদান করব। তাহলে এই একশ' মিলিয়ন আফগানী মুদ্রা ফিকাহ বিশারদদের পরিভাষায় ফাই। চাষাবাদের জমিনের খেরাজও ফাই-এর অন্তর্ভুক্ত এবং জিযিয়াও ফাই-এর অন্তর্ভুক্ত। কারণ, জিযিয়া হল মানুষের কর, খেরাজ হল ফসলি জমিনের কর।

যেমন আমরা যদি যুদ্ধ করে বুখারা দখল করে নেই। ইতোমধ্যে যদি সমরকন্দের অধিবাসীরা পালিয়ে যায় বা তাদের প্রতিনিধিদল এসে বলে, আমরা যুদ্ধ ছাড়া শহর আপনাদের হাতে সমর্পন করছি, তাহলে বুখারার অধিবাসীদের ধনসম্পদ হবে গনীমতের মাল আর সমরকন্দের অধিবাসীদের ধন-সম্পদ হবে ফাই-এর মাল। তাই ফসলি জমিনের উপর যে কর আরোপ করা হয়, তার নাম খেরাজ। আর যুদ্ধ-সক্ষম ব্যক্তিদের উপর যে কর আরোপ করা হয় তার নাম জিযিয়া। ইনশাআল্লাহ আমরা তা পদানত করতে পারব। গনীমত আর ফাই-এর মাল আমরা হস্তগত করতে পারব। আর পৃথিবীতে সর্বোৎকৃষ্ট উপার্জন হল গনীমতের মাল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন–

جعل رزقي تحت ظلال رمحي —

"আমার রিযিক আমার বর্শার নীচে রাখা হয়েছে।"

আল্লাহ তা'আলা মু'মিনদেরকে, মুসলমানদেরকে আশ্বাস দিচ্ছেন, তোমরা ভয় কর না। কারণ, শীঘ্রই তোমাদের উপর ধনসম্পদ বন্যার পানির ন্যায় উপচে পড়বে। হযরত উমর ইবনে খাত্তাব (রাঃ)-এর খিলাফতকালে শুধুমাত্র ইরাক থেকেই ১২০ মিলিয়ন দিরহাম খেরাজ আসত। সুবহানাল্লাহ, ১২০ মিলিয়ন দিরহাম! সেই যুগে!

আধুনিক ইসলামি জিহাদের জনক ডঃ আব্দুল্লাহ আযযাম সুরা তাওবার এই ২৮ নং আয়াতের তাফসির করতে যেয়ে সুন্দর ভাবে বর্ণনা করেছেন যে কাফের- **মুশরিককদের হজ্জ নিষিদ্ধ করাতে মুসলিম উম্মা যে বাণিজ্য হারানোর আশংকা করেছিল, নবি সা জিজিয়া, মালে গনীমত ইত্যাদির প্রতিশ্রুতি দিয়ে সেই সব সাহাবিদের আস্বস্ত করেন।** ডঃ আব্দুল্লাহ আযযাম আল কায়েদার একজন প্রতিষ্ঠাতা এবং জিহাদের মাধ্যমে ইসলামী রাষ্ট্রের প্রধান রূপকার। উনি **কুরআন ও সুন্নাহর আলোকে জিজিয়াকে মুসলমানদের আয়ের অন্যতম উৎস বলেছেন এবং অমুসলিমদের করজোড়ে লাঞ্ছনার মাধ্যমে জিজিয়া নিতে উৎসাহ দিয়েছেন আর গনিমতের মালকে বলেছেন পৃথিবীর সর্বোৎকৃষ্ট উপার্জন** ।

সুরা তওবা আয়াত নং ৫ বা তরবারির আয়াতে কাফের- **মুশরিকদের হত্যার বিধান ছাড়াও আহলে কিতাব তথা ইহুদি – নাসারা ও মুনাফিকদের কতল করার বিধান সংবলিত আরও তরবারির আয়াতের বর্ণনা নিম্নে দেওয়া হল** (সুত্র তাফসীর ইবনে কাসীর, ৮,৯,১০,১১ তম খণ্ড, পৃষ্ঠা ৬৪৪-৬৪৫)

↥

যহ্হাক (রঃ) বলেন যে, এটা হচ্ছে তরবারীর আয়াত যা মুশরিকদের সাথে কৃত সমস্ত সন্ধি-চুক্তিকে কর্তন করে দিয়েছে। ইবনে আব্বাস (রাঃ)-এর উক্তি রয়েছে যে, সূরায়ে বারাআত অবতীর্ণ হওয়ার চার মাস পরে কোন সন্ধি ও চুক্তি অবশিষ্ট থাকেনি। পূর্বশর্তগুলো সমতার ভিত্তিতে ভেঙ্গে দেয়া হয়। এখন বাকী শুধু ইসলাম ও জিহাদ। আলী ইবনে আবূ তালিব (রাঃ) বলেন যে, আল্লাহ তা'আলা স্বীয় নবী (সঃ)-কে তরবারীসহ পাঠিয়েছেন। প্রথম তরবারী আরবের মুশরিকদের মধ্যে প্রয়োগের জন্যে। আল্লাহ পাক বলেনঃ

অর্থাৎ "তোমরা মুশরিকদেরকে যেখানেই পাও সেখানেই হত্যা কর।" এ রিওয়ায়াতটি এভাবে সংক্ষিপ্ত আকারেই আছে। (আলী রাঃ বলেনঃ) আমার ধারণা এই যে, দ্বিতীয় তরবারী হচ্ছে আহলে কিতাবের সাথে যুদ্ধের জন্যে। মহাপ্রতাপান্বিত আল্লাহ বলেনঃ

অর্থাৎ "আহলে কিতাবদের ঐ লোকদের সাথে তোমরা যুদ্ধ করতে থাকো, যারা আল্লাহর উপর ও পরকালের উপর বিশ্বাস স্থাপন করে না, আল্লাহ ও তাঁর রাসূল (সঃ) যা হারাম করেছেন তা হারাম মনে করে না এবং দ্বীন কবূল করে না, যে পর্যন্ত না তারা লাঞ্ছিত অবস্থায় জিযিয়া প্রদানে স্বীকৃত হয়।" (৯ঃ ২৯)

Surat at Tawba Tafsir. Ibn Juzayy: at-Tashil fi 'ulum al-Qur'an

অনুবাদঃ "মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও" এই আয়াত কুরানের পূর্বের সকল শান্তি চুক্তিকে বাতিল করে দেয়। এবং এই তরবারির আয়াত দ্বারা পূর্ববর্তী সুরা মুহাম্মাদের ৪ নং আয়াতের "অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও" এই অংশটি রহিত বা মানসুখ করে দিয়েছে।

"অতঃপর যখন তোমরা কাফেরদের সাথে যুদ্ধে অবতীর্ণ হও, তখন তাদের গর্দার মার, অবশেষে যখন তাদরকে পূর্ণরূপে পরাভূত কর তখন তাদেরকে শক্ত করে বেধে ফেল। অতঃপর হয় তাদের প্রতি অনুগ্রহ কর, না হয় তাদের নিকট হতে মুক্তিপণ লও। তোমরা যুদ্ধ চালিয়ে যাবে যে পর্যন্ত না শত্রুপক্ষ অস্ত্র সমর্পণ করবে! একথা শুনলে। (সুরা মুহাম্মাদ ৪৭:৪)"

Surat at Tawba Tafsir. As-Suyuti: al-Iklil fi Istinabat at-Tanzil

অনুবাদঃ এই তরবারির আয়াত কুরআনের পূর্ববর্তী ক্ষমা করার, সন্ধি করার আয়াত বাতিল করে দিয়েছে। এই আয়াত বন্দি নেওয়া, অবরোধ করে রাতের অন্ধকারে আক্রমন চালানর পক্ষে দালিলিক প্রমান। মুশরিকরা শুধু মাত্র তাদের শিরক থেকে তাওবা করলেই তাদের ক্ষমা করা হবে না যতক্ষণ পর্যন্ত না তারা নামায কায়েম করে ও জাকাত প্রদান করে।

এই একই আয়াতের উপর ভিত্তি করে প্রথম খলিফা আবু বকর নবি মৃত্যুর পর যারা জাকাত দিতে অস্বীকার করেছিলেন তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন।

চুক্তি, চুক্তি ভঙ্গ, সম্পর্কচ্ছেদ ইত্যাদির প্রেক্ষাপট ও পর্যালোচনা

"অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও" এই তরবাবির আয়াতের পূর্বের আয়াত সমূহ বিশেষত সুরা তওবার এক ও চার নং আয়াতে কাফের মুশরিকদের সাথে চুক্তি বাতিল, সম্পর্কচ্ছেদ, ভবিষ্যতে যেকোন চুক্তি হবেনা ইত্যাদি বলা হয়েছে, যেমনটি পুনরায় উল্লেখ করা হলঃ

১। সম্পর্কচ্ছেদ করা হল আল্লাহ ও তাঁর রসূলের পক্ষ থেকে সেই মুশরিকদের সাথে, যাদের সাথে তোমরা চুক্তিবদ্ধ হয়েছিলে।

৪। তবে যে মুশরিকদের সাথে তোমরা চুক্তি বদ্ধ, অতপরঃ যারা তোমাদের ব্যাপারে কোন ত্রুটি করেনি এবং তোমাদের বিরুদ্ধে কাউকে সাহায্যও করেনি, তাদের সাথে কৃত চুক্তিকে তাদের দেয়া মেয়াদ পর্যন্ত পূরণ কর। অবশ্যই আল্লাহ সাবধানীদের পছন্দ করেন।

গোত্র ভিত্তিক তৎকালীন আরব সমাজে গোত্র বিরোধ, গোত্রে গোত্রে যেমন শত্রুতা থাকত তেমনি গোত্ররা নিজেদের মধ্যে মিত্রতা স্থাপন করে চুক্তিবদ্ধ হতেন এবং এই চুক্তি সর্বতভাবে সবাই মেনে চলত। নবি সা আরবের এই প্রথা বেশ ভালভাবেই জানতেন। তিনি এও জানতেন যে কাফের মুশরিকদের তিনি যতই ঘৃণা করুন না কেন, চুক্তিবদ্ধ অবস্থায় আরবরীতির বরখেলাপ করে তাদের কতল করা তৎকালীন মুসলমানরাও মেনে নিতে দ্বিধা করবে। যার পরিপ্রেক্ষিতে সমগ্র জাজিরাতুল আরবে শুধুমাত্র

↥

ইসলামের একচ্ছত্র আধিপত্য ও নিজের নবুওতকে পাকাপোক্ত করতে কাফের মুশরিকদের সাথে সকল চুক্তি বাতিল করা উনার জন্য আবশ্যক ছিল। মক্কা বিজয়ের পর আর সকল ইয়াহুদিদের হত্যা, উচ্ছেদ আর জিজিয়া করের আওতায় আনার পর নবি সা এর আধিপত্য চ্যালেঞ্জ করার মত কোন শক্তি আর আরবে অবশিষ্ট ছিলনা, কাজেই পূর্বের সকল চুক্তি বাতিল করার প্রকৃষ্ট সময় ছিল সেটা।

চুক্তির ভিত্তিতে কাফের মুশরিকদের তিন শ্রেণিতে ভাগ করা যায়ঃ

প্রথমত, যাদের সাথে মুসলমানদের নির্দিষ্ট মেয়াদে চুক্তি আছে, যেমন কুরায়েশদের সাথে ১০ বছর মেয়াদি হুদাইবিয়ার চুক্তি। দ্বিতীয়ত, যাদের সাথে মেয়াদ উল্লেখ না করে অনির্দিষ্ট কালের জন্য চুক্তি আছে। তৃতীয়ত, যাদের সাথে কোন চুক্তি নাই।

এই তিন শ্রেনির কাফেরদের মধ্যে কুরায়েশদের সাথে ১০ বছর মেয়াদি হুদাইবিয়ার চুক্তি নবি বাতিল করেন চুক্তি ভঙ্গের অভিযোগে ও তাদের হয় ইসলাম গ্রহন অথবা আরবভুমি ত্যাগের জন্য ৪ মাস সময় দেওয়া হয় নতুবা তরবারির আয়াত কার্যকর করা হবে। যাদের সাথে চুক্তি নাই বা অনির্দিষ্ট কালের জন্য চুক্তি আছে তাদেরও অনুরূপ শর্তে ৪ মাস সময় দেওয়া হয়।

মোদ্দা কথা হল যে কোন মেয়াদেই হোক পরিশেষে সকল কাফের মুশরিকদের সাথে সকল চুক্তিই বাতিল করা হয় ও সকলকে তরবারির আয়াতের আইনের আওতায় আনা হয়। **ইবনে আব্বাস (রা) বলেছেন প্রকৃত পক্ষে সুরা বারাআত(তওবা) নাজিল হওয়ার ৪ মাস পরে আর কোন চুক্তিই বহাল থাকেনি**, এখন বহাল শুধু ইসলাম ও জিহাদ (ইবনে কাসিরের তাফসীর থেকে "নবি সা এর পক্ষ হতে কাফের- মুশরিকদের প্রতি ঘোষণা")

তাফসিরে জালালাইনেও কাফের- মুশরিকদের প্রতি একই সিদ্ধান্তর কথা বলা হয়েছে অর্থাৎ চুক্তি মেনে চলুক বা ভঙ্গ করুক নির্দিষ্ট মেয়াদের পর মক্কায় আর কোন কাফের বা মুশরিক থাকতে পারবে না।

তাফসীরে জালালাইন দ্বিতীয় খণ্ড পৃষ্ঠা ৬২৫

এ সাধারণ ঘোষণার পর প্রথম শ্রেণিভুক্ত মক্কার মুশরিকদের পক্ষে নিষিদ্ধ মাসগুলোর শেষ অর্থাৎ দশম হিজরির মহররম মাস, দ্বিতীয় শ্রেণির পক্ষে একই হিজরির রমজান মাস এবং তৃতীয় ও চতুর্থ শ্রেণির পক্ষে উক্ত হিজরির রবিউস্‌সানী গত হলে আরবভূমি ত্যাগ করার বিধান ছিল। নতুবা তারা যুদ্ধের উপযুক্ত বলে বিবেচিত হবে। এ আদেশ অনুযায়ী হজের আগামী মৌসুমে আরবের সীমানায় কোনো কাফের মুশরিকের অস্তিত্ব থাকতে পারবে না। এ কথাটি সূরা তওবার ২৮ তম আয়াতে ব্যক্ত করা হয় এরূপে فَلَا يَقْرَبُوا الْمَسْجِدَ الْحَرَامَ بَعْدَ عَامِهِمْ هٰذَا অর্থাৎ চলতি মাসের পর এরা মসজিদুল হারামের নিকটবর্তী হতে পারবে না। আর রাসূলুল্লাহ ﷺ -এর হাদীস لَا يَحُجَّنَّ بَعْدَ الْعَامِ مُشْرِكٌ "এ বছরের পর কোনো মুশরিক হজ্ব করবে না" এর মর্মার্থও তাই। এ পর্যন্ত সূরা তওবার প্রথম পাঁচ আয়াতের তাফসীর ঘটনাবলির আলোকে বর্ণিত হলো।

তাফসীরে ইবনে কাছীর চতুর্থ খণ্ড,

৫৩০ তাফসীরে ইব্‌ন কাছীর


ইব্‌ন আব্বাস (রা) হইতে আলী ইব্‌ন আবী তালহা (র) বর্ণনা করিয়াছেন যে, আলোচ্য আয়াতের ব্যাখ্যায় ইব্‌ন আব্বাস (রা) বলেন : উক্ত আয়াতে আল্লাহ্ তা'আলা মুসলমানদিগকে নির্দেশ দিয়াছেন— 'যে সকল মুশরিকের সহিত তোমাদের সন্ধি চুক্তি রহিয়াছে, তাহারা ইসলাম গ্রহণ না করিলে 'নিষিদ্ধ মাসসমূহ' অতিবাহিত হইবার পর তাহাদিগকে হত্যা কর।' উক্ত আয়াতের মাধ্যমে আল্লাহ্ তা'আলা ইতিপূর্বে মুশরিকদের সহিত মুসলমানগণ কর্তৃক সম্পাদিত যাবতীয় সন্ধিচুক্তিকে বাতিল বলিয়া ঘোষণা করিয়াছেন। পূর্বে যে বিষয়টিকে তিনি চুক্তি পালনের শর্ত হিসাবে নির্ধারিত করিয়াছেন, আলোচ্য আয়াত দ্বারা উহাকে বাতিল বলিয়া ঘোষণা করিয়াছেন।

ইবনে আব্বাস (রা) এর বর্ণনায় এটা অতি পরিষ্কার যে চুক্তি মেয়াদ যাই হোক না কেন, নবির দেয়া আল্টিমেটামের সময় পার হয়ে গেলে যদি কাফির- মুশরিকরা ইসলাম ধর্ম গ্রহন না করে, তবে তাদের হত্যা করতে হবে। আরও একটি গুরুত্বপূর্ণ আইনগত দিক ইবনে আব্বাস (রা) এর উক্তিতে পরিস্কার হয়েছে যে, পূর্বে যে বিষয়টিকে চুক্তি পালনের শর্ত হিসাবে উল্লেখ করা হয়েছে (অর্থাৎ ৪ নং আয়াতের "তবে যে মুশরিকদের সাথে তোমরা চুক্তি বদ্ধ, অতপরঃ যারা তোমাদের ব্যাপারে কোন ত্রুটি করেনি এবং তোমাদের বিরুদ্ধে কাউকে সাহায্যও করেনি, তাদের সাথে কৃত চুক্তিকে তাদের দেয়া মেয়াদ পর্যন্ত পূরণ কর।") তরবারির আয়াতদিয়ে তাও রহিত করা হয়েছে, এর অর্থ এই নয় যে তাদেরকে চুক্তিতে বহাল থাকা অবস্থায় হত্যা করার কথা বলা হয়েছে, বরং চুক্তির মেয়াদ শেষ হলে ও ইসলাম গ্রহন না করলে যেখানে পাও সেখানে হত্যা করতে বলা হয়েছে।

↥

[[**ইসলামের যে কোন কিছুর ব্যাখ্যা নবির সময়কালিন ও পরবর্তী তিন প্রজন্ম যে ভাবে বুঝেছিলেন ঠিক সে ভাবেই বুঝতে হবে, এই ক্ষেত্রে এমনকি পরবর্তী ইসলামি পণ্ডিতদের ভিন্ন কোনো ব্যাখ্যা ইসলামে গ্রহণযোগ্য নয়।** তারা শুধুমাত্র নতুন কোনো বিষয় উদ্ভুত হলে বর্তমান সব দায়ীদের ঐক্যমত্য(ইজমা) অনুসারে সে বিষয়ে কিয়াস/ইজতিহাদভিত্তিক মাসাআলা বা ফতোয়া দিতে পারে।]]

তাফসীর ফী যীলালিল কুরআন, নবম খণ্ড



তাফসীর ফী যিলালিল কোরআন

৯ সূরা আত্ তাওবা (৩৭) পারা ১০ মনযিল ২

তাফসীর

আয়াত ১-২৮

সূরার এ পর্বটা শুরুতে থাকলেও এটা সূরার অন্যান্য অংশের পরে নাযিল হয়েছে। আমরা আগেই বলেছি যে, কোন সূরার ভেতরে কোন আয়াত কোন আয়াতের আগে বা পরে বসবে, সেটা স্বয়ং রসূলই (স.) স্থির করতেন এবং তিনিই আদেশ দিয়ে সেইভাবে লেখাতেন।

এই সময় পর্যন্ত মোশরেকদের সাথে মুসলমানদের যে সব চুক্তি ছিলো, সেগুলো বাতিল করার ঘোষণা এ অংশে দেয়া হয়েছে। অনির্দিষ্টকালের চুক্তিধারী অথবা চুক্তি লংঘনকারীদের বেলায় চার মাস পর চুক্তি বাতিল করা হয়েছে। আর যাদের সাথে নির্দিষ্ট চুক্তি ছিলো কিন্তু তারা তা ভংগও করেনি এবং মুসলমানদের ওপর কোনো শত্রুকে আক্রমণ চালাতে প্ররোচনাও দেয়নি, তাদের ক্ষেত্রে ওই মেয়াদ শেষে চুক্তি বাতিল করা হয়েছে।

মোট কথা, চূড়ান্ত পরিণতি এই দাঁড়িয়েছিলো যে, সমগ্র আরব উপদ্বীপের সকল মোশরেকের সাথে সকল চুক্তির অবসান ঘটানো হয়েছিলো। শুধু তাই নয়, পরবর্তীতে মোশরেকদের সাথে সর্বতোভাবে সম্পর্কচ্ছেদের ঘোষণা এবং আল্লাহ ও তাঁর রসূলের সাথে, মোশরেকদের সাথে কোনো সম্পর্ক থাকাকে অবাঞ্ছিত বলে ব্যক্ত করার মাধ্যমে এরূপ মনোভাবও প্রকাশ করা হয়েছে যে, মূলত মোশরেকদের সাথে কোনো চুক্তি সম্পাদনের নীতি ও ধারণাই পরিত্যক্ত ও বাতিল হয়ে গেছে।

'সূরা তাওবায় মোশরেকদের সাথে করা সকল মেয়াদবিহীন চুক্তি বাতিলকরণ ও মেয়াদী চুক্তি যারা লংঘন করেনি তাদের ক্ষেত্রে মেয়াদ পূর্ণ করণের যে নির্দেশ দেয়া হয়েছে, এই হলো তার আইনগত ভিত্তি। যে মহৎ উদ্দেশ্যে এ নির্দেশ দেয়া হয়েছিলো তাহলো আরব উপদ্বীপ থেকে শেরেককে সর্বশক্তি দিয়ে নির্মূল করা ও ওই দেশটাকে সর্বতোভাবে মুসলমানদের জন্যে নির্দিষ্ট করা। তবে সূরা বাকারার ১৯০ নং আয়াতে ('যারা তোমাদের সাথে যুদ্ধ করে, তাদের সাথে তোমরা যুদ্ধ করো') এবং সূরা আনফালের ৬১ নং আয়াতে ('যদি তারা শান্তির প্রতি আগ্রহী হয়, তবে তোমরাও তার প্রতি আগ্রহী হও') বর্ণিত মূলনীতি সর্বাবস্থায় যথাসাধ্য মেনে চলতে হবে, যদিও অধিকাংশ ফেকাহবিদ আনফালের এ আয়াত তাওবার আয়াতে যুদ্ধ ঘোষণা ও মোশরেকদের চুক্তি বাতিল সংক্রান্ত আয়াত দ্বারা রহিত হয়েছে বলে মত পোষণ করে থাকেন।'

সুরা তাওবার এই সম্পর্কচ্ছেদের বিষয় ও অমুসলিমদের সাথে কোন চুক্তি না করার এই ফরমান ইসলামি জিহাদি শাসকেরা যারা কোন কাফের রাষ্ট্রের সাথে চুক্তিবদ্ধ হয়েছে তাদের কাফির ফাতওয়া দিয়ে তাদের বিরুদ্ধে জিহাদ করার বৈধতা হিসাবে ব্যবহার করেছে।

উপরের বর্ণনাগুলো ভালভাবে পর্যালোচনা করলে দেখা যাবে সুরা তাওবার বিধান অনুযায়ী জিহাদের মাধ্যমে সমগ্র মানবজাতির উপর ইসলামী শাসন বাবস্থা কায়েম করার কথা বলা হয়েছে এবং ইসলাম ব্যাতীত কোন ভিন্ন মত বা বাবস্থা বরদাস্ত করা হবে না, এই ক্ষেত্রে কোন পরমত সহিষ্ণুতা বা উদারনীতি গ্রহন করা হবে না। ঠিক এই ইসলামী আকিদার ভিত্তিতেই সকল ইসলামি জিহাদি দল গুলো যে কোন রাষ্ট্র, গোত্র, স্থাপনা,ভিন্ন মতের মসজিদ, মন্দির, গির্জা, সিনেমা হল, রমনা বটমুল, হলি আর্টিসান রেস্টুরেন্টে মানবজীবনের প্রতি বিন্দুমাত্র সহানুভুতি না দেখিয়ে আল্লাহর আইন প্রতিষ্ঠা করতে হামলা চালায়।

নীচের তাফসিরে অন্যান্য তাফসিরের মতই বক্তব্য পাওয়া যায়, তবে "আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক" এই আয়াতের ব্যাখ্যায় ইসলামের জন্য গুপ্তহত্যার কুরআন ভিত্তিক বৈধতার কথা উল্লেখ করা হয়েছে।

সূরা তাওবা মদীনায় অবতীর্ণ সর্বশেষ সূরা। নবম হিজরীর রজব মাসে গাযওয়ায়ে তাবূকের শুরুতে, মধ্যে এবং শেষে অবতীর্ণ হয়েছে এই সূরা। তাই এ সূরা থেকেই জিহাদ সংক্রান্ত সর্বশেষ ও চূড়ান্ত সিদ্ধান্তমূলক বিধি-বিধান গ্রহণ করতে হবে। যে বিধি-বিধান কিয়ামত পর্যন্ত আর পরিবর্তন হবে না।

শুরু থেকে শেষ পর্যন্ত এই সূরাটি পর্যালোচনা করলে আমরা দেখতে পাই, তাতে মৌলিকভাবে ছয়টি বিষয়ের আলোচনা করা হয়েছে।

প্রথম বিষয় ঃ শুরুর আটাশটি আয়াতে আরব উপদ্বীপের সকল মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করা হয়েছে। যাদের সাথে মুসলমানদের চুক্তি রয়েছে, মেয়াদ পর্যন্ত তাদের চুক্তি রক্ষার হুকুম দেয়া হয়েছে। নতুন চুক্তি নিষেধ করা হয়েছে। আর যুদ্ধ ঘোষণায় এতটুকু অনুকম্পা করা হয়েছে যে, তাদের চার মাসের অবকাশ দেয়া হয়েছে। এ চার মাসের মধ্যে তারা হয় ইসলামের সত্যতা অনুধাবন করে ইসলাম গ্রহণ করবে, অন্যথায় যেখানে খুশি চলে যাবে। কারণ, তখন পর্যন্ত দুর্বল-ঈমান মুসলমানদের সাথে কাফেরদের বিভিন্ন সম্পর্ক বিদ্যমান ছিল। মুসলমান ও মুশরিকদের মাঝে বিদ্যমান সকল সম্পর্ক ছিন্ন করার জন্য আল্লাহ তা'আলা এই নির্দেশ প্রদান করেন।

فإذا انسلخ الأشهر الحرم فاقتلوا المشركين حيث وجدتموهم۔

অর্থ : নিষিদ্ধ মাসগুলো অতিক্রান্ত হলে যেখানেই মুশরিকদের পাবে হত্যা করবে।

অর্থাৎ আরব উপদ্বীপ মুশরিক, ইহুদী ও খ্রিস্টান থেকে মুক্ত করতে হবে। মুশরিকদের চার মাসের চূড়ান্ত সুযোগ প্রদান করা হল। এ চার মাস তারা নিরাপদে যথা ইচ্ছা যেতে পারবে। তারপরই তাদের বিরুদ্ধে প্রকাশ্য যুদ্ধ। যেখানেই তাদের পাবে হত্যা করা হবে।

তবে ইহুদী ও খ্রিস্টানরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ইন্তেকাল পর্যন্ত আরব উপদ্বীপেই ছিল। মৃত্যুশয্যায় শায়িত অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরব উপদ্বীপকে অন্যান্য ধর্মমুক্ত করার নির্দেশ দিলেন। বললেন–

لا يجتمع دينان في جزيرة العرب ــ

"আরব উপদ্বীপে দু'টি ধর্ম একত্রিত হবে না।"

আরো বললেন–

أخرجوا اليهود و النصارى من جزيرة العرب ــ

"তোমরা আরব উপদ্বীপ থেকে ইহুদী-খ্রিস্টানদের বের করে দাও।"

হযরত উমর (রাঃ)-এর খেলাফতকালে তিনি ইহুদীদের খায়বর থেকে উচ্ছেদ করে তাইমা নামক স্থানে তাড়িয়ে দেন। তাইমা সিরিয়ার অঞ্চল– আরব উপদ্বীপের নয়। তাই হযরত উমর (রাঃ) ইহুদীদের খায়বর থেকে উচ্ছেদ করে তাইমায় পাঠিয়ে দেন।

কীভাবে হত্যা করবে? আমি আগেই বলেছি, যেভাবে পার হত্যা কর। তরবারীর আঘাতে, ছুরি দিয়ে, যবেহ করে বা গুলী করে যেভাবে পার হত্যা করো। তবে হত্যার ক্ষেত্রে সদাচরণ করবে। কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন–

فإذا قتلتم فأحسنوا القتلة و إذا ذبحتم فأحسنوا الذبحة و ليحد أحدكم شفرته و ليرح ذبيحته ــ

"যখন তোমরা হত্যা করবে, উত্তমভাবে হত্যা করবে। আর যখন যবেহ করবে, তখন উত্তমভাবে যবেহ করবে। তোমাদের প্রত্যেকে যেন তার ছুরি ধার করে নেয় এবং জবাইকৃত প্রাণীকে শান্তি প্রদান করে।"

উল্লেখ্য, কারো দেহ বিকৃত করা হারাম। কান কাটা, চোখ উপড়ে ফেলা ইত্যাদি জীবিত বা মৃত কারো বেলায় জায়েয নেই। আরে, তুমি তো তাকে হত্যা করতে চাও, তাহলে হত্যা করে ফেল। তার রূহকে দেহমুক্ত করে দাও, সে জাহান্নামে চলে যাক। জাহান্নামে যাওয়ার থেকে বড় বিপদ আর কী হতে পারে। তুমি তার কান, নাক কাটায় ব্যস্ত আর সে মুনকির-নাকীর ফেরেস্তার মুখোমুখি। তারা লোহার গুর্জ দ্বারা এমন আঘাত করছে যে, তার বিকট চীৎকারের আওয়াজ মানুষ ও জ্বিন ছাড়া আকাশ ও জমিনের সকলে শুনতে পাচ্ছে।

واحصروهم و اقعدوا لهم كل مرصد۔

"তাদের অবরোধ কর এবং তাদের জন্য প্রত্যেক ঘাঁটিতে ওঁৎ পেতে থাকো।" অর্থাৎ তাদেরকে তাদের দেশে, তাদের কেল্লায় বন্দী কর এবং তাদের সন্ধানে ওঁৎপেতে থাক। যখনই নাগালে পাবে, তখনই আক্রমণ করবে।

এ আয়াত দ্বারা প্রমাণিত হয় যে, প্রয়োজনে গুপ্ত হত্যা জায়েয।


প্রশ্নঃ তরবারির আয়াত (The sword verse) বা সুরা তওবার নং ৫ আয়াত কি যুদ্ধকালীন বা যুদ্ধের নিয়ম সংক্রান্ত আয়াত ?

উত্তরঃ না, এটি মোটেও যুদ্ধকালীন বা যুদ্ধের নিয়ম সংক্রান্ত আয়াত নয়। তরবারির আয়াতটি নাজিল হয় নবম হিজরিতে ও নবি যখন তাবুকের যুদ্ধ হতে মদিনায় ফিরছিলেন। এই আয়াতটিতে "মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও" বলতে নবি মক্কা ও এর আশেপাশের কাফিরদের বুঝিয়েছেন। এর আগের বছর অর্থাৎ অষ্টম হিজরিতেই প্রায় বিনা যুদ্ধে নবি মক্কা বিজয় করেছেন আর সেখানকার কাফির- মুশরিকরা বিনা শর্তে মুসলিম বাহিনীর কাছে আত্মসমর্পণ করেছিল এবং মক্কায় নবির হুকুমতই জারি ছিল, নবির পক্ষ থেকে আত্তাব ইবনে আসিদ ছিলেন মক্কার দায়িত্বপ্রাপ্ত। কাজেই এই তরবারির আয়াতটি নবির সাথে সম্পূর্ণ শান্তি অবস্থায় থাকা কাফিরদের বিরুদ্ধে একতরফা হত্যার হুমকি। এই আয়াতটি মোটেও তাবুক যুদ্ধের নিয়ম সংক্রান্ত আয়াত নয়, উপরুন্তু তাবুক যুদ্ধে বাস্তবিক কোন যুদ্ধ হয়নি।

The Life of Muhammad: Al-Waqidi's Kitab Al-Maghazi (Routledge Studies in Classical Islam)

প্যারাডক্সিক্যাল সাজিদের মিথ্যাচার-যুদ্ধের প্রেক্ষাপট

ধর্ম পরিবর্তন



৮৬৬ তাফসীরে ইব্‌ন কাছীর

মুহাম্মদ আমাদিগকে ভীষণ ব্যথা দিয়াছে এবং আমাদের উপাস্যদিগকে কষ্ট দিতেছে। আমাদের দাবি হইল, আপনি তাহাকে ডাকিয়া বলিয়া দিন যে, সে যেন কখনো আমাদের উপাস্যদের নাম পর্যন্ত উচ্চারণ না করে। অন্যথায় আমরাও তাহাকে এবং তাহার আল্লাহকে ক্ষমা করিব না।

এই কথা শুনিয়া আবূ তালিব হযরত নবী (সা)-কে ডাকিলেন এবং বলিলেন, উহারা তোমারই কওমের লোক এবং তোমারই চাচার আওলাদ। রাসূলুল্লাহ (সা) বলিলেন ঃ আপনার এই কথার অর্থ আমি বুঝিতে পারি নাই এবং এই লোকদের আগমনের উদ্দেশ্যই বা কি ?

তখন তাহারা বলিল, আমাদের উদ্দেশ্য হইল, তুমি আমাদের সহিত এবং আমাদের উপাস্যদের সহিত সদ্ব্যবহার করিবে ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখিবে। তাহা হইলে আমরাও তোমার সহিত এবং তোমার আল্লাহর সহিত সদ্ব্যবহার করিব ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রাখিবে। তুমি আমাদের উপাস্যদিগকে গালি দেওয়া হইতে বিরত না হইলে আমরাও তোমার আল্লাহকে গালি দিব। তাই আল্লাহ তা'আলা বলেন ঃ فَيَسُبُّوا اللَّهَ عَدْوًا بِغَيْرِ عِلْمٍ

অর্থাৎ 'তাহারা সীমালংঘন করিয়া অজ্ঞানতাবশত আল্লাহকে গালি দিবে।'

এখানে বিরাট অপকারিতা হইতে বাঁচিয়া থাকার জন্য সামান্য উপকারিতা পরিত্যাগ করার শিক্ষা দেওয়া হইয়াছে।

হজরত ইবনে আব্বাস থেকে বাগবী বর্ণনা করেছেন, যখন এই আয়াত— 'ইন্নাকুম ওয়ামা তা'বুদুনা মিন্‌দুনিল্লাহি হাসবু জাহান্নাম' (নিশ্চয় তোমরা এবং আল্লাহকে ছেড়ে তোমরা যাদের উপাসনা করো— সকলে জাহান্নামের ইন্ধন) অবতীর্ণ হলো, তখন মুশরিকেরা বললো, হে মোহাম্মদ! আমাদের প্রভু প্রতিমাগুলোর দোষ বর্ণনা করা থেকে বিরত থাকো। নইলে আমরাও তোমার প্রভুর দোষ বর্ণনা করবো। এ কথার পরিপ্রেক্ষিতে অবতীর্ণ হয়েছে এই আয়াতটি।

কুরায়েশ নেতারা নতুন করে প্রস্তাব দিলো, তুমি আমাদের প্রতিমাগুলোকে গালমন্দ করা থেকে বিরত থাকো। না হলে আমরা তোমাকে ও তোমার নির্দেশদাতাকে গালি দিবো। এ কথার পরিপ্রেক্ষিতে অবতীর্ণ হলো— আল্লাহ্‌কে ছেড়ে যাদেরকে তারা ডাকে, তাদেরকে তোমরা গালি দিও না, কেননা, তারা সীমালংঘন করে অজ্ঞানতাবশতঃ আল্লাহ্‌কেও গালি দিবে।

সীরাতে ইবনে হিশাম ৬১

↥

ওয়াক্কাস এই সময় একটা মরা উটের চোয়ালের হাড় দিয়ে প্রচণ্ড জোরে আঘাত হেনে মুশরিকদের একজনের মাথা ফাটিয়ে দেন। ইসলামের জন্য এটাই ছিল রক্তপাতের প্রথম ঘটনা।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর নির্দেশ মুতাবিক প্রকাশ্য দাওয়াত দিলেও যতক্ষণ তাদের দেব-দেবীর নামোল্লেখ বা সমালোচনা করেননি ততক্ষণ তারা তাঁর থেকে দূরে সরে যায়নি কিংবা তাঁর বিরুদ্ধে প্রতিবাদমুখরও হয়নি। কিন্তু যখন তিনি তাদের দেব-দেবীর সমালোচনা করলেন তখনই তারা তাঁর আন্দোলনকে একটা ভয়ংকর ও মারাত্মক জিনিস বলে মনে করলো।

তখন একদিন কুরাইশদের গণ্যমান্য নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ সদলবলে আবু তালিবের কাছে গিয়ে বললো, "হে আবু তালিব, আপনার ভাতিজা আমাদের দেব-দেবীকে গালি-গালাজ করেছে, আমাদের ধর্মের নিন্দা করেছে, আমাদের বুদ্ধিমত্তাকে বোকামী ঠাউরিয়েছে এবং আমাদের পূর্বপুরুষদেরকে পথভ্রষ্ট বলে আখ্যায়িত করেছে। এমতাবস্থায় হয় আপনি তাকে এসব থেকে বিরত রাখুন নতুবা তাকে শায়েস্তা করার জন্য আমাদেরকে সুযোগ দিন।"

আমরা বলেছিলাম, আপনার ভাতিজাকে নিষেধ করুন কিন্তু আপনি তা করলেন না। আল্লাহর কসম, আমরা এভাবে আর চলতে দিতে পারি না। সে আমাদের সমালোচনা, দেব-দেবীর নিন্দা ও আমাদের বুদ্ধিমত্তাকে বোকামী ঠাওরানোর যে ধৃষ্টতা দেখিয়ে যাচ্ছে তা আমরা আর সহ্য করতে পারি না। এখন হয় আপনি তাকে নিবৃত্ত করবেন নচেৎ আমরা আপনাকে সহ তাঁর বিরুদ্ধে যুদ্ধে অবতীর্ণ হবো

সেই কিশোর বয়সে ফাতিমা পিতার হাত ধরে একদিন গেছেন কা'বার আঙ্গিনায়। তিনি দেখলেন, পিতা যেই না হাজারে আসওয়াদের কাছাকাছি গেছেন অমনি একদল পৌত্তলিক একযোগে তাঁকে ঘিরে ধরে বলতে লাগলো : আপনি কি সেই ব্যক্তি নন যিনি এমন এমন কথা বলে থাকেন? তারপর তারা একটা একটা করে গুনে বলতে থাকে : আমাদের বাপ-দাদাদের গালি দেন, উপাস্যদের দোষের কথা বলেন, বুদ্ধিমান ও বিচক্ষণ লোকদেরকে নির্বোধ ও বোকা মনে করেন।

তিনি বলেন : হাঁ, আমিই সেই ব্যক্তি।

অপরকে) বিবাহ করার সৌভাগ্য লাভ করেন এবং 'যুন-নূরাইন' উপাধিতে আখ্যায়িত হন। যত দিন পর্যন্ত রাসূলুল্লাহ (সা) জনগণকে শুধু ইসলামের দাওয়াত দিতে থাকেন, ততক্ষণ পর্যন্ত কুরায়শ তাঁর কোন প্রতিবাদ করেনি। কিন্তু যখনই প্রকাশ্য ঘোষণা, মূর্তিপূজার অসারতা ও খারাবী বর্ণনা করতে শুরু করলেন এবং কুফর ও শিরক থেকে লোকজনকে বারণ করতে লাগলেন, তখনই কুরায়শগণ নবী (সা)-এর প্রচণ্ড বিরোধিতা ও শত্রুতা শুরু করে। কিন্তু আবূ তালিব তাঁর সহায় ও সাহায্যকারী হিসেবে থেকে যান।

একবার কুরায়শের কয়েক ব্যক্তি একত্র হয়ে আবূ তালিবের কাছে এসে বলল, আপনার ভাইপো আমাদের প্রতিমাগুলোকে মন্দ বলে, এগুলোর সমালোচনা করে, আমাদের ধর্মকে খারাপ আর আমাদেরকে আহমক, মূর্খ এবং আমাদের পূর্বপুরুষদেরকে পথভ্রষ্ট বলছে। আপনি হয় তাকে নিষেধ করুন অথবা তার ও আমাদের মধ্যে কিছু হলে আপনি আসবেন না, আমরা নিজেরাই বোঝাপড়া করব। আবূ তালিব তাদেরকে

ঐসব লোকের একটি দল দ্বিতীয়বার আবূ তালিবের নিকট এলো এবং বলল, আপনার শরাফত ও মর্যাদা আমাদের নিকট গ্রহণযোগ্য, কিন্তু নিজেদের প্রভুদের প্রতি অভিসম্পাত আর পূর্বপুরুষদেরকে আহমক ও মূর্খ বলার বিষয়টি আমরা সহ্য করতে পারি না। আপনি আপনার ভ্রাতুষ্পুত্রকে বারণ করুন, অন্যথায় লড়াই করে আমাদের কোন এক পক্ষ শেষ হয়ে যাবে। এ কথা বলেই তারা চলে গেল। পুরো খান্দান ও

বড়ই কাজের কথা

হযরত (সা)-এর কুফর ও শিরক বিরোধী প্রকাশ্য ঘোষণা এবং মূর্তি ও মূর্তিপূজার বিরুদ্ধে ঘৃণার দরুন তাঁর ও তাঁর সাহাবাদের তীব্র শত্রুতা ও বিরোধিতার মুখে অটল থাকা এ বিষয়েরই প্রকাশ্য প্রমাণ যে, ঈমান এবং ইসলামের জন্য কেবল অন্তরে সত্যায়ন অথবা মৌখিক স্বীকৃতিই যথেষ্ট নয়, বরং কুফর ও কাফিরী এবং শিরকের বৈশিষ্ট্য ও আনুসঙ্গিকতার বিরোধিতা জরুরী এবং সেগুলো অপসন্দ করাও অত্যাবশ্যক।

৩৮৬৪ উমর (রা) যখন ইসলামে ধর্মান্তরিত হল তখন মক্কার লোকেরা বলল- উমার ইবনুল খাত্তাব নিজ(বাপ দাদার) ধর্ম ত্যাগ করে বিধর্মী হয়ে গেছে। [তবে তারা তাকে এর জন্য হত্যা করেনি।]

ইবনে মাজাহ ২৫৩৫, সূনান আবু দাউদ (ইফা) ৪৩০১।
রাসূলুল্লাহ সা বলেনঃ **যে মুসলমান** ব্যক্তি নিজের **ধর্ম পরিবর্তন করে, তাকে তোমরা হত্যা করো**।

২৯৫৪ আবূ হুরাইরা (রা) বলেন, রাসূল সা আমাদেরকে এক অভিযানে পাঠালেন। কুরাইশদের দু'জন লোকের নাম উল্লেখ করে বললেন, তোমরা যদি তাদের সাক্ষাৎ পাও তবে তাদেরকে আগুনে জ্বালিয়ে ফেলবে। অতঃপর আমরা রওয়ানা করার আগে বিদায় গ্রহণ করার জন্য রাসূল সা-এর নিকট উপস্থিত হলাম। তখন তিনি বললেন, 'আমি তোমাদেরকে অমুক অমুককে আগুনে জ্বালিয়ে ফেলতে নির্দেশ দিয়েছিলাম, কিন্তু আগুনের শাস্তি দান করার অধিকার আল্লাহ তাআলা ব্যতীত আর কারো নেই। তাই তোমরা যদি তাদেরকে ধরে ফেলতে সক্ষম হও, তবে তাদের উভয়কে হত্যা করবে।

৩০১৭,৬৯২২ সূনান আবু দাউদ (ইফাঃ) ৪৩০০
আলী (রা) এক সম্প্রদায়কে আগুনে পুড়িয়ে ফেলেন, যারা ইসলাম ধর্ম ত্যাগ করেছিল। এ সংবাদ ইবনু আব্বাস (রা)-এর নিকট পৌঁছলে তিনি বলেন, 'যদি আমি হতাম, তবে আমি তাদেরকে জ্বালিয়ে ফেলতাম না। বরং আমি তাদেরকে হত্যা করতাম। নবী সা বলেছেন-**যে ইসলাম ধর্ম থেকে অন্য ধর্মে ধর্মান্তরিত হয়, তাকে হত্যা করে ফেল**।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ) ৬৮৭৮।
রাসূলুল্লাহ্ সা বলেছেনঃ কোন মুসলিম ব্যক্তি যদি সাক্ষ্য দেয় যে, আল্লাহ্ ব্যতীত আর কোন ইলাহ্ নেই এবং আমি আল্লাহর রাসূল, তিনটি কারণ ছাড়া তাকে হত্যা করা বৈধ নয়। যথা- জানের বদলে জান, বিবাহিত ব্যভিচারী, আর নিজের দ্বীন ত্যাগকারী মুসলিম জামাআত থেকে পৃথক হয়ে যাওয়া ব্যক্তি। অর্থাৎ মুরতাদ হওয়ার মাধ্যমে মুসলিমদের থেকে বিচ্ছিন্ন হয় অথবা মুসলমানদের ছেড়ে দেয়।

সূনান আবু দাউদ (ইফা), অধ্যায়ঃ শাস্তির বিধান
৪৩০০। রাসূলুল্লাহ সা বলেছেনঃ **যদি কেউ দ্বীন(ইসলাম ধর্ম) পরিত্যাগ করে মুরতাদ হয়ে যায়, তবে তোমরা তাকে হত্যা করবে**।

৪৩৪১,৪৩৪৪ রাসূল সা আবূ মূসা এবং মুআয ইবনু জাবাল (রা)-কে ইয়ামানের ভিন্ন ভিন্ন প্রদেশে পাঠিয়ে বলে দিলেন, তোমরা কোমল হবে, কঠোর হবে না। এরপর তাঁরা দু'জনে নিজ নিজ কর্ম এলাকায় চলে গেলেন। মু'আয (রা) একবার খচ্চরের পিঠে চড়ে আবূ মূসার এলাকায় পৌঁছে গেলেন। তখন তিনি দেখলেন যে, আবূ মূসা (রা) বসে আছেন আর তাঁর চারপাশে অনেক লোক জমায়েত হয়ে আছে। আরো দেখলেন, পাশে এক লোককে তার গলার সঙ্গে উভয় হাত বেঁধে রাখা হয়েছে। মুআয (রা) তাকে জিজ্ঞেস করলেন, হে আবূ মূসা। এ লোকটি কে? তিনি উত্তর দিলেন, এ লোকটি **ইসলাম গ্রহণ করার পর মুরতাদ(ধর্মত্যাগ করেছে) হয়ে গেছে। মু'আয (রা) বললেন, তাকে হত্যা না করা পর্যন্ত আমি সাওয়ারী থেকে নামব না**। আবূ মূসা (রা) বললেন, এ উদ্দেশেই তাকে আনা হয়েছে, কাজেই আপনি নামুন। তিনি বললেন, না তাকে হত্যা না করা পর্যন্ত আমি নামব না। ফলে আবূ মূসা (রা) হুকুম করলেন এবং লোকটিকে হত্যা করা হল। এরপর মুআয (রা) নামলেন।

৭১৫৭ আবূ মূসা (রা) হতে বর্ণিত, **এক লোক ইসলাম গ্রহণ করার পর আবার ইয়াহূদী হয়ে যায়**। মুআয (রা) বললেন, **একে হত্যা না করে আমি বসব না**। আল্লাহ্ ও তাঁর রাসূলের এটাই বিধান।

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)

৪৬১২। মু'আয (রা) যখন আবূ মূসা(রা) এর নিকট গিয়ে পৌছলেন, তখন তার নিকট হাত পা বাঁধা অবস্থায় একটি লোক ছিল। তিনি জিজ্ঞেস করলেনঃ এ লোকটি কে? আবূ মূসা(রা) বললেন, **লোকটি প্রথমে ইয়াহুদী ছিল, তারপর সে ইসলাম গ্রহণ করে। এরপর সে আবার তার আগের ধর্মে ফিরে যায় অর্থাৎ ইয়াহুদী হয়ে যায়**। মু'আয (রা) বললেন, যতক্ষণ আল্লাহ ও তার রসূল সা এর বিধান অনুসারে তাকে হত্যা করা না হবে, ততক্ষণ আমি বসবো না। এরূপ তারা তিনবার কথোপকথন করলেন। এরপর তিনি তাকে হত্যার নির্দেশ দিলেন এবং তাকে হত্যা করা হলো।

(١٨) باب القضاء فيمن ارتد عن الا سلام

পরিচ্ছেদ ১৮ : ইসলাম ত্যাগ করিলে তাহার ফয়সালা

রেওয়ায়ত ১৫

যায়দ ইব্ন আসলাম (র) হইতে বর্ণিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলায়হি ওয়া সাল্লাম বলিয়াছেন, যে ব্যক্তি নিজ দীন (ধর্ম)-কে পরিবর্তন করে তাহার গর্দান উড়াইয়া দাও। মালিক (র) বলেন যে, আমার নিকট রাসূলুল্লাহ্-এর কথা-যে দীন পরিবর্তন করিয়া ফেলে তাহার গর্দান উড়াইয়া দাও"- এর অর্থ এই যে, কোন মুসলমান ইসলাম ধর্ম ছাড়িয়া দেয় ও ধর্মত্যাগী (যিনদীক) বা এই ধরনের কিছু হইয়া যায় তবে তাহাদের উপর মুসলমানগণ বিজয়ী হইলে তাহাদিগকে কতল করিয়া দেওয়ার হুকুম। তাহাদিগকে তওবা করারও সময় দেওয়া হইবে না কারণ তাহাদের তওবার কোন মূল্য নাই। যেহেতু তাহাদের অন্তরে কুফরী অংকিত হইয়া গিয়াছে, ফলে তাহারা প্রকাশ্যে ইসলাম প্রকাশ করিবে এবং অন্তরে কুফরী করিতে থাকিবে। আর যে ব্যক্তি কোন কারণে ইসলাম হইতে বাহির হইয়া যায় তবে তাহাকে তওবা করাইবে। আর যদি তওবা করিতে অস্বীকার করে তবে হত্যা করিয়া দিবে। আর যদি কোন কাফের অন্য কোন কুফরী ধর্ম গ্রহণ করে যেমন ইহুদী হইতে নাসারা হইয়া গেল তবে সে তাহার দীন পরিবর্তন করিয়াছে বলিয়া এই হাদীস বোঝা যায় না। এই হাদীস দ্বারা একমাত্র ইসলাম হইতে বহিষ্কার হওয়ার হুকুম প্রকাশ পায়।

রেওয়ায়ত ১৬

মুহাম্মাদ ইব্ন আবদুল্লাহ (র) তাহার পিতা হইতে বর্ণনা করেন যে, আবূ মূসা আশ'আরী (রা)-এর নিকট হইতে এক ব্যক্তি উমর (রা)-এর নিকট আসিল। উমর (রা) তাহাকে জিজ্ঞাসা করিলেন সেখানের লোকের কি অবস্থা ? সে সেখানের অবস্থা বর্ণনা করিল। অতঃপর উমর (রা) বলিলেন, সেখানে কোন নূতন ব্যক্তি ইসলাম গ্রহণ করার পর আবার কাফের হইয়া গেলে তোমরা তাহাকে কি করিয়াছ ? সে বলিল, তাহাকে বন্দী করিয়া শিরোচ্ছেদ করিয়াছি। উমর (রা) বলিলেন, তোমরা যদি তাহাকে তিন দিন পর্যন্ত বন্দী করিয়া রাখিতে আর খাইতে শুধু ১টি রুটি দিতে এবং তওবা করাইতে তবে হয়ত সে তওবা করিত এবং আল্লাহর দীনের দিকে আসিয়া যাইত।

মুরতাদের হুকুম

মুরতাদের হুকুম হলো তাকে হত্যা করা। চার ইমাম এ ব্যাপারে একমত যে, যে ব্যক্তি মুরতাদ হয়ে যায় তাকে হত্যা করা ওয়াজিব এবং তার রক্ত মূল্যহীন হয়ে যায়। মুরতাদকে হত্যা করার ব্যাপারে অনেক হাদীস বর্ণিত হয়েছে। যথা ঃ

١. عَنِ ابْنِ عَبَّاسٍ مَرْفُوْعًا مَنْ بَدَّلَ دِيْنَهُ فَاقْتُلُوْهُ

"যে ব্যক্তি দ্বীন-ইসলামকে ত্যাগ করলো তাকে হত্যা করো।"

↥

আর যার কাছে আগে থেকেই দাওয়াত পৌছেছে তাকে নতুন করে দাওয়াত দেয়া ওয়াজিব নয়, মুস্তাহাব। কুরআনের আয়াত فاقتلوا المشركين এবং হাদীস من بدل دينه فاقتلوه-এ অবকাশ দেয়ার কথা উল্লেখ নেই। তাছাড়া মুরতাদ হলো হরবী কাফিরের মত যাকে অবকাশ দেয়া জরুরী নয়। আর সে যিম্মিত নয় কেননা তার থেকে জিযিয়া (কর) আদায় করা হয় না। সুতরাং অবকাশ না দিয়েই তাকে হত্যা করা যাবে।

"উম্মে রুমান নামী এক মহিলা মুরতাদ হয়ে গেলে রাসূল (সা.) তাকে তিনদিনের অবকাশ দেয়ার নির্দেশ দেন। এ সময়ে ইসলাম কবুল না করলে হত্যা করার আদেশ দেন। এমনিভাবে من بدل دينه فاقتلوه হাদীসে ব্যাপকভাবে নারী-পুরুষ সকল মুরতাদকে হত্যা করতে বলা হয়েছে।

(٥) عَنْ جَرِيْرٍ رَضِىَ اللّٰهُ عَنْهُ قَالَ : سَمِعْتُ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُوْلُ : اِذَا اَبَقَ الْعَبْدُ اِلَى الشِّرْكِ فَقَدْ حَلَّ دَمُهُ ـ ابوداود

"যে ব্যক্তি শিরকে লিপ্ত হয় তার রক্ত হালাল হয়ে যায়।"

৫৪৬ বিধিবদ্ধ ইসলামী আইন

ধারা-৪৪৪

মুরতাদের (ইসলাম ধর্মত্যাগীর) মীরাস

(ক) মুরতাদ তাহার মুসলিম আত্মীয়দের ওয়ারিশ হইতে পারে না।

(খ) মুরতাদ মুসলমান অবস্থায় যে সম্পদ উপার্জন করিয়াছে উহা তাহার মুসলিম ওয়ারিশগণ পাইবে এবং ধর্মত্যাগের পরে অর্জিত মাল "বাইতুল মাল"-এ জমা হইবে; কিন্তু

(গ) মুরতাদ নারীর সমস্ত সম্পত্তি তাহার মুসলিম ওয়ারিশগণ লাভ করিবে।

১৫

সুতরাং প্রমাণিত হলো যে, যদি মুরতাদ (ধর্মত্যাগী-কাফির) পুনরায় ইসলাম গ্রহণ না করে, তা হলে ক্বোরআন অনুসারে তার শাস্তি মৃত্যুদণ্ড (কতল) ছাড়া আর কিছুই নয়।

মুরতাদ্দকে কতলের শাস্তি প্রদান করার প্রসঙ্গে বহু হাদীস শরীফও বর্ণিত হয়েছে। তন্মধ্যে একটা হলো - مَنْ بَدَّلَ دِيْنَهُ فَاقْتُلُوْهُ অর্থাৎ যে (মুসলমান) আপন দ্বীন থেকে ফিরে যায়, তাকে কতল করে দাও![২]

Islamqa থেকে একটি প্রশ্নোত্তরঃ

প্রশ্ন: মুরতাদ (ইসলাম ত্যাগকারী) ব্যক্তির বিধান কী? এই বিষয়টি বুঝা কঠিন যে, এক ব্যক্তি একটা কথা বলল, আর সে কথাটার কারণে তার বিরুদ্ধে মৃত্যু পরোয়ানা জারি করা হবে...?!

উত্তর: প্রিয় প্রশ্নকারী, মুরতাদকে হত্যা করার বিষয়টি আল্লাহর আদেশেই সংঘটিত হয়ে থাকে। যেহেতু আল্লাহ আমাদেরকে তাঁর রাসূলের আনুগত্য করার নির্দেশ দিয়েছেন। "তোমরা আল্লাহর আনুগত্য কর, তাঁর রাসূলের আনুগত্য কর"। রাসূল সা মুরতাদকে হত্যা করার নির্দেশ দিয়েছেন। সারকথা হচ্ছে- **আল্লাহ তাআলা এই ধর্ম নাযিল করেছেন এবং তিনি এই ধর্ম গ্রহণ করা অপরিহার্য করেছেন এবং তিনি ইসলাম গ্রহণ করার পর ইসলাম ত্যাগকারীর শাস্তি মৃত্যুদণ্ড ঘোষণা করেছেন। এই শাস্তি মুসলমানদের চিন্তাপ্রসূত নয়, পরামর্শভিত্তিক নয়, ইজতিহাদনির্ভর নয়**। বিষয়টি যেহেতু এমন তাই আমরা যাঁকে ইলাহ হিসেবে মেনে নিয়েছি তাঁর হুকুমের অনুসরণ করতেই হবে। ---- শাইখ মুহাম্মদ সালেহ আল-মুনাজ্জিদ

↥

ইদানিংকালে জাকির নায়েক সহ অনেক দাইয়ী দাবী করেন যে, আমভাবে মুরতাদদের কতল করার বিধান ইসলামে নেই, বরঞ্চ শুধুমাত্র বিদ্রোহী মুরতাদদের হত্যা করতে নির্দেশ দিয়েছে। অথচ হাদিসের ব্যাখ্যাগ্রন্থগুলো পরিষ্কারভাবেই বলা আছে যে, এইসব দাবী একেবারেই মিথ্যা। মুরতাদক সে বিদ্রোহী হোক কিংবা না হোক, তাকে হত্যা করতে হবে-

দরসে তিরমিযী, পঞ্চম খণ্ড, পৃষ্ঠা ৩২৬

মুরতাদের সাজা মৃত্যুদণ্ড

বর্তমান যুগে অনেক আধুনিক লোক মুরতাদের মৃত্যুদণ্ডকে অস্বীকার করেছে। বলেছে যে, মুরতাদকে কতল করার আদেশ শরিয়তে নেই। তাঁরা কোরআনে কারিমের নিম্নেযুক্ত আয়াত দ্বারা দলিল পেশ করে- لَا إِكْرَاهَ فِى الدِّيْنِ (সূরা বাকারা, আয়াত-২৫৬)

'দীনের ব্যাপারে কোনো জোর জবরদস্তি নেই।'

সুতরাং যদি কেউ মুরতাদ হয়ে যায় তাহলে তাকে কতল করা হবে না। তারা এ অনুচ্ছেদের হাদিস দ্বারাও দলিল পেশ করতে গিয়ে বলে যে, এই হাদিসে শব্দটি اَلتَّارِكُ لِدِيْنِهٖ এর কয়েদ। হাদিসের অর্থ শুধু মুরতাদ হয়ে যাওয়া মৃত্যুদণ্ডের কারণ না, যতোক্ষণ পর্যন্ত এর সঙ্গে جماعة বা দল হতে বিচ্ছেদ তথা বিদ্রোহ না পাওয়া যাবে। সুতরাং যখন কেউ মুরতাদ হয়ে বিদ্রোহে লিপ্ত হয়, তখন সেটা মৃত্যুদণ্ডের কারণ হবে। শুধু মুরতাদ হওয়া মৃত্যুদণ্ডের কারণ না।

তাহলে এই দলিল সঠিক না। কেনোনা, অন্যান্য বর্ণনায় ব্যাপক আকারে বলা হয়েছে- مَنْ بَدَّلَ دِيْنَهٗ فَاقْتُلُوْهُ তথা যে তার দীন পরিবর্তন করবে তাকে কতল করো। তাছাড়া প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং সাহাবায়ে কেরামের যুগের অনেক ঘটনা বিদ্যমান রয়েছে যেগুলোতে বিদ্রোহ না হওয়া সত্ত্বেও মুরতাদকে কতল করা হয়েছে। বস্তুত اَلتَّارِكُ لِدِيْنِهٖ-اَلْمُفَارِقُ لِلْجَمَاعَةِ এর বিশদ বিবরণ দাতা, স্বতন্ত্র কয়েদ না। সুতরাং এ

বিধিবদ্ধ ইসলামী আইন ২৫৭

ব্যাখ্যা

কোন মুসলিম ব্যক্তি স্বেচ্ছায় ও সজ্ঞানে ইসলাম ধর্ম ত্যাগ করিলে তাহাকে 'মুরতাদ' (ধর্মত্যাগী) বলে।

↥

জিযিয়া (প্রাণভিক্ষা ও অপদস্থতার কর)

৩১৫৬ আল্লাহর বাণীঃ তোমরা যুদ্ধ করতে থাক **ইহুদী-খ্রিষ্টানদের** ঐ লোকদের বিরুদ্ধে, যারা ঈমান আনে না আল্লাহ ও তাঁর রাসূলের প্রতি, যে পর্যন্ত না তারা **বশ্যতা স্বীকার করে(করজোড়ে)** স্বহস্তে জিযিয়া প্রদান করে। .....until they pay the Jizya with willing submission, and feel themselves subdued. (সূরা তওবা: ২৯)

***জিযিয়ার তাৎপর্যঃ** কুফর ও শির্ক হল আল্লাহ ও তাঁর রসূলের সাথে বিদ্রোহ। এই বিদ্রোহের শাস্তি মৃত্যুদন্ড। কিন্তু আল্লাহ নিজের অসীম রাহমাত গুণে শাস্তির এই কঠোরতা হ্রাস করে ঘোষণা করেন যে, তারা যদি ইসলামি রাষ্ট্রের অনুগত প্রজারূপে ইসলামী আইন-কানুনকে মেনে নিয়ে থাকতে চায় তবে তাদের থেকে জিযইয়াহ কর নিয়ে মৃত্যুদন্ড থেকে তাদের অব্যাহতি দেয়া হবে। শরীয়তের পরিভাষায় এটাকে জিযিয়া(কর) বলে।

সুরা আন্‌ফাল ঃ আয়াত ৩৯, ৪০

নির্দেশ দেয়া হয়েছে। এ কথার অর্থ—মুশরিকেরা যতক্ষণ পর্যন্ত শিরিক পরিত্যাগ না করবে, অথবা মুসলমানদের একচ্ছত্র কর্তৃত্ব মেনে নিয়ে জিযিয়া দিতে সম্মত না হবে, ততক্ষণ পর্যন্ত সংগ্রাম করতে হবে তাদের বিরুদ্ধে। আলোচ্য নির্দেশনাটি দাঁড়াচ্ছে এ রকম—অবিশ্বাসীরা ইসলাম গ্রহণ না করা পর্যন্ত অথবা জিযিয়া প্রদানের মাধ্যমে পূর্ণ অনুগত না হওয়া পর্যন্ত সংগ্রাম চালিয়ে যেতে হবে। এখানে দ্বীন প্রতিষ্ঠার অর্থ হবে শক্তি, বিজয় এবং একচ্ছত্র শাসন প্রতিষ্ঠা।

হজরত ইবনে ওমর কর্তৃক বর্ণিত হয়েছে, রসুল স. বলেছেন, আমাকে অবিশ্বাসীদের বিরুদ্ধে ওই সময় পর্যন্ত সংগ্রাম করার নির্দেশ দেয়া হয়েছে—যতক্ষণ না তারা বলে, 'লা ইলাহা ইল্লাল্লাহু মোহাম্মদুর রসুলুল্লাহ্' প্রতিষ্ঠা করে নামাজ এবং প্রদান করে জাকাত। যে এ রকম করবে আমার পক্ষ থেকে তার জীবন ও সম্পদ হয়ে যাবে সুরক্ষিত। আল্লাহ্ই তাদের অভ্যন্তরীণ হিসাব গ্রহণ করবেন (তিনি বিচার করবেন, তারা তাদের জীবন ও সম্পদ রক্ষার জন্যে, না অন্তরের তাগিদে ইসলাম গ্রহণ করেছে)। বোখারী ও মুসলিম।

করো। ক্রমাগত সংগ্রাম চালিয়ে যাও (যতক্ষণ না তারা শুভ বুদ্ধিকে মান্য করে ইসলামের পথে আসে অথবা জিযিয়া প্রদানের মাধ্যমে স্বীকার করে তোমাদের বশ্যতাকে)।

যেহেতু তারা জিযিয়া দিয়ে তোমাদের পূর্ণ আনুগত্য স্বীকার করেছে, সেহেতু তোমরা আর তাদের প্রতি কোনো অত্যাচার কোরো না।

তাফসীরে মাযহারী/১১৭

সুরা তওবাঃ আয়াত ২৯

❐ যাহাদিগের প্রতি কিতাব অবতীর্ণ হইয়াছে তাহাদিগের মধ্যে যাহারা আল্লাহে বিশ্বাস করে না ও পরকালেও নহে এবং আল্লাহ্ ও তাঁহার রসূল যা নিষিদ্ধ করিয়াছেন তাহা নিষিদ্ধ করে না এবং সত্য দ্বীন অনুসরণ করে না তাহাদিগের সহিত যুদ্ধ করিবে যে পর্যন্ত না তাহারা নত হইয়া আনুগত্যের নিদর্শন স্বরূপ স্বেচ্ছায় জিযিয়া দেয়।

এখানে আঁইয়্যাদিউ অর্থ আনুগত্যের নিদর্শনস্বরূপ। 'ইয়াদ' অর্থ হাত। এখানে অর্থ আনুগত্যের হাত। অর্থাৎ এখানে বলা হয়েছে, নিজ হাতে জিযিয়া প্রদান করতে হবে। অন্যের মাধ্যমে নয়। হজরত ইবনে আব্বাস বলেছেন, জিম্মীরা (কর প্রদাতা অবিশ্বাসীরা) নিজ হাতে জিযিয়া প্রদান করবে। অন্য কাউকে মাধ্যম নিযুক্ত করতে পারবে না। এ রকমও হতে

↥

'জিযিয়া' হচ্ছে অপদস্থতার নিদর্শন। 'আন ইয়াদিন' কথাটির অর্থ এখানে— অপদস্থতার সঙ্গে জিযিয়া পরিশোধ করা। আবু উবায়দা বলেছেন, কাফেরদেরকে জিযিয়া দিতে হবে বাধ্যতার বিস্বাদ ও ভয়ের অনুভূতির সঙ্গে। এভাবে বাধ্যতামূলক দেয়কে আরববাসীরা প্রকাশ করে এভাবে— ফুলানুন আয়্'তা আন ইয়াদিন। কেউ কেউ আবার বলেছেন, কথাটির অর্থ এখানে— কৃতজ্ঞচিত্ততার নিদর্শনরূপে জিযিয়া দেয়া। অর্থাৎ জিযিয়া প্রদান করতে হবে এ রকম মনোভাব নিয়ে যে 'মুসলমানেরা অতি মহৎ— তাই দয়া করে জিযিয়া গ্রহণ করতে সম্মত হয়ে আমাদেরকে বাঁচিয়ে রেখেছে।'

'সগিরুন' অর্থ নত হয়ে, অপমানিত ও পরাজিত হয়ে। হজরত ইকরামা বলেছেন, এখানে কথাটির উদ্দেশ্য হবে— জিযিয়া গ্রহণকারী থাকবে উপবিষ্ট অবস্থায়। আর প্রদানকারী দাঁড়িয়ে থাকবে তার সামনে। এক বর্ণনায় এসেছে, তাঁদের স্কন্ধদেশ পদদলিত করে আদায় করতে হবে জিযিয়া। কালাবী বলেছেন, জিযিয়া গ্রহণকালে তাদের ঘাড়ে মুষ্টাঘাত করে প্রাপ্তি স্বীকারের কথা জানিয়ে দেয়া যাবে। কেউ কেউ বলেছেন, জিযিয়া গ্রহণের সময় তাদের দাড়ি ধরে তাদেরকে চড় থাপ্পড়ও মারা যাবে। কেউ কেউ আবার বলেছেন, তাদের জামার গলার কাছে ধরে বলপূর্বক তাদেরকে তাদের সঞ্চয়স্থলের দিকে নিয়ে যাওয়া যাবে। কোনো কোনো আলেম বলেছেন, বিধর্মীদের উপর জিযিয়া কর আরোপ করার অর্থই তাদেরকে অপদস্থ করা। ইমাম শাফেয়ী বলেছেন, জিম্মীদেরকে ইসলামের বিধানের আওতায় আনার অর্থই হচ্ছে তাদেরকে পরাভূত করা।

আলেমগণের ঐকমত্যানুসারে অগ্নিপূজকদের মতো মূর্তিপূজকদেরকেও ক্রীত-দাস ও ক্রীতদাসী বানানো যাবে। তাই অগ্নিপূজকদের মতো মূর্তিপূজকদের নিকট থেকে জিযিয়াও আদায় করা যাবে। সুতরাং গোলাম অথবা স্বাধীন উভয় অবস্থায় তাদের নিকট থেকে জিযিয়া আদায় করা বৈধ।

হজরত ইবনে আব্বাস থেকে মুসলিমের মাধ্যমে ইমাম মোহাম্মদ বিন হাসান বর্ণনা করেছেন, রসুল স. বলেছেন, আরবের অংশীবাদীদের সঙ্গে সম্পর্ক কেবল দু'টি— ইসলাম অথবা যুদ্ধ। মূর্তিপূজক ও মুরতাদেরা বন্দী হয়ে গেলে তাদের স্ত্রী ও সন্তান-সন্ততিকে ক্রীতদাস ও ক্রীতদাসীতে পরিণত করা যাবে। রসুল স. আওতাস ও হাওয়াজেনদের পরিবার পরিজনদেরকে ক্রীতদাস ও ক্রীতদাসীতে পরিণত করেছিলেন। তারা ছিলো আরবী ও অংশীবাদী। বনী মুস্তালিকের পরিবার পরিজনদেরকেও এ রকম করা হয়েছিলো। আবু বনী হানিফা মুরতাদ হয়ে গেলে হজরত আবু বকর তাদের পরিবার পরিজনকে বানিয়েছিলেন গোলাম ও বাঁদী। আর ওই গোলাম বাঁদীদেরকে বণ্টন করে দিয়েছিলেন মুজাহিদদের মধ্যে। মোহাম্মদ বিন আলী বিন আবু তালেবের আম্মা এবং জায়েদ বিন আবদুল্লাহ্ বিন ওমরের আম্মাও ছিলো তাদের মধ্যে।

বন্দী করে পূর্ণ কর্তৃত্বে নিয়ে আসার পর মুরতাদদের স্ত্রী-পুত্রকে ইসলাম গ্রহণে বাধ্য করা যাবে। কিন্তু অংশীবাদীদের স্ত্রী ও পুত্র-কন্যাকে ইসলামের প্রতি আমন্ত্রণ জানানো যাবে না। ইমাম শাফেয়ী বলেছেন, অংশীবাদী আরবীদের স্ত্রী ও পুত্র-কন্যাকে বন্দী করে ক্রীতদাস বানানো যাবে।

হজরত ইবনে আব্বাস কর্তৃক বর্ণিত হয়েছে, রসুল স. তিনটি উপদেশ প্রদান করেছিলেন— ১. আরব উপদ্বীপ থেকে অংশীবাদীদেরকে বিতাড়িত কোরো। ২. অন্যান্য দেশের কাফেরদেরকে কোরো বন্দী। হজরত ইবনে আব্বাস বলেছেন,

স্বকর্ণে শুনেছি, রসুল স. এরশাদ করেছেন, আমি ইহুদী ও খৃষ্টানদেরকে জাজিরাতুল আরব থেকে বহিষ্কার করবোই। এই আরবে মুসলমান ছাড়া অন্য কারো বসবাসের অধিকার নেই। মুসলিম।

ইমাম মালেক তাঁর মুয়াত্তায় জুহুরী থেকে একটি বর্ণনা এনেছেন। অনুরূপ বর্ণনা হজরত আবু হোরায়রা থেকে সালেহ্ বিন আখদারের মাধ্যমেও জুহুরী কর্তৃক বর্ণিত হয়েছে। বর্ণনাটি এই— জাজিরাতুল আরবে দুই ধর্মের অস্তিত্ব থাকতে পারে না। সবশেষে ইসহাক বর্ণনাটি উল্লেখ করেছেন স্বসূত্রে।

হজরত আবু উবায়দা ইবনে জাররাহ্ কর্তৃক বর্ণিত হয়েছে, রসুল স. এর শেষ উপদেশ ছিলো— ইহুদীদেরকে হেজাজ থেকে এবং নাসারাদেরকে জাজিরাতুল আরব থেকে বের করে দাও। আহমদ, বায়হাকী।

জিযিয়ার পরিমাণঃ ইমাম আবু হানিফার অভিমত হচ্ছে— জিযিয়ার নির্দিষ্ট কোনো পরিমাণ নেই। জিযিয়া আদায়কারী এবং জিযিয়া প্রদাতা পারস্পরিক আলোচনা ও সমঝোতার মাধ্যমে জিযিয়ার পরিমাণ নির্ধারণ করবে। রসুল স. দুই হাজার জোড়া কাপড় পরিশোধের শর্তে ইয়ামেনবাসীদের সঙ্গে সন্ধি স্থাপন করেছিলেন। হজরত ইবনে আব্বাস থেকে আবু দাউদ লিখেছেন, রসুল স. দুই হাজার জোড়া বস্ত্রের বিনিময়ে নাজরানবাসীদের সঙ্গে 'যুদ্ধ নয়' চুক্তি করেছিলেন। ওই চুক্তি অনুসারে নাজরানবাসীদেরকে সফর মাসের মধ্যে এক হাজার জোড়া এবং রজব মাসের মধ্যে এক হাজার জোড়া কাপড় দিতে হতো। ইমাম আবু ইউসুফ তাঁর কিতাবুল আমওয়াল গ্রন্থে লিখেছেন, রসুল স. নাজরানবাসীদেরকে একটি লিখিত ফরমান দিয়েছিলেন যাতে লেখা ছিলো— তারা বছরে দুই হাজার জোড়া কাপড় দিবে। প্রতি জোড়ার মূল্য হতে হবে এক আউকিয়া। ইবনে হুম্মাম লিখেছেন, কিতাবুল আমওয়ালের বিবরণ অনুসারে প্রতি জোড়া কাপড়ের দাম চল্লিশ দিরহাম হয়— পঞ্চাশ দিরহাম নয় (যেমন কেউ কেউ বলে থাকেন)।

এক জোড়া কাপড় অর্থ দু'টি কাপড়— তহবন্দ ও চাদর। ব্যক্তি ও ভূমি উভয়ের জন্য জিযিয়া হিসাবে কাপড় প্রদান করতে হতো। ইমাম আবু ইউসুফ

আদেশ দিতেছেন : আহলে কিতাব জাতিসমূহ লাঞ্ছিত অবস্থায় তোমাদিগকে জিযয়া কর না দেওয়া পর্যন্ত তোমরা তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করো।

তা'আলা সর্বপ্রথম আহলে কিতাব জাতিসমূহের (ইয়াহূদী ও খৃষ্টান জাতিদ্বয়ের) বিরুদ্ধে যুদ্ধ করিবার জন্যে মুসলমানদের আদেশ দিয়াছেন।

উক্ত আদেশ অনুসারে হিজরী নবম সনে নবী করীম (সা) রোমক সাম্রাজ্যের বিরুদ্ধে অভিযান চালাইয়াছিলেন। হিজরী নবম সনে এই আয়াত নাযিল হইবার পর সেই বৎসরই নবী করীম (সা) মদীনা ও উহার চতুষ্পার্শ্বস্থ মুসলিম গোত্রসমূহের মধ্যে ঘোষণা প্রচার করিলেন যে, তিনি এই বৎসরই রোমক সাম্রাজ্যের অধীনে সিরিয়ার বিরুদ্ধে অভিযানে বাহির হইবেন। ঘোষণা অনুসারে ন্যূনাধিক ত্রিশ সহস্র মুসলিম যোদ্ধা নবী করীম (সা)-এর সহিত অভিযানে

আল্লাহ তা'আলা বলেছেন–

حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُوْنَ ○

অর্থ : লাঞ্ছিত অবস্থায় করজোড়ে জিযিয়া প্রদান না করা পর্যন্ত।

আল্লাহ তা'আলা বর্ণনা করেছেন যে, প্রদানকারী হবে লাঞ্ছিত, অপদস্থ, অপমানিত।

ব্যাখ্যাকারগণ বলেছেন– জিযিয়া গ্রহণকারী বসে বসে গ্রহণ করবে আর প্রদানকারী দাঁড়িয়ে দাঁড়িয়ে তা পরিশোধ করবে।

ইমাম শাফেয়ী (রহঃ)-এর মাযহাবের ফকীহগণ বলেছেন– মুসলিম বালক বাম হাতে ইহুদী বা খ্রিস্টানদের দাড়ি ধরে টানবে আর তারা নতশিরে জিযিয়া আদায় করবে। কুরআনে বর্ণিত–

'عن يد و هم صاغرون' এর এই হল ব্যাখ্যা।

ফিকাহ বিশারদ আলেমগণ বলেছেন– জিযিয়ার টাকা চেক বানিয়ে বাইতুল মালের নামে পাঠিয়ে দিলে চলবে না। বরং জিযিয়া গ্রহণকারীর নিকট গিয়ে স্বহস্তে আদায় করতে হবে। তাহলেই কুরআনে যে লাঞ্ছনার কথা বলা হয়েছে, তা বাস্তবায়িত হবে।

আল্লাহ্ তা'আলা নিম্নোক্ত আয়াত নাযিল করিলেন :

যাহারা আল্লাহ্র প্রতিও ঈমান আনে না আর আখিরাতের প্রতিও ঈমান আনে না, আল্লাহ্ ও তাঁহার রাসূল যাহাকে হারাম করিয়াছেন, তাহাকে হারাম বলিয়া বিশ্বাস করে না এবং সত্য দীনকে মানিয়া চলে না, সেই সকল কিতাবধারীর বিরুদ্ধে তোমরা যুদ্ধ কর, যতক্ষণ না তাহারা নিজেদের লাঞ্ছিত অবস্থায় এবং তোমাদের বিজয়ী অবস্থায় জিযিয়া কর প্রদান করে।

حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُوْنَ অর্থাৎ যদি তাহারা ইসলাম গ্রহণ না করে, তবে তাহারা যতক্ষণ না মুসলমানদের বিজয়ী অবস্থায় এবং নিজেদের লাঞ্ছিত, অপমানিত ও অবদমিত অবস্থায় স্বহস্তে জিযিয়া প্রদান করিবে ... ...। উক্ত কারণেই কোন যিম্মীর প্রতি সম্মান প্রদর্শন করা বা তাহাকে কোন ভাবে মুসলমানের উর্ধ্বে রাখা মুসলমানের জন্যে নিষিদ্ধ ও নাজায়েয। তাহারা সর্বদা লাঞ্ছিত ও অপমানিত অবস্থায় থাকিবে। আবূ হুরায়রা (রা) হইতে মুসলিম শরীফে বর্ণিত রহিয়াছে যে, আবূ হুরায়রা (রা) বলেন : নবী করীম (সা) বলিয়াছেন : তোমরা ইয়াহূদী ও নাসারা জাতিদ্বয়ের লোকদিগকে আগ বাড়িয়া সালাম দিও না; আর তাহাদের কাহারো সহিত রাস্তায় তোমাদের সাক্ষাৎ হইলে তাহাকে রাস্তার সংকীর্ণতম অংশ দিয়া চলিতে বাধ্য করিও।

↥

উপরোক্ত কারণেই উমর (রা) শাম (বর্তমান সিরিয়া ও উহার পার্শ্ববর্তী এলাকাসমূহ) দেশের খ্রিস্টানদের সহিত সম্পাদিত সন্ধি চুক্তিতে খ্রিস্টানদের পক্ষে লাঞ্ছনাকর শর্তাবলী সন্নিবেশিত করিয়াছিলেন। একাধিক হাফিজে হাদীস ইমামগণ আবদুর রহমান ইব্ন গানাম আশআরী হইতে বর্ণনা করিয়াছেন যে, তিনি বলেন : শাম দেশের খ্রিস্টানদের সহিত উমর (রা) যখন সন্ধি চুক্তি সম্পাদন করিবার সিদ্ধান্ত করিলেন, তখন আমি তাঁহার পক্ষ হইতে এই চুক্তিনামা লিপিবদ্ধ করিয়াছিলাম :

পরম করুণাময় দয়ালু আল্লাহ্ নামে আরম্ভ করিতেছি

ইহা হইতেছে শাম দেশের অমুক অমুক নগরের অধিবাসীগণের পক্ষ হইতে আল্লাহ্র বান্দা আমীরুল-মু'মিনীন উমরকে প্রদত্ত লিখিত প্রতিজ্ঞাসমূহ—'আপনারা যখন আমাদের নিকট আগমন করিলেন, তখন আমরা আমাদের নিজেদের জন্যে, আমাদের সন্তান-সন্ততির জন্যে, আমাদের ধন-সম্পত্তির জন্যে এবং আমাদের সব ধর্মাবলম্বী লোকদের জন্যে আপনাদের নিকট নিরাপত্তা প্রার্থনা করিলাম। উক্ত নিরাপত্তার বিনিময়ে আমরা প্রতিজ্ঞা করিতেছি যে, আমরা আমাদের নগরে বা উহার চতুষ্পার্শ্বে কোথাও কোন নূতন গীর্জা ইবাদতখানা নির্মাণ করিব না; কোন পুরাতন গির্জা বা ইবাদত খানা মেরামত করিব না; ইতিপূর্বে যে সকল গীর্জা ও ইবাদতখানা মুসলমানদের নিজস্ব সম্পত্তিতে পরিণত হইয়াছে, উহাদিগকে গির্জা ও ইবাদত খানা রূপে পুনঃপ্রচলিত করিব না; আমাদের কোন গির্জায় রাত্রিতে বা দিনে কোন মুসলমান অবস্থান করিতে চাহিলে তাহাকে বাধা দিব না; আমাদের গির্জাগুলির দ্বারসমূহ পথিক ও মুসাফিরদের জন্যে উন্মুক্ত রাখিব; কোন পথিক মুসলমান আমাদের আবাসস্থলের কাছ দিয়া গেলে তিনদিন তাহাকে মেহমান রাখিয়া আপ্যায়ন করিব; আমাদের গির্জায় বা বাসস্থানে কোন গুপ্তচরকে আশ্রয় দিব না; মুসলমানদের সহিত কোনরূপ প্রতারণামূলক আচরণ করিব না; আমাদের সন্তানদিগকে কুরআন শিখাইব না; কোন প্রকারের 'শিরক'-এর কথা প্রকাশ করিব না; কাহাকেও 'শির্ক'-এর প্রতি আহ্বান জানাইব না; আমাদের কোন আত্মীয় ইসলাম গ্রহণ করিতে চাইলে তাহাকে উহা গ্রহণ করিতে বাধা দিব না; মুসলমানদের প্রতি সম্মান প্রদর্শন করিব; কোন মুসলমান আমাদের মজলিসে বসিতে চাহিলে সরিয়া গিয়া তাহার জন্যে জায়গা করিয়া দিব; মুসলমানদের লেবাস-পোশাকের ন্যায় আমরা কোন লেবাস-পোশাক পরিধান করিব না; টুপি পরিধান করিব না; পাগড়ী ব্যবহার করিব না; জুতা পরিধান করিব না এবং মাথায় সিঁথি কাটিব না; মুসলমানদের ভাষার ন্যায় ভাষা ব্যবহার করিব না; মুসলমানদের উপনামের ন্যায় উপনাম গ্রহণ করিব না; অশ্বাদি বাহনে গদি ব্যবহার করিব না; গলায় তরবারি ঝুলাইয়া চলাফেরা করিব না; কোন প্রকারের অস্ত্র রাখিব না; কোন প্রকারের অস্ত্র বহন করিব না; আংটিতে আরবী ভাষায় কোন কিছু খোদাই করিব না; মদের বেচা-কেনা করিব না; মস্তকের সম্মুখভাগের চুল ছাটিয়া ফেলিব; যেখানেই থাকি না কেন সর্বত্র ও সর্বদা টিকি রাখিব; দেহে পৈতাধারণ করিব; গির্জায় প্রকাশ্য স্থানে ক্রুশ রাখিব না; মুসলামানদের রাস্তায় বা তাহাদের বাজারে ক্রুশ বা নিজেদের ধর্মীয় পুস্তক প্রকাশ করিব না; গির্জায় উচ্চ শব্দে ঘণ্টা বাজাইব না; মুসলমানের উপস্থিতিতে গির্জায় উচ্চৈঃস্বরে নিজেদের ধর্মীয় পুস্তক পাঠ করিব না; ধর্মীয় উৎসব উপলক্ষে কোনরূপ মিছিল বাহির করিব না; মৃতদেহ বহন করিয়া লইয়া যাইবার সময়ে উচ্চৈঃস্বরে ক্রন্দন করিব না; মুসলমানদের রাস্তা বা বাজারের মধ্য দিয়া মৃতদেহকে বহন করিয়া লইয়া যাইব না; কোন মুসলমান কর্তৃক ব্যবহৃত দাসকে ব্যবহার করিব না; পথিক মুসলমানের প্রয়োজনে তাহাকে পথ দেখাইয়া দিব এবং কোন মুসলমানের ঘরে উঁকি মারিব না। আবদুর রহমান ইব্ন গানাম আশআরী বলেন : উপরোক্ত প্রতিজ্ঞাপত্র লইয়া আমি উমর (রা)-এর নিকট পৌঁছাইলে তিনি উহাতে নিম্নোক্ত কথাগুলি সংযোজিত করিয়া দিলেন : আর আমরা কোন মুসলমানকে প্রহার করিব না। উক্ত শর্তসমূহকে মানিয়া লইয়া আমরা নিরাপত্তা লাভ করিলাম। আমরা উক্ত শর্তসমূহের মধ্য হইতে কোন শর্তকে ভঙ্গ করিলে আমাদের নিরাপত্তার ব্যাপারে আপনাদের (মুসলমানদের) উপর কোন দায়িত্ব থাকিবে না। এমতাবস্থায় আমাদের সহিত শত্রুর ন্যায় আচরণ করা আপনাদের জন্যে বৈধ ও জায়েয হইয়া যাইবে।'

↥

জিযিয়া কর প্রদান কুফরী ও লাঞ্ছিত হওয়ার নামান্তর

আবদুর রাহমান ইব্‌ন গানাম আশআরী (রাঃ) বলেন, আমি নিজের হাতে চুক্তিনামা লিখে উমারের (রাঃ) নিকট পাঠিয়েছিলাম। চুক্তিপত্রের বিষয় বস্তু হচ্ছে ঃ 'আল্লাহর নামে শুরু করছি। সিরিয়ার অমুক অমুক শহরের খৃষ্টানদের পক্ষ থেকে আল্লাহর বান্দা ও আমীরুল মু'মিনীন উমারের (রাঃ) প্রতি। যখন আপনারা আমাদের উপর এসে পড়লেন, আমরা আপনাদের নিকট আমাদের জান, মাল ও সন্তান-সন্ততি ও আমাদের ধর্মের লোকজনদের জন্য নিরাপত্তার প্রার্থনা জানাচ্ছি। আমরা এ নিরাপত্তা চাচ্ছি এ শর্তাবলীর পরিপ্রেক্ষিতে যে, আমরা এই শহরগুলিতে এবং এগুলির আশে পাশে নতুন কোন মন্দির, গীর্জা এবং খানকা নির্মাণ করবনা। এরূপ কোন নষ্ট হয়ে যাওয়া ঘরের মেরামত ও সংস্কারও করবনা। এসব ঘরে যদি কোন মুসলিম মুসাফির অবস্থানের ইচ্ছা করেন তাহলে আমরা তাকে বাধা দিবনা, তাঁরা রাতেই অবস্থান করুন অথবা দিনেই অবস্থান করুন। আমরা পথিক ও মুসাফিরদের জন্য ওগুলির দরজা (ইবাদাতের জন্য) সব সময় খুলে রাখব। যেসব মুসলিম আগমন করবেন আমরা তিন দিন পর্যন্ত তাঁদের মেহমানদারী করব। আমরা ঐসব ঘরে বা বাসভূমিতে কোন গুপ্তচর লুকিয়ে রাখবনা। মুসলিমদের সাথে কোন প্রতারণা করবনা। নিজেদের সন্তানদেরকে কুরআন শিক্ষা দিবনা। নিজেরা শিরক করবনা এবং অন্য কেহকেও শিরকের দিকে আহ্বান করবনা। আমাদের মধ্যে কেহ যদি ইসলাম গ্রহণ করার ইচ্ছা করে তাহলে আমরা তাকে মোটেই বাধা দিবনা। মুসলিমদেরকে আমরা সম্মান করব। যদি তাঁরা আমাদের কাছে বসার ইচ্ছা করেন তাহলে আমরা তাঁদের জন্য জায়গা ছেড়ে দিব। কোন কিছুতেই আমরা নিজেদেরকে মুসলিমদের পোশাক-পরিচ্ছদ, টুপি-পাগড়ী, স্যান্ডেল, চুলের ষ্টাইল, বক্তৃতা, উপনাম ইত্যাদির অনুকরণ করবনা। আমরা তাঁদের কথার উপর কথা বলবনা। আমরা তাঁদের পিতৃপদবী যুক্ত নামে নামকরণ করবনা। জিন্ বিশিষ্ট ঘোড়ার উপর আমরা সাওয়ার হবনা। আমরা কাঁধে তরবারী লটকাবনা এবং নিজেদের সাথেও তরবারী রাখবনা। অঙ্গুরীর উপর আরাবী নক্‌শা অংকন করাবনা, মদ বিক্রি করবনা এবং মাথার অগ্রভাগের চুল কেটে ফেলবনা। আমরা যেখানেই থাকি না কেন, আমরা আমাদের প্রথাযুক্ত পোশাক পরিধান করব। আমাদের গির্জাসমূহের উপর ক্রুশচিহ্ন প্রকাশ করবনা, আমাদের ধর্মীয় গ্রন্থগুলি মুসলিমদের যাতায়াত স্থানে এবং বাজারসমূহে প্রকাশিত হতে দিবনা। গীর্জায় উচ্চৈঃস্বরে ঘন্টাধ্বনি বাজাবনা, মুসলিমদের উপস্থিতিতে আমাদের ধর্মীয় পুস্তকগুলি জোরে জোরে পাঠ করবনা, রাস্তাঘাটে নিজেদের চাল চলন ও রীতি নীতি প্রকাশ করবনা, নিজেদের মৃতদের উপর হায়! হায়!! করে উচ্চৈঃস্বরে শোক প্রকাশ করবনা এবং মুসলিমদের চলার পথে মৃতদেহের সাথে চলার সময় বাতি নিয়ে চলবনা। মুসলিমদের কাবরের কাছে আমাদের মৃতদের কাবর দিবনা, যে সমস্ত গোলাম মুসলিমদের হাতে বন্দী হবে তাদেরকে আমরা ক্রয় করবনা। আমরা অবশ্যই মুসলিমদের শুভাকাঙ্ক্ষী হয়ে থাকব। মুসলিমদের ব্যক্তিগত বিষয়ে গোয়েন্দাগিরী করবনা।' যখন এই চুক্তি পত্র উমারের (রাঃ) সামনে পেশ করা হল তখন তিনি তাতে আরও একটি শর্ত বাড়িয়ে নিলেন। তা হচ্ছে, 'আমরা কখনও কোন মুসলিমকে প্রহার করবনা।' অতঃপর তারা বলল ঃ 'এসব শর্ত আমরা মেনে নিলাম। আমাদের ধর্মাবলম্বী সমস্ত লোকই এসব শর্তের উপর নিরাপত্তা লাভ করল। এগুলির কোন একটি যদি আমরা ভঙ্গ করি তাহলে আমাদেরকে নিরাপত্তা দানের ব্যাপারে আপনার কোন দায়িত্ব থাকবেনা এবং আপনি আপনার শত্রুদের সাথে যা কিছু করেন, আমরাও ওরই যোগ্য ও উপযুক্ত হয়ে যাব।' (আল মুহাল্লা ৭/৩৪৬)

মুশরিকদের বিরুদ্ধে যুদ্ধ করার হুকুম সম্বলিত আরও বহু আয়াত রয়েছে। তাই উক্ত আয়াতের আয়াতের প্রয়োগ কেবলমাত্র আহলি কিতাবের সাথে থেকে গেল আর আহলি কিতাবদেরকে নিষ্কৃতি দেয়া হবে তখন, যদি তারা বশ্যতা স্বীকার করে জিযিয়া দিতে রাজী হয়। তখন তারা মুসলমানদের যিম্মী হয়ে থাকবে।

প্রথম শ্রেণী ঃ ঐ সমস্ত লোক যাদের থেকে জিয্‌য়া নেওয়া (সর্বসম্মতিক্রমে) জাইয নেই। তারা হলো, আরবের ঐ সমস্ত মুশরিক যারা আসমানী কোন কিতাবেরই অনুসারী নয়। অতএব মুসলমানগণ যখন তাদের উপর বিজয়ী হবে, হয় তারা পুরুষদের ইসলাম কবুল করবে, নতুবা তাদের হত্যা করা হবে। অবশ্য তাদের নারী ও শিশুরা মালে গনীমত হিসাবে গণ্য হবে।

৩. মাসআলা ঃ যাদের কাছে ইসলামের দাওয়াত পৌছেনি তাদেরকে ইসলামের দাওয়াত দেয়া ছাড়া লড়াই শুরু করা জাইয নেই (হিদায়া)। মুসলমানগণ ইসলামের দাওয়াত পৌছানো ব্যতীত যদি তাদের সাথে লড়াই করে তারা গুনাহ্‌গার হবে। তবে তাদের জানমাল ক্ষতি করার দায় মুসলমানদের উপর আরোপিত হবে না। যেরূপ তাদের নারী ও শিশুদের ক্ষেত্রে তাদেরকে দায়বদ্ধ করা হয় না (মাবসূত)। যাদের কাছে ইতোপূর্বে দাওয়াত পৌছেছে অতিরিক্ত সতর্কীকরণ হিসাবে তাদেরকেও (পুনরায়) দাওয়াত দেওয়া মুস্তাহাব, ওয়াজিব নয়[২] (হিদায়া)।

১. কেননা হযরত ইব্‌ন আব্বাস (রা) বর্ণনা করেছেন যে, নবী (সা) ইসলামের প্রতি দাওয়াত না দিয়ে কোন কাউমের বিরুদ্ধে লড়াই করেন নি।

২. কেননা বিশুদ্ধ বর্ণনায় প্রমাণিত যে, নবী (সা) অসতর্ক অবস্থায় বনী মুসতালিকের উপর হামলা করেছিলেন এবং উসামা (রা)-কে দায়িত্ব দিয়েছিলেন উবনা বস্তিতে খুব জোরে হামলা চালানোর এবং বস্তি জ্বালিয়ে দেয়ার আর অসতর্ক হানা কখনো দাওয়াত দিয়ে হয় না।

দ্বিতীয় শর্তটি হলো ঃ পুনঃদাওয়াত দ্বারা তাদের ইসলাম গ্রহণের সম্ভাবনা থাকা। যদি সম্ভাবনা না থাকে তাহলে তাদেরকে দাওয়াত দিবে না (মুহীত)। কাজেই যে ভূখণ্ডের কাফিরদের নিকট একবার ইসলামের দাওয়াত পৌছেছে তাদের উপর রাত্রে অথবা দিনে অতর্কিত হামলা চালালে অন্যায় হবে না (মুহীত ঃ সারাখ্‌সী)।

যদি তারা (ইসলামের দাওয়াত প্রত্যাখান করে তাহলে তাদের বিরুদ্ধে আল্লাহ্‌র সাহায্য প্রার্থনা করবে এবং লড়াইয়ে অবতীর্ণ হবে (ইখতিয়ার ঃ শরহুল মুখ্‌তার)। তাদের বিরুদ্ধে মিনজানিক (কামান) মোতায়েন করবে, জ্বালাও পোড়াও চালাবে, (বাঁধ ভেঙ্গে বা অন্য উপায়ে) তাদের উপর পানি ছেড়ে দিবে এবং তাদের বৃক্ষ নিধন করবে এবং তাদের শষ্য, ফসলাদি নষ্ট করবে (হিদায়া)। তাদের দুর্গসমূহ ভেঙ্গে বিরান করে দিবে ও পানি বহিয়ে তা ডুবিয়ে দিবে এবং তাদের দালান প্রাসাদ বিধ্বস্ত করে ফেলবে। হযরত হাসান ইব্‌ন [illegible]

জিযিয়া ও খেরাজ : জিযিয়া বলা হয় সে করকে, যা কাফেরদের জীবনের বদলে আদায় করা হয়। যিজিয়া শব্দটি "জাযা" থেকে নিষ্পন্ন অর্থাৎ তুমি মৃত্যুদণ্ডের উপযুক্ত অপরাধী ব্যক্তি। কিন্তু তোমাকে এ সুযোগ দেওয়া হচ্ছে যে, তোমার উপর এ দণ্ড জারি হচ্ছে না এবং দারুল ইসলামে নিরাপত্তার সঙ্গে অবস্থানের অনুমতি দেওয়া হয়েছে। তোমাকে হত্যাও করা হয়নি এবং তোমাকে গোলামও বানানো হয়নি। যেভাবে মুক্তিপণ আদায় করলে মৃত্যুদণ্ড বাতিল হয়ে যায় ঠিক তেমনিভাবে জিযিয়া আদায় করলেও হত্যার বিধান কার্যকর হয় না।

আর খেরাজ হলো সে কর যা অমুসলিম প্রজাদের জমিনের উপর ধার্য করা হয়।

قَوْلُهُ حَتّٰى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَّدٍ وَّهُمْ صٰغِرُوْنَ : অর্থাৎ আহলে কিতাবদের মধ্যে যারা ঈমান আনে না তাদের বিরুদ্ধে যুদ্ধ কর যে পর্যন্ত তারা অপমানিত অবস্থায় জিযিয়া বা অমুসলিম কর আদায় করে। আলোচ্য আয়াতে عَنْ يَّدٍ "আন্ ইয়াদীন" শব্দ দ্বারা আনুগত্য বুঝানো হয়েছে অথবা এর অর্থ হলো অমুসলিমরা এ জিযিয়া স্বহস্তে আদায় করবে অন্য কারো হাতে নয়।

صٰغِرُوْنَ -এর অর্থ হলো অপমানিত এবং পরাজিত অবস্থায় জিযিয়া আদায় করা। এজন্য তাফসীরকার ইকরিমা (র.) বলেছেন, এর অর্থ হলো যে জিযিয়ার অর্থ গ্রহণ করবে সে উপবিষ্ট থাকবে, আর যে প্রদান করবে সে দণ্ডায়মান অবস্থায় থাকবে। ইমাম শাফেয়ী (র.) বলেছেন, অমুসলিমদের ব্যাপারে ইসলামি বিধান কার্যকর করাই তাদের জন্য অবমাননা।

ইমাম শাফেয়ী (র.)-এর দ্বিতীয় দলিল হলো, জিজিয়া ওয়াজিব হয় হত্যার পরিবর্তে। অর্থাৎ জিজিয়া প্রদানের কারণে জিম্মি ব্যক্তি মুসলমানের হাতে নিহত হওয়া থেকে রক্ষা পায়। এ কারণে যেসব কাফের হত্যা করা বৈধ নয়, তাদের উপর জিজিয়া আরোপ করা যায় না। যেমন– কাফের শিশু এবং কাফের মহিলা। এরা কাফের হওয়া সত্ত্বেও এদেরকে হত্যা করা যায় না। ফলে এদের উপর জিজিয়াও আরোপ করা হয় না। এর দ্বারা বুঝা যায়, জিজিয়া হলো হত্যার বদলা স্বরূপ।

আমাদের দলিল হলো, যেহেতু তাদেরকে দাসত্বের বন্ধনে আবদ্ধ করা বৈধ হবে, সেহেতু তাদের উপর জিযিয়া আরোপ করাও বৈধ হবে। কেননা উভয়ের প্রতিটি দেহসত্তার স্বত্ব হরণ করার অর্থকে অন্তর্ভুক্ত করে এভাবে যে, সে উপার্জন করে মুসলমানদেরকে প্রদান করে অথচ তার ভরণপোষণ নিজের উপার্জনের উপর।

প্রাসঙ্গিক আলোচনা

আরবের মুশরিকদের উপর জিজিয়া আরোপ করা হয় না। তারা হয়তো ইসলাম গ্রহণ করবে অথবা তাদেরকে হত্যা করা হবে।

অনারবী মুশরিকদের উপরও জিযিয়া আরোপ করা যাবে না। তারা হয়তো ইসলাম গ্রহণ করবে অথবা তাদেরকে হত্যা করা হবে। এক্ষেত্রে ইমাম শাফেয়ী (র.)-এর দলিল হলো, আল্লাহ তা'আলা আদেশ করেছেন তোমরা তাদের (বিধর্মীদের) সাথে লড়াই কর। এ নির্দেশ সকল বিধর্মীকে অন্তর্ভুক্ত করে। পরে আমরা কুরআনের আয়াত দ্বারা জানতে পেরেছি আহলে কিতাবীদের উপর জিজিয়া আরোপ করা যায় এবং তাদেরকে নিজেদের ধর্মের উপর থাকতে দেওয়া যায়। তদ্রূপ হাদীস দ্বারা জানতে পেরেছি মাজূসীদের উপরও জিজিয়া আরোপ করে তাদেরকে তাদের ধর্মের উপর থাকতে দেওয়া যায়। অতএব, যুদ্ধ করার বিধান থেকে আহলে কিতাব ও মাজূসীরা আওতামুক্ত হবে। এছাড়া অন্য সব বিধর্মী وَقَاتِلُوْهُمْ (তাদের সাথে যুদ্ধ কর) এ বিধানের আওতাভুক্ত থাকবে। অতএব, অনারবী মুশরিককরা যেহেতু আহলে কিতাব বা মাজূসী নয়, সেহেতু তাদের বিরুদ্ধে যুদ্ধ করতে হবে। তাদের উপর জিজিয়া আরোপ করে, নিজ ধর্মের উপর থাকতে দেওয়া যাবে না।

আহনাফের দলিল হলো, অনারবী মুশরিকদের গোলাম বানানো সর্বসম্মতিক্রমে জায়েজ আছে। তাই তাদের উপর জিজিয়া আরোপ করাও জায়েজ হবে। কারণ গোলাম বানানো এবং জিজিয়া আরোপ একই ধরনের বিষয়। কেননা গোলাম বানানোর মাধ্যমে যেমন ব্যক্তির ব্যক্তিত্ব হরণ করা হয়, তেমনি জিজিয়া আরোপের দ্বারাও ব্যক্তির ব্যক্তিত্ব হরণ করা হয়। গোলাম বানানোর দ্বারা ব্যক্তির ব্যক্তিত্ব হরণ করা হয়। এভাবে যে, গোলাম যা উপার্জন করে তার মালিক সে হতে পারে না; বরং তার উপার্জনের মালিক হয় তার মনিব। এ হিসাবে গোলাম হয়ে যায় পশুর মতো। তার কোনো ব্যক্তিত্ব থাকে না। তেমনি জিযিয়া আরোপ করা হলেও ব্যক্তির ব্যক্তিত্ব হারায়। তা এভাবে যে, জিযিয়া আরোপকৃত ব্যক্তির উপার্জিত অর্থ মুসলমানদেরকে দিয়ে দিতে হয়। সাথে সাথে তার নিজের ভরণপোষণও থাকে তার নিজ দায়িত্ব। এ হিসাবে জিযিয়া আরোপিত ব্যক্তি আর গোলাম ব্যক্তি এক সমান। অতএব, কাউকে গোলাম বানানো এবং কারো উপর জিজিয়া আরোপ করা একই কথা। সুতরাং অনারবী মুশরিককে যদি গোলাম বানানো বৈধ হয়, তাহলে তার উপর জিজিয়া আরোপ করাও বৈধ হবে। আর গোলাম বানানো তো সর্ব সম্মতিক্রমে বৈধ, তাই জিজিয়া আরোপ করাও বৈধ। এটাই আহনাফের মাযহাব

আহলে কিতাব, মাজুসী এবং অনারবী মুশরিকদের উপর যদি জিজিয়া আরোপ করার পূর্বে মুসলমানদের বিজয় লাভ হয়ে যায়, তাহলে তাদের পুরুষ, নারী, শিশু সবই গনিমতের মালে পরিণত হবে। তখন ইমামের এখতিয়ার থাকবে। ইচ্ছা করলে তিনি তাদেরকে দাস-দাসী বানাতে পারবেন। আবার ইচ্ছা করলে তাদের উপর জিজিয়াও আরোপ করতে পারবেন।

قَوْلُهُ وَلَا تُوْضَعُ عَلَى عَبَدَةِ الْأَوْثَانِ مِنَ الْعَرَبِ الخ : মুরতাদ এবং আরবি মুশরিকদের উপর জিজিয়া আরোপ করে তাদেরকে নিজ ধর্মের উপর থাকতে দেওয়া হবে না। তাদের ব্যাপারে সিদ্ধান্ত হলো এই তারা হয়তো ইসলাম গ্রহণ করবে, অন্যথায় তাদেরকে হত্যা করা হবে।

ইমাম শাফেয়ী (র.) বলেন, আরব মুশরিকদেরকে গোলাম বানানো জায়েজ আছে। ইমাম মালেক ও আহমদ ইবনে হাম্বল (র.) এ কথাই বলেন। তাদের যুক্তি হলো, গোলাম বানানো আর হত্যা করা একই কথা। কেননা হত্যা করলে প্রকৃত অর্থে ধ্বংস করা হয়, আর গোলাম বানালে গুণগতভাবে ধ্বংস করা হয়। অতএব, যেমন হত্যা করা জায়েজ, তেমনি গোলাম বানানোও জায়েজ। তাদের জবাবে আহনাফ সে কথাই বলেন যা ইতঃপূর্বে বলেছেন। অর্থাৎ তাদের অপরাধ গুরুতর। তাই তারা হয়তো অপরাধ ত্যাগ করবে তথা কুফরি ছেড়ে ইসলাম গ্রহণ করবে, অন্যথায় তাদেরকে হত্যা করা হবে। দ্বিতীয় কোনো পথ তাদের জন্য খোলা নেই।

যদি আরব মুশরিক ও মুরতাদদের উপর মুজাহিদগণ বিজয় লাভ করতে পারে, তাহলে তাদের যুবক শ্রেণিকে হত্যা করা হবে এবং তাদের স্ত্রীলোক ও সন্তানদেরকে গনিমত হিসাবে মুজাহিদগণের মাঝে বণ্টন করে দেওয়া হবে। কেননা হযরত আবূ বকর সিদ্দীক (রা.) বনী হানীফা গোত্রের মুরতাদদের স্ত্রী ও শিশুদেরকে মুজাহিদদের মাঝে ভাগ করে দিয়েছিলেন।

২. জিম্মির উপর জিজিয়া ওয়াজিব হয়, তার কুফরির শাস্তি হিসাবে। এ কারণেই অত্যন্ত লাঞ্ছনা ও অপদস্থতার সাথে জিজিয়া পরিশোধ করতে হয়। অতএব, ব্যক্তি যখন ইসলাম গ্রহণ করার মাধ্যমে কুফরি ত্যাগ করল, তখন আর তার উপর

যায় না। তেমনি আলোচ্য মাসআলায়ও যদি কোনো জিম্মির কাছে গড়ে কয়েক বৎসরের জিজিয়া একত্র হয়ে যায়, তাহলেও সেগুলো উসুল করা সম্ভব বিধায় সবগুলো জিজিয়া পৃথক পৃথকভাবে উসুল করা হবে। দুই বা ততোধিক জিজিয়া একীভূত হবে না। পক্ষান্তরে যদি ইসলাম গ্রহণ করে ফেলে তাহলে তার থেকে জিজিয়া উসুল করা সম্ভব নয়। কেননা জিজিয়া ওয়াজিব হয় ব্যক্তির অপমানের জন্য, তাকে লাঞ্ছিত করার উদ্দেশ্যে। আর মুসলমান ব্যক্তি নিজের ঈমানের বদৌলতে সম্মান ও শ্রদ্ধার যোগ্য হয়ে যায়। তাই মুসলমান থেকে জিজিয়া আদায় করা যায় না।

وَلِأَبِيْ حَنِيْفَةَ (رح) قَوْلُهُ -এখান থেকে ইমাম আবূ হানীফা (র.)-এর দলিল শুরু। ইমাম আবূ হনীফা (র.)-এর দলিল হলো, জিজিয়া একটি শাস্তি, যা কুফরির উপর হঠকারিতা করার কারণে সাব্যস্ত হয়ে থাকে। শাস্তি হওয়ার বিষয়টি এভাবে প্রতীয়মান হয় যে, জিজিয়া জিম্মির নিজ হাতে পরিশোধ করতে হয়। জিম্মি যদি নিজের কর্মচারীর মাধ্যমে জিজিয়া পাঠায় তাহলে তা গ্রহণ করা হয় না। জিজিয়া দাঁড়ানো অবস্থায় প্রদান করতে হয় এবং গ্রহণকারী ব্যক্তি তা বসে বসে গ্রহণ করে। কোনো কোনো বর্ণনায় আছে, জিম্মি যখন জিজিয়া প্রদান করতে আসবে, তখন জিজিয়া উসুলকারী ব্যক্তি জিম্মির জামার বুকে ধরে ঝাকুনি দিবে এবং বলবে, এই আল্লাহর দুশমন, জিজিয়া দাও। এসব কথা ও আচরণ দ্বারা প্রমাণিত হয় যে, জিজিয়া একটি শাস্তি।

তা ছাড়া আরেকটি বিষয় হলো এই যে, জিম্মিকে ভবিষ্যতের যে কোনো সময় হত্যা করা যেত, সে হত্যার বিনিময়ে জিজিয়া ওয়াজিব হয় এবং ভবিষ্যতের কোনো যুদ্ধে আমাদেরকে যে সহযোগিতা করার বাধ্যবাধকতা ছিল তার বিনিময়ে। কিতাবে উল্লেখ রয়েছে যে, জিম্মিদের থেকে যে জিজিয়া উসুল করা হয়, তার সম্পদ সঞ্চয় করা উদ্দেশ্য নয়; বরং আসল উদ্দেশ্য হলো জিম্মিদেরকে লাঞ্ছিত করা। আর এ উদ্দেশ্য হাসিল করার জন্য দুটি জিজিয়া উসুল করার

যেমন, নাজরান গোত্রের সাথে হযরত রসূলে করীম (সাঃ) –এর চুক্তি হয় যে, তারা সকলের পক্ষ থেকে বার্ষিক দু'হাজার জোড়া বস্ত্র প্রদান করবে। প্রতি জোড়ায় থাকবে একটা লুঙ্গি ও একটা চাদর। প্রতি জোড়ার মূল্য ধার্য হয়। অর্থাৎ, এক উকিয়া রূপার সমমূল্য। চল্লিশ দিরহামে হয় এক উকিয়া। যা আমাদের দেশের প্রায় সাড়ে এগার তোলা রূপার সমপরিমাণ।

অনুরূপ তাগ্‌লিব গোত্রীয় খ্রীষ্টানদের সাথে হযরত ওমর (রাঃ)-এর চুক্তি হয় যে, তারা যাকাতের নেসাবের দ্বিগুণ পরিমাণে জিযিয়াকর প্রদান করবে।

আলোচ্য আয়াতে عَنْ يَدٍ শব্দ দু'টি ব্যবহৃত হয়েছে। عَنْ অর্থ এখানে কারণ, يد অর্থ শক্তি ও বিজয়। তাই জিযিয়া যেন খয়রাতি চাঁদা প্রদানের মত না হয়; বরং তা হবে ইসলামের বিজয়কে মেনে নিয়ে একান্ত অনুগত নাগরিক হিসেবে। — রূহুল মা'আনী)। এরপরের বাক্য হল— وَّهُمْ صٰغِرُوْنَ ইমাম শাফেয়ী (রহঃ)-এর তফসীর অনুযায়ী এর অর্থ হল— তারা যেন ইসলামের সাধারণ আইন-কানুনের আনুগত্যকে নিজেদের কর্তব্যরূপে গ্রহণ করে নেয়।— (রূহুল-মা'আনী, তফসীরে মাযহারী)।

জিজিয়ার পরিমাণ:

মুহাম্মদ ইয়েমেনের অন্ত্যন্ত গরীব এবং হতদরিদ্র একটি অমুসলিম জনগোষ্ঠীর উপরে ১ দিনার (তখনকার সময়ের ১০-১২ দিরহাম) হারে জিজিয়া আরোপ করেছিল। অর্থাৎ প্রত্যেক সাবালক পুরুষের মাথার জন্য ১ দিনার জিজিয়া কর আদায় করত মোহাম্মদ । উল্লেখ্য , তখনকার সময়ে ১০ দিরহাম মানে ছিল এভারেজ লোকসংখ্যার একটা নিম্নবিত্ত পরিবারের ১০-১২ দিনের সংসার খরচ। এখানে একটা ব্যাপার মনে রাখতে হবে আমাদের বর্তমানের পরিবারের ধারনা তখনকার সময় থেকে অনেক ভিন্ন, এখন গড়ে পরিবারে লোক থাকে ৪-৫ জন কারণ এখন আমরা একক পরিবারের ধারনা অনুসরণ করি। কিন্তু তখন বহুবিবাহ এবং একান্নবর্তী ধারনার কারণে পরিবারে বর্তমান সময়ের ৪ থেকে ৫ গুন লোক বাস করত । এই পরিমাণ কর চাপানো হয়েছিল ইয়েমেনের অমুসলিমদের উপরে যারা ছিল অত্যন্ত গরীব । এটা ছিল সকল অমুসলিমদের জন্য জিজিয়া করের নুন্যতম হার (১ দিনার) । অর্থাৎ, সমাজের যারা সবথেকে গরীব এবং কর্মক্ষম(বর্তমান প্রেক্ষাপটে কুলি, দিন মজুর) তাদের এই হারে কর দিতে হত যা তাদের সংসারের ১০ দিনের খরচ ছিল। যদি কারও ২ দিনার প্রদান করার সামর্থ্য থাকত তবে তার উপর দুই দিনার জিজিয়া আরোপ হত, যদি কারও ৪ দিনার দেবার সামর্থ্য হত তবে তার উপর ৪ দিনার জিজিয়া আরোপ হত।

উপমহাদেশের বিখ্যাত মুসলিম শাসক আলাউদ্দিন খিলজির সময়ে জিজিয়ার পরিমাণ ছিল ৫০-৭৫ শতাংশ।

↥

(দাস-দাসী) গনীমত, অসহায় নিরপরাধ যুদ্ধবন্দী নারী

৩৩৫ রাসূলুল্লাহ্ সা বলেনঃ আমাকে এমন পাঁচটি বিষয় দান করা হয়েছে, যা আমার পুর্বে কাউকেও দান করা হয়নি। **আমার জন্য গানীমাতের মাল হালাল করে দেওয়া হয়েছে, যা আমার পূর্বে আর কারো জন্য হালাল করা হয়নি।**

৯৪৭ **রাসূল সা একদিন ফজরের সালাত অন্ধকার থাকতে আদায় করলেন। অতঃপর সওয়ারীতে আরোহণ করলেন এবং বললেনঃ আল্লাহু আকবার, খায়বার ধ্বংস হোক! তখন তারা (ইয়াহূদীরা) বের হয়ে গলির মধ্যে দৌঁড়াতে লাগল এবং বলতে লাগল, মুহাম্মাদ ও তাঁর সৈন্যসামন্ত এসে গেছে।** পরে **নবী সা তাদেরকে বলপূর্বক পরাজিত করেন(vanquished them by force)। তিনি যুদ্ধাক্ষম পুরুষদের হত্যা করলেন এবং নারী-শিশুদের বন্দী করলেন।**

৪২০০ নাবী সা খাইবারের নিকটে সকালে কিছু অন্ধকার থাকতেই ফজরের সালাত আদায় করলেন। তারপর আল্লাহু আকবার ধ্বনি উচ্চারণ করে বললেন, খাইবার ধ্বংস হয়েছে। **এ সময়ে খাইবারের অধিবাসীরা অলি-গলিতে গিয়ে আশ্রয় নিতে আরম্ভ করল। নাবী সা তাদের মধ্যকার যোদ্ধাদেরকে হত্যা করলেন। আর শিশু ও নারীদেরকে বন্দী করলেন।** বন্দীদের মধ্যে ছিলেন সফিয়্যাহ। প্রথমে তিনি দাহ্ইয়াতুল কালবীর অংশে এবং পরে নাবী সা-এর অংশে বণ্টিত হন।

৩৭১ আনাস ইবনু মালিক (রা) বলেনঃ যুদ্ধের মাধ্যমে আমরা খায়বর জয় করলাম। তখন যুদ্ধবন্দীদের সমবেত করা হলো। **দিহয়া (রা) এসে বললেনঃ হে আল্লাহর নবী! বন্দীদের হতে আমাকে একটি দাসী দিন। তিনি বললেন যাও, তুমি একটি দাসী নিয়ে যাও। সে সাফিয়্যাহ বিনত হুয়াই কে নিল। তখন এক ব্যক্তি রাসূল সা এর নিকট এসে বললঃ ইয়া রাসূলাল্লাহ! বনূ কুরাইযা ও বনূ নাযীরের অন্যতম নেত্রী সাফিয়্যাহ বিনত হুয়াইকে আপনি দিহয়াকে দিচ্ছেন?! তিনি তো একমাত্র আপনারই যোগ্য। সেটা শুনে রাসূল সা বললেনঃ দিহয়াকে সাফিয়্যাহসহ ডেকে আন। তিনি সাফিয়্যাহসহ উপস্থিত হলেন। যখন নবী সা. সাফিয়্যাহ কে দেখলেন তখন দিহয়াকে বললেনঃ তুমি বন্দীদের হতে অন্য একটি দাসী দেখে নাও।** তারপর রাসূল সাঃ সাফিয়্যাহ (রা)-কে আযাদ করে দিলেন এবং তাঁকে বিয়ে করলেন। রাবী জিজ্ঞেস করলেনঃ **নবী কি তাঁকে মাহর দিলেন? আনাস (রা) জওয়াব দিলেনঃ তাঁকে আযাদ করাই তাঁর মাহর। এর বিনিময়ে তিনি তাঁকে বিয়ে করেছেন।**
অতঃপর **পথে উম্মু সুলায়ম (রা) সাফিয়্যাহ (রা)-কে সাজিয়ে রাতে রাসূল সা. এর খিদমতে পেশ করলেন।** রাসূল সা বাসর রাত যাপন করে ভোরে উঠলেন। **তিনি ঘোষণা দিলেনঃ যার নিকট খাবার কিছু আছে সে যেন তা নিয়ে আসে। অতঃপর এসব মিশিয়ে খাবার তৈরি করা হল। এ ই ছিল রাসূল সা. এর ওয়ালীমাহ।**

৪২১১
খাইবার দূর্গ বিজয়ের পর **নবী সা এর কাছে ইয়াহূদী দলপতির কন্যা সফিয়্যাহ এর সৌন্দর্যের ব্যাপারে আলোচনা করা হল। তার স্বামী এ যুদ্ধে নিহত হয়। সে ছিল নববধূ। নবী সা তাকে নিজের জন্য মনোনীত করেন এবং তাকে সঙ্গে করে খাইবার থেকে যাত্রা করেন। এরপর আমরা যখন সাদ্দুস সাহ্বা নামক স্থান পর্যন্ত গিয়ে পৌঁছলাম তখন সফিয়্যাহ (রা) তাঁর মাসিক ঋতুস্রাব থেকে মুক্ত হলে রাসূলুল্লাহ সা তাঁর সঙ্গে বাসর করলেন।**

২৮৯৩ যখন নবী সা খায়বার যুদ্ধে বিজয় লাভ করলেন, (তখন কাফেরদের নারীদেরকে গণীমতের মাল হিসেবে বন্দী করা হল) এবং নবী সা এর নিকট সাফিয়্যা বিনতু হুয়াই এর সৌন্দর্যের কথা উল্লেখ করা হলো, **যিনি ছিলেন সদ্য বিবাহিতা; তাঁর স্বামীকে হত্যা করা হয়েছিল এবং আল্লাহর রাসূল সা তাঁকে নিজের গণীমতের মাল হিসেবে মনোনীত করলেন।** অতঃপর তাঁকে নিয়ে রওয়ানা দিলেন। **আমরা যখন সাদ্দুস সাহ্বা নামক স্থানে পৌঁছলাম তখন সাফিয়্যাহ ঋতুস্রাব থেকে পবিত্র হন। রাসূল সা সেখানেই তাঁর সঙ্গে বাসর রাত যাপন করেন।**

৪২১২ আনাস ইবনু মালিক (রা) হতে বর্ণিত, নবী সা খাইবার থেকে ফেরার পথে **সফিয়্যাহ-এর কাছে তিনদিন অবস্থান করে তার সঙ্গে বাসর যাপন করেছেন।**


সহীহ মুসলিম (ইফা) ।
৩০৯৭। আয়িশা (রা) থেকে বর্ণিত যে, **কোন পুরুষ স্ত্রীর সাথে সাধারণত যা করার ইচ্ছা করে, রাসুলুল্লাহ সা ও সাফিয়্যা (রা) এর সাথে তাই করার ইচ্ছা করলেন।** তারা বলল, ইয়া রাসুলাল্লাহ! তিনি ঋতুমতী হয়েছেন।

↥

(৩১১৭) হাদীছ (ইমাম মুসলিম (রহ.) বলেন) আমার নিকট হাদীছ বর্ণনা করেন হাকাম বিন মূসা (রহ.) তিনি ... আয়িশা (রাযিঃ) হইতে বর্ণনা করেন যে, কোন পুরুষ নিজ স্ত্রীর সহিত সাধারণত যাহা করার ইচ্ছা করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও (তাঁহার স্ত্রী) সাফিয়্যা (রাযিঃ)-এর সহিত উহা করার ইচ্ছা করিলেন। তখন তাহারা বলিলেন, ইয়া রাসূলাল্লাহ! তিনি ঋতুমতী। তিনি ইরশাদ করিলেন, তাহা হইলে তো সে আমাদেরকে আটকাইয়া রাখিবে। তাহারা আরয করিলেন, ইয়া রাসূলাল্লাহ! তিনি কুরবানীর দিন তাওয়াফে

৫৪২৫ আনাস (রা) বলেন, রাসূলুল্লাহ সা আবূ ত্বলহা (রা)কে বললেনঃ "তোমাদের ছেলেদের মধ্য থেকে একটি ছেলে খুঁজে আন, যে আমার খিদমত করবে"। আবূ ত্বলহা আমাকেই তাঁর সাওয়ারীর পেছনে বসিয়ে নিয়ে আসলেন। তাই আমি রাসূলুল্লাহ সা এর খিদমত করতে থাকলাম। আমি সর্বদা তাঁর খিদমতে নিয়োজিত ছিলাম।


একসময় **আমরা খাইবার যুদ্ধজয় করে ওখান থেকে প্রত্যাবর্তন করলাম। রাসূল সা তার নিজের গনীমত হিসাবে প্রাপ্ত সফিয়্যা বিন্ত হুয়ায়কে সঙ্গে নিয়ে ফিরলেন।**



https://maps.app.goo.gl/vEkcx4Ga3Te4ciLT8?g_st=ac



সাদ্দুস সাহবা (A location within approximately 6 miles (9.6 kilometers) to 30 kilometers south of Khaybar) নামক জায়গাটি, খায়বার থেকে যেখানে হেঁটে পৌঁছাতে ৭ ঘণ্টার মত লাগে। উটের পিঠে চড়ে গেলে আরও কম সময়।



↥

Muhammad tortured Safiyyah's husband before killing him

Before becoming the captive and wife of Muhammad, she was married to Kinana, the treasurer of the Banu Nadir, a Khaybar clan. Kinana was tortured and killed under Mohammed's eyes to get him to confess where the treasure was hidden. Finally, part of the treasure was found and the rest remained untraceable. Muhammad delivered Kinana to Az-Zubair, saying, "Chasten him to the point of bringing forth what he hides."

Az-Zubair burned Kinana's chest with flint, leaving him almost dead. Kinana was finally put to death by another sahaba of the prophet.

Sirah of Ibn Hisham, page 764:

"Kinana ibn al-Rabi, who was the guardian of the treasure of the Banu al Nadir, was brought before the apostle who questioned him about it. He did not know where it was. A Jew arrived in front of the apostle and said that he had seen Kinana around a ruin every morning very early. The Apostle asked Kinana, "Do you know that if we find out that you have hidden it, we will kill you?" He replied, "Yes." The apostle gave orders for the ruin to be searched and the treasure was found. Then asked where the rest of the treasure was but he refused to reveal it, so the apostle ordered al-Zubayr ibn al-Awwan: Torture him until he reveals what he knows. Then he lit a fire with and witha flint and he burned his chest until he was almost dead. Then the apostle delivered him to Muhammad ibn Maslama, who cut off his head to avenge his brother Mahmud."

সীরাতুন নবী (সা) পৃষ্ঠা ৩৫৪

উম্মুল মু'মিনীন সুফিয়্যার ঘটনা

ইবন ইসহাক বলেন: আল্লাহ যখন রাসূলুল্লাহ (সা.)-কে বনু আবুল হুকায়কের কামূস দুর্গের বিজয় দান করলেন, তখন অন্য এক রমণীসহ সুফিয়্যা বিনত হুয়াই ইবন আখতাব তাঁর কাছে আনা হলেন।

এদেরকে নিহত ইহুদিদের মৃতদেহের পাশ দিয়ে নিয়ে আসা হয়েছিল। সুফিয়্যার সঙ্গী রমণীটি যখন তাদের মৃতদেহ দেখতে পেল, তখন সে ভীষণ চিৎকার জুড়ে দিল, নিজের মুখমণ্ডলে করাঘাত করতে লাগল এবং মাথায় ধুলো মাখাতে লাগল।

রাসূলুল্লাহ (সা.) তা দেখে বললেন, "ঐ শয়তান মহিলাটিকে আমার নিকট থেকে দূরে সরিয়ে নাও!"

এরপর তিনি সুফিয়্যাকে নিজের কাছে নিয়ে আসতে বললেন। সুফিয়্যা নিজেকে অত্যন্ত গুটিয়ে নিয়ে তাঁর পেছনে গিয়ে দাঁড়ালেন, আর রাসূলুল্লাহ (সা.) তাঁর ওপর নিজের চাদরখানা বিছিয়ে দিলেন। তখন উপস্থিত মুসলমানরা বুঝে নিলেন যে, রাসূলুল্লাহ (সা.) তাঁকে নিজের জন্যে বেছে নিয়েছেন।

Muhammad had sex with Safiyyah the next night after killing her male relatives

Ibn Sa'd, al-Tabqat (link):

When the Messenger of Allah, peace and blessings be upon him, conquered Khaybar and Allah granted him their wealth, he took Safiyya bint Huyayy and her cousin from al-Qamus as captives ... and when they reached a place called Tibar, six miles from Khaybar, he intended to consummate the marriage with her, but she declined ... When they reached al-Sahba, a distance of **one station** from Khaybar, the Messenger of Allah told Umm Sulaym, "Take care of your companion and comb her hair." The Prophet intended to consummate the marriage there ... and the Messenger of Allah consummated the marriage with her and spent the night with her

The History of al-Tabari, Volume XXXIX (39), p. 185:

> Ibn 'Umar [al-Waqidi] – Kathir b. Zayd – al-Walid b. Rabah – Abu Hurayrah: While the Prophet was lying with Safiyyah, (the companion) Abu Ayyub stayed the night at his door. When he saw the Prophet in the morning he said "God is the Greatest." He had a sword with him; he said to the Prophet, "O Messenger of God, this young woman **had just been married, and you killed her father, her brother and her husband**, so I did not trust her (not to harm) you." The Prophet laughed and said "Good".


http://web.archive.org/web/20180606065643

حديث عبدالله بن عمر - صحيح ابن حبان
أنَّ رسولَ اللهِ صلَّى اللهُ عليه وسلَّم قاتَل أهلَ خيبرَ حتَّى ألجأهم إلى قصرِهم فغلَب على الأرضِ والزَّرعِ والنَّخلِ فصالحوه على أنْ يُجلوْا منه...
web.archive.org

Sahih Ibn Habban (11/607)
عن عبد الله بن عمر رضي الله عنه قال : ... قالت صفية :وكان رسول الله صلى الله عليه وسلم من أبغض الناس إليّ قَتل زوجي وأبي وأخي فما زال يعتذر إليّ ويقول : (إن أباك ألّب علي العرب وفعل وفعل) حتى ذهب ذلك من نفسي ... رواه ابن حبان في " صحيحه " (607 / 11) . .
Abdullah Ibn Umar narrates that Safiya said:"Rasool Allah was among the most hated person for me, while he killed my husband, father and brother. Then he used to make excuses that my father used to incite the Arabs against him."
Grading: Sahih (authentic)

সুরা আনফাল, আয়াত ৬৯- **সুতরাং তোমরা যে গনীমত লাভ করেছ তা বৈধ ও উত্তম বলে ভোগ কর।**
enjoy what ye took in war (booty), lawful and good

হুনায়েনের যুদ্ধে এক বৃদ্ধাকে ছেড়ে দেওয়া হলো, কারণ তার মুখমন্ডল ছিল শীতল, বক্ষদেশ সমতল, সন্তান জন্মদানের ক্ষমতা ছিল না তার এবং বুকে দুধের ধারা শুকিয়ে গেছে। সুতরাং ছয়টি উটের বিনিময়ে তাকে ছেড়ে দেয়া হলো



আবদুল্লাহ ইবনে উমর (রা.) সূত্রে তাঁর মক্কেল নাফি আমাকে বলেছেন, বনু জুমাহর আমার খালাদের কাছে তাকে রেখেছিলাম আমি। ইচ্ছা ছিল, কাবা তওয়াফ করার পর তার কাছে যাব। মসজিদ থেকে ফিরে এসে দেখলাম, সবখানে দৌড়াদৌড়ি। কী ব্যাপার জিজ্ঞেস করতে জানা গেল, রাসুল (সা.) তাদের সব স্ত্রী ও শিশুদের ফেরত দিয়ে দিয়েছেন। আমি ওদের বললাম, তাদের একটা মেয়ে আছে বনু জুমায়, ওখান থেকে তাকে তারা নিয়ে যেতে পারে। হাওয়াজিন এক বৃদ্ধা নারীকে নেওয়ার সময় উইয়ায়না ইবনে হিসন বলেন, 'দেখতে পাচ্ছি, এই মহিলা গোত্রের মধ্যে বেশ মানী লোক, এর মুক্তিপণ নিশ্চয়ই বেশি হবে।' রাসুল (সা.) যখন প্রত্যেক বন্দীর জন্য ছয়টি করে উট দিতে গেলেন, তিনি সম্মত হলেন না। জুহায়ের আবু সুরাদ তাঁকে ছেড়ে দিতে বললেন, কারণ ওর মুখ শীতল, বুক সমান, ওর সন্তান ধারণের ক্ষমতা নেই, না দিতে চাইলে ওর স্বামী গরজ করবে না। আর তার দুধও খুব একটা ভালো নয়। এ কথা শুনে তিনি তাকে ছেড়ে দিলেন। অনেকে দাবি করেন, আল-আকরা ইবনে হাবিসের সঙ্গে দেখা হলে উইয়ায়না তার কাছে অভিযোগ করেন। তখন আল-আকরা বলে, 'কী যে বলো, ও তো আর ভর-বয়সী কুমারী ছিল না, মধ্যবয়সী যৌবনবতীও নয়!'

৬৩৬ ● সিরাতে রাসূলুল্লাহ (সা.)

সূনান আবু দাউদ (ইফা)

পরিচ্ছেদঃ **বন্দী স্ত্রীলোকের সাথে সহবাস করা।**

২১৫২। রাসূলুল্লাহ সা হুনায়নের যুদ্ধের সময় আওতাস নামক স্থানে একটি সৈন্যদল প্রেরণ করেন। তারা তাদের শত্রুদের সাথে মুকাবিলা করে তাদেরকে হত্যা করে এবং তাদের উপর বিজয়ী হয়। আর এই সময় তারা কয়েদী হিসাবে হাওয়াযেন গোত্রের কিছু মহিলাকে বন্দী করে। তখন রাসূলুল্লাহ সা এর কিছু সাহাবী **তাদের সাথে অনধিকারভাবে সহবাস করা গুনাহ মনে করে, কেননা তাদের মুশরিক স্বামীরা তখন বন্দী ছিল।** তখন আল্লাহ তা'আলা এই আযাত নাযিল করেনঃ যেসব মহিলা যুদ্ধবন্দী হিসাবে তোমাদের আয়ত্বে আসবে **তারা ইদ্দত (মাসিক) পূর্ণ করার পর তোমাদের জন্য হালাল।**

٤٥ - باب فِي وَطْءِ السَّبَايَا

অনুচ্ছেদ– ৪৫ ঃ বন্দী দাসীদের সাথে সঙ্গম করা

২১৫৫। আবূ সাঈদ আল-খুদরী (রা) সূত্রে বর্ণিত। হুনাইনের দিন রাসূলুল্লাহ ﷺ আওতাসের দিকে একদল সৈন্য পাঠালেন। তারা শত্রুর মুকাবিলায় অবতীর্ণ হয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করেন এবং তাদের উপর বিজয়ী হয়ে তাদের নারীদেরকে বন্দী করে আনেন। কিন্তু সেই বন্দী নারীদের মুশরিক স্বামীরা বর্তমান থাকায় রাসূলুল্লাহর কতিপয় সাহাবী তাদের সাথে সঙ্গম করাকে গুনাহ মনে করেন। এ প্রসঙ্গে আল্লাহ এ আয়াতটি অবতীর্ণ করলেন ঃ "যে মহিলাদের স্বামী আছে তারা তোমাদের জন্য হারাম। তবে তোমাদের অধিকারভুক্ত দাসী ব্যতীত" (সূরাহ আন-নিসা ঃ ২৪)। অর্থাৎ যুদ্ধবন্দী দাসী যখন তাদের ইদ্দাতকাল সমাপ্ত করবে তখন তারা তোমাদের জন্য বৈধ।[২১৫৫]

সহীহ।

সহীহ মুসলিম (ইফা)

৩৪৭৭। রাসুলুল্লাহ সা হুনায়নের যুদ্ধের সময় মুসলিমদের একটি বাহিনী শত্রুদলের মুখোমুখী হয় এবং তাদের সাথে যুদ্ধ করে জয়লাভ করে এবং তাদের অনেক কয়েদী তাদের হস্তগত হয়। এদের মধ্য থেকে **যুদ্ধবন্দীনারীদের** সাথে সহবাস করা রাসুলুল্লাহ সা এর কয়েকজন সাহাবী যেন নাজায়েজ মনে করলেন, তাদের **মুশরিক স্বামী জীবিত** থাকার কারণে। আল্লাহ তায়ালা এ আয়াত অবতীর্ণ করেনঃ অর্থাৎ **তারা তোমাদের জন্য হালাল, যখন তাদের ইদ্দতকাল** (গর্ভবতী হলে প্রসব, অন্যথায় এক মাসিক অতিবাহিত হওয়া যাতে সে গর্ভবতী কি না যাচাই করা যায়) **পূর্ণ হবে**। (they were lawful for them when their Idda period came to an end).

সহীহ মুসলিম ১০৭

অনুচ্ছেদ ঃ ৫

ইসতিবরা পালন করার পর যুদ্ধবন্দিনীর সাথে সহবাস করা জায়েয। যদি তার স্বামী থেকে থাকে তাহলে বন্দীত্বের কারণে তার বিয়ে বাতিল হয়ে যাবে।

৩৪৭২। আবু সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত। হুনাইন যুদ্ধের দিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আওতাসের দিকে একদল সৈন্য পাঠালেন। তারা শত্রুর মুখোমুখি হলো এবং শত্রুর সাথে লড়াই করে বিজয়ী হলো। কিছু লোক তাদের হাতে বন্দী হলো। বন্দিনীদের মুশরিক স্বামীরা বর্তমান থাকার কারণে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কিছু সাহাবা তাদের (বন্দী স্ত্রীলোক) সাথে মিলিত হতে দ্বিধা-সংকোচ করছিলো। তাই মহান ও সর্বশক্তিমান আল্লাহ এ বিষয়ে আয়াত নাযিল করলেন ঃ "বিবাহিত স্ত্রীলোক তোমাদের জন্য হারাম তবে তোমরা যাদের অধিকারী হয়েছো (ক্রীতদাসী) 'ইদ্দত' পূরণ হওয়ার পর তারা তোমাদের জন্য হালাল।"

কুরআন সূরা নিসা, আয়াত ২৪: নারীদের মধ্যে **তোমাদের অধিকারভুক্ত দাসীদের ছাড়া** সব সধবা তোমাদের জন্য নিষিদ্ধ, আল্লাহ এসব ব্যবস্থা তোমাদের উপর ফরয করে দিয়েছেন।

সূরা মাআরিজ, ২৯-৩০: যারা তাদের যৌন-অঙ্গকে সংযত রাখে, কিন্তু তাদের স্ত্রী অথবা **মালিকানাভুক্ত দাসী**দের বেলায় তিরস্কৃত হবে না।

গ্রন্থঃ সুনান আবূ দাউদ (তাহকিককৃত) পরিচ্ছেদঃ উলঙ্গ হওয়া সম্পর্কে

৪০১৭। ইবনু হাকীম থেকে তার পিতা ও দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সা -কে প্রশ্ন করলাম, হে আল্লাহর রাসূল! আমাদের ঢেকে রাখার অঙ্গসমূহ কার সামনে আবৃত রাখবো এবং কার সামনে অনাবৃত করবো? তিনি বলেনঃ তোমার স্ত্রী ও দাসী ব্যতীত সকলের সামনে তা আবৃত রাখো।

"হে নবী! আমি(আল্লাহ) আপনার জন্য দাসীদেরকে হালাল করেছি, যাদেরকে আল্লাহ আপনার করায়ত্ব করে দেন"। (সুরা আহযাব আয়াত ৫০) **"হে নবী! নিশ্চয় আমি তোমার জন্য বৈধ করেছি তোমার অধিকারভুক্ত দাসিগণকে যাদেরকে আমি যুদ্ধবন্দিনীরূপে দান করেছি।"**

↥

بِالسَّبْيِ فَلَكُمْ وَطْؤُهُنَّ وَإِنْ كَانَ لَهُنَّ
أَزْوَاجٌ فِيْ دَارِ الْحَرْبِ بَعْدَ الْإِسْتِبْرَاءِ
كِتٰبَ اللّٰهِ نَصْبٌ عَلَى الْمَصْدَرِ أَيْ كُتِبَ
ذٰلِكَ عَلَيْكُمْ وَأُحِلَّ بِالْبِنَاءِ لِلْفَاعِلِ
وَالْمَفْعُوْلِ لَكُمْ مَّا وَرَاءَ ذٰلِكُمْ أَيْ سِوٰى

স্বাধীন মুসলিম নারী হোক বা নাই হোক। তবে তোমাদের দক্ষিণ হস্ত যাদের মালিক হয়ে গেছে বাঁদিদের থেকে, যারা যুদ্ধবন্দী হয়ে তোমাদের অধীনে এসে গেছে, তোমাদের জন্য তাদের সঙ্গে ইস্তেবরায়ে রেহেমের [পূর্বস্বামীর পানি থেকে জরায়ু মুক্ত হওয়ার] পর সহবাস করা জায়েজ আছে, যদিও তাদের স্বামীগণ দারুল হরবে বিদ্যমান থাকে না কেন। আল্লাহ তা'আলা এ বিধানটি তোমাদের উপর ফরজ করে দিয়েছেন।

স্বামী ওয়ালী নারীদেরকে অন্য ব্যক্তির বিবাহ করা জায়েজ নয়, তবে কোনো নারী যদি মালিকানাধীন দাসী হয়ে আসে তাহলে এই বিধান নয়। মুসলমানরা যদি দারুল হরবের কাফেরদের বিরুদ্ধে জিহাদ করে এবং সেখান থেকে কিছু নারী বন্দী করে আসে তবে তাদের দারুল হরবে অবস্থানরত স্বামীদের সাথে তাদের বিবাহ ভঙ্গ হয়ে যায়। আর আমীরুল মু'মিনীন যদি তাকে দাসী করে কোনো সিপাহীকে যুদ্ধলব্ধ সম্পদের মধ্যে বণ্টন করে দেন তবুও তাকে ভোগ করা জায়েজ হবে। এই ভোগ করা এক হায়েজ আসার পরে কিংবা গর্ভবতী হলে সন্তান প্রসব করার পর জায়েজ হবে।

তাফসীর ইবনে কাসীর

সূরাঃ নিসা ৪ ৩৪৩ পারাঃ ৫

অর্থাৎ যেসব নারীর স্বামী রয়েছে তারাও তোমাদের জন্যে হারাম। তবে হ্যাঁ, কাফিরদের যেসব স্ত্রী যুদ্ধক্ষেত্রে বন্দিনী হয়ে তোমাদের অধিকারে আসবে, এক ঋতুকাল অতিক্রান্ত হবার পর তারা তোমাদের জন্যে বৈধ হবে। মুসনাদ-ই-আহমাদে হযরত আবূ সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, 'আওতাসের যুদ্ধে কতগুলো সধবা স্ত্রীলোক বন্দিনী হয়ে আসে। আমরা রাসূলুল্লাহ (সঃ)-কে তাদের সম্বন্ধে জিজ্ঞেস করলে এ আয়াতটি অবতীর্ণ হয় এবং তাদের সাথে মিলিত হওয়াকে বৈধ করা হয়'। জামেউত্ তিরমিযী, সুনান-ই-ইবনে মাজা, সহীহ মুসলিম প্রভৃতি হাদীস গ্রন্থেও এ হাদীসটি রয়েছে।

Tafsir Surah An-Nisa - 24 - Quran.com

৪:২৪ আয়াতে কুরআনের সকল ব্যাখ্যাকারের মধ্যে সর্বাপেক্ষা বিশ্বস্ত ইবনে কাসীর বলেনঃ

আয়াতের অর্থ 'তোমাদের ডান হাতের অধিকারী নারী ব্যতীত ইতিমধ্যেই বিবাহিত নারীও নিষিদ্ধ'। তোমাদের ডান হাতের মালিকানাধীন নারী ব্যতীত বিবাহ করা তোমাদের জন্য নিষেধ করা হয়েছে, কারণ তোমরা গর্ভবতী নয় তা নিশ্চিত হওয়ার পর [অর্থাৎ ইদ্দতের অপেক্ষার ইদ্দত পূর্ণ হওয়ার পর] এ ধরনের নারীদের বিবাহ করতে তোমাদের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ইমাম আহমদ লিপিবদ্ধ করেছেন যে আবু সাঈদ আল-খুদরী বলেছেন, "আমরা আওতাস এলাকা থেকে কিছু মহিলাকে বন্দী করেছিলাম যারা ইতিমধ্যে বিবাহিত ছিল এবং আমরা তাদের সাথে যৌন সম্পর্ক করা অপছন্দ করেছিলাম কারণ তাদের ইতিমধ্যে স্বামী ছিল। অতঃপর আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ ব্যাপারে জিজ্ঞাসা করলে এ আয়াত নাযিল হয়, 'তোমাদের ডান হাত ব্যতীত নারীরা ইতিমধ্যেই বিবাহিত রয়েছে। সেই অনুযায়ী ওই নারীদের সঙ্গে আমাদের যৌন সম্পর্ক হতো। [আক্ষরিক অর্থে: 'এই আয়াতগুলির ফলে তাদের (কাফেরদের) স্ত্রীরা আমাদের জন্য হালাল হয়ে গেছে'] আত-তিরমিযী আন-নাসাঈ, ইবনে জারীর ও মুসলিম তার সহীহ গ্রন্থে এই শব্দটি সংকলন করেছেন।

তাফসীর ইবনে কাসীর 4:24

তাফসীরে মাযহারী/১৬

তিবরানী হজরত ইবনে আব্বাসের বক্তব্য উপস্থাপন করেছেন এভাবে— এই আয়াত নাজিল হয়েছে হুনাইন যুদ্ধের সময়। যুদ্ধজয়ের পর আহলে কিতাবদের কতিপয় রমণী মুসলমানদের অধিকারাধীনা হয়। তারা ছিলো সধবা। মুসলমানদের মধ্যে যাঁরা তাদেরকে পেয়েছিলেন, তাঁরা তাদেরকে সম্ভোগ করতে চাইলে তারা বলে উঠলো, আমাদের তো স্বামী আছে। একথা রসুল স. কে জানানো হলো। তখন অবতীর্ণ হলো এই আয়াত।

এই আয়াত দ্বারা প্রমাণিত হয়েছে যে, যুদ্ধবন্দিনীদের সঙ্গে তাদের মালিকেরা সহবাস করতে পারবে। তাদের স্বামী থাকলেও তারা বিবাহবিচ্যুতা বলে গণ্য হবে। স্বামী না থাকলেতো হবেই। তবে জরায়ু ভ্রূণমুক্ত থাকা অপরিহার্য।

↥

সুনান আবূ দাউদ (ইফা) **পরিচ্ছেদঃ বন্দী স্ত্রীলোকের সাথে সহবাস করা।**
১৫৪। নবী সা বলেছেনঃ কোন **গর্ভবতী বন্দিনী**র সাথে তার সন্তান প্রসবের আগে সহবাস করবে না।

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)
১৫৭০। আওযাঈ (র) থেকে বর্ণিত, যখন কোনো মুসলিম কোন গর্ভবতী বন্দীনী দাসী ক্রয় করে সে বিষয়ে উমার ইবনুল খাত্তাব (রা) বলেন, সন্তান প্রসব না হওয়া পর্যন্ত তার সঙ্গে সহবাস করা যাবে না।

https://www.hadithbd.com/quran/link/?id=517

৪ সূরাঃ আন-নিসা | An-Nisa | سورة النساء - আয়াতঃ ২৪

কোন কোন যুদ্ধে কাফেরদের মহিলারা মুসলিমদের হাতে বন্দিনী হল, তখন ঐ সকল মহিলারা বিবাহিতা হওয়ার কারণে মুসলিমরা তাদের সাথে সহবাস করার ব্যাপারে ঘৃণা অনুভব করল। অতঃপর নবী করীম (সাঃ)-কে সাহাবায়ে কেরাম (রাঃ)-গণ এ ব্যাপারে জিজ্ঞেস করলে এই আয়াত অবতীর্ণ হল। (ইবনে কাসীর) এ থেকে জানা গেল যে, যুদ্ধলব্ধ কাফের মহিলারা মুসলিমদের হাতে বন্দিনী হয়ে এলে, তাদের সাথে সহবাস করা জায়েয, যদিও তারা বিবাহিতা হয়। তবে গর্ভমুক্ত কি না সে ব্যাপারে নিশ্চিত হওয়া জরুরী। অর্থাৎ, এক মাসিক দেখার পর অথবা গর্ভবতী হলে প্রসবের পর (নিফাস বন্ধ হলে তবেই) তার সাথে সহবাস করা যাবে।
মহিলাদেরকে বিবাহ করা যেমন হারাম, তেমনি সধবা কাফের মহিলারাদেরকেও বিবাহ করা হারাম, তবে যদি তারা মুসলিমদের অধিকারে এসে যায়, তাহলে তারা গর্ভমুক্ত কি না এ ব্যাপারে নিশ্চিত হওয়ার পর তাঁদের জন্য (যৌন-সংসর্গ) হালাল হবে।

তাফসীরে আহসানুল বায়ান

১. আযল হল স্ত্রী সঙ্গমকালে বীর্যপাতের ঠিক পূর্ব মুহূর্তে স্ত্রী যোনি থেকে পুরুষাঙ্গ বের করে এনে বাইরে বীর্যপাত ঘটান

২২২৯ সাহাবীরা বললেন- ইয়া রাসুলুল্লাহ! **আমরা বন্দী দাসীর সাথে সঙ্গম করি। কিন্তু আমরা তাদের বিক্রয় করে মূল্য হাসিল করতে চাই**। এমতাবস্থায় আযল(নিরুদ্ধ সঙ্গম করা_বীর্য বাইরে ফেলা যাতে গর্ভবতী না হয়) সম্পর্কে আপনি কী বলেন? তিনি বললেন, আর তোমরা কি এরূপ করে থাক? তোমরা যদি আযল না কর তাতেও তোমাদের কোন ক্ষতি নেই।

৫২১০ আবূ সাঈদ খুদরী (রা) হতে বর্ণিত। তিনি বলেন, **আমরা যুদ্ধকালীন সময়ে গানীমত হিসাবে কিছু দাসী পেয়েছিলাম। আমরা তাদের সঙ্গে আযল করতাম।**

৪১৩৯ আবূ সাঈদ খুদরী (রা) বললেন, আমরা রাসূলুল্লাহ সা-এর সঙ্গে বানূ মুসতালিকের যুদ্ধে যোগদান করেছিলাম। এ **যুদ্ধে আরবের বহু বন্দী আমাদের হস্তগত হয়**। মহিলাদের প্রতি আমাদের মনে আসক্তি জাগে এবং বিবাহ-শাদী ব্যতীত এবং স্ত্রীহীন অবস্থা আমাদের জন্য কষ্টকর অনুভূত হয়। তাই আমরা আযল করা পছন্দ করলাম এবং তা করতে মনস্থ করলাম। তখন আমরা পরস্পর বলাবলি করলাম, রাসূলুল্লাহ সা আমাদের মাঝে আছেন। এ ব্যাপারে তাঁকে জিজ্ঞেস না করেই আমরা আযল করতে যাচ্ছি। আমরা তাঁকে এ সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি বললেন, ওটা না করলে তোমাদের কী ক্ষতি? কিয়ামত পর্যন্ত যতগুলো প্রাণের আগমন ঘটবার আছে, ততগুলোর আগমন ঘটবেই।

৭৪০৯ সাঈদ খুদরী (রা) বলেন, মুসলিমগণ বনী মুসতালিক যুদ্ধে কতকগুলো বন্দিনী লাভ করলেন। এরপর তাঁরা এদেরকে ভোগ করতে চাইলেন। আবার তারা যেন গর্ভবতী হয়ে না পড়ে সে ইচ্ছাও তারা করছিলেন। তাই তারা নবী সা কে আযল(যৌনাঙ্গের বাইরে বীর্যপাত) বিষয়ে জিজ্ঞেস করলেন। নবী সা বললেনঃ এতে তোমাদের কোন লাভ নেই। কারণ আল্লাহ তাআলা যত জীবন সৃষ্টি করার সিদ্ধান্ত নিয়েছেন, অবশ্যই তা সৃষ্টি করবেনই।

নসরুল বারী শরহে সহীহ বুখারী (১১) ❖ ৫০৮

قوله : إِنَّا نُصِيبُ سَبْيًا ... كَيْفَ تَرَى فِي الْعَزْلِ : অর্থাৎ আমরা যদি বাঁদীর সাথে আযল না করি, তাহলে বাঁদী উম্মে ওয়ালাদ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। অথচ আমাদের মালের প্রতি মহব্বত আছে। আমরা তাকে বিক্রয় করে তার মূল্য দ্বারা উপকৃত হতে চাই। কিন্তু উম্মে ওয়ালাদ হয়ে গেলে তাকে বিক্রয় করতে পারব না। এজন্য আমরা বাঁদীর সাথে আযল করতে চাই। যাতে বাঁদীর গর্ভ সঞ্চার না হয়। সুতরাং এ বিষয়ে আপনি কী বলেন?

সহীহ মুসলিম (হাদীস একাডেমী) ।

৩৪৩৬। আবূ সাঈদ আল খুদরী (রা) বলেন, আমরা রসূলুল্লাহ সা এর সাথে বনু মুসতালিক এর যুদ্ধ করেছি। সে যুদ্ধে আমরা আরবের সবচেয়ে সুন্দরী নারীদের বন্দী করলাম। এদিকে আমরা দীর্ঘকাল স্ত্রী সাহচর্য থেকে বঞ্চিত ছিলাম। অন্যদিকে আমরা ছিলাম সম্পদের প্রতি অনুরাগী। এমতাবস্থায় আমরা সেই অমুসলিম বন্দী নারীদের দ্বারা উদ্দেশ্য হাসিল করার এবং আযল করার ইচ্ছা করলাম। কিন্তু আমরা এ কথাও আলোচনা করলাম যে, আমরা কি এ কাজ করতে যাব, অথচ নবী সা আমাদের মধ্যে উপস্থিত রয়েছেন, তার নিকট আমরা কি এ ব্যাপারে কিছু জিজ্ঞেস করব না? তাই আমরা রসূলুল্লাহ সা কে জিজ্ঞেস করলাম। তিনি বললেনঃ আযল না করাতেও তোমাদের কোন ক্ষতি নেই।

সহীহ মুসলিম

৩৪১০। আবু সাঈদ খুদরী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা কিছু যুদ্ধবন্দিনী স্ত্রীলোক লাভ করলাম। আমরা তাদের সাথে আযল করতে চাইলাম। অতঃপর আমরা এ প্রসঙ্গে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জিজ্ঞেস করলাম। তিনি আমাদের বললেন ঃ অবশ্যই তোমরা তা করতে পার, অবশ্যই তোমরা তা করতে পার, অবশ্যই তোমরা তা করতে পার। কিয়ামত পর্যন্ত যতগুলো আত্মা জন্মগ্রহণ করবে (সিদ্ধান্ত হয়ে আছে) তা অবশ্যই জন্মগ্রহণ করবে।

৮২ সহীহ মুসলিম


৩৪২০। জাবির (রা) থেকে বর্ণিত। এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললেন, আমার একটি ক্রীতদাসী আছে। সে আমাদের খেদমত করে এবং পানি এনে দেয়। আমি তার সাথে মিলিত হয়ে থাকি। তবে সে গর্ভবতী হোক তা আমি পছন্দ করি না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন ঃ তাহলে তার সাথে (সহবাসের সময়) 'আযল' করো। তবে তার তাকদীরে যা নির্দিষ্ট আছে তা অবশ্যই ঘটবে। কিছুদিন পর লোকটি পুনরায় এসে বললো, ক্রীতদাসীটি গর্ভবতী হয়েছে। এ কথা শুনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আমি তোমাকে আগেই বলেছি যে, তাকদীরে তার জন্য যা নির্দিষ্ট হয়ে আছে তা অবশ্যই ঘটবে।

মুয়াত্তা মালিক, অধ্যায় ২৯

রেওয়ায়ত ৯৯। হাজ্জাজ ইবন আমর (রা) বলেন, তিনি যায়দ ইবন সাবিত (রা)-এর নিকট বসা ছিলেন। ইতিমধ্যে ইয়ামানের বাসিন্দা ইবন ফাহদ তাহার নিকট আসিল এবং বলিল, হে আবূ সাঈদ, আমার নিকট কয়েকটি বন্দি নারী এমন রহিয়াছে যে, আমার স্ত্রীগণ উহাদের তুলনায় আমার নিকট বেশি পছন্দনীয় নহে। আমার দ্বারা উহাদের প্রত্যেকে অন্তঃসত্ত্বা হউক ইহা আমি পছন্দ করি না। তবে আমি আযল করিতে পারি কি? যায়দ বলিলেন, হে হাজ্জাজ; ফতোয়া বলিয়া দাও। হাজ্জাজ বলিলেনঃ তারপর আমি বলিলাম- উহা তোমার ইচ্ছা, তুমি উহাতে পানি সিঞ্চন কর অথবা উহাকে পিপাসিত ও শুষ্ক করিয়া রাখ। অতঃপর যায়দ(রা)- বলিলেন, হাজ্জাজ সত্য বলিয়াছে।

↥

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন) ২১৬৮। আবূ সাঈদ খুদরী (রা) বলেন, জনৈক মুসলিম রাসূলুল্লাহ সা এর খিদমতে উপস্থিত হয়ে আরয করে, হে আল্লাহ্‌র রাসূল! **আমার একটি দাসী আছে, আর আমি তার সাথে সহবাসের সময় 'আযল' করি। কেননা আমি এটা অপছন্দ করি যে, সে গর্ভবতী হোক এবং আমি তাকে বিক্রয় করতেও ইচ্ছা রাখি।**



আদাবুয যিফাফ বা বাসর রাতের আদর্শ ৫৭

আবূ সাঈদ খুদরী থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি আল্লাহর রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আগমন করল এবং বলল আমার এক দাসী আছে, আর আমি তার সাথে আযল করি, আর পুরুষ যা ইচ্ছা করে আমি তা করি, আর ইয়াহুদীরা ধারণা করে যে, ছোট জীবন্ত দাফনকৃত হল আযল। নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, ইয়াহুদীরা মিথ্যা বলেছে, ইয়াহুদীরা মিথ্যা বলেছে, আল্লাহ যদি কিছু সৃষ্টি করতে চান তাহলে তুমি তাকে তা হতে বাধা দিতে পারবে না।(২)

জাবির (রাঃ) থেকে বর্ণিত, নিশ্চয় এক ব্যক্তি রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট আসল এবং বলল, আমার এক দাসী আছে যে, আমাদের সেবিকা ও আমাদের খেজুর বাগানে পানি দেয়। আর আমি তার সঙ্গে সহবাস করি এবং সে গর্ভবতী হবে এটা আমি অপছন্দ করি। নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, (তুমি ইচ্ছা করলে তার সঙ্গে আযল কর। কেননা তার ভাগ্যে যা লেখা হয়েছে তা তার গর্ভে আসবে)। লোকটি কিছুকাল অবস্থান করল। অতঃপর নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসল এবং বলল, নিশ্চয় দাসীটি গর্ভধারণ করেছে। নাবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, (আমি অবশ্যই তোমাকে সংবাদ দিয়েছিলাম যে, সে অচিরেই গর্ভধারণ করবে যা তার ভাগ্যে আছে।)(৩)

২। নাসাঈ ইশরাতুন নিসা (৮১/১-২) পৃষ্ঠা, আবূ দাউদ (১/২৩৮ পৃষ্ঠা), ত্বহাবী আল-মুশকিল-এর (২/৩৭১ পৃষ্ঠা), তিরমিযী (২/১৯৩) পৃষ্ঠা, আহমাদ (৩/৩৩ ও ৫১ ও ৫৩) পৃষ্ঠা সহীহ সনদে।

আর আবূ হুরাইরা এর হাদীস থেকে তার প্রমাণ রয়েছে, যা আবূ ইয়ালা (২৮৪/১) পৃষ্ঠা এবং বায়হাকী (৭/২৩০) পৃষ্ঠা হাসান সানাদে বর্ণনা করেছেন।

৩। মুসলিম (৪/১৬০) পৃষ্ঠা, আবূ দাউদ (১/৩৩৯) পৃষ্ঠা, বায়হাকী (৭/২২৯) পৃষ্ঠা এবং আহমাদ (৩/৩১২/৩৮৬) পৃষ্ঠা।

কিতাবুল কারাহিয়াহ ৬২৫

সহবাসে দাসীর কোনো হক নেই।

- **অমুসলিম যুদ্ধবন্দী নারীদের মাসিক হলেই মুসলিমদের জন্য সহবাস বৈধ।**
- **মাসিক কোনো যুদ্ধবন্দী নারীর তার বন্দী হওয়ার দিনে বা পরদিনেও শেষ হতে পারে।**

তাই শোক পালনের জন্য তাদের সময় দেয়া হতো, এই নিকৃষ্ট দাবীটিরও সত্যতা প্রমাণ হয় না। বরঞ্চ প্রমাণ হয়- অমুসলিম কতৃক গর্ভজাত সন্তান যেন মুসলিমদের সন্তান বলে গণ্য না হয়, সেটি। অমুসলিম কতৃক গর্ভজাত সন্তান হলে সেই সন্তানটি দাস বলেই গণ্য হবে।]



আইসিস এর হাতে আটক অমুসলিম যুদ্ধবন্দিনী নারী বা গনিমতের মাল

মিশকাতুল মাসাবীহ (মিশকাত), পরিচ্ছেদঃ জরায়ু মুক্তকরণ

৩৩৩৮। আবূ সাঈদ খুদরী (রা) বলেন- নবী সা আওত্বাস যুদ্ধেলব্ধ বন্দীনীদের ব্যাপারে ঘোষণা করেন, গর্ভবতীর সাথে সন্তান প্রসব না পর্যন্ত এবং ঋতুবতীর সাথে ঋতুস্রাব শেষ না হওয়া পর্যন্ত কেউ যেন সহবাস না করে।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)। পরিচ্ছেদঃ জরায়ু মুক্তকরণ বা পবিত্রকরণ ।

৩৩৪১। ইবনু উমার (রা) বলেন, যে বাঁদীর সাথে সহবাস করা হয় ঐ বাঁদী দান, বিক্রয় করা হলে এক ঋতুস্রাব দ্বারা তার 'ইসতিবরা' (জরায়ুমুক্ত বা পবিত্রকরণ) করতে হবে। তবে **কুমারী- জরায়ুমুক্ত কিনা, তা নিস্প্রয়োজন**।


সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

পরিচ্ছেদঃ দাসীর ইসতিবরা

১২১২। আওযাঈ (র) হতে বর্ণিত, তিনি বলেন, আমি যুহরী (রা) কে জিজ্ঞাসা করলাম যে, একটি লোক একটি দাসী ক্রয় করলো **যে এখনো হায়েযে উপনীত হয়নি আর গর্ভধারণের মতো বয়সও তার হয়নি**। এমতাবস্থায় সেই লোকটি কতদিন তার থেকে সম্পর্কহীন থাকবে? তিনি বললেনঃ তিন মাস।

ফাতাওয়ায়ে আলমগীরী, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা ৬৩৯

করা। (গায়াতুল বয়ান) কোন নাবালিগ দাসীকে যদি সহবাসের পর তালাক দেওয়া হয়, তবে তার ইদ্দত দেড় মাস হবে। যদি ইদ্দত শেষ হওয়ার নিকটে পৌঁছে তার হায়িয এসে যায়, তবে তার ইদ্দত পরিবর্তিত হয়ে তা হায়িযের ইদ্দতে পরিণত হয়ে যাবে।



৬৩৮ আশরাফুল হিদায়া ✪ ৯ম খণ্ড

قَوْلُهُ وَفِي ذَوَاتِ الْأَشْهُرِ الخ : মুসান্নিফ (র.) বলেন, যেসব দাসী মাস গণনার মাধ্যমে ইদ্দত পালন করতে হয় অর্থাৎ বয়সের স্বল্পতার কারণে এখনো যাদের হায়েয শুরু হয়নি কিংবা অধিক বয়সের কারণে হায়েয বন্ধ হয়ে গেছে এমন দাসী যদি কারো অধিকারে আসে তাহলে সে দাসীর গর্ভাশয় পবিত্র বলে সাব্যস্ত হবে এক মাস অতিক্রান্ত হওয়ার দ্বারা। কেননা এসব মহিলার ক্ষেত্রে একমাসকে এক হায়েযের স্থলবর্তী এবং তিন মাসকে তিন হায়েযের স্থলবর্তী সাব্যস্ত করা হয়েছে।

সুনান ইবনু মাজাহ

পরিচ্ছেদঃ **উম্মু ওয়ালাদ (যে দাসীর গর্ভে মনিবের সন্তান জন্ম নেয়)** সম্পর্কে

২৫১৭। **জাবির ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী (সা) আমাদের মাঝে জীবিত থাকা অবস্থায় আমরা আমাদের যুদ্ধবন্দিনী ক্রীতদাসী ও উম্মু ওয়ালাদ বিক্রয় করতাম**। আমরা এটিকে দূষণীয় মনে করতাম না।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

৩৯৫৪। জাবির ইবনু আব্দুল্লাহ (রা) বলেন, **আমরা রাসূলুল্লাহ সা ও আবূ বাকরের যুগে উম্মু ওয়ালাদ দাসীদেরকে বিক্রি করেছি**।

কুরআন পাঠ করলে জানা যায়, কোনো মুসলিম পুরুষ অর্থ উপার্জনের জন্য দাসীদের দিয়ে জোর করে পতিতাবৃত্তি করাতে পারবে। "তোমাদের দাসীরা সতীত্ব রক্ষা করতে চাইলে তোমরা দুনিয়ার জীবনের সম্পদের কামনায় তাদেরকে ব্যভিচারে বাধ্য করো না। আর যারা তাদেরকে বাধ্য করবে, নিশ্চয় তাদেরকে বাধ্য করার পর আল্লাহ তাদের প্রতি অত্যন্ত ক্ষমাশীল পরম দয়ালু"। (সূরা নূর,আয়াত ৩৩)।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত), পরিচ্ছেদঃ সদকার মর্যাদা ।

১৮৯৮। আবূ যার (রা) বলেন, রসূলুল্লাহ সা বলেছেনঃ প্রত্যেক তাকবীর অর্থাৎ আল্লহু আকবার বলা সদকা, প্রত্যেক 'লা-ইলাহা ইল্লাল্লহ' বলা সদকা। নেককাজের নির্দেশ দেয়া, খারাপ কাজ থেকে ফিরিয়ে রাখা সদকা। নিজের স্ত্রী অথবা **দাসীর সাথে সহবাস করাও সদকা**। সাহাবীগণ আরয করলেন, হে আল্লাহর রসূল! আমাদের কেউ যদি নিজের কামভাব চরিতার্থ করে তাতেও কি সে সাওয়াব পাবে? উত্তরে রসূলুল্লাহ সা বললেনঃ হালাল উপায়ে স্ত্রী অথবা **দাসীর সাথে কামভাব চরিতার্থকারী সাওয়াব পাবে**। (মুসলিম)





সহীহ মুসলিম (ইফা)

৪৪২১। সালামা (রা) বলেন, আমরা ফাযারা গোত্রের সাথে যুদ্ধ করেছিলাম। আমাদের আমীর ছিলেন আবূ বকর (রা)। রাসুলুল্লাহ সা তাকে আমাদের আমীর নিযুক্ত করেছিলেন যখন আমাদের এবং ঐ গোত্রের পানির স্থানের মাঝে এক ঘণ্টা সময়ের ব্যবধান ছিল। **এরপর বিভিন্ন দিক দিয়ে অতর্কিত আক্রমণ চালালেন এবং পানি পর্যন্ত পৌছলেন। আর যাদের পেলেন হত্যা করলেন এবং বন্দী করলেন। আমি লোকদের একটি দলের দিকে দেখছিলাম যাদের মধ্যে শিশু ও নারী রয়েছে। তখন আমি তাদেরকে হাঁকিয়ে নিয়ে এলাম।** তাদের মাঝে চামড়ার পোশাক পরিহিত বনী ফযরার একজন মহিলাও ছিল এবং তার সঙ্গে ছিল তার এক কন্যা। সে ছিল সব চাইতে সুন্দরী কন্যা। আমি সকলকেই হাকিয়ে আবূ বকর (রা) এর কাছে নিকট এলাম। **আবূ বকর (রা) কন্যাটিকে আমাকে নফল হিসাবে প্রদান করলেন। এরপর আমি মদিনায় ফিরে এলাম। আমি তখনও তার বস্ত্র উন্মোচন করিনি। পরে বাজারে আমার সাথে রাসুলুল্লাহ সা এর সাক্ষাৎ হলে তিনি বললেনঃ হে সালামা! তুমি মহিলাটি আমাকে দিয়ে দাও। তখন আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ! তাকে আমার খুবই পছন্দ হয়েছে এবং এখনও আমি তার বস্ত্র উন্মোচন করিনি। পরের দিন আবারও বাজারে আমার সাথে রাসুলুল্লাহ সা এর সাক্ষাৎ হলো। তখন তিনি বললেনঃ হে সালামা! তুমি মহিলাটি আমাকে দিয়ে দাও। তখন আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ! সে আপনার জন্যই।** আল্লাহর কসম! আমি তার বস্ত্র উন্মোচন করিনি।

↥

সহীহ বুখারী (ইফা) পরিচ্ছেদঃ ১৩৮৬. ইসতিবরা অর্থাৎ জরায়ু গর্ভমুক্ত কি-না তা জানার পূর্বে বাঁদীকে নিয়ে সফর করা।

হাসান বসরী (র) তাকে চুম্বন করা বা তার সাথে মিলামিশা করায় কোন দোষ মনে করেননা। ইবন উমর (রা) বলেন, **সহবাসকৃত দাসীকে দান বা বিক্রি** করলে এক হায়য পর্যন্ত তার জরায়ু মুক্ত কি-না দেখতে হবে। **কুমারীর বেলায় তার প্রয়োজন নেই।** আতা (র) বলেন, **অপর কর্তৃক গর্ভবতী নিজ দাসীকে যৌনাঙ্গ ব্যতীত ভোগ করতে পারবে।** মহান আল্লাহ্ তা'আলার বাণীঃ নিজেদের স্ত্রী অথবা **অধিকারভুক্ত দাসী** ব্যতীত, এতে তারা নিন্দনীয় হবেনা.....(২৩:৬)।

সহীহ বুখারী (তাওহীদ) পরিচ্ছেদঃ ৬৭/২৫

আনাস (রাঃ) বলেন, সধবা স্বাধীনা-মহিলাদেরকে বিয়ে করা হারাম; কিন্তু **ক্রীতদাসীকে ব্যবহার করা হারাম নয়। যদি কোন ব্যক্তি বাঁদীকে তার স্বামী থেকে তালাক নিয়ে পরে ব্যবহার করে, তাহলে দোষ নেই।**

ইমাম শাফেয়ী বলেছেন, অংশীবাদী আরবীদের স্ত্রী ও পুত্র-কন্যাকে বন্দী করে ক্রীতদাস বানানো যাবে।

তাফসীরে মাযহারী/৩০০

ফাতাওয়ায়ে আলমগীরী, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, ২য় খণ্ড, পৃষ্ঠা ১৯৩

একজন ক্রীতদাসীর যদি দুইজন মালিক থাকে, এক মালিক যদি তাকে কারো সাথে বিবাহ দিয়ে দেয়, অন্য মালিক এসে সেই বিবাহ বাতিল করে দিতে পারবে-

১৪. মাসআলা ঃ দুই মুনীবের কোন একজন যদি দাসীকে কারো নিকট বিবাহ দেয় এবং স্বামী তার সাথে সহবাসও করে, তবে অপর মালিক তা ভঙ্গ করে দিতে পারবে।

সহীহ বুখারী (তাওহীদ) ২৬৩৫

পরিচ্ছেদঃ যদি কেউ বলে এই দাসীটি তোমার খিদমাতের জন্য দিলাম, এটি বৈধ।

মুয়াত্তা মালিক

রেওয়ায়ত ৭। আবদুল্লাহ ইবন আমির (রাঃ) একটি দাসীকে বসরাতে ক্রয় করিয়াছিলেন, তখন সেই দাসীর স্বামী বর্তমান ছিল। তিনি হাদিয়া স্বরূপ দাসীটিকে উসমান (রাঃ)-এর উদ্দেশ্যে প্রেরণ করিলেন; উসমান (রা) বলিলেনঃ উহার স্বামী উহাকে ত্যাগ না করা পর্যন্ত আমি ইহার কাছে সঙ্গম উদ্দেশ্যে গমন করিব না। অতঃপর আবদুল্লাহ ইবন আমির (রাঃ) তাহার স্বামীকে সম্মত করাইলেন, তার স্বামী তাকে ত্যাগ করিল।

তাফসীরে মাযহারী, নবম খণ্ড, পৃষ্ঠা ৫৪১

উল্লেখ্য, ক্রীতদাসী বিনিময় দোষের নয়।

ফিক্‌হে ওসমান রাদিয়াল্লাহু আনহু ১৮১

[৩.১] বাঁদীর সাথে সহবাস করলে হুরমতে মুসাহারাত (বৈবাহিক সম্পর্কের কারণে হারাম) প্রতিষ্ঠিত হয় না। যেমন আমরা ওপরে ইমাম শু'রানী সংকলিত রিওয়ায়েত উল্লেখ করেছি। যেখানে বলা হয়েছে, হযরত ওসমান (রা)-কে মা ও মেয়ে যদি একই মালিকের অধীনে বাঁদী হিসেবে থাকে এবং মালিক যদি উভয়ের সাথে সহবাস করে সে সম্পর্কে জিজ্ঞেস করা হলে হযরত ওসমান বলেছিলেন—তাদের দুজনকে হারাম করা আমি পছন্দ করি না।

↥

জন্মসূত্রে দাসদাসীঃ

মুয়াত্তা মালিক

রেওয়ায়ত ১। একজন একটি ক্রীতদাসী খরিদ করিয়াছে। অতঃপর উহার সহিত সঙ্গম করিয়াছে, ফলে দাসীটি অন্তঃসত্ত্বা হয় এবং সন্তান জন্মায়। ইমাম মালিক (র) বলেন, এমতাবস্থায় এই ক্রীতদাসীর গর্ভের সন্তান তাহার মতোই হইবে [অর্থাৎ উহার মতো মর্যাদা লাভ করিবে]। সে ক্রীতদাসী হিসেবে থাকিলে সন্তানেরাও ক্রীতদাস হইবে। আর তাকে আযাদ করা হইলে সন্তানেরাও আযাদ হইবে। যদি কোন ব্যক্তি অন্তঃসত্ত্বা ক্রীতদাসীকে খরিদ করে, তবে ক্রীতদাসী এবং উহার গর্ভে যাহা রহিয়াছে, তাহা ক্রেতারই হইবে। ক্রেতা উহার শর্ত করুক কিম্বা না করুক।

ফাতাওয়ায়ে আলমগীরী, ইসলামিক ফাউন্ডেশন, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা ৪৪

(যে দাসী থেকে সন্তান জন্মগ্রহণ করেছে তাকে উম্মে ওয়ালাদ বলে)। এর অর্থ সন্তানের মা) এর পুত্র সকলেই সমান। (কিফায়া) একজন আযাদ ব্যক্তি যত ইচ্ছা দাসী নিজের নিয়ন্ত্রণে রাখতে পারবে। এর সংখ্যা যত বেশী হোক তাতে কনো অসুবিধা নেই। গোলামের জন্য তার নিয়ন্ত্রণে কোন দাসী রাখা জায়েয নেই। মুনিব অনুমতি দিলেও তা জায়েয হবে না। (হাভী) একজন আযাদ পুরুষ চারজন আযাদ নারী এবং একাধিক দাসী

ফাতাওয়ায়ে আলমগীরী, ইসলামিক ফাউন্ডেশন, তৃতীয় খণ্ড, পৃষ্ঠা ১৩৭

বাঁদী উম্মে ওয়ালাদ হওয়ার বিবরণ

পারিশ্রমিকের বিনিময়ে শ্রমে নিযুক্ত করা, তার থেকে খিদমত নেওয়া, তাকে উপার্জনে লাগানো, বিনিয়োগ করা, উপভোগ করা এবং তার সাথে সহবাস করা ইত্যাদি। পারিশ্রমিক, আয়-উপার্জন, মোহর ইত্যাদির হকদার মনিব হবে।

আল হিদায়া, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, দ্বিতীয় খণ্ড, পৃষ্ঠা ২৯৫

ইমাম কুদূরী বলেন, মানব তাকে সম্ভোগ করতে পারবে, তার খিদমত করতে পারবে, পরিশ্রমের বিনিময়ে শ্রমে নিযুক্ত করতে পারবে এবং বিবাহদান করতে পারবে।

কেননা তার মাঝে তার মালিকানা বিদ্যমান রয়েছে। সুতরাং সে মুদাব্বার দাসীর সদৃশ হয়ে গেলো।

মনিবের স্বীকৃতি ছাড়া তার সাথে দাসীর সন্তানটির বংশ সাব্যস্ত হবে না।

আমাদের দলীল এই যে, দাসীর সাথে সহবাসের উদ্দেশ্য সন্তান উৎপাদন নয়, বরং যৌন চাহিদা পূরণ। কেননা সন্তান উৎপাদনের প্রতিবন্ধক বিদ্যমান রয়েছে। (আর তা হলো দাসীর অর্থমূল্য রহিত হওয়া কিংবা হ্রাস পাওয়া) সুতরাং মনিবের পক্ষ থেকে দাবী আবশ্যক

কেননা উম্মে ওয়ালাদের 'শয্যা সম্পর্ক' দুর্বল, এ কারণেই মনিব অন্যত্র বিবাহদানের মাধ্যমে তার শয্যা হস্তান্তর করতে পারে।

অধ্যায় ঃ দাসীর উম্মে ওয়ালাদ হওয়া

আর মনিব যদি তাকে বিবাহ দেয় এবং সে সন্তান প্রসব করে তাহলে সে সন্তান তার মায়ের অনুবর্তী হবে।

কেননা স্বাধীনতার অধিকার সন্তানের মাঝেও সংক্রমিত হয়। যেমন, মোদাব্বার ঘোষণার ক্ষেত্রে। এ কারণেই তো স্বাধীন স্ত্রীর সন্তান স্বাধীন হয় এবং দাসীর সন্তান দাস হয়।

↥

যদি আপন পুত্রের দাসীর সাথে সহবাস করে, অতঃপর দাসী সন্তান প্রসব করে আর সহবাসকারী সন্তানটির পিতৃত্ব দাবী করে, তাহলে তার সাথে সন্তানটির বংশ সম্পর্ক সাব্যস্ত হবে। আর সে সহবাসকারীর উম্মে ওয়ালাদ হয়ে যাবে এবং তার উপর দাসীটির মূল্য ওয়াজিব হবে। তবে দাসীর মাহর এবং দাসীর সন্তানের মূল্য তার উপর সাব্যস্ত হবে না।

পিতার পিতা (দাদা) যদি বান্দীর সাথে পিতার বর্তমানে সহবাস করে তাহলে তার সঙ্গে বংশ সাব্যস্ত হবে না।

আর দাসী যদি দুইজনের শরীকানাধীন হয় আর সে সন্তান প্রসব করে এবং দু'জনের একজন পিতৃ সন্তানটির পিতৃত্ব দাবী করে তাহলে তার থেকে বংশ সম্পর্ক সাব্যস্ত হবে।

আর এ দাসী তার উম্মে ওয়ালাদ হবে।

কেননা সাহেবায়নের মতে উম্মে ওয়ালাদ হওয়া বিভাজিত হয় না।

আর ইমাম আবূ হানীফা (র) এর মতে দাবীকারীর অংশটি উম্মে ওয়ালাদ হয়ে যাবে। অতঃপর শরীকদারের অংশটির সে মালিক হয়ে যাবে। কেননা সেটা মালিকানার উপযুক্ত। আর দাবীকারী দাসীর অর্ধেক মাহরের জন্য দায়ী হবে। কেননা সে শরীকানাভুক্ত দাসীর সাথে সহবাস করেছে। ফলে সন্তান উৎপাদনের অনিবার্য হুকুম রূপে মালিকানা সাব্যস্ত হবে। এবং সহবাসের পর বর্তাবে। অপর শরীকদারের অংশের মধ্যে মালিকানা সাব্যস্ত হবে।

পক্ষান্তরে পিতা যদি তার পুত্রের দাসীর গর্ভে সন্তান উৎপাদন করে তাহলে বিষয়টি ভিন্ন হবে। কেননা, সেখানে সন্তান উৎপাদনের অনিবার্য শর্তরূপে মালিকানা সাব্যস্ত হয়। সুতরাং মালিকানা সন্তান উৎপাদন থেকে অগ্রবর্তী হবে। এভাবে পিতা নিজস্ব মালিকানায় সহবাসকারী হবে।

আর দাবীকারী দাসীর সন্তানের মূল্যের যামীন হবে না।

কেননা গর্ভসঞ্চারের সময়ের সাথে সম্পৃক্ত অবস্থায় সন্তানের বংশ সম্পর্ক দাবীকারী থেকে সাব্যস্ত হবে। সুতরাং সন্তানের গর্ভসঞ্চার কোন ভাবেই শরীকদারের মালিকানায় সম্পন্ন হয়নি। আর উভয়ে একসাথে যদি সন্তানের দাবী করে তাহলে উভয়ের সাথেই বংশ সম্পর্ক সাব্যস্ত হবে।

অর্থাৎ দাসী যদি উভয়ের মালিকানায় গর্ভবতী হয়।

ইমাম শাফেয়ী (র) বলেন, পিতৃ সম্পর্ক নির্ধারণে অভিজ্ঞ ব্যক্তিদের মতামতের শরণাপন্ন হতে হবে। কেননা আমরা যেহেতু নিশ্চিত জানি যে, দুই বীর্য দ্বারা সন্তানের সৃষ্টি হয় না। সেহেতু দুই ব্যক্তি থেকে বংশ সম্পর্ক সাব্যস্ত হওয়া সম্ভব নয়। সুতরাং আমরা সাদৃশ্যের ভিত্তিতে সিদ্ধান্ত নিবো। এ ঘটনা সত্য যে, উসামা (রা) এর পিতৃ সম্পর্ক নির্ধারণে অভিজ্ঞ ব্যক্তির মন্তব্যে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনন্দিত হয়েছিলেন।

কারণ এই যে, কাফিররা হযরত উসমান (রা)-এর বংশ সম্পর্কে অভিযোগ করতো। পিতৃ সম্পর্ক নির্ধারণে অভিজ্ঞ ব্যক্তির মন্তব্য ছিলো তাদের অভিযোগ খন্ডনকারী, তাই তিনি তার মন্তব্যে আনন্দিত হয়েছিলেন।

আমাদের দলীল হলো, এই ধরণের ঘটনায় কাযী শোরাইহের উদ্দেশ্যে লিখিত হযরত ওমর (রা) এর ফরমান। (তিনি বলেছেন) এরা দু'জন বিষয়টিকে ঘুলিয়ে ফেলেছে। তাই তুমিও উভয়ের ব্যাপারে বিষয়টিকে ঘুলিয়ে দাও। তারা যদি বিষয়টাকে পরিষ্কার করতো তাহলে তাদের জন্যও তা পরিষ্কার করে দেয়া হতো। সে উভয়ের পুত্র হবে এবং উভয়ের ওয়ারিছ হবে। আর উভয়ে তার ওয়ারিছ হবে। পরবর্তীতে দু'জনের যে জীবদ্দশায় থাকবে, সে তারই পুত্র হবে,

لبسا فلبس عليهما ولو بينا لبين لها وهو ابنهما يرثهما ويرثانه وهو للباقي منهما -

এ সিদ্ধান্ত ছাহাবা কেরামের উপস্থিতিতে হয়েছিলো। হযরত আলী (রা) থেকেও এরূপ সিদ্ধান্ত বর্ণিত আছে।

Free @www.e-iqra.net

যদি দুই শরীকের একজন অপরজনের পিতা হয় তাহলে পিতা অগ্রাধিকার লাভ করবে আর পিতার পক্ষে অগ্রাধিকারের কারণ রূপে পুত্রের অংশের পিতার স্বীকৃত অধিকার বিদ্যমান রয়েছে।

আর দাসীটি উভয়ের উম্মে ওয়ালাদ হবে। কেননা সন্তানের নিজ নিজ অংশে উভয় শরীকদারের দাবী সঠিক। সুতরাং প্রত্যেকের শরীকানাভুক্ত দাসীর অংশটি তার সন্তানের অনুবর্তী হিসাবে তার উম্মে ওয়ালাদ হয়ে যাবে।

৩৪. মাসআলা ঃ বাঁদী যদি কোন ব্যক্তি ও তার ছেলে এবং তার দাদার শরীকানাধীন হয় এবং সে একটি সন্তান প্রসব করে। আর তাদের প্রত্যেকেই উক্ত সন্তানের দাবীদার হয় তাহলে দাদার দাবী উত্তম হবে (যহীবিয়্যা)। যদি পুত্র এবং পিতার শরীকানাধীন হয় এবং তারা দু'জনে একই সাথে সন্তানের দাবী করে তাহলে এক্ষেত্রে সূক্ষ্ম কিয়াস অনুযায়ী পিতার দাবী উত্তম হবে। সে বাঁদীর অর্ধেক মূল্য এবং অর্ধেক মোহরের জন্য দায়বদ্ধ হবে। পুত্র শুধু অর্ধেক মোহরের যামিন হবে। অতএব তারা দু'জনে আপোষ ভাগাভাগি করে নিবে


২১. মাসআলা ঃ কেউ যদি নিজ পিতা কর্তৃক সহবাসকৃত বাঁদীকে উম্মে ওয়ালাদ বানায় তাহলে সন্তানের নসব তার থেকেই সাব্যস্ত হবে (কিনয়াহ)।

পিতা যদি নিজ পুত্রের বাঁদীর সাথে যৌন সংগম করে, তারপর বাঁদী একটি সন্তান প্রসব করল এবং পিতা সে সন্তানের দাবী করল, তাহলে সন্তানের নসব তার থেকেই সাব্যস্ত হবে। এবং উক্ত বাদী তার উম্মে ওয়ালাদ হয়ে যাবে। পুত্র তাকে সত্যায়িত করুক বা মিথ্যা প্রতিপন্ন করুক এবং পিতা সন্দেহবসত যৌন সঙ্গম ঘটার দাবী করুক বা চাই না করুক তাতে কোন পার্থক্য হবে না

[২.২] মুদাব্বার ঃ এমন গোলাম বা বাঁদীকে মুদাব্বার বলা হয় যার মুক্তি মনিবের মৃত্যু পর্যন্ত ঝুলিয়ে রাখা হয়। যেমন, মনিব বললেন—'আমার মৃত্যুর পর তুমি মুক্ত হয়ে যাবে।' এ ধরনের গোলাম বাঁদী মনিবের মৃত্যুর সাথে সাথে মুক্ত বলে গণ্য হয়।

যদি মুদাব্বার বিবাহিত বাঁদী হয় এবং তাকে মুদাব্বার ঘোষণার পূর্বে তার সন্তানাদি থাকে তারা মালিকের গোলাম বাঁদী হিসেবেই গণ্য হবে। তবে মুদাব্বার ঘোষণার পর যদি ঐ বাঁদীর সন্তানাদি হয় তারাও তার সাথে মুক্ত হয়ে যাবে। আবদুর রহমান ইবনু ইয়াকুব যিনি বানু যুহাইনা গোত্রের এক শাখা বানু হিরকার মুক্ত ক্রীতদাস ছিলেন—বর্ণনা করেন, আমার দাদীর মনিব তার এক গোলামের সাথে আমার দাদীকে বিয়ে দেন। অতপর তাকে মুদাব্বার ঘোষণা করেন। মুদাব্বার ঘোষণার পর তার গর্ভে এক সন্তান জন্মগ্রহণ করেন। তার কিছুদিন পর আমার দাদীর মনিব ইন্তিকাল করেন। যার ফলে তিনি মুক্ত হয়ে যান। তিনি মুক্ত হয়ে তার সন্তানকে মুক্ত ঘোষণা করার দাবীতে হযরত ওসমান (রা)-এর দরবারে মামলা দায়ের করেন। এ মামলার রায়ে হযরত ওসমান (রা) ঘোষণা করেন—'যে সন্তান তাকে মুদাব্বার ঘোষণা করার পূর্বে জন্মগ্রহণ করেছে তারা গোলাম বাঁদী হিসেবেই পরিচিত হবে। আর মুদাব্বার ঘোষণার পর যে সন্তান জন্মগ্রহণ করেছে সে মায়ের সাথে সাথে মুক্ত হয়ে যাবে।'[৫]

৫. সুনানু বাইহাকী, ১০ম খণ্ড, পৃ–৩১৫ ;



নাসরুল বারী (বাংলা - ৮ম খণ্ড) ৪১১

আক্রমণের নির্দেশ দেন। প্রচণ্ড যুদ্ধ শুরু হলে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক মুষ্টি মাটি নিয়ে কাফিরদের দিকে নিক্ষেপ করেন, আর বলেন, "شَاهَتِ الْوُجُوهُ" - 'মন্দ হোক এসব চেহারা'। মুসলিম শরীফের এক রেওয়ায়াতে আছে, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক মুষ্টি মাটি নিক্ষেপের পর বলেছেন- اِنْهَزَمُوا وَرَبِّ مُحَمَّدٍ। 'শপথ মুহাম্মদের প্রভুর! তারা পরাস্ত হয়েছে।'

এমন কোন লোক বাকি ছিল না যাদের চোখে এ মাটির মুষ্টি থেকে ধূলো পৌঁছেনি। তৎক্ষণাৎ যুদ্ধের রং পাল্টে যায়। শত্রুদের পা উপড়ে যায়, তারা রণক্ষেত্র ছেড়ে পালিয়ে যায়। দুশমনদের ৭০ জন নিহত হয়। বহু গ্রেফতার হয়। অগণিত গনিমতের সম্পদ মুসলমানদের হস্তগত হয়।

৬ হাজার মহিলা ও শিশু বন্দী। ২৪ হাজার উট, ৪০ হাজার বকরী, ৪ হাজার উকিয়া রূপা। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নির্দেশ দেন যেন সমস্ত গনিমতের সম্পদ জি'রানায় জমা করা হয় এবং স্বয়ং তিনি তায়েফে তাশরীফ নেন।

এর বিবরণ "بَابُ غَزْوَةِ طَائِفَ" এ ইনশাআল্লাহ আসবে।

٣٩٨٠. حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللهِ بْنِ نُمَيْرٍ قَالَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ اَخْبَرَنَا اِسْمَاعِيلُ قَالَ رَاَيْتُ بِيَدِ عَبْدِ اللهِ ابْنِ اَبِي اَوْفَى ضَرْبَةً قَالَ ضَرَبْتُهَا مَعَ النَّبِيِّ ﷺ يَوْمَ حُنَيْنٍ قُلْتُ شَهِدْتُ حُنَيْنًا؟ قَالَ قَبْلَ ذٰلِكَ.

৩৯৮০/৩২২. মুহাম্মদ ইবনে আবদুল্লাহ ইবনে নুমাইর র. ..... হযরত ইসমাঈল (ইবনে আবূ খালিদ) র.

আরো পড়ুনঃ

- **ইসলামে অমানবিক দাসপ্রথা** (must read)
- ইসলাম, গনিমতের মাল এবং আমাদের মানবতা
- ইসলামে দাসীদের সাথে আচরণ প্রসঙ্গে
- অসহায় নিরপরাধ যুদ্ধবন্দী নারী ও দাসী ধর্ষণের বৈধতা

দাসী প্রসঙ্গে মডারেট মুমিনদের মিথ্যাচারের মুখোশ উন্মোচনঃ

- 2 অপপ্রচারঃ দাসীভোগ বাধ্যতামূলক নয়
- 3 জবাবঃ তবে হালাল, সুন্নত ও সদকাহ?
- 4 অপপ্রচারঃ পূর্বযুগ থেকেই প্রচলিত ছিল
- 5 জবাবঃ জাহিলিয়্যাতের সকল কুপ্রথা বাতিল
- 6 জবাবঃ নবী ও সাহাবীদের আচরণ
- 7 অপপ্রচারঃ এ বিধান শুধু মালিকের জন্য
- 8 জবাবঃ তবে কাজ শেষে বিক্রি করা হালাল
- 9 অপপ্রচারঃ দাসীদের যৌন চাহিদা আছে!
- 10 জবাবঃ দাসদের যৌন চাহিদা নেই?
- 11 অপপ্রচারঃ মেয়েরা স্বেচ্ছায় দাসী হতো!
- 12 জবাবঃ তাদের বন্দী করে আনা হতো!
- 13 অপপ্রচারঃ ইসলাম দাসপ্রথা পর্যায়ক্রমে নিষিদ্ধ করেছে
- 14 জবাবঃ নিষিদ্ধ করার কিছু নমুনা
- 15 অপপ্রচারঃ অন্যরাও মুসলিমদের মেয়েদের ধর্ষণ করতো
- 16 জবাবঃ ইসলামই গনিমতের মাল ভোগ শুরু করে
- 17 অপপ্রচারঃ অসহায় নারীদের আশ্রয় দেয়াই ছিল উদ্দেশ্য!
- 18 জবাবঃ আশ্রয়ের নামে ধর্ষণ?
- 19 অপপ্রচারঃ যুদ্ধবন্দী দাসী স্ত্রীর সমপর্যায়ের!
- 20 জবাবঃ একজন মুমিন কতজন দাসী রাখতে পারে?
- 21 অপপ্রচারঃ বন্দীদের সাথে সম্পর্ক স্থাপনের জন্য?
- 22 জবাবঃ কিসের সম্পর্ক স্থাপন?
- 23 অপপ্রচারঃ মুসলিম দাসদাসীও ছিল!
- 24 জবাবঃ জোরপূর্বক ধর্মান্তকরণ!
- 25 অপপ্রচারঃ দাসীদের ছেড়ে দিলে তারা পতিতা হতো
- 26 জবাবঃ তাহলে বন্দী করে আনা হতো কেন?
- 27 অপপ্রচারঃ দাসীর সন্তান মনিবের সন্তানের মর্যাদা পায়
- 28 জবাবঃ সংখ্যা বৃদ্ধিই ছিল উদ্দেশ্য
- 29 অপপ্রচারঃ ইসলাম ইদ্দত পর্যন্ত অপেক্ষা করতে বলে
- 30 জবাবঃ অপেক্ষা করলে ধর্ষণ হালাল হয়?
- 31 অপপ্রচারঃ ইসলামে আহবানের জন্যে
- 32 জবাবঃ আহবানের জন্য ধর্ষণ?
- 33 মিথ্যাচারঃ ইসলামিস্ট সাইটগুলোর আরো মিথ্যাচার
- 34 জবাবঃ উদ্দেশ্য ছিল কাফের নারী ভোগ
- 35 মিথ্যাচারঃ অন্যরা করতো তাই ইসলামও করে
- 36 জবাবঃ ইসলামে অতর্কিত আক্রমণ বৈধ

↥

যুদ্ধবন্দী নারী ভোগ করতে কিন্তু বিয়ে করতে অনুৎসাহিত করা হয়েছে

ফিকাহুস সুন্নাহ, ২য় খণ্ড, শতাব্দী প্রকাশনী, পৃষ্ঠা ৮৪, ৮৫

"দাসী বিয়ে করার চেয়ে ধৈর্যধারণ করে অবিবাহিত থাকা উত্তম। কেননা দাসী বিয়ে করলে তার গর্ভজাত সন্তানও দাস হিসেবে জন্ম নেবে। এ ধরনের বদান্যতার চেয়ে আত্মসংযম ও মহৎ চরিত্র নিয়ে ধৈর্যধারণ করা উত্তম। উমর রা. বলেছেন : কোনো স্বাধীন ব্যক্তি কোনো দাসীকে বিয়ে করলে তার অর্ধেক অর্থাৎ তার সন্তান পরাধীন দাসে পরিণত হয়। দাহহাক বিন মুযাহিম বলেছেন : আনাস বিন মালেক রা. কে বলতে শুনেছি, রসূল সা. বলেছেন : যে ব্যক্তি পবিত্র ও পবিত্রকৃত অবস্থায় আল্লাহর সাথে সাক্ষাৎ করতে চায়, তার স্বাধীন নারীদেরকে বিয়ে করা উচিত। - (ইবনে মাজাহ)।

তাফসীরে মা'আরেফুল কুরআন

সূরা আন্-নিসা ৩৫১

হযরত ইমাম আবূ হানীফা (র)-র মাযহাব তাই। তিনি বলেন ঃ স্বাধীন নারীকে বিয়ে করার সামর্থ্য থাকা সত্ত্বেও দাসীকে অথবা ইহুদী-খৃস্টান দাসীকে বিয়ে করা মকরূহ।

৭১৬ আয়িশা (রা) বলেন, তখন আমি হাফসা (রা)-কে বললাম, তুমি তাঁকে বল যে, আবূ বকর (রা) যখন দাঁড়াবেন, তখন কান্নার কারণে সাহাবীগণকে কিছুই শুনাতে পারবেন না। কাজেই উমার (রা)-কে বলুন তিনি যেন সাহাবীগণকে নিয়ে সালাত আদায় করেন। হাফসা (রা) তাই করলেন। তখন রাসূল সা বললেনঃ থামো! তোমরা ইউসুফের সাথী মহিলাদেরই মতো। আবূ বকরকে বল, সে যেন লোকদের নিয়ে সালাত আদায় করে। এতে হাফসা (রা)- আয়িশা (রা)কে বললেন, তোমার কাছ হতে আমি কখনো ভাল কিছু পাইনি।

৩০৪ রাসূলুল্লাহ্ সা বলেন- হে মহিলা সমাজ! জাহান্নামের অধিবাসীদের মধ্যে তোমরাই অধিক। আর তোমাদের বুদ্ধির ত্রুটি রয়েছে । **তারা বললেনঃ আমাদের দ্বীন ও বুদ্ধির ত্রুটি কোথায়**, হে আল্লাহ্‌র রাসূল? **তিনি বললেনঃ একজন মহিলার সাক্ষ্য কি একজন পুরুষের সাক্ষ্যের অর্ধেক নয়? তারা উত্তর দিলেন, 'হ্যাঁ'। তখন তিনি বললেনঃ এ হচ্ছে তোমাদের বুদ্ধির ত্রুটির প্রমাণ।**

৩৪১১ রাসূল সা বলেছেন, **পুরুষের মধ্যে অনেকেই পূর্ণতা অর্জন করেছেন**। কিন্তু **মহিলাদের মধ্যে ফিরআউনের স্ত্রী আসিয়া এবং ইমরানের কন্যা মারইয়াম ব্যতীত আর কেউ পূর্ণতা অর্জনে সক্ষম হয়নি**।

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)

১০২৬। রাসূলুল্লাহ সা বলেছেনঃ সালাত আদায়কারীর সামনে দিয়ে নারী, গাধা এবং কুকুরের চলাচল সালাত নষ্ট করে দেয়।

২৮৫৮ নবী সা বলেছেন- তিনটি জিনিসে অকল্যাণ আছেঃ ঘোড়ায়, নারীতে ও বাড়িতে।

২৮৫৯ নবী সা বলেছেন- যদি কোন কিছুতে অকল্যাণ থেকে থাকে, তবে তা আছে নারী, ঘোড়া ও বাড়িতে।

৫০৯৫ উমার (রা) বলেন, রাসূলুল্লাহ্ সা এর নিকট লোকেরা অশুভ সম্পর্কে আলোচনা করলে তিনি বলেন, **কোন কিছুর মধ্যে যদি অশুভ থাকে**, তা হলোঃ স্ত্রীলোক এবং ঘোড়া।

৫০৯৩ রাসূলুল্লাহ্ সা বলেছেনঃ স্ত্রী, বাড়িঘর এবং ঘোড়ায় অশুভ আছে।

১৪৬৩ আবূ হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নাবী সা বলেছেনঃ মুসলিমের উপর তার **ঘোড়া ও গোলামের কোন যাকাত নেই**।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

২১৬০। নবী সা বলেছেনঃ **যখন তোমাদের কেউ কোনো নারীকে বিয়ে করে অথবা কোনো দাসী ক্রয় করে তখন সে তার কপালের চুল ধরে বলবেঃ** "হে আল্লাহ! আমি আপনার কাছে এর মধ্যকার কল্যাণ এবং এর মাধ্যমে কল্যাণ চাই এবং তার মধ্যে নিহিত অকল্যাণ ও তার মাধ্যমে অকল্যাণ থেকে আপনার নিকট আশ্রয় চাই।" **আর যখন কোনো উট কিনবে তখন যেন সেটির কুঁজের উপরিভাগ ধরে অনুরূপ দু'আ করে**।

৩৭৮১ যখন নবী সা এর সাহাবীরা মক্কা থেকে হিজরত করে মদিনায় আগমন করলেন, তখন রাসূলুল্লাহ্ সা আবদুর রাহমান ইবনু আউফ ও সাদ (রা) এর মধ্যে ভ্রাতৃত্ব বন্ধন স্থাপন করে দিলেন। তখন সাদ (রা) আবদুর রাহমান (রা) কে বললেন, আপনি আমার সম্পদকে দুভাগ করে নিন। আমার দুজন স্ত্রী রয়েছে, আপনার যাকে পছন্দ হয় বলুন, আমি তাকে তালাক দিয়ে দিব। ইদ্দত শেষে(তিন মাস অপেক্ষা করে সে গর্ভবতী কি না যাচাই করে) আপনি তাকে বিয়ে করে নিবেন। অতঃপর তিনি বিয়ে করে নিলেন।

৫৩৪৫ উম্মু হাবীবাহ (রা) এর কাছে তার পিতার মৃত্যু সংবাদ পৌঁছল। তিনি বলেন: আমি নবী সা কে বলতে শুনেছিঃ আল্লাহ ও পরকালে বিশ্বাসী কোন নারীর জন্য কারো মৃত্যুতে তিন দিনের অধিক শোক পালন করা হালাল নয়/ জায়িয নয়। তবে স্বামীর মৃত্যুতে চার মাস দশ দিন শোক পালন **করতে হবে**। (বুখারী ইফা ১২০৭, সুনান আদ-দারেমী ২৩২৫)

৫৩৪১ উম্মু আতিয়্যাহ (রা) হতে বর্ণিত। তিনি বলেন, কারো(স্বামী বাদে বাবা/মা/ভাই/বোন/সন্তান/যেকারো) মৃত্যুতে তিন দিনের বেশী শোক পালন করা হতে আমাদেরকে নিষেধ করা হত। তবে আদেশ ছিলো স্বামী মারা গেলে চার মাস দশ দিন শোক পালন করতে হবে এবং আমরা যেন সুরমা, সুগন্ধি ব্যবহার না করি আর রঙিন কাপড় যেন না পরি।

৫৩৩৬,৫৩৩৮,৫৭০৬ **পরিচ্ছেদ: বিধবা/যার স্বামী মারা গেছে মহিলা চার মাস দশ দিন শোক পালন করতে হবে।**

এক নারী রাসূলুল্লাহ সা এর কাছে এসে বললঃ হে আল্লাহর রাসূল! আমার মেয়ের স্বামী মারা গেছে। তার চোখে অসুখ এবং তার চোখ সংকটাপন্ন বলে জানাল। তার চোখে কি সুরমা লাগাতে পারবে উপশমের জন্য? তখন রাসূলুল্লাহ সা দুবার বললেন, না। তিনি আরও বললেনঃ এতো মাত্র চার মাস দশ দিনের ব্যাপার। চার মাস দশ দিন পার না হওয়া পর্যন্ত সুরমা ব্যবহার করতে পারবে না।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

৩৩৩৪। উম্মু সালামা (রা) বলেন, নবী সা বলেছেনঃ যে রমণীর স্বামী মারা গেছে, সে ৮ মাস ১০ দিন(বাধ্যতামূলক শোকপালন) লাল বা হলুদ রংয়ের কাপড় এবং গেরুয়া রঙের কাপড় পরবে না, **অলঙ্কার পরবে না, চুলে বা হাতে মেহেদী লাগাবে না** এবং চোখে সুরমা লাগাবে না। (আবূ দাউদ, নাসায়ী)

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)
নবী সা বলেছেন, কোন নারী স্বামী ব্যতীত অন্য কারো মৃত্যুতে তিন দিনের অধিক শোক প্রকাশ করবে না। অবশ্য স্বামীর মৃত্যুতে ৪ মাস ১০ দিন শোক পালন করবে। আর এ সময় **কোন রঙিন কাপড় পরিধান করবে না**, সাদা কাপড় ছাড়া। আর সুরমা ব্যবহার করবে না এবং কোনরূপ সুগন্ধি দ্রব্য ব্যবহার করবে না।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)
৩৬৩২। উম্মু আতিয়্যা (রা) বলেন, রসূলুল্লাহ সা বলেছেনঃ কোন মহিলা তার কোন মৃতের জন্য ৩ দিনের বেশি শোক পালন করবে না। তবে তার স্বামীর মৃত্যুতে ৪ মাস ১০ দিন পর্যন্ত শোক পালন করবে। এ সময় সীমায় (ইদ্দাতের মেয়াদকালে) সে রঙিন কাপড় চোপড় পরিধান করবে না। তবে কালো রঙে রঞ্জিত চাঁদর পরিধান করতে পারবে। সে চোখে সুরমা লাগাবে না এবং (নিজ ঘরের মধ্যেও শরীরে) কোন সুগন্ধি ব্যবহার করবে না।

কুরআন 2:234
আর তোমাদের মধ্য থেকে যারা মারা যাবে এবং স্ত্রীদেরকে রেখে যাবে, তাদের স্ত্রীগণ চার মাস দশ দিন অপেক্ষায় থাকবে। সহবাসের পূর্বেই স্বামী যদি নারীকে তালাক দিয়ে দেয় তবে সেই তালাকপ্রাপ্তা নারী যদি অন্য পুরুষকে বিবাহ করতে চায়, তাহলে সাথে সাথে বিবাহ করতে পারবে। **কিন্তু যদি সঙ্গমের পূর্বে স্বামীর মৃত্যু হয়, তবে তাকে চার মাস দশ দিন ইদ্দত পালন(অপেক্ষা) করতেই হবে।** (তাফসীর ইবনে কাসীর, ফাতহুল ক্বাদীর)

৫২০৫ এক আনসারী মহিলা তার মেয়েকে বিয়ে দিলেন। কিন্তু তার মাথার চুলগুলো উঠে যেতে লাগল। এরপর সে নবী সা এর কাছে এসে এ ঘটনা বর্ণনা করে বলল, তার স্বামী আমাকে বলেছে আমি যেন আমার মেয়ের মাথায় কৃত্রিম চুল পরিধান করাই। তখন নবী সা বললেন, না তা করো না, কারণ আল্লাহ্ তাআলা এ ধরনের মহিলাদের ওপর লা'নত বর্ষণ করেন, যারা মাথায় কৃত্রিম চুল পরিধান করে।

৫৯৩৪ এক আনসারী নারী বিয়ে করে। এরপর সে রোগে আক্রান্ত হয়। ফলে তার সব চুল পড়ে যায়। লোকজন তাকে পরচুলা লাগিয়ে দিতে ইচ্ছে করে। তারা নবী সা এর কাছে এ সম্পর্কে জিজ্ঞেস করল। তিনি বললেনঃ আল্লাহ লানত করেছেন ঐসব নারীকে যারা নিজেরা পরচুলা লাগায় এবং যারা অন্যদেরকে তা লাগিয়ে দেয়।

৫০৬৯ ইবনু যুবায়র (র) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনে আব্বাস (রা) আমাকে বললেন, তুমি কি বিয়ে করেছ? আমি বললাম, না। তিনি বললেন, বিয়ে কর। কারণ, **এই উম্মাতের সর্বশ্রেষ্ঠ ব্যক্তির অধিক সংখ্যক স্ত্রী ছিল**।

২০৯৭ জাবির ইবনু আবদুল্লাহ (রা) বলেন, এক যুদ্ধে আমি নবী সা এর সঙ্গে ছিলাম। আমার উটটি অত্যন্ত ধীরে চলছিল বরং চলতে অক্ষম হয়ে পড়েছিল। এমতাবস্থায় নবী সা জিজ্ঞেস করলেন, তোমার অবস্থা কী? আমি বললাম, আমার উট আমাকে নিয়ে অত্যন্ত ধীরে চলছে এবং অক্ষম হয়ে পড়ছে। ফলে আমি পিছনে পড়ে গেছি। তখন তিনি নেমে চাবুক দিয়ে উটটিকে আঘাত করতে লাগলেন। তারপর বললেন, এবার আরোহণ কর।
তিনি জিজ্ঞেস করলেন, তুমি কি বিবাহ করেছ? আমি বললাম, হ্যাঁ। তিনি বললেন, কুমারী না বিবাহিতা? আমি বললাম, বিবাহিতা। তিনি বললেন, **কুমারী তরুণী বিবাহ করলে না কেন?** তুমি তার সাথে হাসি-তামাসা এবং সে তোমার সাথে পূর্ণভাবে হাঁসি-তামাসা করত। আমি বললাম, আমার কয়েকটি বোন রয়েছে, ফলে আমি এমন এক মহিলাকে বিবাহ করতে পছন্দ করলাম, যে তাদেরকে মিল-মহববতে রাখতে, তাদের পরিচর্যা করতে সক্ষম হয়।

৫০৮০ জাবির ইবনু আবদুল্লাহ (রা) বলেন,
আমি বিয়ে করলে রাসূলুল্লাহ্ সা আমাকে জিজ্ঞেস করলেন, তুমি কেমন মেয়ে বিয়ে করেছ? আমি বললাম, পূর্ববিবাহিতা মেয়েকে বিয়ে করেছি। তিনি বললেন, "তুমি কেন কুমারী মেয়েকে বিয়ে করলে না ? Why don't you have a liking for the virgins and for fondling(কামক্রীড়া) them?" [fondling girl meaning- **touching** her **erotically/in a sexual way**]

২৬৫৮ নবী সা বলেন, **নারীদের সাক্ষ্য কি পুরুষদের সাক্ষ্যের অর্ধেক নয়? উপস্থিত সাহাবীরা বলল, অবশ্যই অর্ধেক। তিনি বলেন, এটা নারীদের জ্ঞানের ত্রুটির কারণেই।**

কুরআন, সূরা বাকারা, আয়াত ২৮২-- দুজন সাক্ষী কর, তোমাদের পুরুষদের মধ্যে থেকে। যদি দুজন পুরুষ না হয়, তবে একজন পুরুষ ও দুজন মহিলা।

৪৫৭৮ "আর তোমরা পাবে অর্ধেক তোমাদের স্ত্রীদের পরিত্যক্ত সম্পত্তির।" (৪/১২)
মৃত ব্যক্তির সম্পদ লাভ করত সন্তানরা, আর ওয়াসীয়াত ছিল পিতামাতার জন্য। অতঃপর তাথেকে আল্লাহ তাআলা স্বীয় পছন্দ অনুযায়ী কিছু রহিত করলেন এবং পুরুষদের জন্য মহিলার দ্বিগুণ নির্দিষ্ট করলেন। **স্ত্রীদের জন্য অষ্টমাংশ** নির্ধারণ করলেন এবং **স্বামীর জন্য অর্ধাংশ** নির্ধারণ করলেন।

ইসলাম পূর্ব আরবে ছেলে মেয়ে সব সন্তানেরই সমান সম্পত্তির অধিকার ছিল।

সহীহ বুখারী (ইফা)
আল্লাহর বাণীঃ **তোমাদের স্ত্রীদের পরিত্যাক্ত সম্পত্তির অর্ধাংশ তোমাদের জন্য** (৪:১২)
৪২২৩। ইবনু আব্বাস (রা) বলেন, মৃত ব্যাক্তির সম্পদ ছিল সন্তানের জন্য। এরপর **তা থেকে আল্লাহ তাআলা তাঁর পছন্দ অনুযায়ী কিছু রহিত করলেন এবং পুরুষদের জন্য মহিলার দ্বিগুন নির্ধারণ করলেন**। [আল্লাহর বাণীঃ আল্লাহ তোমাদেরকে তোমাদের সন্তানদের সম্পর্কে আদেশ করেনঃ **একজন পুরুষের অংশ দু'জন নারীর অংশের সমান, এক পুত্রের জন্য দুই কন্যার অংশের তুল্য।** সূরা নিসা আয়াত ১১]

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)
উত্তরাধিকারীদের জন্য ওয়াসিয়াত করার বৈধতা নেই
২১২১। নবী সা বলেন, সকল হকদারের হক আল্লাহ তা'আলা নির্দিষ্ট করে দিয়েছেন। অতএব, উত্তরাধিকারীদের জন্য ওয়াসিয়াত করা বৈধ নয়।

৪৪২৫ নবী সা-এর কাছে এ খবর পৌঁছল যে, পারস্যবাসী কিসরা কন্যাকে তাদের বাদশাহ মনোনীত করেছেন, তখন তিনি বললেন, সে জাতি কক্ষনো সফল হবে না স্ত্রীলোক যাদের প্রশাসক হয়।

৭০৯৯ নবী সা-এর নিকট যখন এ খবর পৌঁছল যে, পারস্যের লোকেরা কিসরার মেয়েকে তাদের শাসক নিযুক্ত করেছে, তখন তিনি বললেনঃ সে জাতি কক্ষনো সফলকাম হবে না, যারা তাদের শাসনভার কোন স্ত্রীলোকের হাতে অর্পণ করে।

সহিহ বুখারী, ইসলামিক ফাউন্ডেশন, খণ্ড ৭

৪০৮৩ উসমান ইব্‌ন হায়সাম (র) ..... আবূ বাকরা (রা) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্ (সা) থেকে শ্রুত একটি বাণী আমাকে জঙ্গে জামালের (উষ্ট্রের যুদ্ধ) দিন মহা উপকার করেছে, যে সময় আমি সাহাবায়ে কিরামের সাথে মিলিত হয়ে জামাল যুদ্ধে শরিক হতে প্রায় প্রস্তুত হয়েছিলাম। আবূ বাকরা (রা) বলেন, সে বাণীটি হল, যখন নবী (সা)-এর কাছে এ খবর পৌঁছল যে, পারস্যবাসী কিসরা তনয়াকে তাদের বাদশাহ মনোনীত করেছেন, তখন তিনি বললেন, কখনই সে জাতি সফলতার মুখ দেখবে না যারা স্ত্রীলোককে তাদের প্রশাসক নির্বাচন করে।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)
২২৬২। রাসূলুল্লাহ সা পারস্য সম্রাট কিসরা নিহত হওয়ার পর প্রশ্ন করেনঃ তারা কাকে শাসক হিসাবে নিয়োগ করেছে? সাহাবীগণ বলেন, তার কন্যাকে। রাসূলুল্লাহ সা বললেনঃ যে জাতি নিজেদের শাসক হিসাবে নারীকে নিয়োগ করে **সে জাতির কখনো কল্যাণ হতে পারে না**।

২৮১৯ রাসূল সা বলেনঃ সুলায়মান (আ) বলেছিলেন, **আজ রাতে আমি নিরানব্বই জন স্ত্রীর সঙ্গে সঙ্গম করব**। আর তাদের প্রত্যেকেই প্রসব করবে। কিন্তু তিনি ইনশাআল্লাহ্ বলেননি। ফলে একজন স্ত্রী ব্যতীত কেউই গর্ভবতী হলেন না।
রাসূল সা বললেন- যদি তিনি ইনশাআল্লাহ বলতেন, তবে সকলের সন্তান হত।

↥

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

২৯০। রাসুলুল্লাহ সা বর্ণনা করেনঃ যে ব্যাক্তি হায়য(পিরিয়ড) অবস্থায় স্ত্রী সঙ্গম করে, সে এক দিনার বা অর্ধ দিনার সাদকা করবে।

৫১০৫ আবদুল্লাহ্ ইবন জাফর (রহ.) একসঙ্গে আলী (রা)-এর স্ত্রী(তালাকপ্রাপ্ত) ও কন্যাকে বিয়ে করেন (তারা উভয়েই সৎ-মা ও সৎ-কন্যা ছিল)। হাসান বসরী (র) বলেন, এতে দোষের কিছুই নেই। **হাসান** ইবন আলী(রা) **একই রাতে দুই চাচাত বোনকে একই সঙ্গে বিয়ে করেন**।

ঐতিহাসিকগণ উল্লেখ করেছেন যে, হযরত হাসান (রা) বহু বিবাহকারী লোক ছিলেন। সব সময় চারজন স্বাধীন মহিলা তাঁর স্ত্রী হিসেবে থাকতেনই। তিনি বহু স্ত্রীকে তালাক প্রদান করেছেন। কথিত আছে যে, তিনি সর্বমোট ৭০ জন মহিলাকে বিবাহ করেছিলেন।[১] তাঁরা আরো বলেছেন যে, একদিন তিনি তাঁর দু'জন স্ত্রীকে তালাক প্রদান করেছিলেন। একজন ছিল বানূ আসাদ গোত্রের অন্যজন বানূ ফাযারা গোত্রের। তারপর তিনি ওদের প্রত্যেককে ১০ হাজার দিরহাম ও কয়েক বোতল মধু প্রদান করেছিলেন। তিনি তাঁর সেবককে বলেছিলেন, ওরা কি মন্তব্য করে তা তুমি মনোযোগ দিয়ে শুনবে। বস্তুত বানূ ফাযারা গোত্রের মহিলাটি উপহার পেয়ে বলেছিল, 'আল্লাহ্ তা'আলা হযরত হাসান (রা)-কে উত্তম প্রতিদান প্রদান করুন।' সে হযরত হাসান (রা)-এর জন্যে আরো দু'আ ও কল্যাণ কামনা করেছিল। অন্যদিকে বানূ আসাদ গোত্রের মহিলাটি বলেছিল, 'একজন ভালবাসার মানুষের সাথে বিচ্ছেদের মোকাবেলায় নিতান্তই তুচ্ছ।' তাঁর সেবক ফিরে এসে উভয়ের বক্তব্য জানাল। পরবর্তীতে হযরত হাসান (রা) বানূ আসাদ গোত্রের মহিলাটিকে দাম্পত্য জীবনে ফিরিয়ে নিলেন এবং বানূ ফাযারা গোত্রের মহিলাটিকে ত্যাগ করলেন। হযরত আলী (রা) কুফার অধিবাসী লোকদেরকে বলতেন, 'তোমাদের মহিলাদেরকে হযরত হাসান (রা)-এর নিকট বিয়ে দিও না। কারণ সে একজন অতিশয় তালাক দানকারী পুরুষ।' উত্তরে তারা বলত, 'আমীরুল মু'মিনীন ! আল্লাহ্র কসম ! হযরত হাসান (রা) যদি প্রতিদিন আমাদের মহিলাদেরকে বিয়ে করতে চাইতেন তবে তাদের সকলকে আমরা তাঁর নিকট বিয়ে দিয়ে দিব আর তা শুধু এই উদ্দেশ্যে যে, রাসূলুল্লাহ্ (সা)-এর পরিবারের সাথে যেন আমরা বিবাহ সূত্রে আত্মীয় হতে পারি।

আবূ বকর খারাইতী তাঁর "মাকারিমু আখলাক" গ্রন্থে উল্লেখ করেছেন যে, ইবরাহীম ইব্ন মুনযির মুহাম্মদ ইব্ন সীরীন থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, একবার হাসান ইব্ন আলী (রা) একজন মহিলাকে বিয়ে করেছিলেন। তারপর তাঁকে ১০০ টি দাসী দিয়েছিলেন। প্রত্যেক দাসীর সাথে ১০০০ দিরহাম করে দিয়ে দিলেন।

আবদুর রাযযাক হাসান ইব্ন সা'দের পিতা থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেছেন, 'হযরত হাসান ইব্ন আলী (রা) তাঁর তালাক দেয়া দু'জন স্ত্রীকে দশ হাজার দশ হাজার করে বিশ হাজার দিরহাম ও বহু বোতল মধু উপহার দিয়েছিলেন। ওদের একজন বলেছিল, রাবী বলেন, আমার মনে হয় সে ছিল হানাফিয়া, 'একজন অকৃতিম বন্ধুর বিচ্ছেদের বিপরীতে এ তো একেবারেই নগণ্য।'

ওয়াকিদী বলেছেন, আলী ইব্ন উমর আলী ইব্ন হুসায়ন থেকে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, 'হযরত হাসান (রা) স্ত্রীদেরকে অধিকহারে তালাক দিতেন। যত স্ত্রীকেই তিনি তালাক

↥

হযরত আলী (রাঃ)এর নিজ মেয়ে উম্মে কুলসূম (রাঃ)কে বিবাহ দান

হযরত আবু জা'ফর (রাঃ) বলেন, হযরত ওমর (রাঃ) হযরত আলী (রাঃ)এর নিকট তাঁহার মেয়ের জন্য প্রস্তাব দিলেন। তিনি বলিলেন, সে তো ছোট। কেহ হযরত ওমর (রাঃ)কে বলিল যে, হযরত আলী (রাঃ) বিবাহ না দেওয়ার উদ্দেশ্যে এই কথা বলিয়াছেন। সুতরাং তিনি পুনরায় তাহার সহিত কথা বলিলে হযরত আলী (রাঃ) বলিলেন, আমি তাহাকে আপনার নিকট পাঠাইয়া দিব। যদি সে রাজী হয় তবে আপনার স্ত্রী হইবে। তিনি মেয়েকে তাঁহার নিকট পাঠাইলেন। হযরত ওমর (রাঃ) (তাহাকে যাচাই করিবার উদ্দেশ্যে) তাহার পায়ের কাপড় উত্তোলন করিলেন। মেয়ে বলিল, ছাড়ুন। যদি আপনি আমীরুল মুমিনীন না হইতেন তবে আপনার চক্ষু উপড়াইয়া ফেলিতাম। (কান্য)

---

১৪০. আস্‌মা ইব্‌ন উবায়দ বলেন, আমি ইব্‌ন সীরীনকে বলিলাম, আমার কাছে একটি ইয়াতীম আছে। তিনি বলিলেন, তুমি উহার সহিত সেইরূপ ব্যবহারই করিবে, যেমনটি তুমি তোমার পুত্রের সহিত করিয়া থাক। তুমি তাহাকে প্রহার করিবে, যেরূপ প্রহার তুমি তোমার পুত্রকে করিয়া থাক।

٧٩- بَابُ أَدَبِ الْيَتِيْمِ

অনুচ্ছেদ ঃ ইয়াতীমকে শাসন

১৪২. শুমায়সা আতকিয়া (র) বলেন ঃ একদা হযরত আয়েশা (রা)-র নিকট ইয়াতীমের শাসন প্রসঙ্গ উত্থাপিত হইল। তিনি বলিলেন ঃ ইয়াতীমকে আমি অবশ্যই (শাসনচ্ছলে) প্রহার করি।

সূনান আবু দাউদ (ইফা)

৪৯৫। রাসূলুল্লাহ্ সা বলেছেনঃ যখন তোমাদের সন্তানদের বয়স যখন দশ বছর হবে তখন নামায না পড়লে এজন্য তাদেরকে মারপিট কর।

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

৩০৬। নবী সা বলেছেন, "তোমরা নিজেদের সন্তান-সন্ততিদের যখন দশ বছর হবে, তখন তাদেরকে নামাযের জন্য প্রহার কর।

↥

৫১৯৪ নবী সা বলেন, যদি কোন স্ত্রী তার স্বামীর শয্যা ছেড়ে অন্যত্র রাত্রি যাপন করে তাহলে যতক্ষণ না সে তার স্বামীর শয্যায় ফিরে আসে, ততক্ষণ ফেরেশতাগণ তার ওপর লা'নত বর্ষণ করতে থাকে।

সহীহ বুখারী (ইফা)

৬২৭০। আয়িশা (রা) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা এর রেখে যাওয়া সম্পত্তির উত্তরাধিকারিত্ব চাওয়ার জন্য একদা ফাতিমা ও আব্বাস (রা) - আবূ বকর (রাঃ) এর কাছে আসলেন। তাঁরা ঐ সময় ফাদাক ভূখণ্ডের এবং খায়বারের অংশ দাবি করছিলেন। তখন আবূ বকর (রা) তাদের উভয়ের প্রতি লক্ষ্য করে বললেন, আমি রাসুলুল্লাহ সা থেকে শুনেছি। আমাদের কোন উত্তরাধিকারী হবে না, আমরা যা রেখে যাব তা সবই হবে সাদাকা। এ মাল থেকে মুহাম্মাদ সা এর পরিবার ভোগ করবেন। আবূ বকর (রা) বলেন, রাসুলুল্লাহ সা কে আমি এতে যেভাবে করতে দেখেছি, তা সেভাবেই বাস্তবায়িত করব। আয়িশা(রা) বলেন, **এরপর থেকে ফাতিমা (রা)- আবূ বকর (রা)কে পরিহার করেছিলেন এবং মৃত্যু পর্যন্ত তার সাথে কথা বলেন নাই**।

৬৭২৬ .....অতঃপর থেকে ফাতিমাহ (রা) তাঁকে ত্যাগ করেছিলেন, মৃত্যু পর্যন্ত তার সঙ্গে কথা বলেন নি। no kind of talks, certified- https://www.hadithbd.com/hadith/link/?id=62698

সহীহ বুখারী (ইফা)

২৮৭৪। আয়িশা (রা) বলেন, ফাতিমা(রা) আবূ বাকর সিদ্দীক (রা) এর নিকট রাসূলুল্লাহ সা এর ইন্তেকালের পর তাঁর মিরাস বন্টনের দাবী করেন যা রাসূলুল্লাহ সা ফায় (বিনা যুদ্ধে লব্ধ সম্পদ) হিসাবে আল্লাহ তা'আলা কর্তৃক তাঁকে প্রদত্ত সম্পদ থেকে রেখে গেছেন। তখন আবূ বাকর (রা) তাঁকে বললেন, রাসূলুল্লাহ সা বলেছেন, 'আমাদের পরিত্যাক্ত সম্পদ বন্টিত হবে না আমরা যা ছেড়ে যাই, তা সাদকা রূপে গণ্য হয়।' **এতে ফাতিমা(রা) অসন্তুষ্ট হলেন এবং আবূ বকর (রা) এর সঙ্গে কথাবার্তা বলা ছেড়ে দিলেন। এ অবস্থা তাঁর মৃত্যু পর্যন্ত বহাল ছিল।**

আয়িশা (রা) বলেন, ফাতিমা (রা) আবূ বাকর (রা) এর নিকট খায়বার ও ফাদাকের ভূমি এবং মদিনার সাদকাতে তাঁর অংশ দাবী করেছিলেন। উমর (রা) এ প্রসঙ্গে বলেন, এ সম্পত্তি দুটিকে রাসূলুল্লাহ সা জরুরী প্রয়োজন পূরণ ও বিপথকালীন সময়ে ব্যায়ের জন্য রেখেছিলেন। সুতরাং এ সম্পত্তি দুটি তারই দায়িত্বে নিয়োজিত থাকবে, যিনি মুসলমানদের শাসন ক্ষমতার অধিকারী খলিফা হবেন।

সহীহ বুখারী (ইফা)

পরিচ্ছেদ ২০৯১. ফাতিমা (রা) এর মর্যাদা। নবী সা বলেছেন, **ফাতিমা (রা) জান্নাতবাসী মহিলাগণের সর্দার**।

৩৪৪৭। মুহাম্মাদ সা এর পরিবারবর্গের প্রতি তোমরা অধিক সম্মান দেখাবে।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)


৩৭৬৮। রাসূলুল্লাহ সা বলেছেনঃ হাসান ও হুসাইন (রা) প্রত্যেকেই জান্নাতী যুবকদের সর্দার(নেতা)।

মুসনাদে আহমাদ

৯৫০। রাসূলুল্লাহ সা বলেছেনঃ "হে আল্লাহ, আমি যার আপনজন, আলীও তার আপনজন। হে আল্লাহ, যে ব্যক্তি আলীর বন্ধু হয়, তুমি তার বন্ধু হও। আর যে ব্যক্তি আলীর শত্রু হয়, তুমি তার শত্রু হও।"

মুসনাদে আহমাদ


১৩১১। রাসূলুল্লাহ সা বলেছেনঃ আমি যার অভিভাবক, আলী তার অভিভাবক।



৬১৬ আল-বিদায়া ওয়ান নিহায়া

পিতাদের চেয়ে আপন নই ? আমরা বললাম, হ্যাঁ, ইয়া রাসূলাল্লাহ্! তিনি বললেন, আমি কি নই, আমি কি নই, আমি কি নই ? আমরা বললাম, হ্যাঁ, ইয়া রাসূলাল্লাহ্! তিনি বললেন, আমি যার অভিভাবক, আলীও তার অভিভাবক। হে আল্লাহ্! আপনি অভিভাবক হন তার যে তাকে অভিভাবক মানে এবং আপনি বিরোধিতা করেন তার যে তার বিরোধিতা করে। তখন উমর ইব্ন খাত্তাব আলী (রা)-কে বললেন, সৌভাগ্য তোমার হে আবূ তালিবের নন্দন! আজ হতে তুমি সমস্ত মু'মিনের অভিভাবক হয়ে গেলে। ইব্ন মাজাহ্ এ হাদীস হাম্মাদ ইব্ন সালমার সূত্রে

↥


রাসূলুল্লাহ্ ﷺ আলী ইব্‌ন আবূ তালিবের হাত ধারণ করে লোকদের বলেছিলেন, আমি কি মু'মিনগণের অভিভাবক নই! সাহাবাগণ বললেন হ্যাঁ-ইয়া রাসূলুল্লাহ্ ﷺ! তিনি তখন বললেন, আমি যার অভিভাবক আলীও তার অভিভাবক। তখন উমর ইব্‌ন খাত্তাব আলীকে বললেন, বাহ্ঃ বাহ্ঃ হে আবূ তালিবের নন্দন! তুমি তো আমার অভিভাবক ও সকল মুসলমানের অভিভাবক হয়ে গেলে। তখন আল্লাহ্ পাক এ আয়াত নাযিল করেন اَلْيَوْمَ اَكْمَلْتُ لَكُمْ دِيْنَكُمْ অর্থাৎ আজ আমি তোমাদের দীন পরিপূর্ণ করে দিলাম। আর যে ব্যক্তি রজব মাসের

৩৭৭২ আবূ ওয়াইল (রা) বলেন, আলী (রা) তাঁর স্বপক্ষে জিহাদে সাহায্য করার জন্য লোক সংগ্রহের জন্য আম্মার ও হাসান (রা)-কে কুফায় পাঠান। আম্মার (রা) তাঁর ভাষণে একদা বললেন, এ কথা আমি ভালভাবেই জানি যে, **আয়িশা (রা)- রাসূল সা এর দুনিয়া ও আখিরাতের সম্মানিতা স্ত্রী। কিন্তু এখন আল্লাহ তোমাদেরকে পরীক্ষা করছেন যে তোমরা কি আলী (রা)-এর আনুগত্য করবে, না আয়িশা (রা)-এর আনুগত্য করবে**?

৬৭৮৫ রাসূলুল্লাহ্ সা বিদায় হাজ্জে বললেনঃ তোমাদের জন্য আফসোস অথবা ধ্বংস! তোমরা আমার(মৃত্যুর) পরে একে অপরের গর্দান মেরে কাফির হয়ে পেছনের দিকে ফিরে যেও না।

৭০৭৬ নবী সা বলেছেন: **কোন মুসলিমকে হত্যা করা কুফরী**।

৬৮৭৪ রাসূলুল্লাহ সা বলেন- যখন দু'জন মুসলিম তলোয়ার নিয়ে পরস্পর সংঘর্ষে লিপ্ত হয় তখন হত্যাকারী ও নিহত ব্যক্তির অবস্থান হবে জাহান্নাম।

৬৯৪২ সাঈদ ইবনু যায়দ (রা) বলেন, তোমরা উসমান (রা)-এর সঙ্গে যা করেছ তাতে যদি উহুদ পর্বত ফেটে যেত তা হলে ফেটে যাওয়া ন্যায়সঙ্গতই হত। [মুসলমানদের একটি দল চরম অন্যায়ভাবে ইসলামের মহান খলীফা উসমান (রাঃ)-কে শহীদ করেছিল।]

নবি মৃত্যুর পর মুসলমান কর্তৃক মুসলমান হত্যা:

নবি মৃত্যুর খবরে আরব রাজ্যে দলে দলে বহু গোত্র ইসলাম ত্যাগ করে আবার বহু গোত্র মুসলিম থাকলেও মদিনা তথা আবু বকরের আনুগত্য অস্বীকার করে এবং কর দিতে অস্বীকৃতি জানায়, এ ছাড়ও নবির অনুকরনে অন্তত তিন জন নবুয়তের দাবি নিয়ে হাজির হয়। ইসলামের প্রথম খলিফা আবু বকর তার দুই বছরের শাসন কালে এই সকল গোত্রদের বিরুদ্ধে যুদ্ধ বিগ্রহে ব্যাস্ত ছিলেন । যদিও এই বিদ্রোহীদের একটি বড় অংশ ইসলাম ত্যাগ করেনি তবুও এই যুদ্ধকে রিদা যুদ্ধ বা ধর্মত্যাগীদের বিরুদ্ধে যুদ্ধ বলে আখ্যায়িত করা হয়। ***মুসলমান কর্তৃক মুসলমান হত্যা-***

- *মুসলমান বিদ্রোহীদের হাতে খলিফা উসমান নিহত।*
- *হযরত আলির সাথে বিবি আয়েশার জঙ্গে জামাল বা উটের যুদ্ধে : হতাহতের মোট সংখ্যা প্রায় ১৮,০০০। সাহাবি তালহা, জুবায়ের দুজনেই মৃত্যু বরন করেন।*
- *হযরত আলি ও ময়াবিয়ার মধ্যে সংঘটিত হয় সিফফিনের যুদ্ধ। দুই পক্ষ মিলিয়ে হতাহতের সংখ্যা (২৫,০০০+৪০,০০০) ৬৫,০০০*
- *হযরত আলি ও খারেজীদের মধ্যে নাহরাওয়ানের যুদ্ধে পরাজিত হতাহতের সংখ্যা ছিল প্রায় ৩০০০*
- *৬৬১ খ্রিষ্টাব্দে কুফা মসজিদে ফজরের নামাজ পড়ার সময়, আবদুল্লা ইবনে মুলজাম নামের এক খারেজী বিষ মাখা ছুরির আঘাতে হযরত আলিকে হত্যা করে।*
- *কারবালা হত্যাকাণ্ড : ইমাম হোসেনের পক্ষে নিহতের সংখ্যা ৭২ । এই হত্যাকাণ্ডের পর ইমাম হোসেনের শিরচ্ছেদ করা মরদেহটি ঘোড়া দিয়ে পদদলিত করা হয় ও কুকুর শেয়ালের জন্য দাফন না করে ফেলে রেখে ছিল।*

ভন্ড নবী মুহাম্মদের মৃত্যুর পরবর্তী ইসলামের ইতিহাস

শিয়া সুন্নী যুদ্ধের সুচনা

নবীদের কাহিনী-১, ড মুহাম্মদ আসাদুল্লাহ আল গালিব, পৃষ্ঠা ১৯

নারী জাতি পুরুষেরই অংশ এবং তার অনুগত :

এতে বুঝা যায় যে, ফেরেশতাগণের সিজদা কেবল আদমের জন্য ছিল, হাওয়ার জন্য নয়। দ্বিতীয়তঃ সিজদা অনুষ্ঠানের পরে আদমের অবয়ব থেকে হাওয়াকে সৃষ্টি করা হয়, পূর্বে নয়। তিনি পৃথক কোন সৃষ্টি ছিলেন না। এতে পুরুষের প্রতি নারীর অনুগামী হওয়া প্রমাণিত হয়। আল্লাহ বলেন, 'পুরুষেরা নারীদের উপর কর্তৃত্বশীল' *(নিসা ৪/৩৪)*। অতঃপর বহিষ্কৃত ইবলীস তার

স্ত্রীর উপর স্বামীর হক ঃ এক্ষেত্রে চূড়ান্ত কথা, বিবাহ প্রকারান্তরে বাঁদী হওয়ার নামান্তর বিধায় স্ত্রী যেন স্বামীর বাঁদী হয়ে যায়। সুতরাং স্বামীর আনুগত্য করা সর্বাবস্থায় তার উপর ওয়াজিব। স্ত্রীর উপর স্বামীর হক যে বেশী, এ সম্পর্কে অনেক হাদীস বর্ণিত আছে।

রসূলুল্লাহ (সাঃ) বলেন ঃ

ايما امراة ماتت وزوجها عنها راض دخلت الجنة ـ

অর্থাৎ, যে স্ত্রী এমতাবস্থায় মারা যায় যে, তার স্বামী তার প্রতি সন্তুষ্ট, সে জান্নাতে প্রবেশ করবে।

কোন এক ব্যক্তি সফরে যাওয়ার সময় স্ত্রীকে বলে গেল ঃ উপর তলার কক্ষ থেকে নীচে নামবে না। নীচে তার পিতা বসবাস করত। ঘটনাক্রমে সে অসুস্থ হয়ে পড়ল। স্ত্রী নীচে পিতার কাছে নামার অনুমতি চেয়ে রসূলুল্লাহ (সাঃ)-এর কাছে লোক পাঠালে তিনি বললেন ঃ স্বামীর আদেশ পালন কর। শেষ পর্যন্ত পিতা মারা গেলে সে আবার অনুমতি প্রার্থনা করল। রসূলুল্লাহ (সাঃ) আবার বললেন ঃ স্বামীর আদেশ পালন কর। ফলে পিতা সমাধিস্থও হয়ে গেল; কিন্তু সে নীচে নামল না। অতঃপর রসূলুল্লাহ (সাঃ) এই মহিলাকে বলে পাঠালেন ঃ তুমি যে স্বামীর আদেশ পালন করেছ, এর বিনিময়ে আল্লাহ তাআলা তোমার পিতার মাগফেরাত করেছেন। অন্য এক হাদীসে আছে ঃ

اذا صلت المراة خمسها وصامت شهرها وحفظت فرجها واطاعت زوجها دخلت جنة ربها ـ

অর্থাৎ, যখন স্ত্রী পাঞ্জেগানা নামায পড়ে, রমযান মাসের রোযা রাখে, আপন গুপ্ত অঙ্গের হেফাযত করে এবং স্বামীর আনুগত্য করে, তখন সে তার পালনকর্তার জান্নাতে প্রবেশ করবে।

এ হাদীসে স্বামীর আনুগত্যকে ইসলামের রোকনসমূহের সাথে সংযুক্ত করা হয়েছে। একবার রসূলুল্লাহ (সাঃ) মহিলাদের আলোচনা

↥


অন্য এক হাদীসে বলা হয়েছে, আমি জান্নাতে উঁকি দিয়ে দেখলাম, তাতে পুরুষ জান্নাতীদের তুলনায় মহিলাদের সংখ্যা খুব নগণ্য। আমি জিজ্ঞেস করলাম ঃ মহিলারা কোথায়? উত্তর হল ঃ দু'টি লাল বস্তু তাদের জান্নাতে আসার পথে বাধা হয়েছে। একটি স্বর্ণ ও অপরটি জাফরান। অর্থাৎ, অলংকার ও রঙ্গিন পোশাক। হযরত আয়েশা (রাঃ) বলেন ঃ কোন এক যুবতী রসূলুল্লাহ্ (সাঃ)-এর খেদমতে হাযির হয়ে আরজ করল ঃ ইয়া রসূলাল্লাহ্, আমি যুবতী। এখন জানতে চাই, স্ত্রীর উপর স্বামীর হক কি? তিনি বললেন ঃ ধরে নেয়া যাক, স্বামীর আপাদমস্তক পুঁজে ভর্তি। যদি স্ত্রী এই পুঁজ চেটে নেয়, তবুও তার শোকর আদায় করতে পারবে না। মহিলা বলল ঃ আমি বিবাহ করব কি? তিনি বললেন ঃ করে নাও। বিবাহ করা উত্তম । হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেন ঃ খাসআম গোত্রের জনৈকা মহিলা রসূলুল্লাহ্ (সাঃ)-এর খেদমতে এসে আরজ করল ঃ আমি স্বামীহীনা, বিবাহ করতে চাই। এখন স্বামীর হক কি, জানতে চাই। তিনি বললেন ঃ স্বামীর এক হক, সে যদি উটের পিঠে থেকেও সহবাস করার ইচ্ছা প্রকাশ করে, তবে স্ত্রী অস্বীকার করতে পারবে না। আরেক হক, কোন বস্তু তার গৃহ থেকে তার অনুমতি ব্যতীত কাউকে দেবে না। দিলে তুমি রোযা রেখে কেবল ক্ষুধার্ত ও পিপাসার্তই থাকবে। তোমার রোযা কবুল হবে না। যদি তুমি স্বামীর আদেশ ছাড়া ঘর থেকে বের হও, তবে ঘরে ফিরে না আসা পর্যন্ত এবং তওবা না করা পর্যন্ত ফেরেশতারা তোমার প্রতি অভিসম্পাত করতে থাকবে। এক হাদীসে আছে–

لو امرت احدا ان يسجد لاحد لامرت المراة ان تسجد لزوجها ـ

অর্থাৎ, যদি আমি কাউকে সেজদা করার নির্দেশ করতাম, তবে অবশ্যই স্ত্রীকে নির্দেশ করতাম যেন সে তার স্বামীকে সেজদা করে।

স্বামীর ধনসম্পদ অযথা ব্যয় না করা স্ত্রীর অন্যতম কর্তব্য; বরং সে স্বামীর ধনসম্পদের হেফাযত করবে। রসূলে করীম (সাঃ) বলেন ঃ স্ত্রীর জন্যে হালাল নয় যে, সে স্বামীর গৃহ থেকে তার অনুমতি ছাড়া কোন খাদ্যবস্তু অন্যকে দেবে। তবে খারাপ হয়ে যাওয়ার আশংকা থাকলে কাঁচা খাদ্য সামগ্রী দিতে পারে। যদি স্বামীর অনুমতি ছাড়া স্ত্রী কাউকে খাওয়ায়, তবে সওয়াব স্বামী নেবে এবং গোনাহ স্ত্রীর উপর থাকবে। পিতামাতার উপর কন্যা সন্তানের হক তাদেরকে অপরের সাথে সদ্ব্যবহার করা এবং স্বামীর সাথে সদ্ভাবে বসবাস করার শিক্ষা দেবে।

স্ত্রীর আদবসমূহের মধ্যে একশ' কথার এক কথা, স্ত্রী আপন গৃহে বসে চরকায় সূতা কাটা ইত্যাদি কাজে ব্যস্ত থাকবে। ছাদে আরোহণ করে এদিক ওদিক তাকাবে না। প্রতিবেশীদের সাথে কথা কম বলবে এবং নিতান্ত প্রয়োজন ছাড়া তাদের গৃহে যাবে না। স্বামীর উপস্থিতিতে ও অনুপস্থিতিতে তার সম্মান করবে। প্রত্যেক কাজে তার সন্তুষ্টি কামনা করবে। নিজের ব্যাপারে ও স্বামীর ধন-সম্পদের ব্যাপারে বিশ্বাসঘাতকতা



এদিক ওদিক তাকাবে না। প্রতিবেশীদের সাথে কথা কম বলবে এবং নিতান্ত প্রয়োজন ছাড়া তাদের গৃহে যাবে না। স্বামীর উপস্থিতিতে ও অনুপস্থিতিতে তার সম্মান করবে। প্রত্যেক কাজে তার সন্তুষ্টি কামনা করবে। নিজের ব্যাপারে ও স্বামীর ধন-সম্পদের ব্যাপারে বিশ্বাসঘাতকতা করবে না। স্বামীর অনুমতিক্রমে গৃহ থেকে বের হলেও পুরাতন কাপড়-চোপড়ে আবৃতা হয়ে বের হবে। সড়কের মধ্যস্থলে ও বাজার থেকে বেঁচে চলবে। সর্বপ্রযত্নে নিজের অবস্থার উন্নতি ও ঘর-কন্নায় নিয়োজিত থাকবে এবং নামায-রোযার সাথে সম্বন্ধ রাখবে। স্বামীর কোন বন্ধু দরজায় আওয়াজ দিলে যদি স্বামী গৃহে না থাকে, তবে তার সাথে কোন কথা না বলাই নিজের স্বামীর আত্মমর্যাদার দাবী। স্বামীকে আল্লাহ তা'আলা যা কিছু দিয়েছেন তাতেই সন্তুষ্ট থাকবে। খুব সেজেগুজে থাকবে এবং স্বামী সম্ভোগ করতে চাইলে তজ্জন্যে সর্বাবস্থায় প্রস্তুত থাকবে। সন্তানদের প্রতি স্নেহমমতা করবে। স্বামীর কথার প্রত্যুত্তর দেবে না। এক

Hadith Search result:(hadithbd.com) Hadith Search result: (hadithbd.com)

সূরা আহজাব, আয়াত ৩২: "তোমরা পরপুরুষের সাথে কোমল কণ্ঠে কথা বলো না, তাহলে যার অন্তরে ব্যাধি রয়েছে সে প্রলুব্ধ হয়"

স্বামীর অনুমতি ব্যতীত ঘর থেকে কোনো জিনিস ব্যয় করা নিষিদ্ধ

সূনান আত তিরমিজী (তাহকীককৃত) মিশকাতুল মাসাবীহ: ১৯৫১ (hadithbd.com)

২১২০। রাসূল সা বলেছেনঃ **স্ত্রী তার স্বামীর বিনা অনুমতিতে তার ঘর হতে কোন কিছু ব্যয় করবে না। প্রশ্ন করা হলো, হে আল্লাহর রাসূল। খাদ্যদ্রব্যও নয়? তিনি বললেনঃ এটাতো আমাদের সর্বোত্তম সম্পদ।**

মসজিদের উদ্দেশ্যে বের হওয়ার জন্যও একজন স্ত্রীর তার স্বামীর অনুমতি প্রয়োজন

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ), হাদিস নং ৮৭৩।

মাসজিদে যাওয়ার জন্য স্বামীর নিকট মহিলার সম্মতি চাওয়া।

নবী সা বলেন, তোমাদের কারো স্ত্রী যদি সলাতের জন্য মসজিদে যাবার অনুমতি চায় তাহলে তার স্বামী তাকে যেন বাধা না দেয়।

সহীহ ইবনে হিব্বান, ইবনে আবী শাইবাহ, হাদিস নং ৩১৪৮

রাসূল সা বলেছেন, **স্ত্রীর কাছে স্বামীর এমন অধিকার আছে যে, স্ত্রী যদি স্বামীর দেহের ঘা চেঁটেও থাকে তবুও সে তার যথার্থ হক আদায় করতে পারবে না।**

ইবনে আবী শাইবাহ, নাসাঈ, তাবারানী, আদাবুয যিফাফ ২৮৫ পৃষ্ঠা

নবী সা বলেন, স্ত্রীর জন্য স্বামী- তার জান্নাত অথবা জাহান্নাম।

আস-সিলসিলাতুস সহীহা হাদিস নং ১৮৩৮

নবী সা বলেন, শ্রেষ্ঠ রমণী সেই, যার প্রতি তার স্বামী দৃষ্টিপাত করলে সে তাকে খোশ করে দেয়, কোন আদেশ করলে তা পালন করে এবং তার জীবন ও সম্পদে স্বামীর অপছন্দনীয় বিরুদ্ধাচরণ করে না।

ত্বাবারানী, সহীহ আল-জামিউস সাগীর হাদিস নং ৫২৫৯

নবী সা বলেন, **নারী যদি নিজ স্বামীর হক (যথার্থরূপে) জানতো, তাহলে তার দুপুর অথবা রাতের খাবার খেয়ে শেষ না করা পর্যন্ত সে তার পাশে দাঁড়িয়ে থাকতো।**

ত্বাবারানী, আস-সিলসিলাতুস সহীহাহ হাদিস নং ২৮৮

রাসূল সা বলেছেন, **যে স্ত্রী তার স্বামীর অবাধ্যাচরণ করেছে, সে তার বাধ্য না হওয়া পর্যন্ত তার নামায কবুল হয় না।**

ইব্ন জরীর (র) বলেন, মুহাম্মদ ইব্ন বাশ্শার (র) ... ... কাতাদাহ (র) হইতে বর্ণনা করেন যে, একটি স্ত্রীলোক একজন গোলামকে তাহার যৌনক্রিয়া সম্পন্ন করিবার জন্য স্থির করিল এবং أَوْ مَا مَلَكَتْ أَيْمَانُهُمْ দ্বারা ইহা জায়িয বলিয়া মনে করিল। অতঃপর তাহাকে হযরত উমর (রা)-এর নিকট উপস্থিত করা হইল। কিছু সংখ্যক সাহাবায়ে কিরাম হযরত উমর (রা) কে বলিলেন, এই স্ত্রীলোকটি আল্লাহ্র কিতাবের অপব্যাখ্যা করিয়াছে। রাবী বলেন, হযরত উমর (র) ঐ গোলামকে প্রহার করিলেন এবং তাহারা মাথা মুড়াইয়া দিলেন। স্ত্রীলোকটিকে বলিলেন, ইহার পর তুমি সকল মুসলমানের উপর হারাম। রিওয়ায়েতটি গরীব ও মুনকাতী। ইব্ন জরীর (র) রিওয়ায়েতটিকে সূরা মায়িদা-এর শুরুতে উল্লেখ করিয়াছেন। কিন্তু উহার উপযুক্ত স্থান ইহাই। হযরত উমর (রা) ঐ স্ত্রীলোকটির ইচ্ছার বিরুদ্ধে সকল পুরুষের উপর তাহাকে হারাম করিলেন।

৫৩৫১ নবী সা বলেছেনঃ সওয়াবের আশায় কোন মুসলিম যখন তার পরিবার-পরিজনের প্রতি ব্যয় করে, তা তার সাদাকা(দান) হিসাবে গণ্য হয়।

মিশকাত হাদিস নং ৩০৮৬, মুসলিম বাংলা ৬ষ্ঠ খন্ড বিবাহ অধ্যায় হাদিস ২৯৫২
নবী সা বলেছেন, তোমরা নারীদের থেকে সাবধান থাক। কারণ নিশ্চয়ই বনী ইসরাঈলের প্রথম দুর্ঘটনা নারীদের মধ্যেই ঘটে।

Ibn Kathir, Musnad al-Faruq 499

499. Narrated Ibn Umar:

Umar married a woman, had intercourse with her, and found that her black hair was streaked with white hair. He divorced her and said, "A mat in a house is better than a woman who cannot bear children, by Allah, that which is your most ardent wish. Nonetheless, I heard the Messenger of Allah ﷺ say, 'Marry one who is loving and fertile, for I will boast of your great numbers before the nations on the Day of Resurrection.'"

Classed *sahih*

Sunan al-Bayhaqi 16308

16308. Narrated al-Sha'bi:

Ali, may Allah be pleased with him, used to say, "Injuries of a woman are compensated at half the blood money of a man, for low and high (severity)."

Classed *sahih*

↥

Sunan Ibn Majah 3163

3163. It was narrated that 'Âishah said: "The Messenger of Allâh ﷺ commanded us to sacrifice two sheep for a boy's *'Aqiqah* and one sheep for a girl."

Classed *sahih* by al-Albani and *qawi* (strong) by al-Arna'ut

Commentary of Ibn al-Qayyim

"As for the *aqiqah,* the commandment of preference (for the boy) is based on the honor of the male and in what Allah distinguished in him from the female–and because through him (the son), the grace upon the father is fuller, and the joy and happiness in him is more complete. The gratitude for him is greater."

[redacted] Muhammad says women in Heaven are as rare as a red-beaked crow

Musnad Ahmad 17770

Narrated Umara bin Khuzayma:

In the time when we were with Amru bin Al-Aas during the Hajj, or perhaps during a pilgrimage to Mecca at some other time, he said, "We were with the Messenger of Allah ﷺ in this valley when he said, 'Look! Do you see anything?' Whereupon we replied, 'We see a flock of white-winged crows, one of which has a red beak and red feet.' And the Messenger of Allah ﷺ said, 'No woman enters Paradise, except for she who is like this crow conspicuous from the others.'"

Classed *sahih* by al-Albani and al-Arna'ut

↥

সুনান ইবনু মাজাহ

পরিচ্ছেদঃ যে শিশু এখনো শক্ত খাবার ধরেনি তার প্রস্রাব সম্পর্কে।

৫২৫। আলী (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (স) বলেছেনঃ **দুগ্ধপোষ্য শিশু পুত্রসন্তান হলে তার প্রস্রাবে পানি ছিটালেই চলবে, কিন্তু কন্যাসন্তান হলে তার প্রস্রাবে ধুয়ে ফেলতে হবে।**

আবূল ইয়ামান আল-মিসরী (র) বলেন, আমি ইমাম শাফিঈ(র)-কে নবী সা এর এই হাদীস- **'দুগ্ধপোষ্য শিশু পুত্রসন্তান হলে তার পেশাবে পানি ছিটাতে হবে এবং কন্যাসন্তান হলে তার পেশাব ধুয়ে ফেলতে হবে'** সম্পর্কে জিজ্ঞেস করলাম যে, এখানে উভয়ের প্রস্রাবই তো একই পর্যায়ের ! **ইমাম শাফিঈ(র) বলেন, কেননা পুত্রসন্তানের প্রস্রাব- পানি ও মাটি থেকে নির্গত এবং কন্যা সন্তানের প্রস্রাব- মাংস ও রক্ত থেকে নির্গত।** অতঃপর তিনি আমাকে জিজ্ঞেস করেন, তুমি কি হৃদয়ঙ্গম করতে পেরেছ অথবা তিনি বলেন, তোমার কি বোধগম্য হয়েছে? আমি (আল-মিসরী) বললাম, না।

তখন শাফিঈ(র) বলেন, **আল্লাহ তাআলা আদম (আ)-কে সৃষ্টি করার পর তাঁর পাঁজরের ক্ষুদ্র হাড় থেকে হাওয়া (আ)-কে সৃষ্টি করেন। এ হিসাবে পুত্র সন্তানের পেশাব পানি ও মাটি থেকে তৈরি হয় এবং কন্যা সন্তানের পেশাব মাংস ও রক্ত থেকে নির্গত হয়।** আল-মিসরী বলেন, শাফিঈ (র) আমাকে জিজ্ঞেস করেন- এবার কি তুমি বুঝতে পেরেছ? আমি বললাম, হ্যাঁ। তিনি আমাকে বললেন, আল্লাহ এই জ্ঞান দ্বারা তোমাকে উপকৃত করুন।

তালাক

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন) http://www.hadithbd.com/hadith/link/?id=29842

নাফি (র) জিজ্ঞেস করলেন, **ঘর থেকে বের হওয়ার শর্তে স্বীয় স্ত্রীকে জনৈক ব্যক্তি তিন তালাক দিল**- এর হুকুম কী?। ইবনু উমার (রা) বললেনঃ **'যদি সে মহিলা ঘর থেকে বের হয়, তাহলে সে তিন তালাকপ্রাপ্তা হবে।** আর যদি বের না হয়, তাহলে কিছুই হবে না'। ইবরাহীম (র) বলেন, যদি স্বামী বলে, "তোমাকে আমার কোন প্রয়োজন নেই"; তবে তার নিয়্যাত অনুসারে কাজ হবে। আর প্রত্যেক সম্প্রদায়ের লোক তাদের নিজস্ব ভাষায় তালাক দিতে পারে। ক্বাতাদাহ (র) বলেনঃ যদি কেউ বলে তুমি গর্ভবতী হলে, তোমার প্রতি তিন তালাক। তাহলে সে স্ত্রীর সঙ্গে সহবাস করবে। যখনই গর্ভ প্রকাশিত হবে, তখনি সে স্বামী থেকে বিচ্ছিন্ন হয়ে যাবে। যুহরী (র) বলেন, যদি কেউ বলেঃ তুমি আমার স্ত্রী নও, তবে তালাক হওয়া বা না হওয়া নিয়্যাতের উপর নির্ভর করবে। যদি সে তালাকের নিয়্যাত করে থাকে, তবে তাই হবে। [নাফি(র), ইবরাহীম (র), ক্বাতাদাহ (র), যুহরী (র) এনারা সাহাবীদের যুগের বিখ্যাত তাবেঈন]

গ্রন্থঃ সুনান ইবনু মাজাহ | অধ্যায়ঃ ১০/ ত্বালাক্ব (كتاب الطلاق) শেয়ার ও অন্যান্য

১০/৩. গর্ভবতী মহিলাকে তালাক প্রদান।

১/২০২৩। ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি তার স্ত্রীকে তার হায়য অবস্থায় তালাক দিয়েছিলেন। 'উমার (রাঃ) বিষয়টি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উত্থাপন করলে তিনি বলেনঃ তাকে বলো, সে যেন তার স্ত্রীকে ফিরিয়ে নেয়, এরপর সে চাইলে তাকে তুহর অথবা গর্ভবতী অবস্থায় তালাক দেয়।

কুরআন ২:২২৮ (সূরা বাকারা-আয়াত ২২৮)

"আর তালাকপ্রাপ্তা নারীরা তিন মাসিক পর্যন্ত অপেক্ষায় থাকবে। আর এই সময়ের মধ্যে তাদের স্বামীরা তাদেরকে ফিরিয়ে নেয়ার ব্যাপারে অধিক হকদার। আর নারীদের উপর পুরুষদের শ্রেষ্ঠত্ব /বিশেষ মর্যাদা রয়েছে"।

এখানে আল্লাহ তালাকপ্রাপ্তা নারীকে সম্মান প্রদর্শন করে তিন মাসিক পর্যন্ত অপেক্ষায় থাকতে বলেছেন। কিন্তু তালাক দানকারী পুরুষ নিজেকে অপেক্ষায় রাখবে না। সে তার অন্য স্ত্রী বা দাসীদের উপভোগ করবে মাত্র। আবার তালাক দানকারী পুরুষ প্রয়োজনহলে তার কামনা মিটাবার জন্য ঐ মহিলাকে ফিরিয়ে নেবার অধিকার সংরক্ষণ করে, কিন্তু ঐ নারী সেই পুরুষকে ফিরিয়ে দেবার অধিকার সংরক্ষণ করে না, **কারণ নারীদের উপর পুরুষদের শ্রেষ্ঠত্ব রয়েছে।** বাহ! কি সুমহান মর্যাদা ইসলামে নারীদের!

ইসলাম ধর্ম কি নারীদের জন্য?

ইসলাম ধর্মের প্রধান ধর্মগ্রন্থ হচ্ছে কুরআন। এই গ্রন্থই একজন মুসলমান নারী বা পুরুষের প্রধান পথ প্রদর্শক। এই পবিত্র ধর্মগ্রন্থ প্রথম থেকে শেষ পর্যন্ত পড়লে সহজেই বুঝা যাবে যে কুরআন শুধু পুরুষদের উদ্দেশ্যেই পাঠানো হয়েছে। নারীদের জন্য কুরআন পাঠানো হয় নাই। নারীদের কুরআন পড়ার প্রয়োজন নেই, শুধু মুমিন পুরুষরা নারীদের যা করতে বলবে তাই নারীদের করতে হবে, তাই নারীদের ধর্ম। যেমন–

সূরা বাকারা এর ২৫ নং আয়াত:

"যারা ঈমান এনেছে এবং নেক কাজ করেছে তুমি তাদেরকে সুসংবাদ দাও যে,তাদের জন্য রয়েছে জান্নাতসমূহ, তাদের জন্য তাতে থাকবে পবিত্র স্ত্রীগণ।"

উপরের আয়াতটি আমরা একটু ভালো করে পড়ি। এখানে হযরত নবী কে বলা হয়েছ তাদের সুসংবাদ দিতে যারা ঈমান এনেছে ও নেক কাজ করেছে তারা পরকালে জান্নাত, আর পবিত্র স্ত্রীগণ পাবে।
স্ত্রী কাদের থাকে? পুরুষদের। তাহলে ঈমান কারা আনবে? পুরুষরা। কারা নেক কাজ করবে? পুরুষরা। অতএব নারীদের ঈমান আনার দরকার আছে কি? নারীদের নেক কাজ করার দরকার আছে কি? ***যদি নারী পুরুষ সবার কথা বুঝাতো তাহলে লেখা হত, -"তাদের জন্য তাতে থাকবে পবিত্র স্বামী ও স্ত্রীগণ"।***

সূরা ৩ আল ইমরান, আয়াত নং ১৪:

"**মানুষের জন্য সুশোভিত করা হয়েছে** প্রবৃত্তির ভালোবাসা- **নারী, সন্তানাদি, রাশি রাশি সোনা-রূপা, চিহ্নিত ঘোড়া, গবাদিপশু ও শস্যক্ষেত্র। এগুলো দুনিয়ার জীবনের ভোগসামগ্রী**। আর আল্লাহ, তার নিকট রয়েছে উত্তম প্রত্যাবর্তনস্থল।"

উপরের আয়াতটিতে আল্লাহ মানুষকে বলছেন, মানুষের জন্য কী কী সুশোভিত মানে সুন্দর করা হয়েছে। ***এর মধ্যে নারী একটি।*** *কী চমৎকার!* ***আর মানুষ বলতে শুধু পুরুষদের বোঝানো হয়েছে।*** *কারণ নারীকে তো আর নারীদের জন্য সুন্দর করা হবেনা* ***এবং নারীকে ঘোড়া, গবাদিপশু কাতারে নিয়ে গিয়েছে।*** *আর নারীর কি প্রবৃত্তির ভালোবাসা নেই?*

যদি নারীদের জন্যও কুরআন লেখা হত তবে আয়াতটি হত এমনঃ "মানুষের জন্য সুশোভিত করা হয়েছে- প্রবৃত্তির ভালোবাসা, নারী পুরুষ একে অপরকে, সন্তানাদি,রাশি রাশি সোনারূপা, চিহ্নিত ঘোড়া,গবাদিপশু ও শস্যক্ষেত্র"। অর্থাৎ নারীর সাথে পুরুষ শব্দটিও থাকতো।

সূরা ৪ নিসা, আয়াত নং ৩:

"আর যদি তোমরা আশঙ্কা কর যে, ইয়াতীমদের ব্যাপারে তোমরা ইনসাফ করতে পারবে না, তাহলে তোমরা বিয়ে কর নারীদের মধ্যে যাকে তোমাদের ভালো লাগে; দুটি, তিনটি অথবা চারটি। আর যদি ভয় কর যে, তোমরা সমান আচরণ করতে পারবে না, তবে একটি অথবা **তোমাদের ডান হাত যার মালিক হয়েছে**। এটা অধিকতর নিকটবর্তী যে, তোমরা জুলুম করবে না।"

এখানেও "তোমরা" পুরুষদের উদ্দেশ্য করে বলা হয়েছে। ইয়াতীম কি শুধু মেয়েরাই ছিল? ছেলেরা কি এয়াতিম ছিল না? ইয়াতীম মেয়েদের ইনসাফ করতে হলে তাদের বিয়ে করতে হবে? বিয়ে না করে ইয়াতীম মেয়েদের কি ইনসাফ দেয়া যেতো না? আরো বলা হয়েছে, ***নারীদের মধ্যে যাকে তোমার ভালো লাগে। দুটি, তিনটি, চারটি। মানে নারী একেবারে দোকানের পণ্য।*** *আবার যদি সমান আচরণ করতে না পারে তবে একজনকে অথবা বিয়ে না করলে ক্রীত দাসী বা যুদ্ধবন্দিনীকে ব্যবহার করা যাবে। একজন মা ই তার সন্তানদের প্রতি সমান আচরণ করতে পারে না। সেখানে বউদের সাথে সমান আচরণ আশা করা যায় কি? আল্লাহও তো বলেছেন যে সমান আচরণ করা সম্ভব নয়!*

সূরা ৪ নিসা আয়াত ১২৯:

"তোমরা কখনও স্ত্রীগণের মধ্যে সুবিচার করতে পারবেনা যদিও তোমরা তা কামনা কর, সুতরাং তোমরা কোন একজনের প্রতি সম্পূর্ণরূপে ঝুকে পড়োনা ও অপরজনকে ঝুলন্ত অবস্থায় রেখোনা এবং যদি তোমরা পরস্পর সমঝতায় আসো ও সংযমী হও তাহলে নিশ্চয়ই আল্লাহ ক্ষমাশীল, করুণাময়।"

ক্রীতদাসী বা যুদ্ধবন্দিনীর সাথে বিবাহ বহির্ভূত যৌন সম্পর্ক- *কী ভয়ঙ্কর কথা! আল্লাহর এমন অমানবিক, অপমানকর, অসৌজন্যমূলক নিয়ম নারীদের জন্য! মনে হচ্ছে কি এটা আল্লাহ তথা সৃষ্টিকর্তার বিধান? প্রত্যেকটি সৃষ্টিই সৃষ্টিকর্তার কাছে সমান আদরের, সমান প্রিয় হওয়ার কথা। এতো দেখি পক্ষপাতিত্ব। এখন কি মনে হচ্ছে নারীদের জন্য ধর্ম আছে?*

সূরা ৪ নিসা, আয়াত নং ১৫:

"আর তোমাদের নারীদের মধ্য থেকে যারা ব্যভিচার করে, তোমরা তাদের উপর তোমাদের মধ্য থেকে চারজন সাক্ষী উপস্থিত কর। অত:পর তারা যদি সাক্ষ্য দেয় তবে তোমরা তাদেরকে ঘরের মধ্যে আবদ্ধ রাখ যতক্ষণ না মৃত্যু তাদের জীবন শেষ করে দেয়। অথবা আল্লাহ তাদের জন্য কোন পথ তৈরি করে দেন।"

এখানে লক্ষ করুন 'তোমাদের নারীদের'। এখানেও তোমাদের বলতে মুমিন পুরুষদের বুঝিয়েছে। আর সেই পুরুষদের নারী। ***নারী কোন স্বাধীন সত্ত্বা নয়****। ব্যভিচার কি শুধু নারীরা করে? ব্যভিচার করতে একজন নারী এবং একজন পুরুষের দরকার হয়। যদি নারী পুরুষ সবার জন্য কুরআন নাযিল হত তা হলে আয়াতটি হত নিম্নরূপ–*

"আর যদি কোন নারী ও পুরুষ ব্যভিচার করে তাদের জন্য সাক্ষী ও প্রমাণের ব্যবস্থা করতে হবে। যদি সাক্ষ্য প্রমাণে সন্দেহাতীতভাবে ঘটনার সত্যতা পাওয়া যায় তবে তাদের উভয়কে ঘরের মধ্যে আবদ্ধ রাখতে হবে যতক্ষণ না মৃত্যু তাদের জীবন শেষ করে দেয়"। অথবা এমনও বলা হত, "তোমাদের নারীপুরুষের মধ্য থেকে"। কিন্তু তা বলা হয়নি।

সূরা ৪ নিসা, আয়াত নং ৪:

"আর তোমরা নারীদেরকে সন্তুষ্ট চিত্তে মোহর দাও, অত:পর যদি তারা তোমাদের জন্য তা থেকে খুশি হয়ে কিছু ছাড় দেয়, তাহলে তোমরা তা সানন্দে তৃপ্তি সহকারে খাও।"

এখনেও 'তোমরা' বলতে মুমিনদের তথা পুরুষদের বুঝিয়েছে। যদি নারীপুরুষ সবার জন্য কুরআন নাযিল হত তাহলে আয়াতটি এমন হত, "স্বামীরা স্ত্রীদের মোহর দিবে, স্ত্রীরা চাইলে ছাড় দিতে পারে, পরস্পর আনন্দে একসাথে বসবাস করার জন্য।"

সূরা ৪ নিসা, আয়াত নং ২০:

"আর যদি তোমরা এক স্ত্রীর স্থলে অন্য স্ত্রীকে বদলাতে চাও আর তাদের কাউকে তোমরা প্রদান করেছ প্রচুর সম্পদ, তবে তোমরা তা থেকে কিছু নিও না। তোমরা কি তা নেবে অপবাদ এবং প্রকাশ্য গুনাহের মাধ্যমে।"

উক্ত আয়াতের নায়কও সম্মানিত পুরুষগণ এবং পুরুষদের উদ্দেশ্যেই আর স্ত্রী হলো পণ্য। পছন্দ হল না সাথে সাথে বদলে ফেলা যাবে। তবে এত টুকু দয়া মহান আল্লাহতালা করেছেন তাদেরকে দেয়া জিনিস রাখা যাবে না। যদি নারীদের আল্লাহ, কোরাণ আর ধর্ম থাকতো তবে আয়াতটা হত এমন-

"আর যদি স্বামীস্ত্রী পরস্পর পরস্পকে বদলাতে চায় বা তারা বিচ্ছেদ চায় তবে দাবীহীন শান্তিপূর্ণ ভাবে একে অপরকে ছেড়ে দিতে পারে। এতেই রয়েছে অসীম কল্যাণ"।

সূরা বাকারা, আয়াত ২২২

আর তারা তোমাকে হায়েয সম্পর্কে প্রশ্ন করে। বল, তা **অশুচি** । সুতরাং তোমরা হায়েযকালে স্ত্রীদের থেকে দূরে থাক এবং তারা পবিত্র না হওয়া পর্যন্ত তাদের নিকটবর্তী হয়ো না। [সহিহ বুখারী, হাদিস নং ৩২৪: ঋতুবতী মহিলা ঈদগাহ হতে দূরে থাকবে।]

কুরআন 44:51

নিশ্চয় জান্নাতে মুত্তাকীরা থাকবে নিরাপদ স্থানে, আর আমি তাদেরকে বিয়ে দেব ডাগর নয়না হূরদের সাথে। যাদেরকে ইতঃপূর্বে স্পর্শ করেনি কোন মানুষ আর না কোন জিন।

কুরআন 55:58- 'তারা(হূর) যেন হীরা ও প্রবাল'।

কুরআন 56:35-37

"নিশ্চয় আমি হূরদেরকে বিশেষভাবে সৃষ্টি করব। অতঃপর তাদের বানাব কুমারী, সোহাগিনী ও সমবয়সী।"

লক্ষ্য করুন, বিশেষভাবে জান্নাতি নারী বানিয়ে মুমিন পুরুষদেরদের লোভ দেখিয়ে উনি ওনার দলে ভিড়ানোর চেষ্টা করেছেন। উনি কি একজন নারী ব্যবসায়ী নন? পবিত্র কুরআনে এমন কোন আয়াত নেই যেখানে জান্নাতে গমনকারী নারীদের জন্য বিশেষভাবে আকর্ষণীয় গঠনে পুরুষ তৈরি হয়েছে।

সূরা নং ২ আল বাকারা, আয়াত নং ২২৩:

"তোমাদের স্ত্রীরা তোমাদের ফসল ক্ষেত্র। সুতরাং তোমারা তোমাদের ফসল ক্ষেত্রে গমন কর, যেভাব চাও।

এই আয়াতটিতেও দেখা যাচ্ছে, তোমরা মানে নারী-পুরুষ সবাই নয়, শুধু পুরুষশার্দূলগণ। আর স্ত্রীদের শস্য ক্ষেত্র বলা হয়েছে। মানে পুরুষরা তার লাঙ্গল দিয়ে.যে ভাবে খুশি সে ভাবেই চাষ করতে পারবে আর ইচ্ছে মত ফসল ফলাবে। আর নারীরা বরাবরের মতই দ্রব্য, সম্পদ, বাচ্চাদানী হিসেবে ফুটে উঠেছে। নারীকে সৃষ্টি করা হয়েছে পুরুষের জন্য, পুরুষের বিনোদন এবং অবসন্নতা কাটাবার জন্য।

সূরা নং ২ আল বাকারা, আয়াত নং ২৩৬:

"তোমাদের কোন অপরাধ নেই যদি তোমরা স্ত্রীদেরকে তালাক দাও এমন অবস্থায় যে, তোমরা তাদেরকে স্পর্শ(সহবাস) করনি কিংবা তাদের জন্য কোন মোহর নির্ধারণ করনি। এবং তোমরা তাদেরকে কিছু খরচপত্র দিয়ে (বিদায়)দিবে।"

তাফসীরঃ অর্থাৎ এমতাবস্থায় তোমাদের উপর (মোহরের) কোন বাধ্যবাধকতা নেই। আর এ অবস্থায় তালাক দেয়াতে তোমাদের কোন অপরাধ হবে না। যদিও এতে স্ত্রীদের মন ভাঙ্গা হয়ে যায়। এতে তাদের কিছুটা কষ্ট হয় এবং পরবর্তী জীবনের জন্য তাদের কিছুই থাকে না। তাই এ নির্দেশ এমন মহিলাদের ব্যাপারে- বিবাহের সময় যার দেনমোহর নির্ধারিত হয়নি এবং স্বামী সহবাসের পূর্বেই যাকে তালাক দিয়ে দিয়েছে, (বলা হচ্ছে,) তাকে কিছু না কিছু খরচপত্র (ক্ষতিপূরণস্বরূপ) দিয়ে বিদায় কর।

এখানেও আবার একই রকম পুরুষ তোষণ! তোমাদের কোন অপরাধ নেই যদি তোমরা স্ত্রীদেরকে তালাক দাও, এমন অবস্থায় যে তোমরা তাদেরকে স্পর্শ করনি কিংবা মোহর নির্ধারণ করনি। মোহর তো স্ত্রীর শরীরকে ভোগ করার জন্য প্রদত্ত অর্থ, আরো স্পষ্ট করে হাদিসে বলা হয়েছে স্ত্রীর যৌনাঙ্গ ভোগ হালাল করার টাকা! তবে তো ভালো হত একবার স্ত্রী গমনে কত মোহর তা নির্ধারণ করলে।

সূরা নং ৫ আল-মায়িদাহ, আয়াত নং ৬:

"হে মুমিনগণ, যখন তোমরা সালাতে দণ্ডায়মান হতে চাও, তখন যদি তোমরা অপবিত্র থাক তবে ভালোভাবে পবিত্র হও। আর যদি অসুস্থ হও কিংবা সফরে থাক অথবা অথবা তোমরা যদি স্ত্রী সহবাস কর অতঃপর পানি না পাও, তবে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম কর।

উপরের আয়াতে সালাতে দণ্ডায়মান হতে হলে পুরুষদের কখন কী কী করতে হবে তার বর্ণনা রয়েছে। এখানে বলা হচ্ছে তোমরা যদি স্ত্রী সহবাস কর অত:পর পানি না পাও, তবে পবিত্র মাটি দ্বারা তায়াম্মুম কর। তার মানে হল নামাজ শুধু পুরুষদের জন্য। আর যদি নারীপুরুষ সবার জন্য তবে আয়াতটিতে স্ত্রীসহবাস না লিখে শুধুমাত্র সহবাস লিখলেই হত। নারীরা বুঝে নিতো নামাজ তাদেরও জন্য। পুরো কুরআন শরীফ জুড়ে আরো বহু জায়গায় এভাবেই মহান আল্লাহতালা কখনও হে মুমিনগণ বা তোমাদের বা তোমরা বলে পুরুষদেরই সম্বোধন করে কথা বলেছেন। আপনার দরকার পুরুষ আর পুরুষের দরকার নারীর। নাকি আপনি পুরুষ গোত্রীয়?

এবারে চলুন ইসলামে নারীকে কেন সৃষ্টি করা হয়েছে সে সম্বন্ধে একটা **ভিডিও** দেখে আসি,

https://www.youtube.com/watch?v=8g5BEPkMvHA / https://drive.google.com/file/d/1-4XhIYYxsHGpuVm9mzTxvNvI_jehAl-0/view?usp=drive_link

ইসলামে নারীর প্রতি কতটা নিকৃষ্ট দৃষ্টিভঙ্গী!! = https://drive.google.com/file/d/1-Q7c-ACz_0beJSxIIkR_Kha-wgXzFRDc/view

নারীকে কোন চোখে দেখতেন নবী মুহাম্মদ?

অন্তত নিজের মা বোনদের কথা চিন্তা করেও যদি আপনার মনে নারী জাতির প্রতি সামান্য সম্মান-মর্যাদা অবশিষ্ট থাকে তবে- সাহাবীদের ইসলামে ও ইসলামের জন্য জীবন দিতে আকৃষ্ট করার জন্য_ নবী মুহাম্মদের কাল্পনিক প্রলোভন নামক তথাকথিত জান্নাত ওরফে হেরেমখানায় (যেখানে একজন পুরুষ অনেক সুন্দরী নারীর শরীর ভোগ করে ফূর্তি করে) আপনি কোনদিনই যেতে চাইবেন না, এমনকি কল্পনাতেও নয় (পড়ার জন্য লেখার উপর ক্লিক করুন)।

❖ Arab women before and after Islam: Opening the door of pre-Islamic Arabian history

Documents about Father of Muhammad

তৃতীয় লিঙ্গের মানুষের প্রতি ইসলাম

৫৮৮৬ নবী স **হিজড়াদের উপর উপর লানত করেছেন(অভিশাপ দিয়েছেন)**। তিনি বলেছেনঃ ওদেরকে ঘর থেকে বের করে দাও।

৬৮৩৪ পরিচ্ছদঃ **নপুংসকদের(হিজড়াদের) নির্বাসিত করা।**

ইবনু আব্বাস (রা) বলেন, **রাসূলুল্লাহ সা অভিশাপ দিয়েছেন নারীরূপী পুরুষ ও পুরুষরূপী নারীদের উপর এবং বলেছেনঃ তাদেরকে বের করে দাও তোমাদের ঘর হতে এবং নবী সা অমুক অমুককে বের করে দিয়েছেন।**

নাসাঈ, হাদীছ ছহীহ, ছহীহ তারগীব হা/২০৭০

ইবনু উমর (রা) বলেন, নবী সা বলেছেন- **'তিন শ্রেণীর লোক জান্নাতে যাবে না- তারমধ্যে রয়েছে পুরুষের বেশ ধারণকারী নারী'।**

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)


৪১০৯। আয়িশা (রা) বলেন, রাসূলুল্লাহ সা এক হিজড়াকে আল-বায়দা নামক স্থানে পাঠিয়ে দিলেন। এরপর সে হিজড়া প্রতি শুক্রবার খাদ্যের জন্য শহরে আসতো।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

পরিচ্ছেদঃ ৬১. হিজড়া সম্পর্কে বিধান

৪৯২৮। আবূ হুরাইরাহ (রা) বলেন, এক হিজড়াকে নবী সা এর নিকট আনা হলো। তার হাত-পা মেহেদী দ্বারা রাঙ্গানো ছিলো। রাসূলুল্লাহ সা বললেনঃ এর এ অবস্থা কেন? বলা হলো, হে আল্লাহর রাসূল! সে নারীর বেশ ধরেছে। রাসূলুল্লাহ সা তাকে আন-নকী নামক স্থানে নির্বাসন দেয়ার নির্দেশ দিলেন। সাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল! আমরা কি তাকে হত্যা করবো না? তিনি বললেনঃ সালাত আদায়কারীকে হত্যা করতে আমাকে নিষেধ করা হয়েছে।

জ্বীন জাতির বিস্ময়কর ইতিহাস, ইসলামের মহাপন্ডিত আল্লামা জালালুদ্দীন সুয়ূতি



৫০ জ্বিন জাতির বিস্ময়কর ইতিহাস

হিজড়া জন্মায় কেমন করে

হযরত ইবনে আব্বাস (রাঃ) বলেছেনঃ হিজড়ারা জ্বিনদের সন্তান। কোনও এক ব্যক্তি হযরত ইবনে আব্বাস (রাঃ)-কে প্রশ্ন করেন যে এমনটা কেমন করে হতে পারে? হযরত ইবনে আব্বাস (রাঃ) উত্তরে বলেনঃ আল্লাহ্ ও তাঁর রসূল (সাঃ) নিষেধ করেছেন যে মানুষ যেন তার স্ত্রীর মাসিক স্রাব চলাকালে যৌনসঙ্গম না করে। সুতরাং কোনও মহিলার সঙ্গে তার ঋতুস্রাব চলার সময় সঙ্গম করা হলে শয়তান তার আগে আগে থাকে এবং সেই শয়তানের দ্বারা ওই মহিলা গর্ভবতী হয় ও হিজড়া সন্তান প্রসব করে।(৩)

জ্বিন-মানুষের যৌথ মিলনজাত সন্তানের নাম কী

আল্লামা সাআলাবী (রহঃ) বলেছেনঃ মানুষ ও জ্বিনের যৌথ মিলনজাত বাচ্চাকে বলা হয় 'খুন্নাস'।(৬)

https://www.canva.com/design/DAGAEBPSBmc/pi5FfaFk7wZYnhDK9Gjb3Q/watch

সূনান তিরমিজী (তাহকীককৃত)

৩১১৭। ইয়াহুদীরা নবী সা এর নিকট এসে বলল, **আমাদেরকে মেঘের গর্জন প্রসঙ্গে বলুন**, এটা কি? নবী সা বললেনঃ মেঘমালাকে হাকিয়ে নেয়ার জন্য ফেরেশতাদের একজন নিয়োজিত আছে। তার সাথে রয়েছে আগুনের চাবুক। এর সাহায্যে সে মেঘমালাকে সেদিকে পরিচালনা করেন, যেদিকে আল্লাহ তা'আলা চান। তারা বলল, **আমরা যে আওয়াজ শুনতে পাই** তার তাৎপর্য কি? রাসূলুল্লাহ সা বললেনঃ **এটা হচ্ছে ফেরেশতার হাকডাক**। এভাবে হাকডাক দিয়ে সে মেঘমালাকে তার নির্দেশিত স্থানে নিয়ে যায়।


সূনান তিরমিজী (ইফা)

৩১১৭। ইবন আব্বাস রা বলেন, একবার কতিপয় ইয়াহূদী নবী সা এর কাছে এসে বললঃ আপনি আমাদের বলুন, বজ্র কি? তিনি বললেনঃ মেঘ-বিষয়ে দায়িত্বশীল এক ফেরেশতা। যার সঙ্গে **আগুনের একটি বেত** রয়েছে। এর দ্বারা আল্লাহ্ যেখানে চান সেখানেই এই ফেরেশতা মেঘ হাঁকিয়ে নিয়ে যান। তারা বললঃ **আমরা যে শব্দ শুনতে পাই তা কি**? তিনি বললেনঃ **এ হল মেঘ তাড়ানোর হাঁক যখন তিনি মেঘ তাড়িয়ে নিয়ে যান পরিশেষে তা নির্দেশিত স্থানে গিয়ে পৌঁছে**। তারা বললঃ আপনি ঠিক বলেছেন।

সহীহ মুসলিম (হাদিস একাডেমী)

৭৩০৬। রসূলুল্লাহ সা বলেছেনঃ **মানুষের শরীরে এমন একটি হাড় আছে, যা জমিন কখনো ভক্ষণ করবে না**। কিয়ামাতের দিন এর দ্বারাই পুনরায় মানুষ সৃষ্টি করা হবে। সহাবাগণ বললেন, হে আল্লাহর রসূল! এ আবার কোন হাড্ডি? রসূল সা বললেন, এটা হলো- **মেরুদণ্ডের হাড্ডি**। সুনান ইবনু মাজাহ ৪২৬৬

https://www.hadithbd.com/hadith/link/?id=54403



৫৫২ কিতাবুল ফিতানি ওয়া আশরাতুস সা'আতি

(٧٢٦٨) وَحَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا الْمُغِيرَةُ يَعْنِي الْحِزَامِيَّ عَنْ أَبِي الزِّنَادِ عَنِ الأَعْرَجِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ "كُلُّ ابْنِ آدَمَ يَأْكُلُهُ التُّرَابُ إِلاَّ عَجْبَ الذَّنَبِ مِنْهُ خُلِقَ وَفِيهِ يُرَكَّبُ".

(৭২৬৮) হাদীছ (ইমাম মুসলিম (রহ.) বলেন) আর আমাদের নিকট হাদীছ বর্ণনা করেন কুতায়বা বিন সাঈদ (রহ.) তিনি ... আবূ হুরায়রা (রাযি.) হইতে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, মানুষের সব কিছুই মাটি খাইয়া ফেলিবে। কেবল মেরুদণ্ডের হাড় বাকী থাকিবে। ইহার দ্বারাই প্রথমতঃ মানুষ সৃষ্টি করা হইয়াছে এবং ইহার দ্বারাই আবার তাহাদেরকে সৃষ্টি করা হইবে।

https://sunnah.com/Bukhari:4814

Prophet (ﷺ) said, "Everything of the human body will decay except the coccyx bone (tailbone)".

সূনান নাসাঈ (ইফা)

১৩৭৭। আওস ইবনু আওস (রাঃ) বলেন- নবী সা বলেছেন, তোমাদের সকল দিনের মধ্যে পরম উৎকৃষ্ট দিন হল জুমুআর দিন, সে দিন আদম আ কে সৃষ্টি করা হয়েছিল। তোমরা আমার উপর বেশি বেশি দরুদ পড়। কেননা, তোমাদের দরুদ আমার কাছে পেশ করা হয়। তারা বললেন, ইয়া রাসুলাল্লাহ! কিভাবে আমাদের দরুদ আপনার কাছে পেশ করা হবে। যেহেতু আপনি এক সময় ওফাত পেয়ে যাবেন **অর্থাৎ তারা বললেন, আপনার দেহ মাটির সাথে মিশে যাবে**। নবী সা বললেন, **নিশ্চয়ই আল্লাহ তা'আলা যমীনের জন্য নবীগণের দেহ গ্রাস করা হারাম করে দিয়েছেন**।

হাদীস সম্ভার ১১৬৪।

আব্দুল্লাহ বিন আমর (রা) বলেন, আমি আল্লাহর রসূল সা নিকট শুনেছি, তিনি বলেছেন, হাজরে আসওয়াদ ও মাকামে ইবরাহীম জান্নাতের পদ্মরাগরাজির দুই পদ্মরাগ। আল্লাহ এ দু'য়ের নূর(জ্যোতি) কে নিষ্প্রভ করে দিয়েছেন। যদি উভয়মণির নূরকে তিনি নিষ্প্রভ না করতেন, তাহলে উদয় ও অস্তাচল(দিগদিগন্ত) কে উভয়ে জ্যোতির্ময় করে রাখত।

সূনান তিরমিজী (ইফা)

৮৭৮। রাসূলুল্লাহ সা বলেন, হাজরে আসওয়াদ জান্নাত থেকে অবতীর্ন হয়েছিল তখন সেটি ছিল দুধ থেকেও সাদা। **মানুষের গুণাহ- খাতা এটিকে এমন কালো করে দিয়েছে**।

(see also page 454-455)

In 1940 a Soviet scientist **brought a dead dog's head back to "life"** (It responded to external stimuli) and **then brought a clinically dead (drained of blood for ten minutes) dog back to life**. which kept alive for 6 months. He received the Lenin prize.

Video: Link 1 , Link 2 , Link 3 , Link 4 .

Successfull Experiment of Creating a Two-Headed Dog , Two headed by born human sharing a single heart ! 2 , 3 , 4 , 5 .

সুনানে ইবনে মাজাহ

৪২৪৪। রাসূলুল্লাহ সা বলেনঃ **মুমিন ব্যক্তি যখন গুনাহ করে তখন তার কলবে একটি কালো দাগ পড়ে। অতঃপর সে তওবা করলে, পাপকাজ ত্যাগ করলে তার কলব পরিচ্ছন্ন হয়ে যায়। সে আরও গুনাহ করলে সেই কালো দাগ বেড়ে যায়**। এই সেই মরিচা যা আল্লাহ তাঁর কিতাবে উল্লেখ করেছেন- "কক্ষনো নয়, বরং তাদের কৃতকর্মই তাদের অন্তরে জং (মরিচা) ধরিয়েছে"।

সূনান তিরমিজী (ইফা)

৩৩৩৪। রাসুলুল্লাহ সা বলেছেনঃ বান্দা যখন কোন গুনাহ করে তখন তার কলবে একটি কাল দাগ পড়ে। পরে যখন সে গুনাহ থেকে বিরত হয় এবং তাওবা করে তখন তার কলব উজ্জ্বল হয়ে যায়। কিন্তু **সে যদি পুনরাবৃত্তি করে তবে কাল দাগ বৃদ্ধি পায়**।

সহীহ বুখারী (তাওহীদ)

৫২। রাসূলুল্লাহ্ সা বলেনঃ জেনে রাখ, **শরীরের মধ্যে একটি মাংসের টুকরো আছে, তা যখন ঠিক হয়ে যায়, গোটা শরীরই তখন ঠিক হয়ে যায়। আর তা যখন খারাপ হয়ে যায়, গোটা শরীরই তখন খারাপ হয়ে যায়। জেনে রাখ, সে মাংসের টুকরোটি হল কলব**।

২০১৩। রাসূল সা বলেনঃ হে আয়িশা! **আমার দু'চোখ ঘুমায় বটে কিন্তু আমার কালব নিদ্রাভিভূত হয় না**।

৩৮৮৭। নবী সা মিরাজের রাতের ঘটনা বর্ণনা করতে গিয়ে বলেন, এক সময় আমি কাবা ঘরের একটি অংশে শুয়েছিলাম। হঠাৎ একজন আগন্তুক আমার নিকট এলেন এবং **আমার বুকের উপরিভাগ হতে নাভি পর্যন্ত কেটে ফেললেন। তারপর** আগন্তুক **আমার কলব বের করলেন**। তারপর আমার নিকট একটি সোনার পাত্র আনা হল যা ঈমানে পরিপূর্ণ ছিল। তারপর আমার **কালবটি ধৌত করা হল** এবং ঈমান দ্বারা পরিপূর্ণ করে **যথাস্থানে আবার রেখে দেয়া হল**। তারপর সাদা রং এর একটি জন্তু(বুরাক) আমার নিকট আনা হল। যা আকারে খচ্চর হতে ছোট ও গাধা হতে বড় ছিল। এটি একেক কদম রাখে দৃষ্টির শেষ সীমায়। আমাকে তার উপর চড়ানো হল।

৭৫১৭ নবী সা বলেনঃ মিরাজের রাতে জিবরীল (আ.) তাঁর গলার নিচ হতে বুক পর্যন্ত বিদীর্ণ করলেন এবং **তাঁর বুক ও পেট থেকে সবকিছু নেড়েচেড়ে যমযমের পানি দ্বারা নিজ হাতে ধৌত করেন। সেগুলোকে পরিস্কার করলেন**, তারপর একটি সোনার পাত্র আনা হল যা ছিল ছিল ঈমান ও প্রজ্ঞায়। **তাঁর বুক ও গলার রগগুলো এর দ্বারা পূর্ণ করলেন**। তারপর সেগুলো যথাস্থানে রেখে বন্ধ করে দিলেন। তারপর তাঁকে নিয়ে পৃথিবীর আসমানের দিকে উঠলেন।

সুনান আদ-দারেমী


১৩। রাসূলুল্লাহ সা বর্ণনা করেন, ...তারা দ্রুত আমার দিকে এগিয়ে এসে আমাকে ধরে চিত করে শুইয়ে দিল। তারপর **আমার পেট চিরে ফেলে আমার 'কলব' বের করে সেটিও চিরে ফেলল**। **সেখান থেকে কালো রংয়ের দু'টি রক্তপিণ্ড বের করে ফেলল**। এরপর তাদের একজন তার সাথীকে বলল: বরফের পানি নিয়ে আস। অতঃপর সে পানি দিয়ে আমার ভেতরটা ধুয়ে দিল। তারপর একজন অপরজনকে বলল: সমান করে সেলাই করে দাও, ফলে সে সমান করে সেলাই করে দিল।

সুনান ইবনু মাজাহ

১৫৮৮। উসামাহ (রা) বলেন, নবী সা এর এক কন্যার পুত্রশিশুর মৃত্যু আসন্ন হয়। শিশুটিকে যখন তারা রাসূলুল্লাহ সা এর কাছে দিলো, **তখন তার রূহ তার বুকের মাঝে ধড়ফড় করছিল**।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

২০২০। ..... শিশুটিকে নবী সা এর কাছে উঠিয়ে আনা হল। **বাচ্চাটির রূহ এমনভাবে ধড়ফড় করছে যেন পুরাতন মশকের মধ্যে ঝনঝন শব্দ হচ্ছে**।




৭৩৯৩ নবী সা বলেছেনঃ **তোমরা কেউ বিছানায় গেলে তখন যেন সে বলে, হে আল্লাহ! তুমি যদি আমার জীবন(نَفْسِ) আটকে রাখ, তাহলে তাকে ক্ষমা করে দিবে। আর যদি তা ফিরিয়ে দাও, হিফাযত কোরো।**

৭৩৪৭,৭৪৬৫ আলী (রা) বলেন, এক রাতে রাসূলুল্লাহ সা আমাদের নিকট এসে জিজ্ঞেস করলেন, তোমরা সালাত পড়েছ কি? আমি বললাম, হে আল্লাহর রাসূল! **আমাদের জীবন তো আল্লাহর হাতে। তিনি আমাদেরকে যখন জাগাতে চান, জাগিয়ে দেন।**
এ কথা শুনার পর রাসূলুল্লাহ সা চলে গেলেন, তার কথার জবাব দিলেন না।
আলী (রা) বলেন- আমি শুনতে পেলাম, তিনি চলে যাচ্ছেন আর উরুতে হাত মেরে মেরে বলছেনঃ মানুষ অধিকাংশ বিষয়েই বিতর্কপ্রিয়।

৭৩৯৪ নবী সা যখন আপন বিছানায় যেতেন, তখন বলতেন- **হে আল্লাহ্! আমি তোমারই নামে মৃত্যুবরণ করি, আবার তোমারই নামে জীবিত হই।** আবার **ভোর হলে বলতেনঃ সমস্ত প্রশংসা সেই আল্লাহর যিনি আমাদেরকে মৃত্যুর(ঘুমের) পর জীবিত করেছেন।**

৫৯৫ বিলাল (রা) বললেন, আমার এতো অধিক ঘুম আর কখনও পায়নি। আল্লাহর রাসূল সা. বললেনঃ আল্লাহ্ তাআলা যখন ইচ্ছা করেছেন তখন তোমাদের রূহ্(আত্মা) কবয করে নিয়েছেন; আবার যখন ইচ্ছা করেছেন তখন তা তোমাদের ফিরিয়ে দিয়েছেন।

৭৪৭১ আবূ ক্বাতাদাহ (রা) এর পিতা হতে বর্ণিত। যখন **তাঁরা সালাত থেকে ঘুমিয়ে ছিলেন তখন নবী সা বলেছিলেনঃ আল্লাহ্ যখন ইচ্ছা করেন তোমাদের রূহকে নিয়ে নেন, আর যখন ইচ্ছা ফিরিয়ে দেন।** এরপর তারা তাদের প্রয়োজন সারলেন এবং ওযূ করলেন।



↥

সহীহ মুসলিম (ইফাঃ)

৬৭৯৭। রাসুলুল্লাহ সা বলেন, আল্লাহ তাআলা শনিবার দিন মাটি সৃষ্টি করেন। রোববার দিন তিনি এতে পর্বত সৃষ্টি করেন। সোমবার দিন তিনি বৃক্ষরাজি সৃষ্টি করেন। মঙ্গলবার দিন তিনি আপদ বিপদ সৃষ্টি করেন। বুধবার দিন তিনি আলো সৃষ্টি করেন। বৃহস্পতিবার দিন তিনি পৃথিবীতে পশু-পাখি ছড়িয়ে দেন এবং জুমুআর দিন(শুক্রবার) আসরের পর তিনি আদম আ কে সৃষ্টি করেন।

মুহাম্মদ নারীদের ভ্যাজাইনাল লিকুইডকে নারীদের বীর্য মনে করতো

১৩০ রাসূলুল্লাহ্ সা এর নিকট উম্মু সুলায়ম (রা) এসে বললেনঃ হে আল্লাহর রাসূল! মহিলাদের স্বপ্নদোষ হলে কি গোসল করতে হবে? রাসূল সাঃ বললেনঃ 'হ্যাঁ, যখন সে বীর্য দেখতে পাবে।' তখন উম্মু সালামাহ (লজ্জায়) তার মুখ ঢেকে নিয়ে বললেন, 'হে আল্লাহর রাসূল! মহিলাদেরও স্বপ্নদোষ হয় কি?' রাসূল সা বললেন, 'হ্যাঁ, তা না হলে তাদের সন্তান তাদের আকৃতি পায় কীভাবে !

৩৩২৮ **নবী সা বলেন- "মেয়েদের স্বপ্নদোষ হলে তাদের উপর গোসল ফরজ হবে, যখন সে বীর্য দেখতে পায়। এ কথা শুনে উম্মু সালামাহ (রা) হাসলেন এবং বললেন, মেয়েদের কি স্বপ্নদোষ হয়? তখন রাসূলুল্লাহ সা বললেন, তা না হলে সন্তান তার মত কিভাবে হয় !**

সহীহ মুসলিম (ইফা) Must see: https://www.hadithbd.com/hadith/link/?id=69922

পরিচ্ছেদঃ মহিলার মনী (বীর্য) বের হলে তার উপর গোসল করা ওয়াজিব

৬০৩। রাসূলুল্লাহ্ সা বলেনঃ পুরুষের বীর্য গাড় সাদা আর মেয়েলোকের বীর্য পাতলা, হলুদ।

৩৩২৯,৩৯৩৮ আবদুল্লাহ ইবনু সালাম, রাসূলুল্লাহ সা কে জিজ্ঞেস করলেন, কী কারণে সন্তান তার পিতার মত দেখতে হয়? আর কী কারণে কোন কোন সময় তার মামাদের মত হয়?

তখন রাসূলুল্লাহ সা বললেন, এই মাত্র জিবরাঈল (আ.) আমাকে এ বিষয়ে অবহিত করেছেন। সন্তান সদৃশ হবার ব্যাপার এই যে- পুরুষ যখন তার স্ত্রীর সঙ্গে যৌনসঙ্গম করে তখন যদি পুরুষের বীর্য প্রথমে বের হয় তবে সন্তান পিতার মত দেখতে হবে আর যখন স্ত্রীর বীর্য পুরুষের বীর্যের পূর্বে বের হয় তখন সন্তান মায়ের মত দেখতে হয়।

৫৩৫ রাসূল সা বলেনঃ **গরমের প্রচন্ডতা জাহান্নামের নিঃশ্বাসের ফলেই সৃষ্টি হয়।**

৫৩৭ রাসূল সাঃ বলেনঃ জাহান্নাম তার প্রতিপালকের নিকট এ বলে নালিশ করে, হে আমার প্রতিপালক! (দহনের প্রচন্ডতায়) আমার এক অংশ আর এক অংশকে গ্রাস করে ফেলেছে। **ফলে আল্লাহ্ তাআলা তাকে দু'টি শ্বাস ফেলার অনুমতি দিলেন, একটি শীতকালে আর একটি গ্রীষ্মকালে। আর সে দু'টি হলো, তোমরা গ্রীষ্মকালে যে প্রচন্ড উত্তাপ এবং শীতকালে যে প্রচন্ড ঠান্ডা অনুভব কর তাই।** সহীহ মুসলিম (হাঃ একাডেমী) ১২৯০।

৩২৬০ রাসূল সা বলেছেন, জাহান্নাম তার রবের নিকট অভিযোগ করে বলেছে, হে রব! আমার এক অংশ অপর অংশকে খেয়ে ফেলেছে। তখন তিনি তাকে দু'টি নিঃশ্বাস ফেলার অনুমতি প্রদান **করেন। একটি নিঃশ্বাস শীতকালে আর একটি নিঃশ্বাস গ্রীষ্মকালে। কাজেই তোমরা গরমের তীব্রতা এবং শীতের তীব্রতা পেয়ে থাক।**

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

১২৭৯। আবূ হুরায়রা (রা) বলেন যে, রাসুলুল্লাহ সা বলেছেন, **তোমরা যে শীত অনুভব কর, তা জাহান্নামের শ্বাস; আর যে গ্রীষ্ম অনুভব কর, তাও জাহান্নামের শ্বাস।**

৬৯১ রাসূল সা বলেনঃ তোমাদের **কেউ যখন ইমামের পূর্বে মাথা উঠিয়ে ফেলে, তখন সে কি ভয় করে না যে, আল্লাহ্ তার মাথা গাধার মাথায় পরিণত করে দিবেন, তার আকৃতি গাধার আকৃতি করে দেবেন।**

৭৫০ নবী সা বলেছেনঃ লোকদের কী হলো যে, তারা সালাতে আকাশের দিকে চোখ তুলে তাকায়? তিনি বললেনঃ যেন তারা অবশ্যই এ হতে বিরত থাকে, অন্যথায় **অবশ্যই তাদের দৃষ্টিশক্তি কেড়ে নেয়া হবে।** [For more info]

১০৩৯ নবী সা. বলেছেনঃ গায়বের চাবি, যা আল্লাহ্ ছাড়া কেউ জানে না- কেউ জানে না যে, কখন বৃষ্টি হবে।

৫৬৫৫ নবী সা এর এক কন্যা যাইনাব(রা) এর **এক শিশুকন্যা মৃত্যুর দুয়ারে উপনীত ছিল। শিশুটিকে নবী সা এর কোলে তুলে দেয়া হল। শিশুটির তার নিঃশ্বাস দ্রুত উঠানামা করছিল। সাদ (রা) বললেনঃ হে আল্লাহর রাসূল! এটা কী? তিনি উত্তর দিলেনঃ এটা হল রহমত। আল্লাহ তাঁর বান্দাদের মধ্য থেকে যাকে ইচ্ছে করেন তার হৃদয়ে এটি দিয়ে দেন।**

৫৪৮৪ নবী সা বলেন- যদি তুমি শিকারের প্রতি তীর নিক্ষেপ করে থাক; এরপর তা একদিন বা দু'দিন পর এমন অবস্থায় হাতে পাও যে, তার গায়ে তোমার তীরের আঘাত ব্যতীত অন্য কিছু নেই, তাহলে খাও।

৫৪৭৭ আদী ইবনু হাতিম (রা) বলেন, আমি রাসূলুল্লাহ সা কে জিজ্ঞেস করলামঃ হে আল্লাহর রাসূল! আমরা প্রশিক্ষণপ্রাপ্ত কুকুরগুলোকে শিকারে পাঠিয়ে থাকি। তিনি বললেনঃ কুকুরগুলো তোমার জন্য যেটি ধরে রাখে সেটি খাও। আমি বললামঃ যদি ওরা হত্যা করে ফেলে? তিনি বললেনঃ যদি ওরা হত্যাও করে ফেলে।

১৭২ রাসূলুল্লাহ্ সা বলেছেন তোমাদের কারো পাত্রে যদি কুকুর পান করে তবে তা যেন সাতবার ধুয়ে নেয়।

২৩৫ রাসূলুল্লাহ্ সা কে ঘিয়ে পতিত ইঁদুর সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বললেনঃ ইঁদুরটি এবং তার আশ পাশ হতে ফেলে দাও এবং তোমাদের অবশিষ্ট ঘি খাও।

৩৩২০ নবী সা বলেছেন, 'তোমাদের কারো পানীয় দ্রব্যে মাছি পড়লে সেটাকে তাতে ডুবিয়ে দেবে। অতঃপর তাকে উঠিয়ে ফেলবে। কেননা তার এক ডানায় রোগ থাকে আর অপর ডানায় থাকে রোগের প্রতিষেধক। মাছি বিষের ডানাকে আরোগ্যের ডানার আগে খাদ্যে লাগায় (সুনান ইবনু মাজাহ ৩৫০৪)। www.hadithbd.com/hadith/link/?id=74867 www.hadithbd.com/hadith/link/?id=44468

৫৬৭৮ নবী সা বলেছেনঃ আল্লাহ এমন কোন রোগ পাঠাননি যার আরোগ্যের ব্যবস্থা দেননি।

৫৬৮৮ রাসূলুল্লাহ সা বলেছেন- **কালোজিরা মৃত্যু ছাড়া সকল রোগের ঔষধ।**

ব্রেন ক্যান্সার বা এইডস আক্রান্ত রোগীকে খাইয়ে হাদিসটি মিথ্যা প্রমাণিত হওয়া থেকে বাঁচাতে পারেন

সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

২০৮৩। রাসূলুল্লাহ সা বলেছেনঃ **কোন লোক যদি কোন রোগীকে দেখতে যায় যার মৃত্যুক্ষণ আসেনি, সে তাকে সাতবার এই দুআ করলেঃ "আমি মহান আরশের রব আল্লাহর নিকট দুআ প্রার্থনা করছি, তিনি তোমাকে রোগ হতে সুস্থতা দান করুন", তাকে রোগমুক্ত করা হবে।**

আবূ দাউদ (তাহকিককৃত) ৩৮৯৫। আয়িশা (রা) বলেন, **কেউ ব্যথার অভিযোগ করলে** নবী সা তাঁর মুখের থুথু বের করে তাতে মাটি মিশিয়ে বলতেনঃ এ **পৃথিবীর মাটিতে আমাদের কারো থুথু মিশালে** আমাদের রবের আদেশে **রোগী ভালো হয়ে যায়।**

৫৬৮৯ রাসূলুল্লাহ সা বলেছেন- তালবীনা(তরল খাদ্য) রোগীর কলিজা মযবূত করে।

৩৩০৯ নবী সা বলেছেন, লেজকাটা সাপ দৃষ্টিশক্তি বিনষ্ট করে এবং গর্ভপাত ঘটায়।

৫৬৯২ নবী সা বলেছেন- **তোমরা ভারতীয় চন্দন কাঠ ব্যবহার করবে। কেননা তাতে সাতটি আরোগ্য রয়েছে।** শ্বাসনালীর ব্যথার জন্য এর ধোঁয়া নাক দিয়ে টেনে নেয়া যায়, পাঁজরের ব্যথা বা পক্ষাঘাত রোগ দূর করার জন্যও তা ব্যবহার করা যায়।

৫৬৯৬ নবী সা বলেনঃ **তোমরা যে সব জিনিস দিয়ে চিকিৎসা কর, সেগুলোর মধ্যে সবচেয়ে উত্তম হল শিঙ্গা লাগানো এবং সামুদ্রিক চন্দন কাঠ। তোমরা চন্দন কাঠ দিয়ে চিকিৎসা কর।**

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)। পরিচ্ছেদঃ মদ(Alcohol) দিয়ে চিকিৎসা করা হারাম

৫০৩৫। তারিক ইবনু সুওয়াইদ (রা) রসূলুল্লাহ সা কে মদ সম্পর্কে প্রশ্ন করলেন। তিনি তাকে বারণ করলেন এবং মদ প্রস্তুত করাকে খুব জঘন্য মনে করলেন। তারিক (রা) বললেন, আমি তো শুধু ঔষধ তৈরি করার জন্য মদ প্রস্তুত করি। তিনি বললেনঃ এটি তো ব্যাধি নিরাময়ক ঔষধ নয়, বরং এটি নিজেই ব্যাধি।

৫৬৮৩ নবী সা বলেছেন: তোমাদের ঔষধসমূহের কোনটির মধ্যে যদি কল্যাণ থাকে তাহলে তা আছে শিঙ্গাদানের মধ্যে কিংবা মধু পানের মধ্যে।

৫৭১৬ আবূ সা'ঈদ খুদরী (রা) হতে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সা এর কাছে এসে বলল যে, আমার ভাইয়ের পেট খারাপ হয়েছে। নবী সা বললেন, তাকে মধু পান করাও। সে তাকে মধু সেবন করাল। এরপর বলল, আমি তাকে মধু পান করিয়েছি কিন্তু অসুখ আরো বাড়ছে। তিনি বললেনঃ আল্লাহ সত্য বলেছেন, কিন্তু তোমার ভাইয়ের পেট তা মিথ্যা প্রতিপন্ন করতে চায়।

৫৬৮১ নবী সা বলেনঃ **রোগমুক্তি আছে তিনটি জিনিসে। শিঙ্গা লাগানোতে, মধু পানে এবং আগুন দিয়ে দাগ দেয়াতে**। তবে আমার উম্মাতকে আগুন দিয়ে দাগ দিতে নিষেধ করছি।

৫৭০৪ নবী সা বলেছেন: **যদি তোমাদের চিকিৎসাসমূহে কোনটির মধ্যে আরোগ্য থাকে, তাহলে তা আছে শিঙ্গা লাগানোতে কিংবা আগুন দ্বারা দাগ লাগানোতে**।

২১০৩ ইবনু আব্বাস (রা) বলেন, নবী সা শিঙ্গা লাগালেন এবং যে তাঁকে শিঙ্গা লাগিয়েছে, তাকে তিনি মজুরী দিলেন। মিশকাতুল মাসাবীহ ৪৫৪৩। জাবির (রা) বলেন, **একবার নবী সা এর নিতম্বে ব্যথা হওয়ায় তিনি সে স্থানে শিঙ্গা লাগিয়েছেন**।

৫৬৯৭ জাবির ইবনু আবদুল্লাহ (রা) অসুস্থ মুকাম্মাকে দেখতে যান। এরপর তিনি বলেনঃ আমি যাব না, যতক্ষণ না তুমি শিঙ্গা লাগাবে। কেননা, আমি রাসূলুল্লাহ সা-কে বলতে শুনেছিঃ **'নিশ্চয়ই এতে আছে নিরাময়'**।

৪৪৭৮ রাসূলুল্লাহ সা বলেছেনঃ **আল-কামাআত(ব্যাঙের ছাতা) এর পানি চোখের রোগের প্রতিষেধক**।

৫৭০৮ নবী সা বলেছেন- ছত্রাক এক প্রকারের শিশির থেকে হয়ে থাকে। আর এর রস চোখের আরোগ্যকারী।

সুনান ইবনু মাজাহ
৩৪৬৩। রাসূলুল্লাহ সা বলেছেনঃ **পাছার বাতরোগের চিকিৎসায়, ভেড়ার নিতম্ব গলিয়ে নিয়ে তা তিন ভাগ করতে হবে, অতঃপর প্রতিদিন এক ভাগ খালি পেটে খেতে হবে** (one part to be taken each day on an empty stomach)।

৫৭৭৬ নবী সা বলেনঃ **রোগের সংক্রমণ বলতে কিছু নেই**।

৫৭১৭ রাসূলুল্লাহ সা বলেছেনঃ **রোগের কোন সংক্রমণ নেই**। তখন এক বেদুঈন বললঃ হে আল্লাহর রাসূল! তাহলে আমার উটের এ অবস্থা কেন হয়? কোনো চর্মরোগাগ্রস্ত উট এসে সেগুলোর পালে ঢুকে পড়ে এবং এগুলোকেও চর্ম রোগে আক্রান্ত করে ফেলে। নবী সা বললেনঃ তাহলে প্রথমটিকে চর্ম রোগাক্রান্ত কে করেছে?

৫৭৭০ নবী সা বলেনঃ রোগের মধ্যে কোন সংক্রমণ নেই। তখন এক বেদুঈন বললঃ হে আল্লাহর রাসূল! তাহলে যে উট পাল মরুভূমিতে থাকে, হরিণের মত তা সুস্থ ও সবল থাকে। উটের পালে একটি চর্মরোগওয়ালা উট মিশে সবগুলোকে চর্মরোগগ্রস্ত করে দেয়? রাসূলুল্লাহ সা বললেনঃ তবে প্রথম উটটির মধ্যে কীভাবে এ রোগ সংক্রামিত হল?

৫৭৭৪ আবূ সালামাহ (রহ.) বলেন, আমি আবূ হুরাইরাহ (রা) থেকে শুনেছি, নবী সা বলেছেনঃ রোগাক্রান্ত উট নীরোগ উটের সাথে মিশ্রিত করবে না।

৫৭০৭ নবী সা বলেছেনঃ রোগের কোন সংক্রমণ নেই। তোমরা কুষ্ঠ রোগী থেকে দূরে থাক, যেভাবে তুমি বাঘ থেকে দূরে থাক।

কুষ্ঠ ও শ্বেতী রোগ নিয়ে নবী মোহাম্মদের মারাত্মক ভীতি, চরম অবৈজ্ঞানিক ধারণা (পড়তে লিংকে ক্লিক করুন)

৫৭৫৩ রাসূলুল্লাহ সা বলেছেনঃ **ছোঁয়াচে** ও শুভ-অশুভ **বলতে কিছু নেই**। অমঙ্গল তিন বস্তুর মধ্যে স্ত্রীলোক, গৃহ ও পশুতে।

৫৭৭২ নবী সা বলেছেনঃ রোগের সংক্রমণ বলতে কিছু নেই। অশুভ কেবল ঘোড়া, নারী ও ঘর এ তিন জিনিসের মধ্যেই রয়েছে।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত), ২৩/ চিকিৎসা
৩৯১২। আবূ হুরাইরাহ (রা) বলেন, রাসূলুল্লাহ সা বলেছেনঃ ছোঁয়াচে রোগ বলতে কিছু নেই।

সুনান আবূ দাউদ (ইফা) ৩৮৭২। আবু হুরায়রা (রা) বলেন, রাসুলুল্লাহ সা বলেছেনঃ কোন রোগই ছোঁয়াচে নয়।

৫৭২১ আনাস (রা) বলেনঃ আমাকে পাঁজর ব্যথা রোগের কারণে রাসূলুল্লাহ সা এর জীবিত কালে আগুন দিয়ে দাগ দেয়া হয়েছিল। আর আবূ ত্বালহা (রাঃ) আমাকে দাগ দিয়েছিলেন।

৬৩৪৯ খাব্বাব (রা) লোহা গরম করে শরীরে সাতবার দাগ দিয়েছিলেন।

৫৭২৩ পরিচ্ছেদঃ জ্বর হল জাহান্নামের উত্তাপ।
নবী সা বলেছেনঃ **জ্বর জাহান্নামের উত্তাপ থেকে হয়**। কাজেই তাকে পানি দিয়ে নিভাও।

৫৭২৫ নবী সা বলেছেনঃ **জ্বর হয় জাহান্নামের তাপ থেকে**। কাজেই তোমরা পানি দিয়ে তা ঠান্ডা কর।
৫৭২৪ আসমা বিনতে আবূ বকর (রা)-এর নিকট যখন কোন জ্বরে আক্রান্ত স্ত্রীলোকদেরকে নিয়ে আসা হত , তখন তিনি পানি হাতে নিয়ে সেই স্ত্রীলোকটির জামার ফাঁক দিয়ে তার গায়ে ছিটিয়ে দিতেন এবং বলতেনঃ রাসূলুল্লাহ সা আমাদের নির্দেশ করতেন, আমরা যেন পানির সাহায্যে জ্বরকে ঠান্ডা করি।

৫৭৩৩ নবী সা বলেনঃ উদরাময় রোগে মৃত ব্যক্তি শহীদ।

সহীহ মুসলিম (ইফা)
৫৫৪১। জাবির (রা) বলেন, আমার একজন মামা ছিলেন যিনি বিচ্ছুর কামড়ে মন্ত্র করতেন। একদিন রাসুলুল্লাহ সা সব ধরনের মন্ত্র নিষিদ্ধ ঘোষণা করে দিলেন। তখন আমার মামা তার নিকটে এসে বললেন, **ইয়া রাসুলাল্লাহ! আপনি মন্ত্র নিষেধ করে দিয়েছেন আমি তো বিচ্ছুর কামড়ে মন্ত্র করে থাকি? তিনি বললেন, তোমাদের যে কোন লোক তার ভাইয়ের কোন উপকার করতে সক্ষম হলে সে যেন তা করে।**

সুনান আবূ দাউদ (তাহকিককৃত), ২৩/ চিকিৎসা
৩৮৮৪। ইবনু হুসাইন (রা) বলেন, নবী সা বলেছেনঃ বিষাক্ত প্রাণীর দংশনের চিকিৎসায় ঝাড়ফুঁক দেয়া যায়।

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)
পরিচ্ছদঃ চোখলাগা, পার্শ্বঘা, দুরাবস্থা, বিষাক্ত প্রাণীর বিষক্রিয়া হতে মুক্তির জন্য ঝাড়ফুক করা মুস্তাহাব
৫৬২০। **রসূলুল্লাহ সা সাপের ছোবলে আক্রান্ত রোগীর ঝাড়ফুঁকের অনুমতি দেন। জাবির ইবনু আবদুল্লাহ (রা) বলেন, একটি বিছা আমাদের এক লোককে ছোবল দিল। আমরা সেথায় রসূলুল্লাহ সা এর সাথে বসা ছিলাম। তখন এক লোক বলল, হে আল্লাহর রসূল! আমি তাকে ঝেড়ে দেই? তিনি বললেন, তোমাদের মধ্যে কোন লোক যদি তার ভাইয়ের কোন উপকার করতে পারে, সে যেন তা করে।**

৫৭২০ আনাস ইবনু মালিক (রা) বলেন: রাসূলুল্লাহ সা আনসারদের এক পরিবারের লোকদের বিষাক্ত দংশন ও কান ব্যথার কারণে **ঝাড়ফুঁক** গ্রহণ করার জন্য অনুমতি দেন।

সুনান আবূ দাউদ (ইফা)
৩৮৪৪। **নবী সা বলেছেনঃ ঝাড়ফুঁক তো কেবল বদনজর এবং বিষাক্ত জীবের বিষ নষ্ট করার জন্য।**

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)
৩৮৮৭। শিফা বিনতু আব্দুল্লাহ (রা) বলেন, একদা আমি হাফসাহ (রা) এর নিকট ছিলাম, তখন নবী সা আমার নিকট এসে বললেনঃ তুমি হাফসাকে যেভাবে লেখা শিখিয়েছ, সেখাবে **পোকা কামড়ের ঝাড়ফুঁক** শিক্ষা দাও না কেন।

নবী মুহাম্মদের নযর, বদনযর এর কুসংস্কার

সহীহ মুসলিম (ইফা)
৫৫৩৭। রাসুলুল্লাহ সা তার স্ত্রী উম্মু সালমা (রা) এর ঘরে একটি বালিকার চেহারায় দাগ দেখে বললেন, **তার নযর লেগেছে, তার জন্য ঝাড়-ফুঁক কর। তার চেহারায় হলুদ বর্ণ ছিল।** *[জভিসের রোগীকে নযর লাগা বলে চালায় দিছে, জ্ঞানের অভাব কতটা ভয়াবহ !]*

মিশকাতুল মাসাবীহ (মিশকাত), পর্ব: চিকিৎসা ও ঝাড়-ফুঁক
৪৫৩১। ইবন আব্বাস (রা) বলেন, নবী সা বলেছেনঃ নযর লাগা একটি বাস্তব সত্য।

৫৯৪৪ রাসূলুল্লাহ সা বলেছেনঃ **নযর লাগা প্রকৃত সত্য।**

↥

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

৪৫৬০। আসমা (রা) হতে বর্ণিত। তিনি জিজ্ঞেস করলেন: হে রসূল! তাইয়্যার-এর সন্তানদের ওপর দ্রুত বদনযর লেগে থাকে। আমি কি তাদের জন্য ঝাড়ফুঁক করাব? নবী সা বললেনঃ হ্যাঁ, কেননা যদি কোন জিনিস তাকদীরের অগ্রগামী হতে পারত, তবে বদনযরই তার অগ্রগামী হত।

বদনজর কাটানোর জন্য গোপনাঙ্গ ধোয়া পানি দিয়ে ইসলামি চিকিৎসা

নবী মুহাম্মদ যে শুধুমাত্র বদনজর লাগার মত অবৈজ্ঞানিক কুসংস্কারে বিশ্বাসী ছিলেন তাই নয়, তিনি এর চিকিৎসা হিসেবেও অত্যন্ত হাস্যকর, নোংরা এবং জঘন্য একটি পদ্ধতি দিয়ে গেছেন। সেই পদ্ধতিটি এমনই নোংরা যে, তা ভাষায় প্রকাশ করতেও ঘৃণা হয়। নবী মুহাম্মদ যার বদনজর লেগেছে তার পুরো শরীর, এমনকি গোপনাঙ্গ ধোয়া পানি দিয়ে অসুস্থ ব্যক্তিকে ধুইয়ে দিতে শিখিয়ে গেছেন। এতে নাকি বদনজর কেটে যায় !

মুয়াত্তা মালিক, অধ্যায়ঃ বদনজর সংক্রান্ত

পরিচ্ছেদঃ **বদ নজরের প্রভাব হইতে মুক্তির জন্য**

রেওয়ায়েত ২। ..... এক ব্যক্তি রাসূলুল্লাহ সা খেদমতে হাযির হইয়া আরয করিল, ইয়া রাসূলাল্লাহ্! আপনি সাহল ইবনে হানীফ-এর কিছু খবর রাখেন কি? সে মস্তক উত্তোলন করিতে পারিতেছে না। তখন রাসূলুল্লাহ্ সা বলিলেন, তুমি কি মনে করিতেছ যে, তাহাকে কেহ বদনজর দিয়াছে? লোকটি বলিল, হ্যাঁ, আমর ইবন রবীআ বদনজর দিয়াছে। অতঃপর নবী সা আমর ইবন রবীআকে ডাকিয়া ক্রোধান্বিত হইয়া তাহাকে বলিলেন, তোমাদের কেহ নিজের মুসলিম ভাইকে কেন আহত করিতেছ? তুমি (بارك الله) কেন বলিলে না? এইবার তুমি তাহার জন্য গোসল কর। অতএব আমির হাত, মুখ, হাতের কনুই, হাটু, পায়ের আশেপাশের স্থান এবং **লুঙ্গির নিচের আবৃত দেহাংশ ধৌত করিয়া ঐ পানি একটি বরতনে জমা করিল**। সেই পানি সহলের দেহে ঢেলে দেয়া হল।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত), পরিচ্ছেদঃ চিকিৎসা

৪৫৬২। ..... জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! আপনি কি সাহল ইবনু হুনায়ফ-এর জন্য কোন ব্যবস্থা করতে পারেন? আল্লাহর কসম! সে তো তার মাথা উঠাতে পারছে না। তখন তিনি জিজ্ঞেস করলেন : তোমরা কি কাউকেও তার সম্পর্কে অভিযুক্ত করো? লোকেরা বলল : আমরা 'আমির ইবনু রবী'আহ্-এর ওপর সন্দেহ করি।

বর্ণনাকারী বলেনঃ অতঃপর রসূলুল্লাহ সা 'আমিরকে ডেকে পাঠালেন এবং কঠোর ভাষায় তার নিন্দা করে বললেনঃ বদনযর একটি সত্য ব্যাপার। তুমি তার জন্য কল্যাণের দু'আ করলে না কেন? **তুমি তোমার শরীরের কিছু অঙ্গ সাহল-এর জন্য ধুয়ে দাও**। তখন 'আমির নিজের মুখমণ্ডলে, উভয় হাত কনুই পর্যন্ত, উভয় পা হাঁটু হতে অঙ্গুলির পার্শ্ব এবং **ইযারের ভিতরের অঙ্গ ধুয়ে পানিগুলো একটি পাত্রে নিলেন, অতঃপর সে পানি সাহল-এর উপর ঢেলে দেয়া হলো**।

Camel Urine Drinking in Islam (গোমূত্রখোর ❌, উটের মূত্রখোর ✅)

৫৭৮১ ইবনু শিহাব (র) বলেন যে, আমি এ আবূ ইদরীস(র)-কে জিজ্ঞেস করেছি যে, উটের পেশাব পান করা বৈধ কিনা? তিনি বলেছেনঃ আগেকার মুসলিমগণ **উটের প্রস্রাবের সাহায্যে চিকিৎসার কাজ করতেন** ।

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)

৪২৪৬। উকল গোত্রের আটজনের একটি দল রসূলুল্লাহ সা এর নিকট আসলো। **তারা রসূলুল্লাহ সা এর কাছে ইসলামের উপর বাই'আত করল। অতঃপর মাদীনার আবহাওয়া তাদের প্রতিকূল হওয়ায় তারা অসুস্থ হয়ে পড়লে** এ ব্যাপারে রসূলুল্লাহ সা এর নিকট অভিযোগ করল। **নবী সা বললেনঃ তোমরা কি আমাদের রাখালের সাথে গমন করে উটের মূত্র এবং দুগ্ধ পান করতে পারবে? তখন তারা বলল, জী হ্যাঁ**।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

৩৫৩৯। আনাস (রা) বলেন, নবী সা এর নিকট উকল সম্প্রদায়ের কিছু লোক উপস্থিত হলো। অতঃপর **তারা ইসলাম গ্রহণ করল**। কিন্তু মদীনার আবহাওয়া তাদের জন্য অনুপযোগী হলো। **নবী সা তাদেরকে উটনীর নিকট গিয়ে তার** দুধ ও **প্রস্রাব পানের নির্দেশ দিলেন**।

Sunan Ibn Majah 3503:

people from Urainah came to the Messenger of Allah but they were averse to the climate of Al- Madinah. Prophet(S) said: **"Why don't you go out to a flock of camels of ours, and drink their milk and urine."** And they did that. Hadith grade: Sahih

Commentary of Sunan Ibn Majah(Hashiyat al-Sindi 'ala Sunan Ibn Majah 2/355) explains that **drinking camel urine was divine inspiration from Allah**:

"**Imam Malik and Muhammad Ibn Hanbal spoke of the purity of the urine** of that whose meat is eaten. It is lawful as a medicine."

Musnad Ahmad 2677

It was narrated that Ibn Abbas said: Prophet(S) said: "**In the urine** and milk **of camels, there is healing for those who have a problem in their stomachs**".

Hadith grade: (Sahih)

Al-Sindi, Hashiyat Musnad al-Imam Ahmad Ibn Hanbal 3/52 Commentary on Musnad Ahmad endorses camel urine as a cure for diarrhoea:

His statement: '**For those whose stomachs are in a corrupt state, and diarrhea (al-dharab)—with two fathas—an illness afflicting the stomach, such that it does not digest the food, becoming of a corrupt state, and it is not retained.** It (drinking camel urine) appears to be of general permissibility."

Umdat al-Qari Sharh Sahih al-Bukhari, 3:225.

The view that the urine of the camel is pure is the correct one as was stated by the Malikis, Hanbalis, al-Shaʿbi, ʿAṭāʾ, al-Nakhaʿi, al-Zuhri, Ibn Sīrīn, al-Ḥakam and al-Thawri and so on.

The urine of camels as medicine (islamweb.net) www.islamweb.net/en/fatwa/93051/**the-urine-of-camels-as-medicine**

The urine of camels as medicine

Fatwa No: 93051

The Prophetic narration which you mentioned in the question is authentic and is reported by Al-Bukhari, Muslim and others may Allaah have mercy upon them.

The narration is proves the permissibility of drinking the urine of camels and that it is a beneficial medicine. Moreover, some doctors stated this fact as well, like Ibn Seenaa may Allaah have mercy upon him in his book entitled "Al-Qaanoon (The Law (of medicine))".

The urine of camels and that of cows is pure; and this is the view of the majority of the scholars may Allaah have mercy upon them.

Similarly, the urine and dung of animals which we are allowed to eat their meat, is pure as stated by the scholars may Allaah have mercy upon them.

[Despite the tireless efforts of Muslim researchers to prove otherwise, drinking camel urine has not been shown to cure anything. See for instance, IslamQA's "The benefits of drinking camel urine" for research—conducted exclusively by Muslim researchers—with no mention of peer-reviewed journals or placebo control groups for humans.

IslamQA's four cited sources on drinking camel urine are:

-Al-Da'wah Magazine, -The Camels: Secrets and Wonders (book published in Riyadh), -Someone's Master's thesis at Al-Jazirah University in Sudan, -The Muslim Soldier's Magazine]

FactCheck: Health Effects of Drinking Camel Urine

- WHO and CDC warn people to avoid drinking raw camel urine (or milk) because of zoonotic disease risks. Camels carry Middle East respiratory syndrome (MERS-CoV). MERS causes **severe pneumonia, acute respiratory distress, and often kidney failure; about one-third of reported patients have died**. WHO advises "people should avoid drinking raw camel milk or camel urine"
- Drinking camel urine can **introduce pathogens and toxins into the body with no health gain**. Effect of camel urine on the cytological and biochemical changes - PubMed
- **Brucellosis:** Drinking unboiled camel urine can transmit Brucella bacteria. In one Saudi study of cancer patients who drank raw camel urine/milk, **two patients developed brucellosis** (a systemic infection causing fever, joint pain and chronic debility) pubmed.ncbi.nlm.nih.gov . Brucellosis is a serious chronic illness that can cause long-term arthritis, fatigue and organ damage. Analysis of 506 consecutive positive serologic tests for brucellosis in Saudi Arabia | Journal of Clinical Microbiology
- **Other pathogens:** Urine is not sterile, so drinking it risks ingesting bacteria or viruses present in the camel.
- **High waste content:** Camel urine is reported to contain **roughly 10 times the mineral salts of human urine** openveterinaryjournal.com. Ultimately Camel urine is nothing but a **thick, alkaline cocktail of metabolic wastes.**

৫৭৭৯, ৫৭৬৯ নবী সা বলেছেনঃ যে ব্যক্তি ভোরবেলা সাতটি আজওয়া খেজুর খেয়ে নিবে, ঐ দিন রাত অবধি- কোন বিষ বা যাদু তার কোন ক্ষতি করতে পারবে না।

সুনান আদ-দারেমী ২৮৭৮। রাসূলুল্লাহ সা বলেছেনঃ "আজওয়া হলো জান্নাতী খেজুর। **এটি সকল বিষের প্রতিষেধক।**

সুনান আবূ দাউদ (ইফা) পরিচ্ছেদঃ **আজওয়া খেজুর সম্পর্কে।**

৩৮৩৬। নবী সা বলেছেনঃ **যে ব্যক্তি যেকোন দিন সকালে সাতটি আজওয়া খেজুর দিয়ে নাশতা করবে, সেদিন তাঁর উপর বিষ এবং যাদু কোন কাজ করবে না।**

কোনো মুমিন ব্যক্তিকে সকালবেলায় সাতটি আজওয়া খেজুর খাইয়ে black mamba সাপের ছোবল খেতে বলেন, সে যদি আতংকিত হয় বিষের ক্ষতিকর প্রভাবের কারণে, তার ঈমান ওখানেই শেষ। আর এই হাদিসটি নতুন করে মিথ্যা প্রমাণিত হওয়ার কিছু নেই। ***স্বয়ং নবীই বিক্রিয়ায় ভুগেছে জীবনের পুরো শেষ সময় জুড়ে।***

সুনান আত তিরমিজী (ইফা), ৩১/ চিকিৎসা, পরিচ্ছেদঃ আজওয়া খেজুর।

২০৭২। আবূ হুরায়রা রা বলেন, রাসূলুল্লাহ সা বলেছেনঃ আজওয়া খেজুরে আছে বিষের প্রতিষেধক।

৩৪৮৫ নবী সা বলেছেন, এক ব্যক্তি গর্ব ও অহংকারের সাথে লুঙ্গি টাখনুর নীচে ঝুলিয়ে পথ চলছিল। এই অবস্থায় তাকে যমীনে ধ্বসিয়ে দেয়া হল এবং **কিয়ামত পর্যন্ত সে এমনি অবস্থায় নীচের দিকেই যেতে থাকবে।**

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)

৫৮৩৩। রাসুলুল্লাহ সা বলেছেনঃ আমি মাক্কায় একটি পাথরকে জানি, যে আমার নবীরূপে প্রেরিত হওয়ার আগেও আমাকে সালাম করত; আমি এখনও তাকে চিনতে পারি।

আল-লুলু ওয়াল মারজান, পরিচ্ছেদঃ নির্জনে উলঙ্গ হয়ে গোসল করা জায়িয।

১৯৪. আবূ হুরায়রাহ্ (রা) বলেন, নবী সা বলেছেনঃ বনী ইসরাঈলের লোকেরা নগ্ন হয়ে একে অপরকে দেখা অবস্থায় গোসল করতো। কিন্তু মূসা (আঃ) একাকী গোসল করতেন। এতে বনী ইসরাঈলের লোকেরা বলাবলি করছিল, মুসা 'কোষবৃদ্ধি' রোগের কারণেই আমাদের সাথে গোসল করেন না। একবার মূসা (আ) একটা পাথরের উপর কাপড় রেখে গোসল করছিলেন। **পাথরটা তাঁর কাপড় নিয়ে পালাতে লাগল**। তখন মূসা (আ) 'পাথর! আমার কাপড় দাও,' 'পাথর! আমার কাপড় দাও' বলে পেছনে পেছনে ছুটলেন। এদিকে বনী ইসরাঈল মূসার দিকে তাকাল। তখন তারা বলল, আল্লাহর কসম মূসার কোন রোগ নেই। মূসা (আ) পাথর থেকে কাপড় নিয়ে পরলেন এবং পাথরটাকে পিটাতে লাগলেন।

১৪৮২ রাসূল সা বলেনঃ **উহুদ পর্বত আমাদেরকে ভালবাসে** এবং আমরাও তাকে ভালবাসি।

সুনান ইবনু মাজাহ, পরিচ্ছেদঃ হাজরে আসওয়াদ চুম্বন করা

২৯৪৪। নবী সা বলেছেন, কিয়ামতের দিন হাজরে আসওয়াদ পাথরকে উপস্থিত করা হবে। তার দু'টি চোখ থাকবে, তা দিয়ে সে দেখবে, যবান থাকবে তা দিয়ে সে কথা বলবে এবং সে এমন লোকের অনুকূলে সাক্ষ্য দিবে যে তাকে সত্যতার সাথে চুমা দিয়েছে।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)

৯৬১। রাসূলুল্লাহ সা হাজরে আসওয়াদ প্রসঙ্গে বলেছেনঃ আল্লাহর শপথ! এই পাথরকে আল্লাহ তা'আলা কিয়ামতের দিন এমন অবস্থায় উঠাবেন যে, এর দুটি চোখ থাকবে যা দিয়ে সে দেখবে এবং একটি জিহ্বা থাকবে যা দিয়ে সে কথা বলবে।

সুনান আদ-দারেমী

২৩। আনাস (রা), রাসূলুল্লাহ সা সূত্রে বর্ণনা করেন- একদা রাসূলুল্লাহ সা ভারাক্রান্ত মনে বসে ছিলেন, এমতাবস্থায় জিবরীল আ তাঁর নিকট আসলেন এবং বললেন, ইয়া রাসূলুল্লাহ, আপনি কি চান আমি আপনাকে কোন নিদর্শন দেখাই? তিনি বললেন: 'হাঁ'। তখন জিবরীল আ পিছনের একটি গাছের দিকে তাকিয়ে বললেন, আপনি একে ডাকুন। তখন তিনি গাছটিকে ডাকলেন আর সেটি চলে আসল এবং তাঁর সামনে দাঁড়িয়ে রইল। তারপর তিনি (জিবরীল) বললেন, আপনি একে ফিরে চলে যেতে নির্দেশ দিন। তখন তিনি একে ফিরে যেতে নির্দেশ দিলেন আর সঙ্গে সঙ্গে সেটি আপন স্থানে ফিরে চলে গেল। তখন রাসূলুল্লাহ সা সাল্লাম বললেন: "এ-ই আমার জন্য যথেষ্ট, এ-ই আমার জন্য যথেষ্ট।

[The Flat Earth Model ৫৬৫ মধ্যাহ্ন গড়ালেই রাসূল সা যুহরের নামাজ আদায় করতেন এবং সূর্য সতেজ থাকতে আসরের নামাজ আদায় করতেন। আর সূর্য পর্দার আড়ালে ঢাকা পড়ে যাবার সাথে সাথে মাগরিবের নামাজ আদায় করতেন। ফজরের সালাত অন্ধকার থাকতেই আদায় করতেন। ৫৮১ রাসূল সা ফজরের পর সূর্য উজ্জ্বল হয়ে না উঠা পর্যন্ত এবং আসরের পর সূর্য অস্তমিত না হওয়া পর্যন্ত নামাজ আদায় করতে নিষেধ করেছেন। ৫২৯৭ রাসূলুল্লাহ সা পূর্বদিকে হাত দিয়ে ইশারা করে বললেনঃ যখন তোমরা ওদিক থেকে রাত্রি নেমে আসতে দেখবে, তখন রোযাদার ইফতার করবে।]

২৩২৪ নবী সা বলেন- এক ব্যক্তি একটি গরুর উপর সাওয়ার ছিল, তখন **গরুটি সে ব্যক্তির দিকে লক্ষ্য করে বলল, আমাকে এ কাজের জন্য সৃষ্টি করা হয়নি। আমাকে চাষাবাদ তথা ক্ষেতের কাজের জন্য সৃষ্টি করা হয়েছে**। এশুনে লোকজন বলে উঠল, সুবহানাল্লাহ্! গরুও কথা বলে? নবী সা বললেন- আমি, আবূ বকর ও উমার এটা বিশ্বাস করি।

আরো বললেন, এক নেকড়েবাঘ একটি বকরী ধরেছিল, রাখাল তাকে ধাওয়া করল। **নেকড়েবাঘটা তাকে বলল, সেদিন হিংস্র জন্তুর প্রাধান্য হবে, যেদিন আমি ছাড়া কেউ তার রাখাল থাকবে না, সেদিন কে তাকে রক্ষা করবে?** লোকেরা বলল, সুবহানাল্লাহ! চিতা বাঘ কথা বলে! নবী সা বললেন- **আমি, আবূ বকর ও উমার এটা বিশ্বাস করি**।

৩৩০৫ নবী সা বলেন, বনী ইসরাঈলের একদল লোক নিখোঁজ হয়েছিল। কেউ জানে না তাদের কী হলো আর **আমি তাদেরকে ইঁদুর বলেই মনে করি। কেননা তাদের সামনে যখন উটের দুধ রাখা হয়, তারা তা পান করে না, আর যখন তাদের সামনে ছাগলের দুধ রাখা হয় তখন তারা তা পান করে**।

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছদঃ **বিকৃত প্রাণী হওয়া প্রসঙ্গ**

৭২২৭। আবূ হুরায়রা (রা) নবী সা সূত্রে বর্ণনা করেন, **ইঁদুর মানুষের বিকৃত প্রাণী**। এর নিদর্শন হচ্ছে এই যে, এদের সামনে বকরীর দুধ রাখা হলে তাঁরা তা পান করে, আর উষ্ট্রীর দুধ রাখা হলে তাঁরা তাঁর একটু স্বাদ গ্রহন করেও দেখেনা।

কুরআন ৫:৬০। যার উপর তিনি ক্রোধান্বিত হয়েছেন, যাদের **কতককে তিনি বানর ও শুকরে পরিণত করেছেন**।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

৪৯৩৮। আবূ সাঈদ (রা) বলেন, একদা রসূলুল্লাহ সা এর কাছে এক বেদুঈন এসে বলল, আমি এমন নিম্নাঞ্চলে বাস করি যেখানে অনেকটা গুইসাপের মত দেখতে প্রচুর প্রাণী পাওয়া যায়। এটা আমার পরিবারের সাধারণ খাদ্য। রসূলুল্লাহ সা তাকে বললেনঃ **হে বেদুঈন, মহান আল্লাহ বনী ইসরাঈলের একটি সম্প্রদায়ের প্রতি অভিসম্পাত করেন, অথবা ক্রোধান্বিত হয়ে তাদের আকৃতি বিকৃত করে স্থলচর প্রাণীতে রূপান্তরিত করে দেন**। আমি অবহিত নই যে, এটা তাদেরই অন্তর্ভুক্ত কিনা। সুতরাং আমি তা খাইও না এবং এ থেকে নিষেধও করি না।

৩২৬৮ আয়িশাহ (রা) বলেন, নবী সা কে যাদু করা হয়েছিল। এমনকি যাদুর প্রভাবে তাঁর খেয়াল হতো যে, তিনি স্ত্রীগণের বিষয়ে কোন কাজ করে ফেলেছেন অথচ তিনি তা করেননি। তিনি রোগ আরোগ্যের জন্য বারবার দু'আ করলেন, অতঃপর তিনি আমাকে বললেন- "তুমি কি জান আল্লাহ আমাকে জানিয়ে দিয়েছেন, যাতে আমার রোগের আরোগ্য আছে? আমার নিকট দুজন লোক আসল। অতঃপর একজন অন্যজনকে জিজ্ঞেস করল, এ ব্যক্তির রোগটা কী? লোকটি জবাব দিল, তাকে যাদু করা হয়েছে। প্রথম লোকটি বলল, তাকে যাদু কে করল? সে বলল, লবীদ ইবনু আসাম। প্রথম ব্যক্তি বলল, কিসের দ্বারা? দ্বিতীয় ব্যক্তি বলল, তাকে যাদু করা হয়েছে, চিরুনি, সুতার তাগা এবং খেজুরের খোসায়। প্রথম ব্যক্তি জিজ্ঞেস করল, এগুলো কোথায় আছে? দ্বিতীয় ব্যক্তি জবাব দিল, যারওয়ান কূপে "।

তখন নবী সা সেখানে গেলেন এবং ফিরে আসলেন, অতঃপর তিনি আমাকে বললেন, **কূপের কাছের খেজুর গাছগুলো যেন এক একটা শয়তানের মাথা**। তখন আমি জিজ্ঞেস করলাম, **আপনি কি সেই যাদু করা জিনিসগুলো বের করতে পেরেছেন? তিনি বলেন- "না। আমার আশংকা হয়েছিল এসব জিনিস বের করলে মানুষের মধ্যে ফাসাদ সৃষ্টি হতে পারে।"**

সহীহ মুসলিম (ইফাঃ) ৫৫১৫। ..... আয়িশা (রা) বলেন, আমি বললাম, ইয়া রাসুলাল্লাহ! তাহলে আপনি তা জনসমক্ষে আনলেন না কেন? তিনি বললেন, আমি তা সমীচিন মনে করিনি। কারণ, আমাকে তো আল্লাহ আরোগ্য করেছেন আর মানুষকে কোন অকল্যাণে উত্তেজিত করা আমি পছন্দ করিনি।

৩২৩২ নবী সা- জিব্রাঈল (আ) কে দেখেছেন। তাঁর ৬০০টি ডানা ছিল।

৩৩২৬ নবী সা বলেন, আল্লাহ তাআলা আদম (আ.)-কে সৃষ্টি করলেন। তাঁর দেহের দৈর্ঘ্য ছিল ষাট হাত। তবে আদম সন্তানের দেহের দৈর্ঘ্য সর্বদা কমতে কমতে বর্তমান পরিমাপে এসেছে।

২০৬ আল-বিদায়া ওয়ান নিহায়া

আবূ মূসা আশ'আরী (রা) বলেন, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ আল্লাহ্ তা'আলা আদম (আ)-কে সমগ্র পৃথিবী থেকে সংগৃহীত এক মুঠো মাটি দ্বারা সৃষ্টি করেন। তাই মাটি অনুপাতে আদমের সন্তানদের কেউ হয় সাদা, কেউ হয় গৌরবর্ণ, কেউ হয় কালো, কেউ মাঝামাঝি বর্ণের। আবার কেউ হয় নোংরা, কেউ হয় পরিচ্ছন্ন, কেউ হয় কোমল, কেউ হয় পাষাণ, কেউ বা এগুলোর মাঝামাঝি।

সুদ্দী (র) ইব্ন আব্বাস ও ইব্ন মাসউদ (রা)-সহ কতিপয় সাহাবা সূত্রে বর্ণনা করেন যে, তারা বলেন ঃ আল্লাহ্ তা'আলা কিছু কাদামাটি নেয়ার জন্য জিবরাঈল (আ)-কে যমীনে প্রেরণ করেন। তিনি এসে মাটি নিতে চাইলে যমীন বলল, তুমি আমার অঙ্গহানি করবে বা আমাতে খুঁত সৃষ্টি করবে; এ ব্যাপারে তোমার নিকট থেকে আমি আল্লাহ্র কাছে পানাহ চাই। ফলে জিবরাঈল (আ) মাটি না নিয়ে ফিরে গিয়ে বললেন, হে আমার রব! যমীন তোমার আশ্রয় প্রার্থনা করায় আমি তাকে ছেড়ে এসেছি।

এবার আল্লাহ্ তা'আলা মীকাঈল (আ)-কে প্রেরণ করেন। যমীন তাঁর নিকট থেকেও আশ্রয় প্রার্থনা করে বসে। তাই তিনিও ফিরে গিয়ে জিবরাঈল (আ)-এর মতই বর্ণনা দেন। এবার আল্লাহ্ তা'আলা মালাকুল মউত (আ) বা মৃত্যুর ফেরেশতাকে প্রেরণ করেন। যমীন তার কাছ থেকেও আশ্রয় প্রার্থনা করলে তিনি বললেন, আর আমিও আল্লাহ্ তা'আলার আদেশ বাস্তবায়ন না করে শূন্য হাতে ফিরে যাওয়ার ব্যাপারে তার পানাহ্ চাই। এ কথা বলে তিনি পৃথিবীর বিভিন্ন স্থান থেকে সাদা, লাল ও কালো রঙের কিছু মাটি সংগ্রহ করে মিশিয়ে নিয়ে চলে যান। এ কারণেই আদম (আ)-এর সন্তানদের এক একজনের রঙ এক এক রকম হয়ে থাকে।

আজরাঈল (আ) মাটি নিয়ে উপস্থিত হলে আল্লাহ্ তা'আলা মাটিগুলো ভিজিয়ে নেন। এতে তা আটালো হয়ে যায়। তারপর ফেরেশতাদের উদ্দেশে তিনি ঘোষণা দেন ঃ

إِنِّيْ خَالِقٌ بَشَرًا مِّنْ صَلْصَالٍ مِّنْ حَمَاءٍ مَّسْنُوْنٍ فَإِذَا سَوَّيْتُهُ وَنَفَخْتُ فِيْهِ مِنْ رُّوْحِيْ فَقَعُوْا لَهُ سَاجِدِيْنَ .

অর্থাৎ— কাদামাটি দ্বারা আমি মানুষ সৃষ্টি করতে যাচ্ছি। যখন আমি তাকে সুঠাম করব এবং তাতে আমার রূহ্ সঞ্চার করব; তখন তোমরা তার প্রতি সিজদাবনত হয়ো। (১৫ ঃ ২৮)

তারপর আল্লাহ্ তা'আলা আদম (আ)-কে নিজ হাতে সৃষ্টি করেন, যাতে ইবলীস তার ব্যাপারে অহংকার করতে না পারে। তারপর মাটির তৈরি এ মানব দেহটি থেকে চল্লিশ বছর পর্যন্ত যা জুম'আর দিনের অংশ বিশেষ ছিল[১] একইভাবে পড়ে থাকে। তা দেখে ফেরেশতাগণ ঘাবড়ে যান। সবচাইতে বেশি ভয় পায় ইবলীস। সে তাঁর পাশ দিয়ে আনাগোনা করত এবং তাঁকে আঘাত করত। ফলে দেহটি ঠনঠনে পোড়া মাটির ন্যায় শব্দ করত। এ কারণেই মানব সৃষ্টির উপাদানকে صَلْصَالٍ كَالْفَخَّارِ তথা পোড়ামাটির ন্যায় ঠনঠনে মাটি বলে অভিহিত করা হয়েছে। আর ইবলীস তাঁকে বলত, তুমি একটি বিশেষ উদ্দেশ্যে সৃষ্ট হয়েছ।

আদম! এটা তোমার এবং তোমরা বংশধরের অভিবাদন। আদম (আ) জিজ্ঞাসা করলেন, হে আমার রব! আমার বংশধর আবার কি? আল্লাহ্ বললেন ঃ আদম! তুমি আমার দু'হাতের যে কোন একটি পছন্দ কর। আদম (আ) বললেন, আমি আমার রবের ডান হাত পছন্দ করলাম। আমার বর-এর উভয় হাতই তো ডান হাত— বরকতময়।

এবার আল্লাহ্ তা'আলা নিজের হাতের তালু প্রসারিত করলে আদম (আ) কিয়ামত পর্যন্ত আগমনকারী তাঁর সকল সন্তানকে আল্লাহ্র হাতের তালুতে দেখেতে পান।

তিরমিযী (র) বর্ণনা করেন যে, আবূ হুরায়রা (রা) বলেন, রাসূলুল্লাহ্ (সা) বলেছেন ঃ "আদম (আ)-কে সৃষ্টি করে আল্লাহ্ তা'আলা তাঁর পিঠে হাত বুলান। সাথে সাথে কিয়ামত পর্যন্ত আগমনকারী তাঁর সবক'টি সন্তান তাঁর পিঠ থেকে ঝরে পড়ে। আর আল্লাহ্ তা'আলা তাদের প্রত্যেকের দু'চোখের মাঝে একটি করে নূরের দীপ্তি স্থাপন করে দিয়ে তাদেরকে আদম (আ)-এর সামনে পেশ করেন। তখন আদম (আ) জিজ্ঞাসা করলেন, হে আমার রব! এরা কারা? আল্লাহ্ বললেন, এরা তোমার সন্তান-সন্ততি।

ইমাম আহমদ (র) তাঁর মুসনাদে বর্ণনা করেন যে, আবুদ্ দারদা (রা) বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ যথা সময়ে আল্লাহ্ তা'আলা আদম (আ)-কে সৃষ্টি করে তার ডান কাঁধে আঘাত করে মুক্তার ন্যায় ধবধবে সাদা তাঁর একদল সন্তানকে বের করেন। আবার তাঁর বাম কাঁধে আঘাত করে কয়লার ন্যায় মিশমিশে কালো একদল সন্তানকে বের করে আনেন। তারপর ডান পাশের গুলোকে বললেন, তোমরা জান্নাতগামী, আমি কারো পরোয়া করি না। আর বাম কাঁধের গুলোকে বললেন, তোমরা জাহান্নামগামী , আমি কারো পরোয়া করি না।

"উপরোক্ত সব ক'টি হাদীস এ কথা প্রমাণ করে যে, আল্লাহ্ তা'আলা আদম (আ)-এর সন্তানদের তাঁরই পিঠ থেকে ছোট ছোট পিঁপড়ার মত বের করে এনেছেন এবং তাদেরকে ডান ও বাম এ দু'দলে বিভক্ত করে ডান দলকে বলেছেন, তোমরা জান্নাতী, আমি কাউকে পরোয়া করি না। আর বাম দলকে বলেছেন, তোমরা জাহান্নামী, আমার কারো পরোয়া নেই।"

ইমাম আহমদ (র) বর্ণনা করেন যে, আবূ হুরায়রা (রা) বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ আদম (আ)-এর উচ্চতা ছিল ষাট হাত আর প্রস্থ সাত হাত।

ইবনে জারীর (র) বলেন, এটা জানা কথা যে, আদম (আ)-কে সৃষ্টি করা হয়েছে জুম'আ দিবসের শেষ প্রহরে। আর তথাকার এক প্রহর দুনিয়ার তিরাশি বছর চার মাসের সমান। এতে প্রমাণিত হয় যে, রূহ সঞ্চারের পূর্বে মাটির মূর্তিরূপে আদম (আ) চল্লিশ বছর এমনিতেই পড়ে রয়েছিলেন। আর পৃথিবীতে অবতরণের পূর্বে জান্নাতে অবস্থান করেছেন তেতাল্লিশ বছর চার মাস কাল। আল্লাহই সর্বজ্ঞ।

ইবনে জারীর (র) ইবনে আব্বাস (রা) থেকে বর্ণনা করেন যে, আল্লাহ তা'আলা বলেন, হে আদম! আমার আরশ বরাবর পৃথিবীতে আমার একটি সম্মানিত স্থান আছে। তুমি গিয়ে তথায় আমার জন্য একটি ঘর নির্মাণ করে তা তাওয়াফ কর, যেমনটি ফেরেশতারা আমার আরশ তাওয়াফ করে। অতঃপর আল্লাহ্ তা'আলা তাঁর কাছে একজন ফেরেশতা প্রেরণ করেন। তিনি আদম (আ)-কে জায়গাটি দেখিয়ে দেন এবং তাকে হজ্জের করণীয় কাজসমূহ শিখিয়ে দেন। ইবনে জারীর (র) আরো উল্লেখ করেন যে, দুনিয়ার যেখানে সেখানে আদম (আ)-এর পদচারণা হয়, পরবর্তীতে সেখানেই এক একটি জনবসতি গড়ে ওঠে।

উল্লেখ্য যে, প্রতি দফায় আদম (আ)-এর এক সঙ্গে একটি পুত্র সন্তান ও একটি কন্যা সন্তান জন্ম নিত। আর এক গর্ভের পুত্রের সঙ্গে পরবর্তী গর্ভের কন্যার ও কন্যার সঙ্গে পুত্রের বিবাহ দেওয়ার বিধান দেওয়া হয়। পরবর্তীতে একই গর্ভের দু'ভাই-বোনের বিবাহ

রিয়াযুস স্বা-লিহীন

১৮৫৫। রাসূলুল্লাহ সা বলেছেন, "জিন জাতিকে **সৃষ্টি করা হয়েছে অগ্নিশিখা হতে**। আর আদমকে সৃষ্টি করা হয়েছে মাটি থেকে।

৩৮৬০ নবী সা বলেন- **হাড় ও গোবর হচ্ছে জ্বীনের খাবার**।

১২২২ রাসূল সা বলেছেনঃ সালাতের আযান হলে শয়তান পিঠ ফিরিয়ে পালায় যাতে সে আযান শুনতে না পায়। তখন তার **পশ্চাদ-বায়ু নিঃসরণ হতে থাকে**। [**শয়তান আগুনের তৈরী**- কুরআন ৫৫/১৫]

সহীহ বুখারী (ইফা)১১৫৯। রাসূলুল্লাহ সা বলেছেনঃ যখন সালাতের জন্য আযান দেওয়া হয়, তখন শয়তান পিঠ ফিরিয়ে পালায় যাতে আযান শুনতে না পায় আর তার পশ্চাদ-বায়ূ **সশব্দে** নির্গত হতে থাকে।

বুখারী ৬০৮ নং, মুসলিম, আবূদাউদ, সুনান, নাসাঈ, সুনান, দারেমী, সুনান, মালেক, মুঅত্তা, আহমাদ, মুসনাদ ২/৩১৩
নবী (সা) বলেন, "নামাযের জন্য আযান দেওয়া হলে **শয়তান পাদতে পাদতে** এত দূরে পালায়, যেখানে আযান শোনা যায় না।

৫১৬৫,৭৩৯৬ নবী সা বলেছেন, তোমাদের মধ্যে কেউ যখন যৌনসঙ্গম করে, তখন যেন সে বলে, -আল্লাহর নামে শুরু করছি, হে আল্লাহ্! আমাকে তুমি যা দান করবে তা থেকে শয়তানকে দূরে রাখ।
এরপরে যদি তাদের দু'জনের মাঝে যে বাচ্চা পয়দা হয়, তাকে শয়তান কখনো ক্ষতি করতে পারবে না।

৩২৮৬ নবী সা বলেছেন, প্রত্যেক আদম সন্তানের জন্মের সময় **তার পার্শ্বদেশে শয়তান তার দুই আঙ্গুল দ্বারা খোঁচা মারে**। তবে ঈসা (আ.)-এর ব্যতিক্রম।
৩৪৩১,৪৫৪৮ রাসূল সা বলেছেন- **জন্মের সময় শয়তানের স্পর্শের কারণেই প্রত্যেক সন্তান চিৎকার করে কাঁদে**।

৬২২৩ নবী সা বলেনঃ আল্লাহ হাঁচি দেয়া পছন্দ করেন, আর হাই তোলা অপছন্দ করেন। আর হাই তোলা, শয়তানের পক্ষ থেকে হয়, তাই যথাসম্ভব তা রোধ করা উচিত।
৩২৮৯ নবী সা বলেছেন, **হাই তোলা শয়তানের পক্ষ হতে হয়ে থাকে। তোমাদের কেউ হাই তোলার সময় যখন 'হাই' তুলার জন্য হা করে, তখন শয়তান হাসতে থাকে**।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত) ৯৮৫। রসূলুল্লাহ সা বলেছেনঃ **'হাই' দেয়ার সময় শয়তান মুখে ঢুকে যায়।**

৩২৮০ নবী সা বলেছেন, সূর্যাস্তের পরপরই যখন রাতের অন্ধকার নেমে আসে তখন তোমরা তোমাদের শিশুদেরকে ঘরে আটকে রাখবে। কারণ এ সময় শয়তানেরা ছড়িয়ে পড়ে। অতঃপর যখন রাতের কিছু অংশ অতিবাহিত হবে তখন তাদের ছেড়ে দিতে পার।

৩৩০৩ নবী সা বলেছেন, **'যখন তোমরা যখন গাধার ডাক শুনবে তখন শয়তান হতে আল্লাহর নিকট আশ্রয় চাইবে, কেননা এ গাধাটি শয়তান দেখেছে**।'

↥

৬৯৮৫ নবী সা বলেছেনঃ যেখন তোমাদের কেউ এমন স্বপ্ন দেখে, যা সে পছন্দ করে, তাহলে তা আল্লাহর পক্ষ থেকে। তাই সে যেন এ জন্য আল্লাহর প্রশংসা করে এবং অন্যের কাছে তা বর্ণনা করে। আর যদি অপছন্দনীয় কিছু দেখে, তাহলে তা শয়তানের পক্ষ থেকে। তাই সে যেন এর ক্ষতি থেকে আল্লাহর আশ্রয় চায়। আর কারো কাছে যেন তা বর্ণনা না করে। তাহলে এ স্বপ্ন তার কোন ক্ষতি করবে না।

৬৯৯৫ নবী সা বলেনঃ খারাপ স্বপ্ন শয়তানের তরফ থেকে হয়ে থাকে। **কেউ যদি স্বপ্নে কিছু দেখে, যা সে অপছন্দ করে, সে যেন বামদিকে তিনবার থুথু ফেলে** এবং শয়তান থেকে আশ্রয় চায়। তাহলে এ স্বপ্ন তার কোন ক্ষতি করবে না।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

১২২১। নবী সা এর সম্মুখে এক লোক সম্পর্কে আলোচনা করা হলো। লোকটি সকাল পর্যন্ত একটানা ঘুমিয়ে থাকে, সালাতের জন্যে উঠে না। নবী সা বললেন, **এ লোকের দু'কানে শয়তান পেশাব করে দিয়েছে।**

৩২৯৫ নবী সা বলেছেন, তোমাদের কেউ যখন ঘুম হতে উঠল এবং উযূ করল তখন তার উচিত নাক তিনবার ঝেড়ে ফেলা। কারণ, শয়তান তার নাকের ছিদ্রে রাত কাটিয়েছে।

সূনান আবু দাউদ (ইফাঃ)

৩৭৩৪। নবী সা বলেছেনঃ যখন তোমাদের কেউ খাবার খায়, তখন সে যেন তার ডান হাত দিয়ে খায় এবং পান করে। কেননা, **শয়তান বাম হাতে খায় এবং পানি পান করে।**

আত্ তারগীব ওয়াত্ তারহীব(ইবন মাজাহ্)

২১৫। রাসূলুল্লাহ সা বলেছেনঃ বান্দা যখন মেসওয়াক করে সালাতে দন্ডায়মান হয়, তখন ফেরেশতা তার পিছনে দন্ডায়মান হয়ে তার কেরাআত শুনতে থাকে, অতঃপর তার নিকটবর্তী হতে থাকে, **এমনকি তার মুখে নিজের মুখ রেখে দেয়। অতঃপর মুসল্লীর মুখ থেকে কুরআনের কোন শব্দ বের হওয়া মাত্রই তা ফেরেশতার পেটে চলে যায়।'**

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

১৮৪। রাসূলুল্লাহ্ সা কে **উটের মাংস খাওয়ার পর ওজু করা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়। তিনি বলেনঃ তোমরা ওজু করবে। অতঃপর তাকে বকরীর মাংস খাওয়ার পর ওজু করা সম্পর্কে জিজ্ঞাসা করা হলে বলেন, তোমরা ওজু করবে না।**
অতঃপর তাঁকে **উটের আস্তাবলে নামায পড়া সম্পর্কে জিজ্ঞাসা করা হলে সেখানে নামায পড়তে নিষেধ করেন। কেননা তা শয়তানের আড্ডাখানা।** অতঃপর তাকে **বকরীর খোঁয়াড়ে নামায পড়া সম্পর্কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেনঃ তোমরা সেখানে নামায পড়তে পারো, কেননা তা বরকতের স্থান।**

রিয়াযুস স্বা-লিহীন

১৮৫১। রসূল সা বলেছেন, **বাজারে শয়তান ডিম পাড়ে এবং ছানা জন্ম দেয়।**

৬২১৩ কয়েকজন লোক নবী স এর নিকট গণকদের(জ্যোতিষী) সম্বন্ধে জিজ্ঞেস করল। রাসূলুল্লাহ সা বললেনঃ ওরা কিছুই না। তারা আবার বললঃ হে আল্লাহর রাসূল! তারা তো কোন সময় এমন কথা বলে দেয়, যা বাস্তবে ঘটে যায়। নবী সা বললেনঃ কথাটি জিন থেকে পাওয়া। জিনেরা তা আসমানের ফেরেশতাদের থেকে ছোঁ মেরে নিয়ে এসে তাদের বন্ধু গণকদের কানে তুলে দেয়।

৪৭০১ নবী সা বলেছেন, যখন আল্লাহ আসমানে কোন বিষয়ের সিদ্ধান্ত নেন, তখন ফেরেশতারা তাঁর কথা শোনার জন্য অতি বিনয়ের সঙ্গে নিজ নিজ পালক ঝাড়তে থাকে। এভাবে আল্লাহ তাঁর বাণী ফেরেশতাদেরকে পৌঁছান। শয়তানরা চুরি করে কান লাগিয়ে তা শুনে নেয়। শোনার জন্য শয়তানগুলো একের ওপর এক এভাবে থাকে। আঙ্গুলের ওপর অন্য আঙ্গুল রেখে হাতের ইশারায় ব্যাপারটি প্রকাশ করলেন। তারপর কখনও অগ্নি স্ফুলিঙ্গ শ্রবণকারীকে তার সাথীর কাছে এ কথাটি পৌঁছানোর আগেই আঘাত করে এবং তাকে জ্বালিয়ে দেয়। আবার কখনও সে ফুলকি প্রথম শ্রবণকারী শয়তান পর্যন্ত পৌঁছার পূর্বেই সে তার নিচের সাথীকে খবরটি জানিয়ে দেয়। এমনি করে এ কথা পৃথিবী পর্যন্ত পৌঁছিয়ে দেয়। তারপর তা জ্যোতিষীদের কানে ঢেলে দেয়। তাই তার কথা সত্য হয়ে যায়। তখন লোকেরা বলতে থাকে, এ জ্যোতিষী আমাদের কাছে অমুক দিন অমুক অমুক কথা বলেছিল। বস্তুত আসমান থেকে শুনে নেয়ার কারণেই আমরা তা সত্যরূপে পেয়েছি।

৩২১০ রাসূল সা বলেন, ফেরেশতারা মেঘমালার আড়ালে অবতরণ করেন এবং আকাশের ফায়সালাসমূহ আলোচনা করেন। তখন শয়তানেরা তা চুরি করে শোনার চেষ্টা করে এবং তার কিছু শুনেও ফেলে। অতঃপর তারা সেটা জ্যোতিষীর নিকট পৌঁছে দেয়।

৩২৮৮ নবী সা বলেছেন, ফেরেশতামন্ডলী মেঘের মাঝে এমন সব বিষয় আলোচনা করেন, যা পৃথিবীতে ঘটবে। তখন শয়তানেরা দু একটি কথা শুনে ফেলে এবং তা জ্যোতিষদের কানে ঢেলে দেয়।

৩৩৩০ নবী সা বলেছেন- **বনী ইসরাঈল যদি না হত তবে মাংস দুর্গন্ধময় হতো না।** [বনী ইসরাঈল আল্লাহ তাআলার নিকট থেকে সালওয়া নামক পাখীর গোশত খাওয়ার জন্য পর্যাপ্ত পেত। তা সত্ত্বেও তা জমা করে রাখার ফলে গোশত পচনের সূচনা হয়।]

বুখারী শরীফ (৬)—৪

১. মূসা (আ)-এর সময় বনী ইসরাঈল আল্লাহ্ তা'আলার আদেশ অমান্য করে 'সালওয়া' নামক এক প্রকার পাখীর গোশত জমা করা শুরু করে। ফলে এ জমাকৃত গোশতে পচন ধরে। এ ঘটনা থেকেই গোশতে পচনের সূত্রপাত হয়।

সহীহ বুখারী (ইফাঃ) ৩১৬০।

রাসূলুল্লাহ সা বলেছেন, **যদি বনী ইসরাঈল না হত, তবে মাংসে পচন ধরত না (meat would not decay)**। ।

৩৪৩৬ নবী সা বলেন, তিনজন শিশু ছাড়া আর কেউ দোলনায় থেকে কথা বলেনি। প্রথম জন ঈসা (আঃ), দ্বিতীয় জন বনী ইসরাঈলের এক ব্যক্তি।

৩৪৬৬ রাসূল সা বলেন, একদা একজন মহিলা তার কোলের শিশুকে স্তন্য পান করাচ্ছিল। এমনসময় একজন ঘোড়সওয়ার তাদের নিকট দিয়ে গমন করে। মহিলাটি বলল, হে আল্লাহ্! আমার পুত্রকে এই ঘোড়সওয়ারের মত না বানিয়ে মৃত্যু দান করো না। **তখন কোলের শিশুটি বলে উঠলো- হে আল্লাহ্! আমাকে ঐ ঘোড়সওয়ারের মত করো না, এই বলে পুনরায় সে স্তন্যপানে লেগে গেল।**

সহীহ বুখারী (তাওহীদ)

২৩২১। রাসূলুল্লাহ সা বলেনঃ **কৃষি সরঞ্জাম যে সম্প্রদায়ের ঘরে প্রবেশ করে, আল্লাহ সেখানে অপমান প্রবেশ করান।**

৫৪২৯ রাসুলুল্লাহ সা বলেছেনঃ **ভ্রমণ হলো আযাবের একটা টুকরা**, যা তোমাদের **ভ্রমণকারীকে নিদ্রা ও আহার থেকে বিরত রাখে।**

৬৩২০ নবী সা বলেছেনঃ যদি তোমাদের কোন ব্যক্তি শয্যা গ্রহণ করতে যায়, তখন সে যেন তার লুঙ্গির ভেতর দিক দিয়ে নিজ বিছানাটা ঝেড়ে নেয়। কারণ, সে জানে না যে, বিছানার উপর তার অনুপস্থিতিতে পীড়াদায়ক কোন কিছু আছে কিনা।

২৬৬৪ ইবনু উমার রা. বলেন- উহুদ যুদ্ধের দিন রাসূলুল্লাহ সা এর নিকট তাকে পেশ করা হল, তখন তিনি চৌদ্দ বছরের বালক। তখন তিনি আমাকে যুদ্ধে গমনের অনুমতি দেননি। পরে খন্দকের যুদ্ধে আমাকে পেশ করা হল তখন আমি **পনের** বছরের যুবক এবং তিনি অনুমতি দিলেন।

রাবী বলেন- খলীফা উমার ইবনু আবদুল আযীযের নিকট গিয়ে এ হাদীস শুনালাম। তিনি বললেন, এটাই হচ্ছে **পুরুষদের জন্য প্রাপ্ত ও অপ্রাপ্তবয়সের সীমারেখা**।

সুনান ইবনু মাজাহ

৪০১৯। আবদুল্লাহ ইবনে উমার (রা) বলেন, রাসূলুল্লাহ সা বলেনঃ যখন কোন জাতির মধ্যে প্রকাশ্যে অশ্লীলতা ছড়িয়ে পড়ে তখন সেখানে মহামারী আকারে প্লেগরোগের প্রাদুর্ভাব হয়। যখন কোন জাতি যাকাত আদায় করে না তখন আসমান থেকে বৃষ্টি বর্ষণ বন্ধ করে দেয়া হয়। **যদি ভূ-পৃষ্ঠে চতুস্পদ জন্তু ও নির্বাক প্রাণী না থাকতো তাহলে আর কখনো বৃষ্টিপাত হতো না।**

↥

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

পরিচ্ছেদঃ **প্রাণহীন জিনিসের ছবি আঁকা**

২২২৫। .....ইবনু আব্বাস (রা) তাঁকে বলেন, এ বিষয়ে রাসূল সা কে আমি যা বলতে শুনেছি, তাই তোমাকে শোনাব। যে ব্যক্তি কোন ছবি তৈরি করে আল্লাহ তা'আলা তাকে শাস্তি দিবেন, যতক্ষণ না সে তাতে প্রাণ সঞ্চার করে। আর সে তাতে কখনো প্রাণ সঞ্চার করতে পারবে না। **গাছপালা এবং অন্য যে সকল জিনিসে প্রাণ নেই**, তার ছবি তৈরি করতে পার।

সহীহ বুখারী (ইফা) ১২৫৭। নবী সা বলেনঃ কবরে যারা কাফির তাদের দুই কানের মধ্যবর্তী স্থানে লোহার মুগুর দিয়ে এমন জোরে আঘাত করা হবে, এতে সে চিৎকার করে উঠবে, মানুষ ও জ্বীন ব্যতীত তার আশেপাশের সকলেই তা শুনতে পাবে।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত) ৪৭৫২। নবী সা বলেনঃ **মানব ও জ্বীন ছাড়া কবরের নিকট যারা থাকে সকলেই চিৎকার শুনতে পায়**।

[জ্বীনের অস্তিত্ব বলে আসলে কিছুই নেই, এটা এক ধরনের মনস্তাত্ত্বিক ভ্রম। চিকিৎসা শাস্ত্রের placebo effect এর মতো অন্ধবিশ্বাসের কারণে মস্তিষ্ক এরকম অশরীরী কিছুর ইফেক্ট তৈরী করে এবং সেইভাবেই কোনো নির্দিষ্ট ধর্মের বিশ্বাসী মানুষকে ঐ ধর্মের গ্রন্থ থেকে পড়ে exorcism করলে তার মানসিক স্থিতী দেখা দেয়, এবং এসব ক্ষেত্রে গ্রামাঞ্চলে মৃদু আলো বা অন্ধকারে প্রাকৃতিক কারণে সৃষ্ট(যেমন পুকুরের থেকে গ্যাস উঠে) বা বিভিন্ন কারণে আলো বা আগুনসহ বিভিন্ন দৃষ্টিবিভ্রমে অন্ধবিশ্বাসী লোকেরা জ্বীন মনে করে তীব্র ভয় পেয়ে মানসিক অসুস্থ হয়ে উঠে। এমনকি তখন শরীরে হরমোনাল রাশের কারণে এমন অনেক ক্রেজি কাজ করতে থাকে যা স্বাভাবিক অবস্থায় হয়না। গ্রামাঞ্চলে প্রতি হাজার জনের মধ্যে জ্বীনের স্টোরি ১০০ জনের থেকে শুনতে পেলেও, শহরে শিক্ষিত সচেতন মানুষের মধ্যে হাজারে ২ জনও পাবেন না।

এমনকি কেউ যদি জ্বীনের অস্তিত্ব প্রমাণ করতে পারে তার জন্য হাজার কোটি টাকা পুরষ্কার ঘোষণা করা হয়েছে অনেকযুগ আগে থেকেই। তবে আজ পর্যন্ত পুরো বিশ্বের একজনও তা প্রমাণ করতে পারেনি। যা সত্য নয়, তা প্রমাণ করবে কি করে! https://en.m.wikipedia.org/ wiki/List_of_prizes_for_evidence_of_the_paranormal]

ইয়াজুজ-মাজুজ

৩৩৪৮ নবী সা বলেন, জাহান্নামী প্রতি হাজারে ৯৯৯ জন। তোমরা সুসংবাদ গ্রহণ কর। কেননা তোমাদের মধ্য হতে একজন আর এক হাজারের অবশিষ্ট ইয়াজুজ-মাজুজ হবে। সহীহ মুসলিম (ইফা) ৪২৫।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)

২২৪০। আল্লাহ ইয়াজুজ-মাজুজের দল পাঠাবেন। আল্লাহর বাণী অনুযায়ী, "তারা প্রত্যেক উচ্চভূমি হতে ছুটে আসবে" (সূরাঃ আম্বিয়া-৯৬)। তিনি বলেন, তাদের প্রথম দলটি সিরিয়ার তাবারিয়া উপসাগর অতিক্রমকালে এর সমস্ত পানি পান করে শেষ করে ফেলবে। এদের শেষ দলটি এ স্থান দিয়ে অতিক্রমকালে বলবে, নিশ্চয়ই এই জলাশয়ে কোন সময় পানি ছিল। তারপর বাইতুল মাকদিসের পাহাড়ে পৌছার পর তাদের অভিযান সমাপ্ত হবে। তারপর ঈসা (আ) ও তার সাথীরা অবরুদ্ধ হয়ে পড়বেন।

তারা খাদ্যাভাবে এমন এক কঠিন পরিস্থিতিতে পতিত হবেন যে, তখন তাদের জন্য একটা গরুর মাথা তোমাদের এ যুগের একশত দীনারের চাইতে বেশি উত্তম মনে হবে। আল্লাহ তাআলা তখন ইয়াজুজ-মাজুজ বাহিনীর ঘাড়ে মহামারীরূপে নাগাফ নামক কীটের উৎপত্তি করবেন। তারপর ধ্বংস হয়ে যাবে। তখন ঈসা (আ) তার সাথীদের নিয়ে পাহাড় হতে নেমে আসবেন। সেখানে তিনি এমন এক বিঘত পরিমাণ জায়গাও পাবেন না, যেখানে সেগুলোর পচা দুর্গন্ধময় রক্ত-মাংস ছড়িয়ে না থাকবে।

সহীহ বুখারী (ইফা)

পরিচ্ছেদঃ ইয়াজুজ ও মাজুজের ঘটনা। মহান আল্লাহর বাণীঃ নিশ্চয়ই ইয়াজুজ মাজুজ পৃথিবীতে অশান্তি সৃষ্টিকারী (১৮: ৯৪)

২০০৭। মহান আল্লাহর বাণীঃ (হে নবী) তারা আপনাকে যুল কারনাইন সম্পর্কে জিজ্ঞেস করছে। তোমরা আমার কাছে লোহার পাতসমূহ নিয়ে আস। অবশেষে লোহার স্তুপ মাঝের ফাঁকা জায়গা পূর্ণ হয়ে যখন দুটি পর্বতের সমান হল তখন তিনি লোকদের বললেন, তোমরা হাঁফরে ফুঁক দিতে থাক। যখন তা আগুনের ন্যায় উত্তপ্ত হল, তখন তিনি বললেন, তোমরা গলিত তামা/সীসা নিয়ে আসো। আমি তা এর উপর ঢেলে দেই।

এরপর ইয়াজুজ মাজুজ এ প্রাচীর অতিক্রম করতে পারল না অর্থাৎ তারা এর উপরে চড়তে সক্ষম হল না। তারা তা ছিদ্রও করতে পারল না। তিনি বললেন, এটা আমার রবের অনুগ্রহ। যখন আমার রবের প্রতিশ্রুতি পূরণ হবে তখন তিনি এটাকে চূর্ণবিচূর্ণ করে মাটির সাথে মিশিয়ে দিবেন। আর আমার রবের প্রতিশ্রুতি সত্য, সে দিন তিনি তাদেরকে ছেড়ে দিবেন এ অবস্থায় যে, একদল অপর দলের উপর তরঙ্গের ন্যায় পতিত হবে (১৮: ৯৬-৯৯)। এমন কি যখন ইয়াজুজ মাজুজকে মুক্তি দেওয়া হবে এবং তারা প্রতি উচ্চ ভুমি থেকে ছুটে আসবে (২১: ৯৬)।

সূরা আল-কাহাফ ৫০৩

৯৪. উহারা বলিল হে যুলকারনাইন ! ইয়াজুজ-মাজুজ পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিতেছে; আমরা কি তোমাকে কর দিব এই শর্তে যে তুমি আমাদিগের ও উহাদিগের মধ্যে এক প্রাচীর গড়িয়া দিবে?

৯৫. সে বলিল, আমার প্রতিপালক আমাকে যে ক্ষমতা দিয়াছেন, তাহাই উৎকৃষ্ট ; সুতরাং তোমরা আমাকে শ্রম দ্বারা সাহায্য কর। আমি তোমাদিগের ও উহাদিগের মধ্যস্থলে এক মযবুত প্রাচীর গড়িয়া দিব।

৯৬. তোমরা আমার নিকট লৌহ পিন্ডসমূহ আনয়ন কর অতঃপর মধ্যবর্তী ফাঁকা স্থান পূর্ণ হইয়া যখন লৌহস্তূপ দুই পর্বতের সমান হইল। তখন সে বলিল, তোমরা হাঁপরে দম দিতে থাক। যখন উহা অগ্নিবৎ উত্তপ্ত হইল তখন সে বলিল তোমরা গলিত তাম্র আনয়ন কর, আমি উহা ঢালিয়া দেই উহার উপর।

তাফসীর ঃ আল্লাহ তা'আলা ইরশাদ করেন, যুলকারনাইন সূর্যোদয়ের স্থান ভ্রমণ শেষ করিয়া অন্য এক পথ ধরিয়া চলিতে লাগিলেন এবং অবশেষে প্রাচীরের ন্যায় দুইটি পাহাড়ের নিকট পৌছিলেন। দুই পাহাড়ের মাঝে একটি গিরীপথ ছিল এই গিরীপথের মাধ্যমেই ইয়াজুজ মাজুজ তুরকিস্তানে প্রবেশ করিত। তাহারা সেখানে নানা প্রকার অশান্তি সৃষ্টি করিত। ক্ষেত খামার জীবজন্তু ও ধ্বংস করিত এবং মানুষকে হত্যা করিত। বুখারী ও মুসলিম শরীফের রেওয়ায়েত দ্বারা প্রমাণিত তাহারা মানুষেরই একটি বিশেষ গোষ্ঠী। ইরশাদ হইয়াছে, কিয়ামত দিবসে আল্লাহ তা'আলা বলিবেন, হে আদম! তিনি বলিবেন, হে আমার প্রতিপালক, আমি হাযির। আমি উপস্থিত। তখন আল্লাহ তা'আলা বলিবেন, দোযখের অংশ আপনি পৃথক করিয়া রাখুন। তিনি বলিবেন, দোযখের অংশ কি পরিমাণ? তিনি বলিলেন প্রত্যেক হাজারে নয়শত নিরানব্বই তো দোযখে প্রবেশ করিবে এবং একজন বেহেশতে। এই সময় আতঙ্কগ্রস্ত শিশু বৃদ্ধ হইবে এবং গর্ভবর্তী নারীর গর্ভপাত ঘটিবে। অতঃপর রাসূলুল্লাহ (সা) বলিলেন তোমাদের মধ্যে দুই সম্প্রদায় আছে তাহারা যেই দিকে থাকিবে তাহাদের সংখ্যাই হইবে অধিক। অর্থাৎ ইয়াজুজ ও মাজুজ।

.....

قوله وَجَدَ مِنْ دُونِهِمَا قَوْمًا لَا يَكَادُونَ يَفْقَهُونَ قَوْلًا এবং যুলকারনাইন প্রাচীর দুইটির নিকটবর্তী এলাকায় এমন একটি সম্প্রদায়কে দেখিতে পাইলেন যাহারা পৃথিবীর অন্যান্য জাতি হইবে দূরে ছিল এবং তাহাদের ভাষা ছিল আজমী এই কারণে তাহারা যুলকারনাইনের ভাষা বুঝিতে সক্ষম হইতেছিল না। قَالُوا يَا ذَا الْقَرْنَيْنِ إِنَّ يَأْجُوجَ وَمَأْجُوجَ مُفْسِدُونَ فِي الْأَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا তাহারা বলিল, হে যুলকারনাইন! ইয়াজুজ মাজুজ দেশে অশান্তি ও গোলযোগ সৃষ্টি করিতেছে অতএব প্রাচীর নির্মাণের জন্য কি আপনার জন্য আমরা খাজনা ধার্য করিয়া দিব। ইবনে

.....

↥

তামার ঝর্ণা প্রবাহিত করিলাম" আয়াতটি দ্বিতীয় মতের সমর্থন করে। গলিত তামা ঢালিয়া দেওয়ার পর যখন উহা ঠাণ্ডা হইয়া গেল তখন উহা সুদৃঢ় প্রাচীরে পরিণত হইল এবং সজ্জিত চাদরের ন্যায় মনে হইতে লাগিল।

ইবনে জরীর (র) বলেন, বিশ্‌র ইবনে ইয়াযীদ....কাতাদা হইতে বর্ণিত যে, এক ব্যক্তি রাসূলুল্লাহ (সা) কে বলিল, হে আল্লাহর রাসূল! আমি ইয়াজুজ মাজুজের প্রাচীর দেখিয়াছি। রাসূলুল্লাহ (সা) বলিলেন, বলতো উহা কেমন? সে বলিল, নকশা করা চাদরের ন্যায়। উহাতে লাল কালো নকশা রহিয়াছে। রাসূলুল্লাহ (সা) বলিলেন, ঠিক দেখিয়াছ হাদীসটি মুরসাল পদ্ধতিতে বর্ণিত।

একবার খলীফা ওয়াসিক তার রাজত্বকালে বহু সাজ-সরঞ্জাম দিয়া একটি সেনাবাহিনীসহ তাহার মন্ত্রী পরিষদের কয়েকজনকে প্রাচীরের খবর লইতে প্রেরণ করিলেন যেন তাহারা প্রত্যাবর্তন করিয়া তাহার নিকট উহার সঠিক তত্ত্ব জানাইতে পারে। তাহারা রওয়ানা হইলেন এবং শহরের পর শহর দেশের পর দেশ অতিক্রম করিয়া প্রাচীরের নিকট পৌছলেন। এবং লোহা তামা দ্বারা নির্মিত প্রাচীরটি দেখিতে পাইলেন। তাহারা বর্ণনা করিয়াছে যে তাহারা প্রাচীরের একটি মস্ত বড় দরজা এবং উহাতে বিরাট একটি তালা ঝুলিতে দেখিয়াছে। প্রাচীরে ব্যবহৃত ইটের অবশিষ্ট ইট একটি বুরুজের মধ্যে রহিয়াছে। তথায় পাহারার জন্য একটি চৌকিও আছে। প্রাচীরটি অতিশয় উঁচু। কোন উপায়েই উহার উপর আরোহণ করা সম্ভব নহে। আর সেই সকল পাহাড়ে আরোহণ করাও সম্ভব নহে যাহা প্রাচীরের উভয় পার্শ্বে দূর দূরান্ত পর্যন্ত অবস্থিত। ইহা ছাড়া তারা আরো বহু আশ্চার্যজনক দৃশ্য দেখিতে পাইলেন। এই দৃশ্য দেখিয়া তাহারা দুই বৎসর পর দেশে প্রত্যাবর্তন করেন।

৯৭. ইহার পর তাহারা উহা অতিক্রম করিতে পারিল না বা ভেদ করিতেও পারিল না। উহাতে ছিদ্র করিতেও পারিল না।

৯৮. সে বলিল, ইহা আমার প্রতিপালকের অনুগ্রহ। যখন আমার প্রতিপালকের প্রতিশ্রুতি পূর্ণ হইবে তখন তিনি উহাকে চূর্ণ বিচূর্ণ করিয়া দিবেন এবং আমার প্রতিপালকের প্রতিশ্রুতি সত্য।

তাফসীর ঃ উপরোক্ত আয়াতে আল্লাহ তা'আলা ইয়াজুজ মাজুজ সম্পর্কে ইরশাদ করিয়াছেন যে, তাহারা যুলকারনাইনের নির্মিত প্রাচীরের উপরে আরোহণ করিতেও সক্ষম হয় নাই এবং উহাকে ছিদ্র করিয়া উহা ভেদ করিতেও সক্ষম হয় নাই। ইরশাদ হইয়াছে فَمَا اسْطَاعُوْا اَنْ يَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا তাহারা প্রাচীরের উপরে আরোহণ করিতেও সক্ষম হয় নাই আর উহাতে ছিদ্রও করিত পারে নাই।

আয়াতটি এই কথারই প্রমাণ যে ইয়াজুজ মাজুজ প্রাচীরে একটুও ছিদ্র করিতে সমর্থ হয় নাই। তবে ইমাম আহমদ (র) বলেন, রওহ্ (র)....হযরত আবূ হুরায়রা (রা) হইতে বর্ণিত যে রাসূলুল্লাহ (সা) বর্ণনা করেন, ইয়াজুজ মাজুজ প্রত্যহ প্রাচীরটিকে ছিদ্র করিতে চেষ্টা করে এমন কি তাহারা উহা ছিদ্র করিয়া সূর্যের কিরণ দেখিবার কাছাকাছি হয় তখন তাহাদের নেতা তাহাদিগকে বলেন, তোমরা ফিরিয়া যাও, আগামীকল্য আমরা উহা ভেদ করিয়া যাইব। পুনঃরায় তাহারা উহা ছিদ্র করিতে আসিলে প্রাচীরটিকে পূর্বাপেক্ষা অধিক মযবুত পায়। অবশেষে তাহাদের সময় যখন শেষ হইয়া যাইবে এবং আল্লাহ তা'আলা তাহাদিগকে বাহির করিতে ইচ্ছা করিবেন তখন তাহারা একদিন ছিদ্র করিতে করিতে সূর্যের আলো দেখিবার উপক্রম হইবে তখন তাহাদের নেতা বলিবে তোমরা ফিরিয়া যাও, ইনশাআল্লাহ আগামী কল্য উহা ছিদ্র করিয়া ফেলিব। পরদিন আসিয়া তাহারা দেখিবে প্রাচীরটি তেমনি রহিয়াছে যেমন তারা রাখিয়া গিয়াছিল। অতঃপর তাহারা উহা ছিদ্র করিয়া বাহির হইয়া পড়িবে। তাহারা সমস্ত নদ-নদীর পানি পান করিয়া শেষ করিবে এবং মানুষ তাহাদের ভয়ে কিল্লায় আশ্রয় গ্রহণ করিবে। তাহারা আসমানের দিকে তীর নিক্ষেপ করিবে এবং এমনি অবস্থায় উহা প্রত্যাবর্তন করিবে যেন উহা রক্ত মিশ্রিত রহিয়াছে। তখন তাহারা বলিবে আমরা পৃথিবীকে জয় করিয়া আসমানও বিজয় করিয়াছি। অতঃপর তাহাদের ঘাড়ে ফোঁড়া বাহির হইবে এবং সকলেই মৃত্যু বরণ করিবে। রাসূলুল্লাহ (সা) ইরশাদ করেন, ...

মুনকার। কারণ, আয়াত দ্বারা প্রকাশ, ইয়াজুজ মাজুজ না তো প্রচীরের উপর আরোহণ করিতে সক্ষম হইবে এবং প্রাচীরটি অত্যধিক মযবুত দৃঢ় হইবার কারণে উহাতে ছিদ্র করিতেও সক্ষম হইবে না। কিন্তু কা'ব আহবার হইতে বর্ণিত, ইয়াজুজ মাজুজ প্রাচীরের নিকট আসিয়া উহাতে ছিদ্র করিবার চেষ্টা করিত থাকে এমন কি উহাতে ছিদ্র হইতে অতি সামান্য পরিমাণ অবশিষ্ট থাকে। অতঃপর তাহারা বলেন চল ফিরিয়া যাই আগামী কল্য আসিয়া ভেদ করিয়া ফেলিব। কিন্তু দ্বিতীয় দিন আসিয়া তাহারা দেখে যে, উহা পূর্বের মত হইয়া আছে। অতঃপর তাহারা পুনরায় আবার ছিদ্র করিতে থাকে এবং অতি সামান্য পরিমাণ অবশিষ্ট থাকিতে তাহারা ঠিক সেই কথা বলে যাহা প্রথম দিন বলিয়াছিল। অতঃপর তাহারা পর দিন আসিয়াও দেখে যে উহা পূর্বের ন্যায় মযবুত হইয়া আছে। এইভাবে ছিদ্র করিতে করিতে শেষ দিন তাহারা বলিবে আগামী কাল ইনশাআল্লাহ উহা ছিদ্র করিয়া ফেলিব। পরদিন তাহারা আসিয়া দেখিবে প্রাচীরটি যেমন রাখিয়া গিয়াছিল তেমনি রহিয়াছে। অতএব সেইদিন তাহারা উহা ছিদ্র করিয়া বাহির হইয়া আসিবে।

.....

কর্তৃক বর্ণিত হাদীসটি, নুমান ইবনে সালেম (র)....আউস ইবনে আবূ আওস (র) হইতে বর্ণিত যে, রাসূলুল্লাহ (সা) বর্ণনা করেন, ইয়াজুজ মাজুজের স্ত্রী আছে তাহারা সহবাস করিয়া থাকে। তাহাদের একজন মৃত্যুবরণ করিলে হাজার হাজার বরং ততধিক রাখিয়া যায়।

সহীহ মুসলিম (ইফা), পরিচ্ছেদঃ দুর্যোগসমূহ সন্নিকট হওয়া এবং ইয়াজুজ মাজুজের প্রাচীর খুলে দেয়া প্রসঙ্গে

৬৯৭১। নবী সা বললেনঃ **নিকট ভবিষ্যতে সংঘটিত দুর্যোগে আরবরা ধংস হয়ে যাবে। আজ ইয়াজুজ-মাজুজের প্রাচীর এতটুকু পরিমাণ খুলে দেয়া হয়েছে**। পরিমাণ বোঝাতে হাত দ্বারা দশের চক্র করে দেখালেন। যাইনাব (রা) বলেন, হে আল্লাহর রাসুল! আমাদের মধ্যে পুণ্যবান লোক থাকা সত্ত্বেও কি আমরা ধবংস হয়ে যাব? জবাবে তিনি বললেন, হ্যাঁ, যখন পাপাচার বেশী হবে।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত), পরিচ্ছেদঃ ইয়াজুজ ও মাজুজের আত্মপ্রকাশ

২১৮৭। একদিন রাসূলুল্লাহ সা ঘুম হতে জাগ্রত হলেন, তখন তার মুখমণ্ডল রক্তিমবর্ণ ধারণ করেছিল। তিনি লা ইলাহা ইল্লাল্লাহ বলতে লাগলেন। তারপর তিনি বললেনঃ **ঘনিয়ে আসা দুর্যোগে আরবদের দুর্ভাগ্য। আজ ইয়াজুজ-মাজুজের প্রাচীর এতটুকু পরিমাণ ফাক হয়ে গেছে**। এই বলে তিনি তর্জনী ও বৃদ্ধাঙ্গুলের সাহায্যে দশ সংখ্যার বৃত্ত করে ইঙ্গিত করেন। যাইনাব (রা) প্রশ্ন করলেন, আমাদের মধ্যে সৎ লোক থাকাবস্থায়ও কি আমরা সম্মুখীন হবো? রাসূল সা বললেনঃ হ্যাঁ, যখন পাপাচারের বিস্তার ঘটবে।

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

৪৩৭২। রাসূলুল্লাহ্ সা বলেনঃ কুরবানীতে জায়েয নয় **দুর্বল পশু, যার হাঁড়ে মজ্জা নেই**।

আসমান-যমীন সংক্রান্ত ইসলামের(স্বঘোষিত নবী মুহাম্মদের) কিছু সহীহ(অথেনটিক) বিশ্বাস,


নবীর মনের মাধুরী মিশিয়ে বানানো মিরাজের হাস্যকর গল্প (পড়তে লেখার উপর ক্লিক করুন)]]]

সূরা আল ইমরান, আয়াত ৯৬: নিশ্চয় **প্রথম ঘর, যা মানুষের জন্য স্থাপন করা হয়েছিল, তা মক্কায়**।

সহীহ বুখারী (ইফা)

৩১২৭। আবূ যার (রা) বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! পৃথিবীতে সর্বপ্রথম কোন মসজিদ তৈরি করা হয়েছে? তিনি বললেন, মসজিদে হারাম। আমি বললাম, তারপর কোনটি? তিনি বললেন, মসজিদে আকসা। আমি বললাম, উভয় মসজিদের (তৈরীর) মাঝে কত ব্যাবধান ছিল? তিনি বললেন, চল্লিশ বছর।

কিন্তু সমস্যাটি হচ্ছে, আল আকসা মসজিদ বা টেম্পল অফ জেরুজালেম ৯৫৮-৯৫১ খ্রিস্টপুর্বে নির্মিত হয়েছিল। এবং আব্রাহামিক ধর্মগুলো অনুসারে ইব্রাহিমের জন্ম-মৃত্যুও খ্রিস্টপূর্ব ২০০০ বছরে, আল আকসা মসজিদ নির্মানের বহু পূর্বে। এর অর্থ হচ্ছে, মুহাম্মদ এই উপাসনালয়গুলো তৈরির এবং নবীদের সময়কাল সম্পর্কে ঠিকভাবে জানতেন না। এমনকি বায়তুল মুকাদ্দাস বা আকসা মসজিদ যে তার সময়ে পুরোপুরি বিধবস্ত অবস্থায় ছিল তাও তার জানা ছিলনা, তাই মিরাজের গল্পে সে ওখানে গিয়েছে এই দাবি করার জন্য বিভিন্নসূত্র থেকে শুনা জেরুজালেমের বিবরণ দেয়ার মতো মূর্খতা করে বসে। [289pg দ্রষ্টব্য]



৭০৬ তাফসীরে ইব্‌ন কাছীর

কা'বা ঘর নির্মাণের ইতিহাস

সর্বপ্রথম কা'বা শরীফ নির্মাণ সম্বন্ধে বিভিন্নরূপ উপাখ্যান বর্ণিত হইয়াছে। কথিত আছে, পৃথিবীতে হযরত আদম (আ)-এর আগমনের পূর্বে ফেরেশতাগণ কা'বা শরীফ নির্মাণ করেন। আবূ জা'ফর বাকের মুহাম্মদ ইব্‌ন আলী ইব্‌ন হুসাইন হইতে উপরোক্ত রিওয়ায়েত বর্ণিত হইয়াছে। ইমাম কুরতুবীও হাদীসটি উল্লেখ করিয়াছেন। অবশ্য উক্ত রিওয়ায়েতটি অন্য কোন হাদীস দ্বারা সমর্থিত হয় নাই। ইহাও কথিত হইয়াছে যে, 'হযরত আদম (আ) সর্বপ্রথম কা'বা শরীফ নির্মাণ করেন।' আতা, সাঈদ ইব্‌ন মুসাইয়্যেব প্রমুখ ব্যক্তি হইতে ধারাবাহিকভাবে ইব্‌ন জুরায়জ ও আব্দুর রায্‌যাক বর্ণনা করিয়াছেন ঃ

'হযরত আদম (আ) পাঁচটি পর্বত হইতে পাথর আনিয়া কা'বা নির্মাণ করিয়াছিলেন। উক্ত পাঁচটি পর্বত হইতেছে–হেরা, সিনাই, যায়তা (زيتا), লেবানন এবং জূদী। অবশ্য উক্ত রিওয়ায়েতও সহীহ হাদীস দ্বারা প্রমাণিত নহে। হযরত ইব্‌ন আব্বাস (রা), কা'ব আহবার, কাতাদাহ এবং ওয়াহাব ইব্‌ন মুনাব্বিহ হইতে বর্ণিত হইয়াছে ঃ সর্বপ্রথম কা'বা শরীফ নির্মাণ করেন হযরত শীছ (আ)।'


নবী করীম (সা) বলিয়াছেন ঃ 'হযরত ইবরাহীম (আ) আল্লাহ্‌র ঘর (কা'বা)-কে সম্মানিত ও নিরাপদ ঘোষণা করিয়াছিলেন আর আমি মদীনা শহর অর্থাৎ উহার প্রস্তরময় দুই প্রান্তের মধ্যবর্তী স্থানকে সম্মানিত ঘোষণা করিতেছি।

৭৩১৯ নবী সা বলেছেনঃ কিয়ামত ক্বায়িম হবে না যে পর্যন্ত না আমার উম্মাত পূর্বযুগের লোকেদের নীতি পদ্ধতিকে আচার-অভ্যাসকে বিঘতে বিঘতে, হাতে হাতে গ্রহণ না করবে। বলা হল, হে আল্লাহর রাসূল! পারস্য ও রোমদের মত কি? তিনি বললেনঃ **এরা ছাড়া মানুষের মধ্যে অন্য আর কারা?**

৭৪৪৪ নবী সা বলেছেনঃ ২টি জান্নাত এমন হবে, সেগুলোর পানপাত্র ও তার ভিতরের সব কিছুই হবে রূপার। আর ২টি জান্নাত এমন হবে, সেগুলোর পানপাত্র ও তার ভিতরের সবকিছুই হবে সোনার। জান্নাতে তাদের ও তাদের রবের দর্শনের মাঝে তাঁর চেহারার উপর অহঙ্কারের চাদর ব্যতীত আর কোন কিছু আড়াল থাকবে না।

১৮৯৯ রাসূল সা বলেছেনঃ রোযার মাস আসলে আসমানের দরজাসমূহ খুলে দেয়া হয় এবং জাহান্নামের দরজাসমূহ বন্ধ করে দেয়া হয় আর শয়তানগুলোকে শিকলবন্দী করে দেয়া হয়।

তাফসীরে ইবনে কাসীর, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ, খণ্ড ৭, পৃষ্ঠা ১৪৫



সূরা তোহা ১৪৫

হযরত আবদুল্লাহ্‌ ইব্‌ন উমর (রা) হইতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ্‌ (সা) ইরশাদ করিয়াছেন, প্রত্যেক যমীনের মাঝে পাঁচশত বৎসরের দূরত্ব এবং সর্বনিম্ন যমীন মাছের উপর অবস্থিত। মাছের দুইপ্রান্ত আসমনে অবস্থিত। মাছটি একটি পাথরের উপর এবং পাথরটি একজন ফিরিশ্‌তার হাতে দ্বিতীয় যমীন বায়ু আবদ্ধ। তৃতীয় যমীনে জাহান্নামের পাথর, চতুর্থ যমীনে জাহান্নামের গন্ধক। পঞ্চম যমীনে জাহান্নামের সাপসমূহ, ষষ্ঠ যমীনে জাহান্নামের বিচ্ছু। সপ্ত যমীনে জাহান্নাম এবং সেইখানে ইব্‌লীস বন্দি অবস্থায় রহিয়াছে। তাহার এক হাত সামনে ও এক হাত পশ্চাতে বাধা। যখন আল্লাহ্‌র ইচ্ছা হয়, তাহাকে ছাড়িয়া দেন। হাদীসটি নিশ্চিত গারীব। ইহার মারফূ' হওয়াও বিবেচনা সাপেক্ষ।

↥

সুনান ইবনু মাজাহ

২৯২১। সাহল ইবনে (রা) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সা বলেনঃ **দুনিয়ার সর্বশেষ প্রান্ত, উভয় দিকের সবকিছু তালবিয়া পাঠ করে।**

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)

৮২৮। রাসূলুল্লাহ সা বলেছেনঃ যখন কোন মুসলিম তালবিয়া পাঠ করে তখন তার ডান ও বামে পাথর, বৃক্ষরাজি, মাটি সবকিছুই তার সাথে তালবিয়া পাঠ করে। এমনকি পৃথিবীর এ প্রান্ত হতে ও প্রান্ত পর্যন্ত (তালবিয়া পাঠকারীদের দ্বারা) পূর্ণ হয়ে যায়।

দাহাহা মানে উটপাখির ডিম ?!

https://www.islamweb.net/amp/en/fatwa/92448/


Meaning of Quran 79:30


Fatwa No: 92448, Fatwa Date:19-9-2006

Question: This is regarding the verse of Surah Naziat 79: 30 where Allaah subhanawataala says in the Quran “And after that He spread the earth” Most of the Modern day scholars translate this verse to “Earth is like ostrich-egg shaped” in order to proof the shape of the earth is Spherical. I would appreciate if you can provide me with the etymology of the word daha. I would also like to know can we change the meaning and quote is as egg shaped. JazakAllaah Khair

Answer: Allaah Says: And after that He spread (Dahaahaa) the earth. [Quran 79:30]. The Arabic word Dahaahaa is extracted from the root Daha which means spreading as interpreted by Imaams Al-Qurtubi, Ibn Manthoor and other interpreters of the Quran. Indeed Allaah explained the fact of the Earth being spread just right after mentioning the above verse, as He Says: And brought forth therefrom its water and its pasture. And the mountains He has fixed firmly. [Quran 79:31-32]. **Therefore, it becomes evident that the verse does not mean that He made it egg-shaped.**

শায়খ মুহাম্মদ বিন সালেদ আল উসাইমীন(র) যিনি সৌদি আরবের শীর্ষস্থানীয় ইসলামিক পণ্ডিত(স্কলার), সৌদিআরবের সর্বোচ্চ উলামা পরিষদ সদস্য, যাকে আধুনিকযুগের অন্যতম শ্রেষ্ঠ ফকিহ হিসেবে বিবেচিত। তার রচিত ফতোয়ায়ে আরকানুল ইসলাম থেকে একটি বিখ্যাত ফতোয়া দেখে নিই,





↥

প্রশ্নঃ- (১৬) সূর্য কি পৃথিবীর চার দিকে ঘুরে ?

উত্তরঃ- সম্মানিত শায়খ উত্তরে বলেন যে, শরীয়তের প্রকাশ্য দলীলগুলো প্রমাণ করে যে, সূর্যই পৃথিবীর চতুর্দিকে ঘুরে। এই ঘুরার কারণেই পৃথিবীতে দিবা-রাত্রির আগমণ ঘটে। আমাদের হাতে এই দলীলগুলোর চেয়ে বেশী শক্তিশালী এমন কোন দলীল নাই, যার মাধ্যমে আমরা সূর্য ঘূরার দলীলগুলোকে ব্যাখ্যা করতে পারি। সূর্য ঘুরার দলীলগুলো হলঃ আল্লাহ তাআ'লা বলেন,

﴿فَإِنَّ اللَّهَ يَأْتِي بِالشَّمْسِ مِنَ الْمَشْرِقِ فَأْتِ بِهَا مِنَ الْمَغْرِبِ﴾

"আল্লাহ তাআ'লা সূর্যকে পূর্ব দিক থেকে উদিত করেন। তুমি পারলে পশ্চিম দিক থেকে উদিত কর।" (সূরা বাকারাঃ ২৫৮) সূর্য পূর্ব দিক থেকে উঠার মাধ্যমে প্রকাশ্য দলীল পাওয়া যায় যে, সূর্য পৃথিবীর উপর পরিভ্রমণ করে।

২) আল্লাহ বলেনঃ

﴿فَلَمَّا رَأَى الشَّمْسَ بَازِغَةً قَالَ هَذَا رَبِّي هَذَا أَكْبَرُ فَلَمَّا أَفَلَتْ قَالَ يَاقَوْمِ إِنِّي بَرِيءٌ مِمَّا تُشْرِكُونَ﴾

"অতঃপর যখন সূর্যকে চকচকে অবস্থায় উঠতে দেখলেন তখন বললেনঃ এটি আমার পালনকর্তা, এটি বৃহত্তর। অতপর যখন তা ডুবে গেল, তখন বলল হে আমার সম্প্রদায়! তোমরা যেসব বিষয়ে শরীক কর আমি ওসব থেকে মুক্ত।" (সূরা আনআ'মঃ ৭৮) এখানে নির্ধারণ হয়ে গেল যে, সূর্য অদৃশ্য হয়ে যায়। একথা বলা হয়নি যে, সূর্য থেকে পৃথিবী ডুবে গেল। পৃথিবী যদি ঘূরত তাহলে অবশ্যই তা বলা হত।

৩) আল্লাহ বলেনঃ

﴿وَتَرَى الشَّمْسَ إِذَا طَلَعَتْ تَزَاوَرُ عَنْ كَهْفِهِمْ ذَاتَ الْيَمِينِ وَإِذَا غَرَبَتْ تَقْرِضُهُمْ ذَاتَ الشِّمَالِ﴾

"তুমি সূর্যকে দেখবে, যখন উদিত হয়, তাদের গুহা থেকে পাশ কেটে ডান দিকে চলে যায় এবং যখন অস্ত যায়, তাদের থেকে পাশ কেটে বাম দিকে চলে যায়।" (সূরা কাহাফঃ ১৭) পাশ কেটে ডান দিকে বা বাম দিকে চলে যাওয়া প্রমাণ করে যে, নড়াচড়া সূর্য থেকেই হয়ে থাকে। পৃথিবী যদি নড়াচড়া করত তাহলে অবশ্যই বলতেন সূর্য থেকে গুহা পাশ কেটে যায়। উদয় হওয়া এবং অস্ত যাওয়াকে সূর্যের দিকে সম্পৃক্ত করা হয়েছে। এটা থেকে বুঝা যায় যে, সূর্যই ঘুরে। পৃথিবী নয়।

৪) আল্লাহ বলেনঃ

﴿وَهُوَ الَّذِي خَلَقَ اللَّيْلَ وَالنَّهَارَ وَالشَّمْسَ وَالْقَمَرَ كُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ﴾

"এবং তিনিই দিবা-নিশি এবং চন্দ্র-সূর্য সৃষ্টি করেছেন। সবাই আপন আপন কক্ষ পথে বিচরণ করে।" (সূরা আমবীয়াঃ ৩৩) ইবনে আব্বাস বলেন, লাটিম যেমন তার কেন্দ্র বিন্দুর চার দিকে ঘুরতে থাকে, সূর্যও তেমনিভাবে ঘুরে।

৫) আল্লাহ বলেনঃ

﴿يُغْشِي اللَّيْلَ النَّهَارَ يَطْلُبُهُ حَثِيثًا﴾

"তিনি রাতকে আচ্ছাদিত করেন দিনের মাধ্যমে, দিন দৌড়ে দৌড়ে রাতের পিছনে আসে।" (সূরা আ'রাফঃ ৫৪) আয়াতে রাতকে দিনের অনুসন্ধানকারী বলে ব্যাখ্যা করা হয়েছে। অনুসন্ধানকারী পিছনে পিছনে দ্রুত অনুসন্ধান করে থাকে। এটা জানা কথা যে, দিবা-রাত্রি সূর্যের অনুসারী।

৬) আল্লাহ তাআ'লা বলেনঃ

﴿خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ يُكَوِّرُ اللَّيْلَ عَلَى النَّهَارِ وَيُكَوِّرُ النَّهَارَ عَلَى اللَّيْلِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ كُلٌّ يَجْرِي لِأَجَلٍ مُسَمًّى أَلَا هُوَ الْعَزِيزُ الْغَفَّارُ﴾

অর্থঃ "তিনি (আল্লাহ) আসমান ও জমিন সৃষ্টি করেছেন যথাযথভাবে। তিনি রাত্রিকে দিবস দ্বারা আচ্ছাদিত করেন এবং দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন এবং তিনি সূর্য ও চন্দ্রকে কাজে নিযুক্ত করেছেন। প্রত্যেকেই বিচরণ করে নির্দিষ্ট সময়কাল পর্যন্ত। জেনে রাখুন, তিনি পরাক্রমশালী,ক্ষমাশীল।" (সূরা যুমারঃ ৫) আয়াতের মাধ্যমে আমরা জানতে পারলাম যে, পৃথিবীর উপরে দিবা-রাত্রি চলমান রয়েছে। পৃথিবী যদি ঘুরতো তাহলে তিনি বলতেন, দিবা-রাত্রির উপর পৃথিবীকে ঘুরান। আল্লাহ তাআ'লা বলেন, "সূর্য এবং চন্দ্রের প্রত্যেকেই চলমান"। এই সমস্ত দলীলের মাধ্যমে জানা গেল যে, সুস্পষ্টভাবেই সূর্য ও চন্দ্র এক স্থান থেকে অন্য স্থানে চলাচল করছে। এ কথা সুস্পষ্ট যে, চলমান বস্তুকে বশীভূত করা এবং কাজে লাগানো একস্থানে অবস্থানকারী বস্তুকে কাজে লাগানোর চেয়ে অধিক যুক্তিসঙ্গত।

৭) আল্লাহ বলেনঃ

﴿وَالشَّمْسِ وَضُحَاهَا وَالْقَمَرِ إِذَا تَلَاهَا﴾

"শপথ সূর্যের ও তার কিরণের, শপথ চন্দ্রের যখন তা সূর্যের পশ্চাতে আসে।" (সূরা আশ্-শামসঃ ১-২) এখানে বলা হয়েছে যে, চন্দ্র সূর্যের পরে আসে। এতে প্রমাণ পাওয়া যায় যে, সূর্য এবং চন্দ্র চলাচল করে এবং পৃথিবীর উপর ঘুরে। পৃথিবী যদি চন্দ্র বা সূর্যের চার দিকে ঘুরত, তাহলে চন্দ্র সূর্যকে অনুসরণ করতনা। বরং চন্দ্র একবার সূর্যকে, আর একবার সূর্য চন্দ্রকে অনুসরণ করত। কেননা সূর্য চন্দ্রের অনেক উপরে। এই আয়াত দিয়ে পৃথিবী স্থীর থাকার ব্যাপারে দলীল গ্রহণ করার ভিতরে চিন্তা-ভাবনার বিষয় রয়েছে।

৮) মহান আল্লাহ বলেনঃ

﴿وَالشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَهَا ذَلِكَ تَقْدِيرُ الْعَزِيزِ الْعَلِيمِ، وَالْقَمَرَ قَدَّرْنَاهُ مَنَازِلَ حَتَّى عَادَ كَالْعُرْجُونِ الْقَدِيمِ، لَا الشَّمْسُ يَنْبَغِي لَهَا أَنْ تُدْرِكَ الْقَمَرَ وَلَا اللَّيْلُ سَابِقُ النَّهَارِ وَكُلٌّ فِي فَلَكٍ يَسْبَحُونَ﴾

"সূর্য তার নির্দিষ্ট অবস্থানে আবর্তন করে। এটা পরাক্রমশালী, সর্বজ্ঞ আল্লাহর নির্ধারণ। চন্দ্রের জন্যে আমি বিভিন্ন মনযিল নির্ধারিত করেছি। অবশেষে সে পুরাতন খর্জুর শাখার অনুরূপ হয়ে যায়। সূর্যের পক্ষে চন্দ্রকে নাগাল পাওয়া সম্ভব নয়। রাতের পক্ষেও দিনের অগ্রবর্তী হওয়া সম্ভব নয়। প্রত্যেকেই আপন আপন কক্ষপথে পরিভ্রমণ করে।" (সূরা ইয়াসীনঃ ৩৮-৪০) সূর্যের চলা এবং এই চলাকে মহা পরাক্রমশালী আল্লাহর নির্ধারণ বলে ব্যাখ্যা করা এটাই প্রমাণ করে যে, সূর্য প্রকৃতভাবেই চলমান। আর এই চলাচলের কারণেই দিবা-রাত্রি এবং ঋতুর পরিবর্তন হয়। চন্দ্রের জন্য মনযিল নির্ধারণ করার অর্থ এই যে, সে তার মনযিলসমূহে স্থানান্তরিত হয়। যদি পৃথিবী ঘুরত, তাহলে পৃথিবীর জন্য মনযিল নির্ধারণ করা হত। চন্দ্রের জন্য নয়। সূর্য কর্তৃক চন্দ্রকে ধরতে না পারা এবং দিনের অগ্রে রাত থাকা সূর্য, চন্দ্র, দিন এবং রাতের চলাচলের প্রমাণ বহন করে।

৯) নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সূর্য অস্ত যাওয়ার সময় আবু যরকে বলেছেনঃ

((أَتَدْرِي أَيْنَ تَذْهَبُ قُلْتُ اللهُ وَرَسُولُهُ أَعْلَمُ قَالَ فَإِنَّهَا تَذْهَبُ حَتَّى تَسْجُدَ تَحْتَ الْعَرْشِ فَتَسْتَأْذِنَ فَيُؤْذَنَ لَهَا وَيُوشِكُ أَنْ تَسْجُدَ فَلَا يُقْبَلَ مِنْهَا وَتَسْتَأْذِنَ فَلَا يُؤْذَنَ لَهَا يُقَالُ لَهَا ارْجِعِي مِنْ حَيْثُ جِئْتِ فَتَطْلُعُ مِنْ مَغْرِبِهَا))

"হে আবু যর! তুমি কি জান সূর্য যখন অস্ত যায় তখন কোথায় যায়? আবু যার বললেন, আল্লাহ এবং তাঁর রাসূলই ভাল জানেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, সূর্য অস্ত যাওয়ার সময় আরশের নীচে গিয়ে সেজদায় লুটিয়ে পড়ে এবং পুনরায় উদিত হওয়ার অনুমতি চায়। অতঃপর তাকে অনুমতি দেয়া হয়। সে দিন বেশী দূরে নয়, যে দিন অনুমতি চাবে কিন্তু তাকে অনুমতি দেয়া হবে না। তাকে বলা হবে যেখান থেকে এসেছ, সেখানে ফেরত যাও। অতঃপর সূর্য পশ্চিম দিক থেকেই উদিত হবে।"[1] এটি হবে কিয়ামতের পূর্ব মুহূর্তে। আল্লাহ সূর্যকে বলবেন, যেখান থেকে এসেছ সেখানে ফেরত যাও, অতঃপর সূর্য পশ্চিম দিক থেকে উদিত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণ করে যে, সূর্য পৃথিবীর উপরে ঘুরছে এবং তার এই ঘুরার মাধ্যমেই উদয়-অস্ত সংঘটিত হচ্ছে।

১০) অসংখ্য হাদীছের মাধ্যমে জানা যায় যে, উদয় হওয়া, অস্ত যাওয়া এবং ঢলে যাওয়া এই কাজগুলো সূর্যের সাথে সম্পৃক্ত। এগুলো সূর্য থেকে প্রকাশিত হওয়া খুবই সুস্পষ্ট। পৃথিবী হতে নয়।

[1] - বুখারী, অধ্যায়ঃ বাদউল খাল্‌ক, মুসলিম, অধ্যায়ঃ ঈমান

সহীহ বুখারী (ইফা)

পরিচ্ছদঃ ১৯৮৬. **চন্দ্র ও সূর্য একটির জ্যোতি অপরটিকে ঢাকতে পারে না, আর তাদের পক্ষে এটা সম্ভব নয়।**

৩২৭৩ নবী সা বলেছেন- তোমরা সূর্যোদয়ের সময়কে এবং সূর্যাস্তের সময়কে তোমাদের সালাতের জন্য নির্ধারিত করো না। কেননা এসময়ে **সূর্য- শয়তানের দু শিং-এর মাঝখান দিয়ে উদিত হয়।** [see also pg 175]

সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

৫৭২। নবী সা বলেন- রাতের শেষভাগে আল্লাহ বান্দার খুব নিকটবর্তী হন। সম্ভবহলে তুমিও সে সময় আল্লাহর যিকরকারীদের সাথী হবে। কারণ ঐ সময়ের সালাতের ফেরেশতারা উপস্থিত থাকেন এবং দেখে থাকেন, আর এ অবস্থা সূর্যোদয় পর্যন্ত অব্যাহত থাকে। **সূর্য শয়তানের দু' শিংয়ের মাঝখান দিয়ে উঠে** আর তা কাফিরদের ইবাদাতের সময়। কাজেই **ঐ সময় সালাত আদায় করা হতে বিরত থাকবে, যতক্ষণ এক বল্লম বরাবর সূর্য উপরে না ওঠে এবং তার উদয়কালীন আলোকরশ্মি দূর না হয়।**

পুনরায় সালাতের ফেরেশতারা উপস্থিত হন এবং প্রত্যক্ষ করেন **দ্বিপ্রহরে সূর্য বর্শার মতো সোজা না হওয়া পর্যন্ত।** কারণ তা এমন একটি সময়-যে সময়ে জাহান্নামের দরজা খুলে দেয়া হয় এবং তা আরো প্রজ্বলিত করা হয়। **তখন ছায়া ঝুঁকে না পড়া পর্যন্ত সালাত আদায় করবে না।** এরপর আবার সালাতের ফেরেশতারা উপস্থিত হন এবং প্রত্যক্ষ করেন সূর্যাস্ত পর্যন্ত। **অতঃপর সূর্য শয়তানের দুই শিংয়ের মধ্যখানে অস্ত যায়** আর তা কাফিরদের ইবাদাতের সময়।

৪৮০২ আবূ যার (রা) বলেন, একদা সূর্য অস্ত যাওয়ার সময় আমি নবী সা-এর সঙ্গে মসজিদে ছিলাম। তিনি বললেন, হে আবূ যার! তুমি কি জানো সূর্য কোথায় ডুবে? আমি বললাম, আল্লাহ্ এবং তাঁর রাসূল সবচেয়ে ভাল জানেন। তিনি বললেন, **সূর্য চলে, অবশেষে আরশের নিচে গিয়ে সিজদা করে।** নিম্নবর্ণিত وَالشَّمْسُ تَجْرِيْ لِمُسْتَقَرٍّ لَّهَا ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ এ আয়াতের কথাই বর্ণনা করা হয়েছে,- "সূর্য ভ্রমণ করে তার নির্দিষ্ট গন্তব্যের পানে, এ হল পরাক্রমশালী সর্বজ্ঞের নিয়ন্ত্রণ"।

৪৮০৩ পরিচ্ছেদঃ আল্লাহর বাণীঃ আর সূর্য নিজ গন্তব্যস্থানের দিকে চলতে থাকে। এটা পরাক্রমশালী, সর্বজ্ঞের নিয়ন্ত্রণ। (সূরাহ ইয়াসীন ৩৬/৩৮)

↥

আবূ যার গিফারী (রা) বলেন, আমি নবী সা কে আল্লাহর বাণীঃ 36/38 وَالشَّمْسُ تَجْرِي لِمُسْتَقَرٍّ لَّهَا "আর সূর্য ভ্রমণ করে তার নির্দিষ্ট গন্তব্যের দিকে" - সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বলেছেন, সূর্যের গন্তব্যস্থল আরশের নিচে।

সহীহ মুসলিম (ইফা)

২৯৮,২৯৯। আবূ যার (রা) বলেন, একদা আমি মসজিদে নববীতে প্রবেশ করলাম। রাসুলুল্লাহ সা তথায় উপবিষ্ট ছিলেন। সূর্য অস্তমিত হলে তিনি বললেনঃ জানো, এ সূর্য কোথায় যায়? আমি বললাম, আল্লাহ ও তাঁর রাসুলই ভাল জানেন। রাসুলুল্লাহ সা বললেনঃ সে তার **গন্তব্যস্থলে যায় এবং আল্লাহর কাছে সিজদার অনুমতি চায়। তখন তাকে অনুমতি দেয়া হয়।** পরে একদিন যখন তাকে বলা হবে যেদিক থেকে এসেছো সেদিকে ফিরে যাও। অনন্তর তা অস্তাচল থেকে উদিত হবে। এরপর তিনি আবদুল্লাহ ইবনু মাসঊদের কিরাআত অনুসারে তিলাওয়াত করেনঃ ذَلِكَ مُسْتَقَرٌّ لَهَا এ তার গন্তব্যস্থল। আরশের নিচে তার গন্তব্যস্থল।

৩১৯৯ আবূ যার (রা) বলেন, নবী সা সূর্য অস্ত যাবার সময় আমাকে বললেন, তুমি কি জানো, সূর্য কোথায় যায়? আমি বললাম, আল্লাহ এবং তাঁর রাসূলই ভাল জানেন।

তিনি বললেন, **তা যেতে যেতে আরশের নীচে গিয়ে সিজদায় পড়ে যায়। অতঃপর সে আবার উদিত হবার অনুমতি চায় এবং তাকে অনুমতি দেয়া হয়।**

আর শীঘ্রই এমন সময় আসবে যে, সিজদা করবে কিন্তু তা কবূল করা হবে না এবং সে অনুমতি চাইবে কিন্তু তাকে অনুমতি দেয়া হবে না। তাকে বলা হবে, যে পথ দিয়ে আসলে ঐ পথেই ফিরে যাও। তখন সে পশ্চিম দিক হতে উদিত হবে(কিয়ামতের আগে)— এটাই মর্ম হল মহান আল্লাহর বাণীরঃ "আর সূর্য নিজ কক্ষ পথে চলতে থাকে। এটা পরাক্রমশালী, সর্বজ্ঞের নিয়ন্ত্রণ।"

৭৪২৪ রাসূলুল্লাহ্ (সা.) বলেনঃ একদিন সূর্যকে নির্দেশ দেয়া হবে, যেখান থেকে এসেছ সেখানে ফিরে যাও। তখন সে তার অস্তের জায়গা থেকে উদিত হবে।

সহিহ হাদিসে কুদসি

১৬১। আবূ যর (রাঃ) বলেন, নবী সা আমাকে বলেন: "হে আবূ যর তুমি জান এটা **(সূর্য) কোথায় অস্ত যায়**?" আমি বললাম- আল্লাহ এবং তার রাসূল ভাল জানেন। নবী সা বললেন: **সূর্য অস্ত যায় একটি কর্দমাক্ত ঝর্ণায়, সে চলতে থাকে অবশেষে আরশের নিচে তার রবের জন্য সেজদায় লুটিয়ে পড়ে, যখন বের হওয়ার সময় তখন আল্লাহ তাকে অনুমতি দেন, ফলে সে বের হয় ও উদিত হয়। তিনি যখন তাকে যেখানে অস্ত গিয়েছে সেখান থেকে উদিত করার ইচ্ছা করবেন আটকে দিবেন**, সে বলবে: হে আমার রব আমার পথ তো দীর্ঘ, আল্লাহ বলবেন: যেখান থেকে ডুবেছে সেখান থেকেই উদিত হও, এটাই সে সময় যখন ব্যক্তিকে তার ঈমান উপকার করবে না(কিয়ামতের দিন)"।

(কুরআন 18:86) আল্লাহ বলেন- "অবশেষে যখন যুলকারনাইন সূর্যাস্তের স্থানে পৌঁছল, তখন সে **সূর্যকে একটি কর্দমাক্ত পানির ঝর্ণায় ডুবতে দেখতে পেল"**।

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন) ৪৪৩৯। রাসূলুল্লাহ সা বললেনঃ..... **সূর্য চলে, অবশেষে আরশের নিচে গিয়ে সিজদা করে।**

সূনান আবু দাউদ (ইফা)

৩৯৬১. আবূ যার (রা) বলেনঃ একদা আমি রাসূলুল্লাহ সা এর সংগে একটি গাধার পেছনে সওয়ার ছিলাম। এ সময় সূর্য অস্ত যাচ্ছিল। তখন তিনি আমাকে জিজ্ঞাসা করেনঃ তুমি কি জান, সূর্য কোথায় অস্তমিত হয়? আমি বলি, আল্লাহ্ এবং তাঁর রাসূল এ ব্যাপারে অধিক অবহিত। তিনি বললেন- এটি عَيْنٍ حَامِيَةٍ অর্থাৎ **গরম প্রস্রবণের মধ্যে যায়।**

সহীহ মুসলিম (ইফা)

২৯৬। নবী সা বলেনঃ **তোমরা কি জানো, সূর্য কোথায় যায়?** সাহাবীগণ বললেন, আল্লাহ ও তাঁর রাসুলই ভাল জানেন। তিনি বললেনঃ এ **সূর্য চলতে থাকে এবং আল্লাহর আরশের নিচে অবস্থিত তার অবস্থানস্থলে যায়। সেখানে সে সিজদাবনত হয়ে পড়ে থাকে। শেষে যখন তাকে বলা হয়, উঠো এবং যেখান থেকে এসেছিলে সেখানে ফিরে যাও! তখন সে ফিরে আসে এবং নির্ধারিত উদয়স্থল দিয়েই উদিত হয়।**

তা আবার চলতে থাকে এবং আরশের নিচে অবস্থিত তার অবস্থানস্থলে যায়। সেখানে সে সিজদাবনত অবস্থায় পড়ে থাকে। শেষে যখন তাকে বলা হয়, ওঠ এবং যেখান থেকে এসেছিলে সেখানে ফিরে যাও। তখন সে ফিরে আসে এবং নির্ধারিত উদয়স্থল হয়েই উদিত হয়। এমনিভাবে চলতে থাকবে; মানুষ তার থেকে অস্বাভাবিক কিছু হতে দেখবে না। একদিন সূর্য যথারীতি আরশের নিচে তার নির্দিষ্টস্থলে যাবে। তাকে বলা হবে, ওঠ এবং অস্তাচল থেকে উদিত হও। সেদিন সূর্য পশ্চিম গগনে উদিত হবে। তারপর রাসুলুল্লাহ সা বলেনঃ কোন দিন সে অবস্থা হবে তোমরা জানো? সে দিন হবে কিয়ামতের দিন।

৩১২৪ নবী সা বলেন- একজন **নবী জিহাদে গেলেন এবং আসরের সালাতের সময় এর কাছাকাছি সময়ে একটি জনপদের নিকটে আসলেন। তখন তিনি সূর্যকে বললেন, তুমিও আদেশ পালনকারী আর আমিও আদেশ পালনকারী। হে আল্লাহ! সূর্যকে থামিয়ে দিন। তখন সূর্যকে থামিয়ে দেয়া হল।**

৭২৪২ সাহাবীরা নতুন চাঁদ দেখতে পেলেন। তখন রাসূলুল্লাহ সা বললেনঃ **যদি চাঁদ আরো কয়দিন পরে উদিত হত, তাহলে আমি অবশ্যই তোমাদের রোযা বাড়াতাম।**

আল্লাহর আকার সসীম, কারণ অসীম কোন কিছু সসীম জিনিসের উপর থাকতে পারে না

- আল্লাহ আসমান ও যমীন এবং এ দু'য়ের মধ্যে যা কিছু আছে, তা ছয়দিনে সৃষ্টি করেছেন। তারপর তিনি আরশের উপর উঠেছেন। Sura As-Sajdah 32:4
- ফেরেশতাগণ আসমানের বিভিন্ন প্রান্তে থাকবে। সেদিন তোমার রবের আরশকে- ৮ জন ফেরেশতা তাদের উর্ধ্বে বহন করবে। Sura Al-Haqqah 69:17
- যারা আরশকে ধারণ করে এবং যারা এর চারপাশে রয়েছে, তারা রবের প্রশংসা পাঠ করে। Sura Ghafir 40:7
- ফেরেশতাগণ আরশের চার পাশ ঘিরে তাদের পালনকর্তার পবিত্রতা ঘোষনা করছে। কুরআন ৩৯:৭৫

So, this is proven that The volume of islamic god is **not infinite, His physical volume is totally limited.** & **So If he Once comes to the earth he could no longer go to the heaven because_ in every moments there remains any place on earth where night remains**

সূনান তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)
২/ সালাত (নামায)
পরিচ্ছেদঃ প্রত্যেক রাতেই আল্লাহ্ তা'আলা দুনিয়ার আকাশে নেমে আসেন।
৪৪৬. কুতায়বা (রহঃ) .... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ রাতের প্রথম এক-তৃতীয়াংশ অতিক্রান্ত হলে প্রত্যেক রাতেই আল্লাহ তা'আলা দুনিয়ার আকাশে নেমে আসেন এবং বলেনঃ আমিই রাজধিরাক, যে আমাকে ডাকে আমি তার ডাককে কবূল করি, যে আমার কাছে যাঞ্ছা করে আমি তাকে দেই, যে আমার কাছে ক্ষমা ভিক্ষা করে আমি তাকে ক্ষমা করে দেই। ফজরের আলো উদ্ভাসিত না হওয়া পর্যন্ত এভাবেই চলতে থাকে। – ইবনু মাজাহ ১৩৬৬, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৪৬ (আল মাদানী

১১৪৪,৬৩২১ রাসূল সা. বলেছেনঃ **আল্লাহ্ প্রতি রাতে রাতের শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকাকালে পৃথিবীর নিকটবর্তী আসমানে অবতরণ করে** ঘোষণা করতে থাকেনঃ কে আছে এমন যে, আমার নিকট চাইবে? আমি তাকে তা দিব।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)
পরিচ্ছেদঃ ক্বিয়ামুল লায়ল-এর প্রতি উৎসাহ দান
১২২৩। আবূ হুরায়রাহ্ (রাঃ) বলেন, রসূলুল্লাহ সা বলেছেনঃ প্রতি রাত্রে শেষ তৃতীয়াংশে আমাদের মর্যাদাবান রব দুনিয়ার আকাশে নেমে আসেন এবং বলেন.....।

(এই সহীহ হাদীসসমুহ অনুসারে, ইসলামের আকীদা প্রমাণ করে যে এক্ষেত্রে পৃথিবী সমতল না হয়ে গোলাকার হওয়ার/ভাবার কোনো সুযোগ নেই। কেননা নাহলে আল্লাহর পক্ষে রাতের শেষে সপ্তম আসমানের উপর আরশে যাওয়ার সুযোগ নেই।)

↥

ইমাম আহমদ (র) আব্বাস ইব্ন আবদুল মুত্তালিব (রা) থেকে বর্ননা করেন যে, তিনি বলেন, আমরা একদা রাসূলুল্লাহ (সা)-এর সঙ্গে বাত্হা নামক স্থানে উপবিষ্ট ছিলাম। এ সময়ে একখণ্ড মেঘ অতিক্রম করলে রাসূলুল্লাহ (সা) বললেন ঃ তোমরা কি জান এগুলো কী? আমরা বললাম, মেঘমালা! তিনি বললেন, সাদা মেঘ বলতে পার। আমরা বললাম সাদা মেঘ। তিনি বললেন ঃ 'আনানও (মেঘ) বলতে পার, আমরা বললাম ওয়াল আনান। তারপর বললেন, আমরা নীরব থাকলাম। তারপর তিনি বললেন ঃ তোমরা কি জান যে, আকাশ ও পৃথিবীর মাঝে দূরত্ব কতটুকু? আব্বাস (রা) বলেন, আমরা বললাম, আল্লাহ এবং তাঁর রাসূলই সম্যক অবহিত। তিনি বললেন ঃ উভয়ের মাঝে পাঁচশ বছরের দূরত্ব। এক আকাশ থেকে আরেক আকাশ পর্যন্ত পাঁচশ বছরের দূরত্ব, প্রত্যেকটি আকাশ পাঁচশ বছরের দূরত্ব সমান পুরু এবং সপ্তম আকাশের উপরে একটি সমুদ্র আছে ঃ যার উপর ও নীচের মধ্যে ঠিক ততটুকু দূরত্ব; যতটুকু দূরত্ব আকাশ ও পৃথিবীর মধ্যে। তারপর তার উপরে আছে আটটি পাহাড়ী মেষ, যাদের হাঁটু ও ক্ষুরের মাঝে আকাশ ও পৃথিবীর মধ্যকার দূরত্বের সমান দূরত্ব। সেগুলোর উপরে হলো আরশ। যার নিচ ও উপরের মধ্যে ততটুকু দূরত্ব, যতটুকু আকাশ ও পৃথিবীর মধ্যে। আল্লাহ হলেন তারও উপরে। কিন্তু বনী আদমের কোন আমলই তাঁর কাছে গোপন থাকে না।

পাঠটি ইমাম আহমদ (র)-এর। আর ইমাম আবু দাউদ ইব্ন মাজাহ ও তিরমিযী (র) সিমাক (রা) সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। ইমান তিরমিযী (র) হাদীসটি হাসান বলে মন্তব্য করেছেন। আবার শুরায়ক সিমাক থেকে এ হাদীসটির অংশ বিশেষ মওকূফ পদ্ধতিতে বর্ণনা করেছেন। ইমাম আবূ দাউদ (র)-এর শব্দ হলো ঃ

وهل ترون بعد ما بين السماء والأرض ؟ قالوا لا ندرى قال ما بينهما اما واحدة او اثنين او ثلاثة وسبعون سنة.

অর্থাৎ— "আকাশ ও পৃথিবীর মাঝের দূরত্ব কতটুকু তা কি তোমরা জান ? তাঁরা বলল, আমরা তো জানি না। তিনি বললেন, উভয়ের মাঝে একাত্তর কিংবা বাহাত্তর কিংবা তিহাত্তর বছরের দূরত্ব।[১] অবশিষ্টগুলোর দূরত্ব অনুরূপ।"

ইমাম আবূ দাউদ (র) সাহাবী জুবায়র ইবন মুতইম (রা) সূত্রে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ (সা) বললেন ঃ আরশ তার আকাশসমূহের উপরে এভাবে আছে। এ বলে তিনি তাঁর অঙ্গুলিসমূহের দ্বারা ইশারা করে গম্বুজের মত করে দেখান। তারপর বললেন ঃ

وانه ليئط به أطيط الرحل بالراكب.

অর্থাৎ—বাহন তার আরোহীর ভারে যেমন মচমচ করে উঠে আরশও তেমনি মচমচ করে উঠে। ইবন বাশ্শার (র)-এর বর্ণনায় রয়েছে ঃ

ان الله فوق عرشه والعرش فوق سموته.

অর্থাৎ—আল্লাহ আছেন তাঁর আরশের উপর আর আরশ আছে তাঁর আকাশসমূহের উপর।

ইব্ন জারীর তাঁদের তাফসীরদ্বয়ে, ইব্ন আবূ 'আসিম ও তাবারানী তাঁদের কিতাবুস সুন্নাহয়, বায্যার তাঁর মুসনাদে এবং হাফিজ জিয়া আল মাকদেসী তাঁর 'মুখতারাত' গ্রন্থে উমর ইব্ন খাত্তাব (রা) সূত্রে বর্ণনা করেন যে, তিনি বলেছেন, এক মহিলা রাসূলুল্লাহ (সা)–এর নিকট এসে বলল, আল্লাহর কাছে আমার জন্য দু'আ করুন, যেন তিনি আমাকে জান্নাতে প্রবেশ করান। উমর (রা) বলেন, একথা শুনে তিনি আল্লাহ তা'আলার মহিমা বর্ণনা করে বললেন ঃ

إن كرسيه وسع السموت والأرض وإن له أطيطا كأطيط الرحل الجديد من ثقله.

অর্থাৎ—'নিঃসন্দেহে তাঁর কুরসী আকাশ ও পৃথিবীময় পরিব্যাপ্ত এবং তা নতুন বাহন বোঝার ভারে শব্দ করার ন্যায় শব্দ করে।'

সহীহ বুখারীতে আছে যে, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ

لقد اهتز عرش الرحمن لموت سعد ابن معاذ.

অর্থাৎ—'সাদ ইব্ন মুআযের মৃত্যুতে রাহমানের আরশ কেঁপে উঠে।'

ইমাম আহ্মদ (র) ইব্ন আব্বাস (রা) সূত্রে যে হাদীসটি বর্ণনা করেন রাসূলুল্লাহ (সা) উমায়্যা ইবন আবুস-সাল্ত-এর কবিতার নিম্নোক্ত দু'টো পংক্তি সম্পর্কে মন্তব্য করেছিলেন। উমায়্যা যথার্থ বলেছে। পংক্তি দু'টি হলো ঃ

رجل وثور تحت رجل يمينه - والنسر للأخري وليث مرصد.

অর্থাৎ—তাঁর (আরশের) ডান পায়ের নিচে আছে একজন লোক ও একটি ষাঁড়। আর অপর পায়ের নিচে আছে একটি শকুন ও ওঁৎ পেতে থাকা একটি সিংহ।

একথা শুনে রাসূলুল্লাহ (সা) বললেন ঃ সে যথার্থই বলেছে। তারপর উমায়্যা বলল ঃ

والشمس تطلع كل آخر ليلة - حمراء مطلع لونها متورد

تأبى فلا تبد ولنا في رسلها - الا معذبة والا تجلد

অর্থাৎ—প্রতি রাতের শেষে লাল হয়ে সূর্য উদিত হয় যার উদয়াচলের রঙ হলো গোলাপী। আমাদের জন্য আত্মপ্রকাশ করতে সূর্য ইতস্তত করে থাকে। অবশেষে আত্মপ্রকাশ করে শাস্তিদানকারী রূপে এবং কশাঘাতকারী রূপে।

শুনে রাসূলুল্লাহ (সা) বললেন, সে যথার্থই বলেছে। এ হাদীসের সনদ সহীহ এবং তার বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। এ হাদীস প্রমাণ করে যে, আর্শ বহনকারীদের বর্তমান সংখ্যা

আল্লাহ তা'আলা বলেন ঃ

الَّذِيْنَ يَحْمِلُوْنَ الْعَرْشَ وَمَنْ حَوْلَهُ يُسَبِّحُوْنَ بِحَمْدِ رَبِّهِمْ وَيُؤْمِنُوْنَ بِهِ وَيَسْتَغْفِرُوْنَ لِلَّذِيْنَ اٰمَنُوْا.

অর্থাৎ—যারা আরশ ধারণ করে আছে এবং যারা তার চতুষ্পার্শ্ব ঘিরে আছে, তারা তাদের প্রতিপালকের পবিত্রতা ও মহিমা ঘোষণা করে প্রশংসার সাথে এবং তাতে বিশ্বাস স্থাপন করে এবং মুমিনদের জন্য ক্ষমা প্রার্থনা করে। (৪০ ঃ ৭)

পূর্বে উল্লেখিত একটি হাদীসে বলা হয়েছে যে, তারা হলেন আটজন এবং তাদের পিঠের উপর রয়েছে আরশ। আল্লাহ তা'আলা বলেন ঃ

وَيَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوْقَهُمْ يَوْمَئِذٍ ثَمَانِيَةٌ.

অর্থাৎ—এবং সে দিন আটজন ফেরেশতা তাঁদের প্রতিপালকের আরশকে ধারণ করবে তাদের উর্ধে। (৬৯ ঃ ১৭)

শাহ্র ইব্ন হাওশাব (র) বলেন, আরশ বহনকারী ফেরেশতা হলেন আটজন।

আর আরশ পানির উপর ভাসমান এবং আরশের উপর রয়েছেন বিশ্বজগতের প্রতিপালক। যে আরশ বহন করেন সম্মানিত এবং আল্লাহর চিহ্নিত ফেরেশতাগণ।

ইব্ন আবদুল বার (র) প্রমুখ ইমাম তা বর্ণনা করেছেন। আবূ দাউদ (র) জাবির ইব্ন আবদুল্লাহ (রা) সূত্রে বর্ণনা করেন যে, তিনি বলেন, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ

أذن لى أن أحدث عن ملك من ملئكة الله عز وجل من حملة العرش

أن ما بين شحمة أذنه ألى عاتقه مسيرة سبعماة عام.

অর্থাৎ—"আমাকে আল্লাহর আরশ বহনকারী আল্লাহর ফেরেশতাদের একজনের বিবরণ দেয়ার অনুমতি দেয়া হয়েছে। তাঁর কানের লতি ও কাঁধের মাঝে সাতশ বছরের পথ।"

অর্থাৎ—বল, তোমরা কি তাঁকে অস্বীকার করবে যিনি পৃথিবী সৃষ্টি করেছেন দু'দিনে এবং তোমরা তাঁর সমকক্ষ দাঁড় করাতে চাও? তিনি তো জগতসমূহের প্রতিপালক। তিনি স্থাপন করেছেন অটল পর্বতমালা ভূপৃষ্ঠে এবং তাতে রেখেছেন কল্যাণ এবং চারদিনের মধ্যে তাতে ব্যবস্থা করেছেন খাদ্যের, সমভাবে যাচনাকারীদের জন্য।

তারপর তিনি আকাশের দিকে মনোনিবেশ করেন যা ছিল ধূম্রপুঞ্জ বিশেষ। অনন্তর তিনি তাকে ও পৃথিবীকে বললেন, তোমরা উভয়ে এসো ইচ্ছায় অথবা অনিচ্ছায়। তারা বলল, আমরা আসলাম অনুগত হয়ে।

তারপর তিনি আকাশমণ্ডলীকে দুদিনে সপ্তাকাশে পরিণত করলেন এবং প্রতি আকাশে তার বিধান ব্যক্ত করলেন, এবং আমি নিকটবর্তী আকাশকে সুশোভিত করলাম প্রদীপমালা দ্বারা এবং করলাম সুরক্ষিত। এটা পরাক্রমশালী, সর্বজ্ঞ আল্লাহর ব্যবস্থাপনা। (৪১ ঃ ৯-১২)

এতে ইঙ্গিত পাওয়া যায় যে, পৃথিবী আকাশের আগে সৃষ্ট হয়েছে। কেননা, পৃথিবী হলো, প্রাসাদের ভিত স্বরূপ যেমন আল্লাহ তা'আলা বলেন ঃ

অর্থাৎ—তিনি পৃথিবীর সব কিছু তোমাদের জন্য সৃষ্টি করেছেন, তারপর তিনি আকাশের দিকে মনোসংযোগ করেন এবং তাকে সপ্তাকাশে বিন্যস্ত করেন, তিনি সর্ববিষয়ে সবিশেষ অবহিত। (২ ঃ ২৯)

وَأَوَلَمْ يَرَ الَّذِيْنَ كَفَرُوْا أَنَّ السَّمٰوٰتِ وَالْأَرْضَ كَانَتَا رَتْقًا فَفَتَقْنٰهُمَا وَجَعَلْنَا مِنَ الْمَاءِ كُلَّ شَيْءٍ حَيٍّ. أَفَلَا يُؤْمِنُوْنَ.

অর্থাৎ—যারা কুফরী করে তারা কি ভেবে দেখে না যে, আকাশমণ্ডলী ও পৃথিবী মিশেছিল ওতপ্রোতভাবে; তারপর আমি উভয়কে পৃথক করে দিলাম এবং প্রাণসম্পন্ন সমস্ত কিছু সৃষ্টি করলাম পানি থেকে; তবুও কি তারা বিশ্বাস করবে না ? (২১ ঃ ৩০)

আবূ মালিক, ইব্ন আব্বাস (রা) ও ইব্ন মাসউদ (রা) এবং আরো কয়েকজন সাহাবা সূত্রে বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ (সা)

هُوَالَّذِىْ خَلَقَ لَكُمْ مَّا فِى الْأَرْضِ جَمِيْعًا ثُمَّ اسْتَوٰى وَإِلَى السَّمَاءِ فَسَوّٰهُنَّ سَبْعَ سَمٰوٰتٍ.

এ আয়াতের ব্যাখ্যায় বলেছেন ঃ আল্লাহর আরশ ছিল পানির উপর। পানির আগে তিনি কিছুই সৃষ্টি করেননি। তারপর যখন তিনি মাখলূক সৃষ্টি করতে মনস্থ করেন তখন পানি থেকে ধোঁয়া আকারে বাষ্প বের করেন। ফলে তা পানির উপরে উঠে যায়। এই ওঠাকে আরবীতে سماء বলা হয়ে থাকে। তাই এ উপরে ওঠার কারণেই আকাশকে سماء বলে নামকরণ করা হয়।

তারপর পানি শুকিয়ে একটি যমীনে রূপান্তরিত করেন। তারপর তা পৃথক পৃথক করে দু'দিনে (রবি ও সোমবার দিন) সাত যমীনে পরিণত করেন।

আল্লাহ তা'আলা মঙ্গলবার দিন পাহাড়-পর্বত ও তাঁর উপকারিতা, বুধবার দিন গাছপালা, পানি, শহর-বন্দর এবং আবাদ ও বিনাশ সৃষ্টি করেছেন এবং পরস্পর ওতপ্রোতভাবে মিশে থাকা আকাশকে পৃথক পৃথক করেছেন। বৃহস্পতি ও শুক্র এ দু'দিনে তিনি সাত আকাশে পরিণত করেন। উল্লেখ্য যে, জুমআর দিনকে জুমআ বলে এ জন্য নামকরণ করা হয়েছে যে, এ দিনে আকাশসমূহ ও পৃথিবী সৃষ্টির সমাবেশ ঘটানো হয়েছিল এবং প্রত্যেক আকাশে তাঁর বিধানের প্রত্যাদেশ দেওয়া হয়েছিল।

তারপর তিনি প্রত্যেক আকাশে ফেরেশতা, পাহাড়-পবর্ত, সাগরমালা, তুষার পর্বত ও এমন বস্তু সৃষ্টি করেন, যা তিনি ব্যতীত অন্য কেউ জ্ঞাত নয়। তারপর আকাশকে নক্ষত্ররাজি দ্বারা

সুশোভিত করে তাকে সুষমামণ্ডিত ও শয়তানের কবল থেকে সুরক্ষিত বানিয়েছেন। তারপর ইচ্ছা মত সৃষ্টি পর্ব শেষ করে তিনি আরশের প্রতি মনোসংযোগ করেন।

আল্লাহ তা'আলা সাত আসমান সৃষ্টি করেছেন এবং সংখ্যায় তাদের অনুরূপ যমীনও সৃষ্টি করেছেন। (৬৫ ঃ ১২)

আবূ হুরায়রা (রা) থেকে ইমাম আহমদ (র) বর্ণিত অন্য হাদীসে আছে যে, রাসূলুল্লাহ (সা) বলেছেন ঃ من أخذ من الأرض شبرا بغير حقه طوقه من سبع أرضين.

এটিও ইমাম আহমদের এককভাবে বর্ণিত হাদীস। ইমাম তাবারানী (র) ইব্ন আব্বাস (রা) সূত্রে রাসূলুল্লাহ (সা) থেকে অনুরূপ হাদীস বর্ণনা করেছেন।

মোটকথা, এ হাদীসগুলো যমীনের সংখ্যা যে সাত তার প্রমাণ হিসাবে প্রায় মুতাওয়াতির তুল্য—যাতে সন্দেহের অবকাশ থাকে না। আর এর দ্বারা সাত যমীনের একটি যে অপরটির উপর অবস্থিত তা-ই বুঝানো হয়েছে। জ্যোতির্বিজ্ঞানীদের মতে, নীচের যমীন উপরের যমীনের ঠিক মাঝ বরাবর অবস্থিত। সপ্তমটি পর্যন্ত এভাবেই রয়েছে। সপ্তমটি হলো সম্পূর্ণ নিরেট—যার মধ্যে একটুও ফাঁকা নেই। এর মধ্যখানেই হলো কেন্দ্র। এটি একটি কল্পিত বিন্দু— আর এটিই হলো ভারি বস্তু পতনের স্থল। চতুর্দিক থেকে যা কিছু পতিত হয়, কোন কিছুর দ্বারা বাধাগ্রস্ত না হলে তার সব গিয়ে ওখানেই পতিত হয়।

এরপর وَالْأَرْضَ فَرَشْنَاهَا অর্থ আমি পৃথিবীকে বিছিয়ে বিস্তৃত করে স্থির অটল করে দিয়েছি; ফলে তা আর তোমাদেরকে নিয়ে নড়ে না।

ইমাম আহমদ (র) বর্ণনা করেন যে, আনাস (রা) রাসূলুল্লাহ (সা) থেকে বর্ণনা করেছেন যে, তিনি বলেন ঃ আল্লাহ তা'আলা পৃথিবী সৃষ্টি করার পর তা দুলতে শুরু করে, তাই তিনি পর্বতমালা সৃষ্টি করে তার উপর তা স্থাপন করেন। তাতে পৃথিবী স্থির হয়ে যায়। পর্বতমালা দেখে ফেরেশতাগণ অবাক হয়ে বললেন, হে আমাদের প্রতিপালক! আপনার সৃষ্টির মধ্যে পর্বত থেকে মজবুত আর কিছু আছে কি? আল্লাহ বললেন, হ্যাঁ, লোহা। ফেরেশতাগণ বললেন, হে আমাদের প্রতিপালক! আপনার সৃষ্টির মধ্যে লোহা থেকে বেশি মজবুত আর কিছু আছে কি? আল্লাহ বললেন হ্যাঁ, আগুন। ফেরেশতাগণ বললেন, হে আমাদের প্রতিপালক! আপনার সৃষ্টির মধ্যে আগুনের চাইতে অধিকতর শক্তিশালী আর কিছু আছে কি? আল্লাহ বললেন ঃ হ্যাঁ বাতাস। ফেরেশতাগণ বললেন, হে আমাদের প্রতিপালক! আপনার সৃষ্টির মধ্যে বাতাসের চাইতে অধিকতর শক্তিশালী কিছু আছে কি? আল্লাহ বললেন ঃ হ্যাঁ, আদম সন্তান, যে ডান হাতে দান করে আর বাম হাত থেকে তা গোপন রাখে। 'ইমাম আহমদ (র) এককভাবে

ইহার পর আল্লাহ্ তা'আলা বলিয়াছেন ঃ ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ وَهِيَ دُخَانٌ অর্থাৎ পৃথিবী সৃষ্টি করার পর যখন তিনি আকাশ সৃষ্টি করার জন্য মনোনিবেশ করিলেন তখন উর্দ্ধলোক বাষ্পায়িত ধূম্র-পুঞ্জবিশেষ ছিল।

كَانَتَا رَتْقًا فَفَتَقْنَاهُمَا وَجَعَلْنَا مِنَ الْمَاءِ كُلَّ شَيْءٍ حَيٍّ "আকাশ ও পৃথিবী উভয়ই বাষ্প ছিল। অতঃপর আমি উভয়কে পৃথকভাবে বিন্যস্ত করিয়াছি। অনন্তর আমি প্রত্যেক বস্তুকে পানি দ্বারা সপ্রাণ করিয়াছি।"

আস্ সুদ্দী স্বীয় তাফসীরে ইব্ন মাসউদ ও অন্যান্য সাহাবা (রা) হইতে পর্যায়ক্রমে মুর্‌রাহ, ইব্ন আব্বাস, আবূ সালেহ ও আবূ মালিক হইতে বর্ণনা করেন– সৃষ্টির পূর্বে আল্লাহ্ তা'আলার আরশ পানির উপর সংস্থাপিত ছিল। পানির পূর্বে আল্লাহ্ পাক কোন বস্তুই সৃষ্টি করেন নাই। সুতরাং সৃজন পরিকল্পনা বাস্তবায়নের জন্য সর্বপ্রথম তিনি পানি হইতে বাষ্প সৃষ্টি করিলেন। উহা ক্রমান্বয়ে উর্ধ্বলোকে উত্থিত হইল এবং উত্থিত বাষ্প ছাদরূপ পরিগ্রহ করিয়া আকাশে পরিণত হইল। এইজন্য উহার নাম হইল سماء (উর্ধ্বলোক)। অতঃপর পানি শুকাইয়া একটি ভূখণ্ড দেখা দিল। তখন উহাকে সপ্তখণ্ডে বিভক্ত করা হইল। রবি-সোম দুই

'তুমি বল, তোমরা কি সেই মহান সত্তার অস্তিত্ব অস্বীকার করিতেছ কিংবা তাঁহার অংশীদার দাঁড় করাইতেছ যিনি দুই দিনে পৃথিবী সৃষ্টি করিয়াছেন? তিনিই তো নিখিল সৃষ্টির প্রতিপালক। তিনি পাহাড় গাড়িয়া ভূপৃষ্ঠ স্থিতিশীল করিয়াছেন এবং পৃথিবীকে নানাবিধ দানে ধন্য করিয়াছেন। অতঃপর চারিদিনে উহা বিন্যস্ত করিয়া উর্বরা শক্তি দিয়াছেন। জিজ্ঞাসুদের জন্য উহাতে সন্তোষজনক সমাধান রহিয়াছে। অতঃপর তিনি আকাশের দিকে মনোনিবেশ করিলেন। তখন আকাশ ছিল বাষ্পাকার। তিনি আকাশ ও পৃথিবীকে বলিলেন– ইচ্ছায় কি অনিচ্ছায় আমার পরিকল্পিত রূপ পরিগ্রহ কর। তাহারা বলিল– আমরা স্বেচ্ছায় বাস্তব রূপ গ্রহণ করিতেছি। এইভাবে দুই দিনে অকাশকে সপ্ত খণ্ডে বিভক্ত ও বিন্যস্ত করা হইল এবং প্রত্যেক আকাশের কাজ নির্ধারণ করিয়া দেওয়া হইল। পৃথিবীর নিকটবর্তী আকাশকে নক্ষত্ররাজি দ্বারা সুসজ্জিত করা হইল এবং শয়তানের অনাচার প্রতিরোধের জন্য প্রহরার ব্যবস্থা হইল। এই হইল সেই মহাপরাক্রমশালী সর্বজ্ঞ সত্তার সুপরিকল্পিত ব্যবস্থাপনা।'

এই আয়াতে বুঝা যায় যে, আল্লাহ্ তা'আলা তাঁহার সৃষ্টি পরিকল্পনার সূচনা করিয়াছেন পৃথিবী সৃষ্টি দ্বারা। অতঃপর সপ্ত আকাশ সৃষ্টির পরিকল্পনাকে বাস্তবায়িত করিয়াছেন। যে কোন স্থাপত্য শিল্পের নিয়মই হইল এই যে, সর্বপ্রথম সৌধের নিম্নভাগের ভিত্তি স্থাপন করা। অতঃপর সৌধের উপরিভাগের কাজে হাত দেওয়া। আল্লাহ্র এই সৃষ্টি পরিকল্পনাও অনুরূপভাবে বাস্তবায়িত হইয়াছে।

তাই আল্লাহ্ বলেন ঃ

ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ وَهِيَ دُخَانٌ فَسَوّٰهُنَّ سَبْعَ سَمٰوٰتٍ মুজাহিদ বলেন ঃ সপ্ত আকাশ একটির উপর অপরটি এবং সপ্ত পৃথিবী একটির নিচে অপরটির অবস্থান। এই আয়াত


২৯. তিনিই তোমাদের জন্য পৃথিবীর সব কিছু সৃষ্টি করেছেন, তারপর আকাশের দিকে মনোযোগ দিলেন এবং তাকে সপ্তাকাশে বিন্যস্ত করলেন। তিনি সর্ববিষয়ে সম্যক অবগত।

فَقَالَ لَهَا وَلِلْاَرْضِ ائْتِيَا طَوْعًا اَوْ كَرْهًا ط قَالَتَا اَتَيْنَا طَائِعِيْنَ ـ فَقَضٰهُنَّ سَبْعَ سَمٰوٰتٍ فِيْ يَوْمَيْنِ وَاَوْحٰى فِيْ كُلِّ سَمَاءٍ اَمْرَهَا ط وَزَيَّنَّا السَّمَاءَ الدُّنْيَا بِمَصَابِيْحَ ز وَحِفْظًا ط ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ ـ

উপরোক্ত আয়াতসমূহ প্রমাণ করে, পৃথিবী নভোমণ্ডলীর আগে সৃষ্টি করা হইয়াছে। আলিমদের ভিতর এই ব্যাপারে কোন মতভেদ নাই।

(٣٠) وَاِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّيْ جَاعِلٌ فِي الْاَرْضِ خَلِيْفَةً قَالُوْٓا اَتَجْعَلُ فِيْهَا مَنْ يُّفْسِدُ فِيْهَا وَيَسْفِكُ الدِّمَآءَ وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ قَالَ اِنِّيْٓ اَعْلَمُ مَا لَا تَعْلَمُوْنَ ○

(পরকালে) যেখানে তোমাদের কার্যকলাপের সমস্ত পুরস্কার ও বিনিময় দেয়া হবে। এরপর আল্লাহ্ পাক মানুষের জন্য কি অবদান রেখেছেন তার বর্ণনা দিয়ে বলেন ঃ (هُوَ الَّذِيْ خَلَقَ لَكُمْ) তিনিই সেই সত্তা যিনি তোমাদের জন্যে সৃষ্টি করেছেন (مَّافِي الْاَرْضِ) যা কিছু পৃথিবীতে আছে জীবজন্তু, উদ্ভিদ ইত্যাদি। (جَمِيْعًا) সবগুলিকেই তোমাদের মঙ্গলের জন্যই (ثُمَّ اسْتَوٰى اِلَى السَّمَاءِ) তারপর তিনি আকাশমণ্ডলী সৃষ্টি করার ইচ্ছা করলেন (فَسَوّٰهُنَّ) তারপর তিনি তাদেরকে (سَبْعَ سَمٰوٰتٍ) সপ্ত আকাশে সুবিন্যস্ত করে দিলেন, এবং পৃথিবীর উপর সমভাগে বিস্তৃত করলেন (وَهُوَ بِكُلِّ شَيْءٍ) তিনি আসমান ও যমীন সৃষ্টির সর্ববিষয়ে (عَلِيْمٌ) সর্বজ্ঞানী। এরপর তিনি ফিরিশতাদের ঘটনাবলির উল্লেখ করেন, যারা হযরত আদম (আ)-কে সিজদা করার আদেশ প্রাপ্ত হয়েছিল ঃ



Sunan Ibn Majah 166
Al-Hakim, Al-Mustadrak 3840

166. Narrated Ibn Abbas:

"The Messenger of Allah ﷺ embraced me and said, 'O Allah, teach him wisdom and the interpretation of the Book (i.e., the Qur'an).'"

Classed *sahih* by al-Albani and al-Arna'ut

3840. Narrated Ibn Abbas:

"The first thing that Allah created was the Pen. He said to it, 'Write.' It said, 'What shall I write?' He said, 'The divine decree.' And it wrote all that shall be from that day until the onset of the Hour. And His throne was upon the water. The water vapor rose and the heavens split off from it. He then created the whale *(Nun)* and spread the earth over it. The earth is on the back of the whale, and when the whale stirred, the earth shook. It was steadied by the mountains, for indeed, the mountains prevail over the earth."

Classed *sahih* by al-Hakim and confirmed by al-Dhahabi

Qur'an 68:1

"*Nun.* By the Pen and what they write."

↥

Al-Hakim, Al-Mustadrak 3035

3035. Narrated Ibn Abbas:

Allah brought Adam out of Paradise before anyone else entered therein. Allah, may He be exalted, said: [full text of al-Baqarah 2:30].

Two thousand years prior He created the Children of the Jinn, and they corrupted the earth and shed blood. And when Allah, may He be exalted, said: "'Indeed, I will make upon the earth a *Khalifah* (successor, or generations of man, one following another),' they said: 'Will you place upon it one who causes corruption therein and sheds blood?'" (2:30) they meant the Children of the Jinn. And when they corrupted the earth, He unleashed upon them soldiers from the angels, and they battered them until they were banished to the islands of the seas. The angels said: "Will you place upon it one who causes corruption therein?" (2:30) as did the children of the Jinn? Allah said: "Indeed, I know that which you do not know." (2:30)

Classed *sahih* by al-Hakim and confirmed by al-Dhahabi

Sunan al-Nasa'i 210

210. Narrated Aishah:

Umm Habibah bint Jahsh, who was married to Abdur-Rahman bin Awf, suffered from *Istihadah* (non-menstrual vaginal bleeding) and did not become pure. Her situation was mentioned to the Messenger of Allah ﷺ and he said, "That is not menstruation, rather it is a kick in the womb, so let her work out the length of the menses that she used to have, and stop praying (for that period of time), then after that let her perform *Ghusl* for every prayer."

Classed *sahih* by al-Albani and al-Arna'ut

Commentary of al-Sindi:

"The statement: 'rather it is a kick,' meaning: 'a kick from the *Shaitan*,' as in the narration, and it is striking with the leg and causing injury. It is ascribed to the *Shaitan* because he found a way to confuse her in matters of her religion, ritual purity, and prayer."

Hashiyat Musnad Ahmad 14/301

↥

Sahih Ibn Hibban 6156

Narrated Abu Tha'labah al-Khushani:

I heard the Messenger of Allah ﷺ say, "The *jinn* are of three types: those who are dogs and snakes, those who fly in the air, and those who come and go (on land)."

Classed *sahih* by al-Albani and *qawi* (strong) by al-Arna'ut

Al-Tabarani, Al-Mujam al-Kabir 11946

11946. Narrated Ibn Abbas:

The Prophet ﷺ said, "Snakes are transmuted *jinn*, just as monkeys and pigs were transmuted Israelites."

Classed *sahih*

Al-Hakim, Al-Mustadrak 7438

7438. Narrated Anas bin Malik:

The Prophet ﷺ said, "If one of you has a fever, let him sprinkle cold water on himself for three nights as a remedy for witchcraft."

Classed *sahih* by al-Albani and al-Hakim and confirmed by al-Dhahabi

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

৪৬৯৩। রাসূলুল্লাহ সা বলেছেনঃ নিশ্চয়ই আল্লাহ আদম(আ) কে একমুঠো মাটি দিয়ে সৃষ্টি করেছেন, যা তিনি সমগ্র পৃথিবী থেকে নিয়েছিলেন। তাই আদম সন্তান মাটির বিভিন্ন বর্ণ ও প্রকৃতি অনুসারে হয়েছে। এদের মধ্যে কেউ লাল , কেউ সাদা, কেউ কালো এবং আর কেউ বা এসবের মধ্যবর্তী বর্ণের হয়েছে। এরূপে কেউ কোমল, কেউ কঠোর হয়েছে।

↥

নিরীহ প্রাণীর প্রতি ইসলাম

আবু দাউদ (ইফা:)

১৮৪৬। রাসূলুল্লাহ সা বলেন, পাঁচ শ্রেনীর জীবজন্তু **হত্যায় কোন গুনাহ্ নেই**। তার মধ্যে রয়েছে- ইঁদুর, **কাক**, চিল।

সহীহ বুখারী (ইফা)

৫৫২৫। নবী সা বলেছেনঃ ফিরিশতা ঐ ঘরে প্রবেশ করেনা, যে ঘরে কুকুর থাকে।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী) see more in depth: https://youtu.be/ZfnRZq03zjU?si=pPuxXdABpXm34K7w

৫৪০৬। মাইমূনা (রা) বলেন, **আমাদের পর্দা ঘেরা খাট এর নিচে একটি কুকুর ছানার কথা তার স্মরণ হলো। রসূলুল্লাহ সা নির্দেশ করলে সেটি বের করে দেয়া হলো। অতঃপর রসূলুল্লাহ সা তার হাতে সামান্য পানি নিয়ে তা ঐ কুকুর শাবক বসার স্থানে ছিটিয়ে দিলেন**। নবী সা সেদিন সকাল বেলায় কুকুর নিধনের নির্দেশ দিলেন। এমনকি তিনি ছোট বাগানের পাহারাদার কুকুরও মেরে ফেলার নির্দেশ দিয়েছিলেন।

সহীহ মুসলিম (হাদিস একাডেমী)

১০২৪। রাসূলুল্লাহ সা বলেছেনঃ তোমাদের কেউ যখন নামাযে দাঁড়ায়, এমতাবস্থায় তার সামনে দিয়ে **কালো কুকুর, গাধা, মহিলা চলাচল করলে তার নামায নষ্ট হয়ে যাবে**।

আবদুল্লাহ (রাঃ) বলেন, হে আবূ যার (রা) **কালো কুকুরের কি অপরাধ, অথচ লাল ও হলুদ বর্ণের কুকুরও তো রয়েছে? তিনি বললেন, হে ভাতিজা! তুমি আমাকে যে প্রশ্ন করেছ, আমিও রাসূলুল্লাহ সা কে এ রকম প্রশ্ন করেছিলাম**। নবী সা উত্তরে বলেছেনঃ **কালো কুকুর হলো একটি শয়তান**।

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

৪১০১। নবী সা শিকারী কুকুর/গবাদিপশু পাহারায় নিয়োজিত কুকুর ছাড়া- অন্যান্য সব কুকুর হত্যা করার নির্দেশ দিয়েছেন।

সহীহ মুসলিম (হাদীস একাডেমি)

৩৯১০। আবদুল্লাহ্ ইবনু উমর (রাঃ) বলেন- রসূলুল্লাহ সা কুকুর হত্যার নির্দেশ দিতেন। অতঃপর মদীনার ভেতরে ও তার চারপাশের কুকুর ধাওয়া করা হত। **আর কোন কুকুরই আমরা না মেরে ছেড়ে দিতাম না**। এমনকি বেদুঈনদের দুগ্ধবতী উষ্ট্রীর সাথে যে কুকুর থাকত তাও আমরা হত্যা করতাম।

আবূ দাউদ (তাহকিককৃত)

২৮৪৬। জাবির (রাঃ) বলেন, নবী সা আমাদেরকে কুকুর হত্যার আদেশ দেন, এমন কি কোনো মহিলাও যদি জঙ্গল থেকে তার কুকুরসহ আসতো সেটাও আমরা হত্যা করতাম। অতঃপর তিনি আমাদেরকে কুকুর হত্যা নিষেধ করে বলেনঃ তোমরা শুধু কালো কুকুর হত্যা করবে।

সূনান আবু দাউদ (ইফা)

২৮৩৬। রাসূলুল্লাহ্ সা বলেছেন, যদি কুকুর আল্লাহ্ তা'আলার বহুজাতিক সৃষ্টজীবের মাঝে এক জাতীয় সৃষ্টি না হত, তবে আমি তাদের হত্যা করার নির্দেশ দিতাম। এখন তোমরা তাদের থেকে কেবল কালবর্ণের কুকুরকেই হত্যা করবে।

৩৩২৩ আবদুল্লাহ ইবনু উমার (রা) বলেন- **'রাসূলুল্লাহ্ সা কুকুর মেরে ফেলতে আদেশ করেছেন।'**

আবু দাউদ (ইফা)

৪৪০৫। রাসূলুল্লাহ সা বলেছেনঃ যদি কেউ কোন পশুর সাথে সঙ্গম করে, তবে তাকে হত্যা করবে এবং **সে পশুকেও তার সাথে হত্যা করবে**। বর্ণকারী আবদুল্লাহ ইবন মুহাম্মদ (র) বলেন, আমি ইবন আব্বাস (রা) কে জিজ্ঞাসা করিঃ **পশুর অপরাধ কি?** তিনি বলেনঃ আমার মনে হয়, নবী সা সে পশুর গোশত খাওয়া ভাল মনে করেননি, যার সাথে কেউ এরূপ কুকর্ম করে।

২৩০০ নবী সা ইবনু আমির রা. কে কিছু ভেড়া সাহাবীদের মধ্যে বণ্টন করতে দিলেন। বণ্টন করার পর একটি **বকরীর বাচ্চা** বাকী থেকে যায়। তিনি তা নবী সা কে অবহিত করেন। তখন তিনি বললেন, তুমি **এটাকে কুরবানী করে দাও**।

১৮২৯, ৩৩১৪,৩৪১৫ রাসূল সা বলেছেনঃ পাঁচ প্রকার প্রাণী এত ক্ষতিকর যে, এগুলোকে ইহরাম বাঁধা অবস্থায় হারামের মধ্যেও হত্যা করা যাবে/যে হত্যা করবে তার কোন দোষ নেই। তারমধ্যে ৩টি হল- কাক, চিল, ইঁদুর।

৩৩৫৯ রাসূলুল্লাহ সা গিরগিটি মেরে ফেলার নির্দেশ দিয়েছেন এবং বলেছেন, ওটা **ইবরাহীম (আ.) যে অগ্নিকুন্ডে নিক্ষিপ্ত হয়েছিলেন তাতে এ গিরগিটি ফুঁ দিয়েছিল**।

৩৩০৬ নবী সা গিরগিটি বা রক্তচোষা টিকটিকিকে নিকৃষ্টতম ফাসিক(অবাধ্য) বলে আখ্যায়িত করেছেন।

৫৫০১,২,৪,৫ কাব ইবনু মালিক(রা) একটি দাসী বকরী চরাত। বকরীগুলোর মধ্যে একটিকে মরার উপক্রম দেখে সে একটি **পাথর দ্বারা সেটিকে জবাই করল**। এ ব্যাপারে নবী সা-কে জিজ্ঞেস করা হল। তিনি বললেনঃ সেটি খাও।





ইসলাম ধর্মের দোহাই দিয়ে দয়া করে কেউ কালো কুকুর মারবেন না।।

↥

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছেদঃ হত্যাকারীর তাওবা আল্লাহর দরবারে গ্রহণযোগ্য; যদিও সে বহু হত্যা করে থাকে।

৬৭৫৫। রাসুলুল্লাহ সা বলেছেনঃ কিয়ামত দিবসে আল্লাহ তাআলা প্রত্যেক মুসলমানকে এক এক জন খ্রীষ্টান বা ইয়াহুদী দিয়ে বলবেন, এ হচ্ছে তোমার জন্য জাহান্নামের আগুন হতে মুক্তিপণ।

২৩৩, ১৫০১,৫৬৮৫ উরাইনাহ গোত্রের কিছু লোক মদিনায় এলে তারা অসুস্থ হয়ে পড়ল। **রাসূল সা তাদের উটের** নিকট যাবার এবং ওর **পেশাব** ও দুধ **পান করার নির্দেশ দিলেন**। তারা সেখানে চলে গেল। অতঃপর তারা রাখালকে হত্যা করে উটগুলো তাড়িয়ে নিয়ে গেল। এ সংবাদ রাসূলের নিকট এসে পৌঁছল। **তিনি তাদের পশ্চাদ্ধাবনে জন্য লোক পাঠালেন। তাদেরকে পাকড়াও করে আনা হল।**

অতঃপর **রাসূলুল্লাহ্ সা এর আদেশে তাদের হাত পা কেটে দেয়া হল। উত্তপ্ত শলাকা দিয়ে তাদের চোখ ফুটিয়ে দেয়া হল এবং উত্তপ্ত পাথুরে ভূমিতে তাদের নিক্ষেপ করা হল। তারা যন্ত্রণায় পাথর কামড়ে ধরে ছিল। তারা পানি চাইছিল, কিন্তু তাদেরকে পানি দেয়া হয়নি। তারা নিজের জিভ দিয়ে মাটি কামড়াতে থাকে, অবশেষে মারা যায়।**

৩০১৮ .....**রাসূল সা এর নির্দেশে লৌহ শলাকা গরম করে তাদের চোখে ঢুকানো হয়** এবং তাদেরকে উত্তপ্ত ভূমিতে ফেলে রাখা হয়। তারা পানি চেয়েছিল কিন্তু তাদেরকে পানি দেয়া হয়নি। **অবশেষে তাদের মৃত্যু ঘটে।**

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

পর্বঃ কিসাস (প্রতিশোধ)

পরিচ্ছেদঃ ধর্মত্যাগ এবং গোলযোগ সৃষ্টিকারীকে হত্যা করা প্রসঙ্গে

৩৫৩৯। .....রাসূলুল্লাহ সা লৌহ শলাকা আনার হুকুম করলেন, যাকে গরম করা হলো এবং তাদের চোখের উপর দেয়া হলো। অতঃপর তাদেরকে উত্তপ্ত মাটিতে ফেলে রাখলেন। তারা পানি চাইল কিন্তু তাদেরকে পানি পান করানো হয়নি। পরিশেষে তারা এ করুণ অবস্থায় মৃত্যুবরণ করল।

---------- মুখতাসার যাদুল মা'আদ ---------- 304

উরায়নার ঘটনা

আনাস বিন মালিক (রাঃ) বলেন- একদা উরায়না কিংবা উক্‌ল গোত্রের কিছু লোক নাবী (সাঃ) এর কাছে আগমণ করল। মদীনার আবহাওয়া তাদের স্বাস্থের অনুকুল না হওয়ার কারণে তারা অসুস্থ হয়ে গেল। নাবী (সাঃ) তাদেরকে দুগ্ধবতী উটের কাছে যেতে আদেশ করলেন এবং বললেন- তোমরা উটের দুধ এবং পেশাব পান কর। তারা তথায় চলে গেল। কিছু দিন পর সুস্থ হয়ে তারা নাবী (সাঃ) এর রাখালকে হত্যা করল এবং পশুগুলো নিয়ে পালিয়ে যেতে লাগল। দিবসের প্রথম ভাগে যখন নাবী (সাঃ) এর নিকট এ সংবাদ আসল, তিনি তাদেরকে পাকড়াও করার জন্য একদল সাহাবীকে প্রেরণ করলেন। দ্বিপ্রহরের সময় তাদেরকে পাকড়াও করে রসূল (সাঃ) এর দরবারে নিয়ে আসা হল। নাবী (সাঃ) এর আদেশে তাদের হাত-পা কেটে দেয়া হল এবং লোহার কাঠি গরম করে তাদের চক্ষুগুলো ফুঁড়ে দেয়া হল। তারপর তাদেরকে উত্তপ্ত বালুর উপর ফেলে রাখা হল। তারা পানির পিপাসায় কাতর হয়ে পানি চাইলেও তাদেরকে পানি দেয়া হল না।

ইমাম ইবনুল কাইয়্যিম (রহঃ) বলেন- এই ঘটনা থেকে জানা গেল, (১) উটের পেশাব পান করা জায়েয।

(২) যে সমস্ত পশুর গোশত খাওয়া হালাল সে সমস্ত পশুর পেশাব পবিত্র।

৬৭৮৩ নবী সা বলেন, চোরের উপর আল্লাহর লানত হোক, এ জন্য তার হাত কাটা হয় এবং সে একটি রশি চুরি করে এ জন্য তার হাত কাটা হয়।

৬৭৯৮ নবী সা তিন দিরহাম মূল্যের ঢাল চুরির জন্য চোরের হাত কেটেছেন।

৬৭৯৯ রাসূলুল্লাহ্ সা বলেছেন, আল্লাহর লানত বর্ষিত হয় চোরের উপর যে একটি ডিম চুরি করেছে তাতে তার হাত কাটা গেছে বা একটি দড়ি চুরি করেছে যার ফলে তার হাত কাটা গেছে।

সহীহ মুসলিম (ইফাঃ)

৪২৬১। রাসুলুল্লাহ সা বলেছেনঃ আল্লাহ তাআলা অভিসম্পাত করেন সে চোরের ওপর, **যে একটি ডিম (বা ডিমের মূল্যের পরিমাণ বস্তু) চুরি করল। এতে তার হাত কাটা যাবে**। আর যে ব্যক্তি একটি দড়ি কিংবা দড়ির সমমূল্যের পরিমাণ বস্তু চুরি করল, তারও হাত কাটা যাবে।

আবু দাউদ (ইফা)

৪৩৫৮। জাবির ইবন আবদুল্লাহ (রা) বলেনঃ জনৈক চোরকে রাসূলুল্লাহ সা এর সামনে হাযির করা হলে, **তিনি তাকে হত্যার নির্দেশ দেন। তখন সাহাবীগণ বলেনঃ হে আল্লাহ্‌র রাসুল! এ লোক তো কেবল চুরি করেছে !** তখন রাসূলুল্লাহ সা বলেনঃ তবে তার হাত কেটে দাও। তখন সে ব্যক্তির ডান হাত কেটে দেওয়া হয়।


#ক্লেপটোম্যানিয়া হচ্ছে একটি মানসিক সমস্যা। এই সমস্যায় আক্রান্ত মানুষ চুরি করার আকাঙ্ক্ষা কোনভাবেই দমন করতে পারে না। তারা কোন বাসায় বেড়াতে গেলে কিছু জিনিস লুকিয়ে নিয়ে আসে, আবার কোন দোকানে গেলেও কিছু চুরি করে আনে। তাদের পক্ষে সম্ভব হয় না, এই অভ্যাসটি পরিত্যাগ করা। যত শাস্তিই দেয়া হোক না কেন, তারা চুরি করবেই। এদের জন্য প্রয়োজন মানসিক চিকিৎসার। নিচের হাদিসটি পড়ুন,

সূনান আবু দাউদ (ইফা)

পরিচ্ছদঃ যে বার বার চুরি করে, তার শাস্তি সম্পর্কে।

৪৩৫৮। জাবির ইবন আবদুল্লাহ (রা) বলেনঃ জনৈক চোরকে নবী করীম সা-এর সামনে হাযির করা হলে, তিনি বললেনঃ তার হাত কেটে দাও। তখন সে ব্যক্তির **ডান হাত কেটে দেওয়া হয়**। এরপর সে দ্বিতীয়বার চুরি করলে, তাকে নবী সা-এর নিকট উপস্থিত করা হয় এবং তিনি বলেনঃ তার পা কেটে দাও। **তখন তার বাম-পা কেটে ফেলা হয়**। এরপর সে ব্যক্তিকে তৃতীয় বার চুরির কারণে নবী করীম সা-এর সামনে পেশ করা হলে, তিনি কাটার নির্দেশ দিলে, সে ব্যক্তির **বাম-হাত কাটা হয়**। পরে সে ব্যক্তিকে চতুর্থবার নবী সা এর সামনে পেশ করা হলে, তিনি তাকে হত্যার নির্দেশ দেন। সাহাবীগণ বলেনঃ হে আল্লাহ্‌র রাসুল! এ ব্যক্তি তো চুরি করেছে। তখন তিনি কাটার নির্দেশ দিলে তার **ডান-পা কেটে ফেলা হয়**।

এরপর সে ব্যক্তিকে **পঞ্চমবারে**র অপরাধের কারণে নবী সা এর সামনে হাযির করা হলে, তিনি তাকে হত্যার নির্দেশ দেন। জাবির (রা) বলেনঃ এরপর **আমরা তাকে প্রান্তরে নিয়ে হত্যা করি এবং তার লাশ টেনে কূপের কাছে নিয়ে তাতে নিক্ষেপ করি। পরে তার মৃত দেহের উপর পাথর নিক্ষেপ করি**।



৫৪০ তাফসীরে ইব্‌ন কাছীর

ইমাম আহমদ (র).....আবদুল্লাহ ইব্‌ন আমর (রা) হইতে উপরিউক্ত হাদীসটি এইভাবে বর্ণনা করেন ঃ রাসূলুল্লাহ (সা)-এর যুগে জনৈক মহিলা চুরি করে। যাহাদের মাল চুরি করিয়াছিল, তাহারা তাহাকে রাসূলুল্লাহ (সা)-এর নিকট আনিয়া বলিল, হে আল্লাহর রাসূল! এই মহিলাটি আমাদের মাল চুরি করিয়াছে। তখন মহিলার বংশের লোকেরা আসিয়া বলিল, আমরা ইহার ক্ষতি পূরণ দিব। তথাপি রাসূলুল্লাহ (সা) বলেন ঃ ইহার হাত কাটিয়া দাও। ইহার পর মহিলার বংশের লোকেরা পাঁচশত দীনার ক্ষতিপূরণ দেওয়ার জন্য রাসূলুল্লাহ (সা)-এর নিকট আবেদন করিল। কিন্তু রাসূলুল্লাহ (সা) ইহার তোয়াক্কা না করিয়া বলিলেন ঃ ইহার হাত কাটিয়া দাও। ফলে তাহার ডান হাত কাটিয়া দেওয়া হয়। তখন মহিলাটি বলিল, হে আল্লাহর রাসূল! ইহা কি আমার জন্য তওবা স্বরূপ ? রাসূলুল্লাহ (সা) বলিলেন ঃ হ্যাঁ এখন তুমি পাপ হইতে

সূরা মায়িদা ৫৩৫

সহীহদ্বয়ে বর্ণিত হইয়াছে যে, মালিক (র) বলিয়াছেন ঃ একব্যক্তি তিন দিরহাম মূল্যের জানালার একফালি কাঠ চুরি করার অভিযোগে হযরত উসমান (রা) তাহার হাত কাটিয়া দিয়াছিলেন।

ইমাম মালিক (র).....আমরাহ বিনতে আবদুর রহমান হইতে বর্ণনা করেন যে, আমরাহ বিনতে আবদুর রহমান বলেন ঃ উসমান (রা)-এর শাসনামলে এক ব্যক্তি দরজার একফালি কাঠ চুরি করে। উসমান (রা) উহার মূল্য নির্ধারণ করিতে আদেশ দেন এবং উহার মূল্য দাঁড়ায় মাত্র তিন দিরহাম। অতঃপর হযরত উসমান (রা) তাহার হাত কাটিয়া দেন।

↥

Musannaf Ibn Abi Shaybah 30915

30915. Narrated Abd al-Rahman ibn Abdullah ibn Mas'ud:

"Ali cut off a man's hand, then hung it around his neck."

Classed *sahih* by al-Albani and Sa'd al-Shathri

Chapter: Dismemberment for theft

"It is *Sunnah* to hang his hand around his neck. A group (of scholars) added:

Musa al-Hajjawi, *Al-Iqna* 4/285

Sunan al-Nasa'i 4883, 4886

4883. It was narrated from Ṣafwân bin Umayyah that a man stole his *Burdah*, so he brought him before the Prophet ﷺ, who ordered that his hand be cut off. He said: "O Messenger of Allâh, I will let him have it." He said: "O Abû Wahb! Why didn't you do that before you brought him to me?" And the Messenger of Allâh ﷺ had (the man's) hand cut off.

4886. It was narrated that Ibn 'Abbâs said: .... the Prophet ﷺ, who ordered that his hand be cut off. Ṣafwân said: 'O Messenger of Allâh, my *Ridâ'* is not worth cutting off a man's hand for.'....

Both classed *sahih*

সহীহ মুসলিম (ইফা), পরিচ্ছদঃ **রাসুলুল্লাহ সা এর হেরেম** সন্দেহমুক্ত হওয়া

৬৭৬৬। রাসুলুল্লাহ সা এর স্ত্রীদের সাথে এক ব্যক্তির প্রতি অভিযোগ(অপবাদ) উত্থাপিত হয়। তখন রাসুলুল্লাহ সা আলী (রাঃ) কে বললেন, **যাও। তার গর্দান উড়িয়ে দাও**। আলী (রাঃ) তার নিকট গিয়ে দেখলেন,তার পুরুষাঙ্গ কর্তিত, তার লিঙ্গ নেই। তখন আলী (রাঃ) তাকে হত্যা করা থেকে বিরত থাকলেন। তারপর তিনি নবী সা এর নিকট এসে বললেন, **ইয়া রাসুলাল্লাহ! সে তো লিঙ্গ কর্তিত তার তো লিঙ্গ নেই!**

৭৩৫০ রাসূলুল্লাহ সা বনী আদী গোত্রের এক লোককে খায়বারের শাসনকর্তা নিযুক্ত করে পাঠালেন। এরপর সে ফিরে আসল উন্নতমানের খেজুর নিয়ে। তখন নবী সা জিজ্ঞাসা করলেন, খায়বারের সব খেজুরই কি এ রকম? তিনি বললেন, হে আল্লাহর রাসূল! আল্লাহর কসম! সব খেজুরই এমন নয়। আমরা দু কেজি মন্দ খেজুরের বিনিময়ে এরূপ এক কেজি ভাল খেজুর খরিদ করেছি। রাসূলুল্লাহ সা বললেনঃ এমন কোরো না। বরং সমানে সমানে কেনা বেচা করো। কিংবা এগুলো বিক্রি করে এর মূল্য দিয়ে সেগুলো খরিদ করো। ওজনের সব জিনিসের হুকুম এটাই।

৫৬২০ পরিচ্ছেদ: পান করতে দেয়ার ব্যাপারে বয়োজ্যেষ্ঠ লোককে অগ্রাধিকার দেয়ার জন্য তার ডানে অবস্থিত লোক থেকে অনুমতি গ্রহণ করতে হবে।

সাহল ইবনু সাদ (রা) হতে বর্ণিত। রাসূলুল্লাহ সা এর সামনে শরবত পেশ করা হল, তিনি তা থেকে পান করলেন। তাঁর ডানে ছিল একটি বালক, আর বামে ছিলেন কয়েকজন বয়োজ্যেষ্ঠ ব্যক্তি। তখন নবী সা বালকটিকে বললেনঃ তুমি কি আমাকে অনুমতি দেবে যে, আমি ঐ বয়স্ক লোকদের আগে পান করতে দেই? বালকটি বললঃ আল্লাহর কসম! আমি কাউকে আমার উপর অগ্রাধিকার দেব না। রাসূলুল্লাহ সা তখন পেয়ালাটি বালকটির হাতে তুলে দিলেন।

৩৬১১ নবী সা বলেছেন, শেষ যুগে একদল যুবকের আবির্ভাব ঘটবে যারা হবে স্বল্পবুদ্ধি সম্পন্ন। তারা মুখে খুব ভাল কথা বলবে। তারা ইসলাম হতে বেরিয়ে যাবে যেভাবে তীর ধনুক হতে বেরিয়ে যায়। তাদের ঈমান গলদেশ পেরিয়ে ভেতরে প্রবেশ করবে না। যেখানেই এদের সঙ্গে তোমাদের দেখা মিলবে, এদেরকে তোমরা হত্যা করে ফেলবে। যারা তাদের হত্যা করবে তাদের এই হত্যার পুরস্কার আছে কিয়ামতের দিন।

৫০৫৭ .....তাদের ঈমান গলার নীচে পৌঁছবে না। সুতরাং তোমরা তাদেরকে যেখানে পাও, হত্যা করবে। এদের হত্যাকারীর জন্য কিয়ামতে পুরস্কার রয়েছে।

৫৩১১ সাঈদ ইবনু যুবায়র (র) হতে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু উমার (রা)কে জিজ্ঞেস করলাম, এক লোক তার স্ত্রীকে যিনার ব্যাপারে দোষী বলল- তার বিধান কী? তিনি বললেন, নবী সা বনূ আজলানের স্বামী-স্ত্রীর দুজনকে বিচ্ছিন্ন করে দিয়েছিলেন এবং তিনি বলেছিলেনঃ আল্লাহ জানেন তোমাদের একজন অবশ্যই মিথ্যাচারী। সুতরাং কেউ তওবা করতে প্রস্তুত আছ কি? তারা দুজনেই অস্বীকার করল। এরপর তিনি তাদেরকে পৃথক করে দেন।

↥

তারপর লোকটি বললঃ আমার দেয়া মালের(মোহরানা) কী হবে? তাকে বলা হল, **তোমার মাল(মোহরানা) ফিরে পাবে না। কেননা তুমি তার সঙ্গে সহবাস করেছ**।

৫৩৬৮ নবী সা-এর নিকট এক লোক এলো এবং বলল আমি ধ্বংস হয়ে গেছি। তিনি বললেনঃ কেন? সে বললঃ রামাযান মাসে আমি দিবসে স্ত্রী সহবাস করে ফেলেছি।
তিনি বললেনঃ একনাগাড়ে দু'মাস সওম পালন কর। সে বললঃ সে ক্ষমতা আমার নেই। তিনি বলেনঃ তাহলে ষাটজন মিসকীনকে খাদ্য খাওয়াও। সে বললঃ সে সামর্থ্যও আমার নেই।
এ সময় নবী সা-এর কাছে এক বস্তা খেজুর এল। রাসূল বললেনঃ এগুলো সাদাকাহ কর। সে বললঃ হে আল্লাহর রাসূল! আমার চেয়ে অভাবগ্রস্তকে দিব। আল্লাহর শপথ, মদিনার প্রস্তরময় দু'পার্শ্বের মধ্যে আমাদের চেয়ে অভাবগ্রস্ত কোন পরিবার নেই। তখন নবী সা হাঁসলেন এমন কি তাঁর চোয়ালের দাঁত পর্যন্ত দেখা গেল এবং বললেনঃ আচ্ছা, তুমি তা নিয়ে যাও।

৭২১৩ নবী সা বলেনঃ তোমরা চুরি করবে না, যিনা করবে না; তোমাদের সন্তানদের হত্যা করবে না এবং কোন ব্যক্তিকে এমন মিথ্যা অপবাদ দেবে না যা তোমাদেরই গড়া, আর **যদি কেউ এর কোন একটি অপরাধ করে ফেলে আর আল্লাহ্ যদি তা গোপন রাখেন, তাহলে তার বিষয়টি আল্লাহর উপর ন্যস্ত**। তিনি ইচ্ছে করলে তাকে শাস্তি দিবেন আর ইচ্ছে করলে তাকে ক্ষমা করে দিবেন।

৪৮১০ ইবনু আব্বাস (রা) বলেন, মুশরিকদের কিছু লোক বহু হত্যা করে এবং বেশি বেশি ব্যভিচারে((ধর্ষণ,পরকীয়াসহ যেকোনো বিবাহব্যতীত যৌনমিলনকে যিনা/ব্যভিচার বলে) লিপ্ত হয়। তারপর তারা মুহাম্মদ সা-এর কাছে এসে ইসলাম গ্রহণ করল। তারপর বলল আমাদের যদি অবগত করতেন, আমরা যা করেছি, তার শাস্তি কী? এর প্রেক্ষাপটে অবতীর্ণ হয়– "হে আমার বান্দাগণ! তোমরা যারা নিজেদের প্রতি অন্যায় করে ফেলেছ, আল্লাহর অনুগ্রহ থেকে নিরাশ হয়ো না। নিশ্চয়ই আল্লাহ ক্ষমা করবেন সকল পাপ।"(৩৯/৫৩)

সহীহ মুসলিম (ইফা)
১৭৫। আবূ যার (রা) বলেন, আমি নবী সা বললেনঃ যে কোন বান্দা لاَ إِلَهَ إِلاَّ اللهُ (আল্লাহ ব্যতীত কোন ইলাহ নেই) বলবে এবং এ বিশ্বাসের উপর মারা যাবে সে জান্নাতে প্রবেশ করবে। আমি আরয করলাম, যদি সে ব্যভিচার করে করে তবুও? রাসুল সা বললেনঃ যদিও সে ব্যভিচার করে। আমি আবার আরয করলাম, **যদি সে ব্যভিচার করে তবুও**? রাসুল সা বললেনঃ যদিও সে ব্যভিচার করে। এ কথাটি তিনবার পূনরাবৃত্তি করা হল। চতুর্থবারে রাসুলুল্লাহ সা বললেনঃ **আবূ যারের অপছন্দ হলেও (সে জান্নাতে প্রবেশ করবে)**।

সহীহ বুখারী (ইফা)
৭০০১। আনাস (রা) বলেন, নাবী সা বলেছেন, কিয়ামতের দিন আমার সুপারিশে যার অন্তরে এক সরিষা পরিমাণও ঈমান আছে, তাকেও জান্নাতে দাখিল করা হবে।

৬৪০৫ রাসূলুল্লাহ সা বলেছেনঃ যে লোক প্রতিদিন একশ'বার সুবাহানাল্লাহি ওয়া বিহামদিহ বলবে, তার গুনাহগুলো ক্ষমা করে দেয়া হবে তা সমুদ্রের ফেনা পরিমাণ হলেও।

৭০৬৭ নবী সা বলেছেন, কিয়ামত যাদের জীবনকালে সংঘটিত হবে তারাই সবচেয়ে নিকৃষ্ট লোক।

সহীহ মুসলিম (ইফাঃ)
৫৬৯৮। আবূ সাঈদ খুদরী (রাঃ) বলেন, আমরা রাসুলুল্লাহ সা এর সাথে এক এলাকায় সফর করছিলাম। তখন এক কবি কবিতা আবৃতি করতে করতে আসতে লাগল। তখন রাসূলুল্লাহ সা বললেনঃ **শয়তানটাকে রুখে দাও**। **কোন লোকের পেট পুঁজে ভর্তি হয়ে যাওয়া, কবিতায় ভর্তি হওয়া থেকে উত্তম**।

৬৮৪৩ দুজন লোক রাসূলুল্লাহ্ সা-এর নিকট তাদের বিবাদ নিয়ে আসল। তাদের একজন বলল, হে আল্লাহর রাসূল! আল্লাহর কিতাব মুতাবিক আমাদের বিচার করে দিন। তারপর বলল, আমার ছেলে তার মজুর ছিল। সে তার স্ত্রীর সাথে যিনা করে ফেলেছে।
তা শুনে রাসূলুল্লাহ্ সা বললেনঃ কসম ঐ সত্তার! অবশ্যই আমি আল্লাহর কিতাব মুতাবিক তোমাদের উভয়ের মাঝে ফায়সালা করব। ছেলেটিকে একশ বেত্রাঘাত করলেন ও এক বছরের জন্য নির্বাসিত করলেন। আর উনাইস (রা)-কে আদেশ করলেন যেন সে অপর ব্যক্তির স্ত্রীর কাছে যায় এবং যদি সে স্বীকার করে তবে যেন তাকে রজম(পাথর মেরে হত্যা) করে।

৫৪৯০,১৮২৩ আবূ ক্বাতাদাহ (রা) নবী সা এর সঙ্গে ছিলেন। অবশেষে তিনি মক্কার কোন এক রাস্তা পর্যন্ত পৌঁছলে তিনি তাঁর কয়েকজন সঙ্গীসহ পেছনে পড়ে গেলেন। তাঁরা ছিলেন ইহরাম বাঁধা অবস্থায়। আর তিনি ছিলেন ইহরাম বিহীন। তিনি একটি বন্য গাধা দেখতে পেয়ে গাধাটির পিছনে দ্রুত গতিতে ছুটলেন এবং সেটিকে হত্যা করলেন। নবী সা এর সাহাবীদের কেউ কেউ তা খেলেন, আবার কেউ কেউ তা খেতে অস্বীকার করলেন। পরিশেষে তাঁরা যখন নবী সা এর কাছে পৌঁছলেন তখন তাঁরা এ বিষয়ে জিজ্ঞেস করলেন। তিনি বললেনঃ এটি তো এমন খাদ্য যা আল্লাহ তোমাদের খাওয়ার জন্য দিয়েছেন।
২৮৫৪ আবূ ক্বাতাদাহ (রা) একদা একটি বন্য গাধা শিকার করে সঙ্গীদের নিয়ে এর গোশ্ত আহার করেন। এতে তারা লজ্জিত হন। অতঃপর তারা যখন আল্লাহর রাসূল সা-এর নিকট পৌঁছলেন তখন তিনি বলেন, গাধাটির কোন অংশ তোমাদের নিকট আছে কি? তারা বললেন, আমাদের সঙ্গে একটি পায়া আছে। নবী সা তা নিয়ে আহার করলেন।

৫৫২৭ আবূ সালাবা (রা) বলেনঃ রাসূলুল্লাহ সা গৃহপালিত গাধার মাংস খাওয়া হারাম করেছেন।

৬৫৩৭ আয়িশাহ (রা) হতে বর্ণিত। নবী সা বলেনঃ কিয়ামতের দিন যারই হিসাব নেয়া হবে সে ধ্বংস হয়ে যাবে। আমি বললাম, হে আল্লাহর রাসূল! আল্লাহ্ কি বলেননি, অতঃপর যার আমলনামা তার ডান হাতে দেয়া হবে তার হিসাব সহজভাবেই নেয়া হবে। অতঃপর রাসূলুল্লাহ্ সা বলেনঃ তা কেবল পেশ করা মাত্র। কিয়ামতের দিন যার হিসাব খতিয়ে দেখা হবে তাকে অবশ্যই আযাব দেয়া হবে।

৬৪২৩ রাসূলুল্লাহ্ সা বলেন, আল্লাহর সন্তুষ্টি কামনায় যে ব্যক্তি 'লা ইলাহা ইল্লাল্লাহ্' বলবে এবং এ বিশ্বাস সহকারে কিয়ামতের দিন উপস্থিত হবে, আল্লাহ্ তার উপর জাহান্নাম হারাম করে দেবেন।

৬৬৫৬ নবী সা বলেনঃ **যে মুসলিমের তিনটি সন্তান মারা গেছে** (সে যদি ধৈর্য ধরে) **তাকে জাহান্নামের আগুন স্পর্শ করবে না**।

সুনান ইবনু মাজাহ
পরিচ্ছেদঃ সন্তানের মৃত্যুতে পিতা-মাতার সওয়াব।
১৬০৪। উতবা ইবনু আবদুস সুলামী (রা) বলেন, আমি রাসূলুল্লাহ সা-কে বলতে শুনেছিঃ **কোন মুসলিম ব্যক্তির তিনটি নাবালেগ সন্তান মারা গেলে, সে জান্নাতের আটটি দরজার যেটি দিয়ে ইচ্ছা তাতে প্রবেশ করতে পারবে**।

সুনান ইবনু মাজাহ
পরিচ্ছেদঃ কোন মহিলার গর্ভপাত হলে।
১৬০৯। মুআয ইবনু জাবাল (রা) বলেন, নবী সা ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর শপথ! গর্ভপাত হওয়া সন্তানের মাতা তাতে সওয়াব আশা করলে ঐ সন্তান তার নাভিরজ্জু দ্বারা তাকে টেনে জান্নাতে নিয়ে যাবে।

৬৫৩ রাসূল সা বলেনঃ কলেরায় মৃত ব্যক্তি শহীদ।

৩৩৯৪ নবী সা বলেন, মিরাজের রাতে আমার সম্মুখে দু'টি পেয়ালা আনা হল। তার একটিতে ছিল দুধ আর অপরটিতে ছিল শরাব। তখন জিব্রাঈল (আ.) বললেন, এ দু'টির মধ্যে যেটি চান আপনি পান করতে পারেন। আমি দুধের পেয়ালাটি নিলাম এবং তা পান করলাম। তখন বলা হল, আপনি স্বভাব প্রকৃতিকে বেছে নিয়েছেন। দেখুন, **আপনি যদি শরাব নিয়ে নিতেন, তাহলে আপনার উম্মাতগণ পথভ্রষ্ট হয়ে যেত** !

৪৯০৭ জাবির (রা) বলেন, নবী সা যখন মদিনায় হিজরত করে আসেন তখন আনসার সাহাবীগণ ছিলেন সংখ্যায় বেশি। এক যুদ্ধে আমরা যোগদান করেছিলাম। জনৈক মুহাজির, আনসারদের এক ব্যক্তির নিতম্বে আঘাত করলেন। এ সব কথা শুনার পর আবদুল্লাহ্ ইবনু উবাই বলল, সত্যিই তারা কি এমন করেছে? আল্লাহর কসম! আমরা মদিনায় ফিরলে সেখান হতে প্রবল লোকেরা দুর্বল লোকদেরকে বের করে দিবে!
তখন উমর (রা) বললেন, হে আল্লাহর রাসূল! আপনি আমাকে অনুমতি দিন। আমি এ মুনাফিকের গর্দান উড়িয়ে দেই। নবী সা বললেন, **তাকে ছেড়ে দাও, যাতে লোকেরা এমন কথা বলতে না পারে যে, মুহাম্মাদ তাঁর সাথীদের হত্যা করেছেন**।

৩৬৯৯ আবদুল্লাহ ইবনু উমার (রা) বলেন- **ইসলামের তৃতীয় খলিফা উসমান (রা) উহুদ যুদ্ধক্ষেত্র হতে পালিয়ে গিয়েছিলেন**।

↥

সূনান আত তিরমিজী (তাহকীককৃত), দিয়াত বা রক্তপণ

১৪০০। রাসূলুল্লাহ সা বলেন- ছেলেকে খুনের অপরাধে বাবাকে হত্যা করা যাবে না, (তবে দিয়াত প্রদান করতে হবে)।

মুসনাদে আহমাদ

৩৪৬। **এক ব্যক্তি তার ছেলেকে ইচ্ছাকৃতভাবে হত্যা করলো**। উমার (রা) এর নিকট এ ব্যাপারে অভিযোগ দায়ের হলো। তিনি হত্যাকারীর ওপর একশো উট জরিমানা ধার্য করলেন। উমার(রা) বললেন, **আমি যদি রাসূলুল্লাহ সা কে এ কথা বলতে না শুনতাম যে, পিতাকে সন্তান হত্যার জন্য মৃত্যুদণ্ড দেয়া হবে না, তাহলে আমি তোমাকে অবশ্যই মৃত্যুদণ্ড দিতাম।**

৫৯৫০ নবী সা বলেছেন, কিয়ামতের দিন **মানুষের মধ্যে সবচেয়ে কঠিন শাস্তি হবে** তাদের, যারা প্রাণীর ছবি তৈরি করে।

রিয়াযুস স্বা-লিহীন

পরিচ্ছদঃ পাথর, দেওয়াল, ছাদ, মুদ্রা ইত্যাদিতে প্রাণীর মূর্তি খোদাই করা হারাম। অনুরূপভাবে দেওয়াল, ছাদ, বিছানা, বালিশ, পর্দা, পাগড়ী, কাপড় ইত্যাদিতে প্রাণীর চিত্র অঙ্কন করা হারাম এবং **মূর্তি, ছবি নষ্ট করার নির্দেশ**

১৬৮৯। ইবনে আব্বাস (রা) বলেন, আমি রাসূলুল্লাহ সা-কে বলতে শুনেছি যে, "প্রত্যেক ছবি বা মূর্তি নির্মাতা জাহান্নামে যাবে, তার নির্মিত প্রতিটি ছবি বা মূর্তির পরিবর্তে একটি করে প্রাণ সৃষ্টি করা হবে, যা তাকে জাহান্নামে শাস্তি দিতে থাকবে।'

৫৯৫২ আয়িশাহ (রা) বলেন, নবী সা নিজের ঘরের এমন কিছুই না ভেঙ্গে ছাড়তেন না, যাতে কোন প্রাণীর ছবি থাকত।

সহীহ মুসলিম (ইফা) পরিচ্ছেদঃ যে ব্যাক্তি কুফরী অবস্থায় মারা যায়, তার কোন আমল তার উপকারে আসবে না

৪১১। আয়িশা (রা) বলেন, ইয়া রাসুলাল্লাহ! ইবনু জুদআন(অমুসলিম)- জাহেলী যুগে আত্নীয়-স্বজনদের হক আদায় করত এবং দরিদ্রদের আহার দিত। আখিরাতে এসব কর্ম তার উপকারে আসবে কি? রাসুলুল্লাহ সা বললেনঃ কোন উপকারে আসবে না।

৬৬৪২ রাসূলুল্লাহ্ সা বলেনঃ শপথ ঐ সত্তার! নিশ্চয়ই আমি কামনা করি তোমরা জান্নাতীদের অর্ধেক হবে।

৭২৭৪ রাসূলুল্লাহ সা বলেন- আমি আশা করি যে, **কিয়ামতের দিন আমার অনুসারীর সংখ্যা সবার চেয়ে বেশি হবে**। !!

সুনান ইবনু মাজাহ, ১২/ ব্যবসা-বাণিজ্য, পরিচ্ছেদঃ ব্যক্তি মূল্য বেঁধে দেয়া অপছন্দ।

২২০০। আনাস ইবনে মালেক (রা) বলেন, রাসূলুল্লাহ সা এর যুগে একবার জিনিসপত্রের দাম বেড়ে গেলো। লোকজন বললো, হে আল্লাহর রাসূল! জিনিসপত্রের দাম বেড়ে গেছে। অতএব আপনি আমাদের জন্য মূল্য বেঁধে দিন। তিনি বলেনঃ **নিশ্চয় আল্লাহ মূল্য নিয়ন্ত্রণকারী, সংকোচনকারী, সম্প্রসারণকারী** এবং রিযিক দানকারী।

সুনান আদ-দারেমী ২৫৮৩, ব্যবসা-বাণিজ্য অধ্যায়, পরিচ্ছেদঃ **মুসলিমদের মধ্যে দ্রব্যমূল্য বেঁধে দেওয়া নিষেধ। !**

৬৭৭৬ আনাস (রা) বলেন, **রাসূলুল্লাহ্ সা মদ পানের জন্য**- গাছের ডাল এবং **জুতা দ্বারা পিটিয়েছেন**।

সুনান আবূ দাউদ (ইফা) ৪৪২৮। এক ব্যক্তিকে নবী করীম সা এর সামনে আনা হয়, যে মদ পান করেছিল। **তখন তিনি লোকদের বলেনঃ তোমরা তাকে প্রহার কর।** একথা শুনে কেউ তাকে **জুতা দিয়ে**, কেউ তাকে লাঠি দিয়ে এবং কেউ **খেজুরের ডাল দিয়ে তাকে প্রহার করতে থাকে। এরপর রাসূলুল্লাহ্ সা এক মুষ্টি মাটি নিয়ে সে ব্যক্তির মুখে নিক্ষেপ করেন।**

৬৭৭৮ আলী (রা) বলেন, আমি **কাউকে শরীয়াতের দন্ড দেয়ার সময় সে তাতে মরে গেলে আমার দুঃখ হয় না। কিন্তু মদ পানকারী ছাড়া। সে মারা গেলে আমি জরিমানা দিয়ে থাকি। কেননা রাসূলুল্লাহ্ সা এ শাস্তির ব্যাপারে কোন সীমা নির্ধারণ করেননি।**

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)

৪৩৪৪। নবী সা এর নিকট একদিন একজন মদপানকারী ব্যক্তিকে উপস্থিত করা হলো। তখন তিনি দু'টি খেজুরের ডাল দিয়ে চল্লিশ বারের মত তাকে বেত্রাঘাত করলেন। আবূ বাকর (রা)-ও তার খিলাফত আমলে তাই করেন। পরে যখন উমার (রা) খালীফা হলেন, তিনি এ ব্যাপারে বিশিষ্ট ব্যক্তিবর্গের পরামর্শ চাইলেন। তখন আবদুর রহমান (রা) বললেন, অপরাধের শাস্তি কমপক্ষে আশি বেত্রাঘাত হওয়া প্রয়োজন। তাই উমার (রা) এরই নির্দেশ দিলেন।

৪৬৮৭ একবার এক ব্যক্তি এক মহিলাকে চুমু দিলেন। তারপর রাসূলুল্লাহ সা-এর কাছে এসে এ ঘটনা বললেন, তখন এ ঘটনা উপলক্ষে এ আয়াত নাযিল হয়- অবশ্যই মুছে ফেলে বদ কাজ(11/114)

৫২৬ এক ব্যক্তি জনৈক মহিলাকে চুম্বন করে বসে। পরে সে আল্লাহর রাসূল সা এর নিকট এসে বিষয়টি তাঁর গোচরীভূত করে। তখন আল্লাহ্ তা'আলা আয়াত নাযিল করেনঃ "দিনের দু'প্রান্তে- সকাল ও সন্ধ্যায় এবং রাতের প্রথম অংশে সালাত কায়েম কর। নিশ্চয়ই ভালো কাজ পাপাচারকে মিটিয়ে দেয়"- (হূদ ১১/১১৪)। লোকটি জিজ্ঞেস করলো, হে আল্লাহর রাসূল! এ কি শুধু আমার বেলায়? আল্লাহর রাসূল সা বললেনঃ আমার সকল উম্মাতের জন্যই।

রিয়াযুস স্বা-লিহীন

২৪৫। নবী সা বলেন, "যে দুনিয়াতে কোনো বান্দার দোষ গোপন রাখে, আল্লাহ কিয়ামতের দিন তার দোষ গোপন রাখবেন।"

সূনান তিরমিজী (ইফা)

৩১১৫। আবুল ইউসর রা বলেনঃ এক মহিলা একবার আমার কাছে খেজুর কিনতে আসল। আমি বললামঃ ঘরে আরো ভাল খেজুর আছে, সে তখন আমার সাথে ঘরে প্রবেশ করল। আমি তার দিকে ঝুঁকে তাকে চুমু দেই। পরে **আবূ বকর রা-এর কাছে এসে তার বিষয়টি বললাম। তিনি বললেনঃ নিজের মধ্যে তা গোপন রাখ, আর তওবা কর। এ বিষয়ে কাউকে জানাবে না**। কিন্তু (অনুশোচনায়) আমি স্থির থাকতে পারলাম না। উমর রা এর কাছে এসে বিষয়টি বললাম, তিনিও বললেনঃ **নিজের মধ্যেই তা গোপন রাখ, আর তওবা কর। এ বিষয়ে কাউকে জানাবে না**।

সূনান আবু দাউদ (ইফা), ১৮/ বিচার, পরিচ্ছেদঃ শহরবাসীদের উপর গ্রামবাসীদের সাক্ষ্যদান।

৩৫৬৩। **রাসূলুল্লাহ সা বলেছেন, শহরবাসীদের উপর গ্রামবাসীদের সাক্ষ্য দেওয়া বৈধ নয়**।

ইসলামে ধর্ষণের বিচার

সূনান আবু দাউদ (ইফা)

৪৩২৮। ওয়ায়েল (রা) বর্ণনা করেন, নবী সা এর যামানায় জনৈক মহিলাকে একজন পুরুষ **জোরপূর্বক ধর্ষণ করে**। সে মহিলা চিৎকার দিলে, তার পাশ দিয়ে মুহাজিরদের একটি দল গমনকালে সে মহিলা তাদের বলেঃ অমুক ব্যক্তি আমার সাথে এরূপ কাজ করেছে। তারপর তারা গিয়ে এক ব্যক্তিকে ধরে আনে, যার সম্পর্কে তাদের ধারণা ছিল যে, সেই এরূপ করেছে। এরপর তারা সে ব্যক্তিকে উক্ত মহিলার কাছে উপস্থিত করলে, সেও বলেঃ হ্যাঁ। এই ব্যক্তিই এ অপকর্ম করেছে।

তখন তাঁরা সে ব্যক্তিকে রাসূলুল্লাহ সা এর নিকট নিয়ে যায়। নবী সা সে ব্যক্তির উপর শরীআতের নির্দেশ জারী করার মনস্থ করেন, তখন অপকর্মকারী ব্যক্তি দাঁড়িয়ে যায় এবং বলেঃ ইয়া রাসূলাল্লাহ! আমি-ই অপকর্ম করেছি। তখন **নবী সা সে মহিলাকে বলেনঃ তুমি চলে যাও, আল্লাহ তোমার অপরাধ মাফ করে দিয়েছেন**। তখন সাহাবীগণ নবী সা এর নিকট ধর্ষণকারী লোকটিকে পাথর মেরে হত্যা করার নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করলে, তিনি বলেনঃ লোকটি এমন তাওবা করেছে যে, সমস্ত মদীনাবাসী এরূপ তাওবা করলে, তা কবূল হতো।

সূনান আবু দাউদ (ইফা)

৪৩২৮। .....এক ব্যক্তি তাকে নাগালে পেয়ে তার উপর চেপে বসে তাকে ধর্ষণ করে। সে চিৎকার দিলে লোকটি সরে পড়ে।..... অপরাধী ব্যক্তিটি দাঁড়িয়ে বললো, হে আল্লাহ রাসূল! আমিই অপরাধী। তিনি ধর্ষিতা মহিলাটিকে বললেনঃ তুমি চলে যাও, আল্লাহ তোমাকে ক্ষমা করেছেন। নবী স অপরাধী লোকটি সম্পর্কে বললেনঃ 'সে এমন তওবা করেছে যে, মদীনাবাসী যদি এরূপ তওবা করে, তবে তাদের পক্ষ থেকে তা অবশ্যই কবূল হবে'। আর তাকে পাথর মারা হয়নি।

ইসলামী শরীয়ত অনুযায়ী কারো উপর যিনার অভিযোগ আরোপ করতে হলে চারজন মুসলিম সত্যবাদী পুরুষ সাক্ষী আবশ্যক, যারা স্বচক্ষে সরাসরি এই যিনা প্রত্যক্ষ করেছে।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

পরিচ্ছেদঃ ২৬. দুই ইয়াহুদীকে পরকীয়ার শাস্তি দেয়ার ঘটনা

৪৪৫২। .....রাসূলুল্লাহ সা সাক্ষীদের নিয়ে আসতে ডাকলেন। তারা চারজন সাক্ষী নিয়ে এলো। **তারা সাক্ষ্য দিলো যে, সুরমা শলাকা যেরূপ সুরমাদানির ভিতরে ঢুকে যায় ঠিক সেরূপই তারা পুরুষটির গুপ্তাঙ্গ স্ত্রী লোকটির গুপ্তাঙ্গের মধ্যে ঢুকানোর অবস্থায় দেখেছে**। অতঃপর নবী সা তাদের পরকীয়ার শাস্তি দেয়ার নির্দেশ দেন।

↥

৩. মাসআলা ঃ সাধারণতঃ যিনা তখনই সাব্যস্ত হবে যদি চার ব্যক্তি আদালতে উপস্থিত হয়ে হাকিমের নিকট এ মর্মে সাক্ষ্য প্রদান করে যে, অমুক ব্যক্তি যিনা করেছে। এক্ষেত্রে সঙ্গম (جماع - وطی) শব্দ যথেষ্ট নয়। অর্থাৎ এ জাতীয় শব্দের দ্বার যিনা সাব্যস্ত হবে না (তাবয়ীন)। যখন চার ব্যক্তি একই মজলিসে কারো ব্যাপারে যিনার সাক্ষ্য প্রদান করবে, তখন বিচারক তাদেরকে জিজ্ঞাসা করবেন, যিনা কি বস্তু এবং সে কোথায় যিনা করেছে? এরপর যখন তারা এই রূপ বর্ণনা করবে যে, সে প্রকৃতই যিনা করেছে এবং আমরা তাকে সুরমাদানিতে কাঠি ঢুকানোর ন্যায় তার জননেন্দ্রিয়কে অমুক মহিলার যোনিদ্বারে ঢুকানো অবস্থায় দেখেছি, তখন বিচারক তাদেরকে পুনরায় জিজ্ঞাসা করবেন যে, সে কিরূপে যিনা করেছে? যখন তারা এর ধরন বিচারকের সামনে তুলে ধরবে তখন বিচারক আবার তাদেরকে জিজ্ঞাসা করবেন যে, সে কখন যিনা করেছে ? এরপর যখন তারা এমন সময়ের কথা বর্ণনা করবে যে, এতে বেশী সময় বুঝা যায় না, তখন বিচারক ঐ মহিলাকে জিজ্ঞাসাবাদ করবেন, যার সাথে যিনা করা হয়েছে। এরপর বিচারক সাক্ষীদেরকে জিজ্ঞাসা করবেন যে, কোন জায়গায় যিনা করা হয়েছে। ঐ জায়গার কথা যখন তারা বর্ণনা করবে এবং বিচারক ব্যক্তিও সাক্ষীদের আদালত (عدالة) তথা ন্যায়পরায়ণতা ও বিশ্বস্ততা সম্পর্কে পরিজ্ঞাত আছেন তখন তিনি مشهود عليه (যার বিরুদ্ধে সাক্ষ্য প্রদান করা হচ্ছে) এর احصان অর্থাৎ শরঈ নিয়ম মত সে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছে কিনা এ সম্বন্ধে তাকে জিজ্ঞাসাবাদ করবেন। যদি সে (مشهود عليه) বলে, আমি محصن (বিবাহিত) অথবা যদি বলে, আমি محصن (বিবাহিত) নই কিন্তু সাক্ষিগণ সে বিবাহিত বলে সাক্ষ্য দেয় তখন বিচারক তাকে (مشهود عليه) -কে احصان এর সংজ্ঞা জিজ্ঞাসা করবেন। যদি সে তা ঠিক ঠিক বর্ণনা করে তবে তাকে রজম করা হবে অর্থাৎ তার প্রস্তরাঘাত করা হবে। প্রস্তরাঘাত করা ওয়াজিব হবে। পক্ষান্তরে সে যদি বলে, আমি বিবাহিত নই এবং সাক্ষিগণও তার বিবাহিত হওয়ার ব্যাপারে কোন প্রমাণ পেশ করতে না পারে তবে তাকে দোররা (বেত) লাগানো হবে।

৪. মাসআলা ঃ চারজন সাক্ষী কোন ব্যক্তির ব্যাপারে যিনার সাক্ষ্য দেওয়ার পর তাদেরকে যিনার প্রকৃতি, বাস্তবতা ও এর ধরন সম্পর্কে জিজ্ঞাসা করার পর তারা বলল, আমরা আপনার নিকট এর থেকে বেশী কিছু বলতে পারব না, তাহলে তাদের সাক্ষ্য গ্রহণযোগ্য হবে না। তবে তাদের উপর অপবাদ প্রদানজনিত হদ্দ (حد قذف) ও প্রয়োগ করা যাবে না। কেননা সাক্ষির জন্য যে সংখ্যার প্রয়োজন তাদের সে সংখ্যা রয়েছে। এইভাবে সাক্ষীর সংখ্যা পূর্ণ হওয়া তাদের উপর 'হদ্দে কযফ' ওয়াজিব হওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধক। যেমন কোন ব্যক্তির যিনা বা ব্যভিচারে লিপ্ত হওয়ার ব্যাপারে চারজন মহিলা সাক্ষ্য দিলে ঐ মহিলাদের উপর হদ্দে কযফ (অপবাদ প্রদানজনিত হদ্দ) প্রয়োগ করা যায় না। এমনিভাবে সাক্ষিদের কেউ কেউ যিনার প্রকৃত সংজ্ঞা

৪. স্বীকারোক্তি সুস্পষ্ট ও বিশদ বর্ণনাসম্বলিত হতে হবে।

অস্পষ্ট স্বীকারোক্তি গ্রহণযোগ্য নয়। কখন, কার সাথে, কোন স্থানে, কোন অবস্থায় ও কিভাবে সঙ্গম করা হল তার বিশদ বিবরণ স্বীকারোক্তিতে থাকা প্রয়োজন।[৯৯]

৫. স্বীকারোক্তির ওপর অটল থাকতে হবে।

যদি স্বীকারোক্তি প্রদানকারী নারী-পুরুষ কোন পর্যায়ে নিজের বক্তব্য প্রত্যাহার করে নেয়, তাহলে হদ্দ কার্যকর করা যাবে না।

অনুরূপভাবে সাক্ষ্য দ্বারা প্রমাণিত হওয়া ছাড়া কেউ যিনা করে অস্বীকার করলে তার ওপরও হদ্দ প্রয়োগ করা যাবে না। এমনকি এ অপরাধ প্রকাশিত হয়ে না পড়লে তা গোপন করে রাখাই শ্রেয়।

২. সাক্ষ্য-প্রমাণ

যিনা প্রমাণের দ্বিতীয় পদ্ধতি হল সাক্ষ্য-প্রমাণ। ইমামগণের সর্বসম্মত মতানুসারে সাক্ষ্য দ্বারা প্রমাণ করা যাবে। তবে এ জন্য বেশ কিছু শর্ত রয়েছে। যেমন-

ক. সাক্ষীদের সাথে সংশ্লিষ্ট শর্তাবলী

১. সাক্ষীদেরকে মুসলিম হতে হবে

অমুসলিমদের সাক্ষ্য যিনার ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়। সাক্ষীদের প্রত্যেককে মুসলিম হতে হবে। যদি কোন একজন সাক্ষীও অমুসলিম হয়, তাহলে সাক্ষ্যের নিসাব পূর্ণ হবে না। আল্লাহ তা'আলা বলেন, فاستشهدوا عليهن

৩. সাক্ষীদেরকে পুরুষ হতে হবে।

চার মাযহাবের ইমামগণের মতে, যিনার চারজন সাক্ষীর প্রত্যেককেই পুরুষ হতে হবে। মহিলাদের সাক্ষ্য যিনার ক্ষেত্রে গ্রহণযোগ্য নয়।[১০৯]

৪. সাক্ষীদের সংখ্যা চার হতে হবে।

যিনা প্রমাণের জন্য চার জন্য সাক্ষীর প্রয়োজন। যদি সাক্ষীদের সংখ্যা একজনও কম হয়, তাহলে শরী'আতের দৃষ্টিতে যিনা প্রমাণিত হবে না। উপরন্তু, যারা সাক্ষ্য দেবে, তাদের ওপর অপবাদ রটানোর হদ্দ কার্যকর করা হবে। আল্লাহ তা'আলা বলেন, والذين يرمون المحصنات ثم لم يأتوا

খ. সাক্ষ্যের সাথে সংশ্লিষ্ট শর্তাবলী

২. সাক্ষীদের সাক্ষ্য সুস্পষ্ট ও বিশদ হতে হবে।

সাক্ষীদেরকে এ কথা সুস্পষ্টভাবে বলতে হবে যে, সুরমাদানীর মধ্যে সুরমা লাগানোর কাঠি যেমন ঢোকা অবস্থায় থাকে, তেমনি তারা পুরুষাঙ্গকে নারীর যোনীর মধ্যে ঢোকানো অবস্থায় দেখেছে। কেননা অনেক সময় সাক্ষীরা এমন অনেক আচরণকে যিনা মনে করে নিতে পারে যে, যা মূলত যিনা নয়। তাই এ ক্ষেত্রে যিনার বিবরণ অত্যন্ত সুস্পষ্ট হওয়া প্রয়োজন। তদুপরি এ কথাও সুনির্দিষ্ট ও বিশদভাবে বলতে হবে যে, কার সাথে, কি অবস্থায়, কখন ও কোথায় যিনা সংঘটিত হয়েছে।[১১৪] এ থেকে জানা যায়, তারা দুজনে যিনা করেছে- সাক্ষীদের এমন কথার ওপর ভিত্তি করে কারো ওপর হদ্দ কার্যকর করা যাবে না।

আশরাফুল হিদায়া, চতুর্থ খণ্ড, পৃষ্ঠা ১৬৭

অনুবাদ : সাক্ষীদের সংখ্যা যদি চারের কম হয় তাহলে তাদের হদ্দে কযফ কার্যকর হবে। কারণ (আইনত) তারা অপবাদ আরোপকারী। কেননা সংখ্যার অপূর্ণতার সময় সাক্ষ্যদান কোনো ছওয়াবের কাজ নয়। আর

ইসলামি শরীয়তে অডিও, ভিডিও, ডিএনএ বা যেকোন মেডিকেল টেস্ট, এগুলো কিছুই হদ্দের শাস্তি দেয়ার বেলায় গ্রহণযোগ্য নয়। শুধুমাত্র ইসলামী শরীয়ত যেসমস্ত বিষয়কে প্রমাণ হিসেবে গণ্য করবে, সেগুলোই প্রমাণ হিসেবে গণ্য হবে। এছাড়া বাদবাকি সমস্ত কিছুই ইসলামী শরীয়া আদালতে বাতিল হয়ে যাবে।

https://islamqa.info/en/answers/6926/how-can-zinaa-be-proven বাংলা অনুবাদ

প্রশ্নঃ আমি জানি যে, অতীতে কাউকে যিনার দায়ে অভিযুক্ত করতে হলে তাদের ৪ জন সাক্ষী নিয়ে আসতে হতো। আমার প্রশ্ন হচ্ছে, বর্তমান সময়ে ৪ জন সাক্ষী আনার পরিবর্তে কি আমরা বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার করে-যেমন ডিএনএ টেস্টের মাধ্যমে তা প্রমাণ করতে পারি?

উত্তরঃ ইসলামী শরিয়াহ অনুসারে, জিনা কেবল সুস্পষ্ট প্রমাণ দ্বারা প্রমাণিত হতে পারে, যথা চারজন বিশ্বাসযোগ্য এবং সত্যবাদী সাক্ষী, যারা সরাসরি তা দেখেছিল, বা অভিযুক্ত যদি দোষ স্বীকার করে বা মহিলা যদি গর্ভবতী হয়। উপরে উল্লিখিত প্রমাণের পরিবর্তে- ডিএনএ পরীক্ষার মাধ্যমে বা ক্যামেরা এবং ভিডিও প্রমাণের সাহায্যে এটি শরীয়াভিত্তিক প্রমাণ হিসেবে গ্রহণযোগ্য হতে পারে না।

https://islamweb.net/en/fatwa/448831/**modern-means-of-technology-are-not-sufficient-as-evidence-in-proving-zina**

Question

If a woman accuses a person of zina, and instead of having four witnesses, she has video proof from a surveillance camera that recorded the incident, would four witness still be needed, or is this sufficient?

Answer

All perfect praise be to Allah, The Lord of the Worlds. I testify that there is none worthy of worship except Allah, and that Muhammad ﷺ is His slave and Messenger.

Zina (fornication or adultery) is not proven by photography/video, and other modern means; Dar al-Ifta Al-Missriyyah issued a Fatwa to this effect and considered that photography (videoing) is considered a mere indication and not means of proof.

Their Fatwa reads:

"*The new matters and scientific methods that have appeared and which can be used in this section, such as genetic fingerprint analysis, visual imaging and audio recording, are nothing more than indications, that cannot reach the level of being used independently as evidence in this section that is restricted by the Sharee'ah...*" [End of quote]

The emphasis on being strict in this aspect is the condition of providing four witnesses all of whom should agree on describing it accurately, and all of this is in order to achieve the meaning of Sitr (concealment), which is beloved by Allah Almighty, and in order to protect the honors of people from being violated for the slightest reason. In addition to the fact that this testimony may result in killing in the event that the person is married, and it results in permanent disgrace and scandal for the accused of Zina.

Islamweb থেকে

Fatwa Title: **Proving Rape by Modern Medical Means**

Fatwa No: 70220

As for proving rape by modern medical means, **this is impermissible because Allah, the Exalted, enjoined that for zina to be proven, four witnesses must give their testimony, and He identified specific conditions for the testimony to be accepted.** Such restrictions are set forth by the sharia in order to conceal people's sins and safeguard their honor. It is impermissible to renounce these conditions and seek other means.

https://islamweb.net/en/fatwa/323002/failing-to-produce-four-witnesses-in-accusation-of-rape

Question

Assalaamu alaykum dear Brother in Islam. I have the following query: If a woman accuses someone of rape while she does not have four witnesses and the accused does not confess having committed rape or adultery, will the woman be punished for slander of adultery (had-e-quzuf)? Please answer with evidence from the Sunnah. I have researched lots of Fiqh books like Hidaya, Dur Mukhtar and Sihah e-Sittah and am confused. I think she is muddai (one who claims), not a witness, and that she cannot be punished for slander.

Answer

All perfect praise be to Allaah, The Lord of the worlds. I testify that there is none worthy of worship except Allaah and that Muhammad, sallallaahu 'alayhi wa sallam, is His slave and Messenger.

The scholars define slander (qathf) as, "Explicit or implicit accusation of committing zina (adultery or fornication) against an individual who is generally known to be chaste". This definition was underlined by the author of the book on Hanafi Fiqh, Al-'Inaayah Sharh Al-Hidaayah.

The essence of slander is accusing a person of committing zina, regardless of whether the accuser is a claimant or a witness. If a woman accused a man of forcing her into committing zina and did not bring forth four witnesses to substantiate her claim, then she is liable for the hadd (prescribed punishment) of slander. Al-Lubaab fi Sharh Al-Kitaab (another book on Hanafi Fiqh) reads:

"If a man or a woman accused a chaste man or woman of committing zina explicitly, such by saying, 'You are an adulterer/adulteress' or, 'You have committed zina,' then the accused person has the right to claim subjecting the accuser to the hadd of slander, and the ruler implements the hadd, which is eighty lashes if the offender is free (as opposed to a slave). Allaah, The Exalted, says (what means): {*And those who accuse chaste women and then do not produce four witnesses - lash them with eighty lashes...*} [Quran 24:4] The scholars unanimously said that 'accuse' in the verse refers to accusing of Zina."

Some jurists held that the ruling differs based on whether her accusation is made against a righteous person or a dissolute person or a person whose religiosity is unknown to people. Al-Kharashi commented on the following statement of Khaleel, "If a woman claimed that a man forced her into adultery while it is inconceivable for such a man to commit this crime (because he is known for his piety and righteousness) without providing witnesses or physical evidence, then she is subject to the hadd of slander." Al-Kharashi said:

"This means that if a woman accused a pious man of forcing her into adultery and there were no witnesses to prove her claim and she did not drag him by his clothes (to prove the offense), then she should be subjected to the hadd of slander whether or not she is well-known for chastity she should be subjected to the hadd of zina if she becomes pregnant as a result. The same ruling applies if she is proven non-pregnant unless she retracts her claim. If she drags him by his clothes and reports the crime of her own volition, then the hadd of zina is waived from her even if she is proven pregnant given the public defamation that she brought upon herself by reporting the offense. She is still subject to the hadd of slander and has no right to ask the man whom she accused to take an oath and swear to his innocence of the charge brought against him. On the other hand, if she accused a dissolute man of such a crime and she did not drag him by his clothes, then she is not subject to the hadd of slander or zina unless she is proven pregnant. However, if she dragged him by his clothes, then the hadd of zina is waived from her even if she is proven pregnant and the hadd of slander is waived from her as well. Lastly, if she accused a man whose religiosity is unknown and she did not drag him by his clothes, then she is subject to both the hadd of slander and that of zina. If she dragged him by his clothes, then she is not subject for that to the hadd of slander..."


Finally, we could not find evidence in the Sunnah regarding the case mentioned in the question. However, the general indication of the verse applies to it. At-Tabaraani رحمه الله cited the statement of Abu Sakhr رحمه الله in his commentary on the verse that reads (what means): {*Why did they (who slandered) not produce for it four witnesses? And when they do not produce the witnesses, then it is they, in the sight of Allaah, who are the liars.*} [Quran 24:13] He said, "Whoever accused a Muslim individual of committing adultery and failed to produce four witnesses has committed slander and should be subject to the hadd of slander ..."

↥

- https://islamqa.org/29224/why-is-rape-victim-expected-to-produce-**atleast-4-witnesses-in-order-to-have-her-rapist-convicted-why-is-she-accused-of-adultery-incase-she-cant-and-given-a-punishment-of-stoning-to-death/**

- https://islamweb.net/en/fatwa/89578/ruling-about-**a-woman-claiming-that-she-was-raped**

https://islamweb.net/en/fatwa/89174/proving-and-punishing-fornication



ব্যভিচার প্রমাণ করা ও শাস্তি দেয়া

89174 10-1-2005 - Thul-Qi'dah 30, 1425

★★★★★ 472

প্রশ্ন

ব্যভিচারের মামলা প্রমাণের জন্য সাক্ষী হাজির করার বিষয়ে আমার আগের প্রশ্নের জন্য আপনি লিখেছিলেন যে একটি মামলা দোষী সাব্যস্ত করার জন্য, সাক্ষীদের কাজটি দেখা উচিত ছিল। আমার আরও কিছু প্রশ্ন আছে। বিয়ের আগে কোনো নারী অন্তঃসত্ত্বা হলে সে অবশ্যই ব্যভিচারের শাস্তি পাবে কিন্তু মামলার পক্ষে চারজন সাক্ষী না থাকলে একজন পুরুষ সহজেই পালিয়ে যেতে পারে। এটা কি পুরুষদের শাস্তি থেকে বাঁচার পথ প্রশস্ত করবে না? একইভাবে ধর্ষণের ভয়াবহ মামলায় ধর্ষকের অভিযোগ প্রমাণের জন্য চারজন সাক্ষী হাজির করা উচিত বলে আপনি কি মনে করেন? যে বেচারি ইতিমধ্যেই এত কষ্ট সহ্য করেছে, তার প্রতি কি চরম অবিচার হবে না? একজন পাকিস্তানি পণ্ডিত বলেছেন যে ধর্ষণের মামলা প্রমাণের জন্য ৪ জন সাক্ষী হাজির করার প্রয়োজন নেই। এটা কি ঠিক?

উত্তর

সমস্ত প্রশংসা বিশ্বজগতের প্রতিপালক আল্লাহর জন্য। আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ব্যতীত কোন উপাস্য নেই এবং মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসূল।

ব্যভিচার ও ব্যভিচার থেকে সমাজকে রক্ষা করা এবং মানুষের সম্মান ও মর্যাদা রক্ষা করাই ইসলামী আইনের অন্যতম মহান উদ্দেশ্য। এ কারণেই শাস্তির আইন করা হয়েছে এবং এমন শর্ত আরোপ করা হয়েছে, যাতে জনগণ প্রমাণ ছাড়া একে অপরকে দোষারোপ করতে না পারে। সুতরাং ব্যভিচার কেবল নিম্নোক্ত দুটি বিষয় দ্বারাই নিশ্চিত হওয়া যায়ঃ চারজন সাক্ষীর অস্তিত্ব অথবা যে ব্যক্তি পাপ করেছে তার স্বীকারোক্তি। সাক্ষী বা স্বীকারোক্তি না থাকলে তো শাস্তি নেই। অধিকাংশ আলেমের মতে নারীর উপর শাস্তি প্রয়োগ করার জন্য গর্ভবতী হওয়াই যথেষ্ট প্রমাণ নয়। কারণ একজন নারীকে ধর্ষণ করা হতে পারে বা কোনো ব্যক্তি ঘুমন্ত অবস্থায় তার সাথে যৌন মিলন করতে পারে। এমনও হতে পারে যে যৌন সম্পর্ক ব্যতীত অন্য কোনও কারণে গর্ভাবস্থা ঘটতে পারে, যেমন অন্য কোনও উপায়ে শুক্রাণু (গর্ভে) প্রবেশ করা। কোন নারীকে ধর্ষণ করার ক্ষেত্রে পুরুষের উপর শাস্তির প্রয়োজন নেই, যতক্ষণ না সে নিজে তা স্বীকার করে অথবা চারজন সাক্ষী দ্বারা প্রমাণিত হয়।

আপনি আপনার প্রশ্নে যেভাবে উল্লেখ করেছেন যে মহিলার প্রতি অন্যায় করা হয়েছে তা বলা ঠিক নয়। পরিশেষে, খেয়াল রাখতে হবে যে, একজন মুসলিমের নিশ্চিত হওয়া উচিত যে, আল্লাহর বিধান ন্যায়পরায়ণ, এবং অতঃপর সে (ধর্মীয় বিষয়াদিতে) যে কোন অসুবিধাই অনুভব করতে পারে।

- Islamweb | Fatwa center | **The process of Fatwa**

- Islam web Fatwa Procedure

৪৭৪৭ হিলাল ইবনু উমাইয়াহ রাসূলুল্লাহ্ সা এর কাছে শারীক ইবনু সাহমার সঙ্গে তার স্ত্রীর ব্যভিচারের অভিযোগ করল। নবী সা বললেন, সাক্ষী হাযির কর নতুবা শাস্তি তোমার পিঠে পড়বে। হিলাল বলল, **হে আল্লাহর রাসূল! যখন আমাদের কেউ তার স্ত্রীর উপর অন্য কাউকে দেখে তখন সে কি সাক্ষী তালাশ করতে যাবে?** নবী সা বলতে লাগলেন- 'সাক্ষী, নতুবা শাস্তি তোমার পিঠে'। তারপর রাসূলুল্লাহ্ সা এর উপর অবতীর্ণ হলঃ ''যারা নিজেদের স্ত্রীর প্রতি অপবাদ আরোপ করে'' থেকে ''যদি সে সত্যবাদী হয়ে থাকে'' পর্যন্ত। তারপর **হিলাল এসে সাক্ষ্য দিলেন। তারপর স্ত্রীলোকটি দাঁড়িয়ে সাক্ষ্য দিল**। আর রাসূলুল্লাহ্ সা বলছিলেন, **আল্লাহ্ তাআলা জানেন যে, তোমাদের দু'জনের মধ্যে অবশ্যই একজন মিথ্যাচারী। তবে কি তোমাদের মধ্যে কেউ তওবা করবে?**

Muhammad says that- if you come home and catch your wife having sex with another another man_ instead of stopping them, Gather Four Men to witness the sex !

Sunan Abu Dawud 4533

4533. It was narrated from Mālik, from Suhail bin Abī Ṣāliḥ, from his father, from Abū Hurairah, that Sa'd bin 'Ubādah said to the Messenger of Allāh ﷺ: "Do you think that if I find a man with my wife, I should give him time until I bring four witnesses?" He said: "Yes."

Classed *sahih*

আল বিদায়া ওয়ান নিহায়া, ৭ম খণ্ড, ইসলামিক ফাউন্ডেশন, পৃষ্ঠা ১৫২- ১৫৫, *৫৫৩*

ওয়াকিদী বলেছেন, এই বছর খলীফা উমর (রা) আবূ মূসা আশ'আরীকে বসরার শাসনকর্তা নিযুক্ত করেন এবং অবিলম্বে মুগীরা ইব্ন শু'বাকে খলীফার দরবারে ফেরত পাঠানোর নির্দেশ দেন। এই ঘটনা ঘটেছিল রবিউল আউয়াল মাসে। আবূ বাকরা, শিবল ইব্ন মা'বাদ বুজালী, নাফি' ইব্ন উবায়দ ও যিয়াদ মুগীরার বিরুদ্ধে সাক্ষ্য দেন।

ওয়াকিদী সায়ফ এই ঘটনার উল্লেখ করেছেন। যা সংক্ষেপে এই ঃ তখন উম্মু জামীল বিনত আফকাম নামের এক মহিলা ছিল। সে ছিল বনু আমির ইব্ন সা'সা'আ গোত্রের মেয়ে। কেউ বলেছেন, বনু হেলাল গোত্রের মেয়ে। তার স্বামী ছিল ছাকীফ গোত্রের লোক। তাকে রেখে স্বামী মারা যায়। নেতৃস্থানীয় ও সম্ভ্রান্ত লোকদের স্ত্রীদের নিকট গিয়ে গিয়ে গল্প-গুজব করা তার অভ্যাসে পরিণত হয়েছিল। তখন বসরার শাসনকর্তা ছিলেন মুগীরা ইব্ন শু'বা (রা)। ওই মহিলা তাঁর বাড়িতেও যেত। মুগীরার ঘর ছিল আবূ বাকরা-এর ঘরের মুখোমুখি। উভয় ঘরের মধ্যখানে ছিল একটি রাস্তা। আবূ বাকরা-এর ঘরের দেয়ালে একটি ছোট জানালা ছিল যা দিয়ে মুগীরার ঘরের একটি জানালা স্পষ্ট দেখা যেত। দীর্ঘদিন যাবত মুগীরা ও আবূ বাকরার মাঝে ছিল দ্বন্দ্ব ও বিদ্বেষ। একদিনের ঘটনা। আবূ বাকরা তাঁর ঘরে অবস্থান করছিলেন। ঘরের উপরের তলায় তিনি কয়েকজন লোকের সাথে কথা বলছিলেন। হঠাৎ দমকা হাওয়া এসে তাঁর ঘরের জানালার কপাট খুলে দেয়। তিনি দাঁড়ালেন কপাট বন্ধ করার জন্যে। ওই জানালার মধ্য দিয়ে তিনি দেখতে পেলেন যে, মুগীরা এক মহিলার বুকের উপর ও তার দু'পায়ের মাঝখানে উপুড় হয়ে আছেন। তিনি ওই মহিলার সাথে সহবাস করে যাচ্ছেন। আবূ বাকরা তাঁর সাথীদেরকে ডেকে বললেন, আসুন, আসুন আপনাদের শাসনকর্তাকে দেখুন। তিনি উম্মু জামীলের সাথে ব্যভিচার করছেন। তাঁরা দাঁড়িয়ে দেখলেন যে, মুগীরা সত্যিই ওই মহিলার সাথে সঙ্গম করছেন। তারা আবূ বাকরাকে বলল, আপনি কীভাবে চিনলেন যে, মহিলাটি উম্মু জামীল ওদের দু'জনের মাথা তো অন্যদিকে? আবূ বাকরা বললেন, অপেক্ষা করুন। রতিক্রিয়া শেষে মহিলাটি দাঁড়াল। এবার তাকে দেখিয়ে আবূ বাকরা বললেন, এটি উম্মু জামীল। তাদের ধারণা যে, তারা উম্মু জামীলকে চিনেছে।

গোসলশেষে মুগীরা বের হলেন নামাযে ইমামতি করার জন্যে। তখনই আবূ বাকরা দাঁড়িয়ে তাঁকে বাধা দিলেন এবং পুরো ঘটনা খলীফা উমর (রা)-কে লিখে জানালেন।

খলীফা আবূ মূসা আশ'আরী (রা)-কে বসরার শাসনকর্তা নিয়োগ করে পাঠালেন এবং মুগীরাকে অপসারণ করলেন। আবূ মূসা (রা) বসরা এলেন। তিনি 'আল বারদ'-এ পৌঁছলেন। আবূ মূসা (রা)-কে দেখে মুগীরা বললেন, ইনি ব্যবসায়ী হিসেবেও নয়, পর্যটক হিসেবেও নয় বরং শাসনকর্তা হিসেবে খলীফার দেয়া চিঠি মুগীরাকে হস্তান্তর করলেন। এটি একটি সংক্ষিপ্ত চিঠি। তাতে লেখা ছিল, পর সমাচার, আমার নিকট একটি গুরুতর অভিযোগ এসেছে। আমি আবূ মূসা (রা)-কে শাসনকর্তারূপে প্রেরণ করলাম। সরকারী সকল দায়িত্ব আবূ মূসা (রা)-কে বুঝিয়ে দিয়ে যথাশীঘ্র খলীফার দরবারে উপস্থিত হোন। খলীফা একই চিঠিতে বসরার অধিবাসীদেরকে লিখলেন, "আমি আপনাদের শাসনকর্তারূপে আবূ মূসা আশ'আরী (রা)-কে নিয়োগ দিয়েছি। তিনি আপনাদের শক্তিমানদের হাত থেকে দুর্বলের অধিকার রক্ষা করবেন। আপনাদেরকে সাথে নিয়ে শত্রুর মুকাবিলা করবেন। আপনাদের দীনের হেফাজত করবেন।

আপনাদের জন্যে যুদ্ধলব্ধ মালামালের আয়োজন করবেন এবং তা আপনাদের মাঝে বণ্টন করবেন। মুগীরা 'আকীলা' নামে তাঁর তায়েফ বংশোদ্ভূত একটি ক্রীতদাসী আবূ মূসা (রা)-কে উপহার দিয়ে বললেন, আমি এটাকে আপনার জন্যে পছন্দ করেছি। মেয়েটি খুব সুন্দরী ও চালাক ছিল।


মুগীরা এবং যারা তাঁর বিরুদ্ধে সাক্ষী তাঁরা খলীফার দরবারের উদ্দেশ্যে যাত্রা করলেন। সাক্ষী হিসেবে যাত্রা করলেন আবূ বাকরা, নাফি ইব্ন কালদাহ, যিয়াদ ইব্ন উমাইয়া এবং শিবল ইব্ন মা'বাদ বাজালী। তাঁরা খলীফা উমর (রা)-এর দরবারে উপস্থিত হলেন। তিনি উভয় পক্ষকে একত্রিত করলেন। মুগীরা বললেন, আমীরুল মু'মিনীন! ওই গোলামদেরকে জিজ্ঞেস করুন ওরা আমাকে কোন্ অবস্থায় দেখেছে ? আমি কি ওদের মুখোমুখি ছিলাম, না ওদেরকে পেছনে রেখেছিলাম ? ওরা মহিলাটি কেমন করে দেখল এবং চিনল ? ওরা যদি আমার মুখোমুখি থেকে থাকে তাহলে তারা পর্দা না করে থাকল কেমন করে ? আর যদি ওরা আমার পেছনে থেকে থাকে তাহলে আমার ঘরে আমার স্ত্রীর সাথে আমার মিলন দেখা তাদের জন্যে বৈধ হলো কেমন করে ? আল্লাহ্‌র কসম, আমি আমারই স্ত্রীর সাথে সহবাস করছিলাম। আমার স্ত্রীর সাথে উম্মু জামীলের কিছুটা সামঞ্জস্য আছে বটে।

এবার খলীফা উমর (রা) প্রথমে আবূ বাকরা (রা)-কে জেরা করছিলেন। আবূ বাকরা সাক্ষ্য দিয়ে বললেন যে, তিনি মুগীরাকে দেখেছেন উম্মু জামীলের দু'পায়ের মধ্যখানে, তিনি সুরমাদানিতে সুরমাকাঠির ন্যায় ঢুকাচ্ছিলেন আর বের করছিলেন। খলীফা বললেন, আপনি ওদের দু'জনকে কোন্ অবস্থায় দেখলেন, আপনার প্রতি মুখ ফেরানো অবস্থায়, নাকি পিঠ ফেরানো অবস্থায় ? আবূ বাকরা বললেন, ওরা দু'জন আমার দিকে পিঠ দিয়ে রেখেছিল। খলীফা বললেন, তাহলে আপনি মহিলার মাথা ও মুখ নিশ্চিত চিনলেন কী করে ? আবূ বাকরা বললেন, আমি উপরে উঠে তা দেখেছি।

এরপর খলীফা শিবল ইব্ন মা'বাদকে ডাকলেন। তিনিও আবূ বাকরা-এর ন্যায় সাক্ষ্য দিলেন। খলীফা বললেন, ওরা দু'জন কি আপনার মুখোমুখি ছিল, না পিঠ ফেরানো ছিল ? শিবল বললেন, ওরা আমার মুখোমুখি ছিল। নাফি'ও সাক্ষ্য দিলেন আবূ বাকরা -এর সাক্ষ্যের ন্যায়। যিয়াদের সাক্ষ্য কিন্তু ওদের মত হলো না। যিয়াদ বললেন, আমি মুগীরাকে দেখেছি জনৈকা মহিলার দু'পায়ের মাঝখানে বসা অবস্থায়। আমি দু'টো রক্তিম পা দেখেছি। সে পা দু'টো নড়াচড়া করছিল। আমি দু'টো উন্মুক্ত নিতম্ব দেখেছি। আমি চরম উত্তেজনাকর শব্দ শুনেছি। খলীফা বললেন, আপনি কি সুরমাদানিতে সুরমাকাঠি ঢুকানোর মত দেখেছেন ? যিয়াদ বললেন, না তেমনটি দেখিনি। খলীফা বললেন, আপনি কি ওই মহিলাকে চিনতেন ? যিয়াদ বললেন, না, তবে তার মত মনে হয়েছিল। খলীফা বললেন, ঠিক আছে আপনি সরে দাঁড়ান।


বর্ণিত আছে যে, এ সময়ে হযরত উমর (রা) তাকবীর ধ্বনি দিয়ে উঠলেন, তারপর নিশ্চিতভাবে মুগীরার ব্যভিচার প্রমাণ করতে না পারায় এই তিনজনকে অপবাদের শাস্তিস্বরূপ কোরাতের নির্দেশ দেন। প্রসঙ্গত খলীফা উমর (রা) এই আয়াত তিলাওয়াত করেন (فَاِنْ لَّمْ يَاْتُوْا بِالشُّهَدَاۤءِ فَاُولٰٓئِكَ عِنْدَ اللّٰهِ هُمُ الْكٰذِبُوْنَ) যেহেতু তারা সাক্ষ্য উপস্থিত করেনি সে কারণে তারা আল্লাহ্‌র বিধানে মিথ্যাবাদী। (সূরা নূর-২৪ ঃ ১৩)

↥



১৫৪ আল-বিদায়া ওয়ান নিহায়া

এবার মুগীরা বললেন, আমীরুল মু'মিনীন! এই গোলামদের হাত থেকে আপনি আমাকে মুক্তি দিন। খলীফা বললেন, চুপ থাকুন। আল্লাহ্ চিরদিনের জন্যে আপনার মুখ বন্ধ করে দিন। আল্লাহ্র কসম! যদি সাক্ষ্য পূর্ণ হতো তবে আপনার পাথর দ্বারা আমি আপনাকে হত্যা করতাম।



আল-বিদায়া ওয়ান নিহায়া ৫৫৩

ইমাম মালিক (র) বলেছেন, মুগীরা ইব্ন শুবা (রা) ছিলেন বহু বিবাহে অভ্যস্ত। তিনি বলতেন, একক ভার্যাধারীর স্ত্রী ঋতুবতী হলে বেচারা স্বামীও তার সংগে ঋতুপালনে বাধ্য হয়। আর স্ত্রী অসুস্থ হয়ে পড়লে স্বামীও অসুস্থ হয়ে পড়ে। আর দুই স্ত্রীর স্বামী দুই লেলিহান অগ্নিশিখার মাঝে। বর্ণনাকারী (মালিক) বলেন, তাই তিনি চারজনকে বিয়ে করতেন এবং তাদের এক সংগে তালাক দিয়ে দিতেন। অন্যদের বর্ণনায় রয়েছে, তিনি সর্বমোট আশিজন নারীর পানি গ্রহণ করেছিলেন। কেউ কেউ বলেছেন, তিনশত নারীকে। আবার কেউ তো বলেছেন, এক হাজার নারীকে তিনি বিবাহ করেছিলেন।

What did Imam Malik say about rape?

> Malik said, "The position with us about a woman who is found to be pregnant and has no husband and she says, 'I was forced,' or she says, 'I was married,' is that **it is not accepted from her and the hadd is inflicted on her unless she has a clear proof of what she claims** about the marriage or that she was forced or she comes bleeding if she was a virgin or she calls out for help so that someone comes to her and she is in that state or what resembles it of the situation in which the violation occurred." He said, **"If she does not produce any of those, the hadd is inflicted on her and what she claims of that is not accepted from her."**
>
> *Muwatta Malik* Book 41, Hadith 15
>
> **If a pregnant woman says that she was forced, she is not believed and receives the hadd** unless there is a witness that she was carried off until the abductor disappeared with her or she comes seeking help at the time of the event or comes bleeding.
>
> *Risalah* 37.26

How is this relevant to Muslims today?

The Maliki madhab dominates in Northern Africa. As a result, muslim regions in Northern Africa that are ruled by Sharia law prescribed the hudud(hadd/punishment) for pregnant women who claimed that they had been raped. Here are some examples below:

- Bariya Ibrahim Magazu is a Nigerian teenager who was lashed 100 times after she became pregnant before marriage. She claimed she had been raped by several men who had loaned money to her father. However, the state she lived in, Zamfara, had transitioned to Sharia law, and the male judges presiding over her case acquitted the accused men, but upheld her *hadd* sentence.
- Safiya Hussaini is another Nigerian woman who was sentenced to stoning after becoming pregnant following her divorce. Her state, Sokoto, had also recently transitioned to Sharia law. She claimed that she had been raped repeatedly by her neighbor, but the court acquitted her neighbor while sentencing her to death. Fortunately, she was acquitted by a higher court, because her alleged adultery must have happened before Sharia was actually implemented in Sokoto.

↥

- https://womanstats.wordpress.com/2013/01/16/the-high-rape-scale-in-saudi-arabia/

এক বর্বর নির্মমতা

সময়টি আরব অঞ্চলে নবী মুহাম্মদের ত্রাস সৃষ্টির। দিকে দিকে ইসলামের ঝাণ্ডা নিয়ে নবী মুহাম্মদের সাহাবীরা ছুটে যাচ্ছে, এবং গোত্রগুলোকে ইসলাম গ্রহণের আহবান জানাচ্ছে। ইসলাম গ্রহণ করলে ভাল, নইলে আহলে কিতাবিদের জন্য অপমানিত অবস্থায় নত হয়ে জিজিয়া দাও নতুবা কতল করা হবে। মুশরিকদের জন্য তো শুধুমাত্র কতল কিংবা ইসলাম গ্রহণের বিধান। একটি অতি তুচ্ছ প্রেমের ঘটনা। মুহাম্মদের আগ্রাসী যুদ্ধে যেই গল্পটির কথা কেউ মনে রাখে নি। যেই প্রেমিক আর প্রেমিকার কথা সবার অগোচরেই রয়ে গেছে। যাদের প্রাণ গেছে নবীর জিহাদের নৃশংস ভয়াবহতায়।

খালিদ ইবনে ওয়ালিদ ছিলেন ইসলামের ইতিহাসে ভয়াবহতম খুনীদের একজন। নৃশংসতায় তার কোন তুলনা ছিল না। সে এত নির্মমতার সাথে এত কাফের হত্যা করেছে, যার কোন হিসেবই নেই। এত কাফের গোত্রকে সে সমূলে উধাও করে দিয়েছে, এত মানুষ মেরেছে, যার কারণে তার নাম শুনলেও তার বর্বরতার কারণে কাফেরদের এলাকাতে মহিলারা ভয়ে আতঙ্কে কাঁদতে শুরু করতো বলে ইতিহাসগ্রন্থে পাওয়া যায়। সেই খালিদ ইবন ওয়ালিদকে পাঠানো হয়েছিল একটি গোত্রে ইসলামের দাওয়াত দিতে। খালিদের মত নৃশংস নরঘাতককে দেখেই সেই গোত্রের লোকেরা অস্ত্র ফেলে দিয়ে আত্মসমর্পন করে। কোন আলাপ আলোচনা ছাড়াই তাদেরকে বেঁধে ফেলে খালিদ ইবনে ওয়ালিদ হত্যা করতে শুরু করে।

সেই সময়, একটি প্রেমিক যুগলের বর্ণনা পাওয়া যায়। যারা ইসলাম কী, আল্লাহ কী, মুহাম্মদ কী, কিছুই জানতেন না। তাদের ইসলাম কবুল করতে বলা হলে, সেই প্রেমিক ইসলাম আর মুহাম্মদ কী, তা জানেন না বলে তাদের জানান। তিনি তার প্রেমিকার প্রেমে এতটাই মগ্ন ছিলেন, এতটাই ভালবাসায় আচ্ছন্ন ছিলেন যে, প্রেমিকাকে একনজর দেখার জন্য এতটাই উদগ্রীব ছিলেন যে, যার সামনে ইসলাম মুহাম্মদ আল্লাহ জিহাদ এমনকি নিজের জীবনটিও তুচ্ছ হয়ে যায়। তিনি মুসলিম সৈন্যদের বলেন, তার প্রেমিকাকে এক নজর দেখতে দিলে মুসলিমরা যা চাইবে, তার সাথে সেটাই করতে পারবে। শুধু একটিবার যেন সে চোখ জুড়িয়ে তার ভালবাসার মানুষটিকে দেখতে পারেন।

↥

তাকে এক নজর দেখার সুযোগ দেয়া হলো। এরপরে তার গর্দান উড়িয়ে দিলো মুসলিম জিহাদি সৈন্যরা, কারণ সে ইসলাম কবুল করে নি। আর সেই মৃতদেহের ওপর কাঁদতে কাঁদতে প্রাণ দিয়ে দিলো তার সেই প্রেমিকা।

মুহাম্মদ ওরফে আল্লাহর আর মুহাম্মদের সৈন্যদের কাছে, এই দুটি সামান্য প্রাণের মূল্য রাস্তার কুকুরের চেয়ে বেশি কিছু নয়! তারা একজন আরেকজনকে ভালবেসেছিল, একজন আরেকজনকে একনজর দেখার জন্য মুহাম্মদের জিহাদী সৈন্যদের হাতে জীবন বিলিয়ে দিতেও দ্বিধা করে নি। সত্যি কথা বলতে কি, ঘটনাটি পড়ার পরে আমি চোখের পানি ধরে রাখতে পারি নি। আপনাদের সামনেও তাই তুলে ধরছি।

পুরো ঘটনাটি ইসলামিক সোর্স থেকে পড়ুন এবার। আল হিদায়া ওয়ান নিহায়া গ্রন্থ থেকে, ইসলামিক ফাউন্ডেশন থেকে কিনলে খণ্ড চার-এ। বর্ণনাটি ইবনে ইসহাকের সীরাত গ্রন্থেও পাবেন।

৫৪২ আল-বিদায়া ওয়ান নিহায়া

সিদ্দীক (রা)-এর নিকট খালিদের অপসারণ দাবি করেন এবং বলেন ঃ ان في سيفه رهقا –তার তরবারির মধ্যে যুলুম আছে। কিন্তু খলীফা আবূ বকর (রা) তাকে অপসারণ করেননি এবং বলেন ঃ "لا اغمد سيفا سله الله على المشركين" – যে তরবারি আল্লাহ্ মুশরিকদের উপর কোষমুক্ত করেছেন, সে তরবারি আমি কোষবদ্ধ করবো না।

ইব্ন ইসহাক বলেন ঃ আমার নিকট ইয়া'কূব ইব্ন উতবা ইব্ন মুগীরা ইব্ন আখনাস যুহরীর সূত্রে ইব্ন আবূ হাদরাদ আসলামী থেকে বর্ণনা করেছেন। তিনি বলেন, একদা আমি খালিদ ইব্ন ওয়ালীদের অশ্বারোহী বাহিনীর মধ্যে ছিলাম। তখন আমার সমবয়সী বনূ জুযায়মার এক যুবক– যার হাত দু'গাছি রশি দিয়ে ঘাড়ের সাথে বাঁধা এবং তার থেকে অল্প দূরেই কতিপয় মহিলা সমবেত, এ অবস্থায় সে আমাকে সম্বোধন করে বললো ঃ ওহে যুবক ! আমি বললাম, তুমি কি চাও ? সে বললো, তুমি কি এই রশি ধরে আমাকে ঐ মহিলাদের কাছে নিয়ে যেতে পার ? তাদের কাছে আমার কিছু প্রয়োজন আছে। প্রয়োজন শেষে তুমি আবার আমাকে ফিরিয়ে আনবে। তারপরে তোমাদের যা মনে চায় তাই করবে। আমি বললাম, আল্লাহ্র কসম, তুমি যা চাইছো তা তো একেবারে মামুলী ব্যাপার। এরপর আমি রশি ধরে তাকে নিয়ে গেলাম এবং মহিলাদের সামনে হাযির করলাম। সে সেখানে দাঁড়িয়ে বললো ঃ

اسلمي حبيش على نفد العيش ـ

"আমার জীবনের শেষ প্রান্তে দাঁড়িয়ে তুমি শান্তিতে থাক হে হুবায়শ।"

اريتك اذ طالبتكم فوجد تكم بحلية او الفيتكم بالخوانق
الم يكُ اهلاً ان ينوَّلَ عاشق تكلَّفَ ادلاَجَ السرى والوادائق
فلاَ ذنبَ لى قد قلتُ اذ اهلُنا معا اثيبي بودٍّ قبل احدى الصفائق
اثيبى بودَ قبل ان يشحَطَ النوى وينأى الاميرُ بالحبيب المفارق
فانى لا ضيَّعتُ سرَّ امانة ولاراقَ عينى عنكِ بعدك رائق

অর্থ ঃ (হায়রে হুবায়শ !) তুমি কি লক্ষ্য করনি, আমি যখনই তোমাদেরকে খুঁজেছি, তখনই পেয়েছি হয় হিলিয়ায়, না হয় পেয়েছি খাওয়ানিকে।

ঐ প্রেমিক কি কিছু পাওয়ার যোগ্য হয়নি, যে অন্ধকার রাত্রে ও প্রচন্ড গরমে সফরের কষ্ট বরণ করেছে ?

আমি আরও বলেছিলাম– আমাকে তুমি ভালবাসার বিনিময় দাও, দুর্যোগ এসে দূরত্ব সৃষ্টি করার আগেই। কেননা, বিরহী বন্ধুর কারণে নিজ পরিবারের কর্তাও দূরে চলে যায়।

কেননা, আমি গোপন আমানত ফাঁস করে দিয়ে খিয়ানত করিনি। আর তোমার পরে আর কোন সুন্দরীকে আমার চক্ষু তোমার চেয়ে আকর্ষণীয় পায়নি।

↥

কবিতা শোনার পর মহিলাটি বললো ঃ আমি তো মাঝে মাঝে বিরতিসহ উনিশ বছর এবং বিরতিহীনভাবে আট বছর যাবত তোমার ডাকে সাড়া দিয়েছি। আবূ হাদরাদ বলেন, আমি লোকটিকে সেখান থেকে ফিরিয়ে নিয়ে গেলাম ও তার গর্দান উড়িয়ে দিলাম।

ইব্ন ইসহাক বলেন ঃ আবূ ফারাস ইব্ন আবূ সুনবুলা আসলামী তাঁর কতিপয় প্রত্যক্ষদর্শী শায়খের উদ্ধৃতি দিয়ে আমার নিকট বর্ণনা করেন, ঐ যুবকটির গর্দান যখন উড়িয়ে দেয়া হচ্ছিল, তখন তার সেই প্রেমিকা সেখানে দাঁড়িয়ে তা' প্রত্যক্ষ করছিল। তারপর সে তার প্রেমিকের উপর উপুড় হয়ে পড়ে এবং তাকে চুম্বন করতে করতে সেও সেখানে প্রাণ বিসর্জন দেয়।

হাফিয বায়হাকী হুমায়দী সূত্রে - - - - ইসাম মুযায়নী থেকে বর্ণনা করেন। তিনি বলেন ঃ রাসূলুল্লাহ্ (সা) আমাদেরকে এক অভিযানে প্রেরণ করেন। যাত্রাকালে তিনি আমাদেরকে অনুরূপ নির্দেশ দিলেন। আমরা তিহামার দিকে যাত্রা করলাম। পথিমধ্যে দেখলাম একজন পুরুষ একটি মহিলা কাফেলার পশ্চাতে ছুটছে। আমরা তাকে ডেকে বললাম, ওহে, ইসলাম গ্রহণ কর ! সে বললো, ইসলাম কী ? আমরা তাকে ইসলামের ব্যাখ্যা জানালে সে তা বুঝতে ব্যর্থ হলো। সে আমাদের কাছে জিজ্ঞেস করলো। তোমরা যা কর, আমি যদি তা না করি তবে আমার কী হবে ? আমরা বললাম, তা হলে আমরা তোমাকে হত্যা করবো। তখন সে বললো, আমাকে ঐ মহিলা কাফেলার সাথে মিলিত হওয়ার একটু অবকাশ দেবেন কি ? আমরা বললাম, হ্যাঁ, তোমাকে অবকাশ দেওয়া হলো। তবে তুমি যেতে থাক। আমরাও তোমার কাছে আসছি। বর্ণনাকারী বলেন, লোকটি যেতে যেতে মহিলা কাফেলার নাগাল পেল। সে তাদের একজনকে উদ্দেশ্য করে বললো ঃ اسلمى حبيش قبل نغاد العيش ـ ওগো হাবায়শ ! তুমি সুখে থাক, আমার আয়ু ফুরিয়ে যাওয়ার পূর্বে। অপরজন বললো, বিরতিসহ উনিশ বছর এবং বিরতিহীন আট বছর (এর প্রেম বিনিময় নিয়ে) তুমিও শান্তিতে থাক। বর্ণনাকারী এরপর উপরোল্লিখিত কবিতা وبنائى الامير بالحبيب المفارق পর্যন্ত উল্লেখ করলেন। এরপর লোকটি সেখান থেকে ফিরে এসে আমাদেরকে বললো ঃ এবার তোমাদের যা ইচ্ছা করতে পার। আমরা তখন অগ্রসর হয়ে তার গর্দান উড়িয়ে দিলাম। এ সময় ঐ মহিলাটি তার হাওদা থেকে বেরিয়ে এসে লোকটির দেহের উপর উপুড় হয়ে পড়লো এবং এ অবস্থায়ই তার মৃত্যু হয়ে গেল। এরপর ইমাম বায়হাকী আবূ আবদুর রহমান নাসাঈ সূত্রে - - - - ইব্ন আব্বাস (রা) থেকে বর্ণনা করেন। রাসূলুল্লাহ্ (সা) একবার এক অভিযানে একটি ক্ষুদ্র সেনাদল প্রেরণ করেন। সে অভিযানে তারা প্রচুর গনীমত লাভ করেন। আটককৃত বন্দীদের মধ্যে এমন একজন লোক ছিল, যে মুসলিম সৈন্যদের নিকট নিবেদন করলো, আমি তোমাদের শত্রুপক্ষের লোক নই। আমি এখানকার এক মহিলাকে ভালবাসি। তার সাথে মিলিত হওয়ার উদ্দেশ্যে এখানে এসেছি। সুতরাং আমাকে একটু অবকাশ দাও, আমি তাকে শেষ বারের মত একটি বার দেখে আসি। তারপরে তোমাদের যা মনে চায় তা করো। বর্ণনাকারী বলেন, দেখা গেল লোকটি গিয়ে এক দীর্ঘকায় সুন্দরী মহিলাকে উদ্দেশ্য করে বলছে ঃ ওহে হুবায়শ ! "তুমি শান্তিতে থাক, আমার আয়ু শেষ হওয়ার পূর্বে।" এরপর সে এ জাতীয় অর্থবোধক কবিতার দু'টি পংক্তি আবৃত্তি করলো। তখন মহিলাটি তার জবাবে বললো ঃ হ্যাঁ, আমি তো তোমাকে আমার জীবন উৎসর্গ করে দিয়েছি। এরপর মুসলিম সেনারা তার নিকট এগিয়ে গিয়ে তার গর্দান উড়িয়ে দিল। তখন মহিলাটি দৌড়ে এসে নিহত লোকটির উপর উপুড় হয়ে পড়লো এবং একবার অথবা দু'বার চিৎকার ধ্বনি দিয়ে মৃত্যুর কোলে ঢলে পড়লো। অভিযান

আপনাকে একটা উদাহরণ দেই, please justify it

একটা খুনি,ধর্ষণকারী অমুসলিম- একটা ১১ বছরের (ঋতুবতী/বালেগা) হিন্দু বালিকাকে ধর্ষণ করে মেরে ফেলল এবং পালিয়ে সৌদিতে দেশান্তর হল।
পরবর্তীতে বৃদ্ধ বয়সে ধর্ষক ও খুনি লোকটি ইসলাম গ্রহণ করল এবং মারা গেল।
ইসলামের আইন অনুসারে- ইসলাম গ্রহণ করার কারণে ঐ খুনি লোকটি সকল জঘন্য অপরাধের কারণে কোনো শাস্তি পেলনা, এবং মৃত্যু পরবর্তী কাল্পনিক জীবনে সে অনন্তঅসীমকাল জান্নাত ভোগ করবে,
আর সেই অমুসলিম নিস্পাপ মেয়েটা(যাকে ধর্ষণ করে হত্যা করা হয়েছিল), মেয়েটি অনন্তঅসীমকাল জাহান্নামের আগুনে পুড়তে থাকবে।
Dear mumin, please justify it.

- নিরপরাধ জারজ সন্তানদের ব্যাপারে ইসলামের অবিচার

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)
পরিচ্ছেদঃ জারজ সন্তান মুক্ত করা
৩৯৬৩। আবূ হুরাইরাহ (রা) বলেন, **রাসূলুল্লাহ সা বলেছেনঃ জারজ সন্তান তিনটি মন্দের অন্যতম**। আবূ হুরাইরাহ (রা) বলেন, **আল্লাহর পথে চাবুক দ্বারা উপকৃত হওয়া আমার নিকট জারজ সন্তান আযাদ করার চেয়ে বেশী প্রিয়**।

নিজ বংশপ্রীতি, যোগ্যতা ছাড়াই শুধুমাত্র জন্মগত পরিচয়ে কোটা সিস্টেমে অধিক সুবিধা ভোগের নীতি

সহীহ বুখারী (তাওহীদ)
৭১৩৯। **কুরাইশগণ হলেন দুনিয়ার সর্বশ্রেষ্ঠ জাতি**।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)
পরিচ্ছেদঃ কুরাইশদের মর্যাদা
৩৯০৫। রাসূলুল্লাহ সা বলেছেনঃ যে কেউ কুরাইশদেরকে অপদস্ত করার ইচ্ছা করবে, আল্লাহ তাকে অপদস্ত করবেন।

৩৫০১ পরিচ্ছেদঃ আমীর কুরাইশদের থেকে হবে
নবী সা বলেন, **খিলাফত ও শাসনক্ষমতা সর্বদাই কুরাইশদের হাতে থাকবে, যতদিন তাদের দুজন লোকও বেঁচে থাকবে**।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)
প্রশাসন ও নেতৃত্ব, পরিচ্ছেদঃ জনগণ কুরায়শদের অনুগামী এবং **খিলাফত কুরায়শদের মধ্যে সীমিত**
৪৫৯৭। নবী সা বলেছেনঃ লোকজন ভাল-মন্দ উভয় ব্যাপারেই কুরায়শদের অনুসারী।

সহীহ বুখারী (তাওহীদ)
৩৬৬৮। আবু বকর(রা) নবী সা এর ইন্তিকালের ঘোষণা দেবার পর, আনসারগণ ইবনু উবাইদাহ (রা)-এর নিকট সমবেত হয়ে বলতে লাগলেন, আমাদের মধ্য হতে একজন আমীর হবেন এবং তোমাদের মধ্য হতে একজন আমীর হবেন। আবূ বাকর (রা), উমার ইবনু খাত্তাব(রা) আনসারদের নিকট গমন করলেন। আবূ বকর (রা বললেন, **আমীর আমাদের মধ্য হতে একজন হবেন এবং তোমাদের মধ্য হতে হবেন উযীর**। তখন ইবনু মুনযির (র) বললেন, আল্লাহর কসম! আমরা এমন করব না বরং আমাদের মধ্যে একজন ও আপনাদের মধ্যে একজন আমীর হবেন। আবূ বকর (রা) বললেন- **না, তা হয় না। আমাদের মধ্য হতে খলীফা এবং তোমাদের মধ্য হতে উযীর হবেন। কেননা কুরাইশ গোত্র অবস্থানের দিক দিয়ে যেমন আরবের মধ্যস্থানে, বংশ ও রক্তের দিকে থেকেও তারা তেমনি শ্রেষ্ঠ। তাঁরা নেতৃত্বের জন্য যোগ্যতায় সবার শীর্ষে।**.....তারপর জনৈক ব্যক্তি বলে উঠলেন, আপনারা ইবনু উবাইদাহ (রা)কে মেরে ফেললেন? উমার (রা) বললেন, আল্লাহ তাকে মেরে ফেলেছেন।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)
৩৯৩৬। রাসূলুল্লাহ সা বলেছেনঃ রাজত্ব কুরাইশদের মাঝে, বিচার-বিধান আনসারদের মধ্যে।

↥

৩২. সন্তান নিয়ে মতবিরোধ দেখা দিলে লটারী দ্বারা মীমাংসা করবে

২২৭০। যায়িদ ইবনু আরকাম (রাযি.) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আলী (রাযি.) ইয়ামেনে অবস্থানকালে তার নিকট তিন ব্যক্তিকে আনা হলো। তারা একই মহিলার সাথে একই তুহুরে (হায়িযের পর পবিত্র অবস্থায়) সঙ্গম করেছে। তাদের প্রত্যেকের সন্তানটিকে নিজের বলে দাবী করলো। তিনি তাদের দু'জনকে বললেন, আমি সন্তানটি ঐ তৃতীয় ব্যক্তিকে দিচ্ছি? তারা বললো, না। এভাবে তিনি তাদের সবাইকে জিজ্ঞেস করলেন কিন্তু তারা সবাই অস্বীকৃতি জানালো। অতঃপর তিনি তাদের মধ্যে লটারী করলেন, লটারী যে ব্যক্তির নামে উঠলো সন্তানটি তার সাথেই সংযুক্ত করলেন এবং এ ব্যক্তির উপর অপর দু'জনকে দুই-তৃতীয়াংশ ক্ষতিপূরণ দেয়া বাধ্যতামূলক করলেন। বর্ণনাকারী বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট ঘটনাটি ব্যক্ত করা হলে তিনি এমনভাবে হেসে উঠেন যে, তাঁর মাড়ির দাঁত পর্যন্ত প্রকাশিত হয়।[1]

সহীহ।

কুরআন ৩৩/৩৬


আর আল্লাহ্ ও তাঁর রাসূল কোনো বিষয়ের ফায়সালা দিলে কোনো মুমিন পুরুষ কিংবা নারী উক্ত বিষয়ে ভিন্ন সিদ্ধান্তের কোন অধিকার রাখে না। আর যে আল্লাহ্ ও তাঁর রাসূলকে অমান্য করল সে স্পষ্টভাবে পথভ্রষ্ট হলো।

নবী যেই কাজকে নিষিদ্ধ করেননি, তা আর কোন মুসলমান নিষিদ্ধ করতে পারে না। এই বিষয়ে বুখারী শরীফের সহিহ দলিল দেখে নিই,

সহীহ বুখারী (ইফা)


কুরআন ও সুন্নাহকে দৃঢ়ভাবে ধারণ

পরিচ্ছেদঃ ৩০৯৭. **কোন বিষয় নবী (সা) কর্তৃক অস্বীকৃতি জ্ঞাপন না করাই তা বৈধ হওয়ার প্রমাণ। অন্য কারো অস্বীকৃতি বৈধতার প্রমান নয়।**



٣٠٩٧ بَابُ مَنْ رَأَى تَرْكَ النَّكِيْرِ مِنَ النَّبِيِّ ﷺ حُجَّةً لاَ مِنْ غَيْرِ الرَّسُوْلِ ﷺ

৩০৯৭. অনুচ্ছেদ ঃ কোন বিষয় নবী ﷺ কর্তৃক অস্বীকৃতি জ্ঞাপন না করাই তা বৈধ হওয়ার প্রমাণ। অন্য কারো অস্বীকৃতি বৈধতার প্রমাণ নয়



সহজ নসরুল বারী শরহে সহীহ বুখারী (১৩) ❖ ১৮৫

৩৮৫৮. অনুচ্ছেদ : কোন বিষয় রাসূলুল্লাহ ﷺ কর্তৃক অস্বীকৃতি জ্ঞাপন না করাই তার বৈধ হওয়ার প্রমাণ। অন্য কারো অস্বীকৃতি বৈধতার প্রমাণ নয়।

উদ্দেশ্য : এর দ্বারা উদ্দেশ্য হলো যে, রাসূল ﷺ এর تقرير হুজ্জত কেননা, সেটা রাসূল ﷺ এর এক প্রকার فعل কারণ যদি রাসূল ﷺ তা অস্বীকারকারী হতেন, তাহলে অবশ্যই তিনি তাতে বাঁধা প্রদান করতেন। আর এ ব্যাপারে কোন উলামায়ে কেরামের দ্বিমত নেই যে, রাসূল ﷺ এর উম্মতের কেউ কোন অন্যায় কাজ করলে বা অন্যায় কথা বললে রাসূল ﷺ তা শোনে বা দেখে সমর্থন দিয়ে দিবেন এটা তাঁর জন্য জায়েয নেই। কেননা আল্লাহ তাআলা রাসূল ﷺ এর উপর অপরাধ হতে বারন করাকে ফরজ করে দিয়েছেন।

এই হাদিসটি থেকে সুস্পষ্ট যে, নবী যা তিনি অবৈধ করেননি, অস্বীকৃতি জানাননি, তা পরবর্তী সময়ের যতবড় ইসলামের আলেমই হোক না কেন, সে তা অবৈধ বলার যোগ্যতা রাখে না। ইসলাম যদি দাসপ্রথাকে হালাল করে থাকে, পরবর্তীতে কোন মুসলিমের পক্ষে একে হারাম সাব্যস্ত করা বা অনৈতিক ও বেআইনি ঘোষণা করা অসম্ভব।

ইসহাক ইবনে রাহবিয়াহ (রহিঃ) বলেন:

"এ বিষয়ের উপর মুসলমানদের ইজমা সংঘটিত হয়েছে যে, যে ব্যক্তি ইসলামের কোনো হুকুমকে প্রত্যাখ্যান করবে সে কাফের হয়ে যাবে। যদিও সে ইসলামের বাকি সকল বিধি-বিধান মানুক না কেন।"

- আল্লাহ উপমা পেশ করেছেন; একজন **অধিনস্ত দাস যে কোন কিছুর উপর ক্ষমতা রাখে না**। আর একজন যাকে আমি আমার পক্ষ থেকে উত্তম রিযক দিয়েছি, অতঃপর সে তা থেকে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে। তারা কি সমান হতে পারে? আল কুরআন 16:75

- আমি তোমাদেরকে যে রিষ্ক দিয়েছি তাতে তোমাদের অধিকারভুক্ত দাস-দাসীরা কি অংশীদার? ফলে তোমরা কি এ বিষয়ে সমান? [ব্যাখ্যাঃ দাস-দাসীরা মনিবের সম্পদের অংশীদার হয় না এবং মনিবরা তাদেরকে ভয়ও করে না। তেমনিভাবে সারা জাহানের মালিক আল্লাহর সাথে কারো অংশিদারিত্ব হতে পারে না।] আল কুরআন 30:28

- তোমরা তোমাদের মধ্যকার সৎকর্মশীল দাস দাসীদের বিবাহ দাও। আল কুরআন 24:32

১. হে নবী! আল্লাহ আপনার জন্য যা হালাল করেছেন, আপনি তাকে হারাম করছেন কেন? অর্থাৎ মারিয়া কিবতিয়াকে, যে আপনার জন্য বৈধ। হাফসা (রা.)-এর অনুপস্থিতিতে আপনি তার সঙ্গে সহবাসে লিপ্ত হয়েছেন। আর সে যখন ফিরে এসে দেখল যে, এ সব কিছু তার আবাসগৃহে এবং তারই শয্যায় সংঘটিত হয়েছে। তার নিকট এটা বিরক্তিকর মনে হলো। তখন আপনি তাকে সন্তুষ্ট করার জন্য বলেছেন, 'আমার জন্য সে অর্থাৎ মারিয়া হারাম আপনি কি চাচ্ছেন তাকে হারাম করার মাধ্যমে আপনার স্ত্রীগণের সন্তুষ্টি অর্থাৎ তাদের খুশি ও সন্তুষ্টি। আর আল্লাহ ক্ষমাশীল ও দয়ালু আপনার এ হারাম করা ক্ষমা করে দিয়েছেন।

নবী করীম ﷺ মধু নাকি মারিয়ায়ে কিবতিয়াকে হারাম করেছেন? : এ প্রশ্নে আল্লামা জালালুদ্দীন মহল্লী (র.) বলেন, হযরত মুহাম্মদ ﷺ তাঁর দাসী মারিয়া কিবতিয়াকে তার জন্য হারাম করার প্রসঙ্গেই আল্লাহ তা'আলা আয়াতটি নাজিল করেছিলেন। -[তাফসীরে কাবীর]


তাসহীলে বলা হয়েছে, 'তোমার স্ত্রীদের সন্তুষ্টি চাও?' এর অর্থ হলো দাসীকে নিজের জন্য হারাম করে হযরত হাফসার সন্তুষ্টি চাও। এটা হতে প্রমাণিত হয় যে, এ সূরা দাসী হারামকরণের ঘটনার পরিপ্রেক্ষিতেই নাজিল হয়েছে। কারণ মধু হারামকরণ দ্বারা স্ত্রীর সন্তুষ্টি কামনা করেননি। মধু হারাম করেছেন দুর্গন্ধের কথা শুনে। -[সাফওয়া]

Tafsir al-Jalalayn 66:1

O Prophet! Why do you prohibit what **God has made lawful for you** in terms of **your Coptic handmaiden Māriya** — when he lay with her in the house of Hafsa who had been away but who upon returning and finding out became upset by the fact that this had taken place in her own house and on her own bed — by saying 'She is unlawful for me!' seeking by making her unlawful for you to please your wives? And God is Forgiving Merciful having forgiven you this prohibition.

Tafsir al-Jalalayn 66:1

↥




সূরাঃ তাহ্‌রীম ৬৬ ৫৬৭ পারাঃ ২৮

হযরত ইবনে আব্বাস (রাঃ) হতে বর্ণিত আছে যে, وَاِذْ اَسَرَّ النَّبِيُّ اِلٰى بَعْضِ اَزْوَاجِهٖ حَدِيْثًا আল্লাহ তা'আলার এই উক্তি সম্পর্কে তিনি বলেনঃ "ঘটনা এই যে, রাসূলুল্লাহ (সঃ) হযরত হাফসা (রাঃ)-এর ঘরে ছিলেন। যখন হাফসা (রাঃ) দেখেন যে, রাসূলুল্লাহ (সঃ) হযরত মারিয়াহ (রাঃ)-এর সাথে মশগুল রয়েছেন, তখন রাসূলুল্লাহ (সঃ) হযরত হাফসা (রাঃ)-কে বলেনঃ "তুমি এ খবর হযরত আয়েশা (রাঃ)-কে জানাবে না। আমি তোমাকে একটি সুসংবাদ দিচ্ছি। তা এই যে, আমার ইন্তেকালের পর আমার খিলাফত হযরত আবূ বকর (রাঃ)-এর পর তোমার আব্বা লাভ করবেন।" কিন্তু হযরত হাফসা (রাঃ) এ খবর হযরত আয়েশা (রাঃ)-কে জানিয়ে দেন। হযরত আয়েশা (রাঃ) তখন বলেনঃ "আমি আপনার দিকে তাকাবো না যে পর্যন্ত না আপনি মারিয়াহ (রাঃ)-কে আপনার উপর হারাম করবেন।" তখন তিনি হযরত মারিয়াহ (রাঃ)-কে নিজের উপর হারাম করেন। ঐ সময় আল্লাহ তা'আলা ... يٰٓاَيُّهَا النَّبِيُّ لِمَ تُحَرِّمُ -এই আয়াত অবতীর্ণ করেন।"[১]

তাফসির ইবনে কাসীর, সূরা তাহরীমঃ হযরত হাফসা (রা)-এর ঘরে, তাঁর পালার দিনে, রাসূলুল্লাহ (স) হযরত মারিয়া কিবতিয়া (রা)এর সাথে মিলিত হন। এতে হযরত হাফসা (রা) দুঃখিতা হন যে, তাঁর পালার দিনে তাঁরই ঘরে ও তাঁরই বিছানায় তিনি মারিয়া (রা)এর সাথে মিলিত হলেন! রাসূলুল্লাহ (স) হযরত হাফসা (রা)কে সন্তুষ্ট করার উদ্দেশ্যে বলে ফেলেনঃ "আমি তাকে আমার উপর হারাম করে নিলাম। তুমি এই ঘটনা কারো কাছে বর্ণনা করো না।" এতদসত্ত্বেও হযরত হাফসা (রাঃ) ঘটনাটি হযরত আয়েশা (রাঃ)-এর সামনে প্রকাশ করে দেন। আল্লাহ্‌ তাআলা এই আয়াতগুলো নাযিল করেন। **নবী (স) কাফফারা আদায় করে স্বীয় কসম ভেঙ্গে দেন এবং ঐ দাসীর সঙ্গে মিলিত হন।**

সূরাঃ তাহ্‌রীম ৬৬ ৫৫৮ পারাঃ ২৮

ইবনে আব্বাস (রাঃ) হযরত উমার (রাঃ)-কে জিজ্ঞেস করেনঃ "এ দু'জন স্ত্রী কে ছিলেন?" উত্তরে হযরত উমার বলেনঃ "তাঁরা হলেন হযরত আয়েশা (রাঃ) ও হযরত হাফসা (রাঃ)। উম্মে ইবরাহীম কিবতিয়্যাহ্‌ (রাঃ)-কে কেন্দ্র করেই ঘটনাটির সূত্রপাত হয়। হযরত হাফসা (রাঃ)-এর ঘরে তাঁর পালার দিনে রাসূলুল্লাহ্‌ (সঃ) হযরত মারিয়াহ্‌ কিবতিয়্যাহ্‌ (রাঃ)-এর সাথে মিলিত হন। এতে হযরত হাফসা (রাঃ) দুঃখিতা হন যে, তাঁর পালার দিনে তাঁরই ঘরে ও তাঁরই বিছানায় তিনি মারিয়াহ্‌ (রাঃ)-এর সাথে মিলিত হলেন! রাসূলুল্লাহ্‌ (সঃ) হযরত হাফসা (রাঃ)-কে সন্তুষ্ট করার উদ্দেশ্যে বলে ফেলেনঃ "আমি তাকে আমার উপর হারাম করে নিলাম। তুমি এই ঘটনা কারো কাছে বর্ণনা করো না।" এতদসত্ত্বেও হযরত হাফসা (রাঃ) ঘটনাটি হযরত আয়েশা (রাঃ)-এর সামনে প্রকাশ করে দেন। আল্লাহ্‌ তা'আলা এই আয়াতগুলো নাযিল করেন। নবী (সঃ) কাফফারা আদায় করে স্বীয় কসম ভেঙ্গে দেন এবং ঐ দাসীর সঙ্গে মিলিত হন।



তাফসীরে মাযহারী/৫৯৩

পড়ে। সুতরাং আপনি তালাক প্রত্যাহার করুন। উল্লেখ্য, রসুল স. ওই সময় তাঁর সহধর্মিণীগণ থেকে এক মাস পৃথক থাকেন এবং অবস্থান গ্রহণ করেন ইব্রাহিম জননী মারিয়া কিবতিয়ার বসবাসস্থলে। তাঁর এমতো অবস্থা প্রলম্বিত হয়েছিলো 'আয়াতে তাখাইয়্যুর'

৪৯১৬ উমর (রা) বলেন, নবী সা-কে সতর্কতা দানের জন্য তাঁর সহধর্মিণীগণ একত্রিত হয়েছিলেন। **আমি(উমর) তাঁদেরকে বললাম, যদি নবী সা তোমাদের সকলকে পরিত্যাগ করেন তবে তাঁর প্রতিপালক সম্ভবত তাঁকে দেবেন তোমাদের অপেক্ষা উৎকৃষ্টতর স্ত্রী। তারপর এ আয়াতটি অবতীর্ণ হয়েছিল- "যদি নবী তোমাদের সবাইকে তালাক দেন, তবে তাঁর রব অচিরেই তোমাদের পরিবর্তে সম্ভবত তোমাদের চেয়ে উত্তম স্ত্রী তাঁকে দিবেন"।** ৪৪৮৩ উমর (রা) বলেন, আমি জানতে পেরেছিলাম যে, নবী সা তাঁর কতক স্ত্রীর প্রতি অসন্তুষ্ট হয়েছেন। তখন আমি তাদের কাছে উপস্থিত হই এবং বলি যে, আপনারা এর থেকে বিরত থাকুন নচেৎ আল্লাহ তাআলা তাঁর রাসূল সা কে আপনাদের পরিবর্তে উত্তম স্ত্রী দান করবেন। তখন আল্লাহ এ আয়াত অবতীর্ণ করেন। ৪৪৮৩ উমর (রা) বলেন, একবার নবী সা এর সহধর্মিণীগণ অভিমান সহকারে একত্রে তাঁর নিকট উপস্থিত হন। তখন আমি তাঁদেরকে বললামঃ আল্লাহর রাসূল সা যদি তোমাদের তালাক দেন, তাহলে তাঁর রব তাঁকে তোমাদের পরিবর্তে তোমাদের চেয়ে উত্তম অনুগত স্ত্রী দান করবেন।

তাফসীর ইবনে কাসীরঃ

উমার (রাঃ) বলেনঃ **"রাসূলুল্লাহ (সঃ)-এর স্ত্রীদের মধ্যে মর্যাদাবোধ জেগে উঠেছিল। আমি তখন তাদেরকে বললামঃ যদি নবী (সঃ) তোমাদেরকে পরিত্যাগ করেন তবে তার প্রতিপালক সম্ভবতঃ তাকে দিবেন তোমাদের অপেক্ষা উৎকৃষ্টতর স্ত্রী**। তখন এই আয়াতটি অবতীর্ণ হয় এবং আমার ভাষাতেই আল্লাহ পাক তা নাযিল করেন।"

সুনান ইবনু মাজাহ

২০১৬। উমার (রা) বলেন, রসূলুল্লাহ সা হাফসা (রা) কে তালাক দেন, অতঃপর তাকে ফিরিয়ে নেন।

[[**বিদ্রোহী স্ত্রীদের খুশি করা আয়াত**

অতঃপর আর কোন নারী তোমার জন্য বৈধ নয়। আর তাদের পরিবর্তে অন্য স্ত্রী গ্রহণ করাও হালাল নয় যদিও তাদের সৌন্দর্য তোমাকে চমৎকৃত করে। তবে তোমার অধিকারভুক্ত দাসীদের ব্যাপারে এই নিয়ম প্রযোজ্য নয়। কোরআনঃ সূরা আহজাব, আয়াত ৫২

নবীর লাম্পট্যে ক্ষুব্ধ এবং বিরক্ত স্ত্রীগণকে খুশী করতে নিজে একটি আয়াত নাজিল করে, যেটি নবী নিজেকে আল্লাহ হিসেবে বক্তব্য দিয়ে আর বিয়ে শাদী করতে নিষেধ করে দিয়েছিলেন। কিন্তু আলেমদের মতে, এই আয়াতের পরেও নবী আরো বিবাহ করে, যেটি ছিল আল্লাহর এই নির্দেশনার লঙ্ঘন। যদিও সাহাবীদের মতে, এই আয়াতটি রহিত হয়ে গেছে, আল্লাহ নাকি নবীকে পরে আরো বিবাহ করার অনুমতি দিয়েছিলেন! কেননা এই সুরাটি নাজিল হওয়ার পরেও নবী মুহাম্মদ বেশ কয়েকটি বিবাহ করেছেন। এমনকি, মৃত্যুর কিছুদিন আগেও তিনি বিয়ে করেছেন। যার প্রমাণ পাওয়া যায় ইবনে কাসীরের আল বিদায়া ওয়ান নিহায়া গ্রন্থে। এছাড়া এর প্রমাণ আমরা হাদিসেও দেখতে পাই,

সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

৩২০৮। আয়েশা (রাঃ) বলেন, **রাসূলুল্লাহ্ সা এর ইনতিকালের পূর্বে আল্লাহ তাআলা তার জন্য হালাল করে দিয়েছিলেন যাকে ইচ্ছা তিনি মহিলাদের মধ্য থেকে বিবাহ করতে পারবেন** ।]]

শুধু যে নবীর পরে নবীর স্ত্রীদের বিবাহ হারাম করাই হয়েছে সেটিই নয়, নবী এই নিয়মও জারি করেন যে, নবী তালাক দিলে তার স্ত্রীগণ আর কোন খোরপোশ পাবেন না। অর্থাৎ নবী তাদের আর ভরণপোষণ দেবেন না। তারা আর কাউকে বিয়েও করতে পারবেন না, উল্টোদিকে ভরণপোষণও পাবেন না, এরকম পরিস্থিতির উদ্ভব ঘটলে তারা কীভাবে জীবন যাপন করবেন? তাদের পিতা কি তাদের আর দায়িত্ব নিতে রাজি থাকবে? বাকি জীবন পিতার ঘরে বোঝা হয়ে তারা থাকতে পারবেন? চাকরি বাকরি ব্যবসাবাণিজ্য করেও তো তারা চলতে পারবেন না। কারণ আরেক আয়াতে নবীর স্ত্রীগণকে গৃহাভ্যন্তরে অবস্থান করতেও নির্দেশ দেয়া হয়েছে।

৫০৬৭ ইবনু আব্বাস (রা) বলেন- নবী সা-এর নয়জন সহধর্মিণী ছিলেন। **আট জনের সঙ্গেতিনি পালাক্রমে রাত্রি যাপন করতেন**। আর একজনের সঙ্গে রাত্রি যাপনের কোন পালা ছিল না।

২৫৯৩ সাওদা (রা) নিজের রাত নবী (সা) এর স্ত্রী আয়িশাহ (রা)-কে দান করেছিলেন। এর মাধ্যমে তিনি রাসূলুল্লাহ সা এর সন্তুষ্টি কামনা করতেন।

৫২০৬ আয়িশাহ (রা) হতে বর্ণিত যে, ”এবং যদি কোন নারী স্বীয় স্বামী হতে রূঢ়তা কিংবা উপেক্ষার আশঙ্কা করে” এ আয়াত প্রসঙ্গে বলেন, এ আয়াত হচ্ছে ঐ মহিলা সম্পর্কে, যার স্বামী তার স্ত্রীকে নিজের কাছে রাখতে চায় না; বরং তাকে তালাক দিয়ে অন্য কোন মহিলাকে বিয়ে করতে চায়। তখন তার স্ত্রী তাকে বলে, আমাকে রাখ এবং তালাক দিও না বরং অন্য কোন মহিলাকে বিয়ে করে নাও এবং তুমি ইচ্ছে করলে আমাকে ভরণপোষণ নাও দিতে পার, আর আমাকে শয্যাসঙ্গিনী না-ও করতে পার।

আল্লাহ তাআলার উক্ত আয়াতে আপোষ বলতে এটিই বোঝানো হয়েছে- ”তবে তারা পরস্পর আপোষ করলে তাদের কোন গুনাহ নেই, বস্তুতঃ আপোষ করাই উত্তম।

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন) ২১৩২ আয়েশা (রা) বলেন, রাসূলুল্লাহ সা আমাদের সাথে অবস্থানের ব্যাপারে আমাদের কারো উপর কাউকে শ্রেষ্ঠত্ব প্রদান করতেন না। আর এরূপ দিন খুব কমই হত, যেদিন তিনি আমাদের সকলের নিকট আসতেন না এবং সহবাস ব্যতীত তিনি সকল স্ত্রীর সাথে খোশালাপ করতেন। এরপর যেদিন যার সাথে রাত্রিবাসের পালা পড়ত, সেদিন তিনি তার সাথে রাতযাপন করতেন। আর সাওদা (রা) এর বয়স যখন অধিক বৃদ্ধি পায় এবং তিনি এ ভয়ে ভীত হন যে, রাসূলুল্লাহ সা তাঁকে ত্যাগ করবেন, তখন তিনি বলেন, হে আল্লাহ্‌র রাসুল! আমি আমার পালার দিনটি আয়েশার জন্য দান করলাম। রাসূলুল্লাহ সা তার পক্ষ হতে তা কবূল করেন। তখন আল্লাহ্ তা'আলা এই আয়াত নাযিল করেনঃ যদি কোন স্ত্রীলোক তার স্বামীকে তার দিক হতে মুখ ফিরিয়ে নেয়ার আশংকা করে ...। (নিসাঃ ১২৮)

৫২১৩ পরিচ্ছেদঃ **যখন কেউ স্ত্রী থাকা অবস্থায় কুমারী মেয়ে বিয়ে করে**।

অধ্যায়ঃ **আপন স্ত্রীদের মধ্যে ইনসাফ করা**।

আল্লাহ্ বলেন, (وَلَنْ تَسْتَطِيعُوا أَنْ تَعْدِلُوا بَيْنَ النِّسَاءِ إِلَى قَوْلِهِ حَكِيمًا) **”তোমরা কক্ষনো স্ত্রীদের মধ্যে সমতা রক্ষা করতে পারবে না যদিও প্রবল ইচ্ছে কর, সুতরাং তোমরা (একজনের প্রতি) সম্পূর্ণরূপে ঝুঁকে পড়ো না, যার ফলে তোমরা (অপরকে) ঝুলন্তের মত করে রাখবে। আর যদি তোমরা মীমাংসা করে নাও এবং তাকওয়া অবলম্বন কর তবে নিশ্চয় আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু”** (সূরা নিসা ৪/১২৯-১৩০)

৪৬০১ আয়িশাহ (রা) বলেন, وَإِنِ امْرَأَةٌ خَافَتْ مِنْبَعْلِهَا نُشُوْزًا أَوْ إِعْرَاضًا কোন ব্যক্তির বিবাহ বন্ধনে কোন মহিলা থাকে কিন্তু স্বামী তার প্রতি আকৃষ্ট নয় বরং তাকে আলাদা করে দিতে চায়, তখন স্ত্রী বলে আমার এই দাবী থেকে আমি তোমাকে অব্যাহতি দিচ্ছি, এ সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হল।

বহুবিবাহে ইসলামিক ডিফেন্সকারীরা- ইসলাম জানেনা

সহীহ বুখারী (তাওহীদ)

২৪৯৪। ইবনু যুবাইর (রাঃ) বলেন, আয়িশাহ (রাযি.)-কে এ আয়াতের -- “আর যদি তোমরা আশঙ্কা কর যে, **ইয়াতীম (মেয়ে)**দের প্রতি সুবিচার করতে পারবে না, তাহলে তোমরা বিয়ে কর অন্য মেয়েদের মধ্য হতে তোমাদের পছন্দমতো দুজন বা তিনজন কিংবা চারজনকে। কিন্তু যদি তোমরা আশঙ্কা কর যে, তোমরা সুবিচার করতে পারবে না, তাহলে একজনকে কিংবা তোমাদের অধীনস্থ দাসীকে। এটাই হবে অবিচার না করার কাছাকাছি।”- (সূরা নিসাঃ ৩) ---- সম্পর্কে জিজ্ঞেস করলে আয়িশাহ (রা) বললেন, **এ হচ্ছে সেই ইয়াতীম মেয়ের কথা, যে অভিভাবকের আশ্রয়ে থাকে এবং তার সম্পদে অংশীদার হয়**। এদিকে মেয়ের ধন-রূপে মুগ্ধ হয়ে তার অভিভাবক মোহরানার ব্যাপারে সুবিচার না করে (অর্থাৎ, অন্য কেউ যে পরিমাণ মোহরানা দিতে রাজী হত, তা না দিয়েই) তাকে বিয়ে করতে চাইত। **তাই প্রাপ্য মোহরানা আদায়ের মাধ্যমে সুবিচার না করা পর্যন্ত তাদেরকে আশ্রিতা ইয়াতীম বালিকাদের বিয়ে করতে নিষেধ করা হয়েছে এবং পছন্দমত অন্য মহিলাদেরকে বিয়ে করতে বলা হয়েছে**।

আয়িশাহ (রা) আরও বলেন, পরে সাহাবীগণ রাসূলুল্লাহ সা-এর নিকট মহিলাদের সম্পর্কে ফাতওয়া জিজ্ঞেস করলেন তখন আল্লাহ আয়াত নাযিল করেন- “তারা আপনার নিকট মহিলাদের সম্পর্কে ফাতওয়া জিজ্ঞেস করে, আপনি বলুন, আল্লাহই তাদের সম্পর্কে তোমাদের সিদ্ধান্ত দিয়েছেন। আর ইয়াতীম মেয়েদের সম্পর্কে কিতাব হতে তোমাদেরকে পাঠ করে শোনানো হয়, **তাদের জন্য যা বিধিবদ্ধ রয়েছে, তা তোমরা তাদের দাও না অথচ তাদের তোমরা বিয়ে করতে চাও**”- (সূরা-নিসা : ১২৭)। আয়িশা (রা) বলেন, অপর আয়াতে আল্লাহর ইরশাদ এর মর্ম হল, “ধন ও রূপের স্বল্পতা হেতু তোমাদের আশ্রিতা ইয়াতীম মেয়েদের প্রতি তোমাদের অনাগ্রহ”। তাই ইয়াতীম মেয়েদের প্রতি অনাগ্রহ সত্ত্বেও শুধু ধন-রূপের প্রতি আকৃষ্ট হয়ে তাদের বিয়ে করতে নিষেধ করা হয়েছে। অবশ্য ন্যায়সঙ্গত মোহরানা আদায় করে বিয়ে করতে পারে।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ)
অধ্যায়ঃ বিয়ে (كتاب النكاح)
হাদিস নম্বরঃ ৫০৯৮
আল্লাহ্ তা'আলার বাণীঃ ''তোমরা বিয়ে কর দু'জন, তিনজন অথবা চারজন।'' (সূরাহ আন্-নিসা ৪/২)
৫০৯।. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। **'যদি তোমরা ভয় কর ইয়াতীমদের মধ্যে পূর্ণ ইনসাফ কায়িম করতে পারবে না'**- (সূরা-নিসা ৪/৩)- এ আয়াতের ব্যাখ্যা প্রসঙ্গে তিনি বলেন, এ আয়াত **ঐ সমস্ত ইয়াতীম বালিকাদের সম্পর্কে অবতীর্ণ হয়েছে**, যাদের অভিভাবক তাদের সম্পদের লোভে বিয়ে করে। কিন্তু তাদের সঙ্গে খারাপ ব্যবহার করে এবং তাদের সম্পত্তিকে ইনসাফের সঙ্গে রক্ষণাবেক্ষণ করে না। তার জন্য সঠিক পন্থা এই যে, ঐ বালিকাদের ছাড়া বাকি মহিলাদের মধ্য থেকে তার ইচ্ছে অনুযায়ী দু'জন অথবা তিনজন অথবা চারজনকে বিয়ে করতে পারবে।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ)
হাদিস নম্বরঃ ২৭৬৩
আল্লাহর তা'আলার বাণীঃ ''ইয়াতীমদেরকে তাদের ধনসম্পদ দিয়ে দিবে এবং ভালোর সঙ্গে মন্দ বদল করবে না। তোমাদের সঙ্গে তাদের সম্পদ মিলিয়ে গ্রাস করবে না, তা মহাপাপ। তোমার যদি আশংকা হয় যে, ইয়াতীম মেয়েদের প্রতি সুবিচার করতে পারবে না, তবে বিবাহ করবে নারীদের মধ্যে, যাকে তোমাদের ভাল লাগে।'' (সূরা নিসা ২-৩)
উরওয়াহ ইবনু যুবাইর (রাঃ) হতে বর্ণিত যে, তিনি 'আয়িশাহ (রা)-কে জিজ্ঞেস করেনঃ وَإِنْ خِفْتُمْ أَنْ لَّا تُقْسِطُوْا فِي الْيَتٰمٰى فَانْكِحُوْا مَا طَابَ لَكُمْ مِّنْ النِّسَآءِ
''যদি আশংকা কর যে, তাদের মধ্যে সুবিচার করতে পারবে না, তবে একজনকে অথবা তোমাদের স্বত্বাধীন ক্রীতদাসীকে''- (আন-নিসা ৩)। আয়াতটির অর্থ কী? 'আয়িশাহ (রা) বললেন, এখানে সেই ইয়াতীম মেয়েদের উদ্দেশ্য করা হয়েছে, যে তার অভিভাবকের লালন-পালনে থাকে। অতঃপর সে অভিভাবক তার রূপ-লাবণ্য ও ধন-সম্পদে আকৃষ্ট হয়ে, তার সম মানের মেয়েদের প্রচলিত মাহর থেকে কম দিয়ে তাকে বিয়ে করতে চায়। অতএব যদি মাহর পূর্ণ করার ব্যাপারে এদের প্রতি ইনসাফ করতে না পারে তবে ঐ অভিভাবকদেরকে নিষেধ করা হয়েছে এদের বিবাহ করতে এবং নির্দেশ দেয়া হয়েছে তাদের ব্যতীত অন্য মেয়েদের তোমরা বিবাহ করবে।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ)
অধ্যায়ঃ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)
৪৫৭৩। 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। এক ব্যক্তির তত্ত্বাবধানে একজন ইয়াতীম বালিকা ছিল। অতঃপর সে তাকে বিয়ে করল। সে বালিকার একটি বাগান ছিল। তার অন্তরে ঐ বালিকার প্রতি কোন আকর্ষণ না থাকা সত্ত্বেও বাগানের কারণে সে ঐ বালিকাটিকে বিবাহ করে রেখে দিতে চায়। এ সম্পর্কে আয়াত অবতীর্ণ হয়- আর যদি আশঙ্কা কর যে, ইয়াতীম মেয়েদের প্রতি সুবিচার করতে পারবে না।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ)
অধ্যায়ঃ কুরআন মাজীদের তাফসীর (كتاب التفسير)
''আর যদি তোমরা ভয় কর যে, ইয়াতীম মেয়েদের ব্যাপারে সুবিচার করতে পারবে না, তবে বিয়ে করে নাও অন্য নারীদের মধ্য থেকে যাকে তোমাদের মনঃপুত হয়।'' (সূরাহ আন-নিসা ৪/৩)

৪৫৭৪। উরওয়াহ ইবনু যুবায়র (রহ.) হতে বর্ণিত। তিনি 'আয়িশাহ (রাঃ)-কে জিজ্ঞেস করলেন মহান আল্লাহর বাণী وَإِنْ خِفْتُمْ أَنْ لَّا تُقْسِطُوْا فِي الْيَتَامٰى সম্পর্কে। তিনি উত্তরে বললেন, হে ভাগ্নে! সে হচ্ছে পিতৃহীনা বালিকা, অভিভাবকের তত্ত্বাবধানে থাকে এবং তার সম্পত্তিতে অংশীদার হয় এবং তার রূপ ও সম্পদ তাকে (অভিভাবককে) আকৃষ্ট করে। এরপর সেই অভিভাবক উপযুক্ত মাহর না দিয়ে তাকে বিবাহ করতে চায়। তদুপরি অন্য ব্যক্তি যে পরিমাণ মাহর দেয় তা না দিয়ে এবং তার প্রতি ন্যায়বিচার না করে তাকে বিয়ে করতে চায়। এরপর তাদের পারিবারিক ঐতিহ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ মাহর এবং ন্যায় ও সমুচিত মাহর প্রদান ব্যতীত তাদের বিয়ে করতে নিষেধ করা হয়েছে এবং তদ্ব্যতীত যে সকল মহিলা পছন্দ হয় তাদেরকে বিয়ে করতে অনুমতি দেয়া হয়েছে।
'আয়িশাহ (রাঃ) বলেন, আল্লাহর বাণী- 'তোমরা তাদেরকে বিয়ে করতে আগ্রহ প্রকাশ কর। ইয়াতীম বালিকার ধন-সম্পদ কম হলে এবং সুন্দরী না হলে তাকে বিবাহ করতে আগ্রহ প্রকাশ করো না'। তাই ইয়াতীম বালিকাদের মাল ও সৌন্দর্যের আকর্ষণে বিবাহ করতে নিষেধ করা হয়েছে। তবে ন্যায়বিচার করলে ভিন্ন কথা। কেননা তারা সম্পদের অধিকারী না হলে এবং সুন্দরী না হলে তাদেরকেও বিবাহ করতে আগ্রহ প্রকাশ করে না।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ)

অধ্যায়ঃ কূটচাল অবলম্বন (كتاب الحيل)

হাদিস নম্বরঃ ৬৯৬৫

উরওয়াহ (র) আয়িশাহ (রা)-কে এ আয়াত সম্পর্কে জিজ্ঞেস করেন "যদি তোমরা আশঙ্কা কর যে, ইয়াতীম(নারী)দের প্রতি সুবিচার করতে পারবে না, তবে নারীদের মধ্য হতে নিজেদের পছন্দমত দুই, তিন ও চার জনকে বিবাহ কর"- (সূরা-নিসা ৩)।

তিনি বললেন, এ আয়াত ঐ ইয়াতীম মেয়ের ব্যাপারে নাযিল হয়েছে, যে তার অভিভাবকের তত্ত্বাবধানে আছে। আর অভিভাবক তার সম্পদ ও সৌন্দর্যের প্রতি আকৃষ্ট হয়ে পড়ে এবং তার স্বগোত্রীয় মহিলাদের ক্ষেত্রে প্রচলিত মাহরের চেয়ে কম মাহর দিয়ে বিয়ে করে নেয়ার মনস্থ করে। তাই তাদেরকে এমন ইয়াতীম মেয়েদেরকে বিয়ে করা থেকে নিষেধ করা হয়েছে। **তবে যদি পূর্ণ মাহর দিয়ে তাদের সঙ্গে সুবিচার করে তবে অন্য কথা।**

পৃথিবীতে পুরুষের তুলনায় নারীর সংখ্যা বেশি ??!

https://statisticstimes.com/demographics/world-sex-ratio.ph

World sex ratio estimates

Year	Male	Female	M per 100 F
2021	3,976,648,226	3,932,646,925	101.119
2020	3,943,612,192	3,897,340,688	101.187
2019	3,906,407,855	3,858,543,178	101.240
2018	3,866,135,266	3,817,654,563	101.270
2017	3,824,259,774	3,775,562,630	101.290
2016	3,781,091,377	3,732,382,861	101.305
2015	3,737,402,732	3,689,194,805	101.307
2014	3,693,112,764	3,645,900,655	101.295
2013	3,648,401,067	3,602,192,303	101.283
2012	3,603,431,424	3,558,266,498	101.269
2011	3,558,591,636	3,514,533,789	101.254
2010	3,514,408,098	3,471,195,007	101.245
2009	3,470,393,479	3,427,912,430	101.239
2008	3,426,553,494	3,385,043,778	101.226
2007	3,383,117,609	3,342,830,936	101.205
2006	3,340,199,243	3,301,216,976	101.181
2005	3,298,026,087	3,260,150,032	101.162
2004	3,256,371,438	3,219,380,041	101.149
2003	3,215,038,714	3,178,859,650	101.138
2002	3,173,877,429	3,138,529,931	101.126
2001	3,132,616,862	3,098,130,121	101.113
2000	3,091,099,541	3,057,799,434	101.089
1999	3,049,822,570	3,017,935,888	101.057
1998	3,008,968,271	2,978,344,209	101.028
1997	2,967,905,340	2,938,575,921	100.998
1996	2,926,632,435	2,898,512,863	100.970
1995	2,885,184,242	2,858,035,212	100.950
1994	2,843,434,270	2,817,293,723	100.928
1993	2,801,260,615	2,776,172,908	100.904
1992	2,758,361,747	2,734,324,345	100.879
1991	2,714,450,362	2,691,795,505	100.842

আরো বিস্তারিত জানতে দেখে আসুন World sex ratio- StatisticsTimes.com

নবীর যাচ্ছেতাই আয়াত-হাদিস বলা ও ধরা খাওয়া

৫১৮৭ ইবনু উমার (রা) বলেন, **আমরা নবী সা-এর সময় আমাদের স্ত্রীদের সঙ্গে কথা-বার্তা ও হাসি-তামাশা করা থেকে দূরে থাকতাম এই ভয়ে যে, এ বিষয়ে আমাদের সতর্ক করে কোন ওয়াহী অবতীর্ণ হয়ে যায় নাকি। নবী সা-এর ইন্তিকালের পর আমরা তাদের সঙ্গে নির্ভয়ে কথাবার্তা বলতাম ও হাসি-তামাশা করতাম।**

৭৩০৯ জাবির ইবনু আবদুল্লাহ্ (রা) বলেন, হে আল্লাহর রাসূল- আমার সম্পদের বিষয়ে কী সিদ্ধান্ত নেব? আমার সম্পদগুলো কী করব? তিনি আমাকে কোন জবাব দিলেন না, অবশেষে মীরাসের আয়াত অবতীর্ণ হল।

৭২৮৮ রাসূলুল্লাহ সা বলেছেনঃ **তোমরা আমাকে প্রশ্ন করা থেকে বিরত থাক, যে পর্যন্ত না আমি তোমাদের কিছু না বলি। কেননা, তোমাদের আগে যারা ছিল, তারা তাদের নবীদেরকে বেশি বেশি প্রশ্ন করা ও নবীদের সঙ্গে মতভেদ করার জন্যই ধ্বংস হয়েছে।**

৭২৮৯ **নবী সা বলেছেনঃ মুসলিমদের সর্বাপেক্ষা বড় অপরাধী ঐ লোক, যে এমন বিষয়ে প্রশ্ন করে যা আগে হারাম ছিল না, কিন্তু তার প্রশ্ন করার কারণে তা হারাম করা হয়েছে।**

৩৩৩৬ নবী সা বলেছেন- সমস্ত রূহ সেনাবাহিনীর মত একত্রিত ছিল। সেখানে তাদের যে সমস্ত রূহের পরস্পর পরিচয় ছিল, এখানেও তাদের মধ্যে পরস্পর পরিচিতি থাকবে। আর সেখানে যাদের মধ্যে পরস্পর পরিচয় হয়নি, এখানেও তাদের মধ্যে পরস্পর মতভেদ ও মতবিরোধ থাকবে।

৭৪৫৬ আবদুল্লাহ্ ইবনু মাস'উদ (রা) বলেন, রাসূলুল্লাহ্ সা ইয়াহূদীদের এক কাওমের পাশ দিয়ে যাচ্ছিলেন। তখন তারা একে অপরকে বলতে লাগল, তাঁকে রূহ সম্পর্কে জিজ্ঞেস কর। আবার কেউ কেউ বলল, তাঁকে কিছু জিজ্ঞেস করো না। শেষে তাঁরা রাসূলুল্লাহ্ সাকে রূহ সম্পর্কে জিজ্ঞেস করল। তারপর রাসূলুল্লাহ্ সা দাঁড়িয়ে গেলেন। আমি ভাবছিলাম, তাঁর ওপর ওয়াহী অবতীর্ণ হচ্ছে। পরে তিনি বললেনঃ "তোমাকে তারা রূহ সম্পর্কে জিজ্ঞেস করে। বল, রূহ হচ্ছে আমার প্রতিপালকের হুকুমের অন্তর্ভুক্ত (একটি হুকুম)। এ সম্পর্কে তোমাকে অতি সামান্য জ্ঞানই দেয়া হয়েছে।"- (সূরাহ ইসরা: ৮৫)।
তখন তাদের একজন আরেকজনকে বলতে লাগল, বলেছিলাম তোমাদেরকে, তাঁকে কোন প্রশ্ন করো না।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত), পরিচ্ছেদঃ আক্বীকার বর্ণনা
২৮৪২। একদা নবী সা কে আক্বীকাহ সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেনঃ আল্লাহ কষ্ট পছন্দ করেন না। **হয়তো সেজন্যই** তিনি আক্বীককে কষ্ট নামকরণ করেছেন।

৭৪৭৬ আল্লাহ তাঁর রাসূলের মুখ দিয়ে তাই প্রকাশ করেন, যা তিনি চান।

সূনান আবু দাউদ (ইফা)
৩৬০৭। **আবদুল্লাহ ইবন আমর (রা) বলেনঃ আমি যা কিছু রাসূলুল্লাহ সা এর নিকট হতে শ্রবণ করতাম, তা লিখে রাখতাম। আমি ইচ্ছা করতাম যে, আমি এর সবই সংরক্ষণ করি। কিন্তু কুরাইশরা আমাকে এরূপ করতে নিষেধ করে এবং বলেঃ তুমি যা কিছু শোন তার সবই লিখে রাখ, অথচ রাসূলুল্লাহ সা একজন মানুষ, তিনি তো কোন সময় রাগান্বিত অবস্থায় কথাবার্তা বলেন এবং খুশীর অবস্থায়ও বলেন। একথা শুনে আমি লেখা বন্ধ করি এবং বিষয়টি রাসূলুল্লাহ সা কে অবহিত করি। তখন নবী সা তার আংগুল দিয়ে নিজের মুখের প্রতি ইশারা করে বলেনঃ তুমি লিখতে থাক, আল্লহর কসম, যা কিছু এ মুখ হতে বের হয়, তা সবই সত্য।**

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)
৫৯১৬। আনাস (রা) থেকে বর্ণিত, রাসুলুল্লাহ সা গাছে গর্ভদানরত কিছু লোকের পাশ দিয়ে অতিক্রম করলেন। নবী সা বললেন, **যদি এটা না কর তাহলে ভাল হবে।** লোকেরা তা করল না। এতে 'চিটা' খেজুর উৎপন্ন হলো। পরে রাসুলুল্লাহ সা তাদের কাছ দিয়ে অতিক্রম করছিলেন, তখন তিনি জিজ্ঞেস করলেন, তোমাদের খেজুর গাছের কি হলো? লোকেরা বললো, আপনি এমন এমন বলেছিলেন তা করায় এরূপ হয়েছে। রাসুলুল্লাহ সা বললেনঃ তোমাদের **পার্থিব বিষয়ে তোমরাই অধিক অবগত।**

↥

সহীহ মুসলিম (হাদীস একাডেমী), পরিচ্ছেদঃ দাজ্জাল এর বর্ণনা, তার পরিচয়

৭২৫১। ইবনু উমার (রা) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সা মানুষের মধ্যে দাজ্জালের আলাপ-আলোচনা করে বললেন, আল্লাহ তা'আলা অন্ধ নন। কিন্তু সতর্ক হও! **দাজ্জালের ডান চোখ অন্ধ।**

মিশকাতুল মাসাবীহ (মিশকাত), পরিচ্ছেদঃ দাজ্জালের বর্ণনা

৫৪৭৪। হুযায়ফাহ্ (রা)] হতে বর্ণিত, রাসূলুল্লাহ (সা) বলেছেন: **দাজ্জালের বাম চোখ অন্ধ।**

৬৩৬১ আবূ হুরাইরাহ (রা) হতে বর্ণিত। তিনি নবী সা-কে এ দুআ করতে শুনেছেনঃ হে আল্লাহ! **যদি আমি কোন মুমিন লোককে খারাপ বলে থাকি, তবে আপনি সেটাকে কিয়ামতের দিন তার জন্য আপনার নৈকট্য অর্জনের উপায় বানিয়ে দিন।**

৬০৪ পরিচ্ছেদঃ **আযানের সূচনা।**

মুসলিমগণ যখন মদিনায় আগমন করেন, তখন তাঁরা সালাতের সময় অনুমান করে সমবেত হতেন। এর জন্য কোন ঘোষণা দেয়া হতো না। একদা তাঁরা এ বিষয়ে আলোচনা করলেন। কয়েকজন সাহাবী বললেন, নাসারাদের ন্যায় নাকূস বাজানোর ব্যবস্থা করা হোক। আর কয়েকজন বললেন, ইয়াহূদীদের শিঙ্গার ন্যায় শিঙ্গা ফোঁকানোর ব্যবস্থা করা হোক। **উমার (রা) বললেন, সালাতের ঘোষণা দেয়ার জন্য তোমরা কি একজন লোক পাঠাতে পার না? তখন আল্লাহর রাসূল সা বললেনঃ হে বিলাল, উঠ এবং সালাতের জন্য ঘোষণা দাও।**

৮৬৯ আয়িশাহ্ (রা) বলেন, **যদি রাসূল সা জানতেন** যে, নারীরা কী অবস্থা সৃষ্টি করেছে, তাহলে বনী ইসরাঈলের নারীদের যেমন বারণ করা হয়েছিল, তেমনি এদেরও মসজিদে আসা নিষেধ করে দিতেন।

৪৩৬৭ বানী তামীম গোত্র থেকে একটি অশ্বারোহী দল নবী সা-এর নিকটে আসল। আবূ বকর (রা) প্রস্তাব দিলেন, ইবনু মাবাদ (রা)-কে এদের আমীর নিযুক্ত করে দিন। উমার (রা) বললেন, বরং ইবনু হাবিস (রা)-কে আমীর বানিয়ে দিন। আবূ বকর (রা) বললেন, আমার বিরোধিতা করাই তোমার উদ্দেশ্য। উমার (রা) বললেন, আপনার বিরোধিতা করার ইচ্ছা আমি কখনো করি না। এর উপর দু'জনের বাক-বিতন্ডা চলতে চলতে শেষ পর্যায়ে উভয়ের আওয়াজ উঁচু হয়ে **গেল। ফলে এ সম্পর্কে এ আয়াত অবতীর্ণ হল**, "হে মুমিনগণ! আল্লাহ এবং তার রাসূলের সামনে তোমরা কোন ব্যাপারে অগ্রবর্তী হয়ো না। বরং আল্লাহকে ভয় কর, আল্লাহ সর্বশ্রোতা, সর্বজ্ঞ। হে মু'মিনগণ! তোমরা নবীর কণ্ঠস্বরের উপর নিজেদের কণ্ঠস্বর উঁচু করো না এবং নিজেদের মধ্যে যেভাবে উচ্চস্বরে কথা বল তাঁর সঙ্গে সেরূপ উচ্চস্বরে কথা বলো না। কারণ এতে তোমাদের আমল নিষ্ফল হয়ে যাবে তোমাদের অজ্ঞাতসারে"- (সূরাহ আল-হুজুরাত ৪৯/১-২)।

৪৭৩৪ খাব্বাব (রা) বলেন, কাফের আস ইবনু ওয়ায়েলের কাছে আমার কিছু পাওনা ছিল। আমি পাওনা আদায় করতে তার কাছে আসলে সে বলল, আমাকে ছেড়ে দাও মৃত্যুর পর আবার জীবিত হয়ে ওঠা পর্যন্ত। তখন তো আমাকে ধন-সন্তান দেয়া হবে। তখন তোমাকে পরিশোধ করে দেব। **এ প্রসঙ্গে এ আয়াত অবতীর্ণ হয়ঃ** "তাকে কি লক্ষ্য করেছ, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করে এবং বলে, আমাকে ধন-সম্পদ ও সন্তান-সন্ততি দেয়া হবে"- (সূরা মারইয়াম ১৯/৭৭)।

৪৭৭০ রাসূলুল্লাহ্ সা সাফা পর্বতে আরোহণ করলেন এবং আহবান জানালেন কুরাইশদের সহ বিভিন্ন গোত্রকে। অবশেষে তারা জমায়েত হল। যে নিজে আসতে পারল না, সে তার প্রতিনিধি পাঠাল, যাতে দেখতে পায়, ব্যাপার কী? সেখানে কুরাইশদের নেতা আবূ লাহাব ও কুরাইশগণও আসল। তখন রাসূলুল্লাহ্ সা বললেন, "আমি তোমাদেরকে কঠিন শাস্তির ভয় প্রদর্শন করছি।" বিরক্ত হয়ে আবূ লাহাব রাসূলুল্লাহ্ সা কে বলল, **তোমার উপর ধ্বংস নামুক! এজন্যই কি তুমি আমাদের জমায়েত করেছ?**
তখন নবী সা এর উপর এই আয়াত নাযিল হল, "ধ্বংস হোক আবূ লাহাবের হস্ত দু'টি এবং ধ্বংস হোক সে নিজেও"।

হে মুমিনগণ, তোমরা যখন রাসূলের সাথে একান্তে কথা বলতে চাও, তখন তোমাদের এরূপ কথার পূর্বে কিছু সদাকা পেশ কর। কিন্তু যদি তোমরা সক্ষম না হও তবে আল্লাহ পরম ক্ষমাশীল, অতিশয় দয়ালু।

তোমরা কি ভয় পেয়ে গেলে যে, তোমাদেরকে নবীর সঙ্গে একান্তে কথাবার্তা বলার আগে সদাক্বাহ দিতে হবে? যখন তোমরা সাদাকাহ দিতে পারলেনা, আর আল্লাহও তোমাদেরকে ক্ষমা করে দিলেন। কুরআন ৫৮:১২-১৩

৪৭৯২ নবী সা-এর নিকট যাইনাবকে বাসর যাপনের জন্য পাঠানো হয় এবং তিনি তাঁর ঘরে তাঁর সঙ্গে অবস্থান করেন, তখন রাসূলুল্লাহ্ সা খাবার তৈরি করে লোকদের দাওয়াত করলেন। তারা খাওয়ার পর বসে কথাবার্তা বলতে লাগল। রাসূলুল্লাহ সা বাইরে গিয়ে আবার ঘরে ফিরে এলেন, তখনও তারা বসে কথাবার্তা বলছিল। **তখন আল্লাহ এই আয়াত নাযিল করেন**- হে মুমিনগণ, তোমরা নবীর ঘরসমূহে প্রবেশ করো না; যতক্ষণ না তোমাদেরকে অনুমতি দেয়া হয় খাদ্য গ্রহণের জন্য, (আগেভাগেই এসে পড় না) খাদ্য প্রস্তুতির জন্য অপেক্ষা করে যেন বসে থাকতে না হয়। আর যখন তোমাদেরকে ডাকা হবে তখন তোমরা প্রবেশ কর এবং তোমাদের খাওয়া শেষ হলে চলে যাও আর কথাবার্তায় মশগুল হয়ে যেয়ো না। তোমাদের এ কাজ নবীকে কষ্ট দেয়। সে তোমাদেরকে (উঠে যাওয়ার জন্য) বলতে লজ্জাবোধ করে, আল্লাহ সত্য কথা বলতে লজ্জাবোধ করেন না। (সূরা আহজাব, আয়াত নং ৫৩)

আর যখন নবীপত্নীদের কাছে তোমরা কোন সামগ্রী চাইবে তখন পর্দার আড়াল থেকে চাইবে। আর আল্লাহর রাসূলের মৃত্যুর পর তার স্ত্রীদেরকে বিয়ে করা কখনো তোমাদের জন্য সঙ্গত নয়। নিশ্চয় এটি আল্লাহর কাছে গুরুতর পাপ। (Sura Al-Ahzab 33:53)

৪৭৯৩,৫১৬৬,৫৪৬৬

৪৬৮১ কিছু লোক উন্মুক্ত আকাশের দিকে নগ্ন হওয়ার ভয়ে পেশাব-পায়খানা অথবা স্ত্রী সহবাস করতে লজ্জা করতে লাগল। তখন তাদের ব্যাপারে এ আয়াত নাযিল হয়-

"জেনে রাখ, নিশ্চয় তারা তাদের বক্ষকে কুঞ্চিত করে(যাতে উপর থেকে লজ্জাস্থান না দেখা যায়) যাতে আল্লাহর কাছে গোপন রাখতে পারে। স্মরণ রাখ, তারা যখন নিজেদেরকে কাপড়ে আচ্ছাদিত করে, তখন তারা যা গোপন করে ও প্রকাশ করে আল্লাহ তা জানেন। " (সূরা হূদ ১১/৫)।

মদ

৪০৪৪ জাবির (রা) বলেন, **উহূদ যুদ্ধের দিন কতক সাহাবী সকাল বেলা মদ পান করেছিলেন। অতঃপর যুদ্ধে তাঁরা শাহাদাত লাভ করেন।** [তখন পর্যন্ত মদ পান করা হারাম করা হয়নি।]

তোমরা খেজুর গাছের ফল ও আঙ্গুর থেকে মাদক ও উত্তম রিযক গ্রহণ কর। কুরআন ১৬:৬৭

৩০৯১ আলী (রাঃ) বলেন, বদর যুদ্ধের গনীমতের মালের মধ্য হতে যে অংশ আমি পেয়েছিলাম, তাতে একটি উটও ছিল। আর নবী সা খুমুসের মধ্য হতে আমাকে একটি জোয়ান উটনী দান করেন। আমার উট দুটি এক আনসারীর ঘরের পার্শ্বে বসা ছিল। আমি আসবাবপত্র যোগাড় করে এসে দেখি উট দুটির কুঁজ কেটে ফেলা হয়েছে এবং কোমরের দিকে পেট কেটে কলিজা বের করে নেয়া হয়েছে। এ হাল দেখে আমি অশ্রু চেপে রাখতে পারলাম না। আমি বললাম, কে এমনটি করেছে? লোকেরা বলল, হামযা ইবনু আবদুল মুত্তালিব (রা) এমনটি করেছে। সে এ ঘরে আছে এবং শরাব পানকারী কতিপয় আনসারীর সঙ্গে আছে।

আমি নবী সা এর নিকট চলে গেলাম। এবং বললাম, হে আল্লাহর রাসূল! আমি আজকের মত দুঃখজনক অবস্থা দেখেনি। হামযাহ আমার উট দু'টির কুঁজ কেটে ফেলেছে এবং পাঁজর ফেড়ে ফেলেছে। আর সে এখন অমুক ঘরে শরাব পানকারী দলের সঙ্গে আছে। তখন নবী সা হামযা (রা) যে ঘরে ছিল সেখানে পৌঁছে ঘরে প্রবেশের অনুমতি চাইলেন। তারা অনুমতি দিল। তখন তারা শরাব পানে বিভোর ছিল। আল্লাহর রাসূল সা হামযা (রা) কে তার কাজের জন্য তিরস্কার করতে লাগলেন। হামযা (রা) তখন পূর্ণ নেশাগ্রস্ত। তার চক্ষু দু'টি ছিল রক্তলাল। সে তখন আল্লাহর রাসূল সা এর প্রতি তাকাল। অতঃপর সে তীক্ষ্ণ দৃষ্টিতে তাকাল এবং তাঁর মুখমন্ডলের দিকে তাকাল। অতঃপর হামযা রা.) বলল, তোমরাই তো আমার পিতার গোলাম। এ অবস্থা দেখে রাসূল সা বুঝতে পারলেন, সে এখন পূর্ণ নেশাগ্রস্ত আছে। তখন রাসূল সা পেছনে হেঁটে সরে আসলেন।

মদ খাওয়া যেই ঘটনা দেখে হারাম করল মুহাম্মদ

আবূ দাউদ (তাহকিককৃত)

৩৬৭১। একদা এক আনসার ব্যক্তি আলী (রা) ও আব্দুর রাহমান (রা) কে দাওয়াত করে উভয়কে মদ পান করালেন তা হারাম হওয়ার পূর্বে। অতঃপর মাগরিবের সালাতে আলী (রাঃ) তাদের ইমামতি করলেন। **আলী (রাঃ) সূরা "কুল ইয়া আয়্যুহাল কাফিরূন" পাঠ করতে গিয়ে তালগোল পাকিয়ে ফেলেন। অতঃপর এ আয়াত অবতীর্ণ হলোঃ** "হে ঈমানদারগণ! তোমরা যখন মাতাল অবস্থায় থাকো তখন সালাতের কাছেও যেও না। সালাত তখনই পড়বে, যখন তোমরা কি বলছো তা সঠিকরূপ বুঝতে পারো"। (সূরা আন-নিসাঃ ৪৩)

↥

তিরমিজী (ইফাঃ)

৩০২৬। আলী (রাঃ) বলেনঃ আবদুর রহমান ইবন আওফ একবার আমাদের জন্য আহারের আয়োজন করেন এবং আমাদের দাওয়াত করলেন। **সেখানে আমাদেন মদ পান করান (তখনও মদ হারাম হয়নি)**। আমাদেরকে মদের নেশায় ধরে। ইতোমধ্যে সালাতের ওয়াক্ত এসে পড়ে। এমতাবস্থায় লোকেরা আমাকেই ইমামত করতে এগিয়ে দেন। **আমি সালাতে কিরআত করলামঃ** (وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ) এবং (قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ لاَ أَعْبُدُ مَا تَعْبُدُونَ وَنَحْنُ نَعْبُدُ مَا تَعْبُدُونَ) **এর স্থলে পড়ে পড়লাম** (وَنَحْنُ نَعْبُدُ مَا تَعْبُدُونَ) **তোমরা যাদের ইবাদত কর আমরাও তাদের ইবাদত করি।** তখন আল্লাহ্ তা'আলা এই আয়াত নাযিল করেনঃ হে মুমিনগণ! মদ্যপ/নেশাগ্রস্ত অবস্থায় তোমরা সালাতের নিকটবর্তী হবে না যতক্ষণ না তোমরা বল তা বুঝতে পার।

যেখানে ঘন্টায় ঘন্টায় নবীর উপর কুরানের আয়াত নাযিল হত, সেখানে আয়িশার অপবাদের ব্যাপারে একমাস হয়ে গেয়েছিল কোনো আয়াত নাযিল হয়নি। কারণ এসব আয়াত আর কেউ নয় বরং নবী নাযিল করত। আর একমাস লেগেছিল নবীর শিওর হতে যে- আয়িশার ব্যাপারে এ অপবাদ সত্য না, তাও তার পিরিয়ড হয়েছে এ খবর জানার মাধ্যমে। তারপর অবশেষে তাকে নির্দোষ ঘোষণা করে আল্লাহর নামে আয়াত নাযিল করে-


৭৩৬৯ যখন মিথ্যা অপবাদকারীরা আয়িশাহ (রা) এর বিরুদ্ধে ভিত্তিহীন অপবাদ রটিয়েছিল। তিনি বলেন, ওয়াহী আসতে বিলম্ব হচ্ছিল, তখন রাসূলুল্লাহ সা আলী ইবনু আবূ তালিব ও উসামাহ ইবনু যায়িদের কাছে কিছু পরামর্শ করার জন্য তাদেরকে ডাকলেন। এবং তাঁর স্ত্রী আয়িশাহ (রা)-কে পৃথক করে দেয়া সম্পর্কে পরামর্শ চাইলেন।

সহীহ মুসলিম (ইফা)

৬৭৬৫। আয়িশা (রা) বলেন, আমার ব্যাপারে লোকেরা যখন কুৎসা রটাতে আরম্ভ করল, তখন রাসুলুল্লাহ সা ভাষণ দেয়ার উদ্দেশ্যে দাঁড়িয়ে আল্লাহর প্রশংসা বর্ণনা করলেন। তারপর বললেন, যারা আমার স্ত্রীর ব্যাপারে অপবাদ রটাচ্ছে তাদের সমন্ধে তোমরা আমাকে পরামর্শ দাও। **আল্লাহর কসম! আমি আমার স্ত্রী সমন্ধে মন্দ কোন কিছু জানিনা এবং তারা যার ব্যাপারে অপবাদ রটাচ্ছে তাঁর সম্বন্ধেও খারাপ কিছু আমি জানিনা**। আমার অনুপস্থিতিতে সে আমার গৃহে কখনো প্রবেশ করেনি এবং আমি যখন সফরে বের হয়েছি সেও তখন আমার সাথে সফরে বের হয়েছে। আয়িশা (রা) আরও বলেন, একদা রাসুলুল্লাহ সা আমার গৃহে প্রবেশ করে আমার বাঁদীকে জিজ্ঞাসাবাদ করলেন। তখন সে বললো, আল্লাহর কসম! আয়িশা (রা) এর মধ্যে আমি কোন দোষ দেখিনি।

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

আয়িশা (রা) বলেন, ...এরপর ভোরবেলাও আমি কাঁদছিলাম। তিনি আরো বলেন যে, এ সময় ওহী নাযিল হতে বিলম্ব হলে রাসূলুল্লাহ সা তার স্ত্রীর(আমার) বিচ্ছেদের(তালাক) বিষয়টি সম্পর্কে পরামর্শ ও আলোচনা করার জন্য আলী (রা) এবং উসামা (রা) কে ডেকে পাঠালেন। উসামা (রা) বললেন, আপনাদের স্ত্রী, তাদের সম্পর্কে আমি ভাল ছাড়া আর কিছুই জানিনা। আর **আলী (রাঃ) বললেন**, হে আল্লাহর রাসূল, **আল্লাহ তো আপনার জন্য সংকীর্ণতা রাখেননি, তাঁকে(আয়িশা) ছাড়া আরো বহু মহিলা আছে**। তবে আপনি এ ব্যাপারে দাসী বারীরা (রা) কে জিজ্ঞাসা করুন। সে আপনার কাছে সত্য কথাই বলবে।



৩১০ সীরাতুন নবী (সা)

রাসূলুল্লাহ্ (সা)-এর জিজ্ঞাসাবাদ

আয়েশা (রা) বলেন : তারপর রাসূলুল্লাহ্ (সা) আলী ইব্ন আবূ তালিব (রা) ও উসামা ইব্ন যায়দ (রা)-কে ডেকে তাঁদের পরামর্শ জানতে চাইলেন। এঁদের মধ্যে উসামা আমার প্রশংসাই করলেন এবং উত্তম কথাই বললেন। তারপর তিনি বললেন : ইয়া রাসূলাল্লাহ্ (সা)! আপনার পরিবার, আমরা তো তাঁর সম্পর্কে উত্তম বৈ কিছুই জানি না। এটা একটা অপপ্রচার ও মিথ্যাচার। আর আলী (রা) বললেন :

"ইয়া রাসূলাল্লাহ্! মেয়ে লোকতো প্রচুর রয়েছে। আর আপনার এ সামর্থ্যও রয়েছে যে, একজনের বদলে অপরজন নিয়ে আসবেন। আর আপনি দাসীকে জিজ্ঞেস করুন, সে আপনাকে সত্য সত্য সব বলে দেবে।"

তখন রাসূলুল্লাহ্ (সা) জিজ্ঞাসাবাদের উদ্দেশ্যে বারীরাকে ডাকলেন।

আয়েশা (রা) বলেন : আলী ইব্ন আবূ তালিব তার পাশে এসে দাঁড়ালেন। তারপর তিনি তাকে ভীষণ প্রহার করলেন এবং বললেন : রাসূলুল্লাহ্ (সা)-কে সত্য সত্য সব বলবি।

সে বলল : আল্লাহ্র কসম! উত্তম ছাড়া তাঁর সম্পর্কে আর কিছুই আমি জানি না। আমি

↥

সহীহ বুখারী (ইফা)

৩৮৩৫। আয়িশা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সা **দীর্ঘ একমাস** অপেক্ষা করার পরও আমার বিষয়ে তাঁর নিকট কোনো ওহী আসেনি।

সহীহ বুখারী (ইফা)


২৪৮৫, ৪৩৯১ । .....আয়িশা (রাঃ) বলেন, যে দিন থেকে আমার সম্পর্কে অপবাদ রটানো হয়েছে সেদিন থেকে নবী সা আমার কাছে বসেননি। এর মধ্যে একমাস কেটে গিয়েছিল। অথচ আমার সম্পর্কে তার কাছে কোন ওয়াহী নাযিল হল না।

সহীহ বুখারী (ইফা)

৪৩৯৮। আয়িশাহ (রা) বলেন, একদিন রাসূলুল্লাহ্ সা আসরের সালাত আদায় করে আমার কাছে এলেন। এ সময় আমার ডানে ও বামে আমার আব্বা আমাকে ঘিরে বসা ছিলেন। রাসূলুল্লাহ সা আল্লাহর প্রশংসা পাঠ করে বললেন, হে আয়িশাহ! তুমি যদি কোন গুনাহর কাজ বা অন্যায় করে থাক তবে আল্লাহর কাছে তাওবা করস। তখন জনৈকা আনসারী মহিলা দরজার কাছে বসা ছিল। আমি বললাম, আপনি কি এ মহিলাকেও লজ্জা করছেন না, এসব কিছু বলতে? তবুও রাসূলুল্লাহ্ সা আমাকে নাসীহাত করলেন।

তখন আমি আমার আব্বার দিকে লক্ষ্য করে বললাম, আপনি রাসূলুল্লাহ্ সা-এর জবাব দিন। তিনি বললেন, আমি কী বলব? এরপরে আমি আম্মার দিকে লক্ষ্য করে বললাম, আপনি রাসূলুল্লাহ্ সা-এর জবাব দিন। তিনিও বললেন, আমি কী বলব? যখন তাঁরা কেউই রাসূলুল্লাহ সা-কে কোন জবাব দিলেন না, **তখন আমি বললাম, আল্লাহর কসম! আমি যদি বলি যে, আমি এ কাজ করিনি এবং আমি যে সত্যবাদী এ সম্পর্কে আল্লাহই সাক্ষী, তবে তা আপনাদের নিকট আমার কোন উপকারে আসবে না। কেননা, এ ব্যাপারটি আপনারা পরস্পরে বলাবলি করেছেন এবং তা আপনাদের অন্তরে বদ্ধমূল হয়ে গেছে। আর আমি যদি আপনাদের বলি, আমি তা করেছি অথচ আল্লাহ্ জানেন যে আমি এ কাজ করিনি, তবে আপনারা অবশ্যই বলবেন যে, সে তার নিজের দোষ নিজেই স্বীকার করেছে। আল্লাহর কসম! আমি আমার এবং আপনাদের জন্য আর কোন দৃষ্টান্ত পাচ্ছি না।**

ঠিক এ সময় রাসূলুল্লাহ্ সা এর নিকট ওহী অবতীর্ণ হল। আমরা সবাই নীরব রইলাম। ওহী শেষ হলে আমি রাসূলুল্লাহ্ সা এর চেহারায় খুশীর নমুনা দেখতে পেলাম। তিনি তাঁর কপাল থেকে ঘাম মুছতে মুছতে বলছিলেন, হে 'আয়িশাহ! তোমার জন্য খোশখবর! আল্লাহ্ তোমার পবিত্রতা ঘোষণা করেছেন। 'আয়িশাহ (রাঃ) বলেন, এ সময় আমি অত্যন্ত রাগান্বিত ছিলাম। আমার আব্বা ও আম্মা বললেন, তুমি উঠে নবী সা এর কাছে যাও, এবং তার শুকরিয়া আদায় কর। আমি বললাম, আল্লাহর কসম! আমি তাঁর দিকে যাব না এবং তাঁর শুকরিয়া আদায় করব না।



৪৯০ তাফসীরে জালালাইন : আরবি-বাংলা, চতুর্থ খণ্ড [অষ্টাদশ পারা]

অনুবাদ :

١٢. لَوْلَآ هَلَّآ إِذْ حِيْنَ سَمِعْتُمُوْهُ ظَنَّ الْمُؤْمِنُوْنَ وَالْمُؤْمِنٰتُ بِاَنْفُسِهِمْ اَيْ ظَنَّ بَعْضُهُمْ بِبَعْضٍ خَيْرًا وَقَالُوْا هٰذَآ اِفْكٌ مُّبِيْنٌ. كِذْبٌ بَيِّنٌ فِيْهِ الْتِفَاتٌ عَنِ الْخِطَابِ اَىْ ظَنَنْتُمْ اَيُّهَا الْعُصْبَةُ وَقُلْتُمْ.

১২. যখন তোমরা একথা শুনলে তখন মুমিন পুরুষ ও মুমিন নারীগণ আপন লোকদের সম্পর্কে কেন ভালো ধারণা করল না। অর্থাৎ একে অন্যের প্রতি ধারণা করা। এবং তারা কেন বলল না যে, এটা তো সুস্পষ্ট অপবাদ? সুস্পষ্ট মিথ্যা কথা। এখানে غَيْبَتْ হতে خِطَابْ -এর দিকে اِلْتِفَاتْ হয়েছে। অর্থাৎ- ظَنَنْتُمْ اَيُّهَا الْعُصْبَةُ وَقُلْتُمْ [হে লোকজন! তোমরা কেন সুধারণা পোষণ করলে না ও বললে না।]

١٣. لَوْلَا هَلَّا جَآءُوْا اَىِ الْعُصْبَةُ عَلَيْهِ بِاَرْبَعَةِ شُهَدَآءَ ج شَاهَدُوْهُ فَاِذْ لَمْ يَاْتُوْا بِالشُّهَدَآءِ فَاُولٰٓئِكَ عِنْدَ اللّٰهِ اَىْ فِىْ حُكْمِهِ هُمُ الْكٰذِبُوْنَ فِيْهِ.


১৩. তারা উক্ত দলটি কেন এ ব্যাপারে চারজন সাক্ষী উপস্থিত করেনি যারা এ বিষয়ে সাক্ষ্য দিবে। যেহেতু তারা চারজন সাক্ষী উপস্থিত করেনি সে কারণে তারা আল্লাহর নিকট অর্থাৎ তাঁর বিচারে মিথ্যাবাদী এ বিষয়ে।

لَوْلَآ اِذْ سَمِعْتُمُوْهُ ظَنَنْتُمْ اَيُّهَا الْمُؤْمِنُوْنَ وَالْمُؤْمِنَاتُ بِاِخْوَانِهِمْ خَيْرًا وَّهَلَّا قُلْتُمْ اِفْكٌ مُّبِيْنٌ

[তোমরা যখন তা শুনলে হে মুমিনগণ! তোমাদের ভাইদের ব্যাপারে সুধারণা পোষণ করলে না কেন? তোমরা কেন বললে না যে, এটা স্পষ্ট মিথ্যা।

↥

৪৫০৮ যখন রমাযানের রোযার হুকুম নাযিল হল তখন মুসলিমরা গোটা রমাযান মাস স্ত্রীদের নিকটবর্তী(সহবাস) হতেন না আর কিছু সংখ্যক লোক এ ব্যাপারে নিজেদের উপর (স্ত্রী-সম্ভোগ করে) অবিচার করে বসে। তখন আল্লাহ তাআলা এ আয়াত অবতীর্ণ করেন -"আল্লাহ জানতেন যে, তোমরা নিজেদের সঙ্গে প্রতারণা করছিলে। সুতরাং তিনি তোমাদেরকে ক্ষমা করলেন এবং তোমাদের অব্যাহতি দিলেন। অতএব, এখন থেকে তোমরা তাদের সঙ্গে সহবাস করতে পার এবং আল্লাহ তোমাদের জন্য যা কিছু বিধিবদ্ধ করেছেন তা লাভ কর"-(সূরা-বাকারাহ ২/১৮৭)



২৬৬ ফিক্‌হুস্ সুন্নাহ

অঋতুবতীর (যার হায়েয এখনো হয়নি) ইদ্দত : স্ত্রী যদি অঋতুবতী হয় তবে তার ইদ্দত তিন মাস। এটা অপ্রাপ্তবয়স্কা বালিকা এবং মাসিক স্রাবের বয়স পেরিয়ে যাওয়া বৃদ্ধা উভয়ের বেলায় প্রযোজ্য, চাই তার আদৌ মাসিক স্রাব না হয়ে থাকুক, অথবা মাসিক স্রাব হওয়ার পর বন্ধ হয়ে গিয়ে থাকুক। এর প্রমাণ ইতিপূর্বে উল্লিখিত সূরা তালাকের ৪ নং আয়াত দ্রষ্টব্য।

ইবনে আবি হাশেম তার তাফসীরে উল্লেখ করেছেন যে, উবাই বিন কা'ব বলেন : আমি বললাম : হে রসূলুল্লাহ, কুরআনে আল্লাহ অপ্রাপ্তবয়স্কা, বৃদ্ধা ও গর্ভবতী মহিলাদের ইদ্দত সম্পর্কে কিছু না বলায় মদিনার কিছু লোক নানা কথা বলে। তখন আল্লাহ সূরা তালাকের ৪নং আয়াত নাযিল করলেন। ঐ আয়াতে বলা হয়েছে, গর্ভবতী মহিলার ইদ্দত তার সন্তান প্রসব পর্যন্ত। যখন প্রসব করবে, তখন তার ইদ্দত শেষ হয়ে যাবে।

জারিরের বর্ণনার ভাষা এরকম : "আমি বললাম : হে রসূলুল্লাহ, মহিলাদের ইদ্দত সম্পর্কে সূরা বাকারার আয়াত নাযিল হওয়ার পর মদিনার কিছু লোক বললো : কুরআনে কিছু সংখ্যক মহিলার ইদ্দত উল্লেখ করা হয়নি। তারা হচ্ছে অপ্রাপ্তবয়স্কা, হায়েযের বয়স পেরিয়ে যাওয়া বৃদ্ধা এবং গর্ভবতী নারীগণ। তখন আল্লাহ সূরা তালাকের ৪নং আয়াত নাযিল করলেন।

Recorded in Ibn Kathir .

Saeed bin Mansur recorded that Salamah, a man from the family of Umm Salamah said, "Umm Salamah said, `O Messenger of Allah! Allah does not mention women in connection with Hijrah (Migration).' **Then Allah sent down the Ayah,-**

فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ أَنِّى لاَ أُضِيعُ عَمَلَ عَامِلٍ مِّنْكُمْ مِّن ذَكَرٍ أَوْ أُنثَى

Translation: "So their Lord accepted of them, "Never will I allow to be lost the work of any of you, be he male or female."

সুনান ইবনু মাজাহ

১৮৮। আয়িশাহ (রা) বলেন, এক মহিলা তার তার স্বামীর বিরুদ্ধে অভিযোগ নিয়ে নবী সা এর কাছে আসে।তখন আল্লাহ এ আয়াত নাযিল করেন "আল্লাহ অবশ্যই সেই নারীর কথা শুনেছেন, যে তার স্বামীর বিষয়ে আপনার সাথে বাদানুবাদ করছে।"(সূরা মুজাদালা ৫৮/১)

মুহাম্মদের কুরআনের আয়াত বানানোর ভন্ডামি ধরে ফেলেছিলো যারা

৩৬১৭ আনাস (রা) বলেনঃ এক খ্রিস্টান ব্যক্তি মুসলিম হল এবং সূরা বাকারাহ ও সূরা আল ইমরান শিখে নিল। সে নবী সা-এর জন্য ওহী লিখত। অতঃপর সে আবার খ্রিস্টান হয়ে গেল। সে বলতে লাগল, **আমি মুহাম্মাদ-কে যা লিখে দিতাম তার চেয়ে বেশি কিছু তিনি জানেন না**।

হযরত সাঈদ ইবনে মুসাইয়্যেব (র.) বর্ণনা করেন, কাফেরদের এক ব্যক্তি ইসলাম গ্রহণের পর ওহী লিপিবদ্ধ করত। কিন্তু পরে সে মুরতাদ হয়। সে এসব আপত্তিকর কথা রটায়। -[তাফসীরে ইবনে কাছীর; পারা ১৪, পৃ. ৫৮]

একদিন নবী সা ওহী প্রাপ্ত হয়ে ২৩ নং সূরার ১২ থেকে ১৪ আয়াতের "এবং সত্যসত্যই আমি মানব মন্ডলীকে কর্দমাক্ত মাটির সারাংশ থেকে সৃষ্টি করিয়াছি...তৎপর তাহাকে আমি অন্যসৃষ্টিরূপে সৃষ্টি কারিয়াছি" এই অংশটি বলার পর লিখতে লিখতে সাদ বলে উঠেন, 'আল্লাহ গৌরবান্বিত অত্যুত্তম সৃষ্টিকর্তা'। শুনে নবী বললেন, 'যুক্ত করে নাও এই বাক্যটিও', চমকে উঠলেন সাদ। আরেকবার যখন এক আয়াতের শেষে মুহম্মদ সা বললেন, "এবং আল্লাহ পরাক্রমশালী ও বিজ্ঞ"- এই বাক্যটি সংশোধন করে সাদ লিখতে চেয়ে বললেন, 'এবং আল্লাহ সব জানেন ও বিজ্ঞ'। নবী সা অমত করলেন না, লিখতে বললেন।

আবদুল্লাহ্ ইসলাম গ্রহণ করলে রসুল স. তাকে কোরআন মজীদ লিপিবদ্ধ করার কাজে নিযুক্ত করলেন। কিন্তু সে বিশ্বাসভাজন ছিলো না। রসুল স. যখন বলতেন 'সামিয়াম বাসিরান'। সে লিখতো— আলীমান হাকিমান। আবার রসুল স. বলতেন, 'আলীমান হাকিমান, 'সে তখন লিখতো—'গফুরার রহীমান।' একদিন অবতীর্ণ হলো—'ওয়ালাক্বদ্ খলাক্বনাল ইনসানা মিন সুলালাতিম মিন্তিন' (আমি তো মানুষকে সৃষ্টি করেছি মৃত্তিকার উপাদান থেকে)। রসুল স. সদ্য অবতীর্ণ আয়াতটি লিখতে নির্দেশ দিলেন। মানব সৃষ্টি সম্পর্কিত এই আয়াতটি খুবই ভালো লাগলো আবদুল্লাহ্র। সে হঠাৎ বলে উঠলো—'ফা তাবারাকাল্লহু আহ্সানাল খলিক্বিন' (আল্লাহ্পাক কতোইনা সুন্দর স্রষ্টা)। রসুল স. বললেন, এ বাক্যটিও লিপিবদ্ধ করো। এই আয়াতটিও সদ্য অবতীর্ণ। এ কথা শুনে আবদুল্লাহ্ ভাবলো— আশ্চর্য! আমার উপরেও তাহলে প্রত্যাদেশ অবতীর্ণ হয়। এ রকম চিন্তার ফলে সে হয়ে গেলো ধর্মত্যাগী। মিশে গেলো মুশরিকদের দলে। হজরত ইকরামা, ইবনে জারীর এবং সুদ্দীও এই ঘটনাটির উল্লেখ করেছেন। যথাস্থানে এর

তাফসীরে মাযহারী/২৬০

আবদুল্লাহ ইবনে সাদ এর ঘটনা

তিনি মুসলিম হয়েছিলেন, পরে ইসলাম ত্যাগ করে মক্কায় পালিয়ে আসেন। মক্কা বিজয়ের সময় নবী মুহাম্মদ- **উসমানের দুধভাই** প্রাক্তন মুসলিম ওহী লেখক আবদুল্লাহ ইবন সাদ কে হত্যার নির্দেশ দেন। **তাকে নিয়ে মুহাম্মদের খুবই বিব্রতকর পরিস্থিতিতে পড়তে হয়েছিল। কারণ সেই সময় উসমান সুপারিশ করেন যে, তাকে যেন ক্ষমা করা হয়। মুহাম্মদ না পারছিলেন তাকে হত্যা করতে, না পারছিলেন জীবিত রাখতে। এক অস্বস্তিকর উভয় সঙ্কট উপস্থিত হয়েছিল। মনে মনে চাচ্ছিলেন, কেউ তাকে হত্যা করুক, কিন্তু নিজের জামাইয়ের কারণে চক্ষুলজ্জার খাতিরে তা করতেও পারছিলেন না।** এর পরিষ্কার বিবরণ পাওয়া যায় আল বিদায়া ওয়ান নিহায়া গ্রন্থে-

আল-বিদায়া ওয়ান নিহায়া ৫১১

ইব্ন ইসহাক বলেন ঃ রাসূলুল্লাহ্ (সা) তাঁর সেনাধ্যক্ষদের নিকট থেকে এই মর্মে অংগীকার নিয়েছিলেন যে, তাঁরা তাঁদের বিরুদ্ধে যুদ্ধ করতে আসা লোকদের ব্যতীত অন্য কারও সংগে যুদ্ধে লিপ্ত হবেন না। তবে তিনি নাম উল্লেখ করে বিশেষ কিছু লোককে হত্যার আদেশ দিয়েছিলেন। এমনকি যদি তাদেরকে কা'বার গিলাফের নীচেও পাওয়া যায় তবু। তাদের মধ্যে আবদুল্লাহ্ ইব্ন সা'দ ইব্ন আবূ সারাহ্ ছিল অন্যতম। সে বাহ্যত ঃ ইসলাম গ্রহণ করে ও ওহী লিপিবদ্ধ করার দায়িত্ব পালন করে। কিন্তু পরে সে মুরতাদ হয়ে যায়। রাসূলুল্লাহ্ (সা) মক্কায় প্রবেশ করে তাকে হত্যার ঘোষণা দিলে সে পালিয়ে উছমান (রা)-এর কাছে আশ্রয় নেয়। সে ছিল উছমানের দুধভাই। উছমান তাকে নিরাপত্তা দেয়ার জন্যে রাসূলুল্লাহ্ (সা)-এর কাছে নিয়ে আসেন। তিনি দীর্ঘক্ষণ নীরব থাকার পর বললেন, 'আচ্ছা– ঠিক আছে।' উছমানের সাথে তার ফিরে যাওয়ার পর রাসূলুল্লাহ্ (সা) উপস্থিত সাহাবীদেরকে লক্ষ্য করে বললেন ঃ তোমাদের মধ্যে এমন একজন সুবুদ্ধিসম্পন্ন লোকও কি ছিল না, যে আমার নীরব থাকা অবস্থায় তাকে হত্যা করে দিত।

↥

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

২৬৭৪। মক্কা বিজয়ের পর আব্দুল্লাহ ইবনে সাদ, উছমান (রা) এর নিকট আত্মগোপন করে থাকেন। এরপর রাসূলুল্লাহ্ সা যখন বায়াত গ্রহণের জন্য সকলকে আহ্বান জানান, তখন উছমান (রা) তাকে সঙ্গে নিয়ে আসেন এবং তাকে রাসূলুল্লাহ্ সা এর সামনে দাঁড় করে দেন এবং বলেনঃ হে আল্লাহর নবী! আপনি আবদুল্লাহকে বায়াত করান। তিনি তাঁর মাথা উঠান এবং তিনবার তার দিকে তাকান এবং প্রত্যক বারই বায়াত করাতে অস্বীকার করেন।

তৃতীয় বারের পর তিনি তাকে বায়াত করান, পরে **নবী সা তাঁর সাহাবীদেরকে বলেনঃ তোমাদের মাঝে এমন কোন চালাক লোক কি ছিল না, যখন সে আমাকে দেখল যে, আমি তাকে বায়াত করাচ্ছি না, তখন কেন সে তাকে হত্যা করল না? সাহাবীরা বললেনঃ ইয়া রাসূলাল্লাহ্! আমরা তো আপনার অন্তরের কথা বুঝতে পারিনি।**

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

৪৯৯০। বারাআ (রা) বলেন, لَايَسْتَوِي الْقَاعِدُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ....وَالْمُجَاهِدُوْنَ فِيْسَبِيْلِ اللهِ আয়াতটি অবতীর্ণ হলে নবী সা বললেন, যায়দকে আমার কাছে ডেকে আন এবং তাকে বল সে যেন কাষ্ঠখন্ড, দোয়াত এবং কাঁধের হাড় নিয়ে আসে। এরপর তিনি বললেন, লিখ। **এ সময় অন্ধ সাহাবী আমর ইবনু উম্মু মাকতূম (রা) নবী সা-এর পেছনে বসা ছিলেন। তিনি বললেন, আমি তো অন্ধ, আমার ব্যাপারে আপনার কী নির্দেশ?** এ কথার প্রেক্ষিতে পূর্বোক্ত আয়াতের পরিবর্তে অবতীর্ণ হলঃ ”সমান নয় সেসব মু’মিন **যারা বিনা ওজরে** ঘরে বসে থাকে এবং ঐসব মু’মিন যারা আল্লাহর পথে নিজেদের জানমাল দিয়ে জিহাদ করে”- (সূরাহ আন-নিসা ৪/৯৫)।

হাদীস সম্ভার

১৫০৭। একদা উমর (রা) তাওরাত(ইয়াহূদীদের ধর্মগ্রন্থ) এর কয়েকটি পাতা নিয়ে পড়ছিলেন। তা দেখে নবী সা রাগান্বিত হয়ে বললেন, আল্লাহর কসম! যদি মুসাও জীবিত হয়ে এসে যান, আর তোমরা আমাকে ছেড়ে তাঁর অনুসারী হয়ে যাও এবং আমাকে বর্জন কর, তাহলে অবশ্যই তোমরা ভ্রষ্ট হয়ে যাবে।

হাদীস সম্ভার

১৫০৬। একদা উমর (রা) এর হাতে একটি পাতা ছিল, যার মধ্যে তাওরাতের কিছু অংশ লিখা ছিল। নবী সা তা দেখে রাগান্বিত হয়ে তাঁকে বললেন, আমার ব্যাপারে কি কোন সন্দেহ আছে উমর?

অন্য ধর্মগ্রন্থ পড়া কী বৈধ? ইসলাম অন্য ধর্ম সম্পর্কে যাচাই বাছাই, অন্য ধর্মগ্রন্থ পড়ে, বুঝে শুনে সিদ্ধান্তে আসার প্রক্রিয়াকে নিষেধ করে।

org.sa/fatwas/13812/حكم-القراءة-في-كتب-الاديان বাংলা অনুবাদ-

প্রশ্ন: কৌতূহলবশত ইসলাম ব্যতীত অন্য ধর্মের ধর্মগ্রন্থ পড়া কি আমাদের পক্ষে বৈধ?


উত্তর: মুসলিমের জন্য তৌরাত, বাইবেল বা অন্য কোন ধর্মগ্রন্থ পড়া উচিত নয়; কারণ এর মাধ্যমে সন্দেহ ও সংশয় সৃষ্টি হতে পারে। এবং রসূলﷺ তাঁর কাছ থেকে বর্ণনা করেছেন যে, যখন তিনি উমর(রা)কে তওরাত থেকে কিছু পাঠ করতে দেখলেন, তখন তিনি বললেন: হে উমর তোমার কী ইসলাম নিয়ে কোন সন্দেহ আছে !

https://islamqa.info/en/answers/209007/ মুল অংশের বাংলা অনুবাদ-

" পবিত্র কুরআন থেকে আমরা যে সত্য বাণী প্রাপ্ত হয়েছি তাতে তাওরাত এবং গসপেল এ যে সত্যই বর্নিত থাকুক না কেনো সেটা আমাদের কোনো প্রয়োজন নেই। আল্লাহ বলেনঃ “এটা কি তাদের জন্য যথেষ্ট নয় যে, আমরা আপনার প্রতি কুরআন নাযিল করেছি, যা তাদের কাছে পাঠ করা হয়। এতে তো অবশ্যই অনুগ্রহ ও উপদেশ রয়েছে সে সম্প্রদায়ের জন্য, যারা ঈমান আনে।” (সূরা অনকাবুত ৫১)। ইবনে তাইমিয়া (র) বলেন: **কুরআন যেহেতু সমগ্র বাণী সমূহের মধ্যে সর্বোৎকৃষ্ট তাদেরকে কুরআন ব্যতীত অন্য যে কোনো কিছু অনুসরণ করা নিষিদ্ধ করা হয়েছে।** সাহাবাগণ কুরআন ব্যতীত অন্য যে কোনো কিতাব পড়তে নিষেধ করেছেন। (মাজমুআল ফাতওয়া (১৭/৪১-৪২)

কেউ যদি কুরআন পাঠ করে, এর পর কেউ যদি এথেকে মুখ ফিরিয়ে নেয় এবং অন্য কিতাব সমূহের মুখাপেক্ষী হয় তবে তা পথভ্রষ্টতা এবং ক্ষতিকর, এবং ইহা একটি বাজে কাজ এবং সময়ের অপচয় মাত্র।
আল্লাহ্ যা যা বলেছেন তার মধ্যে যেটা সর্বাধিক কল্যাণকর তা আমরা কুরআনেই খুঁজে পেতে পারি , এজন্য অন্য কোথাও কিছু দেখার কোনো প্রয়োজন নেই। (আল জামি লি আহকাম আল কুরআন (১৬/৩৭ ৮)। "

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)
পরিচ্ছেদঃ **কুরআন নিয়ে বিতর্ক করা নিষেধ**
৪৬০৩। নবী সা বলেনঃ **কুরআন সম্বন্ধে সন্দেহ পোষণ করা কুফরী**।


ফতোওয়া আরকানুল ইসলাম 169 অধ্যায়ঃ আকীদাহ

"চিন্তার স্বাধীনতা" কথাটি কতটুকু সঠিক?

প্রশ্নঃ (১১০) "চিন্তার স্বাধীনতা" সম্পর্কে আমরা শুনে থাকি এবং পত্রিকায় পড়ে থাকি। মূলতঃ এটি আকীদা গ্রহণের স্বাধীনতার দিকে আহবান মাত্র। এ সম্পর্কে আপনার মতামত কি ?

উত্তরঃ এ ব্যাপারে আমাদের কথা হল, যে ব্যক্তি আকীদার স্বাধীনতার দাবী করে এবং যে কোন দ্বীনে বিশ্বাসের অধিকার রাখে বলে মনে করে, সে কাফের। কারণ যে ব্যক্তি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর দ্বীন ব্যতীত অন্য দ্বীন গ্রহণ করা বৈধ মনে করে, সে কাফেরে পরিণত হবে। তাকে তাওবা করতে বলা হবে। তাওবা না করলে তাকে হত্যা করা ওয়াজিব।

ইসলামের পৌত্তলিক ভিত্তি

আরো পড়ুনঃ ইসলামের জুডিও খ্রিস্টান এবং পৌত্তলিক ভিত্তি

নবী মুহাম্মদ সহ মক্কার কুরাইশগণ কাবার কসম কাটতেন। একজন ইহুদি এসে মুহাম্মদের এই কাজটি সংশোধন করে দিয়ে যান। কারণ কাবার কসম বলা শিরক। আল্লাহ এবং তার ফেরেশতা জিব্রাইল সংশোধন করার আগে ইহুদি ব্যাক্তি এসে কীভাবে মুহাম্মদের এত বড় ভুল সংশোধন করে দিলো, তা বোধগম্য নয়। যেখানে শিরক নাকি আল্লাহর দৃষ্টিতে সবচাইতে ভয়াবহ অপরাধ। এত মারাত্মক ব্যাপার আল্লাহ কেন আগেই সংশোধন করে দিলেন না!


সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)
৩৭৭৪। এক ইয়াহুদী নবী সা এর নিকট এসে বললোঃ **আপনারা তো আল্লাহর সাথে শরীক ও তার সমকক্ষ স্থির করে থাকেন !** আপনারা বলে থাকেনঃ যা আল্লাহ্ ইচ্ছা করেন আর যা তুমি ইচ্ছা কর। আর আপনারা আরো বলে থাকেন, কাবার কসম! তখন রাসূলুল্লাহ্ সা নির্দেশ দিলেন যে, যখন কসম করার ইচ্ছা করবে, তখন বলবেঃ কাবার রবের কসম! আরো বলবেঃ আল্লাহ্ যা চেয়েছেন। এরপর তুমি চেয়েছ।

সহীহ বুখারী (ইফা)
হজ্ব, পরিচ্ছেদঃ সাফা ও মারওয়ার মাঝে স'য়ী করা।
১৪৪৫। 'আসিম (র) বলেন, আমি আনাস ইবনু মালিক (রা) কে বললাম, আপনার কি সাফা ও মারওয়া সায়ী করতে অপছন্দ করতেন? তিনি বললেন, হাঁ। কেননা তা ছিল জাহেলী যুগের নিদর্শন। অবশেষে মহান আল্লাহ অবতীর্ণ করেনঃ নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শন। কাজেই হজ্জ বা উমরাকারীদের জন্য এ দুইয়ের মধ্যে সা'য়ী করায় কোন দোষ নেই।

↥

সহীহ বুখারী (ইফা),

১৫৪১। যারা ইসলাম গ্রহনের পূর্বে মুশাল্লাল নামক স্থানে স্থাপিত মানাত নামের মূর্তির পূজা করত, তাঁর নামেই তাঁরা ইহরাম বাঁধত, তাঁরা সকলেই সাফা ও মারওয়া সায়ী করত। যখন আল্লাহ কুরআনে বায়তুল্লাহ তাওয়াফের কথা উল্লেখ করলেন, কিন্তু সাফা ও মারওয়ার আলোচনা তাতে হল না, তখন সাহাবাগন বলতে লাগলেন, ইয়া রাসূলাল্লাহ! আমরা সাফা ও মারওয়া সা'য়ী করতাম, এখন দেখি আল্লাহ কেবল বায়তুল্লাহ তাওয়াফের কথা অবতীর্ণ করেছেন, সাফার উল্লেখ করেন নি। কাজেই সাফা ও মারওয়ার মাঝে সা'য়ী করলে আমাদের দোষ হবে কি? এ প্রসঙ্গে আল্লাহ তা'য়ালা (إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَائِرِ اللَّهِ الآيَةَ) অবতীর্ণ করেন।





হিন্দু ধর্মে আগুনকে ঘিরে সাতপাক

ইসলাম আবির্ভাবের বহুকাল আগে থেকেই দেবদেবীর মূর্তিতে পরিপূর্ণ মক্কা কাবায় বছরে একবার তীর্থযাত্রীদের সমাগম হতো। অপবিত্র কাপড় পরে এই উপাসনা নিষিদ্ধ ছিল বিধায় সেলাই বিহীন কাপড় সেখানে গিয়ে পরতে হতো। কাবাকে বাম দিকে রেখে ডান দিক থেকে সাতবার চক্কর দেয়ার নিয়ম সেই সময়েই ছিল। ঘোরার সময় কালো পাথরকে চুম্বন করা ও মাথা নোয়ানোর নিয়ম ছিল। মক্কার দুই পর্বত সাফা ও মারওয়ার মধ্যে দৌড়ানো থেকে শুরু করে শয়তানকে পাথর মারার প্রতিটি পুরনো প্যাগান ধর্মগুলোর রীতি। দেবতার সন্তুষ্টি লাভের আশায় সেই সময়ে গরু উট ছাগল ইত্যাদি কোরবানি দেয়াও ছিল পৌত্তলিক প্রথা।

প্রায় প্রতিটি প্যাগান প্রথাকে ইসলামে অন্তর্ভূক্ত করতে মুহাম্মদ আরবে প্রচলিত নানা উপকথার সাথে মিলিয়ে নিজের উদ্ভাবিত নানা গল্পের সৃষ্টি করেছিল। যেখানে ইব্রাহিম বলে কেউ ছিল বা সে মক্কায় এসেছিল এরকম কোন বাস্তব প্রমাণই পাওয়া যায় না, সেখানে মুহাম্মদের প্রচারিত গল্পে ইব্রাহিমকে মক্কায় এসে কাবার পুনঃনির্মাণ করেছিল বলে দাবী করা হয়। সেই সাথে, নিজেকে ইসমাইলের বংশধর দাবী করার মধ্যেও তার স্বঘোষিত নবী হওয়ার বাসনা প্রকাশ পায়। প্রাচীন প্যাগান ধর্মগুলোর নানা অনুষ্ঠান, প্রথা নিয়ে খানিকটা অনুসন্ধান করলেই দেখা যায়, হজ্বের পুরো অনুষ্ঠানই প্যাগান ধর্মগুলো থেকে ইসলামীকরণের মাধ্যমে নেয়া।

ইহুদীদের মধ্যে সেই সময়ে দরিদ্রদের সম্পদের একটা অংশ দেয়ার প্রথা ছিল, যাকে বলা হয় Tzedakah বা Ṣedaqah। মুহাম্মদ এই প্রথাটিকে গ্রহণ করেন সাদাকাহ ও যাকাত নামকরণের মাধ্যমে। ইহুদীদের মধ্যে শুকরের খাওয়া হারাম ছিল, মুহাম্মদের নতুন ধর্মের ওজু এবং নামাজের সাথে সাবেইনদের ধর্মের প্রার্থনা ও ইহুদি ধর্মের প্রার্থনারীতির অনেকটাই মিলে যায়। ইহুদীরা শনিবার, খ্রিস্টানরা রবিবারকে প্রার্থনার জন্য বিশেষ দিন হিসেবে পালন করতো, মুহাম্মদ সেটাকে করেন শুক্রবারে। আরব পৌত্তলিক ও ইহুদিদের মধ্যে উপবাস প্রচলিত ছিল, যা তিনি গ্রহণ করেন রোজা নাম দিয়ে। এমনকি, এখনকার সময়ে সুন্নতে খৎনার ধারণাও ইহুদিদের অনুকরণে যুক্ত হয়।

ইহুদিরা সেই সময়ে মানমর্যাদার দিক দিয়ে সম্ভ্রান্ত ছিলেন, তারা সামাজিক সম্মান লাভ করতেন। রাজনৈতিক এবং অর্থনৈতিকভাবেও তারা প্রভাবশালী ছিলেন। মুহাম্মদ তার নতুন ধর্মের নানা প্রথা ইহুদীদের থেকে নিয়েছিলেন। মুহাম্মদের প্রত্যাশা ছিল, হয়তো ইহুদীরা তাকে তাদের নবী হিসেবে মেনে নেবে। ইহুদিদের দলে টানার জন্য মুহাম্মদ তার নতুন ধর্মের কিবলা পরিবর্তন না করে ইহুদিদের মতই রেখে বায়তুল মোকাদ্দাসের দিক মুখ করে নামাজ আদায় করতে শুরু করেন। শুরুতে মুহাম্মদের সাথে ইহুদিদের সখ্যতাই ছিল। কিন্তু পরবর্তীতে ইহুদীরা মুহাম্মদকে ভণ্ড এবং পাগল আখ্যা দিলে মুহাম্মদ পরবর্তী জীবনে ইহুদিদের প্রচন্ড ঘৃণা করতেন। শত্রুতা সৃষ্টির পরপরই মুহাম্মদ কিবলা পরিবর্তন করে ফেলে।

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছেদঃ **বায়তুল মুকাদ্দাস হতে কা'বার দিকে কিবলা পরিবর্তন**

১০৬১। আয়াত অবতীর্ণ হয়েছে এবং কাবার দিকে মুখ করবার আদেশ প্রদান করা হয়েছে।

সুনান আন-নাসায়ী (ইফা)

পরিচ্ছেদঃ কিবলামুখী হওয়া ফরজ প্রসঙ্গে

৪৮৯। বা'রা (রা) বলেনঃ আমরা রাসূলুল্লাহ্ সা-এর সঙ্গে প্রায় ষোল-সতেরো মাস বায়তুল মুকাদ্দাস অভিমুখী হয়ে সালাত আদায় করি। পরে নবী সা -কে কাবার দিকে ঘুরিয়ে দেওয়া হয়।

আল-লুলু ওয়াল মারজান

৩০৪। আবদুল্লাহ ইবনু উমার (রা) বলেনঃ একদা লোকেরা কুবা নামক স্থানে ফজরের সালাত আদায় করছিলেন। এমন সময় তাদের নিকট এক সাহাবী এসে বললেন যে, এ রাতে আল্লাহর রসূল সা -এর প্রতি ওয়াহী অবতীর্ণ হয়েছে। আর তাঁকে কাবামুখী হবার নির্দেশ দেয়া হয়েছে। কাজেই তোমারা কাবার দিকে মুখ কর। তখন তাঁদের চেহারা ছিল শামের (বায়তুল মুকাদ্দাসের) দিকে। একথা শুনে তাঁরা কাবার দিকে মুখ ঘুরিয়ে নিলেন।

১৬ মাসের এই কিবলা পরিবর্তন, এরপরে ইহুদিদের কাছ থেকে কোন সাড়া না পেয়ে আবার কাবার দিকে মুখ ফেরানো, এগুলো যে ইহুদিদের আকৃষ্ট করার জন্য করা হয়েছিল, তাফসীরে তা খুব সরাসরিই বলা আছে।

হযরত আবদুল্লাহ্ ইবনে আব্বাস রাযিয়াল্লাহু আনহু বলেন ঃ কেবলা ছিল বায়তুল-মোকাদ্দাস। হিজরতের পরও ষোল-সতের মাস পর্যন্ত বায়তুল-মোকাদ্দাসই কেবলা ছিল। এরপর কা'বাকে কেবলা করার নির্দেশ আসে। তবে রসূলুল্লাহ্ (সা) মক্কায় অবস্থানকালে হাজরে-আসওয়াদ ও রোকনে-ইয়ামানীর মাঝখানে দাঁড়িয়ে নামায পড়তেন যাতে কা'বা ও বায়তুল-মোকাদ্দাস—উভয়টিই সামনে থাকে। মদীনায় পৌঁছার পর এরূপ করা সম্ভবপর ছিল না। তাই তাঁর মনে কেবলা পরিবর্তনের বাসনা দানা বাঁধতে থাকে।—(ইবনে কাসীর)

অন্যান্য সাহাবী ও তাবেয়ীগণ বলেন ঃ মক্কায় নামায ফরয হওয়ার সময় কা'বাগৃহই ছিল মুসলমানদের প্রাথমিক কেবলা। কেননা, হযরত ইবরাহীম ও ইসমাঈল (আ)-এর কেবলাও তাই ছিল। মহানবী (সা) মক্কায় অবস্থানকালে কা'বাগৃহের দিকে মুখ করেই নামায পড়তেন। মদীনায় হিজরতের পর তাঁর কেবলা বায়তুল-মোকাদ্দাস সাব্যস্ত হয়। তিনি মদীনায় ষোল-সতের মাস পর্যন্ত বায়তুল-মোকাদ্দাসের দিকে মুখ করে নামায পড়েন। এরপর প্রথম কেবলা অর্থাৎ কা'বা-গৃহের দিকে মুখ করার নির্দেশ অবতীর্ণ হয়। তফসীরে-কুরতুবীতে আবু আমরের বরাত দিয়ে এ শেষোক্ত উক্তিকেই অধিকতর বিশুদ্ধ বলা হয়েছে। এর রহস্য বর্ণনা প্রসঙ্গে বলা হয় যে, মদীনায় আগমনের পর যখন ইহুদীদের সাথে মেলামেশা শুরু হয়, তখন মহানবী (সা) তাদের আকৃষ্ট করার উদ্দেশ্যে আল্লাহ্র নির্দেশে তাদের কেবলাকেই কেবলা হিসাবে গ্রহণ করেন। কিন্তু পরে যখন অভিজ্ঞতার দ্বারা প্রমাণিত হয় যে, ইহুদীরা হঠকারিতা ত্যাগ করবে না, তখন হুযুর (সা)-কে সাবেক কেবলার দিকে মুখ করার নির্দেশ দেওয়া হয়। কারণ, পিতৃপুরুষ হযরত ইবরাহীম ও ইসমাঈলের কেবলা হওয়ার কারণে তিনি স্বভাবতই তাকে পছন্দ করতেন।

↥

فَلَنُوَلِّيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا কা'বা কিবলা হোক- এ প্রসঙ্গে নবী করীম ﷺ-এর আগ্রহের কারণ : নবী করীম ﷺ বিভিন্ন কারণে অন্তর দিয়ে ভালোবাসতেন এবং পছন্দ করতেন যে, আল্লাহ তা'আলা কা'বাকে তাঁর জন্যে কিবলা নির্দিষ্ট করে দিন। তন্মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি কারণ হচ্ছে-

১. ইহুদিদের থেকে তাঁর কিবলা স্বতন্ত্র ও ভিন্নতর হওয়া।

That is because these activities are the tools in fighting the enemy. And by extending a reward to someone, it encourages jihad and incitement for it.

Al-Khattabi, *Ma'alimus Sunan* 2/255

Sunan al-Darimi 2527

Narrated Anas bin Malik:

The Prophet ﷺ said, "Whoever kills an infidel gets his spoils." Abu Talhah killed twenty that day, and he took their spoils.

Classed *sahih*

Musnad Ahmad, Hadith 22967:

Narrated Buraydah:

I hated Ali as I had never hated anyone. ... The Prophet sent to us Ali, and among the female captives was a slave girl who was the finest of the female captives, and he apportioned the Khums (one-fifth of war booty given to the Prophet and his family). Ali divided the shares, and his head was dripping (after taking a ritual bath following sexual intercourse with the slave-girl). We said: "O Abu al-Hasan (i.e. Ali), what is this?!" Ali replied: "Did you not see the slave-girl who was among the female captives? I divided the shares and apportioned Khumus. Then she became part of the Khumus. Then she became part of the household of the Prophet, and then she became part of the house of Ali, ***and (thus) I had sexual intercourse with her.***" ...

Grading: Classed *Sahih* by al-Arna'ut

↥

সহীহ বুখারী (ইফা)

পরিচ্ছেদঃ মুমিনের নিজের দোষ গোপন রাখা

৫৬৪৩। রাসুলুল্লাহ সা বলেছেনঃ আমার সকল উম্মত মাফ পাবে, তবে প্রকাশকারী ব্যতীত। আর **নিশ্চয় এ বড়ই ধৃষ্টতা যে, কোন ব্যাক্তি রাতে অপরাধ করল যা আল্লাহ গোপন রাখলেন। কিন্তু সে ভোর হলে বলে বেড়াতে লাগল, হে অমুক! আমি আজ রাতে এমন এমন কর্ম করেছি**। অথচ সে এমন অবস্থায় রাত অতিবাহিত করল যে, আল্লাহ তার কর্ম গোপন রেখেছিলেন, আর সে ভোরে উঠে তার উপর আল্লাহর পর্দা খুলে ফেলল।

সহীহ মুসলিম (ইফা)

পরিচ্ছেদঃ মানুষের নিজের গোপন দোষ প্রকাশ করা নিষেধ

৭২১৫। রাসুলুল্লাহ সা বলেছেন যে, **নিজের অপরাধ প্রকাশকারী ব্যতিত আমার উম্মাতের গুনাহ ক্ষমা করে দেয়া হবে। নিজেদের অপরাধ প্রকাশ করার মানে হচ্ছে এই যে, মানুষ রাতে কোন অপরাধ জনিত কাজ করে, অতঃপর সকাল হয় আর তাঁর প্রতিপালক উহা গোপন করে রাখেন**। অথচ সে নিজেই বলে, হে অমুক! গতরাতে আমি এই কাজটি করেছি। অথচ রাত্রে তাঁর প্রতিপালক উহাকে গোপন রেখেছেন এবং অবিরত তাঁর প্রতিপালক তা গোপন রাখছিলেন আর সে রাত যাপন করছিল। কিন্তু সকালে সে তাঁর প্রতিপালকের গোপন রাখা বিষয়টিকে প্রকাশ করে দিল।

সুনান ইবনু মাজাহ ২২৫, সহীহ বুখারী (ইফা) ২২৮০।

রাসুলুল্লাহ সা বলেছেনঃ কোন ব্যক্তি অপর মুসলিমের দোষ গোপন রাখলে, আল্লাহ দুনিয়া ও আখিরাতে তার দোষ গোপন রাখবেন।

সহীহ মুসলিম ২৬৯৯

রাসুলুল্লাহ সা বলেছেনঃ যে ব্যক্তি কোন মুসলিমের দোষ-ত্রুটি গোপন রাখবে, আল্লাহ্ দুনিয়া ও আখেরাতে তার দোষ-ত্রুটি গোপন রাখবেন।

যে ব্যক্তি কোন গুনাহের কাজ করে লজ্জিত হবে তার দ্রুতগতিতে তাওবা করা মুস্তাহাব। তা কাউকে না জানানো।

গুনাহের কাজ সম্পাদনকারী যদি তার গুনাহের কথা কাউকে জানায় তাহলে শ্রবণকারীর জন্য মুস্তাহাব পন্থা হল যে, সে তাকে তাওবা করতে বলবে এবং ব্যাপারটি গোপন রাখবে।

সুনান আত তিরমিজী (ইফা)

৩১১৫। আবু আল ইয়াসার রাদিয়াল্লাহুআনহু বলেনঃ **এক মহিলা একবার আমার কাছে খেজুর কিনতে আসল। আমি বললামঃ ঘরে আরো ভাল খেজুর আছে, সে তখন আমার সাথে ঘরে প্রবেশ করল। আমি তার দিকে ঝুঁকে তাকে চুমু দেই**। পরে আবু বকর রাদিয়াল্লাহুআনহু এর কাছে এসে তার বিষয়টি বললাম। আবু বকর(রা) বললেনঃ নিজের মধ্যে তা গোপন রাখ, আর তওবা কর। এ বিষয়ে কাউকে জানাবে না।

কিন্তু অনুশোচনায় আমি স্থির থাকতে পারলাম না। উমর (রা) এর কাছে এসে বিষয়টি বললাম, তিনিও বললেনঃ নিজের মধ্যেই তা গোপন রাখ, আর তওবা কর। এ বিষয়ে কাউকে জানাবে না।

কিন্তু (অনুশোচনায়) আমি স্থির তাকতে পারলাম না।

নবী সা এর কাছে এসে বিষয়টি বললাম। তিনি বললেনঃ **আল্লাহর পথে জেহদরত একজন যোদ্ধার অনুপস্থিতিতে তাঁর স্ত্রীর সাথে তুমি কি এ ধরনের আচরণ করলে?** ফলে সে কামনা করতে লাগল সে যদি পূর্বে ইসলাম গ্রহণ না করে এ মুহূর্তে ইসলাম গ্রহণ করত এবং ধারণা করতে লাগল যে, সে জাহান্নামী হয়ে গেছে। বর্ণনাকারী বলেন, **রাসূলুল্লাহ্ সা অনেকক্ষণ মাথা নীচু করে রইলেন অবশেষে তাঁর কাছে ওহী এলঃ** 'সৎকাজ অবশ্যই অসৎ কাজ মিটিয়ে দেয়' (কুরআন ১১:১১৪)।

৫৩০১ **রাসূলুল্লাহ সা, শাহাদাত ও মধ্যমা আঙ্গুল দু'টি মিলিত করলেন এবং বললেন- আমার আগমন এবং কিয়ামতের মাঝে দূরত্ব এ আঙ্গুল থেকে এ আঙ্গুলের দূরত্বের মত।**

৭৪৬৭ রাসূলুল্লাহ্ সা বলেনঃ **তোমাদের আগের উম্মাতদের তুলনায় তোমাদের অবস্থানের সময়কাল আসরের সালাত ও সূর্যাস্তের মধ্যবর্তী সময়**। তাওরাতের ধারকদেরকে তাওরাত দেয়া হলে তারা সে মোতাবেক আমল করল, তবে দুপুর হলে তারা অপারগ হয়ে গেল। অতঃপর **বাইবেলের ধারকদেরকে বাইবেল দেয়া হলো, তারা সে মোতাবেক আমল করল আসরের সালাত পর্যন্ত, তারপর তারা অক্ষম হয়ে পড়ল। অতঃপর তোমাদেরকে কুরআন দেয়া হলো। ফলে এ কুরআন মোতাবেক তোমরা আসর থেকে সূর্যাস্ত পর্যন্ত আমল করবে**।

৬১৬৭ আনাস (রা) হতে বর্ণিত যে, এক গ্রাম্য লোক নবী সা এর খিদমাতে এসে বললঃ **হে আল্লাহর রাসূল! কিয়ামত কবে হবে?** তিনি বললেনঃ তোমার জন্য আক্ষেপ, তুমি এর জন্য কী প্রস্তুতি গ্রহণ করেছ? আনাস (রা) বলেন, এ সময় মুগীরাহ রা. এর একটি যুবক বয়সের ছেলে পাশ দিয়ে যাচ্ছিল। সে ছিল আমার বয়সী। নবী সা **বললেনঃ যদি এ যুবকটি অধিক দিন বেঁচে থাকে, তবে সে বৃদ্ধ হবার আগেই কিয়ামত সংঘটিত হতে পারে**।

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

৭১৪২। আনাস (রা) বলেন, **এক ব্যক্তি রাসুলুল্লাহ সা কে জিজ্ঞেস করলেন, কিয়ামত কবে হবে?** তখন তাঁর নিকট এক আনসারী বালক উপস্থিত ছিল। **রাসুলুল্লাহ সা বললেনঃ এ বালক যদি বেঁচে থাকে, তবে সে বৃদ্ধ হওয়ার পূর্বেই কিয়ামত সংগঠিত হয়ে যাবে**।

সহীহ বুখারী (ইফা)

রাসুলুল্লাহ সা বলেন, কিয়ামত কায়েম হবে না, **যতক্ষণ না 'যুলখালাসার' পাশে দাওস গোত্রীয় রমনীদের নিতম্ব দোলায়িত হবে**। 'যুলখালাসা' হল দাওস গোত্রের একটি মূর্তি। জাহিলি যুগে তারা এর উপাসনা করত। (নারীদের নিতম্বে নবীর নজর)

সহীহ মুসলিম (ইফা) ৭১৪২। নবী সা বলেনঃ.....যতক্ষণ না যুলখালাসা মূর্তির চারপাশে **দাউস গোত্রীয় রমনীদের নিতম্ব আন্দোলিত হবে**।

৭০৫৯,৫২৯৩ একবার নবী সা রক্তবর্ণ চেহারা নিয়ে ঘুম থেকে জাগলেন এবং বলতে লাগলেন, 'লা- ইলা-হা ইল্লাল্লাহ্'! নিকটবর্তী এক দুর্যোগে আরব ধ্বংস হয়ে যাবে। ইয়াজূজ-মাজূজের প্রতিরোধ প্রাচীর আজ এতটুকু পরিমাণ খুলে গেছে। এই বলে তিনি নব্বই কিংবা একশ'র রেখায় আঙ্গুল রেখে গিঁট বানিয়ে দেখালেন।

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

৭২৭৮,৭২৭৬। ফাতিমা (রা) বলেন, একদিন রসূলুল্লাহ সা এর দরবারে তামীম-আদ-দারী আসলো এবং রসূলুল্লাহ সা কে এ মর্মে অবগত করল যে, একদা সে সমুদ্রে নৌকায় আরোহণ করল। তখন নৌকাটি তাকে সহ নিজ স্থান থেকে বিচ্যুত হয়ে গেল এবং অবশেষে এক দ্বীপে এসে পড়ল। অতঃপর **সে পানির উদ্দেশে দ্বীপ অভ্যন্তরে প্রবেশ করল। সেখানে পৌছে সে এমন এক ব্যক্তিকে দেখল, যে তার পশম হেঁচড়িয়ে চলছে**(পূর্ণদেহ পশমে ভরা)। অতঃপর তিনি হাদীসের পূর্ণ ঘটনা বর্ণনা করলেন (এক দীর্ঘাকৃতির এক লোক, লোহার শিকলে বাঁধা অবস্থায় দু' হাটুর মধ্য দিয়ে তার উভয় হাত ঘাড়ের সাথে মিলানো। লোকটি বলল, অতি সত্ত্বরই আমি এখান থেকে বাইরে যাবার অনুমতি পেয়ে যাব। বাইরে যেয়ে মক্কা-মদিনা ব্যতীত আমি সমগ্র ভূপৃষ্ঠ প্রদক্ষিণ করব)। অতঃপর রাসূলুল্লাহ সা তামীম-আদ-দারীকে লোকদের মাঝে নিয়ে এলেন এবং সে তাদেরকে পূর্ণ বৃত্তান্ত বর্ণনা করে শুনাল। তখন **রসূলুল্লাহ সা বললেনঃ "ঐ লোকই দাজ্জাল**। জেনে রেখো, **উল্লেখিত দাজ্জালের দ্বীপ- মধ্য সিরিয়া সাগরে বা ইয়ামান সাগর(Arabian sea) এর মাঝে অবস্থিত। যা পৃথিবীর পূর্বদিকে অবস্থিত। এ সময় তিনি নিজ হাত দ্বারা পূর্ব দিকে ইশারাও করলেন**।"

সহীহ বুখারী (ইফা), পরিচ্ছেদঃ প্লেগ রোগের বর্ণনা

৫৩২০। রাসুলুল্লাহ সা বলেছেনঃ **মদিনা নগরীতে প্রবেশ করতে পারবে না** দাজ্জাল, আর না মহামারী(প্লেগ)।

১৭৫৯,৬৬৪৮। আবূ হুরায়রা (রা) বলেন রাসুলুল্লাহ সা বলেছেনঃ **মদিনা**র প্রবেশ পথ সমূহে ফেরেশতা-নিয়োজিত রয়েছে। অতএব **সেখানে প্লেগ** ও দাজ্জাল **প্রবেশ করবে না**। সহীহ মুসলিম (ইফা) ৩২২০

Throughout its history, Medina, a key city in the early Islamic period, experienced several instances of plague. Historical records indicate that the city of Medina experienced several instances of plague and other epidemics throughout its history. Here is an overview of some notable plague outbreaks in Medina, along with historical references:

1. Plague of al-Jarif (688-689 CE)

- **Details:** This plague struck during the reign of Caliph Abd al-Malik ibn Marwan and significantly affected the Arabian Peninsula, including Medina.
- **Impact on Medina:** The outbreak led to high mortality rates and caused considerable distress in Medina. It disrupted social and economic life and further strained the resources of the city.
- **References:** Al-Tabari's "Tarikh al-Rusul wa al-Muluk", Michael Lecker's historical analyses

2. Plague during the Umayyad Caliphate (700-701 CE)

- **Details:** Another plague occurred during the early 8th century, affecting the Arabian Peninsula and surrounding regions.
- **Impact on Medina:** The city experienced significant mortality, and the outbreak exacerbated existing political and social challenges. This period saw a series of health crises that strained the early Islamic state.
- **References:** Al-Tabari's "Tarikh al-Rusul wa al-Muluk", Ibn Kathir's "Al-Bidaya wa'l-Nihaya"

3. Plague of 749 CE

- **Details:** This outbreak struck during the later Umayyad period, contributing to the period's political instability.
- **Impact on Medina:** The city, already dealing with political and social upheavals, faced additional challenges due to the high mortality rate and economic disruption caused by the plague.
- **References:** Al-Tabari's "Tarikh al-Rusul wa al-Muluk", Modern historical studies on the Umayyad period

4. Plague during the Abbasid Caliphate (Late 9th Century)

- **Details:** Medina experienced several outbreaks during the Abbasid period, notably in the late 9th century.
- **Impact on Medina:** These outbreaks further impacted the city's demography and economy, contributing to the broader challenges faced by the Abbasid Caliphate.
- **References:** Al-Masudi's "Muruj al-Dhahab" (The Meadows of Gold), Ibn Kathir's "Al-Bidaya wa'l-Nihaya"

5. And so on…

These records demonstrate that Medina, as a significant urban and religious center, was repeatedly affected by plague outbreaks.

১৫৯৬ রাসূল সা বলেছেনঃ হাবশার অধিবাসী পায়ের সরু নলা বিশিষ্ট লোকেরা কাবা ঘর ধ্বংস করবে।

২১১৮ রাসূল সা বলেছেন, পরবর্তী যামানায় একদল সৈন্য কাবাঘর ধ্বংসের উদ্দেশ্যে অভিযান চালাবে। যখন তারা বায়দা নামক স্থানে পৌঁছবে তখন তাদের আগের পিছের সকলকে জমিনে ধ্বসিয়ে দেয়া হবে। আয়িশাহ রা বলেন- "আমি বললাম, হে নবী সা! সকলকে কেন ধ্বসিয়ে দেয়া হবে, অথচ তাদের আগেপিছে এমন লোকও থাকবে যারা তাদের দলভুক্ত নয়"। নবী সা বললেন, **তাদের আগের পিছের সকলকে ধ্বসিয়ে দেয়া হবে।**

কুরআন ৪৫:৩৬। অতএব সকল প্রশংসা ও ধন্যবাদ আল্লাহর উপরে বর্ষিত হোক, কারণ তিনিই জগতের প্রভু।

৭৪০৩ নবী সা বলেছেনঃ এমন কেউ নেই যে, আত্মপ্রশংসা আল্লাহর চেয়ে বেশি ভালবাসে।

১৫ রাসূলুল্লাহ্ সা বলেনঃ তোমাদের কেউ প্রকৃত মুমিন হতে পারবে না, যতক্ষণ না আমি তার নিকট তার পিতা, তার সন্তান ও সব মানুষের অপেক্ষা অধিক প্রিয়পাত্র হই।

৩৩৬৯ সাহাবীগণ বললেন, হে আল্লাহর রাসূল! আমরা কিভাবে আপনার উপর দরূদ পাঠ করব? তখন রাসূলুল্লাহ সা বললেন, এভাবে পড়বে, হে আল্লাহ! আপনি মুহাম্মাদ সা-এর উপর, তাঁর স্ত্রীগণের উপর এবং তাঁর বংশধরগণের উপর এমনিভাবে বরকত নাযিল করুন যেমনি আপনি বরকত নাযিল করেছেন ইবরাহীম (আ.)-এর বংশধরদের উপর। [(প্রতি নামাযে বাধ্যতামূলকভাবে দরূদ পাঠ করতে হয়)]

তিরমিজি: ৩৫৪৫
আবু হুরাইরা (রা) বলেন, রাসূলুল্লাহ সা এই অভিশাপ দিলেন যে, ‘সেই ব্যক্তির নাক ধূলা-ধূসরিত হোক, যার কাছে আমার নাম উল্লেখ করা হল, অথচ সে (আমার নাম শুনেও) আমার প্রতি দরূদ পড়ল না।’

ইবনে হিব্বান হাদিস নং ৯০৮ ; আদাবুল মুফরাদ, হাদিস নং ৬৪৬
রাসুলুল্লাহ সা বলেন, জিবরাইল (আ.) বললেন, **ঐ ব্যক্তি ধ্বংস হোক; যার সামনে আমার নাম আলোচিত বা উচ্চারিত হয় অথচ সে আমার ওপর দরুদ পেশ করে না। আমি তার বক্তব্যকে সমর্থন করে ‘আমিন’ বললাম।**

৬১৮১ রাসূলুল্লাহ সা বলেছেনঃ **আল্লাহ বলেন**- মানুষ আগামীকালকে গালি দেয়, অথচ আমিই কাল (এর নিয়ন্ত্রণের মালিক)।

আল্লাহর হাত-পা-গোড়ালি-চোখ, ও অন্যান্য মানবীয় বৈশিষ্ট্য..

৭৪১০ আল্লাহর বাণীঃ যাকে আমি নিজ হাতে সৃষ্টি করেছি। (সূরাহ সোয়াদ ৩৮/৭৫)
এ আয়াতে আল্লাহ তা‘আলার বাস্তব বা প্রকৃত হাত রয়েছে তা প্রমাণিত হয়। এটা অস্বীকার করা বা অপব্যাখ্যা করা যাবে না। যেমন বলা হয়, হাত দ্বারা উদ্দেশ্য শক্তি, রাজত্ব, নি‘আমাত, অঙ্গীকার ইত্যাদী। আবার বলা হয় কুদরতী হাত। এসব মনগড়া ব্যাখ্যা। আহলে সুন্নাত ওয়াল জামা‘আতের আক্বীদাহ’র পরিপন্থী। সুতরাং তার প্রকৃত হাত রয়েছে, কুদরতী হাত নয়।

৪৯১৯ নবী সা বলেছেন-আল্লাহ তায়ালা যখন তাঁর **পায়ের গোড়া**লির জ্যোতি বিকীর্ণ করবেন, তখন ঈমানদার নারী ও পুরুষ সবাই তাকে সিজদা করবে।

৪৮৫০ আবূ হুরাইরা (রা) হতে বর্ণিত যে, নবী সা বলেছেন, জান্নাত ও জাহান্নাম পরস্পর বিতর্ক করে। আল্লাহ তা’আলা জান্নাতকে বলবেন, তুমি আমার রহমত। তোমার দ্বারা আমার বান্দাদের যাকে ইচ্ছে আমি অনুগ্রহ করব। আর তিনি জাহান্নামকে বলবেন, তুমি হলে আযাব। তোমার দ্বারা আমার বান্দাদের যাকে ইচ্ছে শাস্তি দেব। জান্নাত ও জাহান্নাম প্রত্যেকের জন্যই রয়েছে পূর্ণতা। তবে জাহান্নাম পূর্ণ হবে না যতক্ষণ না আল্লাহ তাঁর নিজ পা তাতে রাখবেন। তখন সে বলবে, বাস, বাস। তখন জাহান্নাম পূর্ণ হয়ে যাবে।

৭৩৮৪,৭৪৪৯ রাসূলুল্লাহ সা বলেন, জাহান্নামীদের জাহান্নামে নিক্ষেপ করা হতে থাকবে। তখন জাহান্নাম বলতে থাকবে আরো বেশি আছে কি? আর শেষে আল্লাহ্ তায়ালা, তাঁর পা জাহান্নামে রাখবেন। তখন এটি বলবে- আপনার ইয্যত ও করমের কসম! যথেষ্ট হয়েছে। আর জান্নাতেরও কিছু জায়গা শূন্য থাকবে। অবশেষে আল্লাহ্ সেই শূন্য জায়গার জন্য নতুন কিছু মাখলুক সৃষ্টি করবেন এবং জান্নাতের সেই খালি জায়গায় এদের বসতি করে দেবেন।

৭৪৪৯ রাসূলুল্লাহ সা বলেন, অমুসলিমদেরকে যখন জাহান্নামে নিক্ষেপ করা হবে, তখন জাহান্নাম বলবে, আরো অতিরিক্ত আছে কি? জাহান্নামে আরো নিক্ষেপ করা হবে, তখনো বলবে, আরো অতিরিক্ত আছে কি? এভাবে তিনবার বলবে। **অবশেষে আল্লাহ্ তাঁর পা জাহান্নামে প্রবেশ করিয়ে দিলে তা পরিপূর্ণ হয়ে যাবে**। তখন জাহান্নামের একটি অংশ অন্য অংশকে এ উত্তর করবে- আর নয়, আর নয়, আর নয়।

http://IslamiBoi.wordpress.com

৬৯৩২ ইয়াহ্ইয়া ইব্ন বুকায়র (র)..... আবূ সাঈদ খুদ্‌রী (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা বললাম,ইয়া রাসূলাল্লাহ্! আমরা কিয়ামতের দিন আমাদের প্রতিপালকের দর্শন লাভ করব কি? তিনি বললেনঃ মেঘমুক্ত আকাশে তোমরা সূর্য দেখতে কোন বাধাপ্রাপ্ত হও কি? আমরা বললাম, না। তিনি বললেন ঃ সেদিন তোমরাও তোমাদের প্রতিপালককে দেখতে বাধাপ্রাপ্ত হবে না। এতটুকু ব্যতীত যতটুকু সূর্য দেখার সময় পেয়ে থাক। সেদিন একজন ঘোষণাকারী ঘোষণা করবেন, যারা যে জিনিসের ইবাদত করতে, তারা সে জিনিসের প্রতিপালক। আর সেদিন নবীগণ ছাড়া তাঁর সঙ্গে কেউ কথা বলতে পারবে না। আল্লাহ্ তাদেরকে বলবেন, তোমাদের এবং তাঁর মাঝখানে পরিচায়ক কোন আলামত আছে কি? তারা বলবেন, পায়ের নলা। তখন পায়ের নলা খুলে দেয়া হবে। এই দেখে ঈমানদারগণ সবাই সিজ্‌দায় পতিত হবে। বাকি থাকবে তারা, যারা

৭৪২৭ নবী সা বলেনঃ কিয়ামতের দিন সব মানুষ বেহুঁশ হয়ে পড়বে। আমার হুঁশ ফিরলে তখন আমি মূসা (আঃ)-কে **আরশের একটি পায়া ধরে দাঁড়ানো দেখতে পাব**।

৭৩৮২ নবী সা বলেন, আল্লাহ্ কিয়ামতের দিন **পৃথিবী আপন মুঠোয় ধারণ করবেন এবং আসমানকে তাঁর ডান হাতে গুটিয়ে নিবেন**।

কুরআন ৩৮:৭৫ - আল্লাহ বললেন, 'হে ইবলীস, **আমি আমার দু'হাতে** যাকে সৃষ্টি করেছি তাকে সেজদা করতে কিসে তোমাকে বাধা দিল?

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

৪৬১৫। রসূলুল্লাহ সা বলেছেনঃ **আল্লাহর উভয় হাতই ডান হাত**।

এরপর আল্লাহ্ তা'আলা তাঁর কুদরতী দুই হাত মুষ্টিবদ্ধ অবস্থায় তাঁকে বললেন ঃ যে কোনটি ইচ্ছা তুমি নাও।

আদম (আ) বললেন ঃ আমার প্রতিপালকের ডান হাতটি আমি গ্রহণ করলাম। আর আমার প্রতিপালকের উভয় হাতই ডান হাত এবং বরকতময়।

এরপর তিনি সেটি প্রসারিত করলেন। তাতে ছিল আদম ও তাঁর সন্তান-সন্ততিদের প্রতিকৃতি।

৬৫২০ নবী সা বলেছেনঃ কিয়ামতের দিন সারা জগৎ একটি রুটি হয়ে যাবে। আর আল্লাহ জান্নাতীদের মেহমানদারীর জন্য সেটিকে হাতের মধ্যে নিয়ে এমনভাবে উল্টা পাল্টা করবেন, যেমন তোমাদের মধ্যে কেউ সফরের সময় তাড়াহুড়া করে এ হাতে সে হাতে নিয়ে রুটি প্রস্তুত করে।

- হে ইবলীস, **আমি(আল্লাহ) নিজ হাতে যাকে সৃষ্টি করেছি**, তার সম্মুখে সেজদায় তোমাকে কিসে বাধা দিল? সুরা ৩৮/৭৫
- তুমি **আল্লাহর চোখের** সামনেই আছ। সূরা তুর ৪৮ আয়াত

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)

৩০৪৫। রাসূলুল্লাহ সা বলেছেনঃ দয়াময় আল্লাহ তা'আলার ডান হাত পূর্ণ। তার ডান হাতে যা আছে তাতে কিছুই কমতি হয়নি। তার অপর হাতে রয়েছে মীযান (দাঁড়ি-পাল্লা)। তিনি তা নীচু করেন ও উত্তোলন করেন (সৃষ্টির রিযিক নির্ধারণ করেন)।

সহীহ মুসলিম (হাঃ একাডেমী)

৩১৫। রাসূলুল্লাহ সা বলেন, অবশ্যই **আল্লাহ তা'আলা টেরা চোখ বিশিষ্ট নন**।

আল্লাহ পাক মাঝে মাঝে হাসেন

রিয়াযুস স্বা-লিহীন (তাওহীদ পাব্লি)

২৫। রাসূল সা বলেন, "**আল্লাহ তা'আলা ঐ দু'টি লোককে দেখে হাসেন**, যাদের মধ্যে একজন অপরজনকে হত্যা করে এবং দু'জনই জান্নাতে প্রবেশ করবে। নিহত ব্যক্তিকে আল্লাহর পথে যুদ্ধ করা অবস্থায় (কোন কাফের কর্তৃক) হত্যা করে দেওয়া হল। পরে আল্লাহ তা'আলা হত্যাকারী কাফেরকে তওবা করার তাওফীক প্রদান করেন।

↥

৭০০৫ উসমান ইব্‌ন আবূ শায়বা (র)..... আবদুল্লাহ্ (রা) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ইহুদী পণ্ডিত নবী ﷺ-এর কাছে এসে বললো, কিয়ামতের দিন আল্লাহ্ আসমানসমূহকে এক আঙ্গুলে, ভূমণ্ডলকে এক আঙ্গুলে, পানি ও কাদামাটি এক আঙ্গুলে এবং অবশিষ্ট সৃষ্টিকে এক আঙ্গুলে উঠিয়ে ঝাঁকুনি দিয়ে বলবেন, আমিই একমাত্র বাদশাহ্, আমিই একমাত্র বাদশাহ্। আমি তখন নবী ﷺ-কে দেখলাম, তিনি তার উক্তির সত্যতার প্রতি বিস্মিত হয়ে এমনভাবে হাসলেন যে, তাঁর মাড়ির দাঁতগুলো প্রকাশিত হয়ে পড়ল। অতঃপর নবী ﷺ কুরআনের বাণী পড়লেন ঃ وَمَا قَدَرُوا اللّٰهَ حَقَّ قَدْرِهٖ তারা আল্লাহ্‌র যথার্থ মর্যাদা উপলব্ধি করেনি (৬ ঃ ৯১)। ...عَمَّا يُشْرِكُوْنَ- وَالْاَرْضُ جَمِيْعًا قَبْضَتُهٗ "কিয়ামতের দিন সমস্ত পৃথিবী থাকবে তাঁর হাতের মুষ্টিতে এবং আকাশসমূহ থাকবে তাঁর করায়ত্ত, পবিত্র ও মহান তিনি এরা যাকে শরীক করে, তিনি তার ঊর্ধ্বে। (৩৯ ঃ ৬৭)

সুন্নাত ওয়াল জামায়াতের আলিমগণ এ অভিমতই পোষণ করেন।কিন্তু জাহমীয়্যা[১] সম্প্রদায় এই সমস্ত রিওয়ায়াত অস্বীকার করে ; তারা বলে, এগুলো তো হল উপমাবোধক। আল্লাহ্ তা'আলা তাঁর কিতাব কুরআন মজিদে বিভিন্ন স্থানে 'اَلْيَدُ' (হাত) 'اَلسَّمْعُ' (কর্ণ) 'اَلْبَصَرُ' (চক্ষু) ইত্যাদি শব্দ ব্যবহার করেছেন। জাহমিয়্যা সম্প্রদায় এই আয়াতসমূহের রূপক অর্থ করে থাকে এবং আলিমদের ব্যাখ্যার বিপরীত এগুলোর ব্যাখ্যা করে থাকে। তারা বলে যে, আল্লাহ্ তা'আলা হযরত আদম (আ.)-কে তাঁর হাত দিয়ে বানাননি। তারা বলে এখানে 'হাত' অর্থ হল 'শক্তি'।ইসহাক ইব্‌ন ইব্‌রাহীম (র.) বলেন, যদি (মানুষের) হাতের মত (আল্লাহ্‌র) হাত বা হাতের অনুরূপ হাত কিংবা (মানুষের) কানের মত (আল্লাহ্‌র) কান বা কানের অনুরূপ বলা হত তবে তা আল্লাহর সঙ্গে (সৃষ্টি বিষয়ের) উপমা প্রদান বলে গণ্য হত। কিন্তু আল্লাহ্ যখন বলেন 'يَدٌ' (হাত) 'سَمْعٌ' (কর্ণ), 'بَصَرٌ' (চক্ষু), তখন তা সাদৃশ বলে বিবেচিত হয় না। কারণ এখানে এর রকম বা অনুরূপ বা মত এই কথা বলা হয়নি। এটি এমন, যেমন আল্লাহ্

৮. ২. অবতরণ

মহান আল্লাহর অন্য একটি বিশেষণ 'নুযূল' বা অবতরণ। এ অর্থের একটি হাদীসে রাসূলুল্লাহ ﷺ বলেন:

يَنْزِلُ رَبُّنَا كُلَّ لَيْلَةٍ إِلَى السَّمَاءِ الدُّنْيَا حِينَ يَبْقَى ثُلُثُ اللَّيْلِ الآخِرُ يَقُولُ مَنْ يَدْعُونِي فَأَسْتَجِيبَ لَهُ مَنْ يَسْأَلُنِي فَأُعْطِيَهُ مَنْ يَسْتَغْفِرُنِي فَأَغْفِرَ لَهُ

"প্রতি রাতে যখন রাতের শেষ তৃতীয়াংশ অবশিষ্ট থাকে তখন আমাদের মহিমান্বিত মহা-কল্যাণময় প্রতিপালক নিকটবর্তী আসমানে অবতরণ করেন। তিনি বলেন: আমাকে ডাকার কেউ আছ কি? আমি তার ডাকে সাড়া দিব। আমার কাছে চাওয়ার কেউ আছ কি? আমি তাকে প্রদান করব। আমার কাছে ক্ষমা চাওয়ার কেউ আছ কি? আমি তাকে ক্ষমা করব।"[৬৩]

এ বিশেষণও জাহমী-মু'তাযিলীগণ অস্বীকার করেন। তারা বলেন, স্থান পরিবর্তন আল্লাহর অতুলনীয়ত্বের সাথে সাংঘর্ষিক। তিনি আরশ থেকে অবতরণ করলে আরশ কি শূন্য থাকে? তাঁরা বলেন: অবতরণ অর্থ নৈকট্য বা বিশেষ করুণা। কিন্তু প্রশ্ন হলো: আল্লাহ ও তাঁর রাসূল তো অনেক স্থানেই নৈকট্য ও করুণা শব্দ ব্যবহার করেছেন। এখানে রাসূলুল্লাহ (ﷺ) নৈকট্য বা করুণা না বলে অবতরণ বললেন কেন? আল্লাহ কি তাঁর বান্দার জন্য বিশ্বাসকে কঠিন ও জটিল করতে চান? না সহজ করতে চান?

Sahih Muslim 2841

The Prophet (ﷺ) said: “**Allah, created Adam in His image** with His length of sixty cubits.”

Sahih al-Bukhari 6227

The Prophet (ﷺ) said: "**Allah created Adam in His picture, sixty cubits (about 30 meters) in height.** Since then the stature of human beings is being diminished continuously to the present time."

Sahih Muslim 2612

The Prophet (ﷺ) said: "When any one of you fights with his brother, he should avoid his face. Because, Allah created Adam in His own image."

৩৮৬৯ আবদুল্লাহ ইবনু মাসউদ (রা) বলেন, যখন চাঁদ দ্বিখন্ডিত হয় তখন আমরা নবী সা সঙ্গে মিনায় ছিলাম। তিনি আমাদেরকে বললেন, তোমরা সাক্ষী থাক। তখন আমরা দেখলাম, চাঁদের একটি খন্ড হেরা পাহাড়ের দিকে চলে গেল।

৪৮৬৪ আবদুল্লাহ ইবনু মাসউদ (রা) বলেন, রাসূল সা-এর সময় চাঁদ খন্ডিত হয়েছে। এর এক খন্ড পর্বতের উপর এবং অপর খন্ড পর্বতের নিচে পড়েছিল। তখন রাসূল সা বলেছেন, তোমরা সাক্ষী থাক। (হাদিসটির উপর ক্লিক করে ঘটনার লুকোনো সত্য জেনে আসুন)

আরও পড়ুন https://alisina.org/moon-split-or-islamic-hoax/

আরো পড়ার জন্য https://www.faithfreedom.org/did-muhammad-perform-miracles/

https://www.faithfreedom.org/miracles-of-the-quran-aka-islamic-hoaxes/

https://www.faithfreedom.org/big-blunder-of-the-quran-masjid-ul-aqsa/

ফেরেশতার শারিরীক বৈশিষ্ট্যঃ নবী মুহাম্মদের বানানো গল্প অনুসারে, মুসা আল্লাহর নির্দেশ অমান্য করে বা আল্লাহর ডাকে সাড়া দেয়ার পরিবর্তে, নূরের তৈরী ফেরেশতাকে থাপ্পড় দিয়ে তার চোখ নাকি উপড়ে ফেলেছিল মুসা নবী ! এরকম গর্হিত কাজ করেও ভিলেন থেকে হিরো বানানো সম্ভব একমাত্র নবী মুহাম্মদের উদ্ভট নিয়মনীতিহীন কল্পনায়। চলুন দেখে আসি রেফারেন্স। (সামান্য মানুষ মুসা কিভাবে থাপ্পড় দিয়ে, ভীষণ শক্তিশালী ক্ষমতাধর নূরের তৈরী ফেরেশতা আজরাইলের চোখ কানা করে দিতে পারে সেসব বাস্তবতা বা লজিক্যাল চিন্তা না হয় নিজ দায়িত্বেই করুন পাঠক)

গ্রন্থঃ সহীহ হাদিসে কুদসি | অধ্যায়ঃ ১/ বিবিধ হাদিসসমূহ

শেয়ার ও অন্যান্য

আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

১২৯. আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “মালাকুল মউত মুসা আলাইহিস সালামের নিকট এসে তাকে বলেন: আপনার রবের ডাকে সাড়া দিন। তিনি বলেন: অতঃপর মুসা আলাইহিস সালাম মালাকুল মউতকে থাপ্পড় মেরে তার চোখ উপড়ে ফেলেন। তিনি বলেন: অতঃপর মালাকুল মউত আল্লাহর নিকট ফিরে গেল এবং বলল: আপনি আমাকে আপনার এমন বান্দার নিকট প্রেরণ করেছেন যে মরতে চায় না, সে আমার চোখ উপড়ে ফেলেছে, তিনি বলেন: আল্লাহ তার চোখ তাকে ফিরিয়ে দেন, আর বলেন: আমার বান্দার নিকট ফিরে যাও এবং বল: আপনি হায়াত চান? যদি আপনি হায়াত চান তাহলে ষাঁড়ের পিঠে হাত রাখুন, আপনার হাত যে পরিমাণ চুল ঢেকে নিবে তার সমান বছর আপনি জীবিত থাকবেন। তিনি বলেন: অতঃপর? মালাকুল মউত বলল: অতঃপর মৃত্যু বরণ করবেন। তিনি বলেন: তাহলে এখনি দ্রুত কর। হে আমার রব, পবিত্র ভূমির সন্নিকটে পাথর নিক্ষেপের দূরত্বে আমাকে মৃত্যু দান কর”। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন: “আল্লাহর শপথ আমি যদি তার নিকট হতাম, তাহলে রাস্তার পাশে লাল বালুর স্তূপের নিকট তার কবর দেখিয়ে দিতাম”। [বুখারি ও মুসলিম] হাদিসটি সহিহ।


হাদিসের মানঃ সহিহ (Sahih)

- কেয়ামতের ময়দানে আল্লাহর ছায়া
- আল্লাহই বজ্রপাত দ্বারা প্রাণীদের মারেন
- **আল্লাহর সাহায্যের প্রয়োজন**

মুহাম্মদ ওরফে আল্লাহ তাআলা- একটি বদরাগী অসুখী চরিত্র

আল্লাহ ক্ষেপে গেলে হুমকিধামকি দেয়া শুরু করেন! **সামান্য মানুষের চুল ধরে টেনে হিচড়ে নেয়ার হুমকি দেন !** এটা কি কোনো মহান সৃষ্টিকর্তা তো দূর, ভদ্র কোনো মানুষের আচারণ হতে পারে !

- যদি সে বিরত না হয়, তবে **আমি(আল্লাহ) তার মস্তকের সামনের কেশগুচ্ছ ধরে হেঁচড়াবই**– কুরআন ৯৬/১৫-১৬
- আমি তার নাসিকা দাগিয়ে দিব। কুরআন ৬৮:১৬
- অতঃপর আমি তাদের কাছ থেকে প্রতিশোধ নিয়েছি। কুরআন 15:79
- **নিশ্চয় আল্লাহ** পরাক্রমশালী, **প্রতিশোধ গ্রহণকারী**। কুরআন ৩:৪, ৫:৯৫ , ১৪:৪৭, ৩৯:৩৭, ৩২:২২ [crystal clear]
- কাফিররা ষড়যন্ত্র করে এবং **আল্লাহও ষড়যন্ত্র করেন। আর আল্লাহ হচ্ছেন ষড়যন্ত্রকারীদের মধ্যে উত্তম।** কুরআন ৮:৩০



অনেক নারীর জামাই মরে যাওয়ার পর নবীর জন্য সেসব পুরুষের বউদের বিয়ে করা আল্লাহর কাছে কোনো পাপ না, কিন্তু.....

- সূরা আহজাব, আয়াত ৫৩: আল্লাহর রাসূলকে কষ্ট দেয়া এবং **তার মৃত্যুর পর তার স্ত্রীদেরকে বিয়ে করা** কখনো তোমাদের জন্য সঙ্গত নয়। নিশ্চয় **এটি আল্লাহর কাছে গুরুতর পাপ**।

মুসলিম হতে হলে হাদিস মানা বাধ্যতামূলক

বর্তমান সময়ে অনলাইন ফেইসবুক ইউটিউবের কল্যানে ইসলামের খুবই ব্যাসিক জ্ঞানহীন কিছু মডারেট মুমিনের আবির্ভাব ঘটেছে, যাদেরকে কুরআন শব্দটির অর্থ জিজ্ঞেস করলে তারা পারেন না, অথচ তারা হাদিস অস্বীকার করে বসে আছেন। তারা তাদের অনুসারীদের বলেন, হাদিস মানা জরুরি নয়। কারণ হিসেবে তারা বলতে চান, হাদিস নাকি ২০০ বছর পরে লিখিত হয়েছে ! এরকম মূর্খ কথা একমাত্র ইসলাম সম্পর্কে সামান্যতম জ্ঞানও যাদের নেই, তাদের পক্ষেই বলা সম্ভব। **এইসকল কথা শুধু যে মিথ্যা তাই নয়, অজ্ঞতাপ্রসূত বোকামিও বটে। কারণ, নবী মুহাম্মদের জীবদ্দশাতেই হাদিস লিখিত হয়েছে।** [read- হাদিস কখন লিখিত হয়?]

যারা বিশুদ্ধ হাদীস সংকলনের পূর্ণাংগ ইতিহাস জানতে চান, তাদেরকে নিচের বইটা ডাউনলোড করে একটু কষ্ট করে পড়তে হবে। কারণ এর ইতিহাস এতই বিশাল যা এখানে লিখতে গেলে এই পিডিএফটা অনেক বড় হয়ে যাবে।


হাদীস সংকলনের ইতিহাস(hadis_songkoloner_itihas.pdf), Various misconceptions About Hadiths collections

সূনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)
পরিচ্ছেদঃ ইলম লিপিবদ্ধ করা সম্পর্কে।
৩৬০৭। আবদুল্লাহ ইবন আমর (রা) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি যা কিছু রাসূলুল্লাহ সা -এর নিকট হতে শ্রবণ করতাম, তা লিখে রাখতাম।

সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন), পরিচ্ছেদঃ ইলম লিপিবদ্ধ করা
হাদিস নং ১১৪। আবূ হুরায়রা (রা) থেকে বর্ণিত, তিনি বলেনঃ নবী সা এর সাহাবীগণের মধ্যে আবদুল্লাহ ইবনু আমর (রা) ব্যতীত আর কারো কাছে আমার চাইতে বেশী হাদীস নেই। কারণ তিনি লিখে রাখতেন।
হাদিস নং ১১৯। আবূ হুরায়রা (রা) রাসূলুল্লাহ সা এর সঙ্গে লেগে থাকত। তাই তারা(অন্যান্য সাহাবীরা) যখন উপস্থিত থাকত না, তখন সে উপস্থিত থাকত এবং তারা যা মুখস্থ করত না সে তা মুখস্থ রাখত।

এমনকি, নবী মুহাম্মদের অন্যতম প্রিয় সাহাবী হযরত আলীও হাদিস লিখে রাখতেন যাকে সহীফা বলা হয়
সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)
১৭৪৯। আলী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আমাদের নিকট কুরআন এবং নবী সা থেকে বর্ণিত এই সহীফা রয়েছে।

সহিহ, হাসান, জইফ, জাল হাদীসঃ
আলোচনার শুরুতেই যেই বিষয়টি আমাদের জেনে নেয়া জরুরি, সেটি হচ্ছে, সহিহ হাদিস কাকে বলে, হাসান এবং জইফ হাদিস কাকে বলে, জাল হাদিসই বা কাকে বলে।



৪৬ হাদীস সংকলনের ইতিহাস

১। যে হাদীসের বর্ণনাসূত্র ধারাবাহিক রহিয়াছে, সনদের প্রত্যেক স্তরের বর্ণনাকারীর নাম সঠিকরূপে উল্লিখিত হইয়াছে, বর্ণনাকারিগণ সর্বতোভাবে বিশ্বস্ত— সিকাহ, যাঁহাদের স্মরণ শক্তি অত্যন্ত প্রখর এবং যাঁহাদের সংখ্যা কোন স্তরেই মাত্র একজন হয় নাই, এইরূপ হাদীসকে পরিভাষায় 'হাদীসে সহীহ' (حديث صحيح) বলা হয়।

ইমাম নববী লিখিয়াছেনঃ

اَلصَّحِيْحُ فَهُوَ مَا اِتَّصَلَ سَنَدُهُ بِالْعُدُوْلِ الضَّابِطِيْنَ مِنْ شَذٍّ وَعُلَّةٍ-

যে হাদীসের সনদ নির্ভরযোগ্য ও সঠিকরূপে সংরক্ষণকারী বর্ণনাকারীদের সংযোজনে পরম্পরাপূর্ণ ও যাহাতে বিরল ও ত্রুটিযুক্ত বর্ণনাকারী একজনও নাই, তাহাই 'হাদীসে সহীহ'।[৫১]

اَلْحَسَنُ مَاعُرِفَ مَخْرَجُهُ وَاشْتَهَرَ رِجَالُهُ-

যে হাদীসের উৎস সর্বজনজ্ঞাত ও যাহার বর্ণনাকারীগণ প্রখ্যাত, তাহাই হাদীসে হাসান।[৫২]

৩। উপরিউক্ত সবরকমের গুণই যদি বর্ণনাকারিদের মধ্যে কম মাত্রায় পাওয়া যায়, তবে তাহাদের বর্ণিত হাদীসকে 'হাদীসে যয়ীফ' حديث ضعيف বলা হয়।[৫৩]

↥

- ❖ **হাদিস হচ্ছে কুরআনের ব্যাখ্যা**। নবী সা কুরআনের আয়াত দ্বারা কী বুঝেছেন, সাহাবীদের কীভাবে কুরআনের আয়াত ব্যাখ্যা করেছেন, সেইসব না জানা থাকলে এক একজন কুরআনের আয়াতের এক এক অর্থ বের করতে পারে। শুধুমাত্র নবী সা তার সাহাবীগণই সঠিকভাবে বলতে পারবেন, কোন প্রেক্ষাপটে কী কারণে একটি আয়াত নাজিল হয়েছিল। যেগুলো হাদিসে বর্ণিত হয়েছে।

- ❖ এছাড়া **হাদিস ছাড়া কুরআন অপূর্ণাংগ**। যেমনঃ কুরআনে বলা হয়েছে, "তোমাদের জন্যে হারাম করা হয়েছে মৃত জীব" (কুরআন ৫/৩, ২/১৭৩) আয়াত দুটি থেকে স্পষ্ট, মরা প্রাণীকে খাওয়া কুরআনে হারাম ঘোষনা করা হয়েছে। **তাহলে প্রশ্ন হচ্ছে, মৃত মাছ খাওয়া কী হালাল নাকি হারাম**। এই বিষয়ে কুরআনে বলা হচ্ছে, "তোমাদের জন্য সমুদ্র শিকার ও তা খাওয়া হালাল করা হয়েছে" (কুরআন ৫/৯৬)। লক্ষ্য করে দেখুন, এখানে শুধুমাত্র সমুদ্রে শিকার হালাল করা হয়েছে। মৃত মাছ খাওয়া কিন্তু হালাল করা হয় নি। **তাহলে আহলে কুরআনের অনুসারীগণ কী মৃত মাছ খান না?** মৃত মাছ বা গরু ছাগলের কলিজা খেতে হলে অবশ্যই সহীহ হাদিসের শরণাপন্ন হতে হবে। শুধুমাত্র হাদিসেই বিষয়টি বিশ্লেষণ করা আছে। যেমন সুনানে ইবনে মাজাহ, হাদিস নম্বরঃ 3314, রাসূলুল্লাহ সা বলেনঃ "তোমাদের জন্য দুই প্রকারের মৃতজীব ও দু' ধরনের রক্ত হালাল করা হয়েছে। মৃত জীব দু'টি হলো মাছ ও টিড্ডি এবং দু' প্রকারের রক্ত হলো কলিজা ও প্লীহা"।

- ❖ এছাড়াও কুরআনের অনেক আয়াত রহিত, রদ বা বাতিল করা হয়েছে। এ সম্পর্কে কুরআনে আছে, "আমি কোনো আয়াত রহিত করলে.....তদপেক্ষা উত্তম অথবা তার সমপর্যায়ের আয়াত আনয়ন করি। তুমি কি জান না যে, আল্লাহ সব কিছুর উপর শক্তিমান?"(কুরআন 2:106)। যখন আমি এক আয়াতের স্থলে অন্য আয়াত উপস্থিত করি এবং আল্লাহ যা অবতীর্ণ করেন তিনিই সে সম্পর্কে ভাল জানেন (কুরআন 16:101)। **তাই, কোন আয়াত রহিত হয়ে নতুন কোন আয়াত নাজিল হয়েছে, নাজিলের ক্রমানুসারে সূরাগুলোর ক্রম জানতেও হাদিস, তাফসীর, সিরাত ও ইতিহাসগ্রন্থগুলো লাগবেই**।

কেউ যদি সহিহ হাদিসসমূহ, তাফসীর(ইবনে কাসির, জালালাইন, মাযহারী), ইতিহাসগ্রন্থ (আল তাবারি, ইবন ইসহাক, আল মাগাযী) বাদ দেয় তাহলে পৃথিবীর ইতিহাসে ইসলাম একসময় মুছে যাবে। অনেক ধরনের প্রশ্ন চলে আসবে যার কোন উত্তর পাওয়া যাবেনা। যেমন 'ঈসা কে? আবু লাহাব কে?' এধরনের সাধারণ প্রশ্নেরও উত্তর দিতে পারবেনা শুধু কুরান নির্ভর মুসলমানেরা।

- কুরআন 16/44 : **তোমার প্রতি নাযিল করেছি কুরআন, যাতে তুমি মানুষের জন্য স্পষ্ট করে দিতে পার, যা তাদের প্রতি নাযিল হয়েছে**। এ থেকে এটা সুস্পষ্ট যে কুরআনের আয়াতসমূহ স্পষ্ট করে দেয়ার দায়িত্বও রাসূলের উপরই ছিল। তাই তার কথাকে অস্বীকার করার অর্থ কুরআনকেই অস্বীকার করা।

ইসলামের ৫ স্তম্ভ

সহিহ বুখারী (ইফা), হাদিস নং 7। রাসুলুল্লাহ সা বলেন, ইসলামের ভিত্তি পাঁচটি। তারমধ্যে রয়েছে- সালাত কায়েম করা, যাকাত দেওয়া, হজ্জ করা এবং রামাযান এর সিয়াম পালন করা।

সালাতঃ হাদিসে ৫ ওয়াক্ত নামাজের উল্লেখ আছে। সময়সূচী নির্দিষ্ট রয়েছে। কিন্তু কুরআনে ওয়াক্ত, সময় কোনটাই নির্দিষ্ট নেই। সাথে নামাজ পড়ার পদ্ধতি সম্পর্কেও বর্ণনা নেই। শুধুমাত্র কুরানিষ্টদের অনেকেরই এই নিয়ে দ্বিমত আসলে কয় ওয়াক্ত নামাজ পড়তে হবে। বিভিন্ন আহলে কুরান আলেম ৩-৫ ওয়াক্তের কথা উল্লেখ করে ফতোয়া প্রদান করেছেন।

যাকাতঃ কুরআনে যাকাতের সুস্পষ্ট বিধান উল্লেখ নেই।

হজ্জঃ সামর্থ্য থাকলে হজ্জ ফরজ। কিন্তু হজ্জ এর পদ্ধতি সম্পর্কে জানতে গেলে হাদিসের আশ্রয় নেয়াই লাগবে।

রোজাঃ ইসলামের এই একটি স্তম্ভই কুরআনে মোটামুটিভাবে বর্ণনা করা আছে। যদিও এর বর্ণনা হাদিস বাদেই কুরআনে পাওয়া যায় কিন্তু ইসহাকের বর্ণনার আগে কেউ রোজার গুরুত্ব সম্পর্কে জানত না। পরবর্তী বুখারী, মুসলিম এবং তাবারী একই পদ্ধতি অনুকরণ করেছেন।

হাদিস এবং সুন্নাহ ব্যতীত ইসলামকে কল্পনাই করা যায়না। শরীয়তের অসংখ্য বিষয় সরাসরি হাদিসের ওপর নির্ভরশীল। সহিহ হাদিস অস্বীকার করা আল্লাহর কালামকে অস্বীকার করারই মত। হাদিস অস্বীকার করলে ইসলামের পাচ ভিত্তির চারটিকেই অস্বীকার করা হয়ে যাবে। তাফসীর ও ইতিহাস গ্রন্থ ব্যতীত কুরআন শুধুমাত্র একটি প্রাচীন আরব সাহিত্য ছাড়া আর কিছুই নয়। সহিহ হাদিস সেটা যতই অবৈজ্ঞানিক, অমানবিক বা হাস্যকর হোক না কেন একজন মুসলমানের অবশ্যই হাদিস নিয়ে কোনরুপ সন্দেহ থাকা যাবেনা। সুন্নাহ অস্বীকার করা মানে মহানবীকেই অস্বীকার করা। অর্থাৎ, কাফের ও মুরতাদে পরিণত হওয়া।

- ❖ **আল্লাহ ও তাঁর রাসূল কোনো বিষয়ের ফায়সালা দিলে, কোনো ঈমানদার পুরুষ কিংবা নারীর জন্য সে বিষয়ে তাদের কোনো ভিন্ন সিদ্ধান্তের সুযোগ/অধিকার নেই।** যে আল্লাহ ও তাঁর রসূলকে অমান্য অমান্য করল সে স্পষ্টভাবে পথভ্রষ্ট হলো। সুরা আহযাব: ৩৬

- ❖ **হে নবী, তোমার প্রতি কুরআন নাযিল করেছি, যাতে তুমি মানুষের জন্য স্পষ্ট করে দিতে পার, যা তাদের প্রতি নাযিল হয়েছে।** / তোমার প্রতি কুরআন অবতীর্ণ করছি **মানুষকে স্পষ্টভাবে বুঝিয়ে দেয়ার জন্য** যা তাদের প্রতি অবতীর্ণ করা হয়েছে। কুরআন ১৬:৪৪

- ❖ **রসূল তোমাদেরকে যা দেয় তা গ্রহণ কর, আর তোমাদেরকে যাথেকে নিষেধ করে তাথেকে বিরত থাক**। কুরআন ৫৯:৭

- ❖ হে মুমিনগণ, তোমরা আল্লাহর আনুগত্য কর এবং **রাসূলের আনুগত্য কর**। কুরআন ৪৭/৩৩, ২৮/৫৪, ৬৪/১২, ৫/৯২

- ❖ **যে রসূলের আনুগত্য করল, সে তো আল্লাহরই আনুগত্য করল**। কুরআন ৪/৮০

- আল্লাহ কুরআনে তাঁর প্রশংসা করে বলেন: নিশ্চয় তুমি মহান চরিত্রের অধিকারী। সূরা কলাম: আয়াত ৪

- ❖ হে নবী! লোকদের বলে দাও। **যদি তোমরা আল্লাহকে ভালোবাস, তবে আমাকে অনুসরণ কর,** তাহলে আল্লাহ তোমাদের ভালোবাসবেন এবং তোমাদের গুণাহসমূহ মাফ করে দেবেন। সূরা আল-ইমরান: ৩১

- ❖ **আর যে** আল্লাহ ও **তাঁর রাসূলকে অমান্য করে, তার জন্য রয়েছে জাহান্নামের আগুন। তাতে তারা চিরস্থায়ী হবে।** Q:72/23

- ❖ আপনার রবের শপথ! তারা মুমিন হবে না যতক্ষণ পর্যন্ত তারা নিজেদের বিবাদ-বিসম্বাদের মীমাংসার ভার আপনার উপর অর্পণ না করে; অতঃপর আপনার মীমাংসা সম্পর্কে তাদের মনে কোনো দ্বিধা না থাকে এবং সর্বান্তকরণে তা মেনে নেয়। সূরা নিসা: ৬৫

৭০৭৮ নবী সা বলেন, উপস্থিত ব্যক্তি যেন আমার বাণী অনুপস্থিতের নিকট পৌঁছিয়ে দেয়।

৪৬০৫। নবী সা বলেনঃ অচিরেই তোমাদের মধ্যকার কোনো ব্যক্তি তার গদি আঁটা আসনে হেলান দিয়ে বসে থাকাবস্থায় তার নিকট আমার নির্দেশিত কোনো কর্তব্য বা নিষেধাজ্ঞা পৌঁছবে, তখন সে বলবে, আমরা যা আল্লাহর কিতাবে পাবো শুধু তারই অনুসরণ করবো।

সুনান ইবনু মাজাহ
পরিচ্ছেদঃ **রসূলুল্লাহ সা -এর হাদীসের প্রতি** সম্মান প্রদর্শন এবং তার **বিরুদ্ধবাদীর প্রতি কঠোর মনোভাব পোষণ**।
২/১৩। রাসূলুল্লাহ সা বলেনঃ **আমি যেন তোমাদের কাউকে এরূপ না পাই যে, আমার প্রদত্ত কোন আদেশ অথবা আমার প্রদত্ত কোন নিষেধাজ্ঞা তার নিকট পৌঁছলে সে বলবে, আমি কিছু জানি না, আমরা আল্লাহ্‌র কিতাবে যা পাবো তার অনুসরণ করবো**।

সুনান ইবনু মাজাহ
পরিচ্ছেদঃ ২. রসূলুল্লাহ সা-এর হাদীসের প্রতি সম্মান প্রদর্শন এবং তার বিরুদ্ধবাদীর প্রতি কঠোর মনোভাব পোষণ।
১/১২। রাসূলুল্লাহ সা বলেনঃ অচিরেই কোন ব্যাক্তি তার আসনে হেলান দেয়া অবস্থায় বসে থাকবে এবং **তার সামনে আমার হাদীস থেকে বর্ণনা করা হবে**, তখন সে বলবে, আমাদের ও তোমাদের মাঝে আল্লাহ্‌র কিতাবই যথেষ্ট !
নবী সা বলেন, **সাবধান! নিশ্চয়ই রাসূলুল্লাহ সা যা হারাম করেছেন তা আল্লাহ যা হারাম করেছেন তার অনুরূপ**।

https://sunnah.com/abudawud/42/9

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)
পরিচ্ছেদঃ **রাসূলুল্লাহ সা-এর হাদীসের ব্যাপারে যা বলা নিষেধ**
২৬৬৩। রাসূলুল্লাহ সা বলেছেনঃ আমি যেন তোমাদের মধ্যে কাউকে এমন অবস্থায় না পাই যে, তার নিকট যখন আমার আদিষ্ট কোন বিষয় অথবা আমার নিষেধ সম্বলিত কোন হাদীস উত্থাপিত হবে তখন সে (তাচ্ছিল্যভরে) বলবে, আমি তা জানি না, আল্লাহ তা'আলার কিতাবে আমরা যা পাই, তারই অনুসরণ করবো।

হাদীস সম্ভার

পরিচ্ছেদঃ সুন্নাহ পালনের গুরুত্ব ও তার আদব প্রসঙ্গে

১৪৯৯। রাসূলুল্লাহ সা বলেছেন, শোন! আমাকে কুরআন দান করা হয়েছে এবং তারই সাথে তারই মতো সুন্নাহ দান করা হয়েছে। শোন! সম্ভবতঃ নিজ গদিতে বসে থাকা কোন পরিতৃপ্ত লোক বলবে, 'তোমরা এই কুরআনের অনুসরণ কর; তাতে যা হালাল পাও, তাই হালাল মনে কর এবং তাতে যা হারাম পাও, তাই হারাম মনে কর। **সতর্ক হও! আল্লাহর রসূল যা হালাক-হারাম করেন, তাও আল্লাহর হালাল-হারাম করার মতোই**।

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

৩৫/ সুন্নাহ

পরিচ্ছেদঃ **সুন্নাতের অনুসরণ আবশ্যক**

হাদীস সম্ভার

পরিচ্ছেদঃ সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

১৫০১। বিদায়ী হজ্জে রসূল সা ভাষণ দিলেন। তাতে তিনি বললেন, "আমি তোমাদের মাঝে এমন জিনিস ছেড়ে যাচ্ছি; যদি তা দৃঢ়তার সাথে ধারণ করে থাকো তবে কখনই তোমরা পথভ্রষ্ট হবে না; আর তা হল আল্লাহর কিতাব এবং তাঁর নবীর সুন্নাহ(হাদীস)।

হাদীস সম্ভার

পরিচ্ছেদঃ সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

১৫০৩। রসূল সা বলেন, প্রত্যেক কর্মের উদ্যম আছে এবং প্রত্যেক উদ্যমের আছে নিরুদ্যমতা। সুতরাং যার নিরুদ্যমতা আমার সুন্নাহর গণ্ডির ভিতরেই থাকে সে হেদায়াতপ্রাপ্ত হয় এবং যার নিরুদ্যমতা এ ছাড়া অন্য কিছুতে (সুন্নাত বর্জনে) অতিক্রম করে সে ধ্বংস হয়ে যায়।

হাদীস সম্ভার

পরিচ্ছেদঃ সুন্নাহ পালনের গুরুত্ব ও তার কিছু আদব প্রসঙ্গে

১৫০৪। রসূল সা বলেন, **যে আমার সুন্নাত হতে মুখ ফিরিয়ে নেবে, সে আমার দলভুক্ত নয়**।

সহীহ বুখারী (ইফা)

৫৯৮৬। নবী সা বলেছেনঃ **শ্রেষ্ঠ হল আমার যমানার লোক। তারপর উত্তম হল এদের পরবর্তী যমানার লোক তারপর উত্তম হল এদের পরবর্তী যমানার লোক**।

সহীহ মুসলিম (ইফা)

৬২৪২। নবী সা বলেছেনঃ **সর্বাপেক্ষা উত্তম মানুষ আমার যুগে (অর্থাৎ সাহাবীগণ) এরপর যারা তাদের সাথে সংযুক্ত (অর্থাৎ তাবীঈগণ) এরপর যারা তাদের সাথে সংযুক্ত (অর্থাৎ তাবে-তাবেঈগন)**।

সূনান আত তিরমিজী (তাহকীককৃত)

৪৬/ রাসূলুল্লাহ ﷺ এর সাহাবীগণের মর্যাদা

পরিচ্ছেদঃ যে লোক রাসূলুল্লাহ সাকে দেখেছেন এবং তার সাহচর্য লাভ করেছেন তার মর্যাদা।

৩৮৫৯। রাসূলুল্লাহ সা বলেছেনঃ আমার যুগের ব্যক্তিরাই উত্তম। তারপর তাদের পরবর্তীগণ, তারপর তার পরবর্তীগণ।

[কোরআনকে ভুল ব্যাখ্যা করা হয়েছে? নবী কি হাদিস লিখতে নিষেধ করেছিল? কোরআন নবীকে মান্য করতে বলে]

হাদীসের মান 'হাসান'– যেটা অথেনটিক হাদিসের একটি প্রকারভেদ। কোনো মুসলমান যদি শুধু হাদিসের মান সহিহ লেখা থাকলে সেটা মানে, কিন্তু হাদিসের মান হাসান লেখা থাকলে সে হাদিস অস্বীকার করে, তবুও সে সাথে সাথে ইসলামে কাফের হিসেবে গণ্য হবে। বিস্তারিত জানতে নিচের লিংকে ক্লিক করুন-

Islamic ruling on- who denies hasan hadith.mp4

যারা সহীহ/হাসান হাদীস মানেন না তাদের ব্যাপারে ইসলামের সর্বোচ্চ আলেমদের বক্তব্য

Ruling on one who rejects a saheeh/hasan hadith - Islam Question & Answer (islamqa.info),

Publication Date: 02-03-2016

অনুবাদঃ প্রশ্ন নং ১১৫১২৫:

কেউ যদি সহীহ হাদিস অস্বীকার করে তাহলে কি সে অবিশ্বাসী তে পরিণত হয়? একজন ভাই বুখারী, মুসলিম এবং অন্যত্র বর্ণিত কিছু সংখ্যক সহীহ হাদীস বিজ্ঞানের সাথে সাংঘর্ষিক হবার কারণে তা অস্বীকার করেন। সহীহ হাদিস অস্বীকার কারীর ব্যাপারে ফয়সালা কি?

উত্তরঃ

প্রথমত:

ইসলামিক শরীয়াহর দ্বিতীয় উৎস হল নবীর সুন্নাহ। নবীর (সা:) কাছে সেই রূপে সুন্নাহর মাধ্যমে বাণী এসেছে, ঠিক যে রূপে এসেছে কোরআনের মাধ্যমে। আল্লাহর নিজের বাণী ই তার প্রমাণ: "আর তিনি মনগড়া কথা বলেন না।তাতো কেবল ওহী, যা তার প্রতি ওহীরূপে প্রেরিত হয়।" [আন- নাজম ৫৩:৩-৪]

আল্লাহ বিশ্বাসীদের উপর নবীর কথা, হাদীস এবং নির্দেশনা সমূহ এমন ভাবে গ্রহণ করতে বলেছেন যে; তিনি তার পবিত্র সত্তার কসম খেয়ে বলেন, যে কেউ নবীর কথা শ্রবণ করে, তারপর সেটা প্রত্যাখ্যান করে এবং তাদেরকে স্বীকার করে নেয় না তাদের বিশ্বাস করা না করায় কিছু যায় আসে না। তিনি বলেন:

"কিন্তু না, আপনার রবের শপথ তারা মুমিন হবে না যতক্ষন পর্যন্ত তারা নিজেদের বিবাদ-বিসম্বাদের বিচার ভার আপনার উপর অর্পণ না করে; অতঃপর আপনার মীমাংসা সম্পর্কে তাদের মনে কোন দ্বিধা না থাকে এবং সর্বান্তকরণে তা মেনে নেয়।" [আন নিসা ৪:৬৫]

এ কারণে বিশেষজ্ঞদের মধ্যে ঐক্যমত্য ছিল যে, যদি কেউ এটা সাধারণ ভাবে অস্বীকার করে যে সুন্নাহ শরীয়তের একটি দালিলিক উৎস, অথবা নবীর কোনো হাদিস প্রত্যাখ্যান করে এটা জানা সত্ত্বেও যে সেটা নবীর বাণী–তবে সে একজন অবিশ্বাসী, যে কিনা ইসলামের এবং আল্লাহ ও তার রাসূলের প্রতি বিশ্বাসের নিম্নতম স্তরেও পৌঁছাতে পারেনি।

ইমাম ইস- হাক ইব্ন রহাওয়াহ বলেনঃ

যদি কেউ আল্লাহর রাসূলের বর্ণিত কিছু শোনে এবং যদি সেটা সে হাদিসটি সহিহ হওয়ার কথা স্বীকার করে, তারপর সেটা প্রত্যাখ্যান করে, কোন রকম অভিনয় না করে (যখন কোন হুমকির কারণে তার অন্য কোন উপায় না থাকে) তাহলে সে একজন অবিশ্বাসী।

আস- সুয়ূতী বলেনঃ

এটা বুঝতে হবে যে, যদি কেউ এটা অস্বীকার করে যে নবীর হাদিস শরীয়াহর একটি প্রামাণ্য দলিল- যদি সে এমন কোন বিবরণ অস্বীকার করে যেটা এমন কিছু বর্ণনা করে যা নবী বলেছেন বা করেছেন, যদি সেই হাদিস টা হাদিসের উসুলের শর্ত সমূহ পূরণ করে- তাহলে সে একজন অবিশ্বাসীর ন্যায় আচরণ করলো যা তাকে ইসলামের গণ্ডির বাইরে নিক্ষেপ করে এবং সে ইহুদি এবং খ্রিস্টান দের দলভুক্ত হবে (কিয়ামতের দিন) অথবা অন্য যে কোন অবিশ্বাসী দলের সাথে যার সাথে আল্লাহ চান। [মিফতাহ আল-জান্নাহ ফী' ইহতিযাজ বি'স – সুন্নাহ (পৃষ্ঠা ১৪)]

আল- ' আল্লামাহ ইবন আল- ওয়াজির বলেনঃ

যখন কেউ জেনে শুনে আল্লাহর রাসূলের হাদিস অস্বীকার করে এটা ভয়ংকর অবিশ্বাসের সামিল। [আল-' আওয়াসিম ওয়া'ল – কাওয়াসিম (২/২৭৪)]

ফাতাওয়া আল – লাজনাহ আদ – দা ' ইমাহ তে বলা হয়েছে:

যে ব্যক্তি এটা অস্বীকার করে যে, আমাদের সুন্নাহ্ মেনে চলা উচিৎ তাহলে সে একজন অবিশ্বাসী, কারন সে আল্লাহ এবং তার রাসূলের প্রতি অবিশ্বাস জ্ঞাপন করছে এবং সমগ্র মুসলিমদের ঐক্যমত কে পরিত্যাগ করছে। [ফাতাওয়া আল – লাজনাহ আদ – দা ' ইমাহ (ভল.২,৩/১৯৪)

দ্বিতীয়ত:

আর যে ব্যক্তি কোন হাদিস স্বীকার না করে তা পরিত্যাগ করে এ জন্য যে তা আসলে নবীর কথা নয়, সে প্রথম শ্রেণীভুক্ত মানুষদের মত নয়। আমরা এটা বুঝি যে নতুন "যুক্তিবাদী জ্ঞানালোকিত" ধারার অনেক অনুসারী আছেন- যারা তাদের নিজস্ব দৃষ্টিভঙ্গি ধ্যান ধারণা দিয়ে নবীর সুন্নাহ কে বিচার করছেন – তারা আসলে নতুন কিছুই করছেন না। উপরন্তু তারা তাদের পূর্ববর্তী বিদআতীদের ই অনুসারী, যাদের অসার দাবিকে বিশেষজ্ঞ গন তাদের যুক্তি দ্বারাই খণ্ডন করেছেন।

↥

যেখানে আমরা দেখতে পাই যে আল্লাহর রাসূলের সাহাবীগণের সময়কাল থেকে আজ পর্যন্ত সকল ইসলামী বিশেষজ্ঞগণ হাদিসের গ্রহণ যোগ্যতার উপর ঐক্যমত পোষণ করেন এবং এর উপর মন্তব্য করেন, ব্যাখ্যা করেন, প্রমাণ হিসেবে উপস্থাপন করেন এবং এর উপর আমল করেন।

যুক্তিসংগত চিন্তাধারা (যেটাকে তারা তাদের যুক্তির ভিত্তি বলে দাবি করে) কি এটাই নির্দেশ করে না যে তারা বিশেষজ্ঞদের সেই বিষয়ের উপর ঐক্যমত্যকে সম্মান করবে যেটা তাদের বিশেষ জ্ঞানের কেন্দ্রীয় অংশ।

উদাহরণ স্বরূপ কেউ কি এমন কথা বলার দুঃসাহস দেখাবে যে পদার্থবিদগণ, রসায়নবিদগণ, গণিতবিদগণ, শিক্ষাবিদগণ অথবা অর্থনীতিবিদরা একটি ভুল করে ফেলেছেন যদি তারা কোন বিষয়ের উপর একমত হন – বিশেষত যখন সেই ব্যক্তি যিনি তাদের উপর অভিযোগ করছেন নিজেই ওই বিষয়ের উপর বিশেষজ্ঞ না হন; বরঞ্চ যেটা বলা যেতে পারে যে তিনি ওই বিষয়ে কয়েকটি নিবন্ধ পড়েছেন মাত্র অথবা বিজ্ঞান সংক্রান্ত কিছু শিক্ষানবিস বই অথবা বিজ্ঞান বিষয়ক 'The complete idiot's guide' (যে বইগুলো কোন বিষয়ের উপর একেবারে প্রাথমিক ধারণা দেয়)।

এই বিষয়ের সাথে সম্পর্কিত কিছু একাডেমিক মূলনীতি উদ্ধৃত করে, যেটা তিনি তার বিভিন্ন কিতাবে প্রচুর পরিমাণে আলোচনা করেছেন- ইমাম আশ- শাফা ' ই বলেন – (যার মধ্যে কিছু আমরা এখানে উল্লেখ করেছি) – তিনি যা বলেছেন তা শুধুমাত্র অল্প কয়েক জন বিশেষজ্ঞের দৃষ্টিভঙ্গী নয়, অথবা তার নিজস্ব দৃষ্টিভঙ্গী নয়, বরঞ্চ এগুলো সেই সব মূলনীতি যার উপরে আলেমগণের ঐকমত্য ছিল যারা তার আগে এসেছেন।

এবং তাদের কেউই অন্যদের সাথে এ ব্যপারে ভিন্নমত করেন নি। তারা বলেছেনঃ এটা হল আল্লাহর নবীর সাহাবী, তাবিয়ীন এবং তাদের পরবর্তী প্রজন্মের আলেমগণের দৃষ্টিভঙ্গী এবং আমাদের দৃষ্টিভঙ্গিও তাই। আমাদেরকে মতে, যে এই পথ থেকে বিচ্যুত হয় সে আল্লাহর রাসূলের সাহাবীদের এবং তার পর হতে আজ পর্যন্ত আগত আলেমগণের পথ হতে বিচ্যুত হয়েছে এবং সে মূর্খদের অন্তর্ভুক্ত। এবং তাদের সবাই বলেছেন: আমরা সমগ্র অঞ্চলের আলেমগণের মধ্যে এ ব্যপারে ঐকমত্য ব্যতীত আর কিছুই দেখি না, সর্বসম্মতি ক্রমে তাকে মূর্খ হিসেবে অভিহিত করতে যে এই পথ থেকে বিচ্যুত হয়েছে । এবং তারা অথবা তাদের মধ্যে অধিকাংশই আরো অগ্রসর হয়ে যারা এই পথ থেকে বিচ্যুত হয় তাদের ব্যাপারে আরো কঠোর দৃষ্টিভঙ্গি প্রকাশ করছেন, কিন্তু সেগুলো এখানে উদ্ধৃত করার কোন প্রয়োজন নেই।

[ইখতিলাফ আল-হাদিস, আল- উম্ম (১০/২১)। আরো দেখুন: আর- রিসালাহ (প্যারা ১২৩৬-১২৪৯)]

ইমাম আহমাদ বলেছেন: যে আল্লাহর রাসূলের হাদিস কে প্রত্যাখ্যান করে সে ধ্বংসের দ্বারপ্রান্তে উপনীত।

আল- হাসান ইবন ' আলী আল- বর্বাহারি বলেছেনঃ

যদি তুমি কোন মানুষকে কোন হাদিসের উপর বিষোদগার করতে অথবা অস্বীকার করতে শোন অথবা হাদিসের উপরে অন্য কিছুকে অগ্রাধিকার দিতে দেখ , তাহলে ইসলামের প্রতি তার অঙ্গীকারকে সন্দেহ করো, সে সন্দেহাতীত ভাবে খেয়াল খুশি মত নিজের ইচ্ছা এবং বিদআতের অনুসরণ করছে।

যখন তুমি কোন হাদিস উদ্ধৃত করো যদি দেখো কেও তার প্রতি মনোযোগ দিচ্ছে না এই কারণে যে সে শুধুমাত্র কুরআন থেকে উদ্ধৃতি শুনতে আগ্রহী, তাহলে তুমি কোন সন্দেহ পোষণ করবে না যে সেই ব্যক্তি পথভ্রষ্টদের পথ অনুসরণ করছে। অতএব তাকে ত্যাগ করো এবং তাকে বিদায় জানিয়ে দাও।

শরহে আস- সুন্নাহ (১১৩-১১৯)।

শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যাহ বলেছেনঃ

রাসূল তার রবের কাছ থেকে যা কিছুই বর্ণনা করেন তা বিশ্বাস করা বাধ্যামূলক, আমরা তার অর্থ বুঝি আর না বুঝি, কারণ তিনি সর্বাধিক সত্যবাদী। কুরআন এবং সুন্নাহ তে যা কিছুই বলা আছে, প্রত্যেক বিশ্বাসী কে তাতে বিশ্বাস রাখতে হবে, যদি সে এটার অর্থ না ও বোঝে।

মাজমু ' আল ফাতাওয়া (৩/৪১)

↥

সেই নিকৃষ্ট মানুষটির সমালোচনা করায় ইতিহাসের নিকৃষ্টতম honor killing

সহীহ বুখারী (তাওহীদ)
পরিচ্ছেদঃ আহযাব যুদ্ধ থেকে নাবী সা -এর প্রত্যাবর্তন এবং তাঁর বনূ কুরাইযাহ অভিযান ও তাদেরকে অবরোধ।
৪১২৪। নবী সা বনু কুরাইযার সঙ্গে যুদ্ধের দিন হাস্সান ইবনু সাবিত (রা) কে বলেছিলেন- **কবিতা আবৃত্তি করে মুশরিকদের দোষ-ত্রুটি তুলে ধর**।

সূনান নাসাঈ (ইসলামিক ফাউন্ডেশন)
পরিচ্ছেদঃ রাসূলুল্লাহ (ﷺ)-কে মন্দ বলার শাস্তি
৪০৭২. আবু বারযা আসালামী (রা) বলেন, এক ব্যক্তি আবু বকর সিদ্দীক (রা) কে মন্দ বললে, আমি বললামঃ আমি কি তাকে হত্যা করবো? তিনি আমাকে ধমক দিয়ে বললেনঃ এই মর্যাদা রাসূলুল্লাহ্ সা ব্যতীত আর কারো নেই।

(জামেউল আহাদীস, হাদীস নং-২২৩৬৬, জামেউল জাওয়ামে, হাদীস নং-৫০৯৭)
হযরত আলী (রা) থেকে বর্ণিত, রাসূল (ﷺ) বলেন- "যে ব্যক্তি আমাকে মন্দ বলে, তাকে হত্যা কর। আর যে আমার সাহাবীকে মন্দ বলে, তাকে প্রহার কর।"

(ফাতহুল কাদীর, চতুর্থ খন্ড, পৃষ্ঠা ৪০৭)
"রাসূল (ﷺ) এর প্রতি বিদ্বেষপোষণকারী ব্যক্তি মুরতাদ হয়ে যায়। সুতরাং যে কটূক্তিকারী, সে তো আরো আগেই মুরতাদ হয়ে যাবে। আমাদের মতে, এমন ব্যক্তিকে শাস্তি হিসেবে হত্যা করা জরুরী। তার হত্যা মাফ করা যাবে না।"

ইমাম আবু হানিফা (রহিঃ), ইমাম মালেক (রহিঃ) এর মাযহাব: (তাম্বিহুল উলাতি ওয়াল হুক্কাম, পৃষ্ঠা ৩২৮)
রাসূলের অবমাননাকারীদের সর্বাবস্থায় হত্যা করা জরুরী। তার ক্ষমা প্রার্থনা মোটেও গ্রহণযোগ্য নয়। এই মাসআলায় কোনো মুসলমানের মতভেদ কল্পনাও করা যায় না।

(আস সারিমুল মাসলুল 'আলা শাতিমির রাসূল)
ইমাম মালেক (রহি) বর্ণনা করেন, **যে রাসূল (ﷺ) এর বদনাম করবে, দোষ-ত্রুটি বের করবে। তাকে হত্যা করা হবে, চাই সে কাফের হোক বা মুসলমান**, তার কাছে তওবা তলব করা হবে না।"

(আস সারিমুল মাসলুল 'আলা শাতিমির রাসূল)
শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহিঃ) বলেন, "যদি কোনো জিম্মি বা জিযিয়া প্রদানকারী কাফির ও রাসূলকে অবমাননা করে তাহলেও তাকে হত্যা করা হবে। কারণ তখন রাসূল সা কে অবমাননা করার কারণে তার সাথে কৃত অঙ্গীকারনামা বাতিল হয়ে যাবে।

শায়েখ মুহাম্মাদ সালিহ আল মুনাজ্জিদ, islamqa.info
"নবী মুহাম্মদ সা কে কেউ কটূক্তি করলে সকল আলিমই এই বিষয়ে ঐক্যমত্যে পৌঁছেছেন যে, তাকে হত্যা করতে হবে। সে তওবা করলেও তার মৃত্যুদণ্ড কার্যকর করতে হবে। উম্মতের(নবীর অনুসারীদের) অধিকার হচ্ছে তাকে কতল করা"।

কবিতা আবৃত্তি করত। তার ৩০ জন পুত্র সন্তান ছিল। তাদেরকে সে রাসূল (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে উৎসাহ দিত। এসব কারণে রাসূল (সা.) তাকে হত্যা করার আদেশ দেন। —আল ফিকহু আলা মাযাহিবিল আরবা'আ

মুরতাদ যদি তওবা করে তাহলে তার তওবা কবুল করতে হবে এবং তাকে হত্যা করা যাবে না।

কিন্তু কোন ব্যক্তি যদি রাসূল (সা.)-কে গালি দেয়ার কারণে মুরতাদ হয়ে যায় তাহলে তার তওবা কবুল হবে না। তওবা কবুল করলেও তাকে হত্যা করতে হবে।

এমনকি কোন ব্যক্তি যদি অন্য কারণে মুরতাদ হয়ে মুরতাদ অবস্থায় রাসূল (সা.)-কে গালি দেয় অতঃপর তওবা করে মুসলমান হয়ে যায় তথাপি তাকে হত্যা করতে হবে। কেননা এটা আল্লাহর একটি দণ্ড বিধান। যা মওকুফ হওয়ার নয়।

উল্লেখ্য যে, কেউ যদি আল্লাহকে গালি দিয়ে পরে তওবা করে তাহলে তার তওবা কবুল হবে। কারণ আল্লাহ্ তা'আলা সমস্ত ত্রুটি থেকে পবিত্র হওয়াটা যুক্তির নিরিখে সুপ্রমাণিত। পক্ষান্তরে রাসূল (সা.)-এর দোষমুক্ত হওয়াটা যুক্তিদ্বারা প্রমাণিত নয় বরং সরাসরি আল্লাহ্ প্রদত্ত ওহী (সংবাদের) ভিত্তিতে প্রমাণিত। সুতরাং আল্লাহর ওহী অস্বীকার করায় এর অপরাধ অনেক বেশি।

৮

অর্থাৎ যে ব্যক্তি, আল্লাহ্‌রই পানাহ্, মুরতাদ্দ্ হয়ে যায় তার স্ত্রী হারাম হয়ে যায়। তারপর ইসলাম গ্রহণ করলে তাকে পুনরায় নতুনভাবে বিবাহ্ করা যাবে। ইতোপূর্বে কুফরী কলেমা বলার পর কৃত সঙ্গমের ফলে যে সন্তান হবে সে হারামী (জারজ) হবে। আর এ ব্যক্তি অভ্যাসগতভাবে কলেমা-ই শাহাদত পড়তে থাকলেও কোন লাভ হবে না; যতক্ষণ না নিজের কুফর থেকে তাওবা করবে। কারণ, মুরতাদ্দ্ অভ্যাসগতভাবে কলেমা পড়তে থাকলে তার কুফর দূরীভূত হয় না। আর যে লোকটি রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম অথবা কোন নবীর শানে বেয়াদবী করে, দুনিয়ায় তাওবার পরও তাকে শাস্তি দেওয়া হবে। এমনকি যদি নেশার কারণে বেঁহুশ অবস্থায় বেয়াদবীপূর্ণ কথাবার্তা বলে থাকে, তবুও ক্ষমা করা হবে না।

ফাত্হুল ক্বাদীর: ৪র্থ খণ্ড: পৃ. ৪০৭-এ আছে-

সাত. যে ব্যক্তি নবী-ই করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর প্রতি নিজের অন্তরে হিংসা-বিদ্বেষ রাখে, সে মুরতাদ। (সুতরাং) তাঁকে গালিদাতা তো অধিকতর স্পষ্ট পদ্ধতিতে মৃত্যুদণ্ডে দণ্ডিত হবার উপযোগী। অতঃপর

অর্থাৎ যে ব্যক্তি কলেমা পড়ুয়া হয়ে হুযূর-ই আক্বদাস সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে মন্দ বলে অথবা মিথ্যারোপ করে, অথবা কোন দোষ-ত্রুটি আরোপ করে অথবা মানহানি করে সে নি:সন্দেহে কাফির এবং তার স্ত্রী তার বিবাহ্ বন্ধন থেকে বের হয়ে গেছে।

১০

অর্থাৎ নেশার কারণে বেহুঁশ অবস্থায় যদি কারো মুখ থেকে কুফরের কোন কথা বের হয়ে যায়, তাকে, বেহুঁশ হবার কারণে, কাফির বলবে না, কুফরের শাস্তি দেবে না; কিন্তু নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর শানে আক্বদাসে বেয়াদবী করা এমন জঘন্য কুফর যে, নেশার কারণে বেহুঁশ হওয়ার অবস্থায়ও যদি তা সম্পন্ন হয়ে যায়, তবে তাকে ক্ষমা করা যাবে না। আর, আল্লাহ্‌রই পানাহ্, মুরতাদ্দ্ হওয়ার বিধান হচ্ছে- তার স্ত্রী তাৎক্ষণিকভাবে তার বিবাহ্ বন্ধন থেকে বের হয়ে যাবে। (সে পরে ইসলাম গ্রহণ করলেও স্ত্রী তার বিবাহে ফিরে আসবে না। (সূত্র: গামাযুল 'উয়ূন)। আর যদি সে ওই মুরতাদ্দ অবস্থায় মরে যায়, তবে আল্লাহ্‌রই পানাহ্, তাকে মুসলমানদের কবরস্থানে দাফন করার অনুমতি নেই, না কোন মিল্লাতধারী, যেমন- ইহুদী কিংবা খ্রিস্টানের কবরস্থানেও। তাকে তো কুকুরের মতো কোন গর্তে নিক্ষেপ করা হবে। মুরতাদ্দের কুফর আসল কাফিরের কুফর অপেক্ষাও নিকৃষ্ট। আর যদি কোন মুসলমানের বিপক্ষে 'আদিল' (মুত্তাকী ও

কিতাব, সুন্নাহ্, ইজমা'-ই উম্মাহ্ ও দ্বীনের ইমামগণের স্পষ্ট বর্ণনাদি অনুসারে পরম সম্মানিত নবী ও রসূলের মানহানির শাস্তি একমাত্র মৃত্যুদণ্ড। রসূল-ই পাকের স্পষ্ট বিরোধিতা রসূল-ই পাকের মানহানির শামিল। ক্বোরআন-ই করীম এ অপরাধের শাস্তি মৃত্যুদণ্ড বলেছে। এতদ্ভিত্তিতেই কাফিরদের সাথে যুদ্ধের নির্দেশ দেওয়া হয়েছে। যেমন এরশাদ হয়েছে-

ذٰلِكَ بِأَنَّهُمْ شَاقُّوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ۚ وَمَنْ يُّشَاقِقِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَإِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ

তরজমা: (কাফিরদেরকে মৃত্যুদ) এজন্য দেয়া হবে যে, তারা আল্লাহ্ ও রসূলের স্পষ্ট বিরোধিতা করে, আল্লাহ্ ও রসূলের মানহানি করেছিলো; এবং যে ব্যক্তি আল্লাহ্ ও রসূলের বিরুদ্ধাচারণ করে, তবে আল্লাহর শাস্তি কঠিন।[১]

চার. ইমাম আবূ বকর ইবনে মুনযির বলেছেন, আম ওলামা-ই ইসলামের এ মর্মে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়েছে যে, যে ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে গালি দেয় (মন্দ বলে), তাকে কতল করা হবে। এ

পাঁচ. এমন প্রতিটি লোকই, যে নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লামকে গালি দিয়েছে অথবা হুযূরের দিকে কোন দোষ-ত্রুটির সম্পর্ক রচনা করেছে, অথবা হুযূর-ই আকরামের পবিত্র সত্তা, তাঁর বংশ, তাঁর দ্বীন অথবা তাঁর কোন চারিত্রিক বৈশিষ্ট্যের দিকে কোন ত্রুটির সম্পর্ক রচনা করে, অথবা তাঁর সমালোচনা করে, অথবা যে কেউ অশালীনতা, মানহানি অথবা তাঁর শান মুবারকের জন্য ক্ষতিকর অথবা তাঁর যাত-ই মুক্বাদাসার প্রতি কোন দোষ-ত্রুটি আরোপ করার জন্য হুযূর-ই আক্রামকে কোন জিনিষের সাথে তুলনা করে, সে বস্তুত: হুযূর-ই আক্রামকে প্রকাশ্যে গালিদাতা। তার শাস্তি হচ্ছে মৃত্যুদণ্ড। আমরা এ হুকুম থেকে কোন কিছুকে মোটেই বাইরে রাখিনা, আমরা তাতে বিন্দুমাত্র সন্দেহও করি না- চাই প্রকাশ্যে মানহানি করুক অথবা ইঙ্গিতে করুক অথবা কথার সূক্ষ্ম মারপ্যাঁচে করুক। এটা উম্মতের সমস্ত আলিম ও সকল ফাত্ওয়া বিশারদের ইজমা' বা ঐকমত্য। সাহাবা-ই কেরামের যুগ থেকে এ পর্যন্ত সকলেরই এ ইজমা' (ঐকমত্য)। (রাদ্বিয়াল্লাহু

যাবে। ইমাম আবূ হাফস কবীর (হানাফী) থেকে উদ্ধৃত, যদি কেউ হুযূর সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর একটি মাত্র চুল মুবারককেও ত্রুটিযুক্ত বলে, সেও কাফির হয়ে যাবে। ইমাম মুহাম্মদ আলায়হির রহমাহ্ 'মাবসূত্ব'-এ বলেছেন, নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর শানে অশালীন কথা বলা কুফর।[১৩]

দশ.কোন মুসলমানের এতে দ্বিমত নেই যে, যে ব্যক্তি নবী করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর প্রতি অবমাননা প্রদর্শন করেছে ও তাঁকে কষ্ট দেওয়ার ইচ্ছা করেছে আর সে নিজেকে মুসলমান বলে দাবী করে, সে মুরতাদ্দ কতলের উপযোগী অপরাধী।[১৪]

সুতরাং বুঝা গেলো যে, কিতাব (ক্বোরআন), সুন্নাহ্, ইজমা'-ই উম্মাহ্ ও বিজ্ঞ ওলামা-ই কেরামের অভিমতসমূহ অনুসারে রসূলে পাকের শানে বেয়াদবী প্রদর্শনকারীর শাস্তি হচ্ছে- শরীয়তে নির্দ্ধারিত শাস্তি (হদ্দ) হিসেবে তাকে কতল করা হবে।

চার. এখানে আরেকটা সংশয়ের অপনোদনও জরুরী মনে করি। তা হচ্ছে যদি প্রশ্ন করা হয়- 'রসূলে করীম সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর মানহানির শাস্তি যদি শরীয়তের নির্দ্ধারিত শাস্তি হিসেবে 'মৃত্যুদণ্ড' প্রদান করাই হয়, তাহলে কোন কোন মুনাফিক্ব হুযূর-ই আক্রামের শানে প্রকাশ্যে মানহানি করেছিলো, কখনো কখনো সাহাবা-ই কেরাম তাৎক্ষণিকভাবে ওই বেয়াদব মুনাফিক্বকে হত্যা করার অনুমতি চাইতেন;

কিন্তু হুযূর-ই করীম অনুমতি দেননি, এর কারণ কি?' তবে এর একাধিক জবাব বিজ্ঞ ইমামগণ দিয়েছেন। এমনকি ইবনে তাইমিয়াও এর কতিপয় জবাব দিয়েছেন। জবাবগুলো নিম্নরূপ:

ক. তখন ইসলামের প্রাথমিক যুগ ছিলো। ওই সময় 'হদ্দ' তথা মৃত্যুদণ্ড কার্যকর করা বিভিন্নমুখী ফ্যাসাদের কারণ ছিলো। তাই তাৎক্ষণিকভাবে মৃত্যুদণ্ড না দিলে তাদের মানহানিকর কথা শুনে ধৈর্যধারণ করাই শ্রেয় ছিলো।

খ. মুনাফিক্বগণ রসূলে পাকের শানে প্রকাশ্যভাবে মানহানি করতো না; বরং পরস্পরের মধ্যে গোপনে হুযূর-ই আকরামের শানে মানহানিকর কথাবার্তা বলতো।

গ. মুনাফিক্বগণ শানে রিসালতে মানহানিরূপী অপরাধ করলে সম্মানিত সাহাবীগণ হুযূর-ই আক্বরামের দরবারে তাদেরকে হত্যা করার অনুমতি চাওয়া এ কথার পক্ষে সুস্পষ্ট প্রমাণ যে, সাহাবা-ই কেরাম জানতেন যে, রসূলে পাকের শানে বেয়াদবী করার শাস্তি হচ্ছে 'কতল' (মৃত্যুদণ্ড)।

উল্লেখ্য যে, রসূলে পাকের শানে বেয়াদবী প্রদর্শনকারী আবূ রাফি' ইহুদী ও কা'ব ইবনে আশ্‌রাফকে হত্যার নির্দেশ রসূলে করীম দিয়েছিলেন। এ নির্দেশের ভিত্তিতে সাহাবা-ই কেরাম জানতেন যে, হুযূর সাল্লাল্লাহু তা'আলা আলায়হি ওয়াসাল্লাম-এর শানে বেয়াদবী প্রদর্শনকারী মৃত্যুদণ্ডের উপযোগী অপরাধী।

প্রিয়নবী সা. কে অবমাননার শাস্তি ২২

মুহাম্মাদ বিন মাসলামাহ রা. তাঁর দায়িত্ব পালনের জন্য একটি পরিকল্পনা করলেন। এজন্য রাসূলের কাছে একটি বিষয়ের অনুমতি চাইলেন। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে তিনি বললেন,

"হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমাকে তাহলে আপনার বিরুদ্ধে কথা বলার অনুমতি দিতে হবে।" [পরিকল্পনার বিষয় হলো যে, আমাকে আপনার ব্যাপারে নেতিবাচক কথা বলতে হবে] রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "এ ব্যাপারে তোমাকে অনুমতি দেয়া হলো।"

এবার মুহাম্মাদ বিন মাসলামাহ রা. আনসারদের মধ্যকার আওস গোত্র থেকে অল্প কয়েকজনকে নিয়ে ছোট একটি জামাত গঠন করলেন। যাদের মধ্যে একজন ছিলেন আবূ নায়লা। কথিত আছে যে আবূ নায়লা ছিলেন কা'ব বিন আশরাফের সৎভাই। তাঁরা কা'ব ইবন আশরাফের জন্য একটি ফাঁদ পাতলেন।

মুহাম্মাদ বিন মাসলামা রা. তাঁর ক্ষুদ্র দলটি নিয়ে কা'ব ইবন আশরাফের সাথে সাক্ষাত করতে গেলেন। কা'ব এর সাথে দেখা হলে পরিকল্পনা অনুযায়ী আল্লাহর রাসূলের দিকে ইঙ্গিত করে তিনি কা'বকে বললেন,

"এই লোকটি আমাদের জন্য আল্লাহর পক্ষ হতে একটি পরীক্ষা ও একটি সমস্যা হয়ে দাঁড়িয়েছে। সে একটি দুর্যোগ এবং তাঁর জন্যই পূরো আরব আমাদের শত্রু হয়ে গেছে এবং আমাদের সাথে লড়াই করছে।"

কা'ব বললো, "আমি তো এটি জানতাম। তাই তো তোমাদের আগেই বলেছি এবং সামনে তোমরা আরও বিপদে পড়বে, খারাপ সময় দেখবে।"

মুহাম্মাদ ইবনে মাসলামাহ বললেন, "আমরা অপেক্ষা করতে চাই এবং দেখতে চাই এর শেষ কিভাবে হয়।"

তিনি এখন কা'বের সাথে একটি ভাব তৈরী করার চেষ্টা করতে লাগলেন। তিনি বললেন, "হ্যাঁ, কা'ব, লোকটার জন্য আমাদের অর্থনৈতিক অবস্থার অবনতি ঘটছে, আর্থিকভাবে একটু সমস্যায় পরে গেছি। তোমার কাছ থেকে আমরা কিছু অর্থ ধার নিতে চাই, যার বিনিময়ে প্রয়োজনে তোমার নিকট কিছু জামানাতও রাখতে রাজি আছি।"

আমরা আমাদের অস্ত্রগুলো তোমার নিকট বন্ধক রেখে যেতে পারি।"
সে বলল, "ঠিক আছে, এটি হতে পারে।"
মুহাম্মাদ বিন মাসলামাহ কা'বের জন্য এভাবে ফাঁদ পাতলেন। যাতে তার কাছে পরের বার অস্ত্র আনতে গেলে সে সন্দেহ না করে। তিনি পরবর্তী সাক্ষাতের জন্য রাতের একটি মুহূর্তকে নির্ধারণ করলেন এবং নির্ধারিত সেই সময়ে, গভীর রাতের উপযুক্ত এবং সঠিক সময়ে তার কাছে ফিরে এলেন। ঘরের বাইরে থেকে এবার তিনি কা'বকে ডাক দিলেন।
কাবের স্ত্রী সেই আওয়াজ শুনে বলল, "আমি এই ডাকের মধ্যে রক্তের গন্ধ পাচ্ছি।"
কা'ব বলল, চিন্তা করো না, "এটি হচ্ছে আমার বন্ধু মাসলামাহ এবং আমার ভাই আবু নায়লা।"
এতে বুঝা যায় যে, তাদের মাঝে জাহেলিয়াতের সময় থেকেই সুসম্পর্ক ছিলো, বন্ধুত্ব ছিলো।
অতঃপর সে নিচে গেলো মুহাম্মাদ ইবনে মাসলামাহ রা. ও তাঁর সাথীদের সাথে দেখা করতে। ইতোমধ্যে তাঁরা একটি সংকেত ঠিক করে নিয়েছিলেন। মুহাম্মাদ ইবনে মাসলামাহ তাঁদের বললেন, "আমি কৌশলে ওর মাথা ধরবো। যখন তোমরা আমাকে ওর মাথা ধরতে দেখবে, তখনই তালোয়ার দিয়ে তাকে শেষ করে দেবে।" এটাই ছিল তাদের সংকেত।
এবার তিনি তার মাথার চুল গুলোকে ভালোভাবে ধরলেন এবং তালোয়ার দিয়ে তাকে আঘাত করতে থাকলেন। সাথে আসা আওসের সাহাবীরাও এগিয়ে এলেন। কিন্তু সেগুলো তাকে মারার জন্য যথেষ্ট ছিল না এবং সে সাহায্যে জন্য চিৎকার করে উঠল। তাৎক্ষণিকভাবে সবগুলো দূর্গতে আলো জ্বলে ওঠল। মুহাম্মাদ ইবনে মাসলামাহ বললেন,"আমার মনে পড়ল যে আমার কাছে একটি ছুরি আছে। তাই আমি সেটা বের করে তা দিয়ে তার তলপেটে আঘাত করলাম। একেবারে নিম্নাংশের হাড় পর্যন্ত সেটি গেঁথে দিলাম এবং কাজ শেষ করে দ্রুত সে স্থান ত্যাগ করলাম।" [৩]

ওয়াকিদি রহ. বলেন, "সকালে ইহুদীরা মুশরিকদের সাথে নিয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলল, আমাদের মধ্যে শীর্ষ সম্মান ও মর্যাদার অধিকারী এবং নেতৃস্থানীয় এক ব্যক্তিকে গত রাতে হত্যা করা হয়েছে।"
তারা বলল, "কুতিলা গিলাহ" এবং গিলাহ মানে হচ্ছে গুপ্তহত্যা। এই শব্দটির সাথে নেতিবাচক অর্থ জড়িত কারণ এর মানে হচ্ছে এই ব্যক্তি খুন হয়েছে এবং তা হয়েছে আকস্মিকভাবে। সে এই ব্যাপারে জানত না। এটি দ্বিপাক্ষিক ছিল না, একে অপরের বিরুদ্ধে ছিল না, তাকে গোপনে তার অবগতির বাইরে হত্যা করা হয়েছে।
তারা বলল, "তাকে কোন অপবাদ ছাড়াই হত্যা করা হয়েছে।" কেন তাকে হত্যা করা হল, এটাই ছিল রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে প্রশ্ন।
কারণ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং ইহুদীদের মধ্যে একটি চুক্তি ছিল। সীরাতে এটি ভালোভাবেই উল্লেখ আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মদীনায় আসেন তখন তাঁর সাথে সকল ইহুদীদের একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছিলো। এখন কা'ব ইবনে আশরাফকে হত্যা করা হয়েছে, কেন? এটা কেন হল?

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন,
إنه لو قر كما قر غيره ممن هو على مثل رأيه ما قتل. ولاكنه نال منا الأذى وهجانا بشعر ولم يفعل هذا أحد منكم إلا كان السيف
অর্থ: "সে যদি সেই ব্যক্তিদের মতো শান্ত হয়ে যেত, যারা তার মতামত অনুসরণ করে অথবা একই মত পোষণ করে, তাহলে তাকে হত্যা করা হত না। কিন্তু সে আমাদের ক্ষতি করেছে, তার কবিতা দিয়ে আমাদের মানহানি করেছে। আর তোমাদের মধ্যে যে এই কাজটি করবে আমরা তালোয়ার দিয়ে এর বোঝাপড়া করবো।" [৪]

এরপর তিনি ইহুদীদের কাছে বিষয়টি পরিস্কার করে দিলেন। তিনি বললেন, তোমাদের মধ্যে কোন ইহুদী বা মুশরিক যদি কথার মাধ্যমে, কবিতা বা মিডিয়ার মাধ্যমে আমার মানহানি করার চেষ্টা করো, তাহলে আমরা তাকে এভাবেই দেখে নেবো। তোমাদের আর আমাদের মধ্যে তালোয়ার ব্যতীত আর কিছুই করার থাকবে না! সেখানে কোন সংলাপ হবে না, কোন ক্ষমা করা হবে না, কোন সহমর্মিতা থাকবে না, মীমাংসার কোন উদ্যোগ নেয়া হবে না। আমার আর তোমাদের মধ্যে তখন থাকবে শুধুই তলোয়ার।

ইবনে তাইমিয়্যাহ বলেন, না! তাকে হত্যা করা হয়েছে তার কবিতার জন্য, যেটি তার মক্কায় যাওয়ার পূর্বে ছিল। তাই তার মক্কায় যাওয়া এবং মুসলিমদের বিরুদ্ধে কাফিরদেরকে উৎসাহিত করার সাথে এর কোন সম্পর্ক নেই, স্পষ্টরূপে এই সিদ্ধান্তটি তার কবিতার জন্যই দেয়া হয়েছিল। তারপর তিনি বলেন, কা'ব ইবনে আশরাফ যা করেছিল তার সবকিছুই ছিল আকর্ষণীয় কথার দ্বারা ইসলামের ক্ষতিসাধন। হত্যাকৃত কাফিরদের প্রতি তার শোক প্রকাশ এবং তাদের যুদ্ধ করতে উৎসাহিত করা, তার অভিশাপ, অপবাদ, ইসলামকে প্রকাশ্যে কটাক্ষ করা, ছোট করে দেখা এবং কাফিরদের ধর্মকে অগ্রাধিকার দেয়া - এসব কিছুই ছিল তার মুখ থেকে বের হওয়া কাব্যিক ছন্দের কারসাজি।

সে মুসলিমদের বিরুদ্ধে শারিরীক যুদ্ধে সম্পৃক্ত ছিলো না। জড়িতছিল মুখ নিসৃত সাহিত্য আর সাংস্কৃতিক যুদ্ধে। তার আক্রমণ ছিলো আকর্ষণীয় শব্দাবলীল মাধ্যমে। সে মাধুর্যপূর্ণ বাক্যবিন্যাসের দ্বারা রচিত কাব্য দিয়ে ইসলাম ও মুসলিমদের ক্ষতি করছিলো।

আর এটিই হচ্ছে একটি হুজ্জাহ - এটি একটি প্রমাণ তাদের বিরুদ্ধেও যারা এই প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এবং ইসলামের অবমাননা করবে। এটি পরিস্কার, যে ব্যক্তি কবিতা ও অপবাদ দিয়ে আল্লাহ ও তাঁর রাসূলের ক্ষতি করবে, তার রক্ত কোনভাবেই সুরক্ষিত থাকেব না।

'ইবনে সাদের বর্ণনায় এসেছে, সাহাবায়ে কিরাম (ইসলামের দুশমন পাপিষ্ঠ কাব বিন আশরাফকে হত্যা করে) যখন বাকিউল গারকাদে পৌঁছলেন, তখন সবাই "আল্লাহু আকবার" বলে ধ্বনি দিলেন। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সে রাতে নামাজে দাঁড়িয়েছিলেন। তিনি যখন তাঁদের তাকবির-ধ্বনি শুনতে পেলেন, তিনিও তাকবির-ধ্বনি দিলেন এবং বুঝতে পারলেন যে, তাঁরা তাকে হত্যা করে ফেলেছে। অতঃপর সাহাবায়ে কিরাম তাঁর নিকট পৌঁছলে তিনি বললেন, সফল হোক (তোমাদের) চেহারাগুলো। তাঁরা প্রতিউত্তরে বললেন, এবং আপনার চেহারাও (সফল হোক), হে আল্লাহর রাসুল। তাঁরা তার (কর্তিত) মাথা তাঁর সামনে ফেললে তিনি তার নিহত হওয়ায় আল্লাহর প্রশংসা করলেন।'

আবু রাফে' -এর হত্যার ঘটনা:

বিশিষ্ট সাহাবী আব্দুল্লাহ ইবনে আতিক রা. ইহুদী সর্দার আবূ রাফে'কে হত্যার উদ্দেশ্যে তার অবস্থানকারী দূর্গে প্রবেশের চেষ্টা করতে লাগলেন। অবশেষে একটি কৌশল অবলম্বন করে তিনি তাদের দূর্গের মধ্যে প্রবেশ করতে সক্ষম হলেন।

অতঃপর আবূ রাফের শয্যাঘরে পৌছে গেলেন। কারণ তিনি চাবিগুলো হাতে পেয়ে গিয়েছিলেন। সেটি ছিলো গভীর রাত। পুরোপুরি অন্ধকার থাকার কারণে তিনি আবু রাফে'কে দেখতে পাচ্ছিলেন না। ভাবতে লাগলেন এখন তিনি কি করবেন?

অবশেষে তিনি একটি বুদ্ধি বের করতে সক্ষম হলেন। তিনি "আবু রাফে!" বলে আবু রাফেকে ডাক দিলেন।

তিনি সরাসরি প্রবেশ করে ডাকলেন, আবু রাফে তুমি কোথায়? আবু রাফে আওয়াজ করে জবাব দিলো। আব্দুল্লাহ বিন আতিক বলেন, আমি শব্দের উৎসের দিকে আঘাত করতে থাকলাম। আমি তাকে আঘাত করলাম কিন্তু হত্যা করতে পারলাম না এবং সে সাহায্যের জন্য চিৎকার করে উঠল।

↥

মাশাআল্লাহ! আব্দুল্লাহ বিন আতিক উপস্থিত বুদ্ধিতে খুব চতুর ছিলেন। তিনি সাথে সাথে পিছু হটে আবার ফিরে আসলেন এবং সাহায্যকারী সেজে আওয়াজ পরিবর্তন করে এসে বললেন, "আবু রা'ফে! তোমার কি হয়েছে?" আবু রা'ফে বললো, "তোমার মায়ের উপর অভিশাপ, এখানে কেউ আছে যে আমাকে হত্যা করার চেষ্টা করছে!

তিনি বললেন, আমি এবার আরো তীক্ষ্ণভাবে আওয়াজের উৎসের দিকে আঘাত করলাম কিন্তু এবারও তাকে হত্যা করতে পারলাম না। সে আবারো সাহায্যে জন্য চিৎকার করলো!

তিনি আরেকবার পিছু হঠলেন এবং ফিরে এলেন গলা পরিবর্তন করে। এবার আবু রা'ফে আগে থেকে উপুড় হয়ে শোয়া ছিলো কারণ তাকে আগে দুইবার আঘাত করা হয়েছিলো। তাই আব্দুল্লাহ বিন আতিক বলেন, "আমি আমার তলোয়ারটি তার পেটের মধ্যে গেঁথে দিলাম এবং ততক্ষণ ঠেলতে লাগলাম যতক্ষণ না হাড় ভাঙ্গার শব্দ পেলাম। হাড় ভাঙ্গা শব্দের মানে হচ্ছে তার মেরুদন্ড ভেঙ্গে আলাদা হয়ে গেছে এবং এতেই সে মৃত্যু মুখে পতিত হল।

এরপর আব্দুল্লাহ বিন আতিক একটি সিঁড়ি অথবা মই বেয়ে নিচে নেমে এলেন। তিনি বলেন, উত্তেজনার বশে আমি ভাবলাম যে আমি সিঁড়ি পার হয়ে এসেছি কিন্তু একটি ধাপ বাকী ছিলো। তাই দ্রুত করতে গিয়ে আমি পড়ে গেলাম। সিঁড়ি থেকে পরে যাবার কারণে আমার পা মচকে গেলো। অনেক কষ্টে আমি আমার সাথীদের কাছে ফিরে এলাম। তাদের বললাম যে আমি তাকে হত্যা করেছি। কিন্তু আমি নিশ্চিত হতে চাচ্ছিলাম। তাই আমি এখানে অপেক্ষা করবো। তোমরা গিয়ে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সুসংবাদ পৌছে দাও। আমি এখানে থাকবো আর ঘোষণা শুনার আগ পর্যন্ত অপেক্ষা করবো!

ফজরের সময় খবর প্রকাশ হলো যে হিজাজের ব্যবসায়ী আবু রা'ফে খুন হয়েছে!

আব্দুল্লাহ বিন আতিক বললেন, "যখন অমি আবু রাফে'র খুন হওয়ার সংবাদ শুনলাম, আমি শপথ করে বলছি এর চেয়ে সুমিষ্ট কথা আমি আমার জীবনে আর কখনো শুনিনি।" -এটাই ছিলো আব্দুল্লাহ বিন আতিকের কথা।

তারা এভাবেই আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ভালোবাসতেন। তারপর তিনি মদীনার দিকে ছুটে গেলেন এবং আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে দেখে বললেন,

أفلح الوجه

"সাফল্যে উদ্ভাসিত হোক তোমার জীবন!"

প্রতি উত্তরে তিনি প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সম্বোধন করে বললেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! সাফল্যে উদ্ভাসিত হোক আপনার জীবনও![৫]

এভাবেই তাঁরা সন্তুষ্ট হয়েছিলেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও তাঁর সাহাবাদের এমন নিবেদিতপ্রাণ আনুগত্যে সন্তুষ্ট হয়েছিলেন।

আব্দুল্লাহ ইবনে খাতাল প্রমুখের হত্যার ঘটনাঃ

এটি হলো সেই ঘটনা, যা মক্কা বিজয়ের পর সংঘটিত হয়েছিলো। মক্কা বিজয়ের পর প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আব্দুল্লাহ ইবনে খাতাল ও তার দুই নর্তকী দাসীকে প্রকাশ্যে হত্যা করার ঘোষণা দিয়েছিলেন, এমনকি যদি তারা কা'বার গিলাফ ধরে ঝুলে থাকে, তাহলেও তাদেরকে হত্যার নির্দেশ দেন।

↥

দুনিয়ার সবচাইতে পবিত্র স্থান হচ্ছে মক্কা এবং মক্কার মধ্যে সবচেয়ে পবিত্র ছিলো আল-হারাম। আর কেউ যদি কা'বার গিলাফ ধরে ঝুলে থাকতো তাহলে তাকে ছেড়ে দেয়া হতো। এটি ছিলো জাহেলিয়াতের সময় থেকেই মুশরিকীনদের প্রচলিত আইন। কিন্তু আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন কিছু লোকদের ব্যাপারে বললেন,

অর্থ: "তাদেরকে হত্যা করো, যদি তারা কা'বার গিলাফ ধরে ঝুলে থাকে তবুও।"[৬]

এরা কারা ছিলো?

এই তালিকার মধ্যে কিছু নাম ছিলো যার মধ্যে ছিলো আব্দুল্লাহ ইবনে খাতাল নামে এক লোক এবং তার দুই ক্রীতদাসী এবং আবু লাহাবের ক্রীতদাসী সারা।

এদের অপরাধ কি ছিলো?

আব্দুল্লাহ ইবনে খাতাল এবং তার দুই মেয়ে ক্রীতদাসী আল্লাহর রাসূলের বিরুদ্ধে গান গাইতো। আবু লাহাবের স্বত্বাধীন একটি মেয়ে ক্রীতদাসীর সাথে এই দুটো মেয়েও তালিকায় অন্তর্ভুক্ত ছিলো।

প্রথমে আব্দুল্লাহ ইবনে খাতালের কথাই বলা যাক।

সে প্রকৃতই কা'বার গিলাফ ধরে ঝুলে ছিলো। একজন সাহাবী তার দিকে ছুটে গিয়ে তাকে হত্যা করেন!

দ্বিতীয়ত: আমরা জানি যে, নারীরা যদি মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে যোগদান করে, তাহলে তাদেরকে হত্যা করা যায়। কিন্তু এই নারীরা তো যুদ্ধ করেছিলো না এবং কোন যুদ্ধে অংশ গ্রহণও করেনি। বরং তারা পুরোপুরি আত্মসমর্পণ করার মতো পরিস্থিতির মধ্যে ছিলো!

আসুন মেয়ে ক্রীতদাসীগুলোর কৌতুহল উদ্দীপক ঘটনাটা আমরা পর্যালোচনা করি।

এরা স্বাধীন নারী ছিলো না বরং ছিলো ক্রীতদাস। আর ইসলামে শাস্তির বিধানের ক্ষেত্রে ব্যক্তি স্বাধীনতার একটি প্রভাব আছে। যেহেতু, ক্রীতদাসদের কোন ব্যক্তি স্বাধীনতা নেই, সেহেতু তাদের শাস্তিও কম হয়। এই নারীদের আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিরুদ্ধের গান গাওয়া বা না গাওয়ার স্বাধীনতা ছিলো না। কিন্তু আবু লাহাব এবং আব্দুল্লাহ বিন খাতাল, তাদের মনিব, তাদের এই কাজটি করতে আদেশ দিয়েছে, কিন্তু তারপরও তাদের আলাদা করা হয়েছে এবং হত্যা করতে বলা হয়েছে।

এদের পরে কালো তালিকায় ছিলো আরেকটি লোক। যার নাম ছিলো আল হুয়াইরিদ বিন লুকাইদ। সেও তার সাহিত্য ও ভাষার মাধ্যমে নিজ মুখ দিয়ে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আঘাত করতো। সে তার বাসায় লুকিয়ে ছিলো। আলী ইবনে আবী তালিব রা. তার বাসায় এসে তার ব্যাপারে জিজ্ঞেস করলেন। তাঁকে জানানো হলো যে, সে সেখানে নেই এবং মক্কার বাহিরে বাদীআয় চলে গেছে। একথা শুনে আলী রা. সেখান থেকে চলে যাওয়ার ভান করলেন। আলী রা. বাসার পিছনে গিয়ে লুকিয়ে রইলেন।

এরপর হুওয়ারিদকে তারা জানালো যে, আলী ইবনে আবী তালিব তাকে খুঁজতে এসেছিলো। যখন হুওয়ারিদ বাসা থেকে বের হয়ে আরেক জায়গায় পালাতে যাচ্ছিলো, আলী রাজিয়াল্লাহু আনহু তখন সামনে এসে তাকে হত্যা করে ফেললেন।[৭]

আরেকটি উদাহরণ হচ্ছে কা'ব ইবনে জুহাইর। সেও ছিলো একজন কবি। তার ভাইও ছিলো কবি এবং তার বাবা জুহাইর বিন আবী সালমা ছিলো শ্রেষ্ঠ কবিদের একজন। আরবরা শ্রেষ্ঠ কবিতাগুলোকে কা'বায় ঝুলানোর মাধ্যমে সম্মান প্রদর্শন করতো। এটি ছিলো এই কাজের সৌন্দর্যের বহিঃপ্রকাশ। জুহাইর বিন আবী সালমা ছিলেন এমন একজন যার কবিতা কা'বায় ঝুলানো ছিলো। তার পুত্র কা'ব এবং বুজায়ের দুজনেই ছিলো কবি। কিন্তু বুজায়ের ছিলো মুসলিম আর কা'ব ছিলো অমুসলিম।

কা'ব রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিরুদ্ধে কবিতা রচনা করতো। তাই যখন মুসলিমরা মক্কায় প্রবেশ করলেন, বুজায়ের তার ভাইকে একটি চিঠি লিখে জানালো যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মক্কায় সেই সব লোকদের হত্যা করছেন যারা তার বিরুদ্ধে কবিতা রচনা করতো। কা'ব সে সময় মক্কায় ছিলো না কিন্তু তার ভাই আগে থেকেই সাবধান করে দিয়ে তাকে একটি চিঠি পাঠিয়ে দিলো। যে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেই সব লোকদের হত্যা করছেন যারা তার বিরুদ্ধে কথা বলেছিলো।

এছাড়াও আব্দুল্লাহ ইবনে জাবারিয়া এবং মুগীরাহ ইবনে আবী ওয়াহাব এর মতো লোকদেরকেও হত্যা করার নির্দেশ দেয়া হয়েছিলো। এদের যারা বাকী ছিলো তারা দৌড়ে পালানোর চেষ্টা করেছে।কারণ রাসূলুল্লাহ আদেশ করেছেন এমন সবাইকে হত্যা করতে যারা তার বিরুদ্ধে কথা বলেছে!

উকবা ইবনে আবী মুয়িদ এবং নাদার ইবনে আবী হারিছের হত্যার ঘটনাঃ

এরপর আমাদের আছে উকবা ইবনে আবী মুয়িদ এবং নাদার ইবনে আবী হারিছের ঘটনা।

বদরের যুদ্ধে কুরাইশদের কাফিরদের মধ্যে সত্তর জন যুদ্ধবন্দী ছিলো। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে উপস্থিত করতে বললেন যাতে তিনি একে একে প্রত্যেককে দেখতে পারেন।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নাদার ইবনে হারিছের দিকে তাকিয়েছিলেন। নাদার ইবনে আবী হারিছ আল্লাহর রাসূলের চোখের দিকে তাকিয়ে কিছু দেখতে পেলো। সে তার পাশের লোকটিকে বললো, "শোন, আমাকে হত্যা করা হবে। আমি আল্লাহর রাসূলের চোখে আমার মৃত্যু দেখতে পাচ্ছি!"

লোকটি তাকে বললো, "না, তুমি বাড়িয়ে বলছো। তুমি খুব বেশী ভয় পাচ্ছো। তুমি আতঙ্কগ্রস্থ!"

সে বললো, "না। আমি বলছি তোমাকে। আমি আল্লাহর রাসূলের চোখে মৃত্যু দেখেছি।"

এরপর নাদার ইবনে হারিছ তার আত্মীয় মুসআব ইবনে উমায়েরকে ডেকে বললো, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে যাও এবং বলো তিনি যেন আমার সাথে অন্য সময়ের মতো আচরণ করেন, আমার লোকদের মতো আমার সাথে আচরণ করেন। তিনি যদি তাদেরকে হত্যা করেন, তাহলে যেনো আমাকেও হত্যা করেন, তিনি যদি তাদের ক্ষমা করেন তাহলে আমাকেও যেন ক্ষমা করেন!"

মুসআব ইবনে উমায়ের তাকে বললেন, "তুমি সেই যে আল্লাহর রাসূলের বিরুদ্ধে কথা বলেছো এবং আল্লাহর কিতাবের বিরুদ্ধে কথা বলেছো।"

নাদার বিন হারিছ ছিল সেই ব্যক্তি যে আল্লাহর রাসূলের সাথে প্রতিযোগিতা করার জন্য তার পাশে হালাকা করতো। সে পারস্যে গিয়েছিলো অলিক

কল্প-কাহিনী শিখে আসতে। ফিরে এসে কাফিরদের বলতো যে, মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তোমাদের যে কাহিনী বলছে। তার চেয়ে ভালো কাহিনী আছে আমার কাছে। আসো, এবার আমার কাছ থেকে শোনো।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নাদার বিন হারিছকে ধরে আনতে বললেন এবং আলী রাজিয়াল্লাহু আনহুকে বললেন তাকে হত্যা করতে। তাকে আলাদা করে রাখা হয়েছিলো!

সে সময় তাঁরা মদীনায় ফিরে যাচ্ছিলেন। যখন তারা একটি বিশেষ এলাকায় পৌঁছলেন তখন তিনি নাদার ইবন হারিছকে হত্যা করলেন।

আর কিছুদূর যাওয়ার পরেই আদেশ করলেন, যে উকবা ইবন আবী মুয়িদকে হত্যা করা হোক।

উকবা বললো, অভিশাপ আমার উপর! আমাকে কেন হত্যা করার জন্য আলাদা করা হচ্ছে! আমার সাথে সব লোকেরাই তোমার শত্রু। সবাই তোমার সাথে যুদ্ধ করেছে, সবাই তোমার সাথে লড়াই করেছে, সবাই আমার গোত্র কুরাইশ থেকে, আমাকে কেন আলাদা করে দেখছো?

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন,

لعداوتك لله ورسوله

অর্থ: "এর কারণ হচ্ছে আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধে তোমার বিদ্বেষ!"

সে বললো, "হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমার সাথে আমার লোকদের মত আচরণ করো। তাদেরকে যদি হত্যা করো তবে আমাকেও হত্যা করো। তাদেরকে মুক্তি দিলে আমাকেও মুক্তি দাও তাদের থেকে যদি মুক্তিপণ নাও তাহলে আমার থেকেও যা চাও নাও!"

আর তারপর সে বললো, "হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমার সন্তানদের কে দেখবে?"

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "জাহান্নামের আগুন! ও আসিব, একে নিয়ে যাও এবং এর গর্দানটা উড়িয়ে দাও।"

এরপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন,

بئس الرجل كنت! والله ما علمت كافرا بالله وبكتابه وبرسوله مؤذيا لنبيه.

فأحمد الله الذى هو قتلك وأقر عينى منك.

অর্থ: "কত খারাপ লোক তুমি! আমি তোমার মতো কোন লোককে চিনি না যে আল্লাহ, তাঁর কিতাব, তাঁর রাসূলের উপর অবিশ্বাস করেছে! তুমি আল্লাহর নবীর অবমাননা করেছো, তাই আমি আল্লাহর প্রশংসা করি যিনি তোমাকে হত্যা করেছেন এবং তোমাকে মরতে দেখে আমার চোখে তৃপ্তি দান করেছেন!" [৮]

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

৪৩৬১। ইবনু আব্বাস (রা) সূত্রে বর্ণিত। জনৈক অন্ধ লোকের একটি উম্মু ওয়ালাদ' ক্রীতদাসী ছিলো। সে নবী সা কে গালি দিতো এবং তাঁর সম্পর্কে মন্দ কথা বলতো। অন্ধ লোকটি তাকে নিষেধ করা সত্ত্বেও সে বিরত হতো না। সে তাকে ভৎর্সনা করতো; কিন্তু তাতেও সে বিরত হতো না। এক রাতে সে যখন নবী সা গালি দিতে শুরু করলো এবং তাঁর সম্পর্কে মন্দ কথা বলতে লাগলো, **সে একটি একটি ধারালো ছোরা নিয়ে তার পেটে ঢুকিয়ে তাতে চাপ দিয়ে তাকে হত্যা করলো। তার দু' পায়ের মাঝখানে একটি শিশু পতিত হয়ে রক্তে রঞ্জিত হলো।** ভোরবেলা অন্ধ লোকটি মানুষের ভিড় ঠেলে কাঁপতে কাঁপতে সামনে অগ্রসর হয়ে নবী সা এর সামনে এসে বসে বললো, হে আল্লাহর রাসূল! আমি সেই নিহত দাসীর মনিব। গত রাতে সে আপনাকে গালাগালি শুরু করে এবং আপনার সম্পর্কে অপমানজনক কথা বললে, আমি তখন একটি ধারালো ছুরি নিয়ে তার পেটে স্থাপন করে তাতে চাপ দিয়ে তাকে হত্যা করে ফেলি। নবী সা বলেনঃ শিশুটির রক্ত বৃথা গেলো।

↥

উম্মু ওয়ালাদ নামক এক দাসী হত্যার ঘটনাঃ

আরেকটি ঘটনা হচ্ছে, একজন অন্ধ সাহাবীর অধীনে একজন দাসী ছিল, দাসীটি ছিলো তাঁর 'উম্মু ওয়ালাদ'। 'উম্মু ওয়ালাদ' বলা হয় এমন দাসীকে যে মনীবের বাচ্চা জন্ম দেয়। এ ধরণের দাসীকে 'উম্মু ওয়ালাদ' বা সন্তানের মাতা বলা হতো এবং তার ক্ষেত্রে বিশেষ বিধি প্রযোজ্য হয়। এই ব্যক্তির উম্মু ওয়ালাদ থেকে দু'জন সন্তান হয়েছিলো। কিন্তু এই মহিলা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অভিশাপ দিতো এবং তাকে তিনি সাবধান করার পরেও সে বিরত হতো না!
এক রাতে সে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অভিশাপ দিয়েই যাচ্ছিলো। তখন তিনি একটি ছুরি নিয়ে তার পেটে বিদ্ধ করলেন এবং ভিতরে চাপ দিতে থাকলেন যতক্ষণ না তার মৃত্যু হয়!

সকালে আল্লাহর রাসূলের নিকট খবর পৌঁছল। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকজনকে একত্র করে বললেন, আমি আল্লাহর নামে তোমাদের আদেশ করছি যে কাজটি করেছো উঠে দাঁড়াও। অন্ধ ব্যক্তিটি উঠে দাঁড়ালেন এবং হেঁটে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সামনে এসে বসে পড়ে বললেন,
"হে আল্লাহর রাসূল! আমিই সেই ব্যক্তি যে কাজটি করেছে। সে আপনাকে অভিশাপ দিতো এবং তাকে বিরত থাকার কথা বলার পরও সে বিরত হতো না! তার হতে আমার মুক্তার মতো সন্তান আছে এবং সে আমার প্রতি খুব সদয় ছিলো। কিন্তু গত রাতে সে আপনাকে অভিশাপ দিতে লাগলো। তাই আমি একটি ছুরি নিয়ে তাকে আঘাত করলাম এবং তাকে মেরে ফেললাম!"

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন,
"জেনে রেখো যে তার রক্তের কোন মূল্য নেই।" অর্থাৎ, তার জন্য কোন ক্ষতিপূরণ নেই এবং যে তাকে হত্যা করেছে তারও কোন শাস্তি নেই! "

ইয়াহূদী মহিলা আসমাকে হত্যা (২৬ রমযানুল মুবারক, দ্বিতীয় হি.)

আসমা ছিল এক ইয়াহূদী স্ত্রীলোক, যে রাসূলুল্লাহ (সা)-এর বিরুদ্ধে কুৎসামূলক কবিতা রচনা করত এবং তাঁকে নানাভাবে কষ্ট দিত। মানুষকে নবী (সা) এবং ইসলামের বিরুদ্ধে বিদ্রোহী করে তুলত। নবী (সা) বদর থেকে তখনো ফেরেননি, পুনরায় সে এ ধরনের কবিতা বলল। এতে হযরত উমায়র ইবন আদী (রা)-এর জিদ চেপে গেল। তিনি মান্নত করলেন যে, আল্লাহর অনুগ্রহে যদি রাসূলুল্লাহ (সা) নিরাপদে বদর থেকে ফিরে আসেন, তা হলে আমি একে হত্যা করব।

রাসূলুল্লাহ (সা) যখন বদর থেকে আল্লাহর অনুগ্রহে সুস্থভাবে ও নিরাপদে ফিরে এলেন, তখন উমায়র (রা) রাত্রিকালে তরবারি নিয়ে রওয়ানা হলেন এবং তার ঘরে প্রবেশ করলেন। যেহেতু তিনি অন্ধ ছিলেন, সেহেতু হাতড়িয়ে আসমার আশেপাশে থাকা শিশুদের সরিয়ে দিলেন এবং তার বুকের উপর তরবারি রেখে এত জোরে চাপ দিলেন যে, তা পিঠ দিয়ে বেরিয়ে গেল।

মান্নত পূর্ণ করে তিনি ফিরে আসেন এবং রাসূলুল্লাহ (সা)-এর সাথে ফজরের নামায আদায় করেন। এরপর তিনি তাঁকে সমুদয় ঘটনা বর্ণনা করে বলেন, ইয়া রাসূলাল্লাহ (সা), এ জন্যে আমার কোন জরিমানা তো হবে না? তিনি বললেন, না। لا ينتطح فيها عنزان "এ ব্যাপারে দু'টি মেষও মাথা দিয়ে গুঁতোগুঁতি করবে না।" অর্থাৎ এটা এমন কোন কাজই নয়, যে ব্যাপারে কেউ মতপার্থক্য বা প্রতিবাদ করতে পারে।

মোটকথা, হযরত উমায়র (রা)-এর এ কাজে রাসূলুল্লাহ (সা) খুবই খুশি হন এবং সাহাবায়ে কিরাম (রা)-কে উদ্দেশ্য করে বলেন : اذا احببتم ان تنظرا الى رجل نصر الله ورسوله بالغيب فانظروا الى عمير بن عدى "যদি কেউ এমন ব্যক্তিকে দেখতে চায়, যে আল্লাহ ও তাঁর রাসূলকে গোপনে সাহায্য করে, তা হলে যেন উমায়র ইবন আদীকে দেখে।"

আসমা বিনতে মারওয়ান নাম্নী এক মহিলাকে হত্যার ঘটনা:

এই মহিলার নাম ছিলো আসমা বিনতে মারওয়ান। সে আনসারদের মধ্যে একজন ভালো কবি ছিলো। কিন্তু সে আল্লাহর রাসূলের বিরুদ্ধে কথা বলতো এবং ইসলামের বিরুদ্ধে কথা বলতো আর লোকদের মধ্যে ফিতনা সৃষ্টি করার অপচেষ্টা করতো। সে বলতো, "এই লোক আমাদের মধ্য থেকে নয়, এই লোক তো আমাদের গোত্রের নয়। তাহলে কেন আমরা তাকে আতিথ্য দিচ্ছি এবং নিজেদের উপর এই সকল বিপদ ডেকে আনছি, আমরা কেন তাকে আমাদের মাঝে থেকে নিরাপত্তা দিচ্ছি! তাকে বের করে দাও!"

তাঁর পরিবার থেকে উমায়েদ বিন আলী নামক এক অন্ধ ব্যক্তি বলেন, "আল্লাহর নামে আমি শপথ করছি, যে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যদি মদীনায় ফিরে আসেন আমি আসমা বিনতে মারওয়ানকে হত্যা করবো!"

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সে সময় বদরে ছিলেন। যখন প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফিরে আসলেন, উমায়ের বিন আলী মধ্য রাতে সরাসরি আসমা বিনতে মারওয়ানের কক্ষে প্রবেশ করলেন।

তাকে ঘিরে ছিলো তার সন্তানেরা এবং একজন তার বুকের দুধ পান করছিলো। তিনি হাতিয়ে দেখলেন যে সে এই বাচ্চাটিকে ধরে রেখেছে। তাই তিনি হাত দিয়ে বাচ্চাটিকে সরিয়ে তার পাশে রাখলেন এবং তার তালোয়ারটি আসমার বুকে বিদ্ধ করে দিলেন।

এরপর তিনি ফযরের সালাত আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে আদায় করলেন। যখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাত শেষ করলেন, তিনি উমায়ের দিকে তাকিয়ে বললেন, "তুমি কি মারওয়ানের মেয়েকে হত্যা করেছো?"

তিনি বললেন, "জি, আমি আমার বাবাকেও আপনার জন্য উৎসর্গ করে দেবো।"

উমায়ের চিন্তিত ছিলেন যে তিনি ভুল কিছু করেছেন এবং তাঁর উচিত ছিলো আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর অনুমতি নেয়া। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছিলেন ওয়ালিউল আমর। তাই তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম! আমি কি কোন ভুল করেছি?

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কি বললেন?

তিনি কি বললেন, "যে আমার অনুমতি নেয়া তোমার উচিত ছিলো?"

না, বরং তিনি বললেন, "দুটো ছাগলও তাকে নিয়ে ঝগড়া করবে না।'

বনু বকর গোত্রের এক কবি হত্যার ঘটনা:

এবার আসা যাক বানু বকর গোত্রের এক কবির ঘটনায়। বনু বকর ছিলো কুরাইশের মিত্র। অপরদিকে, খুজায়া নামে মুশরিকদের এক গোত্র যারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সাথে মৈত্রি চুক্তিতে আবদ্ধ ছিল।

হুদায়বিয়ার সন্ধিতে খুজায়া গোত্র আল্লাহর রাসূল এর সাথে জোটবদ্ধ হল আর বনু বকর কুরাইশদের সাথে গেল। বনু বকর গোত্রের মধ্যে এক কবি ছিলো যে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বিরুদ্ধে কথা বলতো। খুজায়া গোত্রের এক যুবক একদা বনু বকর গোত্রের সেই কবিকে আঘাত করলো। যার ফলে সে ব্যাথা পেলো কিন্তু মারা গেলো না। বনু বকরের একটি প্রতিনিধি দল আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে গিয়ে এই ঘটনা তাকে অবহিত করলো। তিনি বললেন, তার রক্ত প্রবাহিত হয়েছে, তাকে হত্যা করো।

↥

প্রিয়নবী সা. কে অবমাননার শাস্তি ৫০

ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন: "যে কেউ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে গালি দিবে- সে মুসলিম হোক বা অমুসলিম হোক, তাকে হত্যা করতে হবে।"
তিনি আরো বলেন: "এই রায়ের বিষয়ে সকল আলিমগণের মধ্যে ইজমা (ঐক্যমত) রয়েছে।"

কাজী ই'য়াজ রহ.'আশ শিফা' নামক কিতাবে বলেন, "যে কেউ এমন কোন কথা বলল যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিন্দা করে বলা হয়, কোন ধরনের সতর্কতামূলক ব্যবস্থা ছাড়াই তার মৃত্যু দন্ডাদেশ দেয়া হবে।"

ইমাম মালিক রহ. বলেন, "যদি কেউ বলে থাকে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জামার বোতামটাও ময়লা, তাহলে তাকেও মৃত্যুদন্ডাদেশ দেয়া উচিত।"
এমনকি যদি এটা ক্ষুদ্রাতিক্ষুদ্র কোন কথা বলার মত হয়, তারপরও তাকে দন্ডাদেশ দেয়া উচিত।

প্রিয়নবী সা. কে অবমাননার শাস্তি ৫২

ইমাম মালিক রহ.বলেন, "মুসলিম হোক আর কাফির হোক, কোন তফাত নেই (যে আল্লাহর রাসূললকে গালি দিবে অথবা নিন্দা করবে) তাকে কোন সতর্কতা ছাড়াই হত্যা করতে হবে।"

ইবনে তাইমিয়্যাহ রহ. বলেন, "যদি কেউ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে অভিশাপ দেয়, তাহলে তাকে হত্যা করে ফেলা ওয়াজিব, এটা আবশ্যক।


মক্কা বিজয়ের পর নবি সা যে কয়জন কাফেরকে হত্যার আদেশ দিয়েছিলেন তাদের মধ্যে অন্যতম ছিলেন নবির ওহী লেখক আব্দুল্লাহ ইবন সাদ ইবন আবি সারাহ যিনি লক্ষ্য করেন যে নবির ওহীর শব্দ, বাক্য অনেক্ষেত্রেই আবি সারাহর পরামর্শ অনুযায়ী নবি পরিবর্তন করেন। এর ফলে আবি সারাহর মনে নবির নুবুয়ত নিয়ে সন্দেহ দেখা দেয় এবং তিনি ইসলাম ত্যাগ করে মক্কায় চলে যান এবং এ কথা কুরাইশদের বলে দেন যে মোহাম্মাদ সা কিছুতেই আল্লাহর নবি হতে পারেন না।

সেই মরু ডাকাতের নৃশংস খুনের উৎসব ১৪০০ বছর থেকে চলছে আজ পর্যন্তঃ












↥
















মুমিন তথা তৌহিদি জনতাদের প্রতিনিয়ত এই বর্বর আক্রমণ ও হত্যায়(ইসলামের সমালোচনাকারী তথা শাতিমের কতল উৎসবে) মেতে উঠার জন্য এদেশের আলেমসমাজ জনপ্রকাশ্যে খুনের গজল চর্চা করছে। তার দুএকটা নিচে দেয়া হলো যাতে আপনি অনুমান করতে পারেন এই সভ্যযুগে এসেও ইসলাম এসব মানবরূপী হুজুরদের কতটা বীভৎস জানোয়ারে রুপান্তরিত করেছে-

- চাপাতি ধার করে রাখ, ধার করে রাখ ঘরে ঘরে!
- চাপাতি ধার করে নে, শাতিমের প্রাণ কেড়ে নে, ঘোষণা দে করিয়ে মোর রাসূলের শাহানূরে, উঠারে ঝান্ডা কালো তাওহীদেরই, শাতিমের ধড় কাটিতে আর না দেরী, কেটে ফেল সামনে থেকে অথবা পিছন থেকে.....
- ....

↥

হুদাইবিয়ার চুক্তির অজানা সত্য

নবির সাথে কুরাইশদের কথিত চুক্তিনামা

পঞ্চম হিজরির শাওয়াল মাসে খন্দকের যুদ্ধ হয়, এতে মক্কার কুরাইশরা আবু সুফিয়ানের নেতৃত্বে অন্যান্য আরব গোত্রের সমন্বয়ে মদিনায় মুসলিমদের উদ্দেশে অভিযান চালায়। তবে নবির প্রখ্যাত পার্সিয়ান সাহাবি সালমান ফারসির পরামর্শে খন্দক খনন করার ফলে মক্কার সৈনিকরা মদিনা আক্রমন করতে পারে নি, তাই প্রায় বিনা যুদ্ধে এই অভিযান সমাপ্ত হয় ও কুরাইশরা মক্কায় ফেরত যায়। যারা কুরাইশ কর্তৃক মুসলমান বাহিনীদের উপর আক্রমনের প্রকৃত কারন সম্পর্কে অবহিত নন, তাদের জ্ঞাতার্থে- এই সব আক্রমনের মুল কারন অর্থনৈতিক। মুসলমানরা নিয়মিত মক্কার বাণিজ্য কাফেলায় আক্রমন করে লুটতরাজ , হত্যাকাণ্ড, অপহরন করে মুক্তিপন আদায় ইত্যাদি চালাত, যা ছিল মক্কার বাণিজ্য ও হজ্জ নির্ভর অর্থনীতির উপর চরম আঘাত। প্রাক ইসলামিক যুগ থেকেই মক্কা মদিনা সহ আশেপাশের সকল পেগান গোত্রই হজ্জ পালন করত। নবি সা মদিনায় হিজরতের ১৮ মাস পরে ইয়াহুদিদের পবিত্র জেরুজালেমের আল আকসা মসজিদ থেকে কিবলা কাবার দিকে পরিবর্তন করেন। এর মুল কারণ, নবি সা অনেক চেষ্টা করেও মদিনার ইয়াহুদি সম্প্রদায়ের কাছে নিজেকে নবি হিসাবে প্রতিষ্ঠা করতে পারেননি। কাজেই পরিবর্তিত কিবলা কাবায় হজ্জ করা নবী সা ও মুসলিমদের জন্য গুরুত্বপূর্ণ ছিল।

এমতাবস্থায়, নবি সা উমরা করার জন্য স্বপ্নে আদিষ্ট হন। নবি ভালভাবেই জানতেন সেই পরিস্থিতিতে কুরাইশরা তার দলকে কাবায় প্রবেশে বাধা প্রদান করবে। নবি ৭০ টি কোরবানির জন্য চিহ্নিত পশু (গলায় জুতা ঝুলিয়ে, অনেকটা যেভাবে বর্তমানে কোরবানির গরুর গলায় মালা পরানো হয়) সহ ১৪০০ সঙ্গী নিয়ে মক্কার উদ্দেশ্যে যাত্রা করেন। নবির আগমন রুদ্ধ করতে কুরাইশরাও অবস্থান নেয়, যার খবর নবি বেদুইনদের মাধ্যমে জানতে পারেন এবং মক্কায় হুদাইবিয়া নামক স্থানে ঘাঁটি গাড়েন। কুরাইশরাও এই মুসলিম দলের কাবায় প্রবেশ ঠেকাতে অবস্থান নেয়, এমনি একটি অশ্বারোহী দলের নেতৃত্বে ছিলেন খালেদ বিন ওয়ালিদ। বিগত যুদ্ধসমূহতে জান মালের ক্ষয় ক্ষতির কারনে মক্কার কুরাইশরা কোনভাবেই মুসলিম দলকে কাবায় ঢুকতে দিতে রাজি ছিলনা। এই দুই দলের মধ্যে অনেকটা দুতের মাধ্যমে এক ধরনের সমঝোতার চেষ্টা চলতে থাকে। নবি সা এই মর্মে কুরাইশদের খবর পাঠান যে উনি ও উনার দল শুধু হজ্জের উদ্দেশে এসেছেন, যুদ্ধের জন্য আসেননি। পরিশেষে কুরাইশদের পক্ষ থেকে সুহাইল বিন আমর এর সাথে নবি মোহাম্মাদ (দঃ) এর বিখ্যাত হুদাইবিয়ার চুক্তি সাক্ষরিত হয়।

হুদাইবিয়ার চুক্তির শর্ত সমুহঃ

চুক্তির মূল বিষয় হল আগামী ১০ বছরের উভয়ের মধ্যে যুদ্ধ ও সহিংসতা বন্ধ থাকবে। মুসলমানরা পরের বছর থেকে কাবায় হজ্জ করতে পারবে। হজ্জের সময় তারা ৩ দিন পর্যন্ত অবস্থান করতে পারবে ও খাপবদ্ধ তরবারি বহন করতে পারবে। যে কোন গোত্র ইচ্ছা করলে মোহাম্মাদের সাথে চুক্তি বদ্ধ হতে পারবে অনুরূপ যে কেও কুরাইশদের সাথেও চুক্তি বদ্ধ হতে পারবে। (এসময় বানু খুযায়া নবি মোহাম্মাদের সাথে চুক্তিবদ্ধ হন ও বানু বকর কুরাইশদের সাথে চুক্তিবদ্ধ হন। (সিরাত ইবন ইসহাক)

পরবর্তী বিভিন্ন তাফসীর ও আধুনাকালের বর্ণনায় আরেকটি ধারার সংযোজন দেখা যায় যেখানে উল্লেখ করা হয় যে কুরাইশ বা মুহাম্মদের সাথে চুক্তিবদ্ধ মিত্র গোত্ররা নিজেদের মধ্যে যুদ্ধ করলে কুরাইশ বা মুহাম্মদ কারো পক্ষ নিয়ে সাহায্য করবে না। মুল ইবনে ইসহাক ও আল তাবারিতে হুদাইবিয়ার চুক্তির শর্ত সমুহে এই ধারাটির উল্লেখ নাই। বানু খুযায়া ও বানু বকরের মধ্যে সহিংসতাকে চুক্তি ভঙ্গের অজুহাত হিসাবে নবি মোহাম্মাদ (দঃ) পরবর্তীতে মক্কা আক্রমন করেন, তার বৈধতা দিতে গিয়ে, এই ধারাটির উল্লেখ করা হয়।

হুদাইবিয়ার চুক্তির শর্তে নবির বাধ্য হয়ে রাজি হওয়া ও নবির প্রতিশ্রুতি মত কাবাতে হজ্জ না করতে পারায় বহু সাহাবীই ক্ষুব্ধ হন। উমর এই চুক্তির পর মুশরিকদের রক্তকে কুকুরের রক্তের সমতুল্য বলেছেন। উমর রা সরাসরি নবিকে জিজ্ঞাসা করে বসেন যে উনি আসলেই আল্লাহর নবি কিনা? এই চুক্তির সাথে সাথেই নবি হজ্জের নিয়ম অনুযায়ি পশু করবানি ও মস্তক মুণ্ডনের নির্দেশ তিনবার দেওয়া সত্ত্বেও কেওই তা পালন করছিলেন না। পরিশেষে নবি তার তাঁবুতে ঢুকে বিবি উম্মে সালামার কাছে এই অভিযোগ করলে, উনার বিবি নবিকে পরামর্শ দেন যেন উনি নিজেই পশু করবানি ও মস্তক মুণ্ডন করেন তাতে অন্যরা নবিকে অনুসরন করবে। এই বুদ্ধিটি সফল হয়েছিল। হুদাইবিয়ার চুক্তি নিয়ে অসন্তুষ্ট সাহাবাদের অন্তর ঠাণ্ডা করতে বিপুল গনিমতের মাল লাভের লোভ দেখিয়ে সুরা ফাতাহ বা "বিজয়" নাজিল হয়। আল্লাহ তোমাদেরকে বিপুল পরিমাণ যুদ্ধলব্ধ সম্পদের ওয়াদা দিয়েছেন, যা তোমরা লাভ করবে। (সুরা ফাতাহ ৪৮:২০) [সিরাত ইবন ইসহাক, তাফসীর আল তাবারী]

হুবায়বিয়া থেকে ফিরে নবি সা ইয়াহুদি বসতি খাইবার বিনা উস্কানিতে আক্রমন করে বিপুল পরিমান মালে গনীমত লাভ করেন ও বহু ইয়াহুদি হত্যা করেন ও সুন্দরী ইয়াহুদি গোত্র প্রধানের কন্যা সাফিয়াকে বিবাহ করেন, তার স্বামী , পিতা ও অন্যান্য আত্মীয়দের হত্যা করার পর। তবে, বনু কুরাইযার মত নবি খাইবারের সকল ইয়াহুদিদের হত্যা না করে বরং জিজিয়া করের আওতায় নিয়ে আসেন, এর ফলে **খাইবারের বেঁচে যাওয়া ইয়াহুদিরা তাদের উৎপাদিত খেজুরের ৫০ ভাগ মুসলিমদের জিজিয়া দিতে থাকে।**

খাইবারের ইয়াহুদিরা সেঁচের মাধ্যমে কৃষিকাজে পারদর্শী ছিল যে কাজ নবির মুসলিম উম্মতরা (মুলত জিহাদে পারদর্শী) পারবে না বিধায় নবি এই বাবস্থা নেন। তবে নবি তাঁর মৃত্যুর পূর্বে মুসলিম ছাড়া সকল ধর্মের মানুষকে আরবভুমি থেকে উচ্ছেদ করার নির্দেশ দিয়ে যান, যার বাস্তবায়নে উমর তার শাসন আমলে খাইবারের অবশিষ্ট ইয়াহুদিদের বিতাড়িত করেন। হুবায়বিয়া চুক্তিতে নাখোশ সাহাবীদের মন রক্ষা করতে খাইবারের মালে গনিমতের ভাগ শুধুমাত্র হুবায়বিয়ায় উপস্থিত সাহাবীরাই পেয়েছিলেন। [সিরাত ইবন ইসহাক, তাফসীর আল তাবারি]

তাফসীরে জালালাইন ষষ্ঠ খণ্ড পৃষ্ঠা ১১৬

খায়বর কখন বিজিত হয় : নবী করীম ﷺ হুদায়বিয়া হতে প্রত্যাবর্তনের পর দশ দিন মতান্তরে বিশ দিন মদীনায় অবস্থান করত সপ্তম হিজরির মুহাররম মাসে খায়বর আক্রমণ করলেন। আল্লাহ তা'আলার পূর্ব ঘোষণা অনুযায়ী নবী করীম ﷺ -এর সাথে উক্ত যুদ্ধে শুধুমাত্র তাঁরাই অংশগ্রহণ করেছেন যাঁরা তাঁর সাথে হুদায়বিয়ায় শরিক ছিলেন।

কথিত চুক্তিভঙ্গের প্রকৃত ঘটনাঃ

ষষ্ঠ হিজরিতে হুদাইবিয়ার ১০ বছর মেয়াদি অনাক্রমণ চুক্তি করার মাত্র ২ বছরের কম সময়ের মধ্যে নবি সা অতর্কিত হামলায় মক্কা দখল করে নেন। নবি সা মদিনায় তাঁর একচ্ছত্র আধিপত্য স্থাপনের পথে প্রধান বাধা ইহুদী সম্প্রদায় বানু কাইনুকা, বানু নাদিরকে তাদের ভিটেমাটি থেকে উচ্ছেদ ও বানু কুরাইজা গোত্রের ৯০০ পুরুষ হত্যা করার মাধ্যমে নির্মূল করেন। উপরুন্ত, হুদাইবিয়ার ১০ বছর মেয়াদি অনাক্রমণ চুক্তির ফলে, কুরাইশদেরদের পক্ষ থেকে প্রতিরোধের আশঙ্কা না থাকায়, বিনা বাধায় নবি সা সহজেই খাইবার আক্রমন করে সেখানকার ইহুদী সম্প্রদায়কে হত্যা ও জিজিয়া করের আওতায় নিয়ে আসেন। বলাবাহুল্য, এই সব জিহাদের ফলে নবি ও তার সাহাবিগন বিপুল পরিমান গনিমতের মাল লাভ করেন। এ ছাড়াও হুদাইবিয়ার চুক্তির পর নবি সা এর নির্দেশে তাঁর সাহাবিরা মদিনায় আশেপাশের সকল বসতি ও গোত্রের উপর বহু অভিযান চালান ও ইসলামের তরবাবির আওতায় নিয়ে আসেন (এক দশকেরও বেশি সময় নিয়ে মক্কায় শান্তিপূর্ণভাবে ইসলাম প্রচার করে যেখানে মুসলিম ধর্মান্তরিতদের সংখ্যা ছিল কয়েকশত, মদিনা জীবনে তরবারির মাধ্যমে জিহাদ করে অল্প কয়েক বছরে লক্ষাধিক লোক মসল্মান হতে বাধ্য হয়।

যারা মনে করেন যে এই সকল আক্রমণ,যুদ্ধে ইসলামের কথা শুনে সকলে স্বেচ্ছায় ইসলামের ছায়াতলে কলেমা পড়ে যোগ দিয়েছিল, তারা দয়া করে আদি সিরাত যেমন ইবন ইসহাক, আল তাবারি ও ওয়াকিদির কিতাব আল মাঘাযি পড়ে দেখবেন এবং প্রকৃত ইতিহাস জানতে পারবেন)। এই পরিস্থিতিতে নবি সা সামরিক ভাবে মক্কার কুরাইশদের পরাজিত করার মত যথেষ্ট শক্তি অর্জন করেন। যুদ্ধ ও লুটপাটের মাধ্যমে মালে গনীমত লাভ করা তৎকালীন মুসলিম উম্মার প্রধানতম পেশায় পরিনত হয়েছিল। বস্তুত, হাদিস- কুরআনে যতই বেহেস্তের মদের নহর আর স্ফীত স্তনের যৌবনা হুরের লোভ দেখানো হোক না কেন, তৎকালীন মুসলিম উম্মাহ যে গনিমতের মাল ও যুদ্ধবন্দী পরনারী আর দাস-দাসি লাভে বেশী আগ্রহী ছিলেন সেটা নবি সা নিজে খুব ভালো করে জানতেন।

উপরে বর্ণিত সুবিধাজনক পরিস্থিতিতে, বানু খুযায়া (নবির সাথে মিত্রতার চুক্তিবদ্ধ) ও বানু বকরের (কুরাইশদের সাথে মিত্রতার চুক্তিবদ্ধ) মধ্যে ঘটে যাওয়া সহিংসতাকে চুক্তি ভঙ্গের অজুহাত হিসাবে মক্কা আক্রমনের সুবর্ণ সুযোগ নবি সা এর নিকট চলে আসে। এর ফলে, উনি হুদাইবিয়ার শান্তি চুক্তি বাতিল করে মক্কা আক্রমনের সুযোগ পেয়ে যান, একই সঙ্গে এই বাধ্য হয়ে আপোষমূলক চুক্তির অসন্মান থেকে নিজেকে উচ্চ মর্যাদায় নিয়ে যাওয়ার মোক্ষম সুযোগ পেয়ে যান।

বানু খুযায়া ও বানু বকরের মধ্যে ঘটে যাওয়া সহিংসতার বিবরণ

যদিও নবির মিত্র গোত্র বানু খুযায়ার উপর বানু বকরের আক্রমনে কুরাইশদের সহযোগিতার অভিযোগে নবি হুদাইবিয়ার শান্তি চুক্তি বাতিল করে মক্কা আক্রমন করেন **তবে এই সহিংসতার সূচনা করে নবির মিত্র গোত্র বানু খুযায়া**। কিন্তু সম্প্রতি লেখা প্রায় সকল তাফসির, অনলাইন ইসলামি লেকচার বা সকল ইসলামিস্ট প্রকৃত সিরাত ভিত্তিক ইতিহাসকে খণ্ডিতভাবে নিজেদের স্বার্থে উপস্থাপন করেন। প্রকৃত বর্ণনাটি নিম্নরূপঃ

ইসলামপূর্ব তথাকথিত জাহেলিয়াতের সময় থেকেই বানু খুযায়া ও বানু বকরের মধ্যে বিরোধ চলে আসছিল। এর সূচনা হয় যখন নবির মিত্র গোত্র বানু খুযায়া বানু বকরের সাথে নিরাপত্তার চুক্তিবদ্ধ মালিক বিন আব্বাদ নামের এক ব্যাবসায়ীকে তার বাণিজ্য পথে আক্রমন করে হত্যা করে ও তার মালামাল লুটে নেয়। এর প্রতিশোধে বানু বকর, বানু খুযায়ার একজনকে হত্যা করে এবং এই হত্যার বদলায় বানু খুযায়া,- বানু বকরের আলদিল উপগোত্রের দলপতির তিন পুত্র সালমা, কুলসুম ও ধুয়াইবকে আরাফায়(হত্যা নিষিদ্ধ পবিত্রভুমিতে) হত্যা করে। এই তিন সন্তান তাদের গোত্রের মান্যগণ্য বলে বিবেচিত ছিলেন। এই হত্যার বিচার বা রক্তপন ইসলাম আসার পর অমীমাংসিত ছিল। যার পরিপ্রেক্ষিতে, বানু বকরের আলদিল উপগোত্রের নেতা নাওফাল বিন মুয়াওয়িয়া, বানু খুযায়াকে রাতের বেলা আক্রমন করে, এই আক্রমনে কিছু কুরাইশ বানু বকরের এই

↥

উপগোত্রকে অস্ত্র দিয়ে সাহায্য করেছিল, এ ছাড়াও কুরাইশদের কয়েকজন রাতের অন্ধকারে সরাসরি আক্রমনে অংশ নিয়েছিলেন এই ভেবে যে তাদের কেও চিনতে পারবে না। **উল্লেখ্য যে মুল কুরাইশ নেতৃত্ব তথা তাদের নেতা আবু সুফিয়ান এ সম্পর্কে কিছুই জানতেন না**। এই যুদ্ধে আলদিল উপগোত্রের নেতা নাওফাল বিন মুয়াওয়িয়া, বানু খুযায়ার বেশ কিছু সদস্যকে পবিত্রভুমিতে আশ্রয় নেওয়ার পরও হত্যা করে। বানু খুযায়া এই খবর মদিনায় নবি সা এর নিকট পৌছে দেয়, যার পরিপ্রেক্ষিতে হুদাইবিয়ার চুক্তি বাতিল করে মক্কা আক্রমন করা হয়। এখানে মুল বক্তব্য হল নবির মিত্র গোত্র বানু খুযায়া ও কুরাইশদের মিত্র বানু বকরের সহিংসতার শুরু করে বানু খুযায়া এবং এই কোন সঠিক বিচার বা তদন্ত না করেই নবি সা এই ঘটনাটিকে নিজ স্বার্থে বাবহার করেন।

তথ্যসুত্রঃ The History of Al-Tabari, Vol VIII, Chapter: The conquest of Mecca, page 160-163

আবু সুফিয়ান কর্তৃক সমঝোতা প্রস্তাব মুহাম্মাদ (সা) এর প্রত্যাখ্যান

বানু খুযায়া ও বানু বকরের ঘটনার সুরাহা ও হুদাইবিয়ার শান্তি চুক্তি বহাল রাখার লক্ষ্য নিয়ে আবু সুফিয়ান মদিনায় নবি সা এর নিকট যান তবে এই উদ্যোগে নবি কোন সাড়া দেওয়া তো দুরের উনি আবু সুফিয়ানের সাথে কোন কথাই বলেন নি। আবু সুফিয়ান একে একে নবির প্রধান সাহাবিগন যেমন, আবু বকর, উমর ও আলির কাছে নবির সাথে সমঝোতার জন্য মধ্যস্ততা করার অনুরোধ করে ব্যার্থ হন (সাহাবিদের মধ্যে উমর দুরব্যাবহার করেন), সিরাতে বর্ণনায় এও আছে যে যখন আবু সুফিয়ান আলির বাসায় যান তখন আবু আবু সুফিয়ান নবি কন্যা ফাতেমাকে এই বলে অনুরোধ করেন যেন ফাতেমা শিশু হাসানকে শান্তির মধ্যস্ততা করতে বলেন। ফাতেমা বলেন যে শিশু হাসান সেই বয়সে পৌছাননি আর কেওই নবির ইচ্ছার বিরুদ্ধে কিছুই করতে পারেন না। আবু সুফিয়ান ব্যার্থ হয়ে মক্কায় ফেরত যান। **যেহেতু বানু খুযায়া ও বানু বকরের ঘটনার কুরাইশদের কিছু লোক বিচ্ছিন্নভাবে বানু বকরকে সাহায্য করেছিলেন যার সাথে কুরাইশদের সামগ্রিক নেতৃত্বের কোন সম্পর্ক ছিলনা সেই কারনে আবু সুফিয়ান সহিংসতা পরিহার করার জন্যই শান্তির প্রস্তাব নিয়ে গিয়েছিলেন।** তবে নবি মোহাম্মাদ সা তত দিনে মক্কা দখলের ব্যাপারে মনস্থির করে ফেলেছিলেন বিধায় তিনি আবু সুফিয়ানের শান্তি প্রস্তাব ফিরিয়ে দেন।

আবু সুফিয়ানের এই মদিনা সফরের একটি ঘটনা অপ্রাসঙ্গিক হলেও উল্লেখ করছি। মদিনায় পৌঁছে আবু সুফিয়ান প্রথমে তার কন্যা, নবির স্ত্রীদের একজন উম্মে হাবিবার বাসায় যান, যখন পিতা আবু সুফিয়ান কন্যা উম্মে হাবিবার খাটে বসতে যান, উম্মে হাবিবা বিছানার চাদর গুটিয়ে নেন। এতে আশ্চর্য হয়ে আবু সুফিয়ান বলেন " তুমি কি এই জন্য চাদর গুটিয়ে নিচ্ছ যে চাদরটি আমার উপযুক্ত নয় নাকি আমি চাদরটি র উপযুক্ত নই" । কন্যা উম্মে হাবিবা এই বলে পিতাকে উত্তর দেন যে উনি একজন অপবিত্র মুশরিক আর এই চাদরে নবি সা শয্যা গ্রহন করেন। এই উত্তরে পিতা আবু সুফিয়ান ব্যাথিত হয়ে বলেন "হে আমার কন্যা, আল্লাহর দোহাই (মক্কার কাফিরদের কাছেও আল্লাহ প্রধান দেবতা ছিলেন) আমাদের ত্যাগ করার পর তোমার উপর অশুভ ভর করেছে"। যদিও অপ্রাসঙ্গিক, এটি উল্লেখ করার কারন, নিজের নিকট আত্মীয় এমনকি রক্তের সম্পর্কের হলেও মুসলিম না হলে তার সাথে সম্পর্ক ত্যাগ করা ইসলামের বিধান ও শুধুমাত্র ধর্ম বিশ্বাসের পার্থক্যের কারনে পিতা ও কন্যার সম্পর্কের ভিতরেও কি বিপুল পরিমান ঘৃণা করাকে ধর্মীয় কর্তব্য হিসাবে বিধান করা হয়েছে – সেটা উল্লেখ করা। এই ধারাটি জিহাদিদের পরিভাষায় মিল্লাতে ইব্রাহিম বলা হয়। এই সংক্রান্ত আয়াতগুলো নিম্নরূপঃ

আর ইব্রাহীম কর্তৃক স্বীয় পিতার মাগফেরাত কামনা ছিল কেবল সেই প্রতিশ্রুতির কারণে, যা তিনি তার সাথে করেছিলেন। অতঃপর যখন তাঁর কাছে একথা প্রকাশ পেল যে, সে আল্লাহর শত্রু তখন তার সাথে সম্পর্ক ছিন্ন করে নিলেন। নিঃসন্দেহে ইব্রাহীম ছিলেন বড় কোমল হৃদয়, সহনশীল। (সুরা তাওবা ৯:১১৪)

নবি (সা) কর্তৃক প্রথমে হুদাইবিয়ার শান্তি চুক্তির শর্ত ভঙ্গ

হুদাইবিয়ার চুক্তির একটি শর্ত হল কেউ যদি তার অভিভাবকের অনুমতি ছাড়া কুরাইশদের মধ্য থেকে মুহাম্মদের দলে যোগ দেয়, তবে তাকে তার পরিবারের কাছে ফেরত পাঠাবে। তবে মুহাম্মদের দল থেকে কেও কুরাইশদের কাছে ফেরত গেলে তাকে মুহাম্মদের কাছে ফেরত পাঠানো হবে না। বানু খুযায়া ও বানু বকরের ঘটনার বহু আগেই নবি হুদাইবিয়ার চুক্তির বর্ণিত শর্তটি ভঙ্গ করেন যার বর্ণনা আপনার কুরআনের আল মুমতাহিনা সুরায় পেয়ে যাবেন।

(সুরা মুমতাহিনা ৬০:১০)- "মুমিনগণ, যখন তোমাদের কাছে ঈমানদার নারীরা হিজরত করে আগমন করে, তখন তাদেরকে পরীক্ষা কর। যদি তোমরা জান যে, তারা ঈমানদার, তবে আর তাদেরকে কাফেরদের কাছে ফেরত পাঠিও না। এরা কাফেরদের জন্যে হালাল নয় এবং কাফেররা এদের জন্যে হালাল নয়। কাফেররা যা ব্যয় করেছে, তা তাদের দিয়ে দাও। তোমরা, এই নারীদেরকে প্রাপ্য মোহরানা দিয়ে বিবাহ করলে তোমাদের অপরাধ হবে না। তোমরা কাফের নারীদের সাথে দাম্পত্য সম্পর্ক বজায় রেখো না। তোমরা যা ব্যয় করেছ, তা চেয়ে নাও এবং তারাও চেয়ে নিবে যা তারা ব্যয় করেছে। এটা আল্লাহর বিধান"।

↥

নবি মুহাম্মাদ সা হুদাইবিয়ার চুক্তির বরখেলাপ করে ইসলাম গ্রহণকারী মুমিনা নারিদের মক্কায় তার স্বামী বা অভিভাবকদের কাছে ফেরত পাঠান নি। উপরুন্তু তিনি এই সব নারিদের কাফের স্বামীর সাথে বিবাহ বাতিল করে দিয়েছেন এমনকি যেসব হিজরত করা সাহাবি নবির সাথে মদিনায় ছিলেন তাদের মক্কায় অবস্থানরত কাফের স্ত্রীদেরও হারাম করে দেন, **এর ভিত্তিতে উমর রা মক্কায় তার দুই কাফের স্ত্রীদের তালাক দিয়ে দেন**। নবি সা কর্তৃক হুদাইবিয়ার চুক্তির এই শর্ত ভঙ্গের দুটি অজুহাত বর্তমানে অনেক লেখায় পাওয়া যায়, যা অত্যন্ত হাস্যকর, যুক্তিটির বর্ণনায় জাকির নায়েকের দাহাহা মানে উটপাখির ডিম এই জাতীয় শব্দের খেলা খেলে বুঝানোর চেষ্টা করা হয়েছে যে শর্তের "কোন ব্যাক্তি" আরবিতে শুধুমাত্র পুরুষবাচক বুঝায় ইত্যাদি মনগড়া ব্যকরণ।

উপরে বর্ণিত নারীদের বেলায় চুক্তি ভঙ্গের পূর্বে আবু বশির নামের আরেকজন ইসলাম ধর্ম গ্রহণকারী মক্কা থেকে পালিয়ে মদিনায় নবির দলে যোগ দিতে আসে। তবে এই ঘটনায় নবি চুক্তি মোতাবেক আবু বশিরকে নিতে আসা মক্কার দুইজনের কাছে হস্তান্তর করেন। তবে পথিমধ্যে আবু বশির এই দুই মক্কাবাসীর একজনকে ভুলিয়ে ভালিয়ে তার তরবারির ধার পরীক্ষা করার কথা বলে সেই তরবারির আঘাতে হত্যা করে। নিহতের সঙ্গী আবু বশিরের থেকে পালিয়ে মদিনায় নবির কাছে এই ঘটনা জানায়। ইতোমধ্যে আবু বশির মৃত মক্কাবাসির মালামাল লুট করে মালের এক পঞ্চমাংশ নবিকে দেওয়ার জন্য হাজির হয় (ইসলামের বিধান অনুযায়ী সকল গনিমতের মালের পঞ্চমাংশ আল্লাহ ও তাঁর নবির প্রাপ্য, যেহেতু আল্লাহ নিজে কোন মাল গ্রহন করেননা, তাঁর প্রতিনিধি হিসাবে নবি সেই মালে গনিমতের অংশ নিয়ে থাকেন – সুরা আনফাল দ্রষ্টব্য)। তবে এই ক্ষেত্রে নবি সা এই খুনের কোন বিচার করেন নি। মক্কায় সোহাইল বিন আমর যখন তার গোত্রের মক্কাবাসির হত্যাকাণ্ড জানতে পারেন, তখন এই হত্যার রক্তপনের জন্য কুরাইশ নেতাদের উপর চাপ প্রয়োগ করতে থাকেন। **কিন্তু কুরাইশ নেতা আবু সুফিয়ান এই ঘটনায় নবি মোহাম্মাদকে দায় মুক্তি দেন ও আবু বাশির মুসলিম হলেও রক্তপনের দায় নবি সা এর উপর বর্তায় না বলে রায় দেন।**
আবু বশির আল-ইস নামের এক স্থানে আশ্রয় গ্রহন করে যা ছিল মক্কা থেকে সিরিয়ার বাণিজ্য পথের মধ্যে। এই স্থানে আবু বশির মক্কা থেকে পালিয়ে আসা আরও ৭০ জন মুসলিমদের নিয়ে এক ডাকাত দল গঠন করে আর নিয়মিত মক্কার বাণিজ্য কাফেলায় আক্রমন চালিয়ে ব্যাপক খুন খারাবি ও লুটতরাজ করতে থাকে। এই কাজে অতিষ্ঠ হয়ে মক্কাবাসি নবিকে এই ডাকাত দলকে মদিনায় ফেরত নিতে বলেন।
তথ্যসূত্রঃ Al-Waqidi's Kitab Al-Maghazi, Page 10327-10399

> উপরের বর্ণিত ইসলাম গ্রহণ করা আবু বশিরের ঘটনার সাথে বানু খুযায়া ও বানু বকরের ঘটনার তুলনা করলে দেখা যায়, একই রকম ঘটনায় কুরাইশরা নবির বিরুদ্ধে চুক্তিভঙ্গের অভিযোগ তোলেন নি, যেখানে নবি সা বানু খুযায়া ও বানু বকরের ঘটনায় গুটিকয়েক কুরাইশদের যুক্ত থাকার অভিযোগে হুদাইবিয়ার চুক্তি ভেঙ্গে মক্কা আক্রমন করেন এমনকি এই বিষয়ে নবি আবু সুফিয়ানের সমঝোতা প্রস্তাব ফিরিয়ে দেন। যেখানে আবু বশিরের ঘটনা ছাড়াও নবিই প্রথম হুদাইবিয়ার চুক্তির বরখেলাপ করেছেন মক্কা থেকে পালিয়ে আসা নারিদের তাদের স্বামী বা অভিভাবকের কাছে ফেরত না দিয়ে।
>
> ইসলামী অ্যাপোলজিস্টগণ ঢালাওভাবে কাফের বা ইয়াহুদিদের বিরুদ্ধে কথিত চুক্তি ভঙ্গের অভিযোগে তাদেরকে গণহারে জবাই করার যে অদ্ভুত বৈধতা দিয়ে থাকেন তার একটি বস্তুনিষ্ঠ জবাব দেয়ার জন্য এই চুক্তি ও চুক্তিভঙ্গের বিস্তারিত আলোচনা করা জরুরি ছিল। প্রায় একই উপায়ে ইসলামী অ্যাপলজিস্টগন বানু কুরাইজার ৯০০ এর অধিক সাবালক পুরুষকে একদিনে জবাই করার বৈধতা দিয়ে থাকেন।

তওবার আয়াতকে মানবিক ও যৌক্তিক প্রমাণ করতে বর্তমান যুগের ইসলামিস্টদের নির্লজ্জ মিথ্যাচারঃ

১। তরবারির আয়াতটি যুদ্ধকালিন আয়াত কাজেই "অতঃপর নিষিদ্ধ মাস অতিবাহিত হলে মুশরিকদের হত্যা কর যেখানে তাদের পাও" এটিকে যুদ্ধের প্রেক্ষিতে না দেখে ইসলাম বিরোধীরা এটির ভুল ব্যাখ্যা করে থাকে। বিভিন্ন বক্তা এটি বর্ণনা করতে গিয়ে এও বলেন যে " যুদ্ধক্ষেত্রে হত্যা করবে নাকি শত্রুকে আদর-সোহাগ করবে? এটি বলার সাথে উনারা আমেরিকা, রাশিয়া ইত্যাদি রাষ্ট্র যে যুদ্ধে প্রতিপক্ষকে হত্যা এই উদাহরন দিয়ে বিপুল করতালি অর্জন করেন।
তরবারির আয়াতটি যে মোটেও যুদ্ধকালিন নয় এবং মক্কা সম্পূর্ণ নবির দখলে ও শান্তিপূর্ণ থাকা অবস্থায় অযুদ্ধরত কাফের-মুশরিকদের প্রতি এক তরফা ঘোষণা, তা ইতোপূর্বে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

আর যে কথাটি জাকির নায়েক সাহেবরা আপনাদের বলেন না বা কথার মার প্যাচে আপনারা ভাবেন না, সেটা হল- যুদ্ধ, যুদ্ধক্ষেত্র ইত্যাদি ক্ষেত্রে সমরসজ্জায় সজ্জিত দুটি পক্ষ থাকে। সুরা তাওবার কাফের- মুশরিকরা কি নবির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিল? না তারা ঢাল তলোয়ার নিয়ে অবস্থান নিয়ে ছিল? তৎকালীন মক্কার কাফেররা নবি কর্তৃক মক্কা বিজয়ের পর কোন বিদ্রোহ – আন্দোলন করেছিল এমন কোন ঘটনাও জানা যায় না। এই সকল ইসলামবাজদের ক্রমাগত মিথ্যাচারের ফলে কোন সাধারন মুসলমানের পক্ষে প্রায় অসম্ভব প্রকৃত সত্য খুঁজে বের করা।

অন্যান্য যে সব দাবি করা হয়, সে গুলো একত্র করলে মোটামুটি নীচে বর্ণিত বিষয়গুলোর মধ্যে পড়ে-

২। "তরবারির আয়াতের হত্যার বিধান শুধুমাত্র হুদাইবিয়ার চুক্তি ভঙ্গকারীদের বিরুদ্ধে প্রযোজ্য"।
এটিও সর্বইব মিথ্যা যা পূর্বে আলোচনা করা হয়েছে। মুল কথা হল কারো সাথে মুসলমানদের চুক্তি থাকুক বা না থাকুক, দুইটি গোত্র বাদে সকল কাফের- মুশরিকদের ৪ মাসের আল্টিমেটাম বেঁধে দেওয়া হয়। তবে বনু কিনানার দুটি গোত্র বনু যমারা ও বনু মুদলাজকে তাদের সাথে করা চুক্তির মেয়াদ পূর্ণ করার সুযোগ দেওয়া হয় (৯ মাস চুক্তির মেয়াদ বাকি ছিল), যেহেতু তারা মুসলমানদের বিরুদ্ধ কোন গোত্রকে সাহায্য করে নি। তবে এই চুক্তির মেয়াদ শেষ হলে এরাও তরবারির আয়াতের হত্যার বিধানের আওতায় চলে আসবে। সকল কাফের- মুশরিকরাই এক সময়ে এই তরবারির আয়াতের অন্তর্ভুক্ত হবে। এর বাস্তব প্রমান এই যে নবির জীবদ্দশায়ই আরব উপদ্বীপে আর কোন কাফের-মুশরিক (পেগান ধর্মের) অবশিষ্ট ছিল না। আর বহুল উচ্চারিত তথাকথিত চুক্তি ভঙ্গের ইতিহাস বিশ্লেষণ করে দেখা যায় যে প্রকৃতপক্ষে প্রথম চুক্তি ভঙ্গকারী স্বয়ং নবি নিজে, সেটাও আলোচনা করা হয়েছে। উপরুন্তু, কাফের- মুশরিকদের চুক্তি ভঙ্গকারী হিসাবে ধরে নিলেও কোন চুক্তি ভঙ্গ করলেই যে ঐ পুরো জাতি–গোষ্ঠীকে নির্বিচারে হত্যা যাদের কাছে বৈধ/জাস্টিফাইড- তারা হিংস্র-বর্বর-অসভ্য মরুদস্যু ছাড়া অন্য কিছু নয়।

৩। সুরা তওবার ৬ নং আয়াতকে অনেকেই ৫ নং আয়াতের হত্যার হুমকির বিপরীতে যুক্তি হিসাবে পেশ করে থাকেন। "আর মুশরিকদের কেউ যদি তোমার কাছে আশ্রয় প্রার্থনা করে, তবে তাকে আশ্রয় দেবে, যাতে সে আল্লাহর কালাম শুনতে পায়, অতঃপর তাকে তার নিরাপদ স্থানে পৌছে দেবে। এটি এজন্যে যে এরা জ্ঞান রাখে না।" (সুরা তাওবা ৯:৬)

একটু লক্ষ্য করলেই বোঝা যায় এই ৬ নং আয়াত নিঃশর্ত আত্মসমর্পণের একটি পূর্বশর্ত বা কৌশল মাত্র। এটি কোন কাফির মুশরিকদের ধর্ম পালনের অধিকারের ঘোষণা নয় যে, আশ্রয় প্রার্থনা করলে বিনা বাধায় নিজ ধর্ম পালন করতে দেওয়া হবে। এই আশ্রয় দেওয়াটি শর্তহীনও নয়। এখানে শর্ত হল- আল্লাহর কালাম শুনে যাতে সে বা তার গোত্রের লোকেরা ইসলাম ও তার নবি মোহাম্মাদের বশ্যতা স্বীকার করে নেয় অথবা ইসলাম গ্রহন করার সুবিধা আর গ্রহন না করলে কি অসুবিধা এই খবর তার নিজ গোত্রের কাছে পৌঁছে দিতে পারে, শুধুমাত্র এই শর্তেই কোন মুশরিক মুসলিমদের কাছে আশ্রয় চাইতে পারে।
তরবারির আয়াতের আওতায় ৪ মাস অতিক্রান্ত হওয়ার পর মুশরিকদের হাতে তিনটি রাস্তা খোলা থাকে- হয় ইসলাম গ্রহণ অথবা আরবভুমি ত্যাগ করে চলে যাওয়া অথবা নিজ ধর্মে বহাল থেকে মুসলিমদের হাতে নিহত বা বন্দি হওয়া, এই ক্ষেত্রে নবি তথা মুসলমানদের কোন বিরোধিতা না করে ঘরে লুকিয়ে থাকলেও রক্ষা নেই কারন তরবারির আয়াতে বলা আছে "তাদের বন্দী কর এবং অবরোধ কর। আর প্রত্যেক ঘাঁটিতে তাদের সন্ধানে ওঁৎ পেতে বসে থাক।" অর্থাৎ কোন ইসলাম বিরোধী কর্মকাণ্ডে অংশ না নিলেও কাফির মুশরিকদের পাড়া মহল্লায় খুঁজে বের করে হত্যা করা হবে।

যদিও তরবারির আয়াতটি সম্পূর্ণ শান্তি বিরাজমান অবস্থায় নবি মুহাম্মাদের নিয়ন্ত্রনে থাকা মক্কার অযুদ্ধরত কাফির মুশরিকদের প্রতি উদ্দেশ্য করে বলা হয়েছে, তথাপি অসৎ মডারেট ইসলামিস্টগন এই ৬ নং আয়াতে আল্লাহর কালাম শোনার পর কাফির মুশরিকদের নিরাপদ স্থানে পৌছে দেওয়ার বিধানকে- যুদ্ধকালিন তুলনাহীন ইসলামি দয়ার উদাহরন হিসাবে পেশ করে থাকেন। তবে ইতিহাসে বা সমসাময়িক বহু যুদ্ধে প্রতিপক্ষের প্রতি অস্ত্র ত্যাগ করলে সাধারন ক্ষমা ঘোষণা করার উদাহরন প্রচুর এবং রক্তপাত এড়াতে প্রায় সকল যুদ্ধেই প্রথমে নিরাপত্তার গ্যারান্টি দিয়ে প্রতিপক্ষকে আত্মসমর্পণ করতে বলা হয়, কাজেই ৬ নং আয়াতের বিধানকে যুদ্ধের বিধান হিসাবে ধরে নিলেও, এটি মোটেও নজিরবিহীন কোন ঘটনা নয়। ১৯৭১ সালে আত্মসমর্পণ করা প্রায় ৯০,০০০ পাকিস্তানী সেনাদের নিরাপদেই তাদের দেশে ফেরত পাঠানো হয়েছিল কোন শর্ত আরোপ ছাড়াই। ৬ নং আয়াতের তাফসির নিচে উল্লেখ করা হল।

বিখ্যাত মালেকি স্কলার আস সাউই তার তাফসির গ্রন্থ হাসিয়াত আল সাউই আলা আল- জালালাইনে বলেছেন, কোন কাফির মুশরিক আল্লাহর কালাম শোনার পরও যদি ইসলাম গ্রহন না করে তবে তাকে নিজ গোত্রের কাছে পৌঁছে দিতে হবে। অতঃপর তার বিরুদ্ধে যুদ্ধ করা বৈধ হবে এবং তাকে যে ইসলামের দাওয়াত দেওয়া সত্ত্বেও সে ইসলাম ধর্ম গ্রহন করেনি, এটা তার বিরুদ্ধে প্রমান স্বরূপ ব্যবহার করা যাবে।

সারকথা ৬ নং আয়াতের যে শর্তসাপেক্ষ আশ্রয় ও নিরাপত্তা প্রদানের কথা বলা হয়েছে তা কোন ভাবেই তার পূর্ববর্তী তরবারির আয়াতের কতল করার বিধানকে বাতিল করে না। কোন তাফসিরকারকও এ কথা **বলেননি। ৬ নং আয়াতের বিধানটিকে এই অর্থে কাফির মুশরিকদের জন্য কিছুটা ছাড় হিসাবে ধরা যেতে পারে যে, কোন কাফির মুশরিকের মনে যদি ইসলাম ধর্ম সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকে তবে তাকে সেটি জানার সুযোগ দেওয়া হয়েছে।** এর ফলে ইসলাম গ্রহন করলে সে কি সুবিধা পাবে আর না গ্রহন করলে তার ও তার গোত্র বা পরিবারের ভাগ্যে কি আছে এটা জেনে সেই কাফির মুশরিক ও তাদের গোত্র একটি সিদ্ধান্তে পৌঁছাতে পারবে। এই সুযোগ রাখার ফলে আরও বেশি বেশি গোত্র ইসলাম ও তার নবির ঘোষণা সম্বন্ধে জানতে পারবে ও হয় ইসলাম গ্রহন করবে অথবা বর্জন করে এর ফলাফল ভোগ করবে।

৪। চতুর্থ এই যুক্তিটি মুল ধারার ইসলামি বক্তারা সাধারণত করেন না, যেহেতু এটি নবি সা এর করে যাওয়া উদাহরনের বিপরীত। এই যুক্তিটি আমি শুধুমাত্র ইয়াসির কাদিরের(বর্তমান যুগের মডারেট ইসলামিস্ট) বক্তব্যে পেয়েছি। যুক্তিটি হল, তরবারির আয়াতটি শুধুমাত্র তৎকালীন মক্কার মুশরিকদের জন্য প্রযোজ্য। এই যুক্তির সমস্যা হল এতে কুরআনের আয়াতকে কালের ও নির্দিষ্ট গোষ্ঠীর জন্য বেঁধে ফেলা, এতে কুরআনের সার্বজনীনতা খর্ব করা হয়। অর্থাৎ কুরআনের আয়াত তথা বিধি-বিধান সর্বকালের সকলের জন্য কিয়ামত পর্যন্ত প্রযোজ্য। নবি সা তার জীবনকালে জয় করা সকল অঞ্চলেই কাফের মুশরিকদের হয় কতল করেছেন অথবা তারা বাধ্য হয়ে অথবা নিজ স্বার্থে ইসলাম গ্রহন করেছে। নবি সা শুধুমাত্র আহলে কিতাব বা ইয়াহুদি-নাসারাদের থেকে জিজিয়া নিয়েছেন। পারস্য বিজয়ের পর উমর অগ্নি উপাসক যা জরথ্রুস্ত্রদেরও জিজিয়ার আওতায় নিয়ে আসেন।

যদিও তরবারির আয়াতটি কোন যুদ্ধের বা যুদ্ধকালিন আয়াত নয় তবুও তর্কের খাতিরে সেরকম ধরে নিলেও এই আয়াতের বর্বরতার ও স্বেচ্ছাচারিতার কোন কমতি করা দুষ্কর। যুদ্ধের ক্ষেত্রে প্রতিপক্ষের প্রতি আক্রমনের কিছু সুনির্দিষ্ট কারন উল্লেখ করা হয় যার মধ্যে প্রধানতম হল অপরপক্ষ দ্বারা আক্রান্ত হওয়া বা তার আশঙ্কা দেখা দেওয়া। মক্কা বিজয়ের পর তারই শাসনাধীন মক্কার কাফির- মুশরিকরা নবির বিরুদ্ধে কোন আক্রমন,অস্ত্রধারন, সৈন্য সমাবেশ কিছুই করেনি, তারা তাদের যুগ যুগ ধরে বিশ্বাস করা পৌত্তলিক ধর্ম পালন করে আসছিল, অন্য কারও ধর্ম পালনে বাধা না দিয়ে। তাদের উপর তরবারির আয়াত নেমে আসার একমাত্র কারন হিসাবে সুরা তওবায় উল্লেখিত হয়েছে ইসলাম ধর্ম গ্রহন না করা। এমনকি যে কাবা শরীফে তারা ইসলাম ধর্ম প্রবর্তনের বহু আগে থেকেই যে হজ্জ পালন করে আসছিল সেই ধর্ম পালনের অধিকারটিও হরন করা হয়। এর কারন হিসাবে সুরা তওবার ২৮ নং আয়াতে কাফির- মুশরিকদের অপবিত্র হিসাবে উল্লেখ করা হয়েছে, ইবনে আব্বাসের মত প্রধান সাহাবী ও সবচেয়ে বেশী কুরআনের জ্ঞান সম্পন্ন তাফসীরকারী মুশরিকদের কুকুরের চেয়ে অপবিত্র বলেছেন, যা ইবনে কাসীরের তাফসীরে বর্ণনা করা হয়েছে।

বিশ্বের শতকরা নব্বই ভাগ তথাকথিত “মোডারেট মুসলিম” হয়ত তরবাবির আয়াতের প্রকৃত সত্য জানেন না অথবা জানার প্রয়োজনীয়তা অনুভব করেন না। যারা এই তরবাবির আয়াতটি ১৪০০ বছর আগের সালাফদের অনুসরণ করে বর্তমান দুনিয়ায় প্রয়োগ করেন সেই সব আইসিস, আল কায়েদা, বকো হারাম, আন্সারুল্লাহদের জেহাদি কর্মকাণ্ড এই সব “মোডারেট মুসলিম”দের বিচলিত করে না, কারন উনারা হাদিস- কুরআন না পড়েই সব জেনে গেছেন তাই সহজেই এই জেহাদিদের হাতে লক্ষ লক্ষ নিরাপরাধ মানুষের প্রানহানিতেও তাঁরা বিজ্ঞের মত বলতে পারেন “ এরা সহি মুসলিম নয়, ইসলাম সন্ত্রাস সমর্থন করে না” আর কেও যদি কষ্ট করে ইসলামি জ্ঞান লাভ করতে চান – চিন্তা নেই, সব প্রশ্নের উত্তর পেয়ে যাবেন হযরত জাকির নায়েকের মুখে। ইসলামের গোলমেলে যে কোন বিষয়কে রসগোল্লা বানিয়ে খাইয়ে দেবেন এই জাকির নায়েক, আহমাদুল্লাহ সাহেবরা, আর তৃপ্তির ঢেঁকুর তুলে “মোডারেট মুসলিম” ভাই-বোনেরা তার নিজ ধর্মের শ্রেষ্ঠত্বে আত্মতৃপ্তি নিয়ে ঘুমুতে যাবেন আর প্রত্যক্ষ ও পরোক্ষভাবে মদদ দিয়ে যাবেন এই তরবারির আয়াতের জল্লাদদের।

কুরআনের অসঙ্গতিসমূহ

আল্লাহ ওরফে মুহাম্মদের লুঙ্গি বাঁচানোর চেষ্টা নীতিঃ উত্তরাধিকার সম্পত্তি বন্টনের ক্ষেত্রে কুরআন বিরোধী আউল নীতি **তথা ফাউল নীতি**

আসুন প্রথমে কুরআনে কি আছে দেখে নিই,

সূরা নিসা আয়াত ১১-১২: "আল্লাহ তোমাদেরকে তোমাদের সন্তানদের সম্পর্কে নির্দেশ দিচ্ছেন, ১ ছেলের জন্য ২ মেয়ের অংশের সমপরিমাণ। তবে যদি তারা দুইয়ের অধিক মেয়ে হয়, তাহলে তাদের জন্য হবে, যা সে রেখে গেছে তার ২/৩; আর যদি একজন মেয়ে হয় তখন তার জন্য অর্ধেক। আর তার মাতাপিতা উভয়ের প্রত্যেকের জন্য ১/৬ সে যা রেখে গেছে তা থেকে, যদি তার সন্তান থাকে। আর যদি তার সন্তান না থাকে এবং তার ওয়ারিছ হয় তার মাতাপিতা তখন তার মাতার জন্য ১/৩। আর যদি তার ভাইবোন থাকে তবে তার মায়ের জন্য ১/৬। আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত। নিশ্চয় আল্লাহ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।
আর তোমাদের জন্য তোমাদের স্ত্রীগণ যা রেখে গেছে তার অর্ধেক, যদি তাদের কোন সন্তান না থাকে। আর যদি তাদের সন্তান থাকে, তবে তারা যা রেখে গেছে তা থেকে তোমাদের জন্য ১/৪। আর স্ত্রীদের জন্য তোমরা যা রেখে গিয়েছ তা থেকে ১/৪, যদি তোমাদের কোন সন্তান না থাকে। আর যদি তোমাদের সন্তান থাকে তাহলে তাদের জন্য ১/৮। আর যদি মাতাপিতা এবং সন্তান নাই এমন কোন পুরুষ বা মহিলা মারা যায় এবং তার থাকে এক ভাই অথবা এক বোন, তখন তাদের প্রত্যেকের জন্য ১/৬। আর যদি তারা এর থেকে অধিক হয় তবে তারা সবাই ১/৩ এর মধ্যে সমঅংশীদার হবে"।

কোন মৃত পুরুষের সম্পত্তি তার তিন কন্যা, বাবা-মা এবং স্ত্রীর মধ্যে কুরআনের নির্দেশনা অনুযায়ী ভাগ করে দেয়া যায় না। উদাহরণস্বরূপ- কোন মৃত পুরুষের যদি ৭২ লক্ষ টাকার সম্পত্তি থাকে, তাহলে তার সম্পত্তি তার জীবিত তিন কন্যা বাবা-মা এবং স্ত্রীর মধ্যে ভাগ করে দেয়া যায় না।

যদি আপনি তাদের মধ্যে কুরআন অনুযায়ী সম্পত্তি ভাগ করেন তাহলে এমন হবে,

- তিন কন্যা পাবে = ২/৩ বা ১৬/২৪ অংশ
- বাবা পাবে= ১/৬ বা ৪/২৪ অংশ
- মা পাবে= ১/৬ বা ৪/২৪ অংশ
- স্ত্রী পাবে= ১/৮ বা ৩/২৪ অংশ

- এখন তাদের সম্পত্তির যোগফল= ১৬/২৪ + ৪/২৪ + ৪/২৪ + ৩/২৪ = ২৭/২৪ অংশ।
- কিন্তু **সর্বোচ্চ সম্পত্তি যেখানে ২৪ অংশ, সেখানে ২৭ অংশ দেবেন কি করে ?!**

কোন কিছু ভাগ করার সময় ভগ্নাংশগুলোর যোগফল সর্বদাই ১ হতে হবে। এর এর কম বা বেশি হওয়া যাবে না। কারণ সম্পূর্ণ সম্পত্তিকেই এক হিসেবে ধরে ভাগ করা হয়। এগুলো স্কুলজীবনেই মানুষ পাটিগণিত করলে শিখে যায়।

এরকম গাণিতিক ভুল সামান্য গণিত না জানা আল্লাহ ওরফে মুহাম্মদ করে রেখে গেছে অথচ আপনি এতদিন জানতেন ই না !
নবী মুহাম্মদের মৃত্যুর পর সাহাবীরা নবীর এ নিয়মে সম্পত্তি বন্টন করতে যেয়ে এই ভয়াবহ ভুল খেয়াল করেন। এ নিয়ে তারা প্রচন্ড বিব্রতবোধ করেন। এবং এরকম স্পষ্ট ভুল ও সমস্যা ধামাচাপা দেয়ার জন্য তারা তড়িঘড়ি করে একটা গোঁজামিল পদ্ধতি বের করেন, যার নাম দেন তারা আউল নীতি। এই আউল নীতি অনুসরণ করলে কুরআনের আয়াত সঠিকভাবে অনুসরণ করা হয় না। আবার, ইবনে আব্বাস আরেকটি পদ্ধতিতে সম্পত্তি ভাগ করতে বলতেন, যেটি কুরআনের নিয়ম অনুসরণ করে বটে, কিন্তু সেখানে যেই সমস্যাটি হয়, তা হচ্ছে পরে আর সম্পত্তির কোন অংশ থাকে না। শেষের দিকে যারা থাকেন, তারা আর কোন অংশ পান না।
এ গোঁজামিল আউল পদ্ধতিতে কুরআনে বর্ণিত সম্পত্তি বন্টনের ভগ্নাংশগুলোর লবকে হরে পরিণত করে তারা কুরআনের অবমাননা করতে বাধ্য হন। এবং সকল উত্তরাধিকারীকে কুরআনের নির্ধারিত সম্পত্তির অংশ থেকে কম পরিমাণ সম্পত্তি দেওয়া হয়।
অর্থাৎ এ নিয়মে ২৭/২৪ এর লব ২৭ কে হরে পরিণত করা হয় এবং প্রত্যেক উত্তরাধিকারীকে তাদের পূর্বের প্রাপ্য লব লব অনুযায়ী সম্পত্তি ভাগ করে দেয়া হয়।
এর ফলে ফাউল এ পদ্ধতিতে সম্পত্তি এভাবে ভাগ করা হয়:

৩ কন্যা পাবে= ১৬/২৭ অংশ,,	বাবা পাবে= ৪/২৭ অংশ
মা পাবে= ৪/২৭ অংশ,	স্ত্রী পাবে= ৩/২৭ অংশ

ফাউল এই আউল পদ্ধতি দিয়ে যেকোনো ভুল ও মূর্খতাকে সংশোধন করা সম্ভব। যেমন সামান্য গণিত না জানা কোন পুরুষ মারা যাওয়ার আগে যদি তার সম্পত্তি তার জীবিত তিন কন্যা, বাবা-মা এবং স্ত্রীর মধ্যে এমন ভাবে ভাগ করে দেয় যে,
তার-
তিন কন্যা পাবে তার সম্পত্তির ৪/৫ অংশ,
বাবা পাবে তার সম্পত্তির ৩/৫ অংশ,
মা পাবে তার সম্পত্তির ৩/৫ অংশ,
স্ত্রী পাবে তার সম্পত্তির ২/৫ অংশ.....
তাহলে ঐ পুরুষকে মুর্খ বা পাগল ছাড়া আপনি আর কি বলবেন ?!
কারণ তার নিয়মে এই ভাগ করে দেয়া সম্পত্তির অংশগুলো যোগফল= ৪/৫ + ৩/৫ + ৩/৫ + ২/৫ = ১২/৫ অংশ !

কিন্তু, এখন ফাউল ঐ আউল পদ্ধতিতে লব উল্টিয়ে দিয়ে এটাকেও ভাগ করে দেয়া সম্ভব! যেমন:
৪/১২ + ৩/১২ + ৩/১২ + ২/১২ = ১২/১২ অংশ।

এভাবে যেকোনো অশিক্ষিত মূর্খ বা পাগলের হিসাবকে ফাউল এই আউল পদ্ধতি দিয়ে গোঁজামিল দিয়ে মিলিয়ে দেয়া যাবে।
তাতে করে কি সেই মূর্খের ভুল হিসাবের নিয়ম ঠিক হয়ে গেল ?! কখনোই না। যদি না আপনার মাথায় মাথায় ব্রেনের যায়গায় অন্য কিছু না থেকে থাকে।।
যদি এই মহাবিশ্বে কোনো সৃষ্টিকর্তা থেকেই থাকে, তবে যেহেতু কোনো ভুল করতে পারেন না, সেহেতু এই সামান্য গণিতের জ্ঞান না থাকায় যে এত বড় ভুল করে বসে আছে, তাকে আপনি সৃষ্টিকর্তা হিসেবে কল্পনা করে বসে আছেন, আপনার ব্রেইন কি তাহলে পরাজিত আপনার অন্ধভক্তি, অন্ধবিশ্বাসের কাছে?

যাদের কাছে অংশ দিয়ে হিসাবটা এখনো ক্লিয়ার হয়নি, তাদের বোঝার সুবিধার জন্য উদাহরণটি টাকার মাধ্যমে নিচে দেয়া হলো-

ধরেন, আপনার প্রতিবেশী জনাব আবুল মিয়ার পরিবারে রয়েছে তার বৃদ্ধ পিতা মাতা, তার স্ত্রী, এবং তিন কন্যা। আবুল মিয়া মারা গেলেন, এবং উনার সম্পত্তি কুরআনের উপরের আয়াত মোতাবেক ভাগ বাটোয়ারা করা হবে। হিসেব করার সুবিধার জন্য ধরে নিচ্ছি আবুল মিয়া ১০০ টাকার সম্পত্তি রেখে গেছেন। এখন ভাগ বাটোয়ারা কীভাবে করবো?
১।“ মৃতের পিতা-মাতার মধ্য থেকে প্রত্যেকের জন্যে ত্যাজ্য সম্পত্তির ছয় ভাগের এক ভাগ, যদি মৃতের সন্তান থাকে।”
- এই আয়াত অনুসারে যেহেতু মৃতের সন্তান আছে, তাই তার বৃদ্ধ পিতামাতা প্রত্যেকে পাবেন ছয় ভাগের এক ভাগ করে। অর্থাৎ এক একজন পাবেন (১০০÷৬ = ১৬.৬৬) টাকা করে। দুইজন মিলে পাবেন ১৬.৬৬×২ = ৩৩.৩৩ টাকা।

২। “একজন পুরুষের অংশ দু’জন নারীর অংশের সমান। অতঃপর যদি শুধু নারীই হয় দু`এর অধিক, তবে তাদের জন্যে ঐ মালের তিন ভাগের দুই ভাগ যা ত্যাগ করে মরে এবং যদি একজনই হয়, তবে তার জন্যে অর্ধেক।”
- এবারে আসুন তার তিন কন্যা কতটুকু সম্পত্তি পাবে তার হিসেবে। উপরের আয়াত থেকে বোঝা যায়, আবুল সাহেবের তিন কন্যা পাবে মালের তিনভাগের দুই ভাগ। অর্থাৎ (১০০× ২/৩ = ৬৬.৬৭) টাকা।

৩।“ স্ত্রীদের জন্যে এক-চতুর্থাংশ হবে ঐ সম্পত্তির, যা তোমরা ছেড়ে যাও যদি তোমাদের কোন সন্তান না থাকে। আর যদি তোমাদের সন্তান থাকে, তবে তাদের জন্যে হবে ঐ সম্পত্তির আট ভাগের এক ভাগ।”
- এবারে মৃত আবুল মিয়ার স্ত্রীর হিসেব। উপরের আয়াত মোতাবেক তিনি পাবেন আট ভাগের এক ভাগ। অর্থাৎ (১০০÷৮ = ১২.৫০) টাকা।

এভাবে আসুন হিসেব করি। আবুল সাহেব মোট ১০০ টাকা রেখে গিয়েছিলেন। তার মধ্যে কুরআনের এই নিয়ম অনুসারে

যারা পাবেন	যত পাবেন
পিতামাতা	৩৩.৩৩ টাকা
তিন কন্যা	৬৬.৬৭ টাকা
স্ত্রী	১২.৫০ টাকা
মোট	**৩৩.৩৩ + ৬৬.৬৭ + ১২.৫০ = ১১২.৫০ টাকা**

কিন্তু টাকাগুলো ভাগ করে দেয়ার সময় দেখা যাচ্ছে, ১২.৫০ টাকা কম হয়ে যাচ্ছে। মোট টাকা আছে ১০০, অথচ সবাইকে দিতে হবে ১১২.৫০। এই বাড়তি ১২.৫০ টাকা কোথা থেকে আসবে? আল্লাহ পাক নাজিল করবেন?

↥

মুহাম্মদ সামান্য গণিত পারলে আজ এভাবে তাকে এক্সপোজ হতে হতোনা ! মিরাজের গল্পে সে বিজোড় সংখ্যার সামান্য গনিতেও তালগোল পাকায়ে ভুল করে ফেলছে:

৫০ ওয়াক্তের অর্ধেক হচ্ছে ২৫। এর অর্ধেক হচ্ছে ১২.৫। কিন্তু এভাবে নামাজ আদায় করা তো অসম্ভব। কেউ কি ১২.৫ ওয়াক্ত নামাজ পড়তে পারবে? তাহলে আল্লাহ কোন আক্কেলে এরকম সংখ্যক নামাজের বিধান দিয়েছিলেন? আল্লাহই যে নবী মুহাম্মদের ফেইক আইডি, যারা এখন জানেন না তাদের এরকম প্রশ্ন আসতে পারে যে- নবী না হয় মূর্খ ছিলেন, গণিত শেখেননি। কিন্তু আল্লাহ এরকম ভুল কীভাবে করলেন? আমার এই পিডিএফটা যদি আপনি পুরোটা পড়ে থাকেন তাহলে সব ধরনের প্রশ্ন,কনফিউশন ক্লিয়ার হয়ে যাবে। যাইহোক, আসুন হাদিসটি পড়ি

সহীহ বুখারী (তাওহীদ) ৩৩৪২।

ইবনু হাযম (রহ.) এবং আনাস ইবনু মালিক (রাঃ) বর্ণনা করেছেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তখন আল্লাহ আমার উপর পঞ্চাশ ওয়াক্ত সালাত ফরজ করেছেন। অতঃপর আমি এ নির্দেশ নিয়ে ফিরে আসলাম। যখন মূসা (আঃ)-এর পাশ দিয়ে অতিক্রম করছিলাম, তখন তিনি জিজ্ঞেস করলেন, আপনার রব আপনার উম্মাত উপর কী ফরজ করেছেন? আমি বললাম, তাদের উপর পঞ্চাশ ওয়াক্ত সালাত ফরজ করা হয়েছে। তিনি বললেন, পুনরায় আপনার রবের নিকট ফিরে যান। কেননা আপনার উম্মাতের তা পালন করার সামর্থ্য রাখে না। তখন ফিরে গেলাম এবং আমার রবের নিকট তা কমাবার জন্য আবেদন করলাম। তিনি তার অর্ধেক কমিয়ে দিলেন। আমি মূসা (আঃ)-এর নিকট ফিরে আসলাম। তিনি বললেন, আপনার রবের নিকট গিয়ে পুনরায় কমাবার আবেদন করুন এবং তিনি (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) পূর্বের অনুরূপ কথা আবার উল্লেখ করলেন। এবার তিনি (আল্লাহ) তার অর্ধেক কমিয়ে দিলেন। আবার আমি মূসা (আঃ)-এর নিকট আসলাম এবং তিনি পূর্বের মত বললেন। আমি তা করলাম। তখন আল্লাহ তার এক অংশ মাফ করে দিলেন। আমি পুনরায় মূসা (আঃ)-এর নিকট আসলাম এবং তাঁকে জানালাম। তখন তিনি বললেন, আপনার রবের নিকট গিয়ে আরো কমাবার আরয করুন। কেননা আপনার উম্মাতের তা পালন করার সামর্থ্য থাকবে না। আমি আবার ফিরে গেলাম এবং আমার রবের নিকট তা কমাবার আবেদন করলাম। তিনি বললেন, এ পাঁচ ওয়াক্ত সালাত বাকী রইল। আর তা সাওয়াবের ক্ষেত্রে পঞ্চাশ ওয়াক্ত সালাতের সমান হবে। আমার কথার পরিবর্তন হয় না। অতঃপর আমি মূসা (আঃ)-এর নিকট ফিরে আসলাম। তিনি এবারও বললেন, আপনার রবের নিকট গিয়ে আবেদন করুন। আমি বললাম, এবার আমার রবের সম্মুখীন হতে আমি লজ্জাবোধ করছি। এবার জিবরাঈল (আঃ) চললেন এবং অবশেষে আমাকে সাথে নিয়ে সিদ্রাতুল মুন্তাহা পর্যন্ত নিয়ে গেলেন। দেখলাম তা এমন চমৎকার রঙে পরিপূর্ণ যা বর্ণনা করার ক্ষমতা আমার নেই। অতঃপর আমাকে জান্নাতে প্রবিষ্ট করানো হল। দেখলাম এর ইট মোতির তৈরী আর এর মাটি মিসক বা কস্তুরীর মত সুগন্ধময়। (৩৪৯) (আধুনিক প্রকাশনীঃ ৩০৯৫, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩১০৩)
হাদিসের মানঃ সহিহ (Sahih)
বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

পরের অংশে যাওয়ার আগে, যারা জানেন না, তাদের অবগত করার জন্য একটি বিষয় উল্লেখ করাটা জরুরি।
["**বিভিন্ন ভাষায় কুরআনের অনুবাদে ব্রাকেটে শুধুমাত্র এতটুকু সংযুক্ত করা যায়েজ যে-** যদি কার বা কি বিষয়ে আগে থেকে কথা হচ্ছে_ যেমনঃ তিনি(মুসা) বললেন, কিন্তু সে(ফিরআউন) বলেছিল, আর সেটি(লাঠি) সাপ হয়ে গেল, যখন তারা(মুশরিকরা) নিহত হলো, আর তিনি(আল্লাহ) মুশরিকদের ক্ষমা করেননা, কিন্তু সেটি(সূর্য)ও অস্ত গেল,.....এরকম হুবহু ঐ একই বিষয়টি নির্দেশক/সমার্থক শব্দ_ পাঠকের বুঝার সুবিধার জন্য। **এর বাইরে কুরআনে যে শব্দ নেই তা যদি ব্রাকেটেও সংযুক্ত করা হয় তবে সেটাকে যদি কেউ কুরআনের অনুবাদ বলে দাবী করে- তবে সে কুরআনকে অপূর্ণাংগ হিসেবে আখ্যায়িত করা এবং কুরআন জাল করার মতো ভয়াবহ গুনাহের সামিল হবে**।"। - আল্লামা ইবনে কাসীর (র)।
তাই কোনো অনুবাদক যদি এরকম গর্হিত কাজ করে- তবে সেই গুনাহের দায় শুধু তার উপরই বর্তাবে, এবং অবশ্যই ইসলামে তার এই অনুবাদের অংশটুকু কুরআনের হুবহু অনুবাদ হিসাবে কোনোভাবেই গ্রহণযোগ্য হবেনা।__ আবদুল আযীয ইবনে আবদুল্লাহ ইবনে বায রহিমাহুল্লাহ {গ্র্যান্ড মুফতি, সৌদি আরব}]

↥

কুরআনের ভুল এবং অসংগতিসমূহের একটি সামান্য তালিকা

[যারা শুরুতেই এই শিরোনাম থেকে পড়া শুরু করেছেন, বা যারা আগের সবগুলো অধ্যায় পুরোটা এখনো পড়েননি_ সেইসব পাঠকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এই বিষয়ের অর্ধেকের বেশিরভাগ অংশ –'ইসলাম এবং বিজ্ঞান' অধ্যায়ে এবং অন্যান্য অধ্যায়েও কিছু অংশ রয়েছে। আর কিছু এখানে দেওয়া হচ্ছে.....]

- আমি নিকটবর্তী আসমানকে প্রদীপপুঞ্জ দ্বারা সুশোভিত করেছি এবং সেগুলোকে শয়তানদের প্রতি নিক্ষেপের বস্তু বানিয়েছি। আর তাদের জন্য প্রস্তুত করে রেখেছি জ্বলন্ত আগুনের আযাব। কুরআন ৬৭/৫।
- নিশ্চয় আমি নিকটবর্তী আকাশকে তারকারাজির দ্বারা সুশোভিত করেছি। এবং তাকে সংরক্ষিত করেছি প্রত্যেক অবাধ্য শয়তান থেকে। ওরা উর্ধ্ব জগতের কোন কিছু শ্রবণ করতে পারে না এবং **চারদিক থেকে তাদের প্রতি উল্কা নিক্ষেপ করা হয়। ওদেরকে বিতাড়নের উদ্দেশে। তবে কেউ ছোঁ মেরে কিছু শুনে ফেললে জ্বলন্ত উল্কাপিন্ড তার পশ্চাদ্ধাবন করে।** কুরআন ৩৭/৬-১০

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)
৪৬০০। রাসূল সা বলেন, ... অনেক সময় এমন হয় যে, ঐ কথাটি পৌঁছার পূর্বেই তা তাদের ওপর নিক্ষেপ করা হয়। আবার কখনো তারকা নিক্ষেপ হওয়ার পূর্বেই তা তাদের কাছে পৌঁছিয়ে যায়।

https://sunnah.com/muslim:2229a।
নবী সাল্লাল্লাহু আ এর সাহাবীগণ এক রাতে নবী সা এর সঙ্গে উপবিষ্ট ছিলেন। এমন সময় একটি তারকা নিক্ষিপ্ত হল, এবং তা জ্বলে উঠল। রাসূল সা বললেন, আসমানসমূহের বাসিন্দারা একে অপরকে খবর আদান প্রদান করে। অবশেষে এই নিকটবর্তী আসমানে খবর পৌছে। তখন জ্বীনেরা অতর্কিতে (গোপন সংবাদটি) শুনে নেয় ..... And **when the Angels see the jinn they attack them with meteors.**

কদরের রাতে উল্কাপাত হয় না !
আহমদ ইবনে হানবল থেকে একটি সহিহ হাদিসে বর্ণিত আছে, শবে কদরের রাতে উল্কাপাত হয় না।



islamweb.net
www.islamweb.net
Islamweb Fatwas

Fatwa Title : Signs of the night of Power (Laylatul Qadr)
Fatwa No. : 83532

The Signs that occur during that night are described in the following Hadeeth. Ubadah Ibn As-Saamit, may Allaah be pleased with him, narrated that the Prophet, sallallaahu 'alayhi wa sallam, said: "*The Night of Decree is a clear and shining night as if there were a bright moon in it. It is calm and quiet. It is* [*neither cold nor hot and no shooting stars are thrown in it till the morning.*" [Ahmad

Moreover, Abu Hurayrah, may Allaah be pleased with him, said: "*We were talking about Laylatul-Qadr in the presence of the Messenger of Allah, sallallaahu 'alayhi*


উল্কাপাত আসলে কী?

উল্কা (ইংরেজিতে meteoroid) হল কোন ধূমকেতুর অংশবিশেষ যেগুলো কক্ষপথ থেকে বিচ্যুত হয়ে **পৃথিবীর বায়ুমণ্ডলে প্রবেশ করে বায়ুমণ্ডলের সাথে সেটির ঘর্ষণে জ্বলে উঠে**। এগুলোকেই উল্কা বলা হয়। এটি মহাকাশে পরিভ্রমণরত পাথর

বা ধাতু দ্বারা গঠিত ছোট মহাজাগতিক বস্তু যা পৃথিবীর বায়ুমন্ডলে প্রবেশ করলে বায়ুর সংঘর্ষে জ্বলে উঠে। এই ঘটনাকে উল্কাপাত বলে।

- আল্লাহ সূর্যকে করেছেন দীপ্তিময় এবং চাঁদকে আলোময়। কুরআন, সূরা ইউনুস, আয়াত ৫
- আল্লাহ চাঁদকে সৃষ্টি করেছেন আলোরূপে। কুরআন, সূরা নূহ, আয়াত ১৬
- (কিয়ামতের দিন) চাঁদ আলোহীন হয়ে পড়বে। কুরআন, সূরা আল-ক্বিয়ামাহ, আয়াত ৮

আপনি চাঁদে অবতরণ করে চাঁদকে কোনোভাবে আলোকময় হিসেবে দেখতে পাবেন না। কারণ চাদের নিজের আলো নেই।



২০০ তাফসীরে জালালাইন : আরবি-বাংলা, সপ্তম খণ্ড [২৯তম পারা]

٨. وخسف القمر اظلم و ذهب ضوءه .

٩. وَجُمِعَ الشَّمْسُ وَالْقَمَرُ فَطَلَعَا مِنَ الْمَغْرِبِ أَوْ ذَهَبَ ضَوْءُهُمَا وَ ذٰلِكَ فِيْ يَوْمِ الْقِيٰمَةِ .

৮. এবং চন্দ্র জ্যোতিহীন হয়ে পড়বে অন্ধকারাচ্ছন্ন হয়ে পড়বে এবং তার জ্যোতি লোপ পাবে।

৯. আর সূর্য ও চন্দ্রকে একত্র করা হবে তখন তারা পশ্চিম দিক হতে উদিত হবে অথবা তাদের আলো লোপ পাবে। আর এরূপ কিয়ামতের দিনে হবে।

সহীহ বুখারী (ইফাঃ)
অধ্যায়ঃ ৪৯/ সৃষ্টির সূচনা
পরিচ্ছেদঃ ১৯৮৬. চন্দ্র ও সূর্য উভয়ে নির্ধারিত কক্ষপথে আবর্তন করে। এর জন্য মুজাহিদ (রহঃ) বলেন, উভয়ের আবর্তন চাকার আবর্তনের অনুরূপ। আর অন্যেরা বলেন, উভয় এমন এক নির্দিষ্ট হিসাব ও স্থানের দ্বারা নিয়ন্ত্রিত যা তারা অর্থাৎ চন্দ্র ও সূর্য লঙ্ঘন করতে পারে না। حُسْبَانٌ হল حِسَابٍ শব্দের বহুবচন, যেমন شِهَابٍ এর বহুবচন شُهْبَانٍ – ضُحَاهَا এর অর্থ জ্যোতি। أَنْ تُدْرِكَ الْقَمَرَ চন্দ্র সূর্যের একটির জ্যোতি অপরটিকে ঢাকতে পারে না, আর তাদের পক্ষে এটা সম্ভব নয়। سَابِقُ النَّهَارِ রাত দিনকে দ্রুত অতিক্রম করে। উভয়ে দ্রুত অতিক্রম করতে চায়। نَسْلَخُ আমি উভয়ের একটিকে অপরটি হতে বের করে আনি আর তাদের প্রতিটি চালিত করা হয় وَاهِيَةٌ এবং وَهْيُهَا এর অর্থ তার বিদীর্ণ হওয়া। أَرْجَائِهَا তার সেই অংশ যা বিদীর্ণ হয়নি আর তারা তার উভয় পার্শ্বে থাকবে। যেমন তোমার উক্তি عَلَى أَرْجَاءِ الْبِئْرِ কূপের তীরে أَغْطَشَ وَجَنَّ অন্ধকার ছেয়ে গেল। হাসান বসরী বলেন كُوِّرَتْ অর্থ লেপটিয়ে দেয়া হবে, যাতে তার জ্যোতি নিঃশেষ হয়ে যাবে। আর বলা হয়ে থাকে وَاللَّيْلِ وَمَا وَسَقَ এর অর্থ আর শপথ রজনীর এবং তার যে জীবজন্তু একত্রিত করল। اتَّسَقَ বরাবর হল। بُرُوجًا চন্দ্র সূর্যের কক্ষ ও নির্ধারিত স্থান। الْحَرُورُ গরম বাতাস যা দিনের বেলায় সূর্যের সাথে প্রবাহিত হয়। ইবন আব্বাস (রাঃ) বলেন, حَرُورُ রাত্রিবেলার আর سَمُومُ দিনের বেলার লু হাওয়া। বলা হয় يُولِجُ অর্থ প্রবিষ্ট করে বা করবে وَلِيجَةً অর্থ এমন প্রতিটি বস্তু যা তুমি অন্যটির মধ্যে ঢুকিয়েছ।

নক্ষত্র অস্ত যায়?

- কুরআন

An-Najm 53:1 ...
কসম নক্ষত্রের, যখন তা অস্ত যায়।
NOT - কসম নক্ষত্রের, যখন তা *তোমরা অস্ত যেতে দেখ *

যেটা সত্য না বরং মানুষের দেখার ভ্রম, এরকম বিষয়ে যদি কেউ শপথ করে তাহলে হয় সে পাগল নাহয় সে জানেনা এটা সত্য নয় বরং ভ্রম। অটোটিউন ইউজ করলে ছাগলের ডাকও শ্রুতিমধুর শোনাবে, এখন যদি কেউ এটা শুনে বলে- শ্রুতিমধুর ছাগলের ডাকের কসম। তাহলে নির্ঘাত পাগল/নেশাখোর অথবা অটোটিউন নামক ইলিউশনের ব্যাপারে জানেইনা_ এ বিষয়ে কোনো সন্দেহ নেই। এখন চলুন কুরআনে দেখি,

↥

- কুরআন ৫৬:৭৫। আমি কসম করছি **নক্ষত্ররাজির অস্তাচলের**। [তাফসীরঃ অস্তাচল অর্থাৎ অস্তের সময়। এ আয়াতে নক্ষত্রের অস্ত যাওয়ার সময়ের শপথ করা হয়েছে] *কুরআনের এই আয়াত অনুযায়ী তারকাদেরও সুর্য ও চন্দ্রের মতো অস্তাচল রয়েছে এবং তারকাগুলো সূর্য চাঁদের মতোই অস্ত যায় !*
- কুরআন ৮৬:১-৩। শপথ রাতে যা আবির্ভূত হয় তার। তুমি কী জানো- **রাতে যা আবির্ভূত** হয় তা কি? ওটা উজ্জ্বল নক্ষত্র!

চাঁদ পরিপুর্ণ হয় !? এটা যে আমাদের দেখার ভ্রম তা সেই আমলে নবি মুহাম্মদ বুঝতে পারেননি।

- কুরআন ৮৪:১৮। আর **চাঁদের কসম, যখন তা পরিপূর্ণ হয়**।
- কুরআন ৩৬:৩৯। চাঁদের জন্য আমি নির্ধারণ করেছি মানযিল(দশা)সমূহ, অবশেষে সেটি খেজুরের শুষ্ক পুরাতন শাখার মত হয়ে যায়।

There are no places on earth where sun is set up/down.

- কুরআন ১৮:৯০। **চলতে চলতে সে(যুলকারনাইন) সূর্যোদয়ের স্থানে পৌঁছল/ he came to the rising of the sun**।
- কুরআন ৭০:৪০। আমি **উদয়স্থল ও অস্তাচলসমূহের** রবের কসম করছি যে, আমি অবশ্যই সক্ষম!

- কুরআন ৯১:২। শপথ চাঁদের যখন তা সূর্যের পিছনে আসে the moon follows the sun
- কুরআন ৯১:৪। শপথ রাতের যখন তা সূর্যকে ঢেকে নেয় the night when it covers the sun

মেরু অঞ্চলে টানা কয়েক মাস সূর্য উঠে না, যে মানুষ এ ব্যাপারে অজ্ঞ শুধু সে ই এ ধরনের নির্দেশ দিতে পারে। গোটা কুরআন, হাদিসের কোথাও মেরু অঞ্চলের মানুষদের ব্যাপারে কোন নির্দেশনা নেই। কারণ মুহাম্মদের ধারণাও ছিলনা যে ভূপৃষ্ঠে এরকম কোনো যায়গা থাকতে পারে।

- কুরআন ১৭:৭৮। সূর্য পশ্চিমে ঢলে পড়ার সময় হতে রাত্রির অন্ধকার পর্যন্ত নামায প্রতিষ্ঠা কর।

তারকা উপরে নাকি চন্দ্র-সূর্য?

- কুরআন ৩৭/৬। নিশ্চয় আমি **নিকটবর্তী আকাশকে তারকারাজি**র সৌন্দর্যে সুশোভিত করেছি।
- কুরআন ৭১/১৫-১৬। তোমরা কি লক্ষ্য কর না যে, কীভাবে **আল্লাহ স্তরে স্তরে সপ্তাকাশ সৃষ্টি করেছেন? আর তাদের(সপ্তাকাশের) মধ্যে চাঁদকে সৃষ্টি করেছেন আলো আর সূর্যকে সৃষ্টি করেছেন প্রদীপরূপে**।

কুরআন রচয়িতার তারকা সম্পর্কিত ধারণাগুলো ছিল প্রাচীণ আরবের সাধারণ মানুষের ভ্রান্ত ধারণার মতো। সেও ততকালীন আরবের অজ্ঞ মানুষদের মতোই বিশ্বাস করতো আকাশ হলো ছাদ এবং তারকাগুলোকে তার গায়ে লাগিয়ে দেওয়া হয়েছে আকাশের সুন্দর্যের জন্য এবং মানুষ যাতে অন্ধকারে পথের দিক নির্দেশ পায় সেজন্য। কুরআন লেখক এসব ভ্রান্ত প্রাচীণ ধ্যান ধারণা রাখতো বলেই কুরআনে এমন অবৈজ্ঞানিক ও অবাস্তব ধারণাগুলো দেখা যায়। কুরআন লেখক আকাশ ও তারকাগুলো সম্পর্কে কোন বাস্তব ধারণাই রাখতো না বলে সে জানতো না যে তারকাগুলো একেকটি সূর্য বা সূর্যের মতো নক্ষত্র।

- কুরআন ৮২/১-২। যখন আসমান ফেটে যাবে, আর যখন নক্ষত্রগুলো ঝরে পড়বে।

এই আয়াতে কিয়ামতের কথা বলা হয়েছে। যখন কেয়ামত আসবে তখন তারকাগুলো আকাশ থেকে ঝরে পরবে। অর্থাৎ কুরআন লেখক ভেবেছে তারকাগুলো ছাদের মতো আকাশের গায়ে টিপের মতো স্থাপন করা হয়েছে। কিন্তু যেদিন কেয়ামত আসবে সেদিন আকাশ ভেঙ্গে যাবে এবং এরফলে তারকাগুলো ঝরে পড়বে। আসলে কুরআন লেখকের কোন ধারণাই ছিল না মহাবিশ্ব সম্পর্কে। আমরা যেমন ঘরের ছাদে কাগজের তারকা লাগিয়ে দেই এবং সেগুলো ঝরে পড়ে ঠিক একই ভাবে কিয়ামতের দিন তারকাগুলোও আকাশের গা থেকে ঝরে পড়বে। কুরআন রচয়িতা যে কত বড় অজ্ঞ একজন ব্যক্তি এটা এই আয়াতটি দ্বারাই স্পষ্ট প্রমাণিত হয়েছে।

[Sky is a solid material !!

- An-Naba' 78:12-13: আমি(আল্লাহ)- তোমাদের উপরে বানিয়েছি *সাতটি মজবুত আকাশ।* আর আমি সৃষ্টি করেছি *উজ্জ্বল একটি প্রদীপ।* (আর সাত আসমানের মধ্যে একটা মাত্র প্রদীপ ! অথচ সুর্য বাকিসব নক্ষত্রের মতই একটি, বাকিগুলো অনেক দূরে বিধায় মুহাম্মদের সেগুলোকে প্রদিপ হিসেবে মনে হয়নি)

- Qaf 50:6 তারা কি তাদের উপরে আসমানের দিকে তাকায় না, কিভাবে আমি তা বানিয়েছি এবং তাতে কোন ফাটল নেই।

- Al-Hajj 22:65 যমীনে যা কিছু আছে এবং নৌযানগুলো যা তাঁরই নির্দেশে সমুদ্রে বিচরণ করে সবই আল্লাহ তোমাদের জন্য অনুগত করে দিয়েছেন। আর তিনিই আসমানকে আটকিয়ে রেখেছেন, যাতে তাঁর অনুমতি ছাড়া তা যমীনের উপর পড়ে না যায়।

- Ash-Shura 42:5 উপর থেকে আসমান ফেটে পড়ার উপক্রম হয়; আর (তখন) ফেরেশতারা তাদের রবের প্রশংসায় তাসবীহ পাঠ করে।

আসমানের দরজা !

- ♦ Al-Qamar 54:11 ফলে আমি বর্ষণশীল বারিধারার মাধ্যমে আসমানের দরজাসমূহ খুলে দিলাম।
- Sad 38:10 আসমান ও যমীন এবং এ দু'য়ের মধ্যে যা আছে তার মালিকানা কি তাদের? (যদি তাদের হয়) তাহলে তারা আরোহণ করুক (আসমানে উঠার) কোন উপায় অবলম্বন করে।

- Al-Hijr 15:14 যদি আমি তাদের(অবিশ্বাসী) জন্য আসমানের কোন দরজা খুলে দিতাম, তারপর তারা তাতে আরোহণ করতে থাকত ।

- Al-A'raf 7:40 নিশ্চয় যারা আমার আয়াতসমূহকে অস্বীকার করেছে তাদের জন্য আসমানের দরজাসমূহ খোলা হবে না।]

আল-আদাবুল মুফরাদ
পরিচ্ছেদঃ ছায়াপথ।
৭৭১। ইবনুল কাওয়া (রহ) আলী (রা)-কে ছায়াপথ সম্পর্কে জিজ্ঞেস করেন। তিনি বলেন, তা হলো আসমানের প্রবেশদ্বার এবং নূহের বন্যায় প্রবল বৃষ্টি বর্ষণের জন্য আকাশের ঐ দ্বারই খুলে দেয়া হয়েছিল (৫৪ঃ ১১ আয়াতের প্রতি ইঙ্গিত)।

আল-আদাবুল মুফরাদ
পরিচ্ছেদঃ ছায়াপথ।
৭৭২। ইবনে আব্বাস (রা) বলেন, রংধনু হলো পৃথিবীবাসীর জন্য মহাপ্লাবনের পর নিরাপত্তার প্রতীক এবং ছায়াপথ হলো আকাশের একটি দরজা, যা থেকে আকাশ বিদীর্ণ হবে।

[Author of Quran says- সপ্তাকাশ is visible to human eye

- Al-Mulk 67:3 যিনি সাত আসমান স্তরে স্তরে সৃষ্টি করেছেন। পরম করুণাময়ের সৃষ্টিতে তুমি কোন অসামঞ্জস্য দেখতে পাবে না। তুমি আবার দৃষ্টি ফিরাও, কোন ত্রুটি দেখতে পাও কি?

- Yusuf 12:105 আসমানসমূহে কত নিদর্শন রয়েছে, যা তারা অতিক্রম করে(প্রত্যক্ষ করে) চলে যায়, অথচ সেগুলো থেকে তারা বিমুখ।

- Luqman 31:10 তিনি খুঁটি ছাড়া আসমানসমূহ সৃষ্টি করেছেন, যা তোমরা দেখছ।

- Nuh 71:15-16 'তোমরা কি লক্ষ্য কর না যে, কীভাবে আল্লাহ স্তরে স্তরে সপ্তাকাশ সৃষ্টি করেছেন'?]

↥

According to author of quran - The age of earth is much than all of the stars, galaxies !

- কুরআন ২:২৯। **তিনিই যমীনে যা আছে সব তোমাদের জন্য সৃষ্টি করেছেন। তারপর আসমানের প্রতি খেয়াল করলেন** এবং তাকে সাত আসমানে সুবিন্যস্ত করলেন।

পৃথিবী সৃষ্টি হতে যে সময় লেগেছে, সমগ্র মহাবিশ্ব সৃষ্টি হতে ঐ একই সময় লেগেছে !

- যিনি দু'দিনে **পৃথিবী সৃষ্টি করেছেন**, আর তাতে চারদিনে প্রার্থীদের জন্য সমভাবে খাদ্য নিরূপণ করে দিয়েছেন। (কুরআন ৪১:৯) **তারপর তিনি আসমানের দিকে** মনোনিবেশ করেন। **তা ছিল ধোঁয়া**। তারপর তিনি দু'দিনে আসমানসমূহকে সাত আসমানে পরিণত করলেন। (কুরআন ৪১:১১-১২)

আসমান-যমীন সংক্রান্ত ইসলামের স্বঘোষিত নবী মুহাম্মদের কিছু অজ্ঞ বিশ্বাস (পড়তে এই লেখার উপর ক্লিক করুন)

সূর্যের আগেই গাছপালা সৃষ্টি !

বলুন, তোমরা কি সে সত্তাকে অস্বীকার কর যিনি পৃথিবী সৃষ্টি করেছেন দু'দিনে এবং তোমরা কি তাঁর সমকক্ষ স্থীর কর? তিনি তো সমগ্র বিশ্বের পালনকর্তা।
তিনি পৃথিবীতে উপরিভাগে অটল পর্বতমালা স্থাপন করেছেন, তাতে কল্যাণ নিহিত রেখেছেন এবং চার দিনের মধ্যে তাতে তার খাদ্যের ব্যবস্থা করেছেন-পূর্ণ হল জিজ্ঞাসুদের জন্যে।
অতঃপর তিনি আকাশের দিকে মনোযোগ দিলেন যা ছিল ধুম্রকুঞ্জ, অতঃপর তিনি তাকে ও পৃথিবীকে বললেন, তোমরা উভয়ে আস ইচ্ছায় অথবা অনিচ্ছায়। তারা বলল, আমরা স্বেচ্ছায় আসলাম।
অতঃপর তিনি আকাশমন্ডলীকে দু'দিনে সপ্ত আকাশ করে দিলেন এবং প্রত্যেক আকাশে তার আদেশ প্রেরণ করলেন। আমি নিকটবর্তী আকাশকে প্রদীপমালা দ্বারা সুশোভিত ও সংরক্ষিত করেছি। এটা পরাক্রমশালী সর্বজ্ঞ আল্লাহর ব্যবস্থাপনা।
কুরআন ৪১ঃ৯-১২

[*আসমান/আকাশ* (السماء) = same প্রমাণঃ

- brahim 14:32 তিনি **আসমান থেকে বৃষ্টি বর্ষণ করেন**।
- Al-Baqarah 2:22 যিনি তোমাদের জন্য যমীনকে করেছেন বিছানা, **আসমানকে করেছেন ছাদ**।]

[[কুরআনে أَرْض (আরদ) = শুধুমাত্র যমীনকে বোঝানো হয়েছে, কিন্তু কোনো গোলকাকৃতির পৃথিবীকে বুঝানো হয়নি]] প্রমাণঃ-

- Sura TaHa 20:6= لَهُۥ مَا فِى ٱلسَّمَٰوَٰتِ وَمَا فِى ٱلْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَمَا تَحْتَ ٱلثَّرَىٰ অনুবাদ: যা আছে(مَا) যমীনে(ٱلْأَرْضِ) স্থানে এবং যা আছে মাটির নিচে(وَمَا تَحْتَ ٱلثَّرَىٰ) সব তাঁরই।]]

There wouldn't be any problem of earth stability_ if there is no mountains. { Though This ayat is not talking about earthquakes, but if anyone pretend to mean this, then for their kind information- on earth where there are many mountains several major earthquake also happens there. So if you take this meaning the ayat is proven false instantly. Also mountains created by means of earthquakes.}

Many planets that've no mountains which are moving totally smoothly. Example - eggshell planets,. So, the below ayat is another scientific error

- ১৬:১৫। তিনি জমিনে স্থাপন করেছেন সুদৃঢ় পর্বতমালা, **যাতে তোমাদের নিয়ে জমিন(পৃথিবী) হেলে না যায়**। ("হেলে পড়া" শুধুমাত্র সমতল পৃষ্ঠ ছাড়া, গোলাকার ঘুর্ণনশীল বস্তুর ক্ষেত্রে প্রযোজ্য নয়।)

কুরআনে খুব পরিষ্কারভাবেই **পৃথিবীকে স্থির এবং নড়াচড়া করে না** বলে ঘোষণা করা হয়েছে। আসুন দেখা যাক, পৃথিবী ঘুর্ণায়মান নাকি স্থির, এই বিষয়ে ইসলাম কী বলে

- নিশ্চয় আল্লাহ আসমানসমূহ ও জমিন**(পৃথিবী) কে ধরে রাখেন যাতে এগুলো স্থানচ্যুত না হয়**।

আল্লাহ কার কাছে দোয়া করেন ?!

- কুরআন ৬৩/৪। এরাই শত্রু, অতএব এদের সম্পর্কে সতর্ক হও। **আল্লাহ এদেরকে ধ্বংস করুন**। তারা কিভাবে সত্য থেকে ফিরে যাচ্ছে!

গণীমতের মাল আল্লাহর লাগবে কেন !

- কুরআন ৮/৪১। **তোমরা যা কিছু গনীমতরূপে লাভ কর, নিশ্চয় আল্লাহর জন্যই তার এক পঞ্চমাংশ** ও রাসূলের জন্য,.....
- কুরআন ৮/১। লোকেরা তোমাকে গনীমতের মাল সম্পর্কে জিজ্ঞাসা করে; **বল, গনীমতের মাল আল্লাহ ও রাসূলের জন্য**।

আল্লাহ ওরফে নবী মুহাম্মদ কল্পনাই করতে পারেনি যে একদিন মানুষ যমীন ছেড়ে বিমান/রকেট আবিষ্কার করে উপরে আরোহণ করতে পারবে। Already we've made it, & by crossing the first sky al already went to moon, mars.

- কুরআন ৩৮/১০। নাকি তাদের কর্তৃত্ব আছে আসমানসমূহ ও যমীন এবং এ দুয়ের অন্তর্বর্তী সমস্ত কিছুর উপর? থাকলে, তারা কোন উপায় অবলম্বন করে আরোহণ করুক!

নবী মুহাম্মদ কখনো ভাবতেই পারেনি যে, মানুষ বন্ধ্যাত্ব রোগের একসময় চিকিৎসা বের করে ফেলবে। এখন আমরা বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির কারণে মৃত মুহাম্মদ ওরফে আল্লাহর ইচ্ছার উপর ছড়ি ঘুরাতে পারি। Now we've the power through science to choose our baby(to be a girl/boy) & By using artificial fertilization & through artificial womb we can make a girl able to give child. Then she is not infertile at that consequences when she is producing child, doesn't matter whatever technology being used.
Here the writer of quran stated- he can make anyone infertile, Now we have the power to make them fertile, & prove the statement wrong

- কুরআন ৪২/৫০। অথবা তাদেরকে পুত্র ও কন্যা উভয়ই দান করেন এবং **আল্লাহ যাকে ইচ্ছা বন্ধ্যা করেন**। তিনি তো সর্বজ্ঞ, সর্বশক্তিমান।
- [Quran,42:49] "তিনি যা ইচ্ছা, সৃষ্টি করেন, যাকে ইচ্ছা কন্যা-সন্তান এবং যাকে ইচ্ছা পুত্র সন্তান দান করেন।"

বিজ্ঞানীরা এখন বিভিন্ন জেন্ডার সিলেকশন মেথড,যেমন: sperm-shorting,micro-short,PGD,LLC এর মাধ্যমে ইচ্ছামত পুত্র বা কন্যা সন্তান জন্ম দিতে পারে! PGD মেথড এ সফলতার হার ৯৯.৯৯%। **বন্ধ্যা নারীরা আজ আল্লাহকে মিথ্যা প্রমাণিত করে সন্তান জন্ম দিচ্ছেন**! বিজ্ঞানীদের কাছে আল্লাহ পরাজিত হচ্ছেন অসহায়ভাবে!

- [Quran,16:78] "আল্লাহ তোমাদেরকে তোমাদের মায়ের গর্ভ থেকে বের করেছেন।"

বিজ্ঞানীরা ectogenesis এত মাধ্যমে আগামীতে মায়ের দেহের বাইরেই ভ্রুণ থেকে সন্তান উৎপন্ন করার জন্য কাজ করছেন! সমস্যা একটাই আইনের কড়াকড়ি খুব বেশি! বিজ্ঞানীরা মানুষের ভ্রুণকে দেহের বাইরে ১৩ দিন বড় করেছেন! কিন্তু এর পর এটাকে মেরে ফেলতে হয়েছে, আইনের কড়াকড়ির জন্য, ১৪ দিনের বেশি অনুমতি নেই!

- [Quran,86:5-7] "তিনি মানবকে এক ফোটা বীর্য থেকে সৃষ্টি করেছেন। [16:4] "অতএব, মানুষের দেখা উচিত কি বস্তু থেকে সে সৃষ্ট হয়েছে। সে সৃষ্ট হয়েছে সবেগে স্খলিত তরল থেকে। এটা নির্গত হয় মেরুদন্ড ও বক্ষপাজরের মধ্য থেকে।

বিজ্ঞানীরা বীর্য ছাড়াই মানুষ সৃষ্টি করে দেখিয়েছেন (Human cloning)। ক্লোন মানব তৈরিতে বীর্য তো দুরের কথা, কোন পুরুষেরই দরকার নেই! একটি ডিম্বাণুর DNA কে স্পার্মের বদলে দেহকোষ থেকে সংগৃহীত DNA দ্বারা প্রতিস্থাপিত করে মানুষ জন্ম দেয়া সম্ভব হয়েছে।

- বলুন, তিনিই তোমাদেরকে সৃষ্টি করেছেন এবং দিয়েছেন কর্ণ, চক্ষু। তোমরা অল্পই কৃতজ্ঞতা প্রকাশ কর।"[Quran,67:23]

>> বিজ্ঞানীরা বহু জন্মান্ধকেই দৃষ্টি দিয়েছেন, যাদেরকে আল্লাহ দৃষ্টি দিতে পারেনি! এরও আগে থেকে বিজ্ঞানীরা শ্রবণশক্তি দিতে সক্ষম হচ্ছেন, যাকে আল্লাহ শ্রবণশক্তি দেন নাই!! এছাড়াও বহু জন্মগত বিকলাংগ, এক মাথা দুই শরীর নিয়ে জন্মানোসহ ভয়াবহ বিকৃত শিশুর শরীরকে স্বাভাবিক শরীরে ফিরিয়ে দিতে সক্ষম হয়েছেন। যেখানে বিজ্ঞানী ডাক্তাররাই ঈশ্বর হিসেবে মানুষের কাছে স্থান পেয়েছে, আর ইচ্ছা করে ওসব অসুস্থ-বিকৃত শরীর তৈরী করা কালপ্রিট কাল্পনিক আল্লাহকে মানুষ ঝামা ঘষে মন থেকে বিদায় করেছে।

- "তোমাদের জন্য সমুদ্রের শিকার ও সুমুদ্রের খাদ্য হালাল করা হয়েছে তোমাদের উপকারার্থে"! [5:96]

>> আল্লাহ এখানে অজ্ঞতাবশত তার বান্দাদের কুপরামর্শ দিয়েছেন! বিজ্ঞানীদের দ্বারা আমরা এখন জানি যে সমুদ্রে বিষাক্ত মাছেরও অভাব নেই! বিজ্ঞান অমান্য কইরা আল্লাহর কথায় সব মাছ খাইতে গেলে নির্ঘাত মৃত্যু!

- "তুমি কি তোমার পালনকর্তাকে দেখ না, তিনি কিভাবে ছায়াকে বিলম্বিত (বর্ধিত,extend) করেন? তিনি ইচ্ছা করলে একে স্থির রাখতে পারতেন। এরপর আমি সূর্যকে করেছি এর নির্দেশক। অতঃপর আমি একে নিজের দিকে ধীরে ধীরে গুটিয়ে আনি। [25:45-46]

ছায়াকে বর্ধিত-সংকোচিত করার জন্য এখন তো আর সুর্যের দরকার নাই! কোন উচ্চক্ষমতাসম্পন্ন লাইট সোর্স দিয়ে দিনের বেলাতেই, এমনকি সুর্যের দিকেই বস্তুর ছায়া সৃষ্টি করা যাবে! বর্ধিত-সংকুচিত করা তো আরো সোজা"

- [36:37] "তাদের জন্যে এক নিদর্শন রাত্রি, আমি তা থেকে দিনকে অপসারিত করি, তখনই তারা অন্ধকারে থেকে যায়"

আল্লাহ দিনকে অপসারিত করলেও, এখন আমরা আর অন্ধকারে থাকিনা! আল্লাহ, বিদ্যুত আবিষ্কারক বিজ্ঞানী ও তা রাতে সার্বক্ষণিক সরবরাহ করার প্রযুক্তির কাছে এখানেও পরাজিত!

- [Quran,10:5] "তিনিই সূর্যকে করেছেন দীপ্তিশালী ও চন্দ্রকে আলোকময় এবং তার মঞ্জিলও ঠিকমত নির্দিষ্ট করে দিয়েছেন যাতে তোমরা তার সাহায্যে বছর গণনা ও তারিখ হিসেব করতে পারো

বছর আর তারিখ গণনার জন্য এখন কি আর চাদ-সুর্যের দরকার আছে?? আরবীয়রা অবশ্য এখনো চাঁদ দেইখা মাস হিসাব করে,,কিন্তু বাকিদের দরকার নাই! বিজ্ঞান বহু আগেই বিকল্প ব্যবস্থা করে ফেলছে!

- আর তিনিই তারকাগুলোকে বানিয়েছেন তোমাদের জন্য পৃথিবী ও সমুদ্রের গভীর অন্ধকারে পথের দিশা জানার মাধ্যম। দেখো, আমি নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করে দিয়েছি তাদের জন্য যারা জ্ঞান রাখে। [Quran,6:97]

>> এখন আর তারকা দেখে পথ চেনা দরকার নাই! মানুষ তো এখন স্যাটেলাইট জিপিএস দিয়ে আরো নির্ভুলভাবে পথ চিনতে পারে!! আল্লাহ আবার বিজ্ঞানের কাছে পরাজিত!

মুহাম্মদ কল্পনাই করতে পারেনি যে, একসময় মানুষের জাহাজ চালানোর জন্য পাল টানানো বা বায়ুপ্রবাহের প্রয়োজন হবেনা। The author of quran never could thought - one day human would make technology to be able to run a water-vehicle without help of wind !

- কুরআন ৪২/৩৩। **আল্লাহ যদি চান বাতাসকে থামিয়ে দিতে পারেন। ফলে জাহাজগুলো সমুদ্রপৃষ্ঠে গতিহীন হয়ে পড়বে।** নিশ্চয় এতে পরম ধৈর্যশীল ও কৃতজ্ঞ ব্যক্তির জন্য অনেক নিদর্শন রয়েছে।

- কুরআন ৫৬:৬৯। **বৃষ্টিভরা মেঘ থেকে তোমরা কি তা বর্ষণ কর, না আমি বৃষ্টি বর্ষণকারী?**

বর্তমানে চাইনিজ বিজ্ঞানীরা মেঘের মধ্যে কেমিকেল ছিটিয়ে প্রতিবছর ৫৫ বিলিয়ন টন বৃষ্টিপাত ঘটান!

- আমি মেঘমালা থেকে বিশুদ্ধ পানি বর্ষণ করি। কুরআন 25/48

(acid rain laughing at the corner)


বায়োলজিক্যাল জ্ঞান না থাকা অজ্ঞ, লোককথা বিশ্বাসী মুর্খ মানুষের পক্ষেই এরকম কথা বলা সম্ভব-

- আমি **নূহ**কে তার সম্প্রদায়ের কাছে পাঠিয়েছিলাম, অতঃপর সে পঞ্চাশ কম হাজার**(৯৫০) বছর তাদের মাঝে অবস্থান করেছিল(জীবিত ছিল)**। সূরা আনকাবুত, আয়াত: ১৪

- আসহাবে কাহাফের তিনজন যুবক গুহায় **(নিদ্রামগ্ন) ছিল ৩০৯ বছর**। কুরআন 18/25

গোবর-দুধ তৈরির ভয়াবহ সায়েন্স কুরআনে ও তাফসীরে-

- আর নিশ্চয় **চতুষ্পদ জন্তু**তে রয়েছে তোমাদের জন্য শিক্ষা। **তার পেটের ভেতরের গোবর ও রক্তের মধ্যখান থেকে তোমাদেরকে আমি দুধ পান করাই**। সূরা নাহলঃ১৬



তাফসীরে জালালাইন (৩য় খণ্ড) : আরবি-বাংলা ৪৯৫

গোবর ও রক্তের মাঝখান দিয়ে পরিষ্কার দুধ বের করা সম্পর্কে হযরত আব্দুল্লাহ ইবনে আব্বাস (রা.) বলেন, জন্তুর ভক্ষিত ঘাস তার পাকস্থলীতে একত্রিত হলে পাকস্থলী তা সিদ্ধ করে। পাকস্থলীর এই ক্রিয়ার ফলে খাদ্যের বিষ্ঠা নিচে বসে যায় এবং দুধ উপরে থেকে যায়। দুধের উপরে থাকে রক্ত। এরপর যকৃত এই তিন প্রকার বস্তুকে পৃথকভাবে তাদের স্থানে ভাগ করে দেয়, রক্ত পৃথক করে রগের মধ্যে চলায় এবং দুধ পৃথক করে জন্তুর স্তনে পৌছে দেয়। এখন পাকস্থলীতে শুধু বিষ্ঠা থেকে যায়, যা গোবর হয়ে বের হয়ে আসে।

The Big bang and Quran 21:30 , islamic-astronomical-miracles/

নবী কি আল্লাহকে ধরে/আটকায়ে রাখত ? এখানে কে নবী কে আল্লাহ ?

- কুরআন ৭৩/১১। **আর ছেড়ে দাও আমাকে** এবং বিলাস সামগ্রীর অধিকারী মিথ্যারোপকারীদেরকে। আর তাদেরকে কিছুকাল অবকাশ দাও।

নবী নিজের নামে নিন্দা শুনে তেড়েফুঁড়ে আল্লাহর নাম করে ঐ একই নিন্দা ছুড়ে মারত, তা ছিল অযৌক্তিক, কারণ কাফেরদের ছেলে সন্তান বড় হত, বংশ বজায় থাকত।

- কুরআন ১০৮/৩। নিশ্চয় তোমার প্রতি শত্রুতা পোষণকারীই নির্বংশ।

আল্লাহর মনেও প্রতিশোধের আগুন ! কোনো kind hearted, humble মানুষও যেখানে প্রতিশোধ নেয়ার কথা ভাবতে চায় না, সেখানে ....!

- কুরআন ৫/৯৫। যে পুনরায় করবে **আল্লাহ তার থেকে প্রতিশোধ নেবেন**। **আর আল্লাহ** মহাপরাক্রমশালী, **প্রতিশোধ গ্রহণকারী**।

আল্লাহ, সাহায্যের জন্য মুসলিমদের তার প্রতি করা দোয়ার ইমেজ ঠিক রাখতে, তা বাস্তবায়ন করার জন্য সাহাবীদের কাছে কাকুতি মিনতি করত !

- কুরআন ৪/৭৫। **তোমাদের কী হল যে, তোমরা আল্লাহর রাস্তায় লড়াই করছ না! অথচ দুর্বল পুরুষ, নারী ও শিশুরা বলছে, 'হে আমাদের রব, আমাদেরকে বের করুন এ জনপদ থেকে যার অধিবাসীরা যালিম এবং আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অভিভাবক নির্ধারণ করুন। আর নির্ধারণ করুন আপনার পক্ষ থেকে একজন সাহায্যকারী।'**

নবীর যখন হাদিয়া(গিফট),গনীমতের টাকা শেষ হয়ে যায়, তখন এই আয়াত নাযিল করে,

- **তোমাদের কী হল যে, তোমরা আল্লাহর পথে ব্যয় করছ না ?** অথচ আসমানসমূহ ও যমীনের উত্তরাধিকারতো আল্লাহরই? **এমন কে আছে যে, আল্লাহকে উত্তম করয(ঋণ) দিবে ?** তাহলে তিনি তার জন্য তা বহুগুণে বৃদ্ধি করে দিবেন এবং তার জন্য রয়েছে সম্মানজনক প্রতিদান। কুরআন ৫৭/১০-১১

- **তোমাদের আহবান করা হচ্ছে যে, তোমরা আল্লাহর পথে ব্যয় করবে। অথচ তোমাদের কেউ কেউ কার্পণ্য করছে।** তবে যে কার্পণ্য করছে সে তো নিজের প্রতিই কার্পণ্য করছে। আর **আল্লাহ্ অভাবমুক্ত এবং তোমরা অভাবগ্রস্ত। যদি তোমরা মুখ ফিরিয়ে নাও, তবে তিনি তোমাদের ছাড়া অন্য কোন কওমকে স্থলাভিষিক্ত করবেন।** তারপর তারা তোমাদের অনুরূপ হবে না। কুরআন ৪৭/৩৮

[আরো দেখুন সূরা তওবা অধ্যায়ের তাবুকের যুদ্ধ অংশের ৩টি আয়াত]

সীরাতুন নবী, ইবনে হিশাম, ২য় খণ্ড, পৃষ্ঠা ২৫২-২৫৩

আবু বকরের ইহুদি শিক্ষালয়ে প্রবেশ

একদিন আবু বকর সিদ্দীক (রা.) ইহুদিদের শিক্ষালয়ে প্রবেশ করলেন। তিনি সেখানে বিপুলসংখ্যক লোককে এক ব্যক্তির চারপাশে সমবেত দেখতে পেলেন। ঐ ব্যক্তিটি ফানহাস নামে পরিচিত ছিল। সে ছিল তাদের একজন পণ্ডিত ও ধর্মনেতা। তার কাছে তখন আশইয়া নামে তাদের আরেকজন ধর্মীয় পণ্ডিতও উপস্থিত ছিলেন।

আবু বকর (রা.) ফানহাসকে উদ্দেশ করে বললেন,

তোমার জন্য আফসোস, হে ফানহাস! আল্লাহকে ভয় কর এবং ইসলাম গ্রহণ কর।

আল্লাহর কসম! তুমি নিশ্চিতভাবেই জানো যে মুহাম্মদ (সা.) আল্লাহর রাসূল। তিনি তোমাদের নিকট আল্লাহর পক্ষ থেকে রাসূল হিসেবে আবির্ভূত হয়েছেন। তোমাদের কাছে সংরক্ষিত তাওরাত ও ইনজিলে তোমরা তাঁর বিষয়ে সুস্পষ্ট তথ্য পেয়েছ।"

তখন ফানহাস জবাবে আবু বকর (রা.)-কে উদ্দেশ করে বলল,


"আল্লাহর কসম, হে আবু বকর! আমাদের আল্লাহর কোনো প্রয়োজন নেই। বরং তাঁরই আমাদের প্রয়োজন। আমরা তাঁর কাছে কাকুতি-মিনতি করি না, বরং তিনিই আমাদের কাছে তা করেন। আমরা তাঁর কাছে দীনহীন নই, বরং তিনিই আমাদের প্রতি নির্ভরশীল। যদি তিনি আমাদের প্রতি নির্ভরশীল না হতেন, তবে আমাদের সম্পদ থেকে ঋণ চাইতেন না—যেমনটি তোমাদের নবী ধারণা করেন। তিনি আমাদেরকে সুদ থেকে বিরত থাকতে বলেন, অথচ নিজেই তা আমাদের থেকে গ্রহণ করেন।"

আবু বকরের ক্রুদ্ধ প্রতিক্রিয়া

এই কথা শুনে আবু বকর (রা.) রাগান্বিত হলেন এবং ফানহাসের গালে জোরে চড় মারলেন। তিনি বললেন,

"যাঁর হাতে আমার প্রাণ, সেই মহান সত্তার কসম! যদি তোমাদের সঙ্গে আমাদের চুক্তি না থাকত, তবে আমি তোমার মাথা চূর্ণ করতাম, হে আল্লাহর শত্রু!"

"ইয়া রাসূলাল্লাহ! নিশ্চয়ই এই আল্লাহর শত্রু আল্লাহ সম্পর্কে জঘন্য মন্তব্য করেছে। সে বলেছে যে, আল্লাহ দরিদ্র, অথচ তারা ধনী। তার এই কথায় আমি অসন্তুষ্ট হয়ে আল্লাহর সন্তুষ্টির জন্য তার গালে আঘাত করেছি।"



২৫২ সীরাতুন নবী (সা)

আবূ বকরের ইয়াহূদী শিক্ষালয়ে প্রবেশ

একদা আবূ বকর সিদ্দীক (রা) ইয়াহূদীদের শিক্ষালয়ে প্রবেশ করলেন। তিনি সেখানে প্রচুর লোককে এক ব্যক্তির চতুষ্পার্শ্বে সমবেত দেখতে পেলেন। ঐ ব্যক্তিটি ফানহাস নামে পরিচিত ছিল। সে ছিল তাদের একজন পণ্ডিত ও ধর্মনেতা। তার কাছে তখন আশইয়া' নামক তাদের আরেকজন ধর্মীয় পণ্ডিতও উপস্থিত ছিল। আবূ বকর ফানহাসকে উদ্দেশ করে বললেন :

"তোমার জন্যে আক্ষেপ হে ফানহাস! আল্লাহ্কে ভয় কর এবং ইসলাম গ্রহণ কর। আল্লাহ্র কসম তুমি সম্যক অবগত আছ যে, মুহাম্মদ (সা) নিশ্চয়ই আল্লাহ্র রাসূল। তিনি তাঁরই পক্ষ থেকে রাসূলরূপে তোমাদের নিকট আবির্ভূত হয়েছেন। তোমাদের কাছে রক্ষিত তাওরাত ও ইনজীলে তোমরা তাঁর কথা পেয়েছ।"

↥

তখন জবাবে ফানহাস আবূ বকরকে লক্ষ্য করে বলল :

"আল্লাহ্‌র কসম হে আবূ বকর! আমাদের আল্লাহ্‌র কাছে কোন ঠেকা নেই। পক্ষান্তরে তাঁর অবশ্যই ঠেকা আছে আমাদের কাছে। আমরা তাঁর কাছে কাকুতি-মিনতি করি না, যেমনটি তিনি করেন আমাদের কাছে। আমরা তাঁর নিকট থেকে দায়মুক্ত ও অনটনহীন, কিন্তু তিনি আমাদের দিক থেকে অনটন ও দায়মুক্ত নন। যদি তিনি আমাদের দিক থেকে অনটনমুক্তই হতেন, তবে আমাদের সম্পদ থেকে কর্জ চাইতেন না—যেমনটি তোমাদের নবী ধারণা করে থাকেন। তিনি আমাদেরকে সুদ থেকে বারণ করেন আবার নিজে তিনি তা আমাদেরকে দিয়ে থাকেন।"

ক্ষতিকর প্রাণী, সাপ, বিচ্ছু মানুষের অধীন ? ৫০০০ কোটি আলোবর্ষ দূরের কোনো গ্যালাক্সি মানুষের কোন কল্যাণে লাগে ? সত্য হচ্ছে নবী মুহাম্মদ নিজের বানানো সাত আসমান(আসমানমূহ) বলতে এদের মধ্যে শুধু চন্দু,সূর্য আর উল্কা,তারা এর বাইরে আর কিছু আছে জানতেও পারেনি। আর এগুলো সেসময়ে মানুষের দিনরাতের আলোর উৎস, দিক বের করতে, মাস গননায় ব্যবহৃত হত_ যার সাপেক্ষে নবী নিজের আয়াতটি নাযিল করে-

- কুরআন ৪৫/১৩। আর **যা কিছু রয়েছে আসমানসমূহে এবং যা কিছু রয়েছে যমীনে**, তার **সবই তিনি তোমাদের অধীন করে দিয়েছেন**, তোমাদের কল্যাণে নিয়োজিত রেখেছেন।

আল্লাহ পূর্ববর্তী মানুষদের উপর বোঝা চাপিয়ে দিয়েছিলেন !

- কুরআন ২/২৮৬। হে আমাদের রব, আপনি আমাদেরকে এমন কিছু বহন করাবেন না, যার সামর্থ্য আমাদের নেই। হে আমাদের রব, আমাদের উপর বোঝা চাপিয়ে দেবেন না, যেমন আমাদের পূর্ববর্তীদের উপর চাপিয়ে দিয়েছেন।

at the time of writer of quran, the science was not so developed, so that they could know about that- A dog when he is not tired at all, also give out of his tongue for releasing heat(because they don't have sweat pores in skin). **Anyone who doesn't know that scientific fact- must think that- without any tiredness the dog is Gasping**।

- কুরআন ৭:১৭৬। তার দৃষ্টান্ত হচ্ছে **কুকুরের** মত। **যদি তার উপর বোঝা চাপিয়ে দাও তাহলে সে জিহবা বের করে হাঁপাবে অথবা যদি তাকে ছেড়ে দাও তাহলেও সে জিহবা বের করে হাঁপাবে**।

মানুষ চিন্তা করে কি বক্ষস্থিত হৃদপিণ্ড দিয়ে নাকি মস্তিষ্ক দিয়ে ? (see also page 144-145)

- জেনে রাখো, নিশ্চয়ই তারা নিজেদের বক্ষদেশ ঘুরিয়ে দেয় যেন আল্লাহর নিকট হতে লুকাতে পারে। নিশ্চয় তিনি জানেন যা কিছু **কলবসমূহে** নিহিত রয়েছে। কুরআন, সূরা হুদ, আয়াত ৫
- তারা কি এই উদ্দেশ্যে দেশ ভ্রমণ করেনি, যাতে তারা **জ্ঞানবুদ্ধিসম্পন্ন হৃদয়** ও শ্রুতিশক্তিসম্পন্ন কর্ণের অধিকারী হতে পারে? বস্তুত: চক্ষু তো অন্ধ হয় না, বরং **বক্ষস্থিত হৃদয়/অন্তর(কলব)**ই অন্ধ হয়। কুরআন, সূরা হাজ্জ, আয়াত ৪৬
- কাফেরদের **কলব রয়েছে, তারা এর দ্বারা বিবেচনা করে না**। তাদের কান রয়েছে, তারা এর দ্বারা শোনে না। কুরআন, সূরা আ'রাফ, আয়াত ১৭৯
- **আল্লাহ যাকে পথ প্রদর্শন করতে চান, তার বক্ষকে ইসলামের জন্যে উম্মুক্ত করে দেন** এবং যাকে বিপথগামী করতে চান, তার বক্ষকে অত্যধিক সংকীর্ণ করে দেন। কুরআন, সূরা আন'আম, আয়াত ১২৫

↥

কুরআনের ভয়াবহ এক মেডিক্যাল/বায়োলজিক্যাল ভুল ! আফসোস বর্তমানের মুমিন ডাক্তারেরা পুরো কুরআন নিজের ভাষায় পড়েনা।

কুরআন ৭৫:৩৭, ২৩:১৩

Al-Qiyamah 75:37

أَلَمْ	يَكُ	نُطْفَةً	مِّن	مَّنِيٍّ	يُمْنَىٰ
Was not	he	a semen-drop	of	semen	emitted?

সে কি বীর্যের শুক্রবিন্দু ছিল না যা স্খলিত হয়?

Al-Mu'minun 23:13

ثُمَّ	جَعَلْنَٰهُ	نُطْفَةً	فِى	قَرَارٍ
Then	We placed him	(as) a semen-drop	in	a resting place

مَّكِينٍ
firm.

তারপর আমি তাকে শুক্ররূপে সংরক্ষিত আধারে স্থাপন করেছি।
(মাতৃগর্ভে)

সহীহ বুখারী 318,3333,6495, সহীহ মুসলিম ৬৪৮৯
নবী সা বলেন- "বলেনঃ আল্লাহ **মাতৃগর্ভের** জন্য একজন ফেরেশতা নির্ধারণ করেছেন। তিনি পর্যায়ক্রমে বলতে থাকেন, **হে রব! এখন বীর্য(نطف/semen drop) আকারে আছে**। হে রব! এখন জমাট রক্তে পরিণত হয়েছে।.....

সহীহ মুসলিম ৬৮৯৬,৬৪৮৭, ৬৪৮৪
নবী সা বলেছেন, মাতৃগর্ভে ভ্রূণের_ **বীর্য(نطف/semen drop) আকারে যখন ৪২ দিন অতিবাহিত হয়**, তখন আল্লাহ তার প্রতি একটি ফেরেশতা প্রেরণ করেন।.....

সহীহ মুসলিম (হাঃ একাডেমী) ৬৬২১। রাসূলুল্লাহ সা বলেছেন, **বীর্য জরায়ুতে চল্লিশ রাত স্থির থাকে।**

সুনান আবূ দাউদ (ইফা)
৪৬৩৫। রাসূলুল্লাহ সা বলেছেন, তোমাদের কাউকে যখন সৃষ্টি করা হয়, তখন তাকে তার মায়ের গর্ভে বীর্যাকারে ৪০ দিন রাখা হয়, পরে তা রক্ত-পিণ্ডে পরিণত হয়, এরপর তা গোশত-পিণ্ডে পরিণত হয়। তারপর আল্লাহ্ একজন ফেরেশতাকে তার কাছে পাঠান-চারটি হুকুম সহ। সে ফেরেশতা তার রিযিক, হায়াত, তার আমল এবং তার তাকদীর লিপিবদ্ধ করে। **এরপর সে জড় দেহে রূহ ফুঁকে দেয়**।

আন্-নওয়াবীর চল্লিশ হাদীস
৪। রাসূলুল্লাহ সা বলেছেন: তোমাদের সকলের সৃষ্টি নিজের মায়ের পেটে **চল্লিশ দিন যাবৎ বীর্যরূপে জমা হওয়ার মাধ্যমে শুরু হতে থাকে, পরবর্তী চল্লিশ দিন জমাট বাঁধা রক্তরূপে থাকে, পরবর্তী চল্লিশ দিন গোশতপিণ্ড রূপে থাকে**, তারপর তার কাছে ফিরিশ্তা পাঠানো হয়। অতঃপর সে তার মধ্যে রূহ(প্রাণ) প্রবেশ করায়।

গ্রন্থঃ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন) | অধ্যায়ঃ ৬০/ আম্বিয়া কিরাম ('আঃ) (كتاب أحاديث الأنبياء)

৩৩৩২. 'আবদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত। সত্যবাদী-সত্যনিষ্ঠ হিসাবে স্বীকৃত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের প্রত্যেকের সৃষ্টির উপাদান স্বীয় মাতৃগর্ভে চল্লিশ দিন পর্যন্ত জমা রাখা হয়। অতঃপর অনুরূপভাবে (চল্লিশ দিনে) তা আলাকারূপে পরিণত হয়। অতঃপর অনুরূপভাবে (চল্লিশ দিনে) তা গোশ্তের টুকরার রূপ লাভ করে। অতঃপর আল্লাহ তার নিকট চারটি বিষয়ের নির্দেশ দিয়ে লিখে দেন। অঃপর তার 'ধামল, তার মৃত্যু, তার রুজী এবং সে সৎ কিংবা অসৎ তা লিখা হয়। অতঃপর তার মধ্যে রূহ ফুঁকে দেয়া হয়। এক ব্যক্তি একজন জাহান্নামীর 'আমলের মত 'আমল করতে থাকে এমনকি তার ও জাহান্নামের মধ্যে এক হাতের তফাৎ রয়ে যায়, এমন সময় তার ভাগ্যের লিখন এগিয়ে আসে। তখন সে জান্নাতবাসীদের 'আমলের মত 'আমল করে থাকে। ফলে সে জান্নাতে প্রবেশ করে। আর এক ব্যক্তি (প্রথম হতেই) জান্নাতবাসীদের 'আমলের মত 'আমল করতে থাকে। এমনকি শেষ পর্যন্ত তার ও জান্নাতের মাঝে মাত্র এক হাতের ব্যবধান রয়ে যায়। এমন সময় তার ভাগ্য লিখন অগ্রগামী হয়।। তখন সে জাহান্নামবাসীদের 'আমলের অনুরূপ 'আমল করে থাকে এবং ফলে সে জাহান্নামে প্রবিষ্ট হয়। (৩২০৮) (আধুনিক প্রকাশনীঃ ৩০৮৬, ইসলামিক ফাউন্ডেশনঃ ৩০৯৪)

সহীহ মুসলিম (ইফাঃ)
৬৪৮৫। রাসূলুল্লাহ সা বলেছেন, যখন বীর্যের উপর বিয়াল্লিশ রাত-দিন অতিবাহিত হয়ে যায় তখন আল্লাহ তাআলা একজন ফিরিশতা পাঠান। সে সেটিকে একটি আকৃতি দান করে, **তার কান, চোখ, চামড়া, গোশত ও হাড় সৃষ্টি করে দেয়। এরপর সে বলে, হে আমার প্রতিপালক! সে কি পুরুষ, না স্ত্রীলোক হবে?** তখন তোমার রব যা চান নির্দেশ দেন এবং ফিরিশতা নির্দেশ মুতাবিক লিপিবদ্ধ করেন।

↥

১২০,১২১। রাসূলুল্লাহ সা বলেছেন, মাতৃগর্ভে ভ্রূণ **বীর্য আকারে যখন বিয়াল্লিশ দিন অতিবাহিত হয়**, তখন আল্লাহ তার প্রতি একটি ফিরিশতা প্রেরণ করেন। **অতঃপর তিনি তার** রূপদান করেন, **তার শ্রবণশক্তি, দৃষ্টিশক্তি, চর্ম, মাংস ও অস্থি সৃষ্টি করেন**। **অতঃপর তিনি বলেন, 'হে প্রতিপালক! পুরুষ, নাকি স্ত্রী?' সুতরাং তোমার প্রতিপালক যা চান, ফায়সালা করেন এবং ফিরিশতা লিপিবদ্ধ করেন**---। (মুসলিম ৬৮৯৬)

কুরআন যে নবী নাযিল করত সেটা এক মিনিটের মধ্যে বুঝতে চান ? মানুষ মাত্রই ভুল, বেখেয়ালি, আর মুহাম্মদও তার ব্যতিক্রম ছিল না। নিচে পড়লেই বুঝতে পারবেন।

- কুরআন ৫১/৪৯-৫০। প্রত্যেক বস্তু থেকে **আমি জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছি**। **আশা করা যায়, তোমরা উপদেশ গ্রহণ করবে। অতএব তোমরা আল্লাহর দিকে ধাবিত হও। আমি তো তাঁর পক্ষ থেকে তোমাদের জন্য এক স্পষ্ট সতর্ককারী**।

- কুরআন ৪২/৯-১০। **তারা কি তাঁকে বাদ দিয়ে বহু অভিভাবক গ্রহণ করেছে?** কিন্তু আল্লাহ হলেন প্রকৃত অভিভাবক; আর তিনি সকল বিষয়ে সর্বক্ষমতাবান। **আর যে কোন বিষয়েই তোমরা মতবিরোধ কর, তার ফয়সালা আল্লাহর কাছে; তিনিই আল্লাহ, আমার রব; তাঁরই উপর আমি তাওয়াক্কুল করেছি এবং আমি তাঁরই অভিমুখী হই**।

- কুরআন ৬/১০৪-১০৫। নিশ্চয় তোমাদের কাছে চাক্ষুষ নিদর্শনাবলী এসেছে তোমাদের রবের পক্ষ থেকে। অতএব যে চক্ষুষ্মান হবে, তবে সে তার নিজের জন্যই হবে। আর যে অন্ধ সাজবে, তবে তা তার উপরই বর্তাবে। **আর আমি তোমাদেরকে পাহারা দেয়ার জন্য দায়িত্বপাপ্ত হইনি (I am not a guardian over you)। আর এভাবেই আমি নানাভাবে আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি**।

- কুরআন ৬/১১৪। **আমি কি আল্লাহ ছাড়া অন্য কাউকে বিচারক হিসেবে তালাশ করব?** অথচ তিনিই তোমাদের নিকট বিস্তারিত কিতাব নাযিল করেছেন। **আর যাদেরকে আমি কিতাব দিয়েছিলাম** তারা জানত যে, তা তোমার রবের পক্ষ থেকে যথাযথভাবে নাযিলকৃত।

- কুরআন ২/২৮৫। রাসূল তার নিকট তার রবের পক্ষ থেকে নাযিলকৃত বিষয়ের প্রতি ঈমান এনেছে, আর মুমিনগণও। প্রত্যেকে ঈমান এনেছে আল্লাহর উপর, তাঁর ফেরেশতাকুল, কিতাবসমূহ ও তাঁর রাসূলগণের উপর, **আমরা তাঁর রাসূলগণের কারও মধ্যে তারতম্য করি না**। তারা বলে, আমরা শুনলাম এবং মানলাম।

- কুরআন ২৭/৯০-৯১। আর যারা মন্দ কাজ নিয়ে আসবে তাদেরকে উপুড় করে জাহান্নামে নিক্ষেপ করা হবে; তাদেরকে বলা হবে 'তোমরা যে আমল করেছ তারই প্রতিদান তোমাদেরকে দেয়া হল'। আমাকে তো নির্দেশ দেয়া হয়েছে এই শহরের রব-এর ইবাদাত করতে। আর আমাকে নির্দেশ দেয়া হয়েছে, আমি যেন মুসলিমদের অন্তর্ভুক্ত হই।

- কুরআন ৬৯/৪০। **নিশ্চয়ই** এটি(কুরআন) **এক সম্মানিত রাসূলের বাণী**।

- কুরআন ২/২৫২-২৫৩। **এগুলো আল্লাহর আয়াত, যা আমি তোমার উপর যথাযথভাবে তিলাওয়াত করি**। আর নিশ্চয় তুমি রাসূলগণের অন্তর্ভুক্ত। ঐ রাসূলগণ, **আমি তাদের কাউকে কারো উপর শ্রেষ্ঠত্ব দিয়েছি**, তাদের মধ্যে কারো সাথে আল্লাহ কথা বলেছেন।

- কুরআন ৯/৩০। ইয়াহূদীরা বলে, উযাইর আল্লাহর পুত্র এবং নাসারারা বলে, মাসীহ আল্লাহর পুত্র। **এটা তাদের মুখের কথা, তারা সেসব লোকের কথার অনুরূপ বলছে যারা ইতঃপূর্বে কুফরী করেছে। আল্লাহ তাদেরকে ধ্বংস করুন, কোথায় ফেরানো হচ্ছে এদেরকে ?**

- কুরআন ৬/৯৯। **আর তিনিই আসমান থেকে বর্ষণ করেছেন বৃষ্টি। অতঃপর আমি এ দ্বারা উৎপন্ন করেছি সব জাতের উদ্ভিদ**। অতঃপর আমি তা থেকে বের করেছি সবুজ ডালপালা।

সবজান্তা [আলিমুল গায়িব] আল্লাহ (ওরফে নবী মুহাম্মদ) যখন নিজেই ভবিষ্যৎ জানেনা !

- কুরআন ৬৬/৫। নবী যদি তোমাদেরকে তালাক দেয়, তবে **আশা করা যায় তার রব তোমাদের পরিবর্তে তোমাদের চাইতে উত্তম স্ত্রী তাকে দিবেন**।

- কুরআন ২১:৬। তাদের পূর্বে যে জনপদ ঈমান আনেনি তাদেরকে আমি ধ্বংস করেছি । **তবে কি এরা ঈমান আনবে?**

- কুরআন ৩৭:১৫৫। তাহলে কি তোমরা উপদেশ গ্রহণ করবে না? [আল্লাহর মুখ দিয়ে ভয়-হুমকি দেখিয়েও লাভ না হওয়ায়, মুহাম্মদের বিরক্তিমাখা নিরাশ প্রশ্নকেও যখন তার সাহাবীরা কুরআনের আয়াত মনে করে লিখে নেয়]

- কুরআন ২:১৮৬। তারা যেন আমার ডাকে সাড়া দেয় এবং আমার প্রতি ঈমান আনে। **আশা করা যায় তারা সঠিক পথে চলবে**।

- কুরআন ৩:১২৩। **আশা করা যায়, তোমরা শোকরগুজার হবে**।

- কুরআন ৭:১৬৪। **তারা বলল**, 'তোমাদের রবের নিকট ওযর পেশ করার উদ্দেশ্যে। **আশা করা যায় তারা সাবধান হবে**'।
- কুরআন ২৮:৯। **ফিরআউনের স্ত্রী বলল**, 'এ শিশুটি নয়ন প্রীতিকর, তাকে হত্যা করো না। **আশা করা যায়, সে আমাদের কোন উপকারে আসবে**। [এই ধরনের কথা অর্থাৎ অনুমান- যে ভবিষ্যত সম্পর্কে স্পষ্ট জানতে না পারা মানুষের পক্ষেই বলা সম্ভব তা কুরআন থেকেই দেখুন]

- কুরআন ৫১:৪৯। প্রত্যেক বস্তু থেকে আমি জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছি। **আশা করা যায়, তোমরা উপদেশ গ্রহণ করবে**।

- কুরআন ৬০:৭। যাদের সাথে তোমরা শত্রুতা করছ, **আশা করা যায় আল্লাহ তোমাদের ও তাদের মধ্যে বন্ধুত্ব সৃষ্টি করে দেবেন**।

- কুরআন ৫৭:১৭। **আমি** নিদর্শনসমূহ **তোমাদের কাছে সুস্পষ্টভাবে বর্ণনা করেছি, আশা করা যায় তোমরা বুঝতে পারবে**।

- কুরআন ৪২:১৭। আর কিসে তোমাকে জানাবে যে, **হয়তো কিয়ামত খুবই নিকটবর্তী !**

- কুরআন ১৮:৬। **হয়তো তুমি তাদের পেছনে পেছনে ঘুরে, দুঃখে নিজকে শেষ করে দেবে**।

- কুরআন ২৬:৩। **তারা মুমিন হচ্ছেনা বলে তুমি(নবী) হয়তো এ দুঃখে আত্মবিনাশী হয়ে পড়বে/নিজের প্রাণনাশ করবে**।

- কুরআন ৭:১৬৮। **হয়তো তারা ফিরে আসবে**।

- কুরআন ৩৭:১৪৭। তাকে আমি **এক লক্ষ বা তার চেয়েও বেশী** লোকের কাছে পাঠালাম।

- কুরআন ৫৩:৯। **ফলে তাদের([নবী ও জিবরাঈলের মাঝে) মধ্যে ব্যবধান রইল, দুই ধনুকের পরিমাণ অথবা তারও কম**।

- কুরআন ৩:১৬৬। **তোমাদের উপর যে বিপদ এসেছিল দুই দল মুখোমুখি হওয়ার দিন তা আল্লাহর অনুমতিক্রমে, যাতে তিনি মুমিনদেরকে জেনে নেন**।

- কুরআন ২:১৪৩। আর এভাবেই আমি তোমাদেরকে মধ্যপন্থী উম্মত বানিয়েছি, যাতে তোমরা মানুষের উপর সাক্ষী হও এবং রাসূল সাক্ষী হন তোমাদের উপর। আর যে কিবলার উপর তুমি ছিলে, তাকে কেবল এ জন্যই নির্ধারণ করেছিলাম, **যাতে আমি জেনে নেই যে, কে রাসূলকে অনুসরণ করে এবং কে তার পেছনে ফিরে যায়**।

- কুরআন ৭২:২৮। **যাতে তিনি(আল্লাহ) এটা জানতে পারেন যে,** রাসূলগণ তাদের রবের রিসালাত পৌঁছিয়েছে কিনা।

- কুরআন ১৮:১২। তারপর আমি তাদেরকে জাগালাম, **যাতে আমি জানতে পারি, যতটুকু সময় তারা অবস্থান করেছিল, দু'দলের মধ্যে কে তা অধিক নির্ণয়কারী।**

- কুরআন ৫৭:২৫। আর **যাতে আল্লাহ জেনে নিতে পারেন, কে না দেখেও তাঁকে ও তাঁর রাসূলদেরকে সাহায্য করে।**

- কুরআন ৩:১৪২। **তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করবে? অথচ আল্লাহ এখনো জানেননি তাদেরকে যারা তোমাদের মধ্য থেকে জিহাদ করেছে এবং জানেননি ধৈর্যশীলদেরকে।**

উসমানের মারা যাওয়ার গুজব বুঝতে পারেনি আল্লাহ (পড়তে লেখার উপর ক্লিক করুন) !

কুরআন এক অপূর্ণাঙ্গ জীবনবিধান

মুহাম্মদ থুক্কু আল্লাহর দাবী-

- আর আমি তোমার উপর কিতাব নাযিল করেছি **প্রতিটি বিষয়ের স্পষ্ট বর্ণনা স্বরূপ।** An-Nahl 16:89
- আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি। Al-An'am 6:55
- **তিনিই তোমাদের নিকট বিস্তারিত কিতাব নাযিল করেছেন।** Al-An'am 6:114
- আর আমি তার জন্য ফলকসমূহে লিখে দিয়েছি **প্রত্যেক বিষয়ের উপদেশ এবং প্রত্যেক বিষয়ের বিস্তারিত ব্যাখ্যা।** 7:145
- **প্রতিটি বিষয়ের বিস্তারিত বিবরণ।** Yusuf 12:111
- **আর আমি প্রত্যেক বিষয় বিস্তারিতভাবে বর্ণনা করেছি।** Al-Isra' 17:12
- আর তারা তোমার কাছে যে কোন বিষয়ই নিয়ে আসুক না কেন, আমি এর সঠিক সমাধান ও সুন্দর ব্যাখ্যা তোমার কাছে নিয়ে এসেছি। Al-Furqan 25:33
- নিশ্চয় আমি এই কুরআনে মানুষের জন্য প্রত্যেক প্রকার দৃষ্টান্ত বর্ণনা করেছি। Az-Zumar 39:27
- আর **আমি প্রত্যেক বিষয় বিস্তারিতভাবে বর্ণনা করেছি।** Al-Isra' 17:12
- আজ আমি তোমাদের জন্য ইসলাম ধর্মকে পূর্ণাঙ্গ করলাম। Al Maidah 5:3

চলুন এ ব্যাপারে সামান্য কিছু উদাহরণ দেখি-

- হিজড়াদের সম্পর্কে তো সবাই জানেন। কুরআনের উত্তরাধিকার আইন অনুযায়ী কারও ছেলে সন্তান পাবে মেয়ে সন্তানের দ্বিগুন সম্পত্তি। তো কুরআন অনুযায়ী হিজড়া সন্তানের মাঝে কিভাবে সম্পত্তি বন্টন করে দিবেন? তাদের কতগুন দিবেন? আবার, কুরআন অনুযায়ী একজন পুরুষ স্বাক্ষী সমান দুজন নারী স্বাক্ষী। হিজড়াদের স্বাক্ষ্য কিভাবে মুল্যায়ন করবেন? কয়জন হিজড়া সাক্ষ্য দিলে তা সহিহ হবে?

- আপনি মুসলিম নভোচারী হয়ে চাঁদে গেলেন, সেখানে ফজর,যোহর,আসর,মাগরিব নামজের ওয়াক্ত কইিভাবে হিসাব করবেন, বা কিবলা কোনদিক হবে- এ নিয়ে নবী মুহাম্মদ ওরফে আল্লাহর কোনো নিরর্দেশনা নেই কারন মানুষ যে একদিন চাদে চলে যাবে সেটা সে ১৪০০ বছর ধারণাই করতে পারেনি, বা চিন্তা তার মাতথাতেই আসেনি।

- কুরান লিখিত হয়েছে আরবি ভাষায় [কুরআন ১২:২ **নিশ্চয় আমি একে আরবী কুরআনরূপে নাযিল করেছি যাতে তোমরা বুঝতে পার**] । পৃথিবীর মাত্র ৪ শতাংশ মানুষের ভাষা আরবি। বাকি ৯৬ শতাংশ মানুষ আরবি বুঝে না; সুতরাং এই ৯৬ শতাংশ মানুষ কুরান থেকে সরাসরি উপদেশ নিতে পারছে না। নির্ভর করতে হচ্ছে অনুবাদের উপর। কুরান কোন সবজান্তা সৃষ্টিকর্তার বাণী নয়। মুহাম্মদ ও তার সাঙ্গপাঙ্গ কর্তৃক নিজেদের মাতৃভাষা ছাড়া অন্য কোন ভাষায় কুরান লিখা অসম্ভব ছিল। তাছাড়া, মুহাম্মদ তখন জানতোই না যে, ভবিষ্যতে কোন একটি ভাষা আন্তর্জাতিক অফিসিয়াল ভাষা হিসেবে প্রতিষ্ঠিত হবে। কুরান কোন সবজান্তা ঈশ্বর থেকে প্রেরিত হলে তিনি কুরানকে আন্তর্জাতিক ভাষা অর্থাৎ সবচেয়ে বেশি মানুষের বোধগম্য ভাষায় লিখিত করার ব্যবস্থা করতেন।

- সর্বকালের সকল মানবজাতির জন্যে রচিত গ্রন্থ কুরআনে পৃথিবীর বেশ কয়েকটি বৃহৎ ধর্ম সম্পর্কে কোন কিছু বলা হয়নি। যেমনঃ হিন্দু ধর্ম, চৈনিক ধর্ম, বৌদ্ধ ধর্ম ইত্যাদি সম্পর্কে কুরআনের একটা আয়াতেও উল্লেখ নেই। অপরদিকে, আরবের এক বিলুপ্ত ধর্ম সাবিয়ান সম্পর্কে বলা হয়েছে ৩ টি আয়াতে। কেন এমনটি হলো? কারণ একটাই, মুহাম্মদের সময়ে আরবে যেসকল ধর্ম বিদ্যমান ছিল সেগুলোই কুরআনে উল্লেখ করেছে। পৃথিবীর অন্যান্য অঞ্চলের কোটি কোটি মানুষ কে-কি ধর্ম পালন করছে, তা নবী ভন্ড নবীর জানা ছিল না। জানলে ঐসব ধর্মেরও নাম উল্লেখ করে সেসব ধর্মালম্বীদের ভয় দেখিয়ে রাখতেন !

- কুরআনে পিপড়া, মৌমাছি, উট, গরু কুকুর, সাপ, ঘোড়া, গাধাসহ সর্বমোট ৩৫ টি প্রানীর কথা উল্লেখ আছে। কিন্তু মজার ব্যাপার হচ্ছে, এদের সবাইকে আরব অঞ্চলে দেখতে পাওয়া যায়। আরব দেশে বাসস্থান নয় এমন কোন প্রানীর উল্লেখ কুরআনে নেই। থাকবেই বা কিভাবে? সাত সমুদ্র তের নদী পেরিয়ে অষ্ট্রেলিয়াতে গিয়ে ক্যাঙ্গারু, সুন্দরবনের রয়েল বেঙ্গল টাইগার কিংবা এন্টার্কটিকাতে গিয়ে পেঙ্গুইন দেখে আসা তো সম্ভব ছিল না।

এভাবে একের পর এক টপিক নিয়ে আলোচনা চলতেই থাকবে। কুরআনের অপুর্ণাঙ্গতা লিখে শেষ করা যাবে না। কুরআন সর্বকালের সকল মানুষের পথ প্রদর্শক হলে এতে সবকিছুই থাকার কথা। কিন্তু আমরা দেখতে পাই, **কুরআনে কত কত গুরুত্বপূর্ন বিষয় বাদ দিয়ে গুরুত্বহীন বিষয়ে প্রাধান্য দেয়া হয়েছে। আলোচনা করা হয়েছে নবীর জীবন সংশ্লিষ্ট ঘরোয়া কথাবার্তা,** নবীর ঘরোয়া সমস্যা মিটানোর জন্য। **নবীর বাসায় দাওয়াত খেয়ে তাড়াতাড়ি মেহমান বের হয়ে যাওয়ার আদেশ দিয়েও আয়াত এসেছে,** আয়াত এসেছে নবীর বউদের তালাকের হুমকি ধামকি কিংবা আবু লাহাবের আর তার বউয়ের উপর অভিশাপ দিয়ে। অথচ কুরআনে নেই ভবিষ্যত বিশ্ব উষ্ণায়ন কিংবা জনসংখ্যা সমস্যার মত বিষয়। এরকম অনেক গুরুত্বপূর্ন বিষয় কুরআনে নেই। পক্ষান্তরে অনেক অনেক অপ্রয়োজনীয়/তুচ্ছ/অমানবিক আয়াতে ভরপুর পুরো কুরআন। যেমনঃ কুরআন জুড়ে হাজারখানেক আয়াতে আল্লাহ শুধু নিজের তোষামোদি আর নিজের নার্সিস্টিক প্রশংসা করে ভাসিয়ে দিয়েছে, আর রহমান সূরায় এক কথা এক লাইন পর পর একশবার বলেছে, ৪০০ টি আয়াতে ইহুদি কাফেরদের ঘৃণা করতে বলা হয়েছে, ১৬৪ টি আয়াতে ইসলামী জিহাদ খুনোখুনি যুদ্ধের ডাক দেয়া হয়েছে!

কুরানের অধিকাংশটাই ব্যয় করা হয়েছে নবীর ব্যক্তিগত জীবন, যুদ্ধবিগ্রহ, ভয়ভীতি প্রদর্শন ও কিচ্ছা কাহিনী আলোচনা করে। নবীর জীবদ্দশার সময়কাল ও আরব অঞ্চলটাই প্রাধান্য পেয়েছে; তাই কুরআন সর্বকালের জন্যে নয়, সকল মানবজাতির জন্যে নয়। **নবি মুহাম্মদ ও তার সাঙ্গপাঙ্গরা যতটুকু জানতো, কুরআনে ততটুকুই রয়েছে।** এসব থেকে একটা জিনিসই প্রমাণিত হয় যে, এই কুরআন কোন ঐশ্বরিক গ্রন্থ নয়।

ইসলাম পরিপূর্ণ জীবন বিধান ও সর্বজনীন যারা বলেন তারা উত্তর দিবেন।

***ইসলামে বৃষ্টি প্রার্থনার নামাজ আছে কিন্তু বন্যা দূর হওয়ার নামাজ নাই কেন, নবী মরু অঞ্চলে জন্মেছেন বলে?**

***ইসলামে খেজুর ও আঙুরের কথা আছে কিন্তু কাঠাল ও কমলার নাম নাই কেন, নবী মরু অঞ্চলে জন্মেছেন বলে?**

***কুরআনে ঝড়-তুফান ও আগুনের উল্লেখ আছে কিন্তু তুষারপাতের উল্লেখ নাই কেন, নবী মরু অঞ্চলে জন্মেছেন বলে?**

***ইসলামে পাচ ওয়াক্ত নামাজ ও রোজার বিধান রয়েছে কিন্তু পৃথিবীর যে দেশে গ্রীষ্মকালে রাতেও সূর্য থাকে তাদের জন্য কোন বিধান নেই কেন, নবী মরু অঞ্চলে জন্মেছেন বলে?**


***কুরআন সব জ্ঞানের উৎস - এতে কোন গানিতিক বা জামিতিক ফরমূলা নেই কেন, উত্তরাধিকার সম্পত্তি বন্টনের ভুল (আউল নীতি) ওমর সমাধান করা লাগলো কেন, নবী মধ্যযুগে জন্মেছেন বলে?**

↥


কুরআন মানবরচিত কিনা তা বুঝার জন্য একটু উন্মুক্ত চিন্তা ও প্রশ্ন করার মানসিকতা থাকলেই হয়। কোরআন যে একটি মানবরচিত (স্বঘোষিত নবী_মুহাম্মদ ওরফে 'আল্লাহ' রচিত) গ্রন্থ_ তা স্পষ্টরূপে ও সহজে বোঝার সবচেয়ে শর্টকাট উপায় হলো- সম্পূর্ণ কোরআনটিকে নিজের মাতৃভাষায় মনোযোগ দিয়ে- নিরপেক্ষবিশ্বাসের সাথে কয়েকবার পড়া।

If You really want to know the naked truths of Quran– You never could remain A Believer of Islam Religion

আরও দুটো ভয়াবহ ভুল আপনাদের দেখিয়ে অধ্যায়টি শেষ করছি, যেখানে গুণকীর্তন করতে যেয়ে আল্লাহকে দিয়ে শিরক করিয়ে ফেলেছে মুহাম্মদ বেখেয়ালে। যেখানে আল্লাহ নিজেই স্বীকার করছে যে, সৃষ্টিকর্তা আরো অনেক আছে,তাদের মধ্যে আল্লাহ শ্রেষ্ঠ বা সর্বোত্তম !!



- **সর্বোত্তম স্রষ্টা** আল্লাহ কত বরকতময়! কুরআন ২৩:১৪



যারা আরো জানতে ও পড়তে চান তাদের জন্য (Library)

[এই অধ্যায়টিতে প্রত্যেকটি বই এবং ফাইলের নামের উপর ক্লিক করলে সেগুলো ওপেন হয়ে যাবে]

1. ♦♦ **নবী মুহাম্মদের ২৩ বছর**
2. আ শর্ট বায়োগ্রাফি অব মুহাম্মাদ
3. ♦♦ **আন্ডারস্ট্যান্ডিং মুহাম্মাদ**
4. ♦♦ **ইসলামের অজানা অধ্যায়ঃ**

প্রথম খন্ড । দ্বিতীয় খন্ড । তৃতীয় খন্ড । চতুর্থ খন্ড । পঞ্চম খন্ড । ষষ্ঠ খন্ড । সপ্তম খন্ড । অষ্টম খন্ড ।

5. ইসলামের আদি উৎস
6. ইসলামের রহস্য উদঘাটন
7. শয়তান
8. ★ **প্যারাডক্স এবং বায়েজিদ**
9. ★ হাদীসের প্রথম পাঠ
10. ★ সংক্ষিপ্ত কুরআন

★★ skepticsannotatedQuran

11. ★ কুরআনে বৈপরিত্য
12. ★ কুরআন এর বক্তার পৃথিবী সম্বন্ধে জ্ঞান
13. ডিবাংকিং দ্য মিথ অব সায়েন্স ইন কুরআন
14. ★ **ইসলামে বর্বরতাঃ নারী অধ্যায়**
15. Tolerant early Meccan verses বনাম intolerant, violent Medinan verses
16. ★ কুরআনে জিহাদ ও আক্রমণের আহবান --
17. কুখ্যাত তলোয়ারের আয়াত
18. জিহাদ (জবরদস্তিমূলক ধর্মান্তকরণ, সাম্রাজ্যবাদ ও দাসত্বের উত্তরাধিকার)
19. ★ মানবতা ও তথাকথিত শান্তির ধর্ম ইসলাম
20. **মুহাম্মদ, জিহাদ ও ইসলামের সহিংস প্রচার**

21. ইসলামের ভূমিকা ও সমাজ উন্নয়নে সমস্যা

22. ★ ইসলামে কাম ও কামকেলি

23. ★ ইসলামে নারী এবং যৌনতা

24. ★ জান্নাত: মুক্তির সন্ধানে নারী

25. জান্নাত (মুসলিমদের মরিচীকা)

26. ★ তাকদির

27. ★ ইসলামের নয়কাহন

28. ★ ইসলাম, কিছু জিজ্ঞাসা ও অবিশ্বাসের কারণ

29. ইসলামি পাটিগণিত

30. ইসলাম- দ্য আরব ইম্পেরিয়ালিজম

31. ♦★ যে সত্য বলা হয়নি

32. ★ যে ঈশ্বর- ঘৃণা করে!

33. ★ ঈশ্বরের মুখোমুখি দাঁড়িয়ে

34. ★ সত্যের সন্ধান _(a.a.matubbar)

35. ফ্রম বিলিফ টু এনলাইটমেন্ট _(ali sina)

36. ★ আমি কেন নাস্তিক _(by ভগৎ সিং)

37. ★ আমি কেন ঈশ্বরে বিশ্বাস করি না(by প্রবীর ঘোষ)

38. ★ নাস্তিকের ধর্মকথা

39. নাস্তিকপিডিয়া

40. আমার অবিশ্বাস_(by হুমায়ুন আজাদ)

41. ★ অবিশ্বাসের দর্শন

42. ★ আলৌকিক নয় _লৌকিক (by probir ghosh)- ১ম খন্ড । ২য় খন্ড । ৩য় খন্ড । ৪র্থ খন্ড । ৫ম খন্ড

43. ★ **পার্থিব**

44. ★ নির্বাচিত নিবন্ধ _(N. neel)

45. ইসলামি শস্যক্ষেত্র, (অনলাইন)

46. ★ **অ- বিষ শাসী ও ধর্মবিদ দেশী**

47. ★ নাস্তিকদের কটুক্তির দাঁতভাংগা জবাব

48. থাবার থাবড়া

49. হজরত মহাউন্মাদ ও কোরান-হাদিস রঙ্গ

50. নবী মোর দয়ার খনি

51. ★ উম্মে হানি ও মুহাম্মদ

52. ★ রঙিলা রাসূল

53. ★ **সবটুকুই মুহাম্মদ**

54. ★ নি:সীম নূরানী অন্ধকারে

55. ★ বিজ্ঞান এবং ধর্মঃ সংঘাত নাকি সমন্বয়?

56. ★ বিশ্বাস ও বিজ্ঞান

57. ★ আলো হাতে চলিয়াছে আঁধারের যাত্রী

58. ★ সুরুজ আলী আলোর পথে

59. ★ বিশ্বাসের ভাইরাস

60. ★ **মানবমনে ঈশ্বরের জন্মকথা** দেবতার জন্ম

61. ★ স্রষ্টার ইতিবৃত্ত

62. ★ ধর্মের উৎস সন্ধানে ধর্মের মানসিক বিশ্লেষণ

63. ★ বারট্রান্ড রাসেল সমগ্র ১

64. ★ এ ব্রিফ হিস্টোরি অব টাইমঃ কালের সংক্ষিপ্ত ইতিহাস

65. ★ শূন্য থেকে মহাবিশ্ব (ভিডিও ডকুমেন্টারি)

66. ★ প্রাণের উৎস সন্ধানে: মহাবিশ্বে প্রাণ ও বুদ্ধিমত্তার খোঁজে

67. ★★ **পৃথিবীতে প্রাণের সৃষ্টি কীভাবে হলো?**

68. .★ প্রাচীন পৃথিবী

69. ★ বিবর্তন

70. ★ **বিবর্তনের পথ ধরে**

71. মানুষ হলাম কি করে

72. .★ আত্মীয়তার প্রমাণাদি

73. ★ বিবর্তনীয় মনোবিজ্ঞান: মানবপ্রকৃতির জৈববিজ্ঞনীয় ভাবনা

74. ★ ডারউইন- একুশ শতকের প্রাসিঙ্গকতা

75. ★ জীববিবর্তন তত্ত্ব ও নানা জিজ্ঞাসা

76. ★ **যে অজ্ঞতার কারণে বিবর্তনকে ভুয়া বলেন আপনি!**

77. ★ জীব বিবর্তন সাধারণ পাঠ

78. সেপিয়েন্স: মানুষের ইতিহাস

79. ★ ভালোবাসা কারে কয়

80. দ্য গ্র্যান্ড ডিজাইন

81. ★ দ্য গড ডিলিউশন

82. আউটগ্রোয়িং গড (অতিক্রমণ)

83. ★ দ্য সেলফিশ জিন

84. ★ মুক্তচিন্তা ও বুদ্ধির মুক্তি

85. **'যুক্তি'**(বিজ্ঞান ও বিজ্ঞানমনস্কতার ছোট কাগজ) - ১ম সংখ্যা । ২য় সংখ্যা । ৩য় সংখ্যা । ৪র্থ সংখ্যা

86. 'মুক্তান্বেষা'- ১ম সংখ্যা । ৫ম সংখ্যা

87. সীরাত ইবনে আল্লামা ইসহাক রহ. (সীরাত গ্রন্থাবলীর মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ, সর্বাধিক প্রামাণ্য ও নির্ভরযোগ্য এবং সবচেয়ে উন্নতমানের গ্রন্থ হলো সীরাতে মুহাম্মাদ ইবনে ইসহাক। ইবনে ইসহাক রহ. এর পর আসেন ইবনে হিশাম। তিনি নবীর অনেক ঘটনা লুকোনোর জন্য এই সীরাত গ্রন্থকে সংক্ষিপ্ত করে পেশ করেন। গ্রন্থের শুরুতে তিনি তা অকপটে স্বীকারও করেছেন এভাবে, "আমি সেইসব বিষয় বাদ দিয়েছি যার বর্ণনা অনেকের কাছে অপ্রীতিকর লাগবে"। সীরাতে মুহাম্মাদ ইবনে ইসহাক পুরো গ্রন্থটি এখনো বাংলায় অনুবাদ হয়নি, ইংরেজিতে করা হয়েছে)।

88. হুজুরদের নূরানী চেহারার মনের ভিতরে, স্বামী হিসেবে নারীদেরকে নিয়ে কি চলে, সামান্য একটু আইডিয়া পেতে পড়তে পারেন- বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ শামসুল আরেফিন শক্তি সাহেবের লেখা- "ইসলামি মিলনতত্ত্ব"।

    মুমিন পুরুষদের নুরানী মস্তিষ্কের আরও হালাল যৌনতা শিখতে পড়ুনঃ সুখময় যৌনজীবন। (ডাউনলোড লিংক) অপ্রাপ্তবয়স্কদেরক জন্য ওয়ার্নিং কারণ বইটিকে স্বামী-স্ত্রীর হালাল চটিবই বলতে পারেন। [আল্লাহওয়ালা লোকটার চেহারা দেখে আসুন, কে বলবে এনাদের মাথায় সবসময় এসব যতরুকমের যৌনকর্ম ঘুরে, অন্য মুমিন তার নিজের বউয়ের সাথে কি করবে না করবে তা একান্তই তাদের নিজস্ব ব্যক্তিগত গোপনীয় ব্যাপার। অথচ না ! ইনি চটি গল্পের সাথে পাল্লা দিয়ে সেসব লিখে গেছেন মনের মাধুরী মিশিয়ে বিবাহিত মুমিন পুরুষদের যৌনকর্মের টিপস দিতে। (অধ্যায় ৬ দ্রষ্টব্য)]

89. **হিন্দুস্তানে জিহাদ**

90. **মাহমুদ গজনীর ভারত আক্রমণ**

91. **ভারতে ইসলামের আগমন**

92. **হিন্দু গণহত্যা**

93. কিতাবুল জিহাদ

94. Islam Watch - History of Jihad

95. মুসলিম শাসক আকবর কি সত্যিই গ্রেট ছিলেন?

96. আরব জাতির জিহাদের সামান্য ইতিহাস (ইসলাম এত বর্বর জঘন্য হয়েও এত বছর ধরে সংখ্যাগরিষ্ঠতা টিকিয়ে রেখেছে যেভাবে)

97. খিলজির বঙ্গ আক্রমণ এবং ভারতে শরিয়তী শাসন

98. ভারতে মুসলিম শাসন

99. গাজওয়াতুল হিন্দ বা ভারত আক্রমণ

100. ইসলামি ফ্যাসিবাদ

101. জঙ্গিনামা-১ । খন্ড-২। খন্ড-৩।

1. ★ an Encyclopedia Of Arabic Literature

2. ★ The Origin of the Quran

3. ★ In Search of the original Quran: The True History Of The Revealed Text

4. ★ Quranic Allusions: The Qumranian, Biblical and Pre-Islamic Background to the Quran

5. ★ Corruption In the Text & Context Of the Quran

6. ★ mapping a new country: TEXTUAL CRITICISM & Quran Manuscripts

7. ★ Textual Criticism & Quran Manuscripts

8. ★ Syntax Errors in the Quran

9. ★ Linguistic Error in the Quran (**main Arabic Eddition**)

10. ★ The Linguistic & Grammatical Errors of the Quran

11. ★ 1000+ Errors & Mistakes of the Quran

12. ★ Some Contradictions of the Quran

13. ★ The Foreign(non-Arabic) vocabularies of the Quran !! [vol 3]

14. ★ The Complete Infidels guide to the Quran

15. ★ Is Quran Infallible ?

16. ★ What the Quran Really Says: Language, Text & Commentary

17. ★ What the Quran Really Says (part II)

18. ★ The Generous Quran

19. Debunking the Myth of Science in the Quran

20. The Critical Qur'an (Explained from Key Islamic Commentaries and Contemporary Historical Research)

21. An Inquiry Into Islam's Obscure Origins

22. ★ The Quest for the Historical Muhammad

23. The life of Muammad (Kitab al Maghazi)

24. ★ **Understanding Muhammad** (another link of the latest edition)

25. **Psychology of Mohammed: Inside the Brain of a Prophet**

26. The Truth about Muhammad: Founder of the world's most intolerant religion

27. It's All About Muhammad: **A Biography of the World's Most Notorious Prophet**

28. Unsheathed - the Life of Muhammad

29. Coward Muhammad | safiya and muhammad | Menstruations

30. ★ The **Deception of Allah(Imaginary God of Islam)**

31. ISLAM Unveiled

32. **Inside Islam**: Exposing and reaching the world of Islam

33. The Caged Virgin

34. Why we left Islam- Former Muslims speak out

35. Leaving Islam: Apostates speak out [video: Islamic Scholars leaving & exposing Islam , Alems becoming Exmuslims]

36. The Apostates: When Muslims leave Islam (**Frequency of leaving islam** _video)

37. The end of faith, terror

38. Why I'm not a Muslim_ (ibn warraq)

39. Why I left Islam _(harris sultan)

40. Infidel

41. The Myth of Islamic Tolerance

42. The history of Jihad: From Muhammad to ISIS

43. Jihad and Jannat in Hadiths

44. Islam & Terrorism: The truth about ISIS, the middle-east and Islamic Jihad

45. The Islam in Islam terrorism : The importance of Belief, Ideas and Ideology

46. The legacy of Jihad: Islamic_Holy_War and the fate of non-muslims

47. Islamic Jihad: legacy of forced conversion, imperialism and Slavery

48. An Introduction to Real Islam and Jihad

49. Who Authored the Qur'an?

50. The Root of Terrorism a la Islamic style

51. The Root of Terrorism a la Islamic style

52. Women in Islam: An exegesis

53. Muhammad & Islam: Stories not told before

54. Behind the Veil

55. The Challenge of Islam

56. Qur'an and Embryology

57. Islam: The Graveyard of Morality

58. The Codification of the Qur'an Text

59. Understanding Islam Through Hadith

60. Islamic History Source Book

61. The Palestinian history (The Catastrophic History of the Middle East Peace Process)

62. Religion 101

63. Religions of the world: Comprehensive encyclopedia of Belief & Practice

64. How all religions are false and harmful

65. How religion poisons everything

66. Why we left religion: Testimonies by ex-Believers

67. Leaving Islam: Muslim apostates, Murtads Stories-Testmonies of leaving Islam

68. Library of Online Books (islam-watch.org)

69. ★ The Greatest Show on Earth: Evidence for Evolution

70. Remarkable Creatures: Epic Adventures in the Search for the Origins of Species

71. Endless Forms Most Beautiful: Science of Evolutionary developmental Biology

72. ★ The Blind Watch_maker

73. ★ Why evolution Is true

74. The Selfish Gene

75. ★★ EVOLUTION:THE HUMAN STORY

76. The First Humans(Origin and early evolution of the genus Homo)

77. Evolution- what the fossils say and why it matters

78. Prehistoric Life (evolution & the fossil record)

79. The Making of the Fittest: DNA and the Ultimate Forensic Record of Evolution

80. The Ancestors

81. ★ Your Inner Fish: A Journey into the 3.5-billion-years' History of the human body

82. From DNA to Diversity: Molecular Genetics and the Evolution of Animal Design

83. The Evolution of the Genome

84. ★ A Crack in creation: Gene editing and the unthinkable power to controle Evolution

85. You Are Here: A User's Guide to the Universe

86. Lines of Space: Source of Fundamental forces and constituent of all matter in the Universe

87. The Universe before Big Bang: cosmology & String theory

88. **Before The Big Bang**: The Origin of the Universe and What Lies Beyond

89. The Big Picture: On the Origins of the Universe Itself

90. On the Origin of Time

91. At the Edge of Time: Exploring the Mysteries of Our Universe's First Seconds

92. A Universe from Nothing: Is Something There Rather than Nothing

93. The Beginning and the End of Everything: From the Big Bang to the End of the Universe

94. God: The Failed Hypothesis

95. Why There is No God

- Links of some exmuslim websites, Some informatic english websites to know_ dark truth about Islam
- পাল্লাহব্লগ-pAllahu
- চুতরাপাতা-pAllahu
- ধর্মকারী-pAllahu
- https://www.skepdic.com/
- **আপনি কি জানেন OBJECTIVE TRUTH কাকে বলে?** আপনি কি আপনার ধর্মের বক্তব্যের সাথে সাংঘর্ষিক_ সায়েন্টিফিক এভিডেন্স (অবজেক্টিভ ট্রুথ) এ বিশ্বাস করেন ? (লেখার উপরে ক্লিক করে ভিডিওটি দেখে নিন)
- Peer reviewed Journals

❖ **ইন্টেলিজেন্ট ডিজাইন(I.D.), ফাইন টিউনিং, কালাম কসমোলজি, ক্রিয়েশনিজম....এর অসারতা এবং আর্গুমেন্ট ফ্রম ফেইথ/বিলিফ, স্যুডোসায়েন্স এবং অজানা কিছু তথ্য।**

- মহাবিশ্বের উৎপত্তি ও ক্রমবিকাশ মহাবিশ্বের উৎপত্তি ও ক্রমবিকাশ (২)
- বিবর্তন (Evolution)
- 29+ Evidencess for MACRO_Evolution : The Scientific Case for Common Descent
- **Clear conception on evolution of life of the earth:** http://www.onezoom.org/life.html
- Human evolution documentary videos Human evolution: Scientific Classification of Primates
- Human(Homo) origins, evolution fossils
- ফিবোনাচি ক্রম ও সোনালি অনুপাত: প্রকৃতির স্বাভাবিকতা এবং সৌন্দর্য!
- এককোষী থেকে বহুকোষী জীবের বিবর্তন এবং অন্যান্য বিবর্তন নিয়ে কিছু তথ্যপ্রমাণ
- **চোখের সামনেই ঘটছে বিবর্তন ! "মানুষের বিবর্তন হচ্ছে?" - "জ্বি, হচ্ছে"** Recent_human_evolution
- মস্তিষ্কের গঠন এবং বিবর্তনের সংক্ষিপ্ত বর্ণনা
- History & the timeline of evolutions on & of – the Earth.
- **নবীগিরি কি এবং কিভাবে**
- ধর্মের মানসিক বিশ্লেষণ
- The Whole Truth (Why I left Islam 1) Apostate Prophet
- এক প্রচন্ড ধার্মিক নারীর অন্ধবিশ্বাস থেকে মুক্তির অনুভূতি

বিবর্তনের আর্কাইভ, প্রশ্নোত্তরে বিবর্তন: বিবর্তন নিয়ে প্রচলিত ভুল ধারণাগুলোর উত্তর

বিজ্ঞানের তত্ত্ব

- বিবর্তন নিয়ে চারটি ভ্রান্ত ধারণা
- বিবর্তন সম্পর্কে ১৫টি ভুল ধারণা
- বিবর্তন শুধুই একটা তত্ত্ব,এর কোন সত্যতা বা বাস্তবতা নেই। এটা কোন বাস্তবতা বা বৈজ্ঞানিক সূত্র নয়।
- বিবর্তনবিদ্যা অবৈজ্ঞানিক কারণ এটি মিথ্যা-প্রতিপাদনযোগ্য নয়।
- বিবর্তন কখনও পর্যবেক্ষণ করা হয়নি এবং এর ফলাফল পুনরাবৃত্তি করা সম্ভব না।
- বিবর্তন কখনো বৈজ্ঞানিক ভবিষ্যদ্বাণী করতে পারে না।
- বিবর্তন নিয়ে বিজ্ঞানীদের মধ্যে বিতর্ক থেকে বোঝা যায় যে, বিবর্তনবাদ আসলে ভুল, ডারউইনের তত্ত্বের কোন ভিত্তি নেই।
- দৈবক্রমে ঘটা বিবর্তন থেকে জটিল জীবের উদ্ভব হতে পারে না।
- বিবর্তন তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রকে লংঘন করে।
- বেশিরভাগ লোক বিবর্তনে বিশ্বাস করে না।
- ডারউইন কী জানতেন না
- কেনেথ মিলার : ইন্টেলিজেন্ট ডিজাইনের পতন
- কেন বিবর্তন সম্বন্ধে জানা জরুরী
- কিভাবে বিবর্তন ঘটে
- নতুন প্রজাতির উদ্ভবের স্লাইড শো
- ডারউইনকে নিয়ে: রিচার্ড ডকিন্স
- মানুষ হলাম কেমন করে
- প্রজাতির উদ্ভব
- চোখের বিবর্তন
- মিউটেশন কিভাবে হয়

বিবর্তনের সাক্ষ্যপ্রমাণ

- বিবর্তনের পক্ষে কোন সাক্ষ্য প্রমাণ পাওয়া যায়নি।
- মানবদেহে কোন নিষ্ক্রিয় অঙ্গের অস্তিত্ব নেই।
- বিবর্তনের সাক্ষ্য হিসেবে যে নিষ্ক্রিয় অংগগুলোর কথা বলা হয় সেগুলো নিষ্ক্রিয় নয়, অতি সূক্ষ্ম কোন জৈবনিক কর্মকান্ড তারা করে থাকে যা এখনও বিজ্ঞানীরা বের করতে পারে নি।
- প্রকৃতি জগতে কোন অর্ধ বিকশিত বা অসম্পূর্ণ জীব দেখা যায় না । যাদের দেখা যায় তারা প্রত্যেকেই স্বয়ংসম্পূর্ণ এবং পূর্ণ বিকশিত। কোন জীবেরই অর্ধবিকশিত বা ত্রুটিপূর্ণ কোন অঙ্গ প্রত্যঙ্গ দেখা যায় না।
- চার্লস ডারউইন চোখের বিবর্তন নিয়ে সন্দেহ পোষণ করেছিলেন।
- চোখের মত জটিল অঙ্গ বিবর্তনের মাধ্যমে তৈরি হতে পারে না।
- নতুন কোন প্রজাতির উৎপত্তি পর্যবেক্ষিত হয়নি।
- বিবর্তন তত্ত্বের কোন ব্যবহারিক প্রয়োগ নেই।

প্রাকৃতিক নির্বাচন, পরিব্যক্তি, প্রকারণ ও অন্যান্য

- উঁচু গাছের পাতা খাওয়ার জন্য জিরাফ যদি তার গলা লম্বা করে নিতে পারে, আমরা কেনো আমাদের ঘাঁড়ে দুইটা পাখা গজিয়ে নিতে পারি না?
- প্রাকৃতিক নির্বাচন মাইক্রোবিবর্তন ব্যাখ্যা করতে পারে, কিন্তু নতুন প্রজাতি এবং উঁচু শ্রেণীর প্রাণীর উৎপত্তি ব্যাখ্যা করতে পারে না।

- প্রাকৃতিক নির্বাচন চক্রাকার যুক্তির উপর স্থাপিত- যারা বেঁচে থাকে তারা যোগ্যতম, আবার যোগ্যতমরাই বেঁচে থাকে।
- বেশিরভাগ পরিব্যক্তি বা মিউটেশনই ক্ষতিকর।
- বিবর্তন-প্রক্রিয়ার ফলে প্রাণীকূল প্রতিনিয়তই উন্নত হচ্ছে।
- সাগর বা হ্রদের পানির নীচের মাছগুলো অত অপরূপ রঙীন হতে গেল কেন?
- মাইক্রোবিবর্তন এবং ম্যাক্রোবিবর্তন সম্পূর্ণ আলাদা।

জীবাশ্মবিদ্যা ও ভূতত্ত্ব

- দু'চারটা আংশিক ফসিল বা হাড়গোড় পেয়েই বিজ্ঞানীরা বিবর্তনের স্বপক্ষে বড় বড় সিদ্ধান্ত টেনে ফেলেন।
- বিবর্তন যদি সঠিকই হবে তাহলে ফসিল রেকর্ডে এত গ্যাপ রয়েছে কেন?
- বিবর্তনবাদীরা অর্ধেক সরীসৃপ অর্ধেক পাখি - এরকম কোন মধ্যবর্তী জীবাশ্ম দেখাতে পারে না।
- তেজস্ক্রিয় ডেটিং দিয়ে কীভাবে ফসিলের সঠিক বয়স নির্ধারণ করা যায়?

মানব বিবর্তন

- মানুষ কি বানর থেকে এসেছে?
- মানুষ যদি বানর থেকে বিবর্তিত হয় তাহলে বানরগুলো এখনও পৃথিবীতে রয়ে গেলো কি করে?
- যদি বানর সদৃশ জীব থেকে একসময় মানুষের বিবর্তন ঘটে থাকে তাহলে এখন কেনো তা আর ঘটছে না?
- আর্ডির সাম্প্রতিক ফসিল প্রমাণ করেছে যে বিবর্তনতত্ত্ব ভুল।
- মাইটোকণ্ড্রিয়াল ইভের অস্তিত্ব আবিস্কৃত হয়েছে। ধর্মগ্রন্থে বর্ণিত আদম হাওয়ার কাহিনি তাহলে সত্যি।

যৌনতা, প্রবৃত্তি, নৈতিকতা ইত্যাদি

- বিবর্তন যৌনতা বা সেক্সের উদ্ভবকে ব্যাখ্যা করতে পারে না।
- বিবর্তন সমকামিতার অস্তিত্বকে ব্যাখ্যা করতে পারে না।
- বিবর্তন মানব-সমাজে নৈতিকতার উদ্ভবকে ব্যাখ্যা করতে পারে না।
- বিবর্তন মানে কি কেবল মারামারি-কাটাকাটি?
- বিবর্তনবাদ সামাজিক ডারউইনবাদ বা সোশাল ডারউইনিজম প্রমোট করে
- বিবর্তনবাদ ইউজেনিক্সের জন্ম দিয়েছে।
- বিবর্তন অজাচার শিক্ষা দেয়

প্রাণের উৎপত্তি এবং অজৈবজনি

- লুই পাস্তুর প্রমাণ করেছিলেন যে জড় থেকে জীবের উদ্ভব হতে পারে না, শুধু জীব থেকেই জীবের উদ্ভব হয়।
- সম্ভাবনার নিরিখে প্রাণের উদ্ভব খুব বিরল ঘটনা।
- জড় পদার্থ থেকে প্রাথমিক জীবের উদ্ভব হলে এখন হচ্ছে না কেন?
- বিবর্তন প্রাণের উৎপত্তি ব্যাখ্যা করতে পারে না।
- অজৈবজনি ছাড়া বিবর্তন তত্ত্ব অচল।
- প্রথম কোষ দৈব প্রক্রিয়ায় তৈরি হতে পারে না।
- পৃথিবীতে কেন কেবল কার্বন-ভিত্তিক প্রাণেরই উদ্ভব ঘটল, কেন সিলিকন-ভিত্তিক প্রাণ নয়?

সৃষ্টিবাদ, ইন্টেলিজেন্ট ডিজাইন এবং আনুষঙ্গিক

- আদালতে বিবর্তন : কিটজ্‌মিলার বনাম ডোভার কেইস
- জাকির নায়েক তার বক্তৃতায় প্রমাণ করেছেন যে বিবর্তন ভুল।
- বিবর্তনের পাশাপাশি স্কুল কলেজের বিজ্ঞান কারিকুলামে ধর্মীয় সৃষ্টিতত্ত্ব বা ইন্টেলিজেন্ট ডিজাইন পড়ানো উচিত।
- ঘড়ির যেমন কারিগর লাগে, তেমনি মহাবিশ্ব তৈরির পেছনেও কারিগর লাগবে।
- ঘড়ির যেমন কারিগর লাগে, তেমনি জটিল জীবজগত তৈরির পেছনেও কারিগর লাগবে।

- সরল অবস্থা থেকে এত জটিল জীবজগতের উদ্ভব ঘটা জাঙ্ক ইয়ার্ডে ফেলে রাখা জঞ্জাল থেকে এক ঘূর্ণিঝড়ের মাধ্যমে এক বোয়িং বিমান তৈরি হয়ে যাওয়ার মতই অসম্ভব।
- কিছু জৈববৈজ্ঞানিক সিস্টেম অহ্রাসযোগ্য জটিল, বিবর্তন দিয়ে ব্যাখ্যা করা যায় না।
- নূহের মহাপ্লাবনের পর কেমন করে জীব-বৈচিত্র্যের সৃষ্টি হলো?
- মহাবিশ্ব জীবনের জন্য সূক্ষ্ম-ভাবে সমন্বিত।
- এই মহাবিশ্ব কিংবা আমদের জীবদেহ দেখলেই বোঝা যায় এগুলো নিখুঁতভাবে ডিজাইন করা হয়েছে, এরা বিবর্তিত হয়নি।
- ইন্টেলিজেন্ট ডিজাইন একটি বৈজ্ঞানিক তত্ত্ব।
- মানব মস্তিষ্ক স্রষ্টার নিখুঁত ডিজাইন, এর মধ্যে কোন ত্রুটি নেই।
- পদার্থের উৎপত্তি, শৃঙ্খলার সূচনা কিংবা মহাবিশ্বের উৎপত্তিকে পদার্থবিজ্ঞানের জ্ঞানের সাহায্যে ব্যাখ্যা করা যায় না।
- সব কিছুর পেছনেই কারণ আছে, মহাবিশ্বের উৎপত্তির একটি আদি কারণ রয়েছে, সেই কারণটিই ঈশ্বর।
- আল্লাহ সব কিছু জোড়ায় জোড়ায় সৃষ্টি করেছেন।
- বিবর্তন এবং নাস্তিকতা সমার্থক।
- পরম করুণাময় ঈশ্বরের নিখুঁত সৃষ্টিতে কোন ধরণের নিষ্ঠুরতা নেই।
- বিজ্ঞান ও ধর্ম সাংঘর্ষিক নয় বরং একে অপরের পরিপূরক।

এই যুগে মডারেট মুমিনদের (যারা একবারও কিনা নিজের ভাষায় কুরআন পড়েই নি, কুরআনে কি লেখা আছে জানেনা) মুখে প্রায়ই শুনা যায় যে,- "কুরআনেই সকল বিজ্ঞান লুকিয়ে আছে , আল্লাহ ডিরেক্টলি বলে দেননি যাতে আমরা বেশি বেশি কুরআনের আয়াত ও শব্দ নিয়ে রিসার্চ ও চিন্তা করে নতুন বিষয় জানতে ও আবিষ্কার করতে পারি"।
চলুন এবার তাদের আবিষ্কার জেনে আসি,

আপনি কি যেকোনো সাধারণ বাক্যকে বিজ্ঞানময়/মিরাকল হিসাবে ব্যাখ্যা করতে চান ?! তাহলে এখনই যেকোন বিজ্ঞানমনস্ক ধার্মিকের কাছ থেকে ত্যানাবাজির দক্ষতা অর্জনে লেগে পড়ুন

- কাজী নজরুল ইসলাম লিখেছিলেন শত বৎসর আগে–> **"বিশ্বটাকে দেখবো আমি হাতের মুঠোয় ভরে।" সেটা আজ সত্য প্রমাণীত হয়েছে!** এখন আপনি এন্ড্রয়েড স্মার্ট ফোন হাতে নিয়ে গোটা দুনিয়ার সব কিছুই দেখতে পারে। এই প্রযুক্তির কথা শত বৎসর আগে কাজী নজরুল ইসলাম বলে গেছেন! অতএব, আমাদের সর্বশেষ নবী কাজী নজরুল ইসলাম! তার বাণীতো কোনো সাধারন কথা নয় বরং মুজিজা ও সৃষ্টিকর্তার অলৌকিক বাণী।

কুরআনে বিজ্ঞান আবিষ্কার ও গোবরকে চকলেটে রুপান্তরের কৌশল

কিছুদিন আগে টেলিভিশনে সংবাদ দেখছিলাম মরণোত্তর অঙ্গদান নিয়ে। মোল্লারা মরনোত্তর অঙ্গদানের বিপক্ষে আন্দোলন করছে, এটা নাকি ইসলামসম্মত নয়। আমি তো অবাক! মরনোত্তর অঙ্গদান ইসলামসম্মত নয়, এটা মোল্লারা কোথায় পেলো?? আদিম যুগের ওসব কুরআন হাদিসে তো অর্গান ডোনেশন নিয়ে কিছু থাকার কথা নয়। কৌতুহলবশত ঘাটাঘাটি করে দেখলাম। আমার ধারনাই সত্যি হলো। অর্গান ডোনেশনের মত আধুনিক চিকিৎসাব্যাবস্থা মুহাম্মদের যুগে ছিলো না, তাই কুরআন হাদিসেও এটা নেই। এমনটাই যৌক্তিক।

ওহ, তাহলে ঐ আন্দোলনরত মোল্লাদের আন্দোলনের ভিত্তি কি ছিলো? সেটা ছিলো ইজমা কিয়াস নামক পাওয়ার অব অ্যাটর্নি। কুরআন হাদিসে তো অনেক কিছুই পাওয়া যায় না, যাবে না। তখন মোল্লারা এই পাওয়ারটা কাজে লাগায়। এর উপকারিতা ও অপকারিতা উভয়ই আছে। যেমন, একদলের মত অনুযায়ী অর্গান ডোনেশন হারাম, তো অন্যদলের মতে হালাল। ধরুন, কুরআনে হয়তো লেখা থাকবে, "নিজের ক্ষতি করিও না"। এই আয়াত থেকে একদল মোল্লা আবিষ্কার করে ফেলবে অর্গান ডোনেশন হারাম। আবার, অন্য কোন সুরায় পাওয়া গেলো, "মানুষের উপকার করো"। এই আয়াত দিয়ে আরেকদল মোল্লা বুঝে নিবে অর্গান ডোনেশন হালাল। ***আমি এই প্রসঙ্গটা টানলাম আপনাদের এটা বুঝাতে যে, কুরআনে সাধারন দৃষ্টিকোন থেকে কিছু একটা লেখা থাকলেও ইসলামি পন্ডিতরা তা থেকে অসাধারন কিছু আবিষ্কার করবে। এই পদ্ধতিতেই জাকির নায়েকের মত কিছু ধান্ধাবাজ কুরআনের অতি সাধারন অর্থবহ আয়াত, এমনকি ভুলভাল আয়াত থেকেও – বিজ্ঞান উৎপাদন করে।***

অর্গান ডোনেশন নিয়ে সংবাদটা দেখার সময়ই আমি বলে দিতে পেরেছিলাম যে, এটা কুরআন হাদিসে থাকবে না সিওর। ঠিক এভাবেই, আপনিও একটু চিন্তা করলেই বলে দিতে পারবেন "সর্বযুগের জীবনব্যাবস্থা" ও "বিজ্ঞানীদের তথ্যের সোর্স" কুরআনে কি আছে আর কি নেই। চিন্তা করার সময় শুধু খেয়াল রাখবেন মুহাম্মদ ও তার যুগের কিংবা অতীত যুগের লোকেরা বিষয়টা জানতো কিনা। চলুন, এ নিয়ে কয়েকটা কুইজ দেখিঃ

@ কুরআনে কি আছে—

#নিউক্লিয়ার পাওয়ারের কথা?
আপনার ধারনাঃ নেই।

রকেট ও মহাকাশ সম্পর্কে তথ্য?
আপনার ধারনাঃ নেই।

বিভিন্ন রোগের ভ্যাক্সিন সম্পর্কে কোন তথ্য?
আপনার ধারনাঃ নেই।

মরুভুমির উত্তাপ থেকে রক্ষা পাওয়ার প্রাকৃতিক কৌশল?
আপনার ধারনাঃ থাকা উচিত।

এই টপিকগুলো নিয়ে আপনি কিন্তু ঘেটে দেখেননি একটা একটা করে। আন্দাজ করেছেন মাত্র। এভাবে কুরআন না দেখে যেকোন টপিকে আপনি চিন্তা করে বলে দিতে পারবেন সেটা কুরআনে আছে কি নেই। বেশিরভাগ ক্ষেত্রেই আপনার আন্দাজ সঠিক বলে প্রমানিত হবে। তার জন্য সুত্র কিন্তু একটাইঃ

সেটা হল-

বিষয়টা মুহাম্মদের যুগে জানা ছিলো = কুরআনে উল্লেখ থাকতেও পারে,
বিষয়টা মুহাম্মদের যুগে জানার কথা নয় = কুরআনে থাকবে না

এই সুত্রটা যদি সঠিক হয়, তাহলে এরকম একটা আদিম যুগের গ্রন্থ থেকে বিজ্ঞান পাওয়া যায় কিভাবে?

হ্যাঁ, এমন আদিম গ্রন্থ থেকেও বিজ্ঞান পাওয়া যেতে পারে। কুরআন থেকে বিজ্ঞান আবিষ্কার করতে চাইলে আপনার কিছু গুন থাকতে হবে। যেমনঃ

- **কথার অর্থ টুইস্ট/বিকৃত করা।**
- **সাধারন দৃষ্টিকোণ থেকে বলা একটা কথার অসাধারন ব্যাখ্যা করে কথাটাকে অলৌকিক করে তোলা।**
- **তিলকে তাল বানানো।**__*নরমাল কথাবার্তাকে চুইংগামের মত টেনে বর্ধিত করতে করতে সেটাকে বিজ্ঞান পর্যন্ত পৌছে দেয়া।* ***তবে এজন্য আপনাকে বিজ্ঞানের কঠিন কঠিন টার্ম/শব্দাবলিও জানতে হবে।**
- **ভুল কথার ভুলটা অস্বীকার করে বরং সেটাকেই সঠিকে রুপান্তরিত করা।**

আমার স্পষ্ট মনে আছে, একুশে বইমেলা থেকে আমি পকেটের টাকা খরচ করে সর্বপ্রথম যে বইটা কিনেছিলাম, সেটার নাম ছিলো "**আল-কুরআনে বিজ্ঞান**"। ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ থেকে প্রকাশিত। বইটি মূলত "Scientific Indications in the Holy Quran" নামক আরেকটি ইংলিশ বইয়ের বাংলা অনুবাদ। যাহোক, এই বইটি পড়তে গিয়েই কুরআন নিয়ে আমার টুকটাক সন্দেহের সুত্রপাত হয়েছিলো। আমার ধারনা ছিলো কুরআনে বিজ্ঞান ভালোভাবেই রয়েছে এবং সেটা স্পষ্ট ভাষায়। জানার আগ্রহ থেকেই বইটি কিনেছিলাম। কিন্তু কোরানীয় বিজ্ঞানের আসল রুপটা আমাকে হতাশ করেছিলো। আমার আশা আকাঙ্ক্ষার সাথে কিছু মিলছিলো না। আমি খেয়াল করলাম, অতি সাধারন সব কথাবার্তাকে চতুর ব্যাখ্যা দ্বারা সেটাকে বিজ্ঞানময় বলে চালিয়ে দেয়া হচ্ছে। **যদিও আমি তখন খাঁটি ঈমানদার ছিলাম, তবুও, কুরআনে বিজ্ঞান রয়েছে তা মেনে নিতে কষ্ট হচ্ছিলো।

দু'একটি উদাহরন দিয়ে বিষয়টা পরিষ্কার করিঃ

- কুরআনের বিভিন্ন আয়াতে বলা হয়েছে, মেঘ থেকে বৃষ্টি হয়। আর বৃষ্টির ফলে শস্য উৎপাদন করা সম্ভব হয়। এই কথা থেকেই ইসলামি পন্ডিতরা কুরআনে "পানিচক্রের নিখুঁত বর্ণনা" পেয়ে যান। অথচ, কুরআনে উল্লেখ নেই পানিচক্রের সবচেয়ে গুরুত্বপূর্ন ধাপ পানির বাষ্পীভবন (Water Evaporation) সম্পর্কে। কেননা, মুহাম্মদের যুগে ta সম্পর্কে কারও জানার কথা না। আকাশ থেকে পানি পড়ে এবং ফসল ফলে... এতটুকুই জানার কথা এবং এটুকুই রয়েছে কুরআনে।

- সন্তান উৎপাদনে পুরুষের বীর্যের অবদানের কথা বারবার স্মরণ করিয়ে দেয়া হয়েছে কুরআনে। কিন্তু একটিবারও বলা হয়নি স্ত্রী ডিম্বাণুর কথা। কেননা, ডিম্বাণু মুহাম্মদ কিংবা তার সাঙ্গপাঙ্গ কখনও চোখে দেখে নি। তাই কুরআনেও নেই। ডিম্বাণু শব্দটা কুরআনে উল্লেখ না থাকলেও কুরআনে রয়েছে "ভ্রুণবিদ্যার আধুনিক ব্যাখ্যা"।

- কুরআনে রয়েছে "গ্রহ-নক্ষত্রের কক্ষপথে ঘূর্ণন বিষয়ক সঠিক তথ্য"। যদিও পুরো কুরআনে "গ্রহ" শব্দটাই নেই। পুরো কুরআন ঘেটে একটি আয়াতও পাবেন না যেটা বলছে, পৃথিবী ঘোরে। এমনকি, পৃথিবী গোল, তাও পাবেন না।

- কুরআনে রয়েছে বিগ ব্যাং থিওরি। একটি আয়াতে বলা হয়েছে, আল্লাপাক আকাশ ও পৃথিবীকে আলাদা করে দিলেন। ব্যাস, উক্ত আয়াতে বিগ ব্যাং এর গন্ধ পেয়ে গেলো ইসলামী বিগ্যানীরা। যদিও বিজ্ঞান বলে বিগ ব্যাং সংগঠিত হয়ে যাওয়ার ৯.৩ বিলিয়ন বছর পরে পৃথিবী সৃষ্টি হয়েছে। তবুও, ইসলামী বিগ্যান অনুযায়ী, আকাশ আর পৃথিবী আলাদা হয়ে যাওয়া মানেই বিগ ব্যাং!

এরকম বহু উদাহরণ দেয়া যায়__ কিভাবে ইসলামী পন্ডিতরা কুরআন থেকে বিজ্ঞান আবিষ্কার করে। কুরআনের অতি সাধারণ, অবৈজ্ঞানিক কথাবার্তা থেকে কিভাবে বিজ্ঞান আবিষ্কার করা যেতে পারে, সেটা নিয়ে একটা হাস্যরসাত্মক অথচ বাস্তবধর্মী উদাহরণ না দিলেই নয়।

"শ্রোডিঞ্জারের বিড়াল" নামক এক নাস্তিকের উপর ওহী নাযিল হয়েছে। ওহীর শিরোনাম "কাব্যিক ঝোপঝাড়"। তো, এই নাস্তিক শ্রোডিঞ্জারের বিড়াল তার উপর নাযিল হওয়া কাব্যিক ঝোপঝাড় এর মধ্যে ব্যাপক বিজ্ঞান খুঁজে পেয়েছেন এবং কাব্যিক ঝোপঝাড় কে তিনি ঐশি বাণী বলে প্রচারণা চালাচ্ছেন শিক্ষিত যুবকদের মাঝে।

কাব্যিক ঝোপঝাড়:

১) একদা আমি মলত্যাগ করিতে বসিলাম ঝোপঝাড়ে।
২) আর বিমোহিত হইতে ছিলাম মৃদু বাতাসের গন্ধে।
৩) হঠাৎ যৌনাঙ্গে তীব্র ব্যথানুভব করিলাম মশার কামড়ে।
৪) মুহুর্তেই সজোরে থাপ্পর দিয়া হত্যা করিলাম তারে!
৫) অতঃপর পানিদ্বারা কার্যসম্পন্ন করিলাম পরে!

অতঃপর এই "কাব্যিক ঝোপঝাড়" সুরা থেকে উক্ত নাস্তিক যেসকল বিজ্ঞান আবিষ্কার করলোঃ

১) প্রথম চরণে ঝোপঝাড়ে হাগু করার কথা বলা হয়েছে!! আধুনিক বিজ্ঞান প্রমাণ করেছে যে, বিষ্টা উত্তম জৈবসার, যা ঝোপঝাড়ের গাছের জন্য উপকারী।

২) দ্বিতীয় চরণে আছে, ""বাতাসের গন্ধে"! অবিশ্বাসীরা বলবে বাতাসের কি কোন গন্ধ আছে? হাহা... কিন্তু আধুনিক বিজ্ঞান প্রমাণ করেছে বাতাসে ফুলের অসংখ্য পরাগরণু ঘুরে বেড়ায়। এসব রেণু ব্যাপন (diffusion) প্রকৃয়ার ফুল থেকে বাতাসে মিশে বাতাস কে সুগন্ধ করে তোলে!! আর একই চরণে উল্লেখিত ""মৃদু"" বাতাস সে ব্যাপন প্রকৃয়াকে ত্বরান্বিত করেছে। আর ঝোপঝাড়ের আশেপাশে ফুল গাছ থাকাই স্বাভাবিক।

৩) তৃতীয় চরণে আছে ""যৌনাঙ্গে তীব্র ব্যথা"। আচ্ছা, সামান্য মশার কামড়ে যৌনাঙ্গে তীব্র ব্যথা অনুভুত হল কেন? আধুনিক বিজ্ঞান প্রমাণ করেছে শরীরের অন্যান্য অঙ্গের তুলনায় যৌনাঙ্গে অধিক ব্যথাগ্রাহী স্নায়ু(pain receptor) থাকে, যার ফলে ব্যথার তীব্রতা ও বেশি ছিল।

৪) ৪র্থ চরণটিতে আছে, মুহুর্তেই থাপ্পর দিয়া মশাকে হত্যা করা হল। আধুনিক বিজ্ঞান প্রমাণ করেছে মাশা খুব কম সময়ের মধ্যে প্রতিকৃয়া জানাতে পারে। সুতরাং "মুহুর্তেই সজোরে থাপ্পর" না মারা হলে মশাটিকে হত্যা করা যেত না!!

৫) ৫নং চরণে আছে মশা মারার পর সে পানি ব্যবহার করল। আধুনিক বিজ্ঞান প্রমাণ করেছে যে, মশার দেহে বিভিন্ন রোগের জীবাণু থাকে। সুতরাং মশা মেরে হাত পানি দিয়ে না ধুলে ভয়ংকর রোগ ছড়াতে পারে।

কাব্যিক ঝোপঝাড়ে বিজ্ঞান আবিষ্কার করেই ক্ষান্ত হননি বিড়াল সাহেব। দ্রুত বর্ধনশীল ধর্ম ইসলাম এবং তাদের ধর্মগ্রন্থ আল কুরআনের বিরুদ্ধে উঠেপড়ে লাগলেন তিনি। কুরআন থেকে বিজ্ঞানের টুকিটাকি ভুল বের করে সবাইকে দেখাতে লাগলেন। বিড়াল সাহেব জানালেন, তার এই কুরআনে ভুল ধরার মিশন অব্যাহত থাকবে।।





ডিম নিয়ে গবেষণারত কতিপয় মুসলিম বিগ্যানী

- **"ভেঙে মোর ঘরের চাবি" গানে রবীন্দ্রনাথ ঠাকুর– আসলে পাসওয়ার্ডের কথা বুঝিয়েছেন।**

যেসময়ে কোনো ইলেক্ট্রনিক ডিভাইস পর্যন্ত আবিষ্কার হয়নি, তারও বহু যুগ আগে নবী রবীন্দ্রনাথ পাসওয়ার্ডের কথা কইিভাবে জানলেন ! রাসূল রবীন্দ্রনাথের বাণীতেই লুকিয়ে রয়েছে সব আধুনিক বিজ্ঞান ! যা দেখে বিজ্ঞানীদের মাথা হেট হয়ে গেল ! সুবহানাল্লাহ !

যেভাবে ত্যানাবাজি করে ব্যাখ্যা করে কুরআনে,বাইবেলে, তোরাহতে, গীতাতে মিরাকল, মোজেজা, বিজ্ঞান বা বিগ ব্যাং থিওরি-বের করা/ খুঁজে পাওয়া/বিজ্ঞানের সাথে সামনজস্য করা যায়, সেই একই ধারায় **ক্লাস ওয়ানের বাংলা বইয়ের কবিতায়ও বিগ ব্যাং থিওরির বর্ণনা পাওয়া যায়**। যেমন:

"আম পাতা জোড়া জোড়া,
মারবো চাবুক চড়বো ঘোড়া।
উরে বুবু সরে দাঁড়া,
আসছে আমার পাগলা ঘোড়া।
পাগলা ঘোড়া খেপেছে,
চাবুক ছুড়ে মেরেছে।

১)আম পাতা জোড়া জোড়া :
মহাবিশ্বের যত কিছুর অস্তিত্ব আছে সবকিছুর ক্রিয়া বিক্রিয়া আছে অর্থাৎ জোড়া জোড়া।
এর অন্য আরেকটি ব্যাখ্যা হচ্ছে জোড়া জোড়া মানে বিগ ব্যাং এর আগে সবকিছু একত্রে জড়ানো ছিল !

২)মারবো চাবুক চড়বো ঘোড়া :
অর্থাৎ ভগবান জড়ানো এনার্জির উপর চাবুক মারার পর (বিগব্যাং) এনার্জি গুলি ঘোড়ার মতো চরে বেড়াচ্ছে, অর্থাৎ ইউনিভার্স, গ্যালাক্সি, গ্রহ, নক্ষত্র, হয়ে ঘুরে বেড়াচ্ছে।

৩)ওরে বুবু সরে দাঁড়া :
চাবুক মারার পরে (বিগ ব্যাং) বিস্ফোরিত হয়েছে এই জন্য জিন ফেরেশতাদের বা দেবদূতদের বা এন্জেলদের যেন কোনো ক্ষতি না হয় তাই জিন,এন্জেল, দেবদূত, ফেরেশতাদেরকে সরে দাঁড়ানোর কথা বলা হয়েছে।

৪)আসছে আমার পাগলা ঘোড়া :
অর্থাৎ বিগ ব্যাং এর ফলে যে এনারজি লাগামহীন পাগলা ঘোড়ার মতো ছুটছে সেটা ইঙ্গিত করা হয়েছে।

৫)পাগলা ঘোড়া খেপেছে :
অতএব সেই এনারর্জিগুলি যখন ক্ষেপে যাবে অর্থাৎ অবসান ঘটবে অথবা নেতিবাচক বিক্রিয়া ঘটবে।

৬)চাবুক ছুড়ে মেরেছে :
তখনই পুনরায় আবার সবকিছু একসাথে গুটিয়ে নেওয়া হবে, অর্থাৎ চাবুক ছুরে দেয়া হবে (কেয়ামত) ।।।

হে অন্ধবিশবাসী ধার্মিকগণ ! তবুও কি তোমরা কুরআনে, বাইবেলে, তোরাতে, গীতাতে মিরাকল বা বিজ্ঞান খুঁজে নিজেরদেরকে অপদস্থ করবে ?!!

↥

ষাটের দশকের মাঝামাঝি থেকে **'ধর্মগ্রন্থে বিজ্ঞান'** আবিষ্কারের একটা ফ্যাশন চালু হয়েছে। একবিংশ শতাব্দীর বিজ্ঞানের (Evidenced based knowledge) এই স্বর্ণযুগে, যখন মানুষ ১৪ কোটি মাইল দূরবর্তী মঙ্গল গ্রহে মহাকাশযান পাঠাচ্ছেন; কোটি কোটি আলোকবর্ষ দূরবর্তী গ্রহ-নক্ষত্র-গ্যালাক্সির খুঁটিনাটির কিনারা করছেন; এই চমকপ্রদ (magnificent) মহাবিশ্ব উৎপত্তির একদম আদিতে কী ঘটেছিল এবং পরবর্তী ১৩৫০ কোটি বছরে কী রূপে তার বিকাশ ঘটেছে - ইত্যাদি বিষয়ের চুলচেরা বিচার-বিশ্লেষণ করছেন; সেই একই যুগে অবস্থান করে একদল মানুষ বিজ্ঞানীদের অক্লান্ত পরিশ্রম, বিজ্ঞানের অবমাননা ও শ্লীলতাহানি করে 'ধর্মগ্রন্থে বিজ্ঞান' প্রচার করে সাধারণ সরলপ্রাণ অজ্ঞ মানুষদের প্রতারিত করে চলেছেন। এই অপকর্মে তাঁরা যে-পদ্ধতিটি ব্যবহার করেন, তাকে "জল পড়ে পাতা নড়ে" পদ্ধতি বলা যেতে পারে। নমুনা:

'"জল পড়ে পাতা নড়ে" এর মধ্যেই আছে বিজ্ঞানের যাবতীয় আবিষ্কারের 'ইঙ্গিত!'

*১) এখানে **"জল"** অর্থে জলের উপাদান 'হাইড্রোজেন ও অক্সিজেন' বোঝানো হয়েছে। 'বিগ ব্যাং (Big Bang)' এর পরে 'হাইড্রোজেন ও হিলিয়াম' ছিলো সৃষ্টির আদি অ্যাটম (Atom)। মহাবিশ্বের প্রতিটি বস্তুর আদি উপকরণ হলো অ্যাটম। পরবর্তীতে সৃষ্ট অন্যান্য সকল অ্যাটম সৃষ্টি হয়েছে এই 'হাইড্রোজেন' থেকে। আর 'অক্সিজেন' আমাদের বেঁচে থাকার এক অত্যাবশ্যকীয় উপাদান।*

*২) এখানে **"পড়ে"** অর্থে Gravitational force বোঝানো হয়েছে, যা না হলে গ্রহ-নক্ষত্র-গ্যালাক্সি কোনোকিছুই সৃষ্টি হতো না। গ্রহ সৃষ্টি না হলে কোনো জীবের সৃষ্টি হতো না, আমরাও সৃষ্টি হতাম না। আবিষ্কারের আগে বিজ্ঞানের এই ইঙ্গিতটি লেখক কীভাবে জেনেছেন? সত্যিই আশ্চর্য!*

*৩) এখানে **"পাতা"** অর্থে সালোক সংশ্লেষণ (Photosynthesis) বোঝানো হয়েছে, যার ফলে উৎপাদন হয় অক্সিজেন। অক্সিজেনের অভাব হলে আমরা কি বাঁচতে পারতাম? '"জল পড়ে পাতা নড়ে"-এর এক একটি "শব্দ" বিজ্ঞানের এক একটি অভূতপূর্ব আবিষ্কারের ইঙ্গিত! কী আশ্চর্য!*

*৪) আর **"নড়ে"** এর মধ্যেই আছে বিজ্ঞানের দু'টি বিশাল 'ইঙ্গিত'। এখানে নড়ের এক অর্থ হলো 'বায়ু'! বায়ু ছাড়া কি কোনোকিছু নড়ে? নড়ে না। এখানে 'নড়ে' হলো "বায়ু, অর্থাৎ বায়ুমণ্ডল, অর্থাৎ স্পেস!" আর "নড়ে"-এর আরেক অর্থ হলো 'বল (Force)'! যেখানে বায়ু নেই সেখানে কোনো কিছু নড়াতে গেলে লাগে বল। এই 'বল ছাড়া সবকিছু অচল'!*

*কী আশ্চর্য! নিশ্চয়ই **"জল পড়ে পাতা নড়ে"**-এর রচয়িতা একজন নবী (ঈশ্বরের অবতার) ছিলেন। তাইই যদি না হবে, তবে আবিষ্কার হওয়ার আগেই কীভাবে তিনি বিজ্ঞানের সাম্প্রতিক সমস্ত যুগান্তকারী আবিষ্কারের **"ইঙ্গিত"** দিতে পেরেছিলেন?'*

ধর্মে বিজ্ঞানঃ নিম গাছে আমের সন্ধানঃ

https://drive.google.com/file/d/1-6T7v_L6xwrpcCctt7f6IQPgyzn_RMkg/view?usp=drivesdk

ধর্মগ্রন্থে বিজ্ঞান রঙ্গ ! ধর্মের কিতাবগুলোর বিজ্ঞানময় ব্যাখ্যা বের করা

ঘটনার সুত্রপাত আজ থেকে দুই বা আড়াই হাজার বছর আগে। এক বস্ত্রহীন পাগল রাস্তা দিয়ে যাচ্ছিলো। হঠাৎ একটি বুনো হাতি দৌড়িয়ে যাবার সময় সেই পাগলটাকে ধাক্কা দিয়ে ফেলে দেয়। সাথে সাথেই পাগলটা উঠে সেই হাতিটিকে গালাগাল দিতে শুরু করে। সেখানে এক ভাবুক কবি বসে পুথি লেখার চেষ্টা করছিল। তার নজর পড়লো সেই পাগলের উপর। কি এক খেয়াল হলো তার সে পাগলটির গালাগালগুলো চট করে লিখে নিলো। এবং সুন্দর করে সেগুলোকে ছন্দের আকৃতি দিল। সেটি অনেকটা এরকম-

"তুই এতো মোটা, মাথায় বুদ্ধি নেই এক ফোটা।"
"দেখতে তুই বলদের মতো, তুই গাধা।
দেখতে বড়, বুদ্ধি নেই এক ফোটা।"
"মেরে হাত ভেঙ্গে দেবো।
পিটিয়ে ছাল তুলে নিবো।
আবার নতুন করে চামড়াটা তোর গজিয়ে দেবো।"
"গোল মাথাটা তোর এত্তো বড়; গোটা পৃথিবীর সমান।"
"সারাদিন ডাকাডাকি করস জানুয়ার কোথাকার?"
"এমন ঘুষি দিবো সারাদিন খালি কাটবি চক্কর।"
"লাথি দিবো পেটে, দুধ হবে না তোর।"
"বুকের মধ্যে বুদ্ধি তোর দিবো করে বের।"
"এমন ঘুষি খাবি,
সব রক্ত বের করবো, বাচ্চা কোথাও না পাবি।"
"ভাবছিস কি শক্তি বেশী পাবো না তোর সাথে।
একদিন আমি শক্তি পাবো শাসন করবো তোকে।"
"এমন জিনিস বানাবো যে তোর মাথাটা নত হবে।
জগতে আর আমার মতো কাউকে না আর পাবি!"
"পুরো পৃথিবী মুঠোয় নিয়ে
দেখবো আমি উকি দিয়ে।
লুকালি তুই কোথায় গিয়ে?"
"বুঝবি তখন আমি কি না করতে পারি।
তোর জন্ম মৃত্যু বেঁচে থাকা
বশ্ করতে না ছাড়ি।"

দিনে দিনে পাগলটির অনেক ভক্ত জুটে গেলো। ভুল করে সেই পাগলটির ভক্তদের হাতে একদিন সেই কবির লেখাটি পৌছে গেল। এরপর কালে কালে অনেক কিছুর পরিবর্তন হয়ে গেলো। কিন্তু সেই পাগলের ভক্তরা বংশ পরম্পরায় বেঁচে থাকলো।

তার দুই হাজার বছর পরের কথাঃ

একবিংশ শতাব্দীতে এসে সেই পাগলের ভক্তদের কাছে এখন সেই পাগলটি ভগবান তুল্য হয়ে গেছে। তারা তাকে দেবতার আসনে তুলে দিয়েছে। দিনরাত তার পুঁজা করা হয়। কিছু বিজ্ঞানমনস্ক মানুষ তাদের কাজগুলো দেখে হাসাহাসি শুরু করে দিলো। তারা পাগলটির ভক্তদেরকে উপহাস করে বলতে লাগলো এই বিজ্ঞানময় জগতে এসেও এরা কুসংস্কারকে আকড়ে ধরে বসে আছে। শুনতে শুনতে পাগলের অন্ধভক্তকুল বিরক্ত হয়ে গেলো। আবার মনের ভেতর থেকে কিছুতেই তারা তাদের অন্ধবিশ্বাসকে বের করতে পারছিল না। অপরদিকে বিজ্ঞানমনস্ক মানুষদেরকে কোন জবাবও দিতে পারলো না। এমন পরিবেশের মধ্যেই সময় অতিবাহিত হতে লাগলো। একদিন সেই পাগলের ভক্তকুলে একটি বাচ্চার আবির্ভাব হলো। সে পড়াশুনা করে অনেক জ্ঞান অর্জন করলো। কিন্তু মনের মধ্য থেকে সেই কুসংস্কারগুলো দুর হলো না। তাই সে তার অশান্ত মনকে শান্ত করার জন্য সে বিজ্ঞানের সাথে তার অন্ধবিশ্বাসের মিল খুজতে লাগলো।
সে যেহেতু বিশ্বাস করে তার বিশ্বাসটাই সত্য, তাই সে ধরেই নিলো তার ধর্মের কথাগুলো বিজ্ঞানের বিরুদ্ধে যাবে না। এই অন্ধবিশ্বাসে সে তার প্রভু পাগলা বাবার নামে রচিত লেখাগুলো ভালো করে দেখতে লাগলো। পড়তে পড়তে তার মনে হলো যে

↥

পাগলা বাবার বাণীগুলোর মধ্যে বিজ্ঞানের কথা গুলো লেখা আছে। সে উত্তেজিত হয়ে একটি বই লিখে ফেললো তার ধর্মগ্রন্থটি কতটা বিজ্ঞানময় এবং বিজ্ঞানের আবিষ্কারের কথা কিভাবে সেই দুই হাজার বছর আগের তার ধর্মগুরুর লেখাগুলোর সাথে মিলে যাচ্ছে সেটা দেখিয়ে।

সে একটা একটা করে প্রমাণ দেখাতে থাকলো কিভাবে তার ধর্মগুরুর রচনার সাথে আধুনিক বিজ্ঞানের অতিসাম্প্রতিক কালের আবিষ্কারগুলোর ধারণা মিলে যাচ্ছে। শুধু তাই নয় সে টিভি, রেডিও এবং সংবাদপত্রের মাধ্যমে দাবী করলো, যেহেতু দুই হাজার বছর পুরোনো তার ধর্মগুরুর লেখার সাথে বিজ্ঞানের অভূতপূর্ণ মিল আছে তাই তার ধর্মগুরু সত্য এবং তার ধর্মটিও সত্য। এ নিয়ে আস্তিককুলের মধ্যে বিরাট হইচই পরে গেলো। বছরের পর বছর ধরে প্রচার হতে লাগলো (মানে সেই পাগল বাবার ভক্তকুল প্রচার করতে থাকলো) সেই ধর্মগ্রন্থে বিজ্ঞানের আবিষ্কারগুলোর কথা মিলে গেছে। তারা নানা রকমের যুক্তি উপস্থাপন করে করে বিজ্ঞানীদেরকে দাঁত-মুখ-কান ভাঙ্গা জবাব দিতে থাকলো। তারা দাবী করলো যদি সেই পাগলা বাবা দেবতাই না হবে তবে তার বাণীর সাথে আধুনিক বিজ্ঞানের কিভাবে মিল থাকে?

এমন কঠিন প্রশ্ন থেকে বাঁচার তাগিদে সমগ্র বিজ্ঞানীগন আদজল খেয়ে মাঠে নামলেন ঘটনার সত্যতা যাচাই করার জন্য। তারা সেই পাগলা বাবার বাণী খুলে যা পেলেন এবং তার সাথে বিজ্ঞানের মিল দেখানোর নিয়মগুলো দেখে যা পেলেন তা মোটামুটি এরকম-

প্রমান ১:

পাগলা বাবা তার লেখায় বলেছে প্রাণীদের আকৃতি যত বড়ই হোক না কেন তারা মানুষের চেয়ে কম বুদ্ধিমত্তা সম্পন্ন। যদি পাগলা বাবা দেবতাই না হবে তবে সে দুই হাজার বছর আগে কিভাবে জানলো যে মানুষই সবচেয়ে বুদ্ধিমান? সে কি সব প্রাণীদেরকে পরীক্ষা করে দেখেছে যে তাদের বুদ্ধিমত্তা মানুষের চেয়ে বেশী নাকি কম? আমাদের গ্রেট দেবতা পাগলা বাবা বলেছেন,- "তুই এতো মোটা, মাথায় বুদ্ধি নেই এক ফোটা।"

এখানে "তুই" বলতে মানুষ বাদে সমস্ত প্রাণীজগতকে বুঝানো হয়েছে। আফ্রিকার জঙ্গলের ভাষায় তুই শব্দটির একটি বিশেষ অর্থ আছে। এটি দিয়ে পশুকে ডাকা হয়। আর তুই শব্দটি "তু" থেকে এসেছে যার অর্থ পশু বা বুদ্ধিহীন প্রাণী। আবার বলা হয়েছে মাথায় বুদ্ধি নেই এক ফোঁটা। বুদ্ধিমত্তা যে মানুষের মাথায় থাকে এটা দুই হাজার বছর আগের এক সাধারণ মানুষ কিভাবে জানলো? জ্ঞানবান দেবতা ছাড়া এটা কেউ বলতে পারে?

প্রমাণ ২:

আধুনিক বিজ্ঞান আমাদের জানাচ্ছে, প্রাণী দেহের আকৃতি যত বড়ই হোক না কেন সেই প্রানীর বুদ্ধিমত্তা নির্ভর করে প্রাণীটির মস্তিষ্ক কতটুকু তার উপর। উদাহরণ স্বরুপ বলা যায় মানুষের মস্তিষ্কের আকৃতি সব প্রাণীর থেকে বড়। আর তাই মানুষই পৃথিবীর সবচেয়ে বুদ্ধিমান প্রাণী। অপরদিকে তিমি মাছের আকৃতি বিশাল হওয়া সত্যেও এর মস্তিষ্কের আকৃতি ছোট বলে তিমি মাছের বুদ্ধিমত্তা অনেক কম। দা গ্রট দেবতা "পাগলা বাবা" বলেছেন,- "দেখতে তুই বলদের মতো, তুই গাধা। দেখতে বড়, বুদ্ধি নেই এক ফোটা।"

এই বাণীটিতে স্পষ্ট করে বলা হয়েছে যে তুই অর্থাৎ পশু এবং মাছেরা হলো বলদের মতো। এবং তাদের বুদ্ধিমত্তা গাধা নামক প্রাণীটির মতো। এই বাণিটিতে পশুদেরকে আকার আকৃতিতে বিশাল বুঝাতে "বলদ" শব্দটি ব্যবহৃত হয়েছে। এবং তাদের বুদ্ধিমত্তা যেহেতু অনেক নিচের স্তরের তাই তাদেরকে গাধার মতো বুদ্ধিহীন বলে আখ্যায়িত করা হয়েছে। আফ্রিকার জঙ্গলের ভাষা অনুযায়ী গাধা শব্দটি এসেছে "গা" অর্থ আকৃতি বিশাল এবং "ধা" অর্থ বুদ্ধিহীন বা স্বল্প বৃদ্ধি। আফ্রিকার জঙ্গলের ভাষার একটি বিশেষ বৈশিষ্ট্য হলো "ধা" শব্দটি যখন "গা" শব্দটির পরে ব্যবহৃত হয় তখন এর সঠিক অর্থ হয় কম বুদ্ধির প্রাণী।

তাহলে আমরা দেখতে পাচ্ছি, এই গাধা শব্দটি দিয়ে বিশাল আকৃতির কম বুদ্ধিমত্তা সম্পন্ন প্রাণীকে বুঝানো হয়েছে। এখন অবিশ্বাসীদের কাছে মিলিয়ন ডলারের প্রশ্নঃ যদি দা গ্রেট দেবতা পাগলা বাবা একজন দেবতাই না হবেন তবে তিনি সেই দুই হাজার বছর আগে কিভাবে জানলেন যে মানুষের চেয়ে বিশাল বিশাল আকৃতির তিমি মাছের বুদ্ধিমত্তা এতো কম? তিনি থাকতেন আফ্রিকার জঙ্গলে যেখানে তিমি মাছ দেখা অসম্ভব। তাহলে না দেখেই তিনি কিভাবে বললেন যে তিমি মাছের আকৃতি বিশাল হওয়া হত্তেও সেটির মস্তিষ্কের আকৃতি এতো কম? একজন আফ্রিকার স্বাধারণ মানুষের পক্ষে এই কথাটি বলা অসম্ভব। তাও আবার দুই হাজার বছর আগে। অতএব আরেকবার প্রমাণিত হলো যে দা গ্রেট পাগলা বাবা একজন দেবতা সমতুল্ল ছিলেন অর্থাৎ একজন দেবতা ছিলেন। মানুষের পক্ষে এসব কথা সেই দুই হাজার বছর পূর্বে জানা সম্ভব ছিল না।

প্রমাণ ৩:

আধুনিক বিজ্ঞান আমাদের দেখিয়েছে মানুষের ও পশুদের দেহের চামড়ায় একধরণের নার্ভ টিস্যু আছে। সেই নার্ভ টিস্যু সংকেত বহন করে মস্তিষ্কে পৌছে দেয়। এজন্যই মানুষ সহ অন্যান্য প্রাণীরা স্পর্শ অনুভব করে এমনকি নানা রকমের ব্যাথা অনুভব করে এই নার্ভ টিস্যুগুলোর কারণে। আধুনিক বিজ্ঞান আমাদের জানাচ্ছে যে প্রাণীর চামড়ায় নার্ভটিস্যু আছে অর্থাৎ নার্ভাস সিস্টেম আছে। আর বিজ্ঞান আমাদের এটা জানিয়েছে এই কিছুদিন আগে। কিন্তু আমাদের দা গ্রেট দেবতা পাগলা বাবা এই তথ্যটি আমাদের জানিয়েছে সেই দুই হাজার বছর পূর্বে। তিনি বলেছেন,- "মেরে হাত ভেঙ্গে দেবো। পিটিয়ে ছাল তুলে নিবো। আবার নতুন করে চামড়াটা তোর গজিয়ে দেবো।"

এই বাণীটিতে স্পষ্ট করে বলা হয়েছে যে দেবতা পশুদেরকে এবং যারা অবিশ্বাসী তাদেরকে শাস্তি দেবার ব্যবস্থা করে রেখেছেন। যারা তার কথার অবাধ্য হবে তাদেরকে তিনি শাস্তি দেবেন। তাদের শাস্তির পরিমাণ এতো বেশী হবে যে তাদের শরীরের চামড়া অর্থাৎ ত্বক পর্যন্ত উঠে যাবে। এবং আবার নতুন চামড়া বা ত্বক গজানো হবে যাতে আবার করে শাস্তি দেওয়া যায়।

এখন প্রশ্ন হলো সেই দুই হাজার বছর আগের একজন আফ্রিকার জঙ্গলের মানুষ কিভাবে জানতে পেরেছিল যে চামড়ার নিচেই নার্ভটিস্যু আছে। মানুষের শরীরে যে নার্ভাস সিস্টেম আছে সেটি কি দুই হাজার বছরের পূর্বের কোন মানুষের পক্ষে জানা সম্ভব? সে সময়তো মানুষ শুধু চামড়া বা ত্বককেই দেখতে পেতে। সেই সময়ের মানুষের পক্ষে কি জানা সম্ভব যে চামড়াতে নার্ভ টিস্যু থাকে যা প্রাণীকে ব্যথার অনুভূতি দেয়। এটা একমাত্র কোন অতি ক্ষমতাবাণ দেবতারই জানা সম্ভব। যে তথ্যটি বিজ্ঞান আবিষ্কার করলো এই সেদিন সেই তথ্যটিই কিনা দেওয়া আছে সেই দুই হাজার বছর পূর্বের একটি গ্রন্থে। চিন্তা করে দেখেন !

প্রমাণ ৪:

আধুনিক বিজ্ঞান মাত্র কিছু কাল আগে আবিষ্কার করেছে যে পৃথিবীর আকৃতি গোলাকৃতির। প্রাচীন কালের মানুষ ভাবতো তারা যেমনটা দেখে যে পৃথিবী সমতল ঠিক তেমনি পৃথিবীর আকৃতি সত্যিই সমতল। এই ভ্রান্ত ধারণাটি দুই হাজার বছর আগে কেউ জানতো না। এই মাত্র কয়েক শতক আগে মানুষ প্রমাণ পেয়েছে যে পৃথিবী সমতল নয়। বরং পৃথিবী হলো গোলাকৃতির। দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা বলেছেন,- "গোল মাথাটা তোর এত্তো বড়; গোটা পৃথিবীর সমান।"

এই বাণীটিতে বলা হয়েছে প্রাণীদের মাথার আকৃতি যেমন গোল ঠিক একই ভাবে পৃথিবীর আকৃতিও গোল বা গোলাকৃতির। শুধু তাই নয় বলা হচ্ছে গোলাকৃতির পৃথিবীর আকৃতি বিশাল।

এখন আপনার একটু চিন্তা করে দেখুন যদি এই বাণী কোন দেবতার না হতো তবে কিভাবে এই অতিসাম্প্রতিক আবিষ্কারটির কথা সেই দুই হাজার বছর আগের কিতাবে লেখা থাকে? অবশ্যই এই বাণীটি কোন মানুষের নয়। দুই হাজার বছর আগের কোন মানুষ জানতোই না যে পৃথিবীর আকৃতি গোলাকৃতির। বরং তখন সবাই ভাবতো পৃথিবীর আকৃতি সমতল। অথচ দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের বলছেন যে পৃথিবীর আকৃতি গোলাকৃতির মাথার মতই গোল। আপনারা জানেন যে পৃথিবীর আকৃতি সম্পূর্ন গোল নয়। এর মাঝের অংশ গোল এবং দুই পাশে সামান্য চ্যাপ্টা। একদম মাথার আকৃতির মতো। মাথা যেমনটা মাঝের অংশ গোল এবং উপর ও নিচে বর্তুলাকার ঠিক একই ভাবে পৃথিবীর আকৃতিও বর্তুলাকার। অর্থাৎ দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা সেই দুই হাজার বছর আগেই বলে গেছেন যে পৃথিবীর আকৃতি গোলাকার। অথচ বিজ্ঞান আবিষ্কার করেছে কিছুদিন আগে।

প্রমাণ ৫:

আধুনিক বিজ্ঞান আমাদের জানাচ্ছে যে পশুপাখিদেরও ভাষা আছে। তবে তাদের ভাষা মানুষের ভাষার মত নয়। তারা নানা রকমের শব্দ করে তাদের ভাব প্রকাশ করে। বিজ্ঞানীরা এই সেদিন আমাদের জানিয়েছে যে ছোট ছোট প্রাণীদেরও একটি বিশেষ ধরনের ভাষা থাকে। প্রাণীজগতেও যে মানুষের মতো ভাষা আছে সেটি প্রাচীণকালের মানুষের জানা ছিল না। এই কিছুদিন আগেই মাত্র মানুষ জানতে পেরেছেন যে প্রাণীদেরও ভাষা আছে। অথচ সেই দুই হাজার বছর আগে দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের বলে গেছেন যে,- "সারাদিন ডাকাডাকি করস জানুয়ার কোথাকার?"

এই বাণীটিতে বলা হয়েছে প্রাণীরাও কথা বলে। তারা নানা ভাষায় ডাকাডাকি করে যা তারা তাদের মনের ভাব প্রকাশ করার জন্য করে। এই বাণীটিতে যে শব্দটি ব্যবহৃত হয়েছে তা হলো জানোয়ার। আফ্রিকা জঙ্গলের ভাষা অনুযায়ী জানুয়ার শব্দটির অর্থ হলো পশু ও পাখি। জানুয়ার শব্দটি এসেছে "জান" অর্থ প্রাণ এবং "য়ার" অর্থ সকল। আর জানুয়ার শব্দটি দিয়ে যখন ডাকাডাকা বুঝানো হয় তখন এর অর্থ হয়ে যায় সকল প্রাণী। আর আফ্রিকা জঙ্গলের ভাষায় ডাকাডাকি শব্দটি দিয়ে কথা বলা বা ভাবের আদান প্রদাণ

বুঝানো হয়। অর্থাৎ এই বাণীর সঠিক অর্থ হলো পৃথিবীর সমস্ত প্রাণীকুলের মধ্যে ভাষা বিদ্যমান। চিন্তা করে দেখুন যা বিজ্ঞান আবিষ্কার করলো এই কিছুদিন আগে সেটা দুই হাজার বছর আগের একজন মানুষের পক্ষে বলা কিভাবে সম্ভব? এটি শুধু কোন অতিক্ষমতাবাণ দেবতার পক্ষেই বলা সম্ভব।

প্রমাণ ৬:

আধুনিক বিজ্ঞান আজ আমাদের জানাচ্ছে যে আমাদের এই পৃথিবী স্থির নয়। প্রাচীণকালের মানুষ যেমনটা মনে করতো যে আমাদের এই পৃথিবীটা বুঝি স্থির। কিন্তু আধুনিক বিজ্ঞান দেখিয়ে দিয়েছে যে আমাদের পৃথিবীটা স্থির নয়। বরং এটি প্রতিনিয়ত সূর্যের চারপাশে ঘুরছে। দুই হাজার বছর পূর্বে দ্যা গ্রেট দেবতা আমাদের জানিয়ে দিয়েছেন যে পৃথিবী চক্রাকারে ঘুরছে। তিনি বলেছেন, - "এমন ঘুষি দিবো সারাদিন খালি কাটবি চক্কর।"

দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের জানাচ্ছেন যে তার ক্ষমতা অসীম। সে চাইলেই যে কাউকেই যা খুশি তাই করতে পারেন। তিনি চাইলে সবাইকে সঠিক পথে আনতে পারেন। তার ক্ষমতা অসীম। তিনি আরো বলেছেন যে তিনি তার বল প্রয়োগের মাধ্যমে পৃথিবীকে চক্রাকারে ঘূর্ণনশীল করে তৈরি করেছেন। যা প্রাচীণকালের মানুষ জানতো না।

এই বাণীটিকে দেবতার শক্তি বুঝতে 'ঘুষি' শব্দটি ব্যবহৃত হয়েছে। আফ্রিকা জঙ্গলের ভাষায় 'ঘুষি' শব্দটি এসেছে 'পুষি' শব্দটি থেকে। আর আফ্রিকার ভাষায় 'পুষি' অর্থ শক্তি বা ক্ষমতা। এই বাণীতে দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের জানিয়ে দিয়েছেন যে তিনি তার ক্ষমতা বলে পৃথিবীকে এমন অবস্থা করেছেন যে তা শুধু সারাদিন অর্থাৎ সব সময় সূর্যের চারপাশে চক্রাকারে ঘুরছে। "সারাদিন খালি কাটবি চক্কর" অর্থাৎ পৃথিবী সব সময়ই চক্রাকারে ঘুরবে। আফ্রিকা জঙ্গলের ভাষায় ঘুষি শব্দটি যখন চক্রাকারে ঘুরার অর্থে ব্যবহৃত হয় তখন এর দ্বারা গোলাকার কোন বৃহৎ কিছুর চক্রাকারে ঘুর্নন বুঝায়। অর্থাৎ দ্যা গ্রেট দেবতা সেই দুই হাজার বছর পূর্বেই আমাদের জানিয়ে দিয়েছেন যে পৃথিবীর আকৃতি গোলাকার এবং এটি চক্রাকারে সূর্যের চারপাশে ঘুরছে। এখন আপনারা চিন্তা করে দেখুন যে সেই দুই হাজার বছর আগের একজন স্বাধারণ মানুষ কিভাবে জানলো যে আমাদের পৃথিবী শুধু গোলাকারই নয় বরং এটি সূর্যের চারপাশে প্রতিনিয়ত চক্রাকারে ঘুরছে। কোন মানুষের পক্ষে কি এমন কথা বলা সম্ভব যা বিজ্ঞান মাত্র কিছুদিন আগে আবিষ্কার করেছে? এর উত্তর হলো দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা কোন মানুষ ছিলেন না। তিনি ছিলেন দেবতা।

প্রমাণ ৭:

দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদেরকে সেই দুই হাজার বছর আগেই জানিয়ে দিয়েছেন যে স্তন্যপায়ী প্রাণীদের দুধ হয় পেটের ভিতর থেকে। আধুনিক বিজ্ঞান আমাদের জানাচ্ছে যে মানুষ এবং প্রাণীদের মধ্যে যারা দুধ প্রদান করে তাদের দুধ তৈরী হয় তাদের পেটের খাবার থেকে উৎপন্ন পুষ্টি থেকে। দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের জানাচ্ছেন যে,- "লাথি দিবো পেটে, দুধ হবে না তোর।"

অর্থাৎ দ্যা গ্রেট দেবতা আমাদের জানাচ্ছেন যে হে দুগ্ধ প্রদানকারী মানব ও পশুগণ তোমরা আমার প্রতি বিশ্বাস স্থাপন করো এবং আমার উপাসনা করো। যদি তোমরা তা না করো তবে তোমাদের জন্য শাস্তির ব্যবস্থা করবো। আমি তোমাদের পেটে আঘাত করবো ফলে তোমরা খাদ্য হজম করতে পারবে না। ফলে তোমরা দুগ্ধ উৎপাদন করতে পারবে না।

মানুষ ও পশুরা যে খাবার খায় তা থেকে যে দুধ তৈরি হয় সেটা আগেকার দিনের মানুষরা জানতো না। তারা ভাবতো যে দুধ হয় বিশ্রাম নেবার কারণে। আর আধুনিক বিজ্ঞানের দুধ বিষয়ক আবিষ্কারের আগে কোন মানুষই জানতো না যে কিভাবে মায়ের দুগ্ধ উৎপন্ন হয়। অথচ সেই দুই হাজার বছর পূর্বেই দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের সে সম্পর্কে জ্ঞান দিয়ে গেছেন। যা পাগলা বাবা বলেছেন সেই দুই হাজার বছর আগে আর বিজ্ঞান সেটা আবিষ্কার করেছে এই কিছুদিন আগে। তাহলে একবার ভেবে দেখুন সেই দুই হাজার বছর আগে যেখানে বিজ্ঞানের জ্ঞান পৌছাতেই পারেনি সেখানে একজন মানুষ কিভাবে বিজ্ঞানের আধুনিক কালের আবিষ্কারের কথা জানতে পারলো? এর কারণ হলো দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা ছিলেন একজন সর্বজ্ঞানী দেবতা।

প্রমাণ ৮:

আগেকার দিনের মানুষ ভাবতো যে মানুষের বুদ্ধিমত্তা থাকে তার বুকে। আধুনিক কাল পর্যন্ত ইউরোপিয়ান বিজ্ঞান আমাদেরকে জানিয়েছে যে মানুষের বুদ্ধি থাকে তার বুকের ভিতরে। অথচ আধুনিক বিজ্ঞান এই কিছুদিন আগে আবিষ্কার করেছে যে মানুষের বুদ্ধিমত্তা তার বুকে থাকে না। বরং মানুষের বুদ্ধিমত্তা থাকে তার মাথায়। তার মস্তিষ্কে। দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের জানিয়েছেন যে,- "বুকের মধ্যে বুদ্ধি তোর দিবো করে বের।"

অর্থাৎ দ্যা গ্রেট দেবতা মানুষ ও পশুদের বুদ্ধিমত্তা বুকে রাখেননি। তাহরে কোথায় রেখেছেন? আগেই বলেছি দ্যা গ্রেট দেবতা 'মাথা মোটা' বলেছেন। অর্থাৎ পশু ও মানুষের বুদ্ধিমত্তা মাথায় থাকে। মাথার ভিতরে যে মস্তিষ্ক আছে সেখানেই মানুষের বুদ্ধিমত্তা থাকে। দ্যা গ্রেট দেবতা আমাদের দুই হাজার বছর আগেই বলে দিয়েছেন যে তোমরা মানুষের বুকের ভেতর বুদ্ধি মত্তা খুজো না; কারণ দ্যা গ্রেট দেবতা বুদ্ধিমত্তা বুকের ভিতর থেকে বের করে দিয়েছেন। এবং বুদ্ধিমত্তা মাথার মস্তিষ্কের ভেতরে রেখেছেন। যা আধুনিক বিজ্ঞান আবিষ্কার করলো এই সেদিন অথচ দ্যা গ্রেট দেবতা তা বলেছেন সেই দুই হাজার বছর পূর্বেই।

প্রমাণ ৯:

প্রাচীণকালের মানুষ ভাবতো তারা দৈহিক মিলনের মাধ্যমে বাচ্চা জন্ম দেয়। তাদের বিশ্বাস ছিল একমাত্র দেবতা ছাড়া কোন নারীই পুরুষের সাথে মিলন ব্যতিত বাচ্চা জন্ম দিতে পারে না। এবং তারা মনে করতো বাচ্চা জন্ম দানে কোন রক্তের দরকার হয় না। এবং বাচ্চা শুরুতেই পূর্নরুপে পেটে সৃষ্টি হয়। অথচ আধুনিক বিজ্ঞান আমাদের জানাচ্ছে যে বাচ্চা পূর্ণরুপে পেটের মধ্যে তৈরী হয় না। বরং এটি তৈরি হয় রক্তের মাধ্যমে। পুরুষের শুক্রানু এবং নারীর ডিম্বানু পরস্পরের সাথে মিলে যায় এবং রক্ত ও পুষ্টির মাধ্যমে বাচ্চা জন্ম নেয়। একই কথা আপনারা পাবেন আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার বাণীতে। তিনি বলেছেন- "এমন ঘুষি খাবি, সব রক্ত বের করবো, বাচ্চা কোথাও না পাবি।"

এই বাণীটিতে স্পষ্ট করে বলা হয়েছে যে যদি নারীর শরীরের সব রক্ত বের করে দেওয়া হয় তবে সে আর সন্তান জন্ম দিতে পারবে না। আফ্রিকার জঙ্গলের ভাষায় রক্ত শব্দটি এসেছে "র"-এর ভক্ত (অর্থাৎ রক্ত) শব্দটি থেকে। আফ্রিকার জঙ্গলের ভাষায় "র" দিয়ে এক বিশেষ বস্তু কে বুঝায় যা নরম তুলতুলে কেঁচুর মতো ঝুলন্ত বস্তুকে বুঝায়। আর যখন "র" শব্দটি দিয়ে ভক্তকে বুঝায় (যেমন "র"-এর ভক্ত) তখন এর অর্থ হয়ে যায় তুলতুলে নরম শিশু স্বদৃশ্য সুন্দর সৃষ্টি। অর্থাৎ দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার পবিত্র বানী সেই দুই হাজার বছর আগেই বলেছে যে মানুষ ও অন্যান্য প্রাণীর জন্ম কিভাবে হয়। প্রাণীদের এবং মানুষের বাচ্চা জন্মের সময় বা সৃষ্টির সময় নরম তুলতুলে কেঁচুর মতো পদার্থের থাকে সেটা দুই হাজার বছর আগের কোন মানুষের জানা সম্ভব ছিল না। দ্যা গ্রেট দেবতা কি সেই দুই হাজার বছর আগে মানুষের পেটে কিভাবে বাচ্চার সৃষ্টি হয় সেটা দেখেছিল?

আধুনিক বিজ্ঞান বলে মানব ভ্রুণ দুই সপ্তাহ বাদে নরম তুলতুলে কেঁচুর মতো ঝুলন্ত বস্তু স্বদৃশ্য হয়ে যায়। দুই হাজার বছরের পুরোনো আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার বাণীতে লেখা আছে যে মানব সন্তান জন্মের সময় কেঁচুর মতো নরম তুলতুলে ঝুলন্ত বস্তুতে পরিণত হয়। অর্থাৎ দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার মানব জন্ম পদ্ধতির সাথে আধুনিক বিজ্ঞানের হুবহু মিল রয়েছে। মানুষের সন্তান যে রক্ত ছাড়া বাঁচতে পারবে না সেটা আধুনিক বিজ্ঞান আবিষ্কার করেছে এই কিছুদিন আগে। যা আধুনিক বিজ্ঞান জানলো এই কিছুদিন আগে সেটা দুই হাজার বছরের পুরোনো বাণীতে কিভাবে লেখা থাকে!

প্রমাণ ১০:

আজ থেকে দুই তিন হাজার বছর আগে মানুষ প্রকৃতির সাথে যুদ্ধ করতে করতে জীবন অতিবাহিত করেছে। তার কোন প্রযুক্তির জ্ঞান ছিল না। তারা মানুষের তৈরি অস্ত্র শস্ত্র ব্যবহার করতো। তারা তীর ধনুক, তলোয়ার বর্শা ইত্যাদি ব্যবহার করতো। তারা জানতো না যে মানুষ এক সময় এতো উন্নত হবে যে তারা বন্দুক, কামান, এমনকি বোমা আবিষ্কার করবে। এবং তারা পুরো পৃথিবীকেই শাসন করবে। তারা পৃথিবীর সব প্রাণীর চেয়ে শ্রেষ্ট হবে এবং সমস্ত পৃথিবীর সব প্রাণীকেই বশ করতে পারবে। শুধু তাই নয় প্রকৃতির বড় বড় প্রাণী যেমন হাতি বা তিমিকে যে মানুষ বশ করতে পারবে সেটা দুই হাজার বছর আগের মানুষের জানা ছিল না। এ সম্পর্কে দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের বলেছেন- "ভাবছিস কি শক্তি বেশী পাবো না তোর সাথে। একদিন আমি শক্তি পাবো শাসন করবো তোকে।" "এমন জিনিস বানাবো যে তোর মাথাটা নত হবে। জগতে আর আমার মতো কাউকে না আর পাবি!"

এই বাণী দুটোতে বলা হয়েছে যে প্রাচীনকালে মানুষের বাহুবল কম ছিল। তারা প্রকৃতিতে বিদ্যমান শক্তিশালী প্রাণী যেমন বাঘ, সিংহ ইত্যাদির সাথে পেরে উঠতো না। সেই সময়ের মানুষ যে আজকের দিনের আধুনিক শক্তিশালী প্রযুক্তিতে উন্নত মানুষে পরিণত হবে সেটাই এই বাণীটিতে বর্ণনা করা হয়েছে। সেই দুই হাজার বছর পুর্বেই দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদের জানিয়ে দিয়েছেন যে মানুষ এক সময় আধুনিক অস্ত্র শস্ত্র আবিষ্কার করবে। তারা রকেট, এটমিক বোমা, হাইড্রোজেন বোমা, ইত্যাদি আবিষ্কার করে পুরো পৃথিবীকেই শাসন করবে। মানুষ এমন প্রযুক্তি আবিষ্কার করবে যে পৃথিবীর সব প্রাণী মানুষের কাছে মাথা নত করবো।

চিন্তা করুন, দুই হাজার বছর পূর্বের একজন সাধারণ মানুষের পক্ষে কি কখনও জানা সম্ভব ছিল যে এক সময় মানুষ এতো এতো প্রযুক্তি আবিস্কার করবে? রকেট, মহাকাশ যান, বোমা এবং আধুনিক অস্ত্রশস্ত্রের কথা বলা হয়েছে সেই দুই হাজার বছর আগে অথচ আধুনিক বিজ্ঞান তা আবিষ্কার করলো এই সেদিন।

প্রমাণ ১১:

আজ প্রযুক্তি এতো উন্নত হয়েছে যে মানুষ আজ ঘরে বসেই সারা পৃথিবীর খবর জানতে পারছে। পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তের মানুষের সাথে যুগাযুগ করতে পারছে মুহুর্তেই। শুধু তাই নয় মোবাইল ইন্টারনেটের মাধ্যমে পৃথিবীর সব তথ্যই দেখতে পাচ্ছে হাতের মুঠোর মধ্যে থাকা মোবাইল ডিভাইসটির মাধ্যমে। আজ এমন প্রযুক্তি রয়েছে যে মানুষ আজ কোন মানুষের অবস্থান যেকোন জায়গায় থেকেই বের করতে পারে। সে শুধু তার মোবাইল ফোনটিতে সার্চ দিবে আর তার দরকারী মানুষের অবস্থান সে জেনে যাবে। অথচ এই তথ্যটি দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা সেই দুই হাজার বছর আগেই দিয়ে গেছেন। দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা তার বাণীতে বলেছেন.- "পুরো পৃথিবী মুঠোয় নিয়ে দেখবো আমি উকি দিয়ে। লুকালি তুই কোথায় গিয়ে?"

এই বাণীটিতে স্পষ্ট করেই বলা হয়েছে যে মানুষ এক সময় এমন এক যন্ত্র আবিষ্কার করবে যা দিয়ে সে যে কাউকেই খুজে বের করতে পারবে। সে কোথায় আছে বা কোথায় লুকিয়েছে সব তথ্যই সে যন্ত্রটির মাধ্যমে বের করতে পারবে। অর্থাৎ দুই হাজার বছর আগেই দ্যা গ্রেট পাগলা বাবা আমাদেরকে জানিয়ে গেছেন যে মানুষ এক সময় স্মার্ট মোবাইলফোন আবিষ্কার করবে। শুধু তাই নয় মানুষ যে এক সময় ঘরে বসেই পৃথিবীর সব খবর জানতে পারবে এবং পৃথিবীটা যে তার হাতের মুঠোয় চলে আসবে সেটিই এই বাণিটির মাধ্যমে ইঙ্গিত দিয়ে গেছেন আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা। আধুনিক বিজ্ঞান যা আবিষ্কার করেছে এই সেদিন সেটা পাগলা বাবা বলেছেন দুই হা জার বছর আগে। চিন্তা করে দেখুন!

প্রমাণ ১২:

আধুনিক চিকিৎসা ব্যবস্থা এতো এতো উন্নত যে মানুষ যেকোন রোগেরই চিকিৎসা করাতে পারে। ৯৯% ক্ষেত্রে মানুষের রোগ ভালো করার ক্ষমতা মানুষের আছে। এছাড়া ভয়ংকর রকমের দুর্ঘটনায় আক্রান্ত রোগীকেও বাঁচিয়ে তুলতে পারে। ভালো চিকিৎসা দিয়ে যেমন মৃতপ্রায় মানুষকে বাঁচিয়ে তুলতে পারে ঠিক একই ভাবে মানুষের আয়ু দীর্ঘ করার ক্ষমতাও মানুষ লাভ করেছে। এখন মানুষ আগের তুলনায় অনেক দিন বাঁচে। অর্থাৎ মানুষের গড় আয়ু অনেক বেড়ে গেছে। দ্যা গ্রেট দেবতা আমাদের বলেছেন, "বুঝবি তখন আমি কি না করতে পারি। তোর জন্ম মৃত্যু বেঁচে থাকা বশ্ করতে না ছাড়ি।"

এই বাণীর মাধ্যমে দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আমাদেরকে জানিয়ে দিয়েছেন যে মানুষ এব সময় চিকিৎসা বিজ্ঞানে অনেক উন্নতি সাধন করবে। তারা প্রযুক্তিতে ও বিজ্ঞানের আবিষ্কারে অনেক উন্নতি সাধন করবে। তারা এতোটাই উন্নত হবে যে তারা অনেক আপাত অসম্ভব কিছুকে সম্ভব করতে সক্ষম হবে। এটা আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা সেই দুই হাজার বছর আগেই বলে গেছেন। আর আজকে আধুনিক বিজ্ঞান তা সত্য বলে দেখিয়েছে। দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা আরো বলেছেন, মানুষ এক সময় চিকিৎসা বিজ্ঞানে এতোটা উন্নতি সাধন করবে যে তারা মানুষ সহ সব পশুপাখিদের জন্ম মৃত্যু নির্ধারন করতে পারবে। তারা মৃত্যু প্রক্রিয়াকে নিয়ন্ত্রন করার মতো ক্ষমতা রাখবে। আজ আমরা দুই হাজার বছর পরে এসে দেখতে পাচ্ছি যে চিকিৎসা বিজ্ঞানের উন্নতির সাথে সাথে মানুষকে কৃত্তিম উপায়ে বাঁচিয়ে রাখা হয়। যা আমাদের গ্রেট দেবতা পাগলা বাবা দুই হাজার বছর পূর্বেই বলে গেছেন। মানুষের আয়ু বৃদ্ধি করা, জন্ম নিয়ন্ত্রন ব্যবস্থা আবিষ্কার এবং কৃত্তিম ভাবে মানুষকে বাঁচিয়ে রাখার ধারণা সেই দুই হাজার বছর আগেই আমাদের গ্রেট দেবতা পাগলা বাবা দিয়ে গেছেন। আর সেই ধারণা অনুসরন করেই আধুনিক বিজ্ঞান এসব আবিষ্কার করেছে।

- তাহলে আমরা দেখতে পাচ্ছি যে বিজ্ঞানের যত আবিষ্কার রয়েছে সবগুলোরই ইঙ্গিত আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবা সেই দুই হাজার বছর আগেই দিয়ে গেছেন। আর সেটা পড়ে এবং অক্ষরে অক্ষরে অনুসরন করে মানুষ গবেষনা করে এসব আবিষ্কার করেছে। অর্থাৎ পৃথিবীর সব বিজ্ঞানীরাই আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার বাণীগুলো পড়েই এইসব আবিষ্কার গুলোর ইঙ্গিত পেয়েছে এবং সেগুলো অক্ষরে অক্ষরে অনুসরণ করে বিজ্ঞানের আবিষ্কারগুলো করেছে। অর্থাৎ একথা নির্দ্বিধায় প্রমাণিত হয় যে আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার বাণীগুলো আধুনিক বিজ্ঞানে সাথে একদম মিলে যায়। যেহেতু বিজ্ঞানীরা আবিষ্কার করার দুই হাজার বছর আগেই পাগলা বাবা এগুলো বলে গেছেন তাই এটা নিঃসন্দেহেই প্রমাণীত হয় যে আধুনিক বিজ্ঞানের সমস্ত আবিষ্কারই আমাদের গ্রেট দেবতা পাগলা বাবার বাণীগুলো নকল করেই করা হয়েছে।

  আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার মাত্র একটি বাণীকাব্য (সুরা) থেকে বিজ্ঞানের এতো এতো আবিষ্কারের কথা জানতে পারছি। তাহলে আপনারাই চিন্তা করুন যে আমাদের দ্যা গ্রেট দেবতা পাগলা বাবার সম্পুর্ণ বাণীগুলো পড়লে কি পরিমাণ বিজ্ঞানের অনুসন্ধান পাওয়া সম্ভব!

- আর তাই একথা নির্দিধায় বলা যায় যে আমাদের গ্রেট দেবতা পাগলা বাবা একজন অতিক্ষমতাবান দেবতা। এবং তার প্রবর্তিত ধর্ম জংলী ধর্মই একমাত্র সত্য ধর্ম। যারা এই ধর্ম অনুসরণ করবে তাদের জন্য রয়েছে একশো সত্তরটি স্বর্গের অসীম সুখ। আর যদি তারা এই ধর্মকে প্রত্যাখ্যান করে তবে তাদের জন্য রয়েছে একশো বাহাত্তরটি নরকের অসীম যন্ত্রনা। অতএব সবারই উচিত দলে দলে জংলী ধর্মে প্রত্যাবর্তন করা। পৃথিবীর সব শিশুই জংলী ধর্মের অনুসারী হয়ে জন্মে। পরবর্তীতে তার বাবা মা তাকে ভিন্ন ধর্মে কনভার্ট করে ফেলে। এজন্যই সবার উচিত জংলী ধর্মে সামিল হয়ে অশেষ পুন্য অর্জন করা।

  যারা জংলী ধর্মের সমালোচনা করবে তাদের জন্য রয়েছে একশো বাহাত্তরটা নরকের শাস্তি। এবং আমাদের ধর্মানুভূতিতে আঘাত দেবার জন্য রয়েছে ইহজগতে ধর্ম অবমাননার শাস্তি।


  আমাদের ধর্ম জংলী ধর্মের ধর্মগ্রন্থ থেকেই আধুনিক বিজ্ঞান জন্ম নিয়েছে; যা প্রমাণ করে আমাদের ধর্মটিই একমাত্র সত্য ধর্ম।

  (মহান গ্রেট দেবতা পাগলা বাবার প্রতি দরুদ পাঠ করুন!)

কিন্তু জংলী ধর্মের অনুসারীর লেখা বইটি পড়ে বিজ্ঞানীরা প্রতিবাদ করে বলতে লাগলো এটাতো ভুল কথা বলেছে। এই বাণীগুলোতে বিজ্ঞানের কিছুই বলা নেই। বরং নানা রকমের ভূল কথা বলা হয়েছে। প্রাচীণকালের সাধারণ মানুষের বলা কিছু কথার অর্থকে বদলে দিয়ে এবং নানা রকমের ভিন্ন ব্যাখ্যা এনে এর সাথে বিজ্ঞানের মিল দেখানো হয়েছে। নানা রকমের তুচ্ছ কথাকে ফুলিয়ে ফাঁপিয়ে বিজ্ঞানময় বানানোর চেষ্টা করা হয়েছে। এই বাণীগুলোর সাথে বিজ্ঞানের কোনই মিল নেই। এগুলো প্রাচীণকালের মানুষের লেখা কিছু অস্পষ্ট বুলি মাত্র। এর সাথে বিজ্ঞানের কোনই মিল নেই। এই লেখক যেভাবে দাবী করেছে যে এই বাণীগুলোর সাথে বিজ্ঞানের আবিষ্কারের মিল রয়েছে সেটা পুরোটাই বানানো কথা। বরং নানা রকমের গোজামিল দিয়ে পৃথিবীর সব ধর্মের অনুসারীদের মতই তাদের ধর্মগ্রন্থকে বিজ্ঞানময় দাবী করা হয়েছে। ধর্মগ্রন্থের সাথে বিজ্ঞানের মিলের যে দাবী করা হয় তা সম্পূর্ণই মিথ্যা।

এই বক্তব্য শুনার পর জংলী ধর্মের অনুসারীরা রে রে করে উঠলো। তারা ধর্মানুভূতিতে আঘাত হানার অপরাধে বিজ্ঞানীদের উপর আক্রমণ করে বসলো।





কুরআন এত বিজ্ঞানে ভরপুর থাকতে_ মাদ্রাসার ছাত্রদেরকে বিজ্ঞানী হতে শুনিনা কেন ?! 🤔

রোজা ও অটোফেজির মধ্যে পার্থক্য, মুমিনদের মিথ্যাচার ও অপপ্রচার। ইসলামের রোজা নিয়ে ইসলামিস্টদের প্রচার করা বিভিন্ন প্রোপাগাণ্ডার জবাব

ফেসবুকে প্রতি বছর 'অটোফ্যাগি মানেই রোযা', এ বিষয় নিয়ে যে অপবিজ্ঞান ও ভ্রান্তবিজ্ঞান (সিউডোসায়েন্স) সবাই ছড়িয়ে থাকে, সে ভ্রান্ত ধারণা দূরীকরণে আমার এই ক্ষুদ্র প্রয়াস। রোজার মাস আসলেই মুসলিমরা গর্ব করে রোজার নানা ফজিলত ব্যক্ত করে। তারা ফাস্টিং এবং অটোফেজির যে বিষয় গুলো নিয়ে আসে, সেটার সাথে আসলে রোজার কোন সম্পর্ক নেই। রোজা আর ইন্টারমিটেন্ট ফাস্টিংকে তারা এক করে ফেলে।

চারিদিকে রোজার উপকারিতা নিয়ে মহা ধুমধামে প্রচারণা চললেও এই কথাটা বুঝিয়ে বলার কেউ নেই যে রোজা আর ফাস্টিং আসলে এক নয়। এবং ইদানীং এর সাথে যোগ হয়েছে অটোফেজি, যার কারণে মুমিনরা আরও বেশি রোজা নিয়ে গর্ব করছে।
ফাস্টিং আসলে ইসলামে প্রথম নয়। পৃথিবীর বিভিন্ন সভ্যতায় ফাস্টিং প্রচলিত আছে। মুসলিমরা রোজা রাখলে তাকে বলা হয় 'সিয়াম'। খ্রিস্টানরা রোজা রাখলে তাকে বলা হয় 'ফাস্টিং'। হিন্দু বা বৌদ্ধরা রোজা রাখলে তাকে বলা হয় 'উপবাস'। মেডিক্যাল সাইন্সে রোজা রাখকে বলা হয় 'অটোফেজি'।



'অটোফেজি' তে গবেষণা করে বিজ্ঞানী ইয়োশিনোরি ওহশোমি নোবেল পুরষ্কার পেয়েছিল। এ টি ওজন কমানো এবং শরীরের টক্সিক উপাদান গুলো বের করে দিতে সাহায্য করে। কিন্তু মুসলিমদের রোজা এই বিষয়ে কয়েকটি দিক থেকে ভিন্ন। এই লেখায় প্রতিটি বিষয় কি এবং এর পার্থক্যগুলো নিয়ে আলোচনা করা হবে।

- ইন্টারমিটেন্ট ফাস্টিং বা অটোফেজি কি?

"অটোফেজি" আক্ষরিক অর্থ হল নিজেকে খাওয়া। আমরা যখন না খেয়ে থাকি তখন আমাদের শরীরের কোষ গুলো বেকার হয়ে যায়। কিন্তু তারা নিষ্ক্রিয় বসে না থেকে শরীরের আবর্জনা গুলো পরিষ্কার করতে থাকে। আমরা যখন দীর্ঘ সময় খাওয়া থেকে বিরত থাকি, তখন আমাদের শরীরের কোষ গুলো বাইরে থেকে খাওয়া না পেয়ে নিজেই নিজেকে খাওয়া শুরু করে। এ সময়ে আমাদের শরীরের যেমন অতিরিক্ত মেদ কমাতে সাহায্য করে, তেমনি আমাদের শরীরের টক্সিক জিনিষ গুলো Detox and Flush Out হয়ে যায়। আমাদের শরীরে কোষ গুলো অনেক কাজ করে ফলে তারা কোষের ময়লা আবর্জনা গুলো ভালো ভাবে বের করে দিতে পারে না। আমরা যদি খাওয়া বন্ধ করে দেই তাহলে শরীরের কোষ গুলো এই আবর্জনা বের করে দিতে সময় পায় এবং এই Flush করার জন্য প্রচুর পানির প্রয়োজন হয়।

ইন্টারমিটেন্ট ফাস্টিং হল খাওয়া এবং খাবার গ্রহণ থেকে বিরত থাকার একটি সাইকেল। যেখানে আপনি দিনের মধ্যে একটা সময়ে খাদ্য খাবেন এবং কিছু সময় খাদ্য না খেয়ে শুধু পানি বা Liquid খেয়ে থাকবেন।

- ফাস্টিং কিভাবে করতে হয়?

অটোফেজির খাওয়া এবং ফাস্টিং করার সাইকেল বিভিন্ন ভাবে প্রাকটিস করা যায়। যেমন আপনি 6 Popular Ways to Do Intermittent Fasting এই আর্টিকেল টি তে পড়ে দেখতে পারেন। ফাস্টিং এর সময় আপনি কোন ধরণের সলিড খাবার খেতে পারবেন না। তবে আপনি কি খাবেন সেটার উপর কোন বাধ্যবাধকতা নেই। আপনি কখন খাবেন সে বিষয় টা হল জরুরী । আপনি দিনে ঘড়ি ধরে চাহিদা অনুযায়ী ১৩ থেকে ২৪ ঘণ্টা খাওয়া দাওয়া ছাড়া থাকবেন। এবং এটা করবেন সপ্তাহে দুইবার। তবে অবশ্যই আপনাকে ফাস্টিং অবস্থায় প্রচুর পরিমাণ পানি খেতে হবে।

- ফাস্টিং এ কি কি খাওয়া যাবে?

অনেকেই প্রশ্ন করে যে ফাস্টিং করলে কি কি খাওয়া যাবে বা যাবেনা। এখানে Intermittent Fasting 101 — The Ultimate Beginner's Guide আর্টিকেল অনুযায়ী, ফাস্টিং অবস্থায় আপনি আপনার খুশি মতো যে কোন ধরনের লো ক্যালোরি লিকুইড খেতে পারবেন। যেমন গ্রিন টি, কফি, জুস ইত্যাদি ইত্যাদি। এবং ডাক্তাররা বেশি বেশি পানি এবং জুস খাওয়ার পরামর্শ দিয়ে থাকেন।

- রোজা কি ফাস্টিং? রোজার সাথে অটোফেজির পার্থক্য কি?

মুসলিমরা মনে করে যে রোজা আর ফাস্টিং একই জিনিস। কিন্তু এটা তাদের ভুল ধারণা। রোজা আর ফাস্টিং এর মধ্যে বেশ কিছু পার্থক্য রয়েছে। যেমন রোজা রাখা হয় সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত। কিন্তু ফাস্টিং করা হয় ঘড়ি ধরে ১৩-২৪ ঘণ্টা। রোজার মধ্যে পানি খাওয়া যায় না কিন্তু ফাস্টিং এ ডাক্তাররা প্রচুর পরিমাণ পানি খাওয়ার পরামর্শ দেন। রোজা টানা এক মাস রাখতে হয় কিন্তু ফাস্টিং সপ্তাহে ২-১ বারের বেশি নয়।

রোজা আসলে অন্যান্য ধর্মের উপবাসের মত ইসলাম ধর্মের একটি রীতি।
রোজা:
১। এখানে মেডিকেল কোন ভালো দিক চিন্তা করে করা হয় না।
২। কোন খাবারই গ্রহণ করা যায়না।
৩। প্রচন্ড গরম যেসব যায়গায়, সেখানকার শ্রমিক লোকদেরও কায়িক পরিশ্রম চালিয়ে যেতে হয়। বডি থেকে প্রচুর পানি ফহামে বের হয়ে ডিহাইড্রেটেড হয়ে ইন্টারনাল অরগানের বড় ধরনের ক্ষতি হয়ে গেলেও কিছু করার নেই। আল্লাহর নামে চলিলাম, মরি বাঁচি! নানা ধরণের শারীরিক পার্শ্বপ্রতিক্রিয়া থাকলেও সহ্য করতে হয়
৪। রোজা সূর্য ওঠার আগ থেকে সূর্যাস্ত পর্যন্ত। কোথাও ৬ ঘন্টা কোথাও ২৩-২৪ ঘন্টা! অবস্থান হিসেবে আলাদা, ব্যক্তি বিশেষে সক্ষমতা অনুসারে নয়।
৫। সারাদিন না খেয়ে সারা রাত যত খুশি যত খুশি খাওয়া যায়।
৬। টানা এক মাস করতে হয়।
৭। অতি প্রাচীন কাল থেকেই নানা ধর্মে বা অঞ্চলে নানাভাবে প্রচলিত এবং কোন বৈজ্ঞানিক ভিত্তি নেই।

- মেডিকেল ফাস্টিং (অটোফেজি):

১। বিশেষজ্ঞের পরামর্শে শুরু ও শেষ হয়।
২। প্রধানত নানা রকম টেস্ট করতে, ওজন কমাতে, চিকিৎসার প্রয়োজনে করতে হয়। সুস্থ থাকতেও করা যেতে পারে। সাধারণত সপ্তাহে এক দিন যা সারা বছর করা যেতে পারে।
৩। পানি, নানা তরল খাবার বা ওষুধ এমনকি সামান্য খাবার গ্রহণ করা যায়।
৪। নির্দিষ্ট ব্যায়াম/কাজকর্ম করতে হয় বা এড়িয়ে চলতে হয়।
৫। ব্যাক্তি ও চাহিদা অনুযায়ী সময় নির্ধারিত হয়। সাধারণত সপ্তাহে ২-১ দিন, ১৩ ঘন্টা থেকে ২৪ ঘন্টা হতে পারে।
৬। নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট খাবার খেতে হয়।
৭। নির্ধারিত সময়ে করতে হয়।
৮। কোন সমস্যা দেখামাত্র প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়।
৯। এটা বিজ্ঞানসম্মত ।
তাই, রোজা কিছুতেই মেডিকেল ফাস্টিং বা অটোফেজি নয়।

- রোজা থাকলে কি কি ক্ষতি হতে পারে?

আমাদের দেশে আমরা যেভাবে সারা দিন না খেয়ে দিন শেষে ইচ্ছা মতো ভাজা পোড়া খাই, তা আমাদের শরীরের জন্য ক্ষতিকর হতে পারে। এতে শরীরের টক্সিসিটি আরও বেড়ে যাওয়ার সম্ভাবনা আছে।
আমাদের রোজা রাখার পর হালকা খাবার খাওয়া উচিৎ এবং ভাজা পোড়া, তেল যুক্ত খাবার পরিহার করা উচিৎ । আমাদের যতদূর সম্ভব লিকুইড জাতীয় খাবার, ফল মূল, এবং শাস্থ সম্মত খাবার খাওয়া উচিৎ।
মুমিনরা মুলত অটোফেজি বা মেডিকেল ফাস্টিং এর উপকারিতা গুলোই রোজার উপকারিতা বলে চালিয়ে দেন। এটা একটি অপ প্রচার ছাড়া কিছুই নয়।
দীর্ঘক্ষণ পানি পান না করাঃ শরীরের সব অঙ্গ প্রত্যঙ্গ সুস্থভাবে কাজ করার জন্য পর্যাপ্ত পানি পান করা আবশ্যক। কিন্তু রোজা রাখলে আমরা ১৩-১৯ ঘন্টা শরীরে কোন পানি সাপ্লাই দেইনা, উপরন্তু এসময় মূত্রত্যাগ এবং ঘামের কারণে শরীর থেকে প্রয়োজনীয় পানি ও লবণ বেরিয়ে যায়, যা সাথে সাথে পূরণ করার কোন উপায় থাকেনা। এ থেকে শরীরে মারাত্মক ডি-হাইড্রেশন হয়। যাদের

ব্লাড প্রেশার, ডায়বেটিস, রক্ত শুন্যতা, হাইপার টেনশন, ইত্যাদি রোগ আছে অথবা গ্যাস্ত্রিক আলসার রোগ আছে, তাদের জন্য রোজা মারাত্মক ক্ষতিকর হতে পারে।

হ্যা, রোজা বা উপবাসের কিছু কিছু উপকারিতা আছে। তবে সে রোজা ইসলামী বিধানের রোজা নয়। **সেই রোজার মধ্যে অল্প খাওয়া বাধ্যতামূলক।**

রোজা ও অটোফেজির মূল পার্থক্য হলো রোজার সময় কিছুই খাওয়া যায় না। অন্যদিকে অটোফেজির সময় অল্প কিছু খাবার এবং জল বা জুস খাওয়া বাধ্যতামূলক। আসলে ধর্মের কারণে মানুষগুলি এভাবে মিথ্যা বলে অপপ্রচার চালায় আর কিছু মডারেট মুসলিমরা এটা নিয়েই লাফালাফি শুরু করে দেয়, সত্যতা যাচাই না করেই।

.

- রোজার ওপর গবেষণা করে ওশুমি নোবেল পেয়েছেন?

#নোবেল পুরস্কার আসলে কোন বিষয়ে পেয়েছেন ইওশিনোরি?

২০১৬ সালে নোবেল পুরস্কার দেয়া হয়েছে ইওশিনোরিকে অটোফ্যাগির মেকানিজম আবিষ্কারের জন্য। নোবেল কমিটির ওয়েবসাইটের তথ্যানুযায়ী তিনি অটোফ্যাগির মেকানিজম আবিষ্কার করেছেন। কোথায়? বলা বাহুল্য, তিনি ইস্ট কোষে সেই মেকানিজম আবিষ্কার করেছেন। ইস্ট হল সেই ছত্রাক, যা আমরা পাউরুটি তৈরীতে ব্যবহার করি। তিনি প্রথম দেখেছিলেন ল্যাবরেটরীতে মিডিয়াতে (অর্থাৎ, পেট্রিডিশে যে গ্রোথের জন্য মিডিয়া ব্যবহৃত হয়) সেখানে নিউট্রিয়েন্ট কনটেন্ট কিছুটা কমিয়ে দিলে ইস্টে কিছু অতিরিক্ত কোষ গহবরের মত তৈরী হয়। তিনি বলেছিলেন এই গহবরগুলো সাধারণ কোষ গহবর নয়, এগুলো অটোফ্যাগোসোম, অর্থাৎ ইস্ট কোষ নিজের অপ্রয়োজনীয় অঙ্গানুগুলো ভেঙ্গে ওই গহবরে নিয়ে রিসাইকেল করে এমিনো এসিডে ভেঙ্গে আবার কোষে নিচ্ছে নতুন কাজে ব্যবহার করতে।

তিনি এই প্রক্রিয়ার উপরে গবেষণা করে, ইস্টের কোন জিন দায়ী এবং কোন সিগন্যালে কোন জিন কিরকম প্রোটিন তৈরী করে এই কাজটি করে সেগুলো আবিষ্কার করে নোবেল পুরস্কার পেয়েছেন।

ইস্ট কোষ রোযা করেনা। কাজেই রোযার উপর গবেষণা করে ২০১৬ তে ওশুমি নোবেল পেয়েছেন, ব্যাপারটি চরমতম মিথ্যা।

☞ নোবেল কমিটির সারসংক্ষেপ অনুযায়ী ওশুমির চারটি পেপারে চারটি কাজের উপর মূলত নোবেল দেয়া হয়েছে। এই চারটি পেপার হলঃ

1. Takeshige, K., Baba, M., Tsuboi, S., Noda, T. and Ohsumi, Y. (1992). Autophagy in yeast demonstrated with proteinase-deficient mutants and conditions for its induction. Journal of Cell Biology 119, 301-311
2. Tsukada, M. and Ohsumi, Y. (1993). Isolation and characterization of autophagy-defective mutants of Saccharomyces cervisiae. FEBS Letters 333, 169-174
3. Mizushima, N., Noda, T., Yoshimori, T., Tanaka, Y., Ishii, T., George, M.D., Klionsky, D.J., Ohsumi, M. and Ohsumi, Y. (1998). A protein conjugation system essential for autophagy. Nature 395, 395-398
4. Ichimura, Y., Kirisako T., Takao, T., Satomi, Y., Shimonishi, Y., Ishihara, N., Mizushima, N., Tanida, I., Kominami, E., Ohsumi, M., Noda, T. and Ohsumi, Y. (2000). A ubiquitin-like system mediates protein lipidation. Nature, 408, 488-492

এই চারটি কাজই ইস্ট কোষের উপরে করা, এবং সর্বশেষ পাবলিকেশন ২০০০ সালে করা। খেয়াল করুন প্রথম পাবলিকেশন ১৯৯২তে, শেষটি ২০০০ এ। সাধারণত একজন বিজ্ঞানীর অনেকবছর ধরে করা অনেক আগের কাজকে নোবেল দিয়ে সম্মানিত করা হয়। এমন না যে যেই বছরে করেছেন সেই বছরে নোবেল দিয়ে দিল। এত সহজ না ব্যাপারটা।

- **# তাহলে আমরা কেন জানি যে রোযার ওপর গবেষণা করে ওশুমি নোবেল পেয়েছেন?**

☞ এই গুজবের শুরু হয়েছে ২০১৭ সালে, প্রখ্যাত ফেসবুক সেলিব্রিটি আরিফ আজাদ আর হোসাইন একটি ভ্রান্ত স্ট্যাটাস দেন ফেসবুকে যে রোযাকে মডার্ন সায়েন্স বলে অটোফ্যাগি। সেই থেকেই চলছে। আরিফ আর হোসাইনও কতগুলো অসমর্থিত ওয়েবসাইট থেকে বানিয়ে লেখাটা লিখেছেন কিছু লাইক পাবার আশায়। কোনো রিসার্চ আর্টিকেলের উপর ভিত্তি করে লিখেননি। আর বাংলাদেশের কিছু আলতু ফালতু অনলাইন পোর্টালও এটি কপি করে দিয়েছে হিট পাবার আশায়। অথচ রোযার সাথে অটোফ্যাগির এখন পর্যন্ত কোনো সম্পর্ক নেই।

অটোফ্যাগি শরীরে হয় চারটি কারণেঃ

১। নিউট্রিয়েন্ট ডেপ্রাইভেশন (অর্থাৎ পুষ্টি উপাদান কম হলে)

২। হাইপোক্সিয়া (অর্থাৎ শরীরে অক্সিজেন কম হলে)

৩। ইনফেকশন (শরীরে ভাইরাস অথবা ব্যাকটেরিয়ার সংক্রমণ হলে
৪। শরীরে গ্রোথ ফ্যাক্টর কম হলে (অর্থাৎ ধরেন বিভিন্ন ধরনের গ্রোথ প্রোটিন/হরমোন কম হলে)
বলতে গেলে শরীরে স্ট্রেস থাকলে। এখন এর জন্য সব জার্নাল আর্টিকেলেই বলা আছে, ক্যালরিক রেস্ট্রিকশন/নিউট্রিয়েন্ট রেস্ট্রিকশনের কথা। আপনি কম খাবেন অথবা খাওয়া বন্ধ রাখবেন, আর্টিফিসিয়ালি বডিতে স্ট্রেস দিবেন, অটোফ্যাগি হবে। কিন্তু এর সিস্টেম আছে। পানি ছাড়া সেটা হবে কি হবেনা তা নিশ্চিত নয়। স্বীকৃত সব মাউস মডেলে পানি খেতে দেয়।
আর অটোফ্যাগির ফলে কী সুবিধা-অসুবিধা হল না হল তা হোস্ট বডির উপর নির্ভর করে। এখন ধরেন আপনি সুস্থ আমি অসুস্থ। আপনার উপর অটোফ্যাগির প্রভাব আর আমার উপর অটোফ্যাগির প্রভাব এক নাও হতে পারে। আর সব রোগেই অটোফ্যাগি যে ভালো প্রভাব ফেলে তাও না।

- **রোযায় ওজন কমে, তাই অনেক রোগ ভালো হয়ে যায় ?**

অনেকে রোযায় ভারীখাবার, তেলের খাবার, বা রাতে পর্যাপ্ত খাবার না খাওয়ায় ওজন কিছুটা কমলেও রোযা শেষে আবার সব আগের মত হয়ে যায়। রোযার মাস শেষে মানুষের ঘুমের প্যাটার্ন পরিবর্তিত হয়ে যায়, যার ফলে শরীরে সিরাম লেপটিন, ইনসুলিন, কর্টিসল ইত্যাদির মাত্রা পরিবর্তিত হয়, তাই খাদ্যাভাস আবার পরিবর্তিত হয়ে যায়। রোযার মাসের শেষের দিকে ওজন কিছু কমলেও ২-৫ সপ্তাহের মধ্যে শরীর যে কি সেই আবার আগের মত হয়ে যায়।

লেখাটিকে এককথায় সংক্ষেপে নিচে দেওয়া হলো-

☞ অটোফ্যাগি হল এমন একটি প্রক্রিয়া, যা শুধুমাত্র শরীরে তখনই হয় যখন আপনি মেটাবলিক স্ট্রেসে আছেন, অথবা নিউট্রিয়েন্ট ডেপ্রাইভড স্টেটে আছেন, অর্থাৎ শরীরে পুষ্টি উপাদান কম এমন অবস্থায়। এই প্রক্রিয়ায়, যেসব কোষীয় অঙ্গানু পুরনো হয়ে গেছে এবং প্রয়োজন নেই তা কোষ ভেঙ্গে ফেলে অটোফ্যাগোসোম তৈরীর মাধ্যমে। অর্থাৎ ছোট ছোট কম্পার্টমেন্টে ওই অঙ্গানুগুলোকে আবদ্ধ করে এরপর ভেঙ্গে ফেলে এমিনো এসিডে। এটি একধরনের কোষীয় বর্জ্য পদার্থ বের করে দেয়া, ও প্রয়োজনীয় পদার্থগুলো রিসাইকেল করবার প্রক্রিয়া।

☞ না খেলে অবশ্যই শরীরে মেটাবলিক স্ট্রেস তৈরী হয়, নিউট্রিয়েন্ট ডেপ্রাইভেশন হয়। তখন শরীরে ইনসুলিন কমে যায়, গ্লুকাগন বেড়ে যায়। এই গ্লুকাগন হরমোন সিগন্যাল দেয় শরীরে অন্যান্য গ্রোথ হরমোন বাড়াতে। নতুন করে বিভিন্ন প্রোটিন তৈরী হয়। এছাড়া অনেকগুলো জিন সুইচ অন হয়, যার মধ্যে mTor, TOR ইত্যাদি উল্লেখযোগ্য।
এমনকি শরীরে বেশী প্রোটিন থাকলেও অটোফ্যাগি প্রসেস বন্ধ হয়ে যায়। তাহলে যেকোনো ক্যান্সার রোগী না খেয়ে থাকলে আসলে লাভ হবে কিনা তা প্রশ্নের ঊর্ধ্বে কারণ তার শরীরে এমনিতেই বেশী প্রোটিন।

☞ ক্যালোরিক রেস্ট্রিকশন হল অটোফ্যাগির ফিজিওলজিক্যাল ইন্ডিউসার। রাপা হল ফার্মাকোলজিক্যাল ইনডিউসার (ঔষধ)। এছাড়া p53 জিন যদি বন্ধ করে দেয়া যায়, তাহলেও অটোফ্যাগি হয়। ** ইন্ডিউসার মানে হল যা কোনো জিনিসকে শুরু হতে উস্কে দেয়। এছাড়া atg, Sirt-1 ইত্যাদি বহু জিন আছে যা অটোফ্যাগি স্পেসিফিক। (এখন পর্যন্ত অটোফ্যাগির সাথে জড়িত ৩২টি জিন আবিষ্কৃত হয়েছে এবং তিন ধরনের অটোফ্যাগি প্রক্রিয়াঃ মাইক্রো, ম্যাক্রো এবং চ্যাপেরন মেডিয়েটেড আবিষ্কৃত হয়েছে) অটোফ্যাগি, অর্থাৎ ক্যালোরিক রেস্ট্রিকশন বুড়িয়ে যাবার প্রক্রিয়াকে থামিয়ে দেয়, এটি বিভিন্ন আর্টিকেলে লেখা আছে।
কিন্তু এ বিষয়ে উল্লেখ্য, ক্যালোরিক রেস্ট্রিকশন এবং ফাস্টিং/অর্থাৎ রোযা রাখা এগুলো কিন্তু এক জিনিস নয়, তা শিক্ষিত মানুষ মাত্রই জানে।

☞ শরীরে এমিনো এসিডের তিন ধরনের বিপাক প্রক্রিয়া আছে। কিছু এমিনো এসিড লিভারে চলে যায় ও গ্লুকোনিওজেনেসিস প্রক্রিয়ায় শক্তি উৎপাদন করে। কিছু এমিনো এসিড ট্রাই কার্বক্সিলিক এসিড সাইকেল (TCA cycle) এ ঢুকে ও গ্লুকোজ উৎপাদনে ব্যবহৃত হয়। আর কিছু এমিনো এসিড নতুন প্রোটিন তৈরীতে ব্যবহৃত হয় অর্থাৎ রিসাইকেল হয়। এখন যদি শরীরে এর বেশী এমিনো এসিড থাকে, তাহলে শরীর তা বর্জ্য আকারেই বের করে দিবে।

এ বিষয়ে আরও উল্লেখ্য, ২০১৬ সালে ইয়োশিনোরি উশুমি যে অটোফ্যাগি বিষয়ক গবেষণার জন্য নোবেল পেয়েছেন, তার বিষয়বস্তু হল অটোফ্যাগি-সেলুলার রিসাইকেলিং প্রসেস অর্থাৎ মেকানিজমটির বিষয়ে গবেষণা করে। তিনি অটোফ্যাগি ও রোযা অথবা অটোফ্যাগি ও পানি না খাওয়া ইত্যাদি বিষয়ের উপরে গবেষণা করে নোবেল পাননি, এ বিষয় মাথায় রাখা জরুরি। আর এ গবেষণার মূল ভিত্তি হল স্ট্রেস হলেই অটোফ্যাগি হয়, এই স্ট্রেস শরীরে হয় হয় নিউট্রিয়েন্ট (পুষ্টি উপাদান) কম হলে, ইনফেকশন হলে, হাইপোক্সিয়া হলে (অর্থাৎ শরীরে অক্সিজেন কম হলে) এবং শরীরে গ্রোথ ফ্যাক্টর কম থাকলে। আমি সূত্র হিসেবে ন্যাচার জার্নালের রিভিউ দিয়ে দিচ্ছি।

☞ আরেকটি অপবিজ্ঞান যা ছড়ানো হচ্ছে ফেসবুকে, তা হল ক্যান্সারকে নাকি অটোফ্যাগি প্রতিহত করে!

↥

ক্যান্সার অথবা আলঝেইমার রোগের মূল ভিত্তি হল অধিক গ্রোথ। আলঝেইমারে প্রোটিন একিউমুলেশন হয়। অর্থাৎ অনেক প্রোটিন জমা হয়। এখন গবেষণার মূল বিষয়বস্তু হল টার্গেটেড অটোফ্যাগি কীভাবে করা যায়, অর্থাৎ শরীরের একটা জায়গায় ক্যান্সার অথবা আলঝেইমার হচ্ছে ব্রেইনে, তাহলে ওই জায়গার কোষগুলোকে কীভাবে সিগন্যাল দিয়ে সেখানে অটোফ্যাগির মাধ্যমে সেই প্রোটিনগুলোকে ধ্বংস করা যায়। সেক্ষেত্রে তৈরী হওয়া অতিরিক্ত এমিনো এসিড রিসাইকেল হবে, না শরীর বের করে দিবে তা শরীর সিদ্ধান্ত নিবে। কেউ যদি রোযা/উপবাস করে ভাবেন যে আমি ক্যান্সার থামিয়ে ফেললাম, তাহলে খুবই ভুল কথা, কারণ এসব রোগের চিকিৎসার জন্য সারা শরীরে অটোফ্যাগি না বরং টার্গেটেড অটোফ্যাগি প্রয়োজন।

এ বিষয়ে আরও উল্লেখ্য, ন্যাচারের রিভিউটিতে দেখা যাচ্ছে, অনেক প্রি-ম্যালিগন্যান্ট কোষ (অর্থাৎ যারা পুরো ম্যালিগন্যান্ট হয়ে যাবে যাবে ভাব) এমন কোষগুলো অনেকসময় অটোফ্যাগি ব্যবহার করে জিনোটক্সিক যে স্ট্রেস থাকে ক্যান্সারে, তাকে বাইপাস করে একেবারে ক্যান্সার ছড়াতে সাহায্য করে। অর্থাৎ অটোফ্যাগির নেগেটিভ ব্যবহারও শরীরে আছে। বিজ্ঞানের ভাষায় বলে অটোফ্যাগির যেমন এন্টি-টিউমোরাল ভূমিকাও আছে, প্রোটিউমোরাল ভূমিকাও আছে। অর্থাৎ কখনো কখনো ক্যান্সার প্রতিরোধ করে, কখনো ক্যান্সার বাড়িয়ে দেয়। অনেক সময় ক্যান্সার কোষগুলো অটোফ্যাগির মাধ্যমে নতুন জীবন লাভ করে ও শরীরের আরও ক্ষতি করে। আলঝেইমার, পার্কিনসন, হান্টিংটন, বিভিন্ন ধরনের ক্যান্সারে অটোফ্যাগি দিয়ে আসলেই চিকিৎসা (টার্গেটেড থেরাপি) সম্ভব কিনা বা এর ভূমিকা কী এ বিষয়ে এখনও গবেষণা চলছে।

☞ অনেকসময় ব্যাকটেরিয়াল ইনফেকশন অথবা অটোইমিউন রোগগুলোর জন্য অটোফ্যাগির ভালো ভূমিকার কথা ফেসবুকে অনেকে ছড়িয়ে থাকে। এর ভেতরে অনেক ভুল আছে।
সত্য হলো, শরীরে ইনফেকশন হলে অটোফ্যাগি প্রক্রিয়ায় শরীর অনেক সময় তা তাড়িয়ে থাকে। কিন্তু আমরা জানি ব্যাক্টেরিয়া ও ভাইরাস ক্রমাগত মিউটেশনের মাধ্যমে নিজেদের জিনোমে পরিবর্তন আনে। এভাবে অনেক সময় ব্যাকটেরিয়া এই অটোফ্যাগি প্রক্রিয়া নকল অথবা বাইপাসের মেকানিজম অর্জন করে ফেলে। তখন কিন্তু অটোফ্যাগি কোনো সুস্থতার গ্যারান্টি দিতে পারেনা, বরং তখন ট্রেডিশনাল ট্রিটমেন্টেই যেতে হবে।

☞ **ক্রমাগত না খেয়ে থাকা আসলেই কি সবসময় অটোফ্যাগি চালাতে থাকে? না, বরং এতে শরীরেরই ক্ষতি হয় বেশী।** ফাস্টিং-ফিডিং সাইকেলের একটি ভারসাম্য থাকতে হবে। অটোফ্যাগি পরিমাপক বিষয়ক যে পেপাগুলোর উল্লেখ আছে, সেখানে কিন্তু পানি খাওয়ার কথা বলা আছে। নিউট্রিয়েন্ট রেস্ট্রিকশন এবং ওয়াটার রেস্ট্রিকশন কিন্তু এক কথা নয়। অর্থাৎ পানি খেতে হবে।

☞ ভালো অটোফ্যাগি আছে, মন্দ অটোফ্যাগিও আছে। এটি নির্ভর করে হোস্টের শারীরিক অবস্থা কেমন তার উপর।


- শেষ কথাঃ শরীরের বর্জ্য পদার্থ পানির সাথেই কিডনী ছেঁকে বের করে দেয়। পানি সারাদিন না খেয়ে থাকাটা অটোফ্যাগি প্রসেস না। অটোফ্যাগির মাধ্যমে শরীরের যেটুকু এমিনো এসিড লাগবে তা শরীর রেখে দিবে, যা লাগবেনা তা বের করে দিবে। আর ক্যান্সার ও অন্যান্য অসুখের মূল বিষয়টিই হল অধিক গ্রোথ। জাংক প্রোটিন তো বের করে দিতেই হবে সেক্ষেত্রে। ড্রাই ফাস্টিং অর্থাৎ পানি ছাড়া থাকা ১-৩ দিনের বেশী অত্যন্ত ক্ষতিকারক। **কেউ কেউ ধারণা করে থাকে, শরীরের ভেতরের রোগজীবাণু পানি পায়না দেখে মরে যায়, তাই এ ধরনের ড্রাই ফাস্টিং অত্যন্ত উপকারী। বাস্তবতা হল, শরীর নিজের পানি নিজে প্রস্তুত করতে থাকে এ সময়, বিভিন্ন ফ্যাট বার্নিং বিক্রিয়ার মাধ্যমে, কাজেই রোগজীবাণু পানি না পাবার বিষয়টি সত্য নয়।** সারাদিনে শরীর বিভিন্ন মেটাবলিক রিয়েকশনের মাধ্যমে প্রায় ১ লিটার পর্যন্ত পানি প্রস্তুত করতে পারে। **কিন্তু প্রতিদিন ড্রাই ফাস্টিং এর ফলে ডিহাইড্রেশন হয়ে যায়।** নিউট্রিয়েন্ট ডেপ্রাইভেশন-ক্যালোরিক রেস্ট্রিকশন এর সাথে ওয়াটার রেস্ট্রিকটেড ফাস্টিং(রোযা) কে মিলিয়ে নিজের অজ্ঞতা প্রচার করবেন না দয়া করে। মিথ্যাচার করে বিজ্ঞানকে ধর্মের সাথে মিলালে ওটা সায়েন্স হয়না বরং সিউডোসায়েন্স হয়ে যায় যা শুধু অজ্ঞ মূর্খ এবং অন্ধবিশ্বাসী মানুষদের টুপি পরিয়ে রাখে।

তথ্যসূত্রঃ

1. The Nobel Prize in Physiology or Medicine 2016]]
2. https://www.cambridge.org/.../3791BAE2A6C52218994B3BEF291BF6EE
3. Effect of Ramadan Fasting on Weight and Body Composition in Healthy Non-Athlete Adults: A Systematic Review and Meta-Analysis
4. Caloric restriction and resveratrol promote longevity through the Sirtuin-1-dependent induction of autophagy
5. Mechanism and medical implications of mammalian autophagy
6. Autophagy: cellular and molecular mechanisms
7. Autophagy and human diseases
8. Autophagy and Its Effects: Making Sense of Double-Edged Swords

↥

নবী মুহাম্মদের ডানকাত হয়ে ঘুমানোর অভ্যাস কি বিজ্ঞানসম্মত বা স্বাস্থ্যগত দিক দিয়ে উপকারী নাকি এর উল্টা ?



Sleeping on your right side can have several health disadvantages. Here are some potential health problems associated to this sleep position:

- **Acid Reflux and Heartburn**: Sleeping on the right side may relax the lower esophageal sphincter, which can lead to acid reflux and heartburn. The position of the stomach relative to the esophagus when lying on the right side can allow stomach acid to flow more easily into the esophagus.
- **Pregnancy Concerns**: For pregnant women, especially in the later stages of pregnancy, sleeping on the right side can put pressure on the liver. This can also reduce blood flow to the fetus compared to sleeping on the left side, which is generally recommended for optimal blood circulation.
- **Gastroesophageal reflux disease (GERD)** is a chronic condition where stomach acid flows back into the esophagus, causing discomfort and potential damage to the esophageal lining. Sleeping on the right side can exacerbate GERD symptoms for the reasons:
    a) **Gravity's Role**: When lying on the right side, gravity tends to keep the lower esophageal sphincter (LES) open, making it easier for stomach acid to travel back into the esophagus. The LES is a ring of muscle at the junction of the esophagus and stomach that usually prevents acid reflux.
    b) **Stomach Anatomy**: The position of the stomach relative to the esophagus when lying on the right side can facilitate acid flow into the esophagus. In this position, the stomach is higher than the esophagus, making it easier for acid to escape.

    This can occur following severe problems-

1. **Increased Acid Exposure**
    Prolonged Exposure: Right-side sleeping may lead to prolonged acid exposure in the esophagus, increasing the likelihood of experiencing heartburn and other GERD symptoms during the night.
    Symptom Severity: The increased exposure can result in more severe and frequent symptoms, such as burning sensations in the chest, regurgitation of food or sour liquid, and difficulty swallowing.

↥

2. **Impaired Esophageal Clearance**

   Slower Acid Clearance: Lying on the right side can slow down the esophagus's ability to clear acid. The natural peristaltic movements that help push acid back into the stomach may be less effective in this position, prolonging the presence of acid in the esophagus.

3. **Nighttime Symptoms**

   Disrupted Sleep: GERD symptoms can disrupt sleep, leading to poor sleep quality and fatigue. Nighttime acid reflux can wake individuals up, causing discomfort and making it difficult to fall back asleep.

   Risk of Aspiration: In severe cases, stomach acid can be aspirated into the lungs during sleep, leading to coughing, choking, or even respiratory issues like-

   In severe cases of GERD, sleeping on the right side can increase the risk of aspirating stomach acid into the lungs, leading to respiratory issues such as coughing, choking, or even aspiration pneumonia.

যেসব মডারেট মুমিনেরা দাঁড়িয়ে পানি খাওয়ার অপকারিতা সম্পর্কে বিভিন্ন বৈজ্ঞানিক অপকারিতা বয়ান করে, এই উপসংহারে চলে যায় যে- "দেখেছেন ইসলাম এই সম্বন্ধে ১৪০০ বছর আগেই আমাদের বলে গেছে", তারা কি আদৌ কখনো এ বিষয়ে ইসলামে জেনেছেন ? ইসলাম আপনাদের মুখে চুনকালি লাগায় দিছে আপনারা জানেনও না।

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)| হাদিস নং: ৫৬১৫ | Sahih al-Bukhari, Hadith No. 5615

আলী (রা)-এর নিকট পানি আনা হলে তিনি দাঁড়িয়ে তা পান করলেন। এরপর তিনি বললেনঃ লোকজনের মধ্যে কেউ কেউ দাঁড়িয়ে পান করাকে মাকরূহ মনে করে, অথচ আমি নবী সা কে দেখেছি, তোমরা আমাকে যেমনভাবে(দাঁড়িয়ে) পান করতে দেখলে তিনিও তেমনি করেছেন।

এখানে পর পর ৩টি হাদীস সহীহ্ সনদে ইমাম বুখারী (র) স্বীয় কিতাবে উল্লেখ করেছেন। দাঁড়িয়ে পানি পান করার বৈধতার পক্ষে উক্ত ৩টি হাদীস দেখা যাচ্ছে। আমাদের এদেশে কাউকে দাঁড়িয়ে পানি পান করতে দেখলে তার সম্পর্কে ভীষণ খারাপ ধারণা পোষণ করা হয়, যা একেবারেই অমূলক, অযৌক্তিক বটে। রসূল ﷺ এবং আলী(রা) দাঁড়িয়ে পানি পান করেছিলেন বলে সহীহ্ সানাদে এখানে যে ৩টি হাদীসের উল্লেখ রয়েছে তাতে সত্যই প্রমাণিত হয় যে, দাঁড়িয়ে পানি পান করা দূষণীয় নয়। রসূল (ﷺ)-এর 'আমলকে অস্বীকার করা শয়তানের প্ররোচনা ব্যতীত আর কিছুই নয়। যে কোন অবস্থায়ই রসূল (ﷺ) এর চেয়ে বেশী তাক্বওয়া ও পরহেজগারী দেখানো নিঃসন্দেহে ভন্ডামি। অতএব উপরোক্ত আলোচনা হতে শিক্ষণীয় এই যে, রসূল (ﷺ)-এর অনুগমন অনুসরণ করার মধ্যেই পরহেজগারী সীমাবদ্ধ আছে বলে মানতে হবে।

www.hadithbd.com/hadith/link/?id=30197

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ৭৪/ পানীয় (كتاب الأشربة) - 74/ Drinks

পরিচ্ছেদঃ ৭৪/১৬. দাঁড়ানো অবস্থায় পান করা।

৫৬১৫. নাযযাল (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, কূফা মসজিদের ফটকে 'আলী (রাঃ)-এর নিকট পানি আনা হলে তিনি দাঁড়িয়ে তা পান করলেন। এরপর তিনি বললেনঃ লোকজনের মধ্যে কেউ কেউ দাঁড়িয়ে পান করাকে মাকরূহ মনে করে, অথচ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি, তোমরা আমাকে যেমনভাবে পান করতে দেখলে তিনিও তেমনি করেছেন। [৫৬১৬] (আধুনিক প্রকাশনী- ৫২০৪, ইসলামিক ফাউন্ডেশন- ৫১০০)

بَاب الشُّرْبِ قَائِمًا

أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا مِسْعَرٌ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ مَيْسَرَةَ عَنِ النَّزَّالِ قَالَ أُتِيَ عَلِيٌّ عَلَى بَابِ الرَّحَبَةِ فَشَرِبَ قَائِمًا فَقَالَ إِنَّ نَاسًا يَكْرَهُ أَحَدُهُمْ أَنْ يَشْرَبَ وَهُوَ قَائِمٌ وَإِنِّي رَأَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَعَلَ كَمَا رَأَيْتُمُونِي فَعَلْتُ.

প্রকাশ থাকে যে, এখানে পর পর ৩টি হাদীস সহীহ্ সানাদে ইমাম বুখারী (রহ.) স্বীয় কিতাবে উল্লেখ করেছেন। দাঁড়িয়ে পানি পান করার বৈধতার পক্ষে উক্ত ৩টি হাদীস দেখা যাচ্ছে। আমাদের এদেশে কাউকে দাঁড়িয়ে পানি পান করতে দেখলে তার সম্পর্কে ভীষণ খারাপ ধারণা পোষণ করা হয়, যা একেবারেই অমূলক, অযৌক্তিক বটে। রসূল ﷺ এবং 'আলী দাঁড়িয়ে পানি পান করেছিলেন বলে সহীহ্ সানাদে এখানে যে ৩টি হাদীসের উল্লেখ রয়েছে তাতে সত্যই প্রমাণিত হয় যে, দাঁড়িয়ে পানি পান করা দূষণীয় নয়। রসূল (ﷺ)-এর 'আমলকে অস্বীকার করা শয়তানের প্ররোচনা ব্যতীত আর কিছুই নয়। যে কোন অবস্থায়ই রসূল (ﷺ) এর চেয়ে বেশী তাক্বওয়া ও পরহেজগারী দেখানো নিঃসন্দেহে ভন্ডামি। অতএব উপরোক্ত আলোচনা হতে শিক্ষণীয় এই যে, রসূল (ﷺ)-এর অনুগমন অনুসরণ করার মধ্যেই পরহেজগারী সীমাবদ্ধ আছে বলে মানতে হবে।

হাদিসের মানঃ সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণঃ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন) ৭৪/ পানীয় (كتاب الأشربة)

↥

কুরআনের ফেরাউনের কিচ্ছা কাহিনী এবং মুমিনদের মিথ্যাচার

আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করিয়ে নিলাম। **আর ফিরআউন ও তার সৈন্যবাহিনী তাদের পিছু নিল। অবশেষে যখন সে ডুবে যেতে লাগল।.....।** **সুতরাং আজ আমি তোমার দেহটি রক্ষা করব, যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হয়ে থাক।** কুরআন ১০/৯০-৯২

❖ প্রথমেই আমাদের জানা থাকা জরুরি যে, **ফেরাউন কে ?**

ফেরাউন/ফারাও কোন একক ব্যক্তি নয়। এই শব্দটি হল- প্রাচীন মিশরীয় রাজবংশের রাজাদের উপাধি। (নবাব বা মুঘল সম্রাট যেমন উপাধি)।

তাই নিশ্চয়ই বুঝতে পারছেন, কেউ তার অজ্ঞতার কারণে যদি শুধু ফেরাউন বলতে কোনো নির্দিষ্ট কোনো লোককে বুঝিয়ে থাকেন তাহলে সেটা অবশ্যই স্পষ্ট ভূল, যা কুরআনের বক্তা করেছেন।

❖ এখন মিশরের যাদুঘরে রাখা যে মমিটিকে কুরআনের উল্লিখিত ফেরাউন হিসেবে দাবী করা হয়, সেটি কতটুকু সত্য ?

দাবীটি সম্পূর্ণ ভূয়া, এবং কুরআনকে গোঁজামিল দিয়ে সত্য প্রমাণের আরও একটি নির্লজ্জ ব্যর্থ চেষ্টা। কেননা মিশরের যাদুঘরে রাখা এই ফেরাউনের মমিটি মোটেও কুরআনে উল্লিখিত ফেরাউনের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। **প্রমাণ-**

'দ্বিতীয় রামেসিস(যাকে মুমিনরা কুরআনে বর্ণিত ফেরাউন হিসেবে দাবী করা শুরু করে)' মিশরের ফারাওদের মধ্যে সবচেয়ে শ্রেষ্ঠ রাজা ছিলেন এজন্য তাকে বলা হয় রামেসিস দ্যা গ্রেট। তিনি ছিলেন মিশরের উনবিংশতম রাজবংশের তৃতীয় ফারাও/রাজা। এই ফেরাউনের জন্ম খ্রিস্টপূর্ব ১৩০৩; মৃত্যু আগস্ট ১২১৩ খ্রিস্টপূর্ব; শাসনকাল হচ্ছে, ১২৭৯–১২১৩ খ্রিস্টপূর্ব। ৬৬ বছর শাসন করে ৯০ বছর বয়সে উনি মারা গেছিলেন। তার উচ্চতা ছিল পাচফুট সাত ইঞ্চি।

❖ এই দ্বিতীয় রামেসিসের মমি বর্তমানে কোথায় আবিষ্কৃত হয়েছিল ?

এই ফেরাউনের মমি তৈরি করে তা ভ্যালি অব দ্য কিংসের KV7 নামের সমাধিতে সমাধিস্থ করা হয়। ডাকাতির (রত্ন সামগ্রীর লোভে প্রচুর চুরি ডাকাতি হত) জন্য সেখান থেকে উনার মমি রাজ সংগ্রহশালায় TT320 নামের সমাধিতে স্থানান্তর করা হয়। এখান থেকেই পরবর্তীতে ১৮৮১ সালে প্রত্নতত্ত্ববিদরা দ্বিতীয় রামেসিসের মমির-গায়ে-জড়ানো-কাপড়ে-লেখা হায়ারোগ্লিফিক্স লিপি থেকে তার পরিচয় আবিষ্কার করেন। **বর্তমানে এটি কায়রো জাদুঘরে সংরক্ষিত রয়েছে**। যার সাথে কুরআনের ফেরাউনের তথ্যের কোনো মিল নেই।

❖ দ্বিতীয় রামেসিস এর মমি ফ্রান্সে কেন নেওয়া হয়েছিল?

১৯৭৪ সালে ইজিপ্টোলজিস্টরা বুঝতে পারেন যে মমিটি তাড়াতাড়ি নষ্ট হয়ে যাচ্ছে তাই সেটাকে পরীক্ষা এবং সংরক্ষণের জন্য ফ্রান্সে নিয়ে যাওয়া হয়। এবং একদল ডাক্তার দিয়ে বোর্ড গঠন করে তা পরীক্ষা করার জন্য। এরপর পচনকৃত অংশের মেরামত করা হয়।

১৯৭৫ সালে এই মমির ফরেন্সিক পরীক্ষা করেন ফরেন্সিক বিভাগের প্রধান পিয়ারে ফার্নাড সিকাল্ডি। দ্বিতীয় রামেসিসের মৃত্যুর কারন সেই পরীক্ষাতেই উঠে আসে।

❖ মৃত্যুর কারন কি ছিল?

মমিটিকে পরীক্ষার মাধ্যমে জানা গেছে- He(Ramesses II) died because of suffering from terrible dental infections, old age complications related severe arthritis and hardening arteries. অর্থাৎ উনি (দ্বিতীয় রামেসিস) মারা গেছিলেন, 'দাঁতের মারাত্মক সংক্রমণজনিত রোগে এবং বার্ধক্যজনিত শারীরিক ব্যধী- আর্থ্রাইটিস, ধমনী শক্ত হয়ে যাওয়া' র কারণে। যেটা কুরআনের সাথে অমিল।

❖ এখন আসুন ইসলামিস্টদের ভন্ডামীতে। রামেসিসের মমিতে লবন কি সমুদ্রে ডুবে মৃত্যুর জন্য?

মমির শরীরে লবণ থাকার কারণে মরিস বুকাইলি ও কতিপয় মুমিন দাবী করে- এই লবণ যেহেতু পাওয়া গেছে, সেহেতু মমিগুলো অনেকদিন সমুদ্রের তলদেশে ছিল। সেটা একটা ডাঁহা মিথ্যা কথা। কেননা-

মমি করার একটি ধাপে মমিকে শুষ্ক করে ন্যাট্রন লবন দিয়েই শুকানো হত (নোনা মাছ যেমন লবন দিয়ে সংরক্ষণ করা হয়)। পানি বা জলবায়ু আসলে মমির পচনকে তরান্বিত করে, এবং তা শুকাবার জন্যেই এ ধরণের লবণ ব্যবহার করা হতো। এই ফেরাউনের এই মমিটি কখনোই সমুদ্রের তলদেশে ছিল না। ইসলামের সাথে মেলাবার জন্য খুব কৌশলে তথ্য বিকৃত করা হয়েছে।

[**কে ছিল মরিস বুকাইলি?** মরিস বুকাইলি ছিল সৌদি রাজপরিবারের চিকিৎসক। ১৯৭৬ সালে সৌদি রাজ পরিবারের ফরমায়েসে সে একটি বইটি লেখে- বাইবেল কুরআন ও বিজ্ঞান নামে যেখানে সে উল্লিখিত দাবীটি করে। সে নিজেই জানতো এই দাবী পুরোটাই ভাওতাবাজী তাই সে নিজেকে কখনো মুসলিম হিসেবে ঘোষণা দেয়নি।
এই ড. বুকাইলি গিয়েছিলেন মিশরের কায়রো মিউজিয়াম ভ্রমনে। সেখানে দেখেছিলেন ফেরাউন দ্বিতীয় রেমেসিসের মমিও। তখন তিনি লক্ষ্য করলেন, মমিটাতে ফাঙ্গাস (ছত্রাক) ও অন্যান্য কীট আক্রমণ করেছে। তার মাধ্যমে বিষয়টা আলোচনায় আসে। এরপর ফ্রান্স সরকার বুঝিয়ে রাজি করায় মিশর সরকারকে রেমেসিসের মমি ফ্রান্সে ট্রিটমেন্টের জন্য পাঠাতে। এরপর ফ্রান্সে এনে Criminal Identification Laboratory of Paris এর প্রধান ফরেনসিক বিজ্ঞানী প্রফেসর পিয়েরে ফার্নান্ড সেকাল্ডি এর তত্ত্বাবধানে একদল বিজ্ঞানী মমিটির পরীক্ষা-নিরীক্ষা ও ট্রিটমেন্ট এর কাজ করা হয়। কাজ শেষে সেটি আবার মিশরে ফেরত পাঠানো হয়। রেফারেন্স উকিপিডিয়ার এই পেইজে Tomb KV7 অংশে।
এখানে লক্ষনীয় বিষয় যে, রেমেসিসের মমি কোন গবেষণা কিংবা কুরআনের বাণীকে সত্য প্রমাণের জন্য নেয়া হয়নি। নেয়া হয়েছিলো এর ছত্রাক এর আক্রমন রোধ করে মেরামত করার জন্য। আর, ঐ ট্রিটমেন্টে যেসব বিজ্ঞানী অংশ নেন, তাদের মধ্যে ছিলেন না বুকাইলি সাহেব। যাহোক, এর কিছুদিন পর যদি বুকাইলি সাহেব ফেরাউনের সাথে কুরআনের বাণীর মিল বানিয়ে বই লিখে ফেলেন।]

সারাংশঃ মুসলিমরা যে ফেরাউনের লাশকে সাগরের নিচ থেকে আবিষ্কৃত দাবি করে, যে ফেরাউনের লাশকে ফ্রান্সে পাঠানো হয়েছিল, সে ফেরাউনটি হচ্ছে দ্বিতীয় রেমেসিস (Ramesses II). মুসলিমদের দাবি অনুযায়ী, ফিরাউনের লাশ লোহিত সাগরের তলদেশ থেকে আবিষ্কার করা হয়েছে। এটি একটি বড় রকমের মিথ্যাচার। সাগরের তলদেশ থেকে কোনো মমিই উদ্ধার করা হয়নি। আর দ্বিতীয় রেমেসিসের মমি উদ্ধার করা হয়েছে DB320 নামে একটা সমাধিতে। সেখানে দ্বিতীয় রেমেসিস ছাড়াও আরও ৫০ টি মমি উদ্ধার করা হয় একই সাথে। তবে, দ্বিতীয় রেমেসিসকে প্রথমে kv7 নামে একটা সমাধিতে রাখা হয়েছিল। পরে সেখান থেকে তাকে Pinudjem II এর মমির পাশে DB320 এ স্থানান্তর করা হয়।
বাইবেলে তো মুসা নবী কর্তৃক সাগর দুইভাগ হয়ে যাওয়ার কিচ্ছা-কাহিনী আছেই, তবে বাইবেলে বলা হয়েছে যে, ফেরাউনের লোকজন ডুবে মরেছে, স্বয়ং ফেরাউনের কথা বলা হয়নি। আর নবী মুহাম্মদের সময়কালে প্রাচীন মিশরীয় মমির কথা সকলেরই জানা ছিল। তাই ফেরাউনরা মৃত্যুর পর তাদের লাশ সংরক্ষণ করে রাখে মমি করে, এটা মুহাম্মদ অবশ্যই শুনেছেন। তাই, কুরআনে ঐ সাগর দুই ভাগ হওয়ার কিচ্ছা ও লাশ সংরক্ষনের ঘটনা জুড়ে দেয়া।

----------*সুতরাং, বাস্তব(real/fact) তথ্যপ্রমাণসমূহের ভিত্তিতে কুরআনের লেখকের এই ভবিষ্যতবাণীটি [আমি তোমার দেহটি রক্ষা করব, যাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হয়ে থাক। কুরআন ১০/৯০-৯২] ভূল হিসেবে প্রমাণিত হলো।*----------

References
(a) Egyptian Mummies
(b) Mummied Ibis
(c) Falcon-Shaped Wooden Coffin, With Falcon Mummy
(d) Natron
(e) Egyptian mummy CT scan video, Smithsonian's National Museum of Natural History
(f) Ramesses II
(g) Ramesses the Great By John Ray

1. Leprohon (2013), pp. 114–115.
2. Tyldesley (2001), p. xxiv.
3. Clayton (1994), p. 146.
4. "Mortuary temple of Ramesses II at Abydos". Archived from the original.
5. Anneke Bart. "Temples of Ramesses II". Archived from the original .
6. "Rameses". Webster's New World College Dictionary. Wiley Publishing. 2004. Archived
7. "Ramses". Webster's New World College Dictionary. Wiley Publishing. 2004. Archived
8. Putnam (1990), p.
9. Kulkarni, P., Ji, Z., Xu, Y., Neskovic, M., & Nolan, K. (2023). Exploring Semantic Perturbations on Grover. arXiv preprint arXiv:2302.00509.
10. Diodorus Siculus. "Diodorus Siculus, Bibliotheca Historica, Books I-V, book 1, chapter 47, section 4". www.perseus.tufts.edu. Archived
11. "Ozymandias". PBS. Archived f

↥

12. O'Connor & Cline (1998), p. 16.
13. von Beckerath (1997), pp. 108, 190.
14. Brand (2000), pp. 302–305.
15. Christian Leblanc. "Gerard".
16. Parisse, Emmanuel (5 April 2021). "22 Ancient Pharaohs Have Been Carried Across Cairo in an Epic 'Golden Parade'". ScienceAlert.
17. Darnell, J. C., & Manassa, C. (2007). Tutankhamun's Armies: Battle and Conquest During Ancient Egypt's Late Eighteenth Dynasty. John Wiley & Sons.
18. Josephus © 2011–2023 by Peter Lundström — Some Rights Reserved — V. 4.0
19. A.H. Gardiner, Ramesside Administrative Documents, (Oxford, 1948), 30, 10,and 14
20. RJ Demarée, Announcement of the Passing of Ramesses II, JEOL 46 (2016), p.125
21. Gabriel, R. (2002). The Great Armies of Antiquity. Greenwood Publishing Group. p. 6. ISBN 9780275978099.
22. Grimal (1992), pp. 250–253.
23. Drews (1993), p. 54:
24. Gale, N.H. (2011). "Source of the Lead Metal used to make a Repair Clamp on a Nuragic Vase recently excavated at Pyla-Kokkinokremos on Cyprus". In V.
25. O'Connor & Cline (1998), pp. 112–113.
26. Tyldesley (2000), p. 53.
27. "The Naue Type II Sword". Archived
28. Richardson, Dan (2013). Cairo and the Pyramids (Rough Guides Snapshot Egypt). Rough Guides UK. p. 14. ISBN 978-1-4093-3544-3. Archived
29. Grimal (1992), pp. 253 ff.
30. Tyldesley (2000), p. 68.
31. The Battle of Kadesh in the context of Hittite history Archived Wayback Machine
32. Decisive Battles that Shaped the World, Dougherty, Martin, J., Parragon, pp.10–11.
33. Grimal (1992), p. 256-257.
34. Kitchen (1996), p. 26., p. 33, p. 46-47.
35. Kitchen (1982), p. 62–64, p. 68., p73–79., p. 215., p. 119.
36. Stieglitz (1991), p. 45.
37. "Beit el-Wali". University of Chicago. Archived
38. Ricke, Hughes & Wente (1967)
39. Eyre, Christopher (1998 p. 171.
40. "Sed festival". The Global Egyptian Museum. Archived
41. "Renewal of the kings' Reign : The Sed Heb of Ancient Egypt". Archived
42. Westendorf (1969)
43. Amelia Ann Blandford Edwards. "Chapter XV: Rameses the Great". Archived
44. Kitchen. Pharaoh Triumphant. pp. 49–50. ISBN 0 85668 215 2.
45. Saadia Gaon, Judeo-Arabic Translation of Pentateuch (Tafsir), s.v. Exodus 21:37 and Numbers 33:3 ("עין שמס :רעמסס");
46. Van Seters, John (2001). "The Geography of the Exodus". In Dearman, John Andrew; Graham, Matt Patrick; Miller, James Maxwell (eds.). The Land that I Will Show You: Essays on the History and Archaeology of the Ancient Near East in Honour of J. Maxwell Miller. Sheffield Academic Press. p. 265. ISBN 978-1-84127-257-3.
47. Diodorus Siculus (1814). The Historical Library of Diodorus the Sicilian. Printed by W. M'Dowall for J. Davis. pp. Ch. 11, p. 33.
48. Skliar (2005)
49. Guy Lecuyot. "The Ramesseum (Egypt), Recent Archaeological Research" (PDF).
50. "À l'école des Scribes" (in French). Archived
51. Siliotti (1994)
52. Török, László (2001). The Image of the Ordered World in Ancient Nubian Art: The Construction of the Kushite Mind, 800 Bc-300 Ad. Brill. p. 48.
53. "Giant Ramses statue gets new home". BBC News. 25 August 2006. Archived
54. Hawass, Zahi. "The removal of Ramses II Statue".
55. "Egypt: Prehistoric 'Pharaoh's Seat' Discovered in Egypt - Document - Gale General OneFile". .
56. "Egyptian archeologists unearth pharaoh's celebration compartment in Cairo". Xinhua News Agency.
57. "Red Granite Bust of Ramesses II Unearthed in Giza". Archaeology Magazine. 13 December 2019. Archived
58. James, Peter (2020). Manetho, with an English translation by W.G. Waddell. Alpha Editions. p. 151.
59. "La momie de Ramsès II. Contribution scientifique à l'égyptologie". Archived
60. "Rameses II | Theban Mapping Project". thebanmappingproject.com. Retrieved 19 March 2023.
61. Rohl (1995), pp. 72–73, 75., 78–79.
62. "NMEC". nmec.shorthandstories.com. Retrieved 18 August 2023.
63. Tyldesley (2000), p. 14.
64. Romer, John. Valley of the Kings. Castle Books. p. 184.
65. Maspero, Gaston (1892). Egyptian Archaeology. Putnam. pp. 76–77.
66. Farnsworth, Clyde H. (28 September 1976). "Paris Mounts Honor Guard For a Mummy". New York Times. p. 5. Archived October 2019.
67. Stephanie Pain. "Ramesses rides again". New Scientist. Archived
68. "Was the great Pharaoh Ramesses II a true redhead?". The University of Manchester. Archived
69. Ceccaldi, Pierre-Fernand (1987). "Recherches sur les momies: Ramsès II". Bulletin de l'Académie de Médecine. **171** (1): 119.
70. "Bulletin de l'Académie nationale de médecine". Gallica. 6 January 1987. Archived
71. Tyldesley (2001)
72. Brier (1994), p. 153., pp. 200–201.
73. Diop, Cheikh Anta (1991). Civilization or barbarism : an authentic anthropology (First ed.). Brooklyn, New York. pp. 67–68. ISBN 1556520484.
74. "Ancient pharaoh's hair returns to Egypt".
75. An X-ray atlas of the royal mummies. Chicago: University of Chicago Press. 1980. pp. 207–208. ISBN 0226317455.
76. Brier (1998), p. 153.
77. Chhem, RK; Schmit, P; Fauré, C (October 2004). "Did Ramesses II really have ankylosing spondylitis? A reappraisal". Can Assoc Radiol J. **55** (4): 211–217. PMID 15362343.
78. Saleem, Sahar N.; Hawass, Zahi (2014). "Brief Report: Ankylosing Spondylitis or Diffuse Idiopathic Skeletal Hyperostosis in Royal Egyptian Mummies of the 18th–20th Dynasties? Computed Tomography and Archaeology Studies". Arthritis & Rheumatology. **66** (12): 3311–3316. doi:10.1002/art.38864. ISSN 2326-5205. PMID 25329920. S2CID 42296180.
79. "'Cleaned-Up' Mummy Flown Home to Egypt". Los Angeles Times. Associated Press. 11 May 1977. p. 20. Archived from the original on 30 October 2019. Retrieved 30 October 2019. CAIRO (AP)—The 3,212-year-old mummy of Pharaoh Ramses II was returned from Paris Tuesday, hopefully cured by radiation of 60 types of fungi and two strains of insects.
80. "Tomb of Ramses II sons". Archived
81. Tyldesley (2000), pp. 161–162.
82. Percy Bysshe Shelley. "Ozymandias". First publication(11 January 1818). "Ozymandias". The Examiner. No. 524.
83. Sanders, Ed (1997). 1968: A History in Verse. Black Sparrow Press. p. 255.
84. Grabbe, Lester (2014). "Exodus and History". In Dozeman, Thomas; Evans, Craig A.; Lohr, Joel N. (eds.). The Book of Exodus: Composition, Reception, and Interpretation. BRILL. pp. 61–87. ISBN 9789004282667.
85. John Ray. "Ramesses the Great".

.....

.....

↥

Answer to a fraud self claim of Muslims :

★ **Is the name 'Muhammad' mentioned in Hebrew Bible?** Muslims claim Muhammad is mentioned in the Bible. Cunning Muslims say that, since the Hebrew for "altogether lovely"– is "machmadim", and "machmadim" sounds somewhat similar to the name "Muhammad," the verse is actually referring to Muhammad by name.

This is absolutely odd and illogical.

But Muslims still insists this is Muhamad. Their actual fraud claim of two points are given below -

Claim 1. Hebrew word " מַחֲמַדִּים" it says:
pronunciation: ma-ḥă-mad-dîm;
English meaning: [is] lovely
Morph: Noun
So it is clear that מַחֲמַדִּ is a name and pronounced: "Muhammad"

Claim 2. מחמדים
Mem = מ
Het = ח
Mem = מ
Dalet = ד
Majestic Plural = ים
So, it is Mhmd or محمد
Its clearly Mhmd Hebrew letters without Vouls.
And the Original Hebrew Bible was written without Vouls.

In that case, lets assume their claim,

The word machmad is used in many places in the Old Testament. **It refers to something pleasing, treasured, or lovely**. So if machmad is actually Muhammad's name, we need to be consistent and say that wherever the word machmad is used, it's referring to Muhammad.

1. Song of Solomon, chapter 5, verse 16. – His mouth is sweetness itself; he isaltogether lovely. This is my beloved, this is my friend, daughters of Jerusalem.

But in chapter 7, verse 10, she says, "I belong to my beloved, and his desire is for me." Since Muhammad is her beloved(according to the Islamic interpretation), she declares in 7:10 that she belongs to Muhammad and that Muhammad desires her. How did Solomon's bride belong to Muhammad? Why would Muhammad desire a woman who had been dead for more than fifteen centuries?

2. Ezekiel 24:16 – "Son of man, with one blow I am about to take away from you the delight of your eyes. Yet do not lament or weep or shed any tears.

Ezekiel's wife is called "machmad," because she's treasured by Ezekiel. So ifmachmad means "Muhammad," Muhammad must have been Ezekiel's wife.

3. Ezekiel 24:21 – Say to the people of Israel, 'This is what the Sovereign LORD says: I am about to desecrate my sanctuary–the stronghold in which you take pride, the delight of your eyes, the object of your affection. The sons and daughters you left behind will fall by the sword.

The word "delight" here is machmad. So if machmad is the name "Muhammad," God is promising to desecrate Muhammad.

This is, what happens when Muslims try to force Muhammad into the Bible.

★ Is Muhammad mentioned in the Bible? = https://alisina.org/?p=277

★ Does the Bible Predict the Coming of Muhammad?
= https://drive.google.com/file/d/1df2HjxdsANomqwvvwPzsgqKTCjNOzBXS/view?usp=drivesdk

★ Is Muhammad mentioned in the Bible? Is Muhammad Mentioned in the Old Testament?
= http://luk.staff.ugm.ac.id/kmi/off/XIslam/Books/Mohammed/life08.html

★ Muhammad in the Bible? An Analysis of the Muslim Appeal to Biblical Prophecy
= https://www.answering-islam.org/Authors/Wood/muhammad_in_bible.htm

★ **THE DEUTERONOMY DEDUCTIONS:** Two Short, Sound, Simple Proofs that Muhammad Was a False Prophet = https://www.answering-islam.org/Authors/Wood/deuteronomy_deductions.htm

★ The Claim that Muhammad's Name has been Removed from the Bible by Christians!
= https://www.answering-islam.org/Morin/removed.html

★ Is Mohammed In The Bible By Name? = https://amazingbibletimeline.com/blog/q37_mohammed_bible/

- জাকির নায়েকের মিথ্যাচারঃ মুহাম্মদ কি কল্কি অবতার?
- জাকির নায়েকের মিথ্যাচারঃ ভবিষ্য পুরাণে মুহাম্মদ?

ত্যানাপ্যাচানো মডারেট মুমিন ও ডিপ্লোম্যাটিক-সুগারকোটেড-ভন্ড ইসলামিক এপোলোজিস্টদের মুখোশ উন্মোচন

কুরানের অনুবাদ পড়তে(নিজ মাতৃভাষায় বুঝে পড়তে) সাধারণ মুসলমানদের আতঙ্কিত করা হয়_এর ইসলামিক ভিত্তি কতটুকু? কুরআনের অর্থ বুঝা কি অনেক জটিল? সাধারণ মানুষের পক্ষে কুরআন পড়ে সঠিক অর্থ বুঝা সম্ভব নয়? কুরআন কি সংক্ষিপ্ত বর্ণনার কিতাব যা বুঝতে হলে অনেক ব্যাখ্যার প্রয়োজন ??
কুরআনে কি এতই কঠিন/জটিল/মতভেদপূর্ণ/বক্রতা বা প্যাঁচযুক্ত/ অস্পষ্ট/বিভ্রান্তিময় - শব্দ,বাক্য,উপমা/দৃষ্টান্ত ব্যবহৃত হয়েছে যে_ এটা পড়ে একেকজন একেক অর্থ বুঝে?

চলুন জেনে নিই– এ সম্বন্ধে কুরআনের রচয়িতা কি বলেছেন =

- ✓ আমি তোমার উপর কিতাব নাযিল করেছি **প্রতিটি বিষয়ের স্পষ্ট বর্ণনা স্বরূপ**। An-Nahl 16:89
- ✓ আল্লাহ তাঁর আয়াতসমূহ মানুষের জন্য স্পষ্ট করেন। Al-Baqarah 2:187
- ✓ যিনি তাঁর বান্দার উপর কিতাব নাযিল করেছেন এবং **তাতে রাখেননি কোন বক্রতা**। Al-Kahf 18:1
- ✓ আল্লাহ তোমাদের জন্য তাঁর **আয়াতসমূহ স্পষ্টভাবে বর্ণনা করে দেন**, যাতে তোমরা উপলব্ধি কর। Al-Baqarah 2:242।
- ✓ **অবশ্যই** আমি তোমাদের জন্য **আয়াতসমূহ স্পষ্ট বর্ণনা করেছি**। Aal-e-Imran 3:118, An-Nur 24:18
- ✓ রাসূলের তো একমাত্র দায়িত্ব হচ্ছে স্পষ্টভাবে বাণী পৌঁছে দেয়া। At-Taghabun 64:12
- ✓ তোমার প্রতি নাযিল করেছি কুরআন, যাতে তুমি মানুষের জন্য স্পষ্ট করে দিতে পার, যা তাদের প্রতি নাযিল হয়েছে। An-Nahl 16:44
- ✓ আমি **সুস্পষ্ট আয়াতরূপে কুরআন নাযিল করেছি**। Al-Hajj 22:16
- ✓ **এটা মানুষের জন্য স্পষ্ট বর্ণনা**। Aal-e-Imran 3:138
- ✓ আমি নাযিল করেছি কিতাবে **মানুষের জন্য, তা স্পষ্টভাবে বর্ণনা করার** পর। Al-Baqarah 2:159
- ✓ নিশ্চয় আমি এই কুরআনে মানুষের জন্য প্রত্যেক প্রকার দৃষ্টান্ত বর্ণনা করেছি। **বক্রতামুক্ত আরবী কুরআন**। Az-Zumar 27-28
- ✓ অবশ্যই **আমি আয়াতসমূহকে বিস্তারিত বর্ণনা করেছি**। Al-An'am 6:97, Al-An'am 6:126
- ✓ আমি আয়াতসমূহ বিস্তারিত বর্ণনা করি। Al-An'am 6:55, Ar-Ra'd 13:2
- ✓ আর **অবশ্যই আমি এ কুরআনে বিস্তারিত ব্যাখ্যা দিয়েছি**। Al-Isra' 17:41
- ✓ তিনিই তোমাদের নিকট বিস্তারিত কিতাব নাযিল করেছেন। Al-An'am 6:114
- ✓ এটি কিতাব যার আয়াতসমূহ বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। Hud 11:1
- ✓ আর আমি তার জন্য ফলকসমূহে লিখে দিয়েছি প্রত্যেক বিষয়ের উপদেশ এবং **প্রত্যেক বিষয়ের বিস্তারিত ব্যাখ্যা**। 7:145
- ✓ **প্রতিটি বিষয়ের বিস্তারিত বিবরণ।** Yusuf 12:111
- ✓ আর **আমি প্রত্যেক বিষয় বিস্তারিতভাবে বর্ণনা করেছি**। Al-Isra' 17:12
- ✓ এ কিতাবে আমি কোনো কিছুই বাদ দেইনি। Al-An'am 6:38
- ✓ আল্লাহ **তোমাদের জন্য আয়াতসমূহ বিশদভাবে বর্ণনা করেন।** Al-Baqarah 2:266
- ✓ আর তারা তোমার কাছে যে কোন বিষয়ই নিয়ে আসুক না কেন, আমি এর সঠিক সমাধান ও সুন্দর ব্যাখ্যা তোমার কাছে নিয়ে এসেছি। Al-Furqan 25:33
- ✓ **নিশ্চয় আমি একে নাযিল করেছি যাতে তোমরা বুঝতে পার**। Yusuf 12:2
- ✓ আরবী ভাষায় এ কোরআন, যাতে কোন জটিলতা নেই। সূরা আল-যুমার ৩৯/২৮
- ✓ **আজ আমি তোমাদের জন্য তোমাদের দীনকে পূর্ণাঙ্গ করে দিলাম**। সূরা মায়েদা, আয়াত ৩

এ প্রসঙ্গে আল্লামা ইবনে হাজার আস্কালানী বলেন-

"""" মহান আল্লাহ বলেছেন– "সব প্রশংসা আল্লাহর যিনি নিজের বান্দার প্রতি এ গ্রন্থ নাযিল করেছেন এবং তাতে কোন জটিলতা/বক্রতা(বক্র বা প্যাঁচযুক্ত অর্থ/ عِوَجًا, ইওয়াজা] রাখেননি (কুরআন ১৯:১)।

মহান আল্লাহ নিজের প্রশংসার সাথে সাথে বললেন যে তিনি বান্দার উপর এমন এক কিতাব পাঠিয়েছে যাতে কোন জটিলতা নেই। মহান আল্লাহ একদম পরিষ্কার বলে দিলেন যে পবিত্র কুরআনে কোনো জটিলতা নেই। কুরআনে কোনো দুর্বোধ্য কথা, জটিলতা নেই। এখানে আরবি শব্দ عِوَجٍ (ইওয়াজিন) মানে হলো জটিলতা, বক্রতা, প্যাচানো কথা।

↥

জটিলতা, অস্পষ্টতা নেই তার মানে কুরআনকে সহজ ও সরল করা হয়েছে যাতে করে এটা সবার কাছে বোধগম্য হয়।

কুরআনের উদ্দেশ্য হচ্ছে রাখাল বালক থেকে শুরু করে রাষ্ট্র প্রধানের কাছে তাঁর বক্তব্য ফুটিয়ে তোলা। যাতে সবাই বুঝতে পারে। জটিলতা,বক্রতা,প্যাঁচযুক্ত কথা নেই অর্থাৎ **কুরআনকে সহজ ও সরল এবং স্পষ্ট করে বর্ণনা করা হয়েছে** , সেই কথাকে আরও জোর দিতে মহান আল্লাহ পুনঃপুনঃ একই সূরায় ৪ বার বলে দিলেন আরও সূক্ষভাবে–

"নিশ্চয় আমি কোরআনকে সহজ করে দিয়েছি- বোঝার জন্য"। (কুরআন, সূরা ক্বামার, ৫৪:১৭, ৫৪:২২, ৫৪:৩২, ৫৪:৪০)

কুরআনের অর্থ- উপলব্ধি করা, এ থেকে শিক্ষা ও উপদেশ গ্রহন করা, মহান আল্লাহ প্রত্যেকের জন্য সহজ করে দিয়েছেন। কুরআন কারীম ভাষাশৈলির দিক দিয়ে অতি উচ্চতরের কিতাব হওয়া সত্ত্বেও কোনো মানুষ আন্তরিকতা সহকারে একটু মনোনিবেশ করলেই সহজেই কুরআন বুঝে নিতে পারবে। এ কথাটাই কুরআনের অসংখ্য জায়গায় আল্লাহ বোঝাতে চেয়েছেন। **""""**

আল্লামা ইবনে হাজার আসকালানীর এ কথা উল্লেখ করে আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের ঐক্যমত্য আকীদাহ হিসেবে সৌদি দারুস সালাম ফতোয়া বোর্ড, থেকে বলা হয়েছে-

".....কিন্তু এখন কথাটা হচ্ছে, যেখানে আল্লাহ্ স্বয়ং এতোবার বলছেন- কুরআনে জটিলতা নেই, এটি বোঝার জন্য সহজ করা হয়েছে, তারপরও কেন এটাকে আমরা বোঝার সময় কঠিন/জটিল বলছি, বোঝা যাবে না বলছি? আসলে বাস্তবতা হচ্ছে, আমরাই এটিকে জটিল করেছি- স্বার্থের কারনে। **যারা এটাকে জটিল, কঠিন বলছে তাদের কথা কুরআনের বক্তব্যের সাথে সরাসরি সাংঘর্ষিক।** তাই স্পষ্ট করে বলা প্রয়োজন- যেসকল ব্যক্তি(অধিকাংশই মুসলিম) কুরআনের কথায় কথায় জটিলতা খুঁজে পায়, কুরআনের স্পষ্ট কথাকে- জটিল করে, গোজামিল দিয়ে, মনগড়া ব্যাখ্যা(ত্যানা পেঁচিয়ে), অপব্যাখ্যা, কুযুক্তি দিয়ে অন্য অর্থ দাঁড় করাতে চায়, –বুঝতে হবে এটা ঐসকল ব্যক্তির সমস্যা, তাদেরই আসলে অন্তরে রোগ রয়েছে। এবং এটা ইসলামের দৃষ্টিতে অত্যন্ত বড় অপরাধ।"

এখন, যেসব মডারেট মুমিন- কুরানের নিজস্ব অর্থে সন্তুষ্ট না হতে পেরে, কুরানের কয়েকটি আয়াতের নিজস্ব অর্থে__ আল্লাহ নামক সত্ত্বার ভাবমূর্তি ক্ষুন্ন হওয়ার বা বিজ্ঞানের উন্নতির কারণে প্রমাণিত বিষয়সমূহের সাপেক্ষে কুরআন ভুল সাব্যস্ত হওয়ার ঘোর আশঙ্কায়- সেসকল আয়াতকে রূপক বা এরকম যেকোন মনগড়া ব্যাখ্যা দেন অথবা বিজ্ঞানের সাথে মিলাতে বা কন্ট্রাডিকশন এড়াতে- কুরআনের কিছু কিছু শব্দের অর্থ পরিবর্তন করে নিজস্ব অর্থ বা ব্যাখ্যা দাঁড় করান ——– তাদের ও তাদের এসকল মনোভাব,কার্যক্রম,পদক্ষেপগুলোর গ্রহণযোগ্যতা ইসলামে আছে কিনা এবং তাদের এ ব্যাপারে ইসলামের সিদ্ধান্ত কি দেয়া আছে -চলুন সামান্য একটু দেখে নেয়া যাক :::- [**ইলমী গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটি** (اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء), এবং **সর্বোচ্চ উলামা পরিষদ** (مجلس هيئة كبار العلماء) থেকে উদ্ধৃতি তুলে ধরা হলো]

- **ইসলামের যেকোন কিছুর ব্যাখ্যা নবির সময়কালিন ও পরবর্তী তিন প্রজন্ম যেভাবে বুঝেছিলেন ঠিক সে ভাবেই বুঝতে হবে, এই ক্ষেত্রে এমনকি পরবর্তী সময়ের ইসলামি পণ্ডিতদের ভিন্ন কোনো ব্যাখ্যা ইসলামে গ্রহণযোগ্য নয়।** তারা শুধুমাত্র নতুন কোনো বিষয় উদ্ভুত হলে বর্তমান সব দায়ীদের ঐক্যমত্য(ইজমা) অনুসারে সে বিষয়ে কিয়াস/ইজতিহাদভিত্তিক মাসাআলা বা ফতোয়া দিতে পারে।]]

- **কুরআনের প্রত্যেকটা শব্দ, আয়াতের অর্থ সাহাবী এবং তাবে-তাবেঈনরা যা বুঝেছেন, যা বলেছেন, যা ব্যাখ্যা করেছেন___ এর বাইরে পরবর্তীতে আসা কোনো মানুষের নিজস্ব কোনো ব্যাখ্যা ইসলামের নিকট কোনোভাবেই গ্রহণযোগ্য না।**

https://www.hadithbd.com/books/detail/?book=166&chapter=13590

https://www.hadithbd.com/books/detail/?book=166&chapter=13590

১. ২. ৫. সাহাবী, তাবিয়ী ও তাবি-তাবিয়ীগণের মতামত

শেয়ার ও অন্যান্য

কুরআন ও হাদীসের বাণী অত্যান্ত সুস্পষ্ট ও পরিস্কার। আল্লাহ ও তাঁর রাসুলের (ﷺ) শিক্ষার মধ্যে কোনো জটিলতা নেই, গোপনীয়তা, বৈপরীত্য বা স্ববিরোধিতা নেই। তারপরও কখনো জ্ঞানের দুর্বলতার কারণে কুরআনের বা হাদীসের বুঝার বা ব্যাখ্যার ক্ষেত্রে মতপার্থক্য বা দ্বিধা সৃষ্টি হলে রাসূলে আকরাম (ﷺ)-এর সাহাবীগণ এবং পরবর্তীয় দুই প্রজন্ম 'তাবিয়ী' ও 'তাবি-তাবিয়ীগণের' ব্যাখ্যা ও মতামতই চূড়ান্ত বলে গণ্য করা হয়।

সাহাবীগণ ছিলেন রাসূলুল্লাহ (ﷺ) -এর হাতে গড়া ছাত্র। তাঁরা তাঁর হাতে ইসলাম গ্রহন করেছেন, তার সাহচর্যে থেকেছেন, জীবনের সবকিছুর ঊর্ধ্বে তাঁকে ভালবেসেছেন এবং তাঁর কাছ থেকে শিক্ষা গ্রহণের জন্য তাঁরা সদা উদগ্রীব ছিলেন। তাঁরা তাঁর মুখের বাণী সরাসরি শুনেছেন কুরআন নাযিল হওয়ার পটভূমি তাঁরা জেনেছেন, কুরআনের ও হাদীসের শিক্ষা সবচেয়ে ভাল বুঝেছেন ও জীবনে বাস্তাবায়িত করেছেন তাঁরাই। স্বভাবতই কুরআন ও সুন্নাহ বুঝার ক্ষেত্রে আমাদেরকে তাঁদের মতামতের উপর নির্ভর করতে হবে।

কুরআন করীমের বিভিন্ন আয়াতে সাহাবীগণের প্রশংসা করা হয়েছে এবং তাঁদের অতুলনীয় আদর্শস্থানীয় ঈমান, আমল, তাকওয়া, জিহাদ, স্বার্থ ত্যাগ, তাঁদের প্রতি আল্লাহর অফুরন্ত রহমত ইত্যাদির কথা উল্লেখ করা হয়েছে।[1] এ সকল আয়াতের আলোকে আমরা জানতে পারি যে, ঈমান, তাকওয়া, বেলায়াত ও কামালাতে তাঁরাই শীর্ষে। তারা মুসলিম উম্মাহর আদর্শ। আল্লাহর অফুরন্ত রহমত তাঁরা পেয়েছেন। তাঁদেরককে ভালবাসা ও তাঁদের অনুকরণ- অনুসরণ পরবর্তী মুসলমানদের দায়িত্ব। রাসূলুল্লাহ (ﷺ) ও তাঁর সাহবীদের জীবন-পদ্ধতি বা কর্মপন্থার (সুন্নাতের) বিরেধিতাকারীর ভয়ঙ্কর পরিণতি সম্পর্কে কুরআন কারীমে মহান আল্লাহ বলেন:

"যদি কেউ তার কাছে হেদায়েত প্রকাশিত হওয়ার পরেও রাসূলের বিরোধিতা করে এবং বিশ্বাসীদের পথ ছেড়ে অন্য পথ অনুসরণ করে তাহলে আমি তাকে তার বেছে নেওয়া পথেই ছেড়ে দেব এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করব, যা নিকৃষ্টতম গন্তব্যস্থল।"[2]

এখানে 'বিশ্বাসীদের পথ' বলতে স্বভাবতই সাহাবীদের পথ বোঝান হয়েছে, কারণ রাসূলুল্লাহ (ﷺ)-এর সময়ের বিশ্বাসীগণ তাঁরাই। তাঁদেরকে নাজাত ও মুক্তির জন্য অনুকরণীয় আদর্শ বলে উল্লেখ করে আল্লাহ বলেন:

وَالسَّابِقُونَ الأَوَّلُونَ مِنَ الْمُهَاجِرِينَ وَالأَنصَارِ وَالَّذِينَ اتَّبَعُوهُمْ بِإِحْسَانٍ رَضِيَ اللَّهُ عَنْهُمْ وَرَضُوا عَنْهُ وَأَعَدَّ لَهُمْ جَنَّاتٍ تَجْرِي تَحْتَهَا الأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ذَلِكَ الْفَوْزُ الْعَظِيمُ

"মুহাজির ও আনসারদিগের মধ্যে যারা প্রথম অগ্রগামী এবং যারা নিষ্ঠার সাথে তাদের অনুসরণ করেছেন, আল্লাহ তাদের প্রতি সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট। এবং তিনি তাদের জন্য প্রস্তুত করেছেন জান্নাত, যার নিম্নদেশে নদী প্রবাহিত, যেথায় তারা চিরস্থায়ী হবে। এ মহাসাফল্য।"[3]

এখানে সাহাবীগণকে তিনভাগে ভাগ করা হয়েছে: প্রথমত, প্রথম অগ্রগামী মুহাজিরগণ, দ্বিতীয়ত, প্রথম অগ্রগামী আনসারগণ এবং তৃতীয়ত তাঁদেরকে যারা নিষ্ঠার সাথে অনুসরণ করেছেন। প্রথম দুই পর্যায়ের সাহাবীগণকে সফলতার মাপকাঠি ও অনুকরণীয় আদর্শ হিসেবে উল্লেখ করা হয়েছে। কুরআনে অন্যান্য অনেক স্থানে সকল মুহাজির ও আনসারকে 'প্রকৃত মুমিন' ও জান্নাতী বলে উল্লেখ করা হয়েছে।[4]

রাসূলুল্লাহ (ﷺ) তাঁর উম্মাতকে তাঁর সাহাবীদের জীবন পদ্ধতি ও মতামতের উপর নির্ভর করতে নির্দেশ দিয়েছেন। তিনি বলেছেন:

না, আমি তা মনে করি না। মুক্তচিন্তার মানুষ হয়ে যাওয়া বা না হওয়ার মত বিষয় নয়। এটা ক্রমশ নিজেকে শুধরে নেয়ার প্রক্রিয়া। একটা সিঁড়ির মত, ধাপে ধাপে উপরের দিকে উঠতে হয়। এবং এই সিঁড়ির কোন শেষ নেই। মৃত্যু পর্যন্ত চেষ্টা করে যেতে হবে যেন একজন যুক্তিবাদী, মননশীল, মানবিক, মুক্তচিন্তার মানুষ হওয়া যায়।

আমি আজকে যা জানি, কাল যদি যুক্তি দিয়ে বুঝতে পারি গতকালের ভাবনাটা ভুল ছিল, বিনয়ের সাথে নিজেকে শুধরে নেয়ার চেষ্টা করবো। কারণ ভুল করে করেই আমি শিখবো। বিজ্ঞানও এভাবেই কাজ করে। নতুন তথ্য প্রমাণ গবেষণাতে কাল যদি দেখা যায়, পুরনো ধারণাটি মিথ্যা ছিল, সাথে সাথে সেটা শুধরে নিতে বিজ্ঞান দ্বিধা করে না। ভুল স্বীকার করে নিজেকে সংশোধন করে নেয়া খুবই জরুরি। বিজ্ঞানের অনেক বড় বড় গবেষণাকে অনেক ছোটখাটো গবেষক ভুল প্রমাণ করে নোবেল পুরষ্কার জিতে নিয়েছেন। এমনকি, কোথাকার কোন কলিমুদ্দীন রহিমুদ্দীন যদি কাল নিউটনের সূত্রকে ভুল প্রমাণ করে দেয়, নির্দ্বিধায় সে নোবেল পাবে এবং তামাম দুনিয়ার বিজ্ঞানীরা তাকে মাথায় তুলে নাচবে।

18. কাল যদি বিজ্ঞান বলে আল্লাহ আছে, তখন?

কাল কী জানা যাবে, সেটার ওপর ভিত্তি করে আজকে কোন যৌক্তিক সিদ্ধান্ত নেয়া যায় না। কাল যদি জানা যায় আল্লাহ আছে, বা শেওড়া গাছের পেত্নী আছে, বা আপনার একটা কথা বলা বেড়াল আছে, এইসব তথ্যের ওপর ভিত্তি করে এগুলো মেনে নেয়া যায় না। কাল যদি জানা যায় অমুকটি সত্য, তাহলে আমরা যদি আজকে তা মেনে নিতে শুরু করি, আমাদের যুক্তির কাঠামো যদি এমন হয়, তাহলে মামদো ভুতকেও মেনে নিতে হবে। একইসাথে মানতে হবে শিব, রাম, কৃষ্ণ, কালী, জিউস ইত্যাদি দেবতাকেও।

19. আইনস্টাইন বা অমুক বিজ্ঞানী তো আস্তিক ছিলেন। তাহলে আপনি কেন নাস্তিক?

ব্যক্তিজীবনে কে আস্তিক ছিলেন আর কে নাস্তিক, তা আস্তিক বা নাস্তিকতার সত্য হওয়ার পক্ষের কোন যুক্তি হতে পারে না। পৃথিবীর সকল মানুষ আস্তিক হলেও আস্তিকতা ভুল হতে পারে, আবার পৃথিবীর সকল মানুষ নাস্তিক হলেও নাস্তিকতা ভুল হতে পারে। একসময়ে বড় বড় দার্শনিকগণও পৃথিবীকে সমতল মনে করতেন। তাতে পৃথিবী সমতল হয়ে যায় নি।

ব্যক্তিজীবনে কে আস্তিক কে নাস্তিক, এটি কোন পক্ষেরই প্রমাণ হিসেবে উপস্থাপিত হতে পারে না। যুক্তি বা প্রমাণ হিসেবে উপস্থাপিত হতে পারে আস্তিকতা বা নাস্তিকতা সম্পর্কে সে বা তারা কী কী তথ্য প্রমাণ ব্যাখ্যা উপস্থাপন করেছেন।

তাই স্টিফেন হকিং এর নাস্তিক হওয়া যেমন নাস্তিকতার পক্ষের কোন যুক্তি না, আইনস্টাইন আস্তিক হয়ে থাকলে সেটিও আস্তিকতার পক্ষের কোন যুক্তি হতে পারেনা। বিজ্ঞান বা যুক্তি কোন ব্যক্তি বিশেষের ব্যক্তিগত বিশ্বাস অবিশ্বাসের ওপর নির্ভরশীল নয়। সেটি নির্ভর করে যুক্তি তথ্য প্রমাণের ওপর।

কিন্তু আইনস্টাইন কী আসলেই আস্তিক ছিলেন? প্রাতিষ্ঠানিক ধর্মে বিশ্বাস করতেন? চলুন তার লেখা থেকে জেনে নিই,

... "ঈশ্বর" শব্দটি মানুষের দুর্বলতা থেকে সৃষ্ট এবং ভাব প্রকাশের জন্য ব্যবহৃত একটি শব্দ ছাড়া আর কিছুই না। বাইবেল হল কিছু গৌরবান্বিত পৌরাণিক কাহিনীর সমাহার যা অত্যন্ত শিশুতোষ। যে কোন নিগূঢ় অর্থই করা হোক না কেন তা আমার ভাবনায় কোন পরিবর্তন আনবে না। এই নিগূঢ় অর্থগুলি স্বভাব অনুযায়ীই নানা ধরণের হয়ে থাকে এবং প্রকৃত পাঠ্যাংশের সাথে কোন সামঞ্জস্য থাকে না। অন্যান্য সব ধর্মের মত ইহুদী ধর্মও প্রধানত: শিশুতোষ কুসংস্কারের অনুরূপ। আমি খুশি মনেই নিজেকে যাদের একজন বলে মনে করি এবং যাদের মানসের সাথে রয়েছে আমার গভীর সম্পৃক্ততা, সেই ইহুদী জনগোষ্ঠীরও অন্য জনগোষ্ঠীর তুলনায় আলাদা কোন বিশেষ গুণাবলী আছে বলে মনে করি না। আমার অভিজ্ঞতা থেকে এতটুকু বলতে পারি অন্যান্য জনগোষ্ঠীর তুলনায় তারা খুব বেশী উন্নতও না। যদিও ক্ষমতার অভাবে তারা সবচেয়ে খারাপ ধরণের ক্যান্সার থেকে সুরক্ষিত আছে। এছাড়া আমি তাদের মধ্যে এমন কিছু দেখিনা যাতে তাদের নির্বাচিত (ঈশ্বর কর্তৃক) বলে মনে হবে"।

20. কারো বিশ্বাসকে আঘাত করা কি উচিত? কারো বিশ্বাসকে প্রশ্ন বা সমালোচনা করা ঠিক নয়?

আমরা যারা rational freethinker, তারা সকল ধারণা, সকল বিশ্বাসকেই যুক্তি, তথ্য, প্রমাণের মাধ্যমে পর্যবেক্ষণ করি, বিচার-বিশ্লেষণ-যাচাই করে দেখতে চাই। এই সময়ে "বিশ্বাসে আঘাতের" অজুহাত এনে আলাপ আলোচনা এবং যুক্তিতর্ককে খারিজ করে দেয়া শুধু প্রতিক্রিয়াশীলতাই নয়, মানব সমাজের জন্য হুমকিও বটে।

সকল বিশ্বাসকেই যদি সম্মান করতে হয়, শ্রদ্ধা করতে হয়, তাহলে মুসলিমদের উচিত হিন্দুদের বিশ্বাসকে শ্রদ্ধা ও সম্মান জানিয়ে গরু কোরবানী না করা। কারণ গরু জবাই দেয়া হিন্দুদের বিশ্বাস অনুসারে মস্তবড় খারাপ কাজ। গরু কোরবানী হতে দেখলে একজন হিন্দুর মনে অনেক আঘাত লাগতে পারে। আবার, মুসলিমদের বিশ্বাসকে সম্মান করে হিন্দুদের উচিত মুর্তি পুজা বন্ধ করে দেয়া। কারণ মূর্তি পুজা দেখলে মুসলিমদের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে। কারণ ইসলামে শিরক সর্বোচ্চ অপরাধ হিসেবে স্বীকৃত।

একইভাবে গোলাম আজম বা বাঙলা ভাইয়ের বিশ্বাসকেও শ্রদ্ধা করতে হবে, আবার হিটলারের বিশ্বাসকেও শ্রদ্ধা করতে হবে। সকল বিশ্বাসকে সম্মান করা শুধু বোকামি নয়, বিপদজনকও বটে।আমি কেন তা করবো? তাদের বিশ্বাসকে আমি কেন যাচাই করে দেখবো না? তাদের বিশ্বাসকে আঘাত কেন করবো না? তা যদি মিথ্যা হয়, তাহলে কেন তা যে মিথ্যা তা বলবো না? কেন আমার যুক্তি তুলে ধরবো না? আমি শুধু সেই বিশ্বাসকেই সম্মান জানাবো, যা যুক্তিতর্ক আলাপ আলোচনায় যৌক্তিক বলে প্রতীয়মান হবে। যুক্তিহীন বিশ্বাস মাত্রই ক্ষতিকর এবং জ্ঞানভিত্তিক সমাজের জন্য ভয়ংকর। বিশ্বাস ভিত্তিক সমাজ কুসংস্কারের আখড়ায় পরিণত হয়, মানুষকে ক্রমশ মধ্যযুগে টেনে নিয়ে যায়, যার প্রমাণ বর্তমান বিশ্বের দিকে তাকালেই বোঝা যায়।

আপনি কী আল কায়েদার বিশ্বাসকে সম্মান করবেন? ভারতে গরুর মাংস খাওয়ার অপরাধে জয় শ্রী রাম বলে কিছুদিন আগে কিছু মৌলবাদী হিন্দু এক মুসলিমকে পিটিয়ে মেরে ফেললো। আপনি তাদের বিশ্বাসকে সম্মান করবেন?

21. শুধু ইসলামের সমালোচনা কেন করেন?

কথাটি ঠিক নয়। আমি সব ধর্মের সমালোচনাই কমবেশি করি। তবে ইসলামের সমালোচনাতে প্রতিক্রিয়া বেশি হয়, তাই প্রতিক্রিয়ার প্রতিক্রিয়াতে লিখতেও বেশি হয়। যেহেতু বাঙলায় লিখি, বাঙলাদেশের বেশিরভাগ মানুষ মুসলমান, তাই এই আলোচনাও বেশি আসে। রিচার্ড ডকিন্সকেও প্রায়ই প্রশ্ন করা হয়, সে কেন শুধু খ্রিস্টান ধর্মের সমালোচনা করেন! একই প্রশ্ন ক্রিস্টোফার হিচেন্সকেও করা হতো। উনারা খ্রিস্টান প্রধান দেশে খ্রিস্টান পরিবারে জন্মেছে বলেই খ্রিস্টান ধর্মের সমালোচনা বেশী করেছেন।

সব প্রাতিষ্ঠানিক ধর্মের বিরুদ্ধে হলেও আমি বিশেষভাবে করি ইসলামের সমালোচনা। কারণ আমি একটি মুসলিম পরিবারে জন্মেছি, এবং মুসলিম পরিবার থেকে নাস্তিক হওয়ার সময় যেই প্রতিবন্ধকতার মধ্য দিয়ে যেতে হয়েছে, তা ভালভাবে জানি। ব্যক্তিগত অভিজ্ঞতা রয়েছে। হিন্দু এবং খ্রিস্ট ধর্ম সম্পর্কেও আমি অনেক পড়ালেখা করেছি, কিন্তু সেগুলো বর্তমান সময়ে মৃতপ্রায় ধর্ম। বিষহীন সাপের মত মাঝে মাঝে ফোঁস ফোঁস করে।

নিরপেক্ষ হওয়ার জন্য আফ্রিকার ভুডু ধর্ম কিংবা প্রাচীন গ্রীসের ধর্ম, দেবতা জিউস থর হোরাস ইত্যাদির সমালোচনা করার কোন উপযোগ নেই। কারণ সেসব ধর্মের মানুষ এখন খুঁজে পাওয়া মুশকিল, পাওয়া গেলেও তারা আমার বাঙলা স্ট্যাটাস পড়বে না, আর পড়লেও তাদের কিছু যাবে আসবে না। কারণ তারা এই সময়ে ধর্ম রক্ষার জন্য চাপাতি নিয়ে কোপাকুপি করে না। হুরের লোভে আত্মঘাতি বোমা হামলা করে না। নিরীহ মানুষ মেরে কাফের হত্যার আনন্দ পায় না।

ছোট্ট পরীক্ষা হয়ে যাক। আমি মা কালী নিয়ে একটা কার্টুন ছাপি, যীশু, মোসেস এবং জিউসকে নিয়ে, বুদ্ধ এরপরে মুহাম্মদকে নিয়ে একটি কার্টুন দিই। কোনো কার্টুনের জন্য আমাকে মৃত্যুদণ্ড দেয়ার ঘোষণা হতে পারে? ভেবে বলেন তো।

আপনার শরীরের কোনো অংশে পচন ধরলে আপনি যেই অংশটাতে বেশি পচন ধরেছে সেই অংশটুকুই তো আগে অপারেশন করে কেটে ফেলেন। নাকি নিরপেক্ষ হওয়ার জন্য পুরো শরীর কেটে ফেলে দেন? বা অল্প পচন ধরা অংশও কেটে ফেলেন? বেশি নিরপেক্ষতা দেখাতে গিয়ে পচন না ধরা অংশও কেটে ফেলেন? কোনটা করেন? বা ধরুন আপনার হাঁটুতে চুলকাচ্ছে। আপনি কী নিরপেক্ষতার স্বার্থে সারা শরীর সমানভাবে চুলকান? নাকি শুধু হাঁটুতেই চুলকান?

22. ধর্মতত্ত্ব, ঈশ্বর ই কি পৃথিবীর একমাত্র সমস্যা? ইশ্বর, ধর্ম ছাড়াই কি সবকিছু শুভ্রসুন্দর হয়ে উঠবে? অন্ধবিশ্বাসহীন পৃথিবী গড়ে কি লাভ? থাকুক না যার যার বিশ্বাস নিয়ে

না, ইশ্বর বা ধর্মই মুল সমস্যা নয়, তবে সমস্যার একটা অধ্যায় অবশ্যই। আধুনিক বিশ্ব যুক্তি প্রমান গবেষনা তথ্য উপাত্তের বিশ্ব। জ্ঞানভিত্তিক সমাজই সভ্যতার মুল শক্তি। ফ্যাক্ট এন্ড এনালাইসিস, বুদ্ধিশানিত করার প্রতিযোগীতা, এটাই সভ্যতার চাকা, টিকে থাকার শক্তি। যে যতবেশি যুক্তি প্রমাণ তথ্য উপাত্ত সংগ্রহ করে তা বৈজ্ঞানিক পদ্ধতিতে এনালাইসিস করতে পারছে, সেই সামনে এগুচ্ছে, বাকিরা তাদের অনুসরণ করছে মাত্র।

অথচ আমাদের সমাজের সাথে বিস্তর ফারাক সেই মূল স্রোতের। আমরা ক্রমশ উল্টা দিকে হাটছি। আমাদের সমাজ জ্ঞানভিত্তিক নয়, বিশ্বাসভিত্তিক। যেটা অবশ্যই সমস্যার শেকড়।

সকল বিশ্বাসকে শ্রদ্ধা করতে হলে, যার যার বিশ্বাস তাকে নিয়ে থাকতে দিতে হলে জামাত শিবিরে বিশ্বাসী, বর্নবাদী, সাম্প্রদায়িকতায় বিশ্বাসী, মৌলবাদীতায় বিশ্বাসীদেরও ছাড় দিতে হয়। যে ভাবে "মুখ দিছে আল্লায় খাওনও দিবো আল্লায়"-তার বিশ্বাসকেও সম্মান দিতে হয়! যারা বিশ্বাস করে আল্লার আইন কায়েম না হলে বোমা মেরে সব উড়িয়ে দেয়া উচিৎ , তাদের বিশ্বাসকেও সম্মান জানিয়ে তাদের বিশ্বাস নিয়ে তাদের থাকতে দেয়া উচিৎ। সম্মান করলে সব বিশ্বাসকেও সম্মান করবো, আর তা নাহলে সকল বিশ্বাসকেই প্রশ্ন করবো, যাচাই করে দেখবো তা কতটা কল্যানকর, কতটা যৌক্তিক। এখানে বিবেচ্য হচ্ছে, যেটা যত মানবতাবিরোধী, সেটা তত বেশি প্রশ্নের সম্মুখীন হলে বিব্রতবোধ করে। সেটা নিয়ে প্রশ্ন করতে, তা যাচাই করে দেখতে নিরুৎসাহিত করে।

আমাদের রাজনীতি, অর্থনীতি এখনও বিশ্বাসনির্ভর। আমরা নষ্ট রাজনীতিবিদদের এখনও বিশ্বাস করি, তাদের মেকি কান্না আর তসবি হিজাব দেখে আমাদের যুক্তি লোপ পায়। আমরা তাদের অতীত কর্মকান্ড যুক্তি দিয়ে বিচার বিশ্লেষণ করি না, আমাদের যুক্তিবোধ দলীয় আদর্শ আর নানান প্রপাগান্ডায় পথ হারায়। আমরা কখনও মুক্তিযুদ্ধের চেতনা লালন করি, কখনও আবার ইসলামী চেতনা আমাদের দখল করে। কিন্তু এদুটোকেই যৌক্তিক উপায়ে গ্রহণ বা বর্জন করতে আমরা শিখিনি।

আমাদের অর্থনীতিও বিশ্বাস নির্ভর। আমরা এই শতাব্দীতেও সুদকে হারাম মনে করি! আবার আমরাই ভিটেমাটি বিক্রি করে শেয়ার মার্কেটে টাকা খাটিয়ে নামাজে বসে লাভের আশায় প্রার্থনা করি। ডেসটিনির মত চকচকে চামারদের হাতে সবকিছু তুলে দেই। এখনও আমরা দেশের অর্ধেক জনগোষ্ঠী নারীদের ভোগ্যপণ্য ভাবি, তাদের বেঁচে থাকতে দিয়ে ভাবি অনেক অধিকার দিয়ে ফেললাম। খেয়ে পরে বেঁচে থাকতে দিয়ে আমরা প্রতিযোগীতায় নামি, যার বিষয়- "আমাদের ধর্মই নারীকে দিছে সর্বোচ্চ অধিকার এবং সুমহান মর্যাদা!"

এইসব বিশ্বাসমনস্কতার ফলাফল, জ্ঞান ও যুক্তিহীনতার কুফল, প্রথাগত জীবন আর সামাজিক সংস্কারের অভাব। আমাদের শিক্ষিত সমাজও মোটাদাগে প্রতিক্রিয়াশীল, তারা জেনেটিক ইনজিনিয়ারিং পড়ে সৃষ্টিতত্বকে বিশ্বাস করে, বিজ্ঞান পড়ে নুহের নৌকায় শান্তি খুঁজে পায়।আমাদের জ্ঞান আর আমাদের বিশ্বাসের এই ফারাকটা আমাদের বিজ্ঞানবিমুখ করে তোলে, বিজ্ঞানকে আমরা পাশ্চাত্যের ষড়যন্ত্র ভাবতে শুরু করি, এবং আমাদের বিশ্বাসের আবর্জনা দুর্গন্ধে ভরা হলেও আমরা ভাবি, এটা আমাদের নিজস্ব। অথচ আমাদের এই সকল বিশ্বাস মধ্যপ্রাচ্যের সাম্রাজ্যবাদের অংশ।

একজন প্রতিক্রিয়াশীল কুসংস্কারাচ্ছন্ন রাজনৈতিক কর্মী কখনই মানবসেবায় কাজে আসবে না, উগ্র জাতীয়তাবাদ আর গোয়েবলসীয় প্রপাগান্ডা দিয়ে ফায়দা লোটার দিন শেষ, এগুলো শুধু আবর্জনাই উৎপাদন করে। এই বিশ্ব তথ্য প্রযুক্তির, এই বিশ্ব বাক-স্বাধীনতার আর জ্ঞানের। সকলকে নাস্তিক হতে হবে না, সকলকে রাজনীতি করতে হবে না। তবে যুক্তিমনস্কতা এবং সচেতনতা থাকতেই হবে। এগুলো ছাড়া বারবার খালি প্রতারিতই হতে হবে।

এখন পৃথিবী এগিয়ে যাচ্ছে তীব্র গতিতে। মানুষ মহাবিশ্বের সৃষ্টিরহস্য ক্রমশ বুঝতে চেষ্টা করছে। এখন আর ওয়াজ মাহফিলে এক একটা ইহুদী নিধনে কয়টা হুর আর ঢিলা কুলুকের ছহি উপায় নিয়ে বিস্তর গবেষনার প্রয়োজন নাই। সোমবার পশ্চিমদিকে মুখ করে স্ত্রীগমনে পুত্রসন্তান লাভ হবে কিনা, তা নিয়ে মূর্খ আলোচনার উপযোগ নাই।

বিজ্ঞান কোথায় চলে যাচ্ছে, কৃত্রিম জীবন পর্যন্ত এসে গেছে, আর আমরা এখনও আরবী আবর্জনা হাদিস কোরানের সাথে বিজ্ঞানের কি কি মিলেছে না তা নিয়ে মাথা ঘামাচ্ছি। টিভিতে রোজ দেখি, ইসলামী ছাগলদের ডেকে এনে ফোনে জিজ্ঞেস করা হয়, "হুজুর, আমার বিবির নিকাব, হাতপা মোজা পরে না, আবার কাজ করে, উহাকে কিরুপে তালাক দিয়া নতুন বিবি আনিবো?" আমরা ভাবছি ওতেই সব জ্ঞান দেয়া আছে, ওটা পড়তে পারলেই জ্ঞানী! কিন্তু সত্য হচ্ছে, ওসবই আবর্জনার ল্যাদা,ওগুলো প্রাচীন সাহিত্য হিসেবে পড়া যায়, কিন্তু সারাজীবন, আধুনিক সভ্যতার সর্বত্র ওটাই মাথায় গুরপাক খেলে আর কিছুই বেরুবে না। একবইয়ের পাঠক সর্বদায় প্রতিক্রিয়াশীল।

আমরা চাই একটি জ্ঞানভিত্তিক সমাজ। প্রতিটি মোড়ে ব্যাঙের ছাতার মত গজানো মসজিদ মন্দিরগুলো ভেঙ্গে সেখানে গড়তে চাই লাইব্রেরী, গবেষনাগার আর তর্কবিতর্কের আড্ডা। আমরা সমূলে উৎখাত করতে চাই ধর্মব্যবসা, কুসংস্কার আর প্রতিক্রিয়াশীলতা।
আমাদের শিশুরা হোক গণিত আর পদার্থবিজ্ঞানে পারদর্শী, আমাদের তরুনরা হোক দর্শন আর শিল্পকলায় শ্রেষ্ট, আমাদের মধ্যবয়সীরা সারাজীবন দুর্নীতি করে শেষ বয়সে হজ্জে না গিয়ে সারাজীবন সৎ থেকে শেষ বয়সে নীতিশিক্ষা দেক, আমাদের বৃদ্ধরা দলবেধে মসজিদে উপুড় না হয়ে স্কুলে ছেলেমেয়েদের পড়াক, তাদের সাথে তর্কবিতর্কে অংশ নিক।
সমাজের আনাচে কানাচে ঘুণে ধরা প্রথা আর সংস্কার, সংস্কৃতির নামে আহাম্মকি, নৈতিকতার নামে দুর্নীতি। এই সবের মূলে আঘাত না করলে একসময় আমরাও মধ্যযুগীয় বর্বর মধ্যপ্রাচ্যে পরিণত হবো।

23. নাস্তিকদের পাসপোর্টে ধর্মের জায়গায় কী লেখা? মুসলমান নাম কেন?

পাসপোর্ট অফিসে গিয়েছিলাম। কর্মরত ব্যক্তি আমার ফরমের দিকে ভ্রু কুঁচকে তাকালেন, কারণ আমার পাসপোর্ট ফরমে ধর্মের জায়গায় লেখা নাস্তিক। আমাকে জিজ্ঞেস করলেন, আপনার ধর্মের জায়গায় এইটা কী লিখছেন?

আমি বললাম, এর মানে হচ্ছে নাস্তিক, যে প্রচলিত কোন ধর্ম কিংবা ঈশ্বরে বিশ্বাস করে না। তার তখন রীতিমত চেয়ার ভেঙ্গে পরে যাবার মত অবস্থা। বিস্ময়ে চোখ বড় বড় করে বললো, আপনের নাম দেখি মুসলমানগো মতো!

আমি তাকে বললাম, নামের কোন হিন্দু মুসলমান নাই। নাম হচ্ছে নাম। নামের বাঙলা, হিন্দি, আরবি, ইংরেজি ইত্যাদি আছে। নামকরণ নানান সংস্কৃতি এবং ইতিহাস, সর্বোপরি ভাষার উপরে নাম নির্ভর করে। যেমন অনিন্দ্য নামটা, কিংবা অনন্যা নামটা, কিংবা রুদ্র নামটা, এগুলো মোটেও হিন্দু নাম নয়। এগুলো বাঙলা নাম। আবার ধরেন আবদুল্লাহ, মুহাম্মদ, খাদিজা, আলী, আবু বকর, ওমর, এগুলো মোটেও ইসলামী নাম নয়, এগুলো সবই আরবি নাম। আইয়্যামে জাহিলিয়ার সময়কার পৌত্তলিক নাম। কারণ ইসলাম ধর্মের প্রবর্তক ছিলেন মুহাম্মদ, প্রথম ইসলাম গ্রহণকারী ছিলেন খাদিজা, এরপরে আলী, আবু বকর, ওমর এরা সকলেই ইসলাম গ্রহণ করেন। কিন্তু ইসলাম গ্রহণের আগেই তাদের এরকম নাম ছিল। ইসলাম পৃথিবীর মুখ দেখার আগেই তাদের নাম সেগুলো রাখা হয়েছিল। তাদের পৌত্তলিক বাপদাদারা এরকম নামই রেখেছিল। সেটা ছিল আইয়্যামে জাহিলিয়াতের যুগ, পৌত্তলিক আরবের যুগ। তার মানে এগুলো আসলে ইসলামী নাম বলা হলেও পৌত্তলিক নামই। ইসলাম আরবে না এসে বঙ্গে আসলে মুহাম্মদ এবং তার সঙ্গী সাথীদের নাম বাঙলাও হতে পারতো। তখন হয়তো মুহাম্মদ হয়ে যেত প্রসনজিৎ। আবার ধরুন মুহাম্মদের পিতার নাম আবদুল্লাহ, যে মুহাম্মদের জন্মের আগেই মারা যান। মুহাম্মদের কাছে ওহী আসে ৪০ বছর বয়সে। তাহলে তার বাবার নাম আবদুল্লাহ বা আল্লাহর দাস হলো কীভাবে?
অর্থাৎ আল্লাহ শব্দটার উপরেও ইসলামের একাধিপত্য নাই। আল্লাহ বা আল-ইলাহ তৎকালীন আরবের একজন বড় দেবতার নাম ছিল, যার তিনজন মেয়েও ছিল-লাত মানাত উজ্জা, কাবা ঘরে সেই দেবতার একটা বিশাল মূর্তি ছিল। মুহাম্মদ সেই আল্লাহ শব্দটাই ইসলামে গ্রহণ করেছেন, নিজের একেশ্বরের নামকরণ করেছেন তা থেকে।

সে বললো, আপনি আল্লায় বিশ্বাস করেন না কেন? আল্লাহ নাই এরকম প্রমাণ দেখাইতে পারবেন? বিজ্ঞান কী প্রমাণ করতে পারছে আল্লাহ নাই?

আমি বললাম, যা নাই তা অপ্রমাণ করা যায় না। আপনি অপ্রমাণ করতে পারবেন না যদি আমি বলি আমার পোষা আঠারোটা মেয়ে জ্বীন আছে। আল্লাহর অস্তিত্ব অপ্রমাণ করা যায় না, তাই সে থাকতেও পারে, যুক্তি এরকম হলে বলতে হয় রাম গরুড়ের ছানা, হাট্টিমাটিম টিম, মনসা দেবী শীতলা দেবী ওলা দেবী কালী শিব জিউস থর এগুলো কিছুই বিজ্ঞান অপ্রমাণ করে নি, তাই থাকতেও পারে! কিন্তু বিজ্ঞানের খেয়ে দেয়ে অনেক কাজ আছে এসব নেই তা প্রমাণ বা অপ্রমাণ করা ছাড়া। যে দাবী উপস্থাপন করে, তথ্যপ্রমাণ তারই দাবী করতে হয়। অন্য কেউ তা প্রমাণ বা অপ্রমাণ করবে না। নাস্তিকদের অবস্থান অনেকখানি মুক্ত। ঈশ্বরে অবিশ্বাস উপযুক্ত প্রমাণের অভাবেই, ঠিক যেমন আমরা শেওড়া গাছের পেত্নীতে অবিশ্বাস করি। আমরা বলি না "বিজ্ঞান কি পেরেছে শেওড়া গাছের পেত্নীকে মিথ্যা অপ্রমাণ করতে?" আসলে শেওড়া গাছের পেত্নী আর ঈশ্বরের ধারণার মধ্যে খুব তফাত নেই।

সে চোখ কপালে তুলে বললো, আপনে নাস্তিক ধর্ম গ্রহণ করছেন, তাইলে নাস্তিক ধর্মের নাম লইলেন না কেন?

আমি বললাম, নাস্তিক্যবাদ কোন ধর্ম না ভাই। এটা কোন আচার সর্বস্ব কিংবা আসমান থেকে টুপ করে পরা কোন কেতাব সর্বস্ব বিষয় না। এটা এক ধরণের যৌক্তিক দার্শনিক অবস্থান। এই ধর্মের কোন নাম নেই। যে যেই ভাষাভাষী, সে সেভাবেই তার নাম রাখতে পারে, কিংবা অন্য ভাষার নামও রাখতে পারে। কোন বাধা নেই। নাস্তিক্যবাদ কোন নামের অধিকার নিয়ে মাতব্বরি ফলায় না, সেই এখতিয়ার বা যুক্তি কোনটাই কোন ধর্ম কিংবা নাস্তিক্যবাদের নেই। তবে ধর্ম পালটালে বা নতুন ধর্ম গ্রহণ করলে যদি নামও পালটানো জরুরী হয়ে থাকে, তবে মুহাম্মদ, আলী, খাদিজা, ওমর, আবুবকর, এরা ইসলাম গ্রহণ করার পরে কী নাম পালটেছিল? নাকি তাদের পুরনো পৌত্তলিক ধর্মের নামই বলবত রেখেছিল?

তার চেহারা দেখে তখন মনে হচ্ছিল সে চিৎকার করে কান্না শুরু করবে। আমতা আমতা করতে করতে বললো, সবই বুঝলাম। কিন্তু আপনে নাস্তিক ধর্ম নিছেন, তাইলে নাম পালটাইলেন না কেন?

তখন বুঝতে পারলাম, এর সাথে আর বাক্যব্যয় অর্থহীন সময় নষ্ট। যত কথাই বলি না কেন, সে ঘুরায়ে ফিরায়ে একই কথা বলবে। কে জানি বলছিল, কবুতরের সাথে দাবা খেলা অর্থহীন। কারণ তুমি যতই চৌকশ চৌকশ চাল চালো না কেন, গ্র্যান্ডমাস্টারদের তুখোড় তুখোড় সব গুটি চেলে কিংবা একদমই নতুন কোন চাল দিয়ে বাজিমাত করো না কেন, তোমার প্রতিপক্ষ সেই ঘুরে ফিরে দাবার বোর্ডে হাগু করা ছাড়া আর কিছু করতে পারবে না। তাই ঝাড়ি দিয়ে বললাম যা লেখা আছে সেইটা কম্পিউটারে তুলেন। এত বক বক কইরেন না। ধর্ম এমন কেন সেই প্রশ্নের উত্তর আপনার কাছে দেয়া লাগবে না। সে মিনমিন করতে করতে কম্পিউটারে নাম এবং ধর্ম এন্ট্রি করলো।

এই প্রশ্নটি অসংখ্যবার অত্যন্ত স্বল্প আইকিউ সম্পন্ন ছাগু, সেমিছাগু, বলদ, চটি পেইজের এডমিনগণ রেগুলার ইনবক্সে করে থাকে। "ভাই আপনে নাস্তিক, তাইলে আপনের মুসলমান নাম কেন?" অথবা "মানুষ যদি বান্দর থেকে আইসা থাকে, এখনো বান্দর আছে কেন?" কিংবা "আল্লাহ না থাকলে কোরআন নাজিল হইলো ক্যামনে?" মমিন মুসলমানের এমন টাইপের প্রশ্ন আসলে এতটাই নির্বোধ যে, এগুলো নিয়ে বড়জোর হাসাহাসি হতে পারে। একই উত্তর বারবার লিখতে লিখতে কীবোর্ডের ছাল উঠে যায়, কিন্তু হায়! তাদের অণ্ডকোষ সাইজের মগজে কিছুই ঢোকে না। হে আল্লাহ, তুমি এদের এত কম আইকিউ ক্যামনে দিলা? মগজের অধিকাংশ অঞ্চল যদি চটি দিয়ে ঠাসা থাকে, তাহলে অবশ্য যুক্তি বোঝা আসলেই দুষ্কর ব্যাপার।

আমার এক কথা বারবার বলতে ক্লান্ত লাগে, কিন্তু মাথায় ঘিলুহীন লোকগুলোর একই কথা বারবার বলতে কোন ক্লান্তি নেই! আমি জানি এখনো ব্যাপারটা মাথায় ঢোকে নি, তাই আবারো বলছি। ইসলামিক নাম, হিন্দু নাম বলে কিছু নেই। নাম ভাষা, ইতিহাস, ঐতিহ্যের উপরে নির্ভর করে। কোন ধর্ম কোন নামের দাবীদার হতে পারে না। কারণ সেই নামগুলো ঐ বিশেষ ধর্মের আবির্ভাবের অনেক আগে থেকেই ছিল। এমনকি যিশু নামটিও খ্রিষ্টানরা খ্রিষ্টান নাম বলে দাবী করতে পারে না। গৌতম নামটিও পারে না বৌদ্ধরা বৌদ্ধ নাম বলে দাবী করতে। ইরাকে একজন মন্ত্রী ছিলেন, অত্যন্ত ক্ষমতাবান মন্ত্রী, নাম তারেক আজিজ। লাফ দিয়ে ওনাকে মুসলমান ভাবার দরকার নাই। উনি খ্রিষ্টান ক্যাথলিক ছিলেন। আরব অঞ্চলে খ্রিষ্টান, ইহুদী অনেকের নাম শুনলেই প্রথম অবস্থায় মনে হবে মুসলমান। কিন্তু তাদের নাম মোটেও মুসলমান নাম নয়, তাদের নামগুলো আরব নাম। আবার ভারতবর্ষে অনেক বাঙলা নামধারী ব্যক্তিই মুসলমান ছিলেন এবং আছেন।

তাই মাথা খাটাতে হবে, অণ্ডকোষ সাইজের মগজের অধিকারী মমিনগণ একটু মগজ খাটান। আর ইসলামিক নাম, হিন্দু নাম বলে যারা চেঁচামেচি করে, লুঙ্গি উঁচু করে নিজেদের মুসলমানিত্ব প্রদর্শনে সদা ব্যতিব্যস্ত থাকে, যারা নামের ভেতরে মুসলমানিত্ব, ভাষার ভেতরে মুসলমানিত্ব, রাষ্ট্রের ভেতরে মুসলমানিত্ব, পোশাকের ভেতরে মুসলমানিত্ব কায়েমের স্বপ্ন দেখে, সর্বত্রই ধর্মের আধিপত্যের পক্ষে কথা বলে, তাদের পূর্বপুরুষরাই বাঙলাকে হিন্দুয়ানী ভাষা বলেছিল। বাঙালি সংস্কৃতিকে হিন্দুয়ানী সংস্কৃতি বলেছিল, এখনো বলে।

24.



অনেক মুসলিম আছেন যারা বুঝতেই পারেননা বা বুঝতে চাননা যে, আমরা কেনো নবীর ছয় বছর বয়সের আয়েশাকে বিয়ে করার সমালোচনা করি। তাদের প্রশ্ন, 'ইতিহাসের অনেক বিখ্যাত মানুষই তো বাল্যবিবাহ করেছিলেন, তাদেরকে নিয়ে আমাদের কোনো মাথাব্যথা নেই কেন?'

কিন্তু, ইতিহাসের অনেক বিখ্যাত মানুষ বাল্যবিবাহ করে থাকলেই কি নবীর বাল্যবিবাহ গ্রহণযোগ্য হয়ে যায়? না! মুসলিমদের এধরণের বক্তব্য আপিল টু হিপোক্রেসি ফ্যালাসির উদাহরণ। ধরুন, আপনাদের পাড়ার এক ছেলে ফাহিম পাড়ার আরেক ছেলে জিসানকে বললো, 'কিরে তুই আমার ছোটবোন নীলাকে উত্ত্যক্ত করেছিস কেন?' উত্তরে জিসান আবার বললো, 'কেন তুই আমার ছোটবোন নদীকে উত্ত্যক্ত করিস নি?' এখানে কি ঘটলো? জিসান নিজের অন্যায়কে ফাহিমের অন্যায় দ্বারা ন্যায্য প্রমাণ করতে চাইলো। কিন্তু, অন্যের অপরাধের অজুহাতে নিজের অপরাধকে ন্যায্য প্রমাণ করা যায়না। ইংরেজিতে "Two wrongs do not make a right" বলে একটা কথা আছে। একটি অন্যায় আরেকটি অন্যায়কে বৈধতা প্রদান করেনা। আজ আমি কোনো মেয়েকে উত্যক্ত করলে সেটা অবশ্যই আমার অন্যায় হবে, একই কাজ কাল আপনি করলে অবশ্যই সেটা আপনার অন্যায় হবে। আমি করলেই আপনার করা গ্রহণযোগ্য হয়ে যাবেনা। একইভাবে, ইতিহাসের অনেক মানুষই বাল্যবিবাহ করেছেন বলে নবীর বাল্যবিবাহ গ্রহণযোগ্য হয়ে যায়না। তারা ভুল করেছিলেন বলে নবীর ভুলটি ঠিক হয়ে যায়না।

নবী কেবলই ইতিহাসের একজন বিখ্যাত মানুষ ছিলেননা। তাকে কোটি কোটি মানুষ সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব বলে দাবি করে, সর্বসময়ের জন্য অনুসরণীয় সর্বোত্তম আদর্শ বলে বিশ্বাস করে। ইতিহাসের অনেক বিখ্যাত মানুষই বাল্যবিবাহ করেছিলেন, তবে কাউকেই আমাদের সমাজে সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব বলে দাবি করা হয়না, কাউকেই সর্বসময়ের জন্য অনুসরণীয় সর্বোত্তম আদর্শ বলে বিশ্বাস করা হয়না। ইসলামের সমালোচকগণ কেনো নবীর ছয় বছর বয়সী আয়েশাকে বিয়ে করার সমালোচনা করে? নবীকে সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব বলে দাবি করা হয় বলেই করে, সর্বসময়ের জন্য অনুসরণীয় সর্বোত্তম আদর্শ বলে দাবি করা হয় বলেই করে।

25. আপনি নাস্তিক নাকি ধর্মবিদ্বেষী?

অবশ্যপাঠ্য কিছু আর্টিকেল

- ফ্যাক্ট, হাইপোথিসিস, থিওরি এবং ল'
- বিশ্বাস আর প্রমাণ
- বিজ্ঞানের দৃষ্টিতে খুন বা ধর্ষণের শাস্তি কী?
- **পরিপ্রেক্ষিত, প্রেক্ষাপট এবং অন্যান্য**
- রমজানের পবিত্রতা এবং সংযম সাধন!
- ত্যাগের মহিমা এবং কোরবানীর ফজিলত!
- ঈদ হাসতে শেখায়, ভালবাসতে শেখায়?
- পরমকরুণাময় এবং অসীম দয়ালু গাছাল্লাহ এবং আমার অবিশ্বাসী পাপী মন
- আহাম্মকোপিডিয়া এবং একটি নতুন শান্তির ধর্ম!
- একটি খুনের স্বপ্ন
- ইসলাম, গনিমতের মাল এবং আমাদের মানবতা
- সহিহ ভার্চুয়াল জিহাদের কলাকৌশল এবং টেমপ্লেট মন্তব্যসমূহ
- মৃত্যুপথযাত্রীর কাছে স্বর্গ নরক!
- ধর্মের দেয়াল!
- ধর্মবিদ্বেষ নয়, যুক্তিযুক্ত ঘৃণা প্রকাশের অধিকার
- ভাল ছেলে ইমরানের গল্প!
- **আন্ডারস্ট্যান্ডিং মুহাম্মদ**
- **নবীগিরি কি এবং কিভাবে**
- **নবি মুহাম্মদের ২৩ বছর - আলি দস্তি**
- ইসলামের ইতিহাসের সহজ পাঠঃ প্রকৃত ইসলামের সন্ধানে
- অতিমানবদের গণহারে ইসলাম গ্রহণ! সুভানাল্লাহ!
- ইসলাম সম্পর্কে মনিষীদের কথা
- নির্যাতিত মুসলমান সম্প্রদায়ের মিথ
- প্যারানয়েড বিশ্বাসের গল্প!
- আল্লাহর সাক্ষাৎকার
- বিশ্বাসের ভাইরাস
- একজন ঈশ্বর বিশ্বাসী নাস্তিকের কথা
- আমার অবিশ্বাস
- আমি কেন ইসলামে বিশ্বাস করি না। পর্ব-১, পর্ব-২, পর্ব-৩
- ইসলাম এবং আমার অবিশ্বাস (পর্ব এক), (পর্ব দুই), (পর্ব তিন)
- ধর্মানুভূতির উপকথা
- লালসালু - সৈয়দ ওয়ালীউল্লাহ্
- প্রকৃতিতে অলৌকিক চিত্রাবলী কেন দেখা যায়
- একজন মানুষ চুরি করলে তার জন্য কি সেই মানুষটির ধর্ম দায়ী?
- পানির দামে ফেরারী গাড়ি বুঝে নিন!
- অনাগত পুত্রের প্রতি
- তিনি আরজ আলি মাতুব্বর
- শয়তানের জবানবন্দি- আরজ আলী, ২
- আধুনিক দেবতত্ত্ব - আরজ আলী মাতুব্বর
- প্রশ্নাবলীঃ আরজ আলী মাতুব্বর
- বিপদে মোরে রক্ষা করো?
- নড়বড়েঃ ৯৯ এ নয় ছয়
- বর্বর ইসলাম ও বাংলায় বর্বরতার সুচনা
- মহাবিশ্বঃ বিস্ময়ের এক ইতিহাস
- শুরুর দিকের মুসলিমরা কি জানতো পৃথিবী গোল?
- নব্বই ভাগ মুসলমানের দেশ, অনুভূতি ও নাস্তিকতা
- অধিক শপথ/কসম করা খারাপ লক্ষণ?
- বিবর্তনতত্ত্ব : কিছু ভুল ধারনা খন্ডন
- আবর্জনা (junk) ভরা DNA আর 2007 সালে প্রকাশিত ENCODE প্রোজেক্টের দ্বন্দ্ব
- র‍্যাপিডলি ইভলভিং হিউম্যান উইথ স্পেন্সার ওয়েলস
- ইসলাম ধর্মের বিভিন্ন শাখা-প্রশাখা
- সহি ইসলামি রোল মডেল ও বঙ্গ মুসলিমের ভণ্ডামো
- নবী মহাম্মাদ এর যৌন ক্ষমতা : একটি সুপরিচিত অতিরঞ্জন
- আল্লাহর আইন চাই ও একজন হাজী মোহাম্মাদ মহসিন
- মানুষের (Homo Sapiens) এক জোড়া পূর্বপুরুষ?
- আপনি কি বিজ্ঞানমনস্ক, ধর্মমনস্ক নাকি উভয়ই?
- এখনো বিষের পেয়ালা ঠোঁটের সামনে তুলে ধরা হয় নি, তুমি কথা বলো
- আমরা বলি বাচো এবং বাঁচাও: দয়াময় আল্লাহপাক বলেন, মারো এবং মরো
- প্যারাডক্সিকাল সাজিদ ২: গল্পে জল্পে আরিফ আজাদের মূর্খতা, অমুসলিমদের অধিকার!
- ধর্ম, বিজ্ঞান ও আরিফ আজাদ
- একজন মিনার ভাই ও তার বুদ্ধিবৃত্তিক বিভ্রান্তি
- ডাক্তার জাকির আব্দুল করিম নায়েক প্রসঙ্গে
- ইসলামে বৈবাহিক ধর্ষণের বৈধতা
- ইসলামে বৈবাহিক ধর্ষণের বৈধতা কি অস্বীকার করা যায়?
- স্ত্রী কি স্বামীর দাসী সেক্স বিষয়ে আপত্তি করতে পারে?
- মৃত্যুর চারঘণ্টা পরও মস্তিষ্কের কার্যকারিতা ফিরিয়ে আনা গেল
- সন্ত্রাসীদের কোন ধর্ম নেই?
- আল্লাহর নিকট বিশেষ পত্র
- বিজ্ঞান কি মৃত্যু ঠেকাতে পেরেছে?
- আজানের সময় কুকুর ডাকে কেন?
- মানবিক আদালতে একটি আকুল আবেদন
- মাননীয় হেডমাস্টার! কোথায় আপনি?
- ইসলামে স্বাধীন ইচ্ছা এবং নিয়তি
- আবূ লাহাবের পূর্ব নির্ধারিত অপরাধসমূহ
- 'সবই ব্যাদে আছে' ১৪০০ বছর আগেই আবিষ্কার ?
- কোরআন ও হাদীস অনুসারে চাঁদের নিজস্ব আলো আছে
- কুরআন হাদিস অনুসারে সূর্য কি পৃথিবীর চারদিকে ঘুরে?
- একটি প্রেমের গল্প
- হযরত মুহাম্মদ কি আসলেই নিরক্ষর ছিলেন?
- করোনা ভাইরাস, ইসলামিজম ও সংক্রমণের ইতিকথা
- আপনার কচু খেতে ভাল লাগে না?

- আমি কেন ধর্ম মানি না - ১
- এক অবিশ্বাসীর রোমন্থন ও একজন অভিজিৎ রায়
- মুক্তির অনুভূতি
- ইসলাম এবং ধর্মত্যাগ
- ইসলামে দাসীদের সাথে আচরণ প্রসঙ্গে
- ইসলামে পর্দাপ্রথা-স্বাধীনা ও দাসীর পার্থক্যকরণ
- ইসলাম যেভাবে মুমিনদের অবাধ যৌনস্বাধীনতা দেয়

- 13.8 বিলিয়ন বছর পূর্বে মহা বিস্ফোরণের (Big Bang) আগে কি ছিল?
- আমি ধর্মের বাইরের একজন মুক্ত মানুষ
- কি আছে ইসলাম ধর্মে যা তার আশ্রয়দাতার গলায় ছুরি চালাতে উদ্বুদ্ধ করে ?
- কুরআনে অমুসলিমদের বিরুদ্ধে কটুক্তি
- একজন আমেরিকান তালেবান
- জাইদ-জয়নব, দত্তকপ্রথা ও দুধপান সম্পর্কিত সমস্যাবলী

- যা কিছু হারাম - কুরআন হাদিসের দলিল
- ধর্ম ও সম্মান রক্ষার্থে হত্যা বা অনারকিলিং
- ধর্ম ও অজাচার- রক্ত সম্পর্কীয় বিবাহ এবং যৌনতা প্রসঙ্গে
- ইসলামি শরিয়া রাষ্ট্রে অমুসলিমদের অধিকার
- শিশু নির্যাতন প্রসঙ্গে ইসলামের অবস্থান
- ইসলামে ইহুদীবিদ্বেষ
- জনসংখ্যা বৃদ্ধি, মাতৃ ও শিশুমৃত্যুতে ইসলামের ভূমিকা

- ইসলাম কি অমুসলিমদের সাথে বন্ধুত্বের অনুমোদন দেয়?
- ইসলাম কি ইনসাফ প্রতিষ্ঠা করে?
- ইসলাম কি যাচাই করার সুযোগ দেয়?
- কিতাল ফি সাবিলিল্লাহ – কিয়ামত পর্যন্ত জিহাদের বিধান
- ধর্ম অবমাননা, সাম্প্রদায়িকতা এবং মূর্তি ভাঙ্গার সুন্নত

নবী মুহাম্মদ কি সর্বকালের সর্বশ্রেষ্ঠ মানুষ ছিলেন?

হযরতের অনুকরণীয় সুমহান চরিত্র

বহুবিবাহ এবং ইসলামিক ডিফেন্স

তথাকথিত মহানবীর বহুবিবাহের তথাকথিত রাজনৈতিক কারণ

হাদিস সমূহের ভুল ঢাকতে ইসলামিস্টদের দেওয়া ব্যাখ্যার সীমাবদ্ধতা

দাসী প্রসঙ্গে ধূর্ত হিপোক্রেট মডারেট মুমিনদের মিথ্যাচারের জবাব

বাল্যবিবাহ, পেডোফিলিয়া এবং ইসলাম

বাল্যবিবাহ এবং ইসলামিক ডিফেন্স

নবীর বাল্যবিবাহ নিয়ে হিপোক্রেট ইসলামিক এপোলোজিস্টদের নির্লজ্জ দাবিসমূহের জবাব



"If the people of this religion are asked about the ***proof*** for the soundness of their religion, ***they flare up, get angry and spill the blood*** of whoever confronts them with this question.

They forbid rational speculation, and strive to kill their adversaries.

This is why ***truth became thoroughly silenced and concealed***."

— Muhammad ibn Zakariya al-Razi
(854 CE – 925 CE)



You claim that the evidentiary miracle is present and available, namely, the Koran. You say: "Whoever denies it, let him produce a similar one." Indeed, we shall produce a thousand similar, from the works of rhetoricians, eloquent speakers and valiant poets, which are more appropriately phrased and state the issues more succinctly. They convey the meaning better and their rhymed prose is in better meter.

By God what you say astonishes us! You are talking about a work which recounts ancient myths, and which at the same time is full of contradictions and does not contain any useful information or explanation.

Then you say: "Produce something like it"?

Muhammad ibn Zakariya al-Razi



claim to be evidence (for prophecy). If an opponent wishes to make a claim of this sort, we would concede it to him and ***leave him to that state (that) the intoxication of foolishness and caprice has induced in him***, even though we can produce for him something better in the way of first-rate poetry or eloquent speech and marvelous epistles - such that it is more eloquent, more articulate and of ***finer rhyme then that Quran***. "


— Muhammad ibn Zakariya al-Razi


↥




"Jesus claimed that he is the son of God, while Moses claimed that He had no son, and Muhammad claimed that he [Jesus] was created like the rest of humanity." and

From the beginning of the human history, all of those who claimed to be prophets were, in his worst assumption, tortuous and devious and with his best assumption had psychological problems.









Firework of National Poet of Bangladesh- Kazi Nazrul Islam


↥













All religions are equally sublime to the ignorant, useful to the politician, and ridiculous to the philosopher.

- Lucretius (94 BC - 49 BC)

↥



RELIGION DOES THREE
THINGS QUITE EFFECTIVELY:
DIVIDES PEOPLE
CONTROLS PEOPLE
DELUDES PEOPLE.
@GODWORKSOUT


"You don't need religion
to have morals.
If you can't determine
right from wrong,
then you lack empathy,
not religion."



The religious want us to believe
that morality is synonymous with
being religious,
but morality is determined by
how we treat each other, not
what label we adopt.

↥


MORALITY IS DOING WHAT IS RIGHT REGARDLESS OF WHAT YOU ARE TOLD
RELIGION IS DOING WHAT YOU ARE TOLD REGARDLESS OF WHAT IS RIGHT


There's a simple argument that shows morality doesn't originate in religion:
If it did, we wouldn't find anything in religion to be morally problematic.


RELIGION
Religion is an embarrassing human practice of convincing the mind to ignore common sense, logic, reason and evidence while blindly believing in ancient fairytales. It encourages its followers to value faith over facts and reality. It makes its followers proud instead of being ashamed of their ignorance.


Freethinkers are those who are willing to use their minds without prejudice and without fearing to understand things that clash with their own customs, privileges, or beliefs. This state of mind is not common, but it is essential for right thinking.


Never blindly believe, never blindly follow.



Blind belief in authority is the greatest enemy of truth.


Don't Follow Others Blindly!


↥


FactCheck & CrossCheck Your Belief






The reasons why there is no 'conscious creator/god' exists. Click on the text to see the documentary






↥









ঈশ্বর কি আমাদের পরীক্ষা নিচ্ছেন?

সম্প্রতি একটা খবর এসেছিল যে ২ মাস বয়সী একটা মেয়ে ধর্ষিত হয়েছে। এখানে আসলে কার পরীক্ষা নেয়া হয়েছে? ধর্ষিতার নাকি ধর্ষকের?

↥


Our belief
system is the
lens through
which we see



I BELIEVE THE EARTH WAS CREATED WHEN TWO ANGRY TURTLES DID BATTLE WITH SPACE-GOD.
THAT'S STUPID.
IT'S MY RELIGION.
AND I RESPECT IT.



Science Simplified:
"I can fly."
"Prove it."
"Wow! You're right."
Religion Simplified:
"I can fly."
"Prove it."
"You prove I can't fly"
Religion Simplified:
"I can fly."
"Prove it."
"You have no faith!!!"

↥





"I understand the allure of religion. It offers hope in a world that's often cruel and unfair. But religion's promises have been consistently proven false. Science, on the other hand, has actually delivered the things that improve human life.





↥


JUST BECAUSE SCIENCE DOESN'T KNOW EVERYTHING
Presbyterian
Jainism (Ahimsa Hand)
Jainism (Swastika)
Hinduism (Swastika)
Hinduism Pranava
Ayyavazhi Lotus Carrying Namam
Islam (Muslim)
Buddhism Wheel of Dharma
Buddhism Lotus Flower
Judaism Menorah
Trident of Shiva
Christianity Latin cross
Christianity Orthodox cross
Shinto (Japan) Torii Gate
Judaism Star of David
Bahai Faith Nine Pointed Star
Christianity Chi Rho
Taoism (Daoism) Yin and yang
Sikhism
DOESN'T MEAN YOU CAN FILL IN THE GAPS WITH WHATEVER FAIRY TALE MOST APPEALS TO YOU.


The difference between fact and belief
Science/Fact
Religion/Belief
Gather empirical facts (aka, "evidence")
Exercise critical reasoning based upon evidence
Postulate a tentative theory
Subject the theory to peer review
Revise as necessary based upon new evidence or findings
Study an ancient and revered book ("God's Word")
Accept it by faith
Consider it to be the revealed Truth, which must not be doubted
Done


↥


Science

Always question, always doubt.
Admits when its wrong.
when Challenged replies
with evidence


Religion


NEVER QUESTION, NEVER DOUBT.
NEVER ADMITS WHEN IT IS WRONG.
WHEN CHALLENGED, BECOMES HOSTILE.







↥



"There are two ways to be fooled. One is to believe what isn't true.
The other is to refuse to accept what is true." -
Soren Kierkegaard



The fact that a believer is happier than a skeptic is no more to the point than the fact that a drunken man is happier than a sober one.
George Bernard Shaw



FAITH
Where there is evidence, no one speaks of faith. We do not speak of faith that two and two are four or that the earth is round. We only speak of faith when we wish to substitute emotion for evidence.
~ Bertrand Russell



Atheism does not require faith. Faith is belief that is disproportionate to the best currently available evidence. Atheism is proportionate to the evidence. There is no reasonable evidence that gods exist, and a lot of evidence that humans invented the idea.
— Michael Nugent

↥


Religion does three things quite effectively:
Divides people,
Controls people,
Deludes people.


Religions survive mainly because they brainwash the young.
— A.C. Grayling —


Your religious beliefs are not "sacred" or immune to criticism. They are beliefs in your head based on where you were born, how you were raised, and who influenced you. Simply having religious beliefs does not make them true or obligate others to respect them. So please, for everyone's sake: wake up and educate yourself.



My own view on religion is that of Lucretius. I regard it as a disease born of fear and as a source of untold misery to the human race.
Bertrand Russell

↥

Religion is based ... mainly upon fear ... fear of the mysterious, fear of defeat, fear of death. Fear is the parent of cruelty, and therefore it is no wonder if cruelty and religion have gone hand in hand. My own view on religion is that of Lucretius. I regard it as a disease born of fear and as a source of untold misery to the human race.


Bertrand Russell

ধর্মের কাল্পনিক বিষয়ে প্রতারণার শিকার হয়ে - ধার্মিকরা আন্তরিকভাবে পন্ডশ্রম করেই চলে প্রতিনিয়ত। এভাবে মানুষের লক্ষ লক্ষ ঘন্টা মূল্যবান সময় হারিয়ে যায় ধোঁকার কবলে।




↥



HINDU- Durga Puja today, Kali Puja next day, Kartik Puja the next next day .. Puja all year round ... Waste of time, result: less-developed society.
MUSLIM- 5 times a day prayers, fasting for a month, extra religious, religious intolerance.. a waste of time, result: an underdeveloped society.
CHRISTIAN- Pray one day a week, still 90% do not go to church, celebrate 3-4 days a year ...less time wasted, results: improved society.



If ignorance of nature gave birth to gods, knowledge of nature is made for their destruction.
Prometheus Unbound
Percy Bysshe Shelley, Vida Dutton Scudder


↥



ATHEISM:
We're just more skeptical about the existence of invisible beings than everyone else


Do not correct a fool, or he will hate you;



"Never tell the truth to people who are not worthy of it."
— Mark Twain



— Friedrich Nietzsche —
"Sometimes people don't want to hear the truth because they don't want their illusions destroyed."


/ If you would be a real seeker after truth, it is necessary that at least once in your life you doubt, as far as possible, all things. /
- Rene Descartes


/ Freethinkers are those who are willing to use their minds without prejudice and without fearing to understand things that clash with their own customs, privileges, or beliefs. This state of mind is not common, but it is essential for right thinking... /
- Leo Tolstoy

↥


চিন্তার মুক্তির আন্দোলন
স্বাভাবিকত্ব বা প্রথাগত হেত্বাভাস
এই হেত্বাভাসটি সংঘটিত হয় যখন কী স্বাভাবিক, কী স্বাভাবিক নয়, কী হয়ে আসছে, কী কখনও হয় নি, এর উপর ভিত্তি করে যখন কোন নৈতিক সিদ্ধান্ত টানা হয় যে, কোনটাকে ভাল, কোনটাকে মন্দ বলা যায়। অন্যভাবে বললে, সচরাচর ঘটে কিংবা সচরাচর ঘটে না, সবাই করে কিংবা সবাই করে না, এর ওপর ভিত্তি করে যদি কোন কাজকে নৈতিক/ ভাল বা অনৈতিক/মন্দ কাজ বলে সিদ্ধান্ত টানা হয়, তাহলে তাকে আপিল টু নরমালিটি ফ্যালাসি বলা হবে।
• ১৪০০ বছর আগে পরাজিত বাহিনীর লোকদের হত্যা করে তাদের স্ত্রী কন্যাদের তুলে এনে গনিমতের মাল নাম দিয়ে তাদের সাথে যৌন সম্পর্ক করাটাই স্বাভাবিক ছিল। তাই এই কাজকে খারাপ বলা যাবে না।
• > কিন্তু ১৪০০ বছর আগে কোন কাজ খুবই স্বাভাবিক ছিল, সকলেই করতো, সেই কারণেই তা নৈতিক বা ভাল কাজ বলে গণ্য হতে পারে না।
• বাঙলাদেশে সব সরকারি কর্মকর্তা কর্মচারিই ঘুষ খায়। আফগানিস্তানের কিছু গোত্রে সকলেই ধর্ষণ করে। তাই ঘুষ বা ধর্ষণ খারাপ কিছু নয়!
• > কিন্তু সকল কর্মচারি ঘুষ খেলেই বা গোত্রের সকলে ধর্ষণ করলেই সেই কাজটী বৈধ বা নৈতিক বা ভাল কাজ বলে গণ্য হতে পারে না।
• > আগে চললেও, তাতে কাজটি নৈতিক বা ভাল কাজ বলে গণ্য হতে পারে না। খারাপ কাজটি খারাপ থাকে।


চেরি পিকিং হেত্বাভাস
যখন বিভিন্ন রকম তথ্য প্রমাণ, ডেইটা বা সম্ভাবনা থেকে শুধুমাত্র আমাদের অনুকূলে যায় এরকম তথ্য প্রমাণ, ডেইটা বা সম্ভাবনাকেই বেছে বেছে গ্রহণ করি, তখন এই হেত্বাভাসটি সংঘটিত হয়।
• কোরআনে বলা হয়েছে, পৃথিবী এবং আকাশ(মহাবিশ্ব) এক সময় একসাথে ছিল। আল্লাহ পাক তা আলাদা করেন যা বিগ ব্যাং তত্ত্বের দিকেই নির্দেশ করে।
• বিগ ব্যাং তত্ত্বে কোথাও বলা হয় নি, পৃথিবী এবং মহাবিশ্ব এক সময় একই বিন্দুতে ছিল। আমাদের অবজারভেবল মহাবিশ্বের বয়স ১৩.৮ বিলিয়ন বছর। এবং পৃথিবীর বয়স ৪.৫৪৩ বিলিয়ন বছর। অর্থাৎ, পৃথিবী নামক কোন কিছুর অস্তিত্ব মহাবিশ্ব সৃষ্টির প্রায় ৯ বিলিয়ন বছর পরের ঘটনা। তাহলে, পৃথিবী এবং মহাবিশ্ব একসাথে ছিল, এটি ভুল কথা। এছাড়াও, কোরআন অনুসারে পৃথিবীকে আগে সুসজ্জিত করা হয়েছে (সুরা ফুসসিলাত আয়াত ৯-১২), এরপরে আল্লাহ আকাশের দিকে মনোযোগ দেন। অর্থাৎ আকাশের গ্রহ নক্ষত্র ধুমকেতু সবই সৃষ্টি করা হয়েছে পৃথিবীকে সুসজ্জিত করার পরে। কোরআন অনুসারে, সে সবের বয়স পৃথিবী থেকে কম। অথচ, আমাদের কাছে এরকম তথ্য প্রমাণ রয়েছে যে, মহাবিশ্বের অসংখ্য নক্ষত্র পৃথিবীর চাইতে অনেক পুরনো, অনেক প্রাচীন। তাহলে, কোরআনের দাবীগুলো সত্য কীভাবে?
• লক্ষ্য করুন, প্রথম কথাটির দাবীদার চেরি পিকিং করছেন। অর্থাৎ বিজ্ঞানের সাম্প্রতিক তথ্যের সাথে যতটুকু মিলছে, ততটুকুই উনি বলছেন। অন্যান্য বিষয়াদি উহ্য রেখে। তাই এটি একটি ফ্যালাসি, যাকে আমরা বলি চেরি পিকিং।

ব্যাখ্যা ও অজুহাত বা ন্যায্যতা প্রতিপাদনকে গুলিয়ে ফেলা

কোন ঘটনার ব্যাখ্যা (explanation), অজুহাত (excuse) এবং ন্যায্যতা প্রদান(justification) তিনটি আলাদা বিষয়। কোন ঘটনার ব্যাখ্যাকে তার ন্যায্যতা প্রতিপাদন বা অজুহাত হিসেবে মনে করলে এই হেত্বাভাস হয়।

- পাকিস্তানীরা ১৯৭১ সালে বাঙলাদেশে গণহত্যা চালিয়েছিল।
- আপনার এইসব ঘটনার ব্যাখ্যা জানতে হবে। পরিপ্রেক্ষিত বুঝতে হবে। প্রেক্ষাপট বিবেচনা করতে হবে! সেসব না বুঝে আপনি এই কথা বলতে পারেন না।
- গণহত্যার আপনি কী ব্যাখ্যা দিতে পারেন?
- ঐ সময় খুব কঠিন সময় ছিল। ভারতের দালালরা পাকিস্তানকে ভাঙতে চেয়েছিল। ষড়যন্ত্রকারীরা চেয়েছিল পাকিস্তানের ক্ষতি করতে। আগরতলা ষড়যন্ত্র মামলা কেন হয়েছিল জানেন? সেই সময়ে কিছু বাঙালি দুর্বৃত্ত পাকিস্তানের সংবিধান লঙ্ঘন করেছিল। পাকিস্তান রাষ্ট্রের সাথে চুক্তি ভঙ্গ করেছিল। সেই সময়ে দেশপ্রেমিক পাক সেনাবাহিনী কঠোর হস্তে বিদ্রোহ দমন করে।

.com
gshoy.com

স্ববিশেষ মিনতি কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে, যখন কেউ একটি সর্বজনীন নিয়মের কথা বলে কোন কিছু দাবী করে, কিন্তু সেই নিয়মটি তার দাবীর ক্ষেত্রে ব্যবহার করতে চায় না। তার দাবীটি এই নিয়মের উর্ধ্বে বা ব্যতিক্রম হিসাবে কিছু দাবী করে, অর্থাৎ স্পেশাল প্লিডিং করে।

- দাবীঃ অস্তিত্বশীল সব কিছুরই স্রষ্টা থাকতে হবে। স্রষ্টা ছাড়া কোনকিছু এমনি এমনি অস্তিত্বশীল হওয়া সম্ভব না।
- প্রশ্নঃ তাহলে অস্তিত্বশীল স্রষ্টার সৃষ্টি কীভাবে হয়েছে? কে করেছে? তিনি কি এমনি এমনি অস্তিত্বশীল হয়েছেন?
- দাবীঃ হ্যাঁ, তিনি এমনি এমনিই হয়েছেন। তার কোন স্রষ্টার প্রয়োজন নেই। তিনি স্বয়ম্ভু, স্বয়ংসম্পূর্ণ।
- প্রশ্নঃ কিন্তু আপনি তো বললেন, অস্তিত্বশীল সবকিছুরই স্রষ্টা থাকতে হবে। তাহলে অস্তিত্বশীল স্রষ্টার স্রষ্টা না থাকাটা আপনার যুক্তির বরখেলাপ হয়ে গেল না?
- দাবীঃ আল্লাহ একটি স্পেশাল ক্যারেকটার। উনি সৃষ্টির উর্ধ্বে। অস্তিত্বশীল হলেও উনার স্রষ্টার কোন প্রয়োজন নেই।

.com
gshoy.com

↥

পক্ষপাতদুষ্ট নিশ্চিত কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে, যখন কেউ তার পূর্বের বিশ্বাস বা ধারণার প্রতি পক্ষপাতের কারণে এমনভাবে যুক্তি তথ্য প্রমাণ অনুসন্ধান করেন, বা এমন সব তথ্যই শুধু মনে রাখেন, যা তার পূর্বের ধারনাকে সমর্থন করে বা যেন তার পুর্বের বিশ্বাসটিই সত্য প্রমাণিত হয়। অর্থাৎ জ্ঞানের ক্ষেত্রে পূর্বের বিশ্বাসের প্রতি পক্ষপাত।

- আপনি মুসলিম পরিবারে জন্মেছেন এবং ছোটবেলা থেকে ইসলাম ধর্মকেই সত্য বলে মেনে নিয়েছেন। বিজ্ঞানের সাথে কোরআনের যেটুকু মিলেছে, সেটুকু আপনি প্রচার করলেন এবং দাবী করলেন ইসলাম সত্য ধর্ম।
- আপনি হিন্দু পরিবারে জন্মেছেন এবং ছোটবেলা থেকে হিন্দু ধর্মকেই সত্য বলে মেনে নিয়েছেন। বিজ্ঞানের সাথে বেদের যেটুকু মিলেছে, সেটুকু আপনি প্রচার করলেন এবং দাবী করলেন সনাতন ধর্মই সত্য ধর্ম।

.com
gshoy.com


তালগাছ আমার কুযুক্তি


এই হেত্বাভাসটি ঘটে, যখন উপস্থাপিত যুক্তি তথ্য প্রমাণ যাই হোক না কেন, যুক্তিতর্কের ফলাফল কেউ আগেই নির্ধারণ করে সেই বিশ্বাসে স্থির থাকবে, এবং তাকে যত যুক্তি প্রমাণই উপস্থাপন করা হোক না কেন, সে কিছুতেই তার সিদ্ধান্ত পরিবর্তন করবে না, তাকে আমরা বলি আর্গুমেন্ট ফরম ফাইনাল কন্সিকুয়েন্সেস বা তালগাছ আমার কুযুক্তি।



- বিতর্কের বিষয় হচ্ছে, বিবর্তনতত্ত্ব আসলে সঠিক কিনা।
- ধর্মের পক্ষের ব্যক্তি প্রতিপক্ষকে বললেন, আপনি যত যুক্তি বা প্রমাণই দেখান না কেন, আমি মানবো না। কারণ আমার কেতাবে লেখা আছে আদম হাওয়ার কথাই সত্য।
- এরপরে তিনি প্রতিপক্ষের সকল যুক্তি তথ্য প্রমাণ বাতিল করে তালগাছ নিয়ে নিলেন।

.com
gshoy.com


লক্ষ্য পরিবর্তন কুযুক্তি
এই হেত্বাভাসটি ঘটে যখন কোন বিতর্কের মূল বিষয়বস্তু থেকে সরে গিয়ে মূল বিতর্কের নিয়ম বা লক্ষ্য পরিবর্তন করার চেষ্টা করা হয়।
দুটি দল ফুটবল খেলছে। কিন্তু একপক্ষ বিপরীতদিকে কিছুতেই গোল দিতে পারছে না। অপরপক্ষের রক্ষণভাগের খেলোয়ারগণ তাদের আটকে দিচ্ছে। তাই তারা নিজেদের দিকেই বিপরীত পক্ষের গোলপোস্ট বানিয়ে সেখানেই গোল দেয়া শুরু করলো। কারণ নিজেদের দিকে গোল দেয়াই সহজ। তারা দাবী করতে লাগলো, এটাই অপরপক্ষের গোলপোস্ট, তারা এখানে গোল দিলেই হবে। কিন্তু একই নিয়ম বিপরীতপক্ষের জন্য প্রযোজ্য হবে না। মানে, বিপরীত পক্ষ তাদের দিকে আরো একটি গোলপোস্ট বানিয়ে গোল দিতে পারবে না। এই সুবিধাটি শুধুমাত্র তাদের জন্যেই প্রযোজ্য।
বিতর্কের বিষয় হচ্ছে, নবী মুহাম্মদ দাসীর সাথে যৌনকর্ম করতেন কিনা।
ইসলামের পক্ষের ব্যক্তি দাবী করলেন, নবী দাসদাসীদের অতিরিক্ত মারধোর করতে নিষেধ করেছেন।
এরপরে ইসলামের পক্ষের ব্যক্তি তার বক্তব্য প্রমাণের চেষ্টা চালিয়ে গেলেন, মূল বিষয়টিকে পাশ কাটিয়ে।


অপ্রাসঙ্গিক তর্কের কুযুক্তি
এই হেত্বাভাসটি ঘটে যখন কোন দাবীর সপক্ষে প্রমাণ চাওয়া মাত্রই সেই গুরুত্বপূর্ণ প্রশ্নটি থেকে দর্শক শ্রোতার দৃষ্টি সরিয়ে নিতে বা বিভ্রান্ত করতে সম্পূর্ণ প্রসঙ্গহীন কিছু বিষয় উত্থাপন করা হয়। যার ফলে আলোচনাটি পণ্ড হয়ে নতুন আরেকটি আলোচনা শুরু হয়।
দাবীঃ আমার মনে হয় ভুত আছে।
প্রশ্নঃ ভুত যে আছে, তার প্রমাণ কী?
উত্তরঃ এই যে আমরা জন্মেছি, মারা যাচ্ছি, এগুলো তো সত্য, তাই না? মারা যে যাচ্ছি, আমরা কোথায় যাচ্ছি?

ভণ্ডামি আশ্রিত কুযুক্তি

- ইসলামে নারীর মানবিক অবস্থান খুবই অসম্মানজনক। কুযুক্তি – হিন্দু ধর্মে নারীর অধিকার কতটুকু? সেখানেও তো অসম্মানজনক।

1. অন্য আরেকজন দুর্নীতি করলেই প্রথম জনার দুর্নীতি বৈধতা পায় না।
2. হিন্দু ধর্মে নারী অসম্মানজনক অবস্থানে থাকলেই ইসলামে নারীর অবস্থান সম্মানজনক তা প্রমাণ হয় না।
3. ইসলামের নামে জঙ্গিবাদকে রোহিঙ্গা মুসলিমদের ওপর নির্যাতনের কথা তুলে ধরে বৈধতা দেয়া যায় না।
4. আরেকটি অন্যায়ের উদাহরণ প্রথম অন্যায়টিকে ন্যায় বানাতে পারে না।

শুন্যস্থানের ঈশ্বর কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে যখন কোন বৈজ্ঞানিক জ্ঞানের সীমাবদ্ধতাকে বা ফাঁককে ঈশ্বরের অস্তিত্বের প্রমাণ হিসেবে উপস্থাপন করা হয়।

- দাবীঃ যেহেতু ডার্ক ম্যাটার সম্পর্কে আমাদের জ্ঞানের সীমাবদ্ধতা রয়েছে, সেহেতু ঈশ্বর আছে।
- দাবীঃ যেহেতু মিসিং লিঙ্ক বা সকল ট্রানজিশনাল ফসিল পাওয়া যায় নি, সেহেতু বিবর্তনতত্ত্ব মিথ্যা। ঈশ্বরই সব সৃষ্টি করেছেন আদম হাওয়ার মাধ্যমে।

জনপ্রিয়তার কুযুক্তি


এই হেত্বাভাসটি ঘটে, যখন কোন গুরুত্বপুর্ণ ব্যক্তির মতামতকে একটি যুক্তি হিসেবে উপস্থাপন করে কোন দাবীকে সত্য বলে চালাবার চেষ্টা করা হয়।

- দাবীঃ ইসলাম যদি সত্য নাই হয়ে থাকে, তাহলে ১৬০ কোটি মুসলমান কেন ইসলামে বিশ্বাস করে?
- দাবীঃ বিবর্তনতত্ত্ব যদি সত্য হয়েই থাকে, তাহলে পৃথিবীর সব আব্রাহামিক ধর্মের ধার্মিক মানুষ কেন তা অবিশ্বাস করে?
- দাবীঃ ভুত যদি নাই থাকে, তাহলে এত কোটি কোটি লোক ভুতে বিশ্বাস করে কেন?

চক্রাকার কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে, যখন ক প্রস্তাবনা খ প্রস্তাবনার ওপর নির্ভর করে, আবার সেই খ প্রস্তাবনাটি আগের ক প্রস্তাবনাটির ওপর নির্ভর করে।

- প্রশ্ন-১ বাইবেল যে সত্য তার প্রমাণ কী?
- উত্তর-১ বাইবেল সত্য কারণ ঈশ্বর বলেছেন বাইবেল সত্য।
- প্রশ্ন-২ ঈশ্বর যে সত্য তার প্রমাণ কী?
- উত্তর-২ ঈশ্বর সত্য কারণ বাইবেলে লেখা আছে ঈশ্বর সত্য।



কুপ্রশ্নের কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে, যখন কোন যুক্তির প্রস্তাবনাটি যুক্তির সিদ্ধান্তটিকে সমর্থন করার পরিবর্তে আগেই সিদ্ধান্তের সত্যতা ধরে নিয়ে প্রস্তাবনা তৈরি করে।

- দাবীঃ আপনি কেন খুন করেছেন? (উনি খুন করেছেন তা প্রমাণের আগেই)
- দাবীঃ আপনি আগে যেমন চুরি করতেন, এখনো কি করেন?
- দাবীঃ আল্লাহ না থাকলে কোরআনে আল্লাহর কথা লেখা থাকবে কেন?
- দাবীঃ হনুমান না থাকলে এত এত হনুমানের মন্দির আছে কেন?

প্রাধিকারের কুযুক্তি


এই হেত্বাভাসটি ঘটে, যখন কোন গুরুত্বপুর্ণ ব্যক্তির মতামতকে একটি যুক্তি হিসেবে উপস্থাপন করে কোন দাবীকে সত্য বলে চালাবার চেষ্টা করা হয়।

- দাবীঃ অমুক বিখ্যাত ডাক্তার ওঝার শরণাপন্ন হয়েছিল, অর্থাৎ ওঝা রোগ সারাতে পারে।
- বিজ্ঞানী নিউটন আস্তিক ছিলেন, সুতরাং ঈশ্বর আছেন।
- অমুক পদার্থবিদ বা গণিতবিদ ভুতে বিশ্বাস করতেন, তাই ভুত আসলেই আছে।


↥



খড়ের মানুষ হারানো কুযুক্তি
এই হেত্বাভাসটি ঘটে, যখন কোনও ব্যক্তির আসল অবস্থানকে বা দাবীকে উপেক্ষা করে একটি ভুল বা বিকৃত অথবা অতিরঞ্জিত অবস্থানকে উপস্থাপিত করে সেই ভুল অবস্থানটির বিরুদ্ধে যুক্তি তুলে ধরা হয়।
• বক্তা ক বলেছেন, আমি ঈশ্বরে বিশ্বাস করি না।
• বক্তা খ বলছেন, বক্তা ক আসলে ফ্রি সেক্স করার জন্য ঈশ্বরে বিশ্বাস করেন না। ফ্রি সেক্স খুব খারাপ। ফ্রি সেক্সে অনেক সামাজিক সমস্যা তৈরি হয়। (এরপরে তিনি দীর্ঘ পাঁচঘণ্টা ফ্রি সেক্সের ভাল খারাপ বিষয় নিয়ে বক্তব্য দিয়ে গেলেন। অথচ বক্তা ক ফ্রি সেক্স বিষয়ক কিছু উল্লেখই করেন নি।)


কুমতলবের কুযুক্তি
এই হেত্বাভাসটি ঘটে যখন প্রতিপক্ষের যুক্তিকে আক্রমণ না করে তার পরিবর্তে যুক্তিটি প্রদানে প্রতিপক্ষের উদ্দেশ্য বা মতলব কী, সেটি তুলে ধরে যুক্তিটিকে ভুল প্রমাণের চেষ্টা করা হয়।
• ইসলামে বাল্যবিবাহ নিয়ে আলোচনা হচ্ছে। প্রতিপক্ষ বললেন, আপনি ইসলামের বিরুদ্ধে যুক্তি দিচ্ছেন, নিশ্চয়ই আপনি ইহুদীদের থেকে টাকা পয়সা নিচ্ছেন। – এখানে, বাল্যবিবাহ ভাল নাকি খারাপ সেসব আলোচনা না করে, কী উদ্দেশ্যে কেউ এই যুক্তি দিচ্ছে, কার থেকে টাকা পয়সা পাচ্ছে, তার দিকে নির্দেশ করা হচ্ছে।


নীতিগত হেত্বাভাস
যখন কোন নৈতিক বিশ্বাসের উপর ভিত্তি করে "কী হতে হবে" বা "কী হওয়া যাবে না" বা "কী ঘটতে পারে না", এই সিদ্ধান্ত নেয়া হয়, তখন এই হেত্বাভাসটি সংঘটিত হয়। এডওয়ার্ড সি. মুর তার ১৯৫৭ সালের পেপারে এই হেত্বাভাস সম্পর্কে লেখেন।
• পরকালের না থাকাটি ন্যায্যতা, সমতা বা ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে পারে না (নৈতিক বৈশিষ্ট্য), সুতরাং পরকাল ও ঈশ্বরের অস্তিত্ব আছে (প্রাকৃতিক বৈশিষ্ট্য)।
• - কিন্তু পৃথিবীতে ন্যায় বিচার নেই, এটি পরকালে ন্যায় বিচার আছে তার পক্ষে প্রমাণ হতে পারে না।

↥


ব্যক্তিগত অভিজ্ঞতার হেত্বাভাস
যখন কোন অস্বাভাবিক দাবীকে প্রমাণের জন্য নিজের ব্যক্তিগত অনুভূতি বা অভিজ্ঞতাকে উপস্থাপন করা হয়, বা অলৌকিক সত্ত্বার অস্তিত্ব প্রমাণের জন্য নিজস্ব কিছু ফিলিংস যুক্তি হিসেবে উপস্থাপন করে থাকেন, তখন এই হেত্বাভাসটি হয়।
• আমার নিজের চাচাতো ভাইয়ের মামা শশুর জ্বীন দেখেছে। সুতরাং জ্বীন আছে।
• আমি গাব গাছের নিচে দিয়ে রাতের বেলা যাওয়ার সময় অদ্ভুত অনুভূতি হয়েছিল। এই অনুভূতিই প্রমাণ করে, ভূত বা পেত্নী আছে।
• প্রখ্যাত জীববিজ্ঞানী রিচার্ড ডকিন্সের এক ধার্মিক বন্ধু তার বান্ধবী সহ স্কটল্যান্ডের একটি দ্বীপে ক্যাম্পিং করতে যান এবং মাঝরাতে দুজনেরই ঘুম ভেঙে যায় 'শয়তানের কণ্ঠস্বর' শুনতে পেয়ে। তাদের মতে এত ভৌতিক, পৈশাচিক, নারকীয় শব্দ কেবলমাত্র শয়তানেরই হতে পারে।
• 'MANXS SHEARWATER'। শয়তানের মত কণ্ঠ হওয়ার কারণে এই পাখিকে পৃথিবীর অনেক স্থানেই স্থানীয় ভাষায় 'ডেভিল বার্ড'ও বলে। ডকিন্সের বন্ধু ও তার বান্ধবীও ওই 'শয়তান পাখি'র ডাকই শুনেছিলেন। কিন্তু তাদের ধর্মীয় বিশ্বাস তাদেরকে ঐ ডাককে শয়তানের ডাক ভাবতে বাধ্য করে। কি হত যদি তারা 'শয়তান' বিষয়টার সাথেই পরিচিত না থাকতো? এই ডাক শুনে হয়ত তাদের একটু গা ছমছম করতো অথবা সেটিও করতো না। তাদের কাছে হয়ত খুব স্বাভাবিক একটি ঘটনাই মনে হত। তারা কোন প্রকার বিচার বিশ্লেষণ না করেই একটি অতি স্বাভাবিক ঘটনাকে শুধুমাত্র 'বিশ্বাসের সাহায্যে' অলৌকিক ঘটনায় রুপান্তরিত করেছেন।
com


গাঁথন বা বিভাজনের হেত্বাভাস
অনেক সময় কোন একটি জিনিস বা বিষয়ের কোন একটি অংশের জন্য কোন তথ্য সত্য হলেও, সামগ্রিক বিষয়টির জন্য সেটি সত্য নাও হতে পারে। Aristotle তাঁর Sophistical Refutations গ্রন্থে এই বিষয়টি ব্যাখ্যা করেছেন। যেমন ধরুন, পানি আমাদের ভিজিয়ে দেয়, সেটি আমরা পান করি। পানি হাইড্রোজেন এবং অক্সিজেন দ্বারা গঠিত। তার মানে কিন্তু এই নয় যে, হাইড্রোজেন এবং অক্সিজেনও আমাদের ভিজিয়ে দিতে পারে বা হাইড্রোজেন এবং অক্সিজেনও আমরা পান করতে পারবো। বরঞ্চ, হাইড্রোজেন এবং অক্সিজেন দ্বারা যেই পদার্থটি গঠিত হয়, সেটি পানি হয়ে থাকলে শুধুমাত্র তখনই সেটি আমাদের ভিজিয়ে দিতে সক্ষম হবে এবং তখনই সেটি পান যোগ্য হবে।
একটি ক্রিকেট টিমে শচীন, ব্রায়ান লারা থেকে শুরু করে পৃথিবীর সব সেরা খেলোয়ারদের নেয়া হলো। প্রত্যেকেই বিশ্বসেরা খেলোয়াড়। কিন্তু দল হিসেবেই সেটি সেরা হবে, এমন কোন কথা নেই।
ধরা যাক, সকল সেরা ব্যাটসম্যান দিয়ে যদি দলটি গঠিত হয়, তাহলে বোলিং করার সময় তারা খারাপ বোলিং করবে। ফলাফল হিসেবে তারা হেরে যেতে পারে। আবার, প্রত্যেকের মধ্যে যদি বন্ধুত্বপূর্ব সম্পর্ক না থাকে, তাহলে তারা হেরে যেতে পারে। প্রত্যেকে খুবই ভাল খেলোয়ার হওয়ার পরেও, তাদের দলটি যে বিশ্বসেরা হবে, এমন কিন্তু বলা যায় না। এভাবে অংশ বিশেষের জন্য কিছু তথ্যের সত্যতার ওপর ভিত্তি করে কোন সিদ্ধান্তে পৌঁছানো হচ্ছে 'ফ্যালাসি অব কম্পোজিশন'।
.com

↥

অজ্ঞতার কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে যখন দাবী করা হয় যে, যেহেতু এই দাবীটি মিথ্যা প্রমাণিত হয়নি বা এটি মিথ্যা প্রমাণের মত যথেষ্ট জ্ঞান বা তথ্যপ্রমাণ আমাদের কাছে নেই, সেহেতু এই দাবীটি সত্য।

- দাবীঃ যেহেতু তুমি জানো না, বিগ ব্যাং এর আগে কী ছিল, তাই আমার দাবীটিই সঠিক!
- দাবীঃ যেহেতু তুমি জানো না, মিশরের পিরামিডগুলো কোনটি কয়টি পাথর দিয়ে বানানো, তাই যৌন সম্পর্ক ছাড়াই ম্যারীর গর্ভে সন্তান হয়েছে!
- দাবীঃ যেহেতু তুমি জানো না, আমার মাথায় কয়টি চুল, তাই মুহাম্মদ ঘোড়ায় চড়ে সাত আসমান পাড়ি দিয়ে কয়েক মিনিটেই আবার পৃথিবীতে ফিরে এসেছে!
- দাবীঃ যেহেতু তুমি জানো না, প্রশান্ত মহাসাগরে কয়লিটার পানি আছে, তাই হনুমান এক লাফে ভারত থেকে শ্রীলঙ্কা পৌঁছে গেছে!

অপ্রমাণের বোঝা কুযুক্তি

এই হেত্বাভাসটি ঘটে যখন কেউ কিছু দাবী করে, কিন্তু তার সপক্ষে কোন প্রমাণ হাজির না করে অন্যকে সেটি অপ্রমাণ করার দাবী জানায়।

ঘটনা-

১ দাবীঃ আমি তোমার কাছে দশলক্ষ টাকা পাই।

প্রশ্নঃ টাকা যে পাও তার প্রমাণ কী? কোন কাগজপত্র বা এভিডেন্স আছে?

কুযুক্তিঃ আমি যে টাকা পাই না, তা কি তুমি প্রমাণ করতে পারবে?

ঘটনা-

২ দাবীঃ আমি রোজ সকালে আকাশে উড়তে পারি।

প্রশ্নঃ উড়তে পারো, তার প্রমাণ কী?

কুযুক্তিঃ আমি রোজ সকালে উড়তে যে পারি না, তা তুমি প্রমাণ করতে পারবে?

ঘটনা-

৩ দাবীঃ স্যুপারম্যানের সাথে আমার প্রতিদিন কথা হয়।

প্রশ্নঃ স্যুপারম্যান যে আছে তার প্রমাণ কী?

কুযুক্তিঃ স্যুপারম্যান নেই, তা প্রমাণ করতে পারবে?

আনফলসিফায়াবল ক্লেইম (Unfalsifiable claim) বা মিথ্যা প্রমাণ-অযোগ্য দাবি কাকে বলে?

- একজন দাবী করলেন, তার গ্যারেজে একটি ড্রাগন আছে।
- প্রমাণ চাইতেই তিনি বললেন, প্রমাণ করো, আমার গ্যারেজে ড্রাগন নেই?
- তার গ্যারেজটি তন্নতন্ন করে খুঁজে কোন ড্রাগন পাওয়া গেল না। তখন তিনি বললেন, ড্রাগনটিকে চোখে দেখা যায় না। এটি অদৃশ্য।
- এরপরে গ্যারেজে তন্ন তন্ন করে ড্রাগনের পায়ের ছাপ খোঁজা হলো। তখন তিনি বললেন, পায়ের ছাপ পাওয়া যাবে না। কারণ ড্রাগণটি আকাশে উড়ে।
- এরপরে একটি ইনফ্রারেড সেন্সর আনা হলো, কিন্তু গ্যারেজের কোথাও তাপমাত্রার পার্থক্য পাওয়া গেল না। ড্রাগনের মুখ থেকে যেহেতু আগুন বের হয়, সেন্সরে তা পাওয়া যাওয়ার কথা। কিন্তু তখন তিনি বললেন, ড্রাগনের মুখ দিয়ে যেই আগুন বের হয় তাতে কোন তাপ নেই।
- এরপরে রঙের স্প্রে এনে পুরো গ্যারেজে দেয়া হলো, যেন ড্রাগনটিকে রঙ দিয়ে বোঝা যায়। কিন্তু তখন তিনি বললেন, এই ড্রাগনের গায়ে রঙ লাগবে না।
- একইভাবে আরো নানা রকম পরীক্ষা করা হলো। কিন্তু প্রতিটি পরীক্ষাতেই তিনি তার ড্রাগনের এক একটি নতুন বৈশিষ্ট্য উল্লেখ করে বললেন, এই পরীক্ষায় ড্রাগনটিকে পাওয়া যাবে না।
- শেষে দাবী করলেন, তার দাবীটিকে যেহেতু ভুল প্রমাণ করা যাচ্ছে না, সেহেতু তার দাবীটি সঠিক!

যুক্তিবিদ্যায় একে বলে আনফলসিফায়াবল ক্লেইম (Unfalsifiable claim)। যাকে ভুল বা মিথ্যা প্রমাণ করা যায় না। এটি একটি অসততা বা চালাকি।

ইউথিফ্রো ডিলেমা

'ক' কাজটি ভালো তাই ঈশ্বর করতে বলেছেন নাকি ঈশ্বর করতে বলেছেন তাই 'ক' কাজটি ভালো?

এটাই ইউথিফ্রো ডিলেমা। যারা মনে করেন ঈশ্বরই পরম নৈতিকতার উৎস তাদের এই ডিলেমাটি বিবেচনায় আনা উচিত।

আপনি যদি বলেন, 'ক' কাজটি ভালো তাই ঈশ্বর করতে বলেছেন, তাহলে আপনি স্বীকার করলেন যে, যা ভালো তা ঈশ্বর ছাড়াই ভালো, আর যা খারাপ তা ঈশ্বর ছাড়াই খারাপ। নৈতিকতার জন্য ঈশ্বরের প্রয়োজন নেই।

যদি আপনি বলেন, ঈশ্বর করতে বলেছেন তাই 'ক' কাজটি ভালো, তাহলে আপনি স্বীকার করলেন যে, কোনোকিছুই অন্তর্নিহিত ভালো কিংবা খারাপ নয়। আজ যা ঈশ্বর ভালো বলেছেন কাল তা খারাপ বলতে পারেন। কাল যদি ঈশ্বর বলেন নিজের মাকে ধর্ষণ করা ভালো তাহলে নিজের মাকে ধর্ষণ করা ভালো। যদি বলেন, অসহায় মানুষকে সাহায্য করা খারাপ তাহলে অসহায় মানুষকে সাহায্য করা খারাপ।

↥

ঈশ্বর ছাড়া সবকিছু কোথা থেকে আসলো, কিভাবে চলছে?



